কোচবিহার সাহিত্যসভা গ্রন্থাবলী সংখ্যা—২

মহারাজ হরেন্দ্রনারায়ণের গ্রন্থাবলী

দ্বিতীয় খণ্ড

ক্রিয়াযোগসার

ভূমিকা ও টীকাটিপ্পনী সহ

শ্রীশরচ্চন্দ্র ঘোষাল, এম্, এ, বি, এল্, সরস্বতী, কাব্যতীর্থ,
বিদ্যাভূষণ, ভারতী কর্ত্তৃক সম্পাদিত।

কোচবিহার সাহিত্যসভা
হইতে
খাঁ চৌধুরী আমানতুল্লা আহম্মদ
কর্ত্তৃক প্রকাশিত।

১৩২৮।

কলিকাতা,
১২৪/২/১ নং মাণিকতলা ষ্ট্রীট, "সংস্কৃত প্রেসে"
শ্রী[illegible] হাজরা দ্বারা মুদ্রিত।

কোচবিহার সাহিত্যসভা গ্রন্থাবলী সংখ্যা—২

মহারাজ হরেন্দ্রনারায়ণের গ্রন্থাবলী

দ্বিতীয় খণ্ড

ক্রিয়াযোগসার

ভূমিকা ও টীকাটিপ্পনী সহ

শ্রীশরচ্চন্দ্র ঘোষাল, এম্, এ, বি, এল্, সরস্বতী, কাব্যতীর্থ
বিদ্যাভূষণ, ভারতী কর্ত্তৃক সম্পাদিত।

কোচবিহার সাহিত্যসভা
হইতে
খাঁ চৌধুরী আমানতুল্লা আহম্মদ
কর্ত্তৃক প্রকাশিত।

১৩২৮।

কলিকাতা,
১২৪/২/১ নং মাণিকতলা ষ্ট্রীট, "সংস্কৃত প্রেসে"
শ্রীবিষ্ণুপদ হাজরা দ্বারা মুদ্রিত।

ভূমিকা।

মহারাজ হরেন্দ্রনারায়ণ সংস্কৃত পদ্মপুরাণের অন্তর্গত "ক্রিয়াযোগসার" নামক সুবৃহৎ খণ্ডের বঙ্গানুবাদে প্রবৃত্ত হইয়া, মঙ্গলাচরণে গণেশকে বন্দনা করিয়া লিখিয়াছেন—

"তব নব পদ শেবি ব্যাশ আদি মহাকবি
রচিছেন ভারথ পুরান
করিব কবিতা নব চিন্তি শ্রীচরন তব
কৃপা কর করুনানিধান।"

সরস্বতীকে সম্বোধন করিয়া বলিয়াছেন—

"পুরাণের নব কবি রচনা করিতে দেবী
করিয়াছি বাশনা মনেত
মনস্কাম পূর্ণ কর জড়ের জড়তা হর
বাষ করি দাষ হৃদয়েত।"

রামায়ণ, মহাভারত ও সংস্কৃত মহাপুরাণ, উপপুরাণ প্রভৃতির মূলানুযায়ী বঙ্গানুবাদ প্রচার করা মহারাজ হরেন্দ্রনারায়ণের একান্ত কামনা ছিল। খ্রীষ্টীয় ষোড়শ, সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীতে বহুসংখ্যক সংস্কৃত গ্রন্থ বাঙ্গলায় অনুবাদিত হইয়াছিল। ইহার বিস্তৃত পরিচয় বঙ্গ সাহিত্যের ইতিহাসে সুলভ। স্বাভাবিক ভাব ও ভাষার স্ফূর্ত্তি ও বিকাশ এই সময় মন্দীভূত হইয়া আসায় ও মৌলিক কবিত্ব ও কল্পনার প্রাচুর্য্যের অভাব ঘটায়, লেখকগণ প্রাচীন শাস্ত্র অবলম্বন করিয়া গ্রন্থাদি রচনা করিতে আরম্ভ করেন। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই অনুবাদকগণ মূলের গল্পমাত্র অনুসরণ করিয়া স্থলে স্থলে স্বকপোলকল্পিত ঘটনা ও চরিত্র সৃষ্টি করিয়া, কোথাও বা বর্ণনা সংযোজন করিয়া নিজেদের মৌলিক প্রতিভাবিকাশের অবকাশ পাইয়াছিলেন। কিন্তু মহারাজ হরেন্দ্রনারায়ণ নিজে ও মহারাজ হরেন্দ্রনারায়ণের আজ্ঞায় যে সকল পণ্ডিত রামায়ণ, মহাভারত ও পুরাণাদির অনুবাদ করিয়াছিলেন, তাঁহারা অবিকল মূলের অনুযায়ী অনুবাদ করিয়া গিয়াছেন। মূলের একটি একটি শ্লোক ধরিয়া অনুবাদ মিলাইয়া গেলে দেখা যাইবে যে এই অনুবাদকগণ কোথাও নিজেদের প্রতিভাবিকাশের চেষ্টা করেন নাই। এই লোভসংবরণ সংস্কৃত পুরাণাদির সহিত অনুবাদকগণের বিশিষ্ট পরিচয় জ্ঞাপন করে। এইটিই মহারাজ হরেন্দ্রনারায়ণের যুগের সাহিত্যের বিশেষত্ব। বঙ্গসাহিত্যে এই যুগের অন্যান্য যে সকল অনুবাদ পাওয়া গিয়াছে তাহার অধিকাংশই এরূপ অবিকল

মূলানুগত নহে। দৃষ্টান্ত দ্বারা ভূমিকার কলেবর বৃদ্ধি করা নিষ্প্রয়োজন। এই প্রসঙ্গে জয়নাথ ঘোষ নামক মহারাজ হরেন্দ্রনারায়ণের কর্ম্মচারী রচিত 'রাজোপাখ্যান' পুঁথি হইতে নিম্নলিখিত পংক্তিগুলি উদ্ধৃত করা গেল "যে সকল লোক ··হুজুরে যাইত, নানা শাস্ত্র নানা পুরাণের ধর্ম্মপ্রসঙ্গ আলাপ হয়।···আর ভূপতির তখন হইতে কবিতাশক্তি। সংস্কৃত পুস্তক সকল ভাঙ্গিয়া ভাষা পদ করিতেন।" (প্রত্যক্ষ খণ্ড, ত্রয়োদশ অধ্যায়)

মহারাজ হরেন্দ্রনারায়ণের 'ক্রিয়াযোগসার'কে ঐ নামের সংস্কৃত গ্রন্থের সর্ব্বপ্রথম অনুবাদ বলিতে পারা যায় না। দীনেশচন্দ্র সেনের 'বঙ্গভাষা ও সাহিত্যে'র চতুর্থসংস্করণে ৩৯৬ পৃষ্ঠায় আছে :—

"ক্রিয়াযোগসার—পদ্মপুরাণের একাংশের অনুবাদ। অনুবাদক—শ্রীঅনন্তরাম শর্ম্মা, শ্লোকসংখ্যা ১০৫০। লেখক শ্রীরাঘবেন্দ্র রাজা; হস্তলিপি (১৬৫৩ শক) ১৭৩১ খৃঃ অব্দ।"

উক্ত গ্রন্থের ৩৯৯ পৃষ্ঠায় এই লেখকের নাম দীনেশবাবু অনন্তরাম দত্ত বলিয়া লিখিয়াছেন। 'দত্ত' কিরূপে 'শর্ম্মা' হইল বুঝিতে পারিলাম না। এই অনন্তরামের পরিচয় দীনেশবাবু এইরূপ দিয়াছেন :—"কবির নিবাস ব্রহ্মপুত্রের নিকটবর্ত্তী মেঘনানদের পশ্চিম পারস্থিত সাহাপুর গ্রাম, কবির পিতামহের নাম কবিদুর্ল্লভ; কবিদুর্ল্লভের তিন পুত্র, রামচন্দ্র, রাঘবেন্দ্র ও রঘুনাথ। অনন্তরাম এই রঘুনাথের পুত্র, ইঁহার মাতামহের নাম, রামদাস। কবি 'বিশারদ' উপাধি-বিশিষ্ট কোন লোকের শরণ লইয়া 'ক্রিয়াযোগসার' লিখিয়াছেন।"

এই পুঁথি ঠিক মূলের অনুযায়ী কি না দীনেশবাবু তাহার কোন উল্লেখ করেন নাই। তবে শ্লোক সংখ্যার অল্পতা দেখিয়া মনে হয়, যদি ১০৫০ শ্লোকেই সম্পূর্ণ ক্রিয়াযোগসার অনুবাদিত হইয়া থাকে, তাহা হইলে মূলের বহু অংশ পরিত্যক্ত হইয়া থাকিবে। বঙ্গীয় সাহিত্যপরিষদ হইতে প্রকাশিত ও মুন্শী আবদুল করিম সম্পাদিত 'প্রাচীন পুঁথির বিবরণ' নামক গ্রন্থেও 'ক্রিয়াযোগসারে'র একখানি পুঁথির উল্লেখ পরিদৃষ্ট হয়।

মহারাজ হরেন্দ্রনারায়ণ ক্রিয়াযোগসারের সম্পূর্ণ অংশ নিজে অনুবাদ করেন নাই। তিনি ও তাঁহার সভাসদ্ পণ্ডিতগণ মিলিয়া গ্রন্থখানি সম্পূর্ণ করেন। অধ্যায়গুলির শেষে ভণিতা আলোচনা করিলে এ কথা বুঝিতে পারা যায়। নিম্নে ভণিতাগুলি উদ্ধৃত হইল। প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ অধ্যায় হরেন্দ্রনারায়ণের রচনা।

প্রথম অধ্যায়— "ইতি ক্রিয়াযোগসারে প্রথম অধ্যায়।
[illegible] হইল পদ শুধারশস্তায় ॥·····
শ্রীহরেন্দ্র কহে প্রাণ সপ্যাছি চরণে
জা কর করুণাময়ি জীবনে মরণে ॥" (৪৭ ও ৪৮ শ্লোক)

দ্বিতীয় অধ্যায়— "ইতি ক্রিয়াযোগশারে দ্বিতিয় অধ্যায়
হইল রচনা পদ ইশ্বর ইশ্বায় ॥
শ্রীহরেন্দ্রণারায়ন বীরচিল পদ
ভজ মণ কালীপাদপদ্ম ত্যেজি মদ ॥" (১৮৯ ও ১৯০ শ্লোক)

তৃতীয় অধ্যায়— "ইতি ক্রিয়াযোগশারে ত্রিতিয় অধ্যায়
রচনা হইল পদ স্বদেষ ভাষায় ॥......
শ্রীহরেন্দ্রে ডাকে কালী ভবঃখে ভাষি
[illegible] ॥" (৩৫৪ ও ৩৫৫ শ্লোক)

চতুর্থ অধ্যায়— "ইতি ক্রিয়াযোগসারে চতুর্থ অধ্যায়
রচণা হইল পদ যুধারশজ্ঞায় ॥......
শ্রীহরেন্দ্রণারায়ন রচিল প্রবন্ধ
পাণ করি কালিপাদপদ্ম মকরন্দ ॥" (৫৭৫ ও ৫৭৬ শ্লোক)

পঞ্চম অধ্যায়ের রচয়িতা সম্বন্ধে একটি কথা বলিবার আছে। পঞ্চম অধ্যায়ে মাধব সুলোচনার কাহিনী বর্ণিত আছে। মহারাজ হরেন্দ্রনারায়ণ চতুর্থ অধ্যায়ের শেষে লিখিয়াছেন—

"আমার পিতার প্রিয় মন্ত্রি গুণবাণ
দ্বিজকুলে জন্ম সচীনন্দণ আখ্যাণ
যুলোচণা মাধবের প্রস্তাব পয়ার
করিছেণ শেহি মন্ত্রিবর গুণাধার ॥
এ কারণ আমি শে প্রস্তাব সমুদায়
না করিলাম পদ শে জে পঞ্চম অধ্যায়
অন্তের কৃত্তিক ণষ্ট লিষ্টে ণা করেণ
নিতি সাস্ত্রাদীত হেণ ণিশেদ আছেণ ॥" (৫৭৭ ও ৫৭৮ শ্লোক)

ইহা হইতে বুঝিতে পারা যায় যে অন্যের কীর্ত্তি লোপ করা নীতিশাস্ত্রে নিষিদ্ধ বলিয়া মহারাজ হরেন্দ্রনারায়ণ পঞ্চম অধ্যায়ের অনুবাদ নিজে করেন নাই। মহারাজ ধৈর্য্যেন্দ্রনারায়ণ মহারাজ হরেন্দ্রনারায়ণের পিতা ছিলেন এবং শচীনন্দন মুস্তফী মহারাজ ধৈর্য্যেন্দ্রনারায়ণের মন্ত্রী ছিলেন। মহারাজ হরেন্দ্রনারায়ণ লিখিয়াছেন যে শচীনন্দন কৃত সুলোচনা মাধবের প্রস্তাব লুপ্ত হইবে বলিয়া তিনি পঞ্চম অধ্যায়ের অনুবাদ করেন নাই। উপরে উদ্ধৃত অংশের পর পুঁথি নকলকারকের নিম্নলিখিত গদ্যে মন্তব্য আছে "এই অবধি হুজুরের পদ করা বিরাম।" এখানে 'হুজুর' শব্দে মহারাজ হরেন্দ্রনারায়ণকে বুঝাইতেছে।

এই মন্তব্য পাঠ করিয়া পঞ্চম অধ্যায়ে আমরা শচীনন্দনের রচনা দেখিবার আশা

করিয়াছিলাম, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে পঞ্চম অধ্যায়ের প্রথমেই লিপিকারকের এই মন্তব্য পুঁথিতে দেখিতে পাওয়া যায় "এই অবধি রিপুঞ্জয় বড়ুকাএতের পদ করা আরম্ভ।" এই পংক্তির পোষক ভণিতা পঞ্চম অধ্যায়ের মধ্যে এক স্থলে (৮৬৯ হইতে ৮৭৩ শ্লোক) ও পঞ্চম অধ্যায়ের শেষে (১০৩৫ হইতে ১০৩৭ শ্লোক) দেখিতে পাওয়া যায়। রিপুঞ্জয় পঞ্চম অধ্যায়ের মধ্যে লিখিয়াছেন :—

কামরূপ অন্তর্গ্গত কমতা-ধরণী
জাহাত শতত আবির্ভূত তৃণয়নী
বিখ্যাত হইল কমতাত বাষ করি
কমেতেশ্বরিতি গাম ঈশাণ-শুন্দরী ॥
শে ঈশাণ বংশে বিশ্বশিংহ নরপতি
তার কুলকুমদপ্রকাষকব অতি
শ্রীল শ্রীহরেন্দ্রনারায়ণ শুচন্দ্রমা
ভূবণে ভূপতি গাহি জাহার উপমা ॥ ..
তাহার শেবক মধ্যে প্রধান শেবক
মহীণাথ গাম জার ঘুশীআছে লোক
তাহার অণুজ শুত্ব দাশ রিপুঞ্জয়
নৃপনিদেশণে পদ গাণা ছন্দে কয় ॥" (৮৬৯ হইতে ৮৭৩ শ্লোক)

কোচবিহার রাজ্য প্রাচীনকালে কমতাপুর নামে পরিচিত ছিল। ইহার প্রাচীনকালের রাজধানীর ধ্বংসাবশেষ কোচবিহার রাজ্যের দিনহাটা নামক মহকুমার মধ্যে গোসানীমারী নামক স্থানের নিকট বর্ত্তমান। দুর্গা এই রাজ্যের অধিষ্ঠাত্রী দেবী রূপে আবির্ভূতা হইয়া কমতেশ্বরী নামে প্রসিদ্ধ হইয়াছিলেন, এইরূপ প্রবাদ প্রচলিত আছে। কমতেশ্বরীর প্রাচীন মন্দির এখনও গোসানীমারী নামক স্থানে বর্ত্তমান আছে। সেখানে অদ্যাপিও নিত্য পূজা হয়। গোসানী মঙ্গল নামক গ্রন্থে এই দেবীর কিম্বদন্তীমূলক কাহিনী বর্ণিত আছে। * ই, বি, রেলওয়ের দিনহাটা ষ্টেশনে নামিয়া গোশকটযোগে প্রায় ৪ ক্রোশ গেলে গোসানীমারীতে পৌঁছান যায়। এই দেবীর অনুগৃহীত ও মহাদেবের অংশসম্ভূত কোচবিহার রাজবংশের আদিপুরুষ মহারাজ বিশ্বসিংহ। তাঁহার বংশোদ্ভব মহারাজ হরেন্দ্রনারায়ণ রিপুঞ্জয়কে গ্রন্থ রচনার আদেশ করিতেছেন।

---

* "ছাগল মহিষ বলি কাটিল বিস্তর। তুষ্ট হয়া গোসানী রাজাক দিল বর।
কান্তেশ্বর রাজা হইল তাহার ঈশ্বরী। এই হেতু গোসানীর নাম কান্তেশ্বরী॥"
[রাধাকৃষ্ণ দাসের 'গোসানী মঙ্গল' পুঁথি]

পঞ্চম অধ্যায়ের শেষে এই ভণিতা আছে :—

"ব্যাষ মুণি জৈমিনির শংবাদ দ্বারায়
ইতি ক্রিয়াযোগশারে পঞ্চম অধ্যায় ॥
বিহরে বেহার-চন্দ্র শ্রীহরেন্দ্র ভূপ
রূপে অবিণব দেব পঞ্চশররূপ...
এ প্রকার ভূপাদেশ করি শিরগত
শুলোচনা-মাধবের প্রস্তাব মহত ॥
ভূপতি কীংকর শ্রীরিপুঞ্জয় দাশ
করিল কবিতা বহু করিয়া প্রয়াষ ॥ (১০৩৪-১০৩৭ শ্লোক)

কাজেই ইহা নিঃসন্দেহ যে শচীনন্দনকৃত অনুবাদ মহারাজ হরেন্দ্রনারায়ণের 'ক্রিয়াযোগসারে' স্থান পায় নাই। মহারাজ হরেন্দ্রনারায়ণ শচীনন্দনের কীর্ত্তিলোপ হইবে আশঙ্কায় স্বয়ং যে কার্য্যে প্রবৃত্ত হইলেন না, সেই কার্য্য রিপুঞ্জয় দাসকে করিতে কেন আদেশ দিলেন, বোঝা গেল না। যাহা হউক ইহা নিঃসন্দেহ যে, যে কারণেই হউক মহারাজ হরেন্দ্রনারায়ণ পরে শচীনন্দনের রচনা গ্রহণ না করিয়া রিপুঞ্জয়ের দ্বারা পঞ্চম অধ্যায় রচনা করাইয়াছিলেন। এ বিষয়ের আর একটা প্রমাণ—১০২ পৃষ্ঠায় মুদ্রিত পুঁথি নকলকারকের নিম্নলিখিত গদ্য মন্তব্য "ইহার মধ্যে মাধব শুলোচনার প্রস্তাবটা ঋপুঞ্জয়ের কৃত পদ।"

ষষ্ঠ, সপ্তম ও অষ্টম অধ্যায় মহারাজ হরেন্দ্রনারায়ণের রচনা।

ষষ্ঠ অধ্যায়—

"ইতি ক্রিয়াযোগশারে শষ্টম অধ্যায়
রচণা হইল পদ শুধারশজ্ঞায় ॥
বিরচিল শ্রীল শ্রীহরেন্দ্র মহীপালে
কালী ভক্ত হবে শুভ ইহ পরকালে ॥" (১২০৮-১২০৯ শ্লোক)

সপ্তম অধ্যায়—

"ইতি ক্রিয়াযোগশারে ব্যাষ জৈমিণির
শংবাদে সপ্তমধ্যায় প্রসঙ্গ রুচির ॥
পদবন্ধে ণাণা ছন্দে শ্রীহরেন্দ্র ভণে
কালিপাদপদ্ম চিত্তে চিন্তিয়া মণণে ॥" (১৩৪৫-১৩৪৬ শ্লোক)

অষ্টম অধ্যায়—

"ব্যাষ মুণি জৈমিনীর সংবাদ দ্বারায়
ইতি ক্রিয়াযোগশারে অষ্টম অধ্যায় ॥
শ্রীহরেন্দ্রে ডাকে কালি ভুবণভাবণা
দূর কর পূর কর মণের বাষণা ॥" (১৪৮৩-১৪৮৪ শ্লোক)

কিন্তু এই অষ্টম অধ্যায় সম্বন্ধে একটু গোলযোগ আছে। ১৩৯৫ শ্লোকের পর এই গদ্য মন্তব্য আছে :—

"এই অবধি আমার কৃত পদ এই হণে শেষ ভাগ রিপুঞ্জয় বড় কাএতের করা। আমার ভাগের চুক ভুল লেখাতে জে হৈছে তা শারা শুরা এক প্রকার করিলাম। ঐ খণ্ড পুথি দেবানন্দ শর্ম্মাক দিয়া লেখা ও তার অক্ষর ভাল সব্দবোধ আছে চাবা নয় ইতি।"

এই মন্তব্যটি অধ্যায়ের শেষে দেখিতে পাওয়া গেলে আর কোন গোলযোগ থাকিত না। কিন্তু ঠিক এই মন্তব্যের পূর্ব্ব অংশ পর্য্যন্ত মহারাজ হরেন্দ্রনারায়ণের রচনা ধরিলে ভণিতার সঙ্গতি রক্ষা হয় না। মহারাজ হরেন্দ্রনারায়ণের রচনা বিষয়ে অতিমাত্র সাবধান ছিলেন। পণ্ডিত দ্বারা লিখাইয়া নিজ নামে গ্রন্থ প্রকাশ করার দৃষ্টান্ত বিরল নহে। কিন্তু মহারাজ হরেন্দ্রনারায়ণ পুনঃ পুনঃ নিজ রচনায় ভণিতা ও মন্তব্য দ্বারা কোন্‌টুকু কাহার রচনা তাহা নির্দ্দেশ করিয়া গিয়াছেন। "অপরের কীর্ত্তি লোপ করা নীতিবিরুদ্ধ" এ কথাও স্পষ্টাক্ষরে ঘোষণা করিয়া গিয়াছেন। কাজেই আমাদের মতে এ গন্থে মন্তব্যটি নকলকারক ঠিক স্থানে নকল করিতে পারেন নাই। অষ্টম অধ্যায় পর্য্যন্তই মহারাজ হরেন্দ্রনারায়ণের রচনা।

"এই হণে শেষ ভাগ" অর্থে একেবারে গ্রন্থ শেষ ধরিলে চলিবে না। কারণ পরবর্ত্তী অধ্যায় রিপুঞ্জয় ভিন্ন অন্য কবিও রচনা করিয়াছেন। নবম হইতে ত্রয়োদশ অধ্যায় রিপুঞ্জয়ের রচনা।

নবম অধ্যায়— "হেন ভূপ নিদেশণে রিপুঞ্জয় দাষ
নবম অধ্যায় পদ করিছে প্রকাষ॥" (১৫৪৬ শ্লোক)

দশম অধ্যায়— "বেদব্যাষ জৈমিণি সংবাদে কথাগণ
ক্রয়াযোগশারে দশধ্যায় শমাপণ
বেহারে বিহরে স্মরহরবংশে জাত
শ্রীহরেন্দ্রনারায়ণ ভূবনে বিখ্যাত॥"
"এ প্রকার নৃপতির মধুর আদেশে
দীনযুত নৃপদাষ রিপুঞ্জয় ভাশে॥" (১৬৯৮, ১৭০৩ শ্লোক)

একাদশ অধ্যায়— "বেদব্যাষ জৈমিণির রুচিকর চারু গীর
সমাপণ ক্রিয়াযোগশারে।
একাধিক দশধ্যায় হৈল দিন বয়া জায়
ভজ কৃষ্ণপদ নিরন্তরে॥...
হেন ভূপ অনুগত ভুবণিরমিত রত
নরপতি আজ্ঞা শিরে ধরি,
বহুছন্দে কবিচয় কহে দাষ রিপুঞ্জয়
বদনে স্মরিয়া রাম হরি॥ (১৮০৭, ১৮১৪ শ্লোক)

দ্বাদশ অধ্যায়— 'জৈমিণি মুণিন্দ্র আর ব্যাষ আলাপণে

সমাপন দ্বাদশ অধ্যায় এহি হবে

এ প্রকার নৃপাদেশে দাস রিপুঞ্জয়

পয়ার প্রবন্ধে পাণা ছন্দে গাণ গায় ॥ (১৯৬৭, ১৯৭২ শ্লোক)

ত্রয়োদশ অধ্যায়— "ব্যাস বাক্যে ত্রয়দশ অধ্যায়।

হৈল সমাপন দিণ জায় ॥

নৃপতি কেশরি শ্রীশ্রীহরেন্দ্র

ভূতলেত বিরাজিত মহেন্দ্র…

পালিবে ত্রিলোক শুখে ভূপতি

হেণ নৃপাজ্ঞায় নিজজী মতি

নৃপতিকিঙ্কর শ্রীল রিপুঞ্জয়

হরিক বন্দিয়া টোটকে গায় ॥" (২০১৪—২০১৬ শ্লোক)

চতুর্দ্দশ হইতে সপ্তদশ অধ্যায় হরেন্দ্রনারায়ণের আদেশে তাঁহার সভাসদ্ দ্বিজ রঘুরাম রচনা করেন। ভণিতায় আছে—

চতুর্দ্দশ অধ্যায়— "ক্রিয়াযোগসারে চতুর্দ্দশ অধ্যায়ের

পদছন্দে ভাষাবন্ধে করিয়া শ্লোকের

তাহার আদেশে দ্বিজ রঘুরামে কয়

রাম নাম সর্ব্বক্ষন স্মর নরচয় ॥ (২০৮৭ শ্লোক)

পঞ্চদশ অধ্যায়— "তদাদেশে ক্রয়াযোগশার মণময়

পঞ্চদষ অধ্যাএর কথা শমুদায়

বিরচিল দ্বিজ রঘুরাম মতিহিণ

জপ রাম কেণ নর আয়ু কর ক্ষীণ ॥ (২১৩৬, ২১৩৭ শ্লোক)

যোড়শ অধ্যায়— "হরি কথা প্রশঙ্গ মধুর শুধা প্রায়

ভাষাবন্দে বিরচিয়া যোড়শ অধ্যায় ॥

কামরূপ কমতা ভূখণ্ড আখণ্ডল

শ্রীহরেন্দ্রণারায়ণ নাম মহাবল

তাহার আদেশে ভাষা ক্রিয়াযোগশার

দ্বিজ রঘুরাম কহে লোক বুঝিবার ॥" (২২৭৭, ২২৭৮ শ্লোক)

সপ্তদশ অধ্যায়— "ব্যাস জৈমিণির . সংবাদ রুচির

ইতি ক্রয়াযোগশারে

সপ্তদশধ্যায় গাতা সমুদায়

ভজ মণ দামোদয়ে।

বেহার নায়ক সর্ব্বজণ পালক

দুষ্ট জণ বিণাসণ

তাহার আজ্ঞায় রঘুরামে গায়

ভজ হরিপদ মণ ॥ (২৩৩৭, ২৩৩৮ শ্লোক)

অষ্টাদশ, বিংশ, দ্বাবিংশ ও পঞ্চবিংশ অধ্যায় রিপুঞ্জয়ের রচনা। একোনবিংশ, একবিংশ, ত্রয়োবিংশ ও চতুর্ব্বিংশ এই কয় অধ্যায়ের শেষে ভণিতায় রচয়িতার নাম নাই। কিন্তু ইহা রিপুঞ্জয়ের রচনা বলিয়া আমার বিশ্বাস। ইহার প্রমাণ' এই হণে শেষ ভাগ রিপুঞ্জয় বড়কায়েতের করা।"

অষ্টাদশ অধ্যায়— "বেদব্যাষ জৈমিণি শংবাদে বাক্যগণ

অষ্টাদশধ্যায় হৈল বিরাম অথণ...

এমত ভূপের আজ্ঞা শিরগত করি

নৃপ দাষ রিপুঞ্জয় কহে স্মরি হরি ॥ (২৪৪২, ২৪৫০ শ্লোক)

বিংশ অধ্যায়— "ইতি ক্রয়াযোগশারে বিংশতি অধ্যায়

হইল রচণা গান হরের কৃপায়...

জয় জয় শ্রীল শ্রীহরেন্দ্র নারায়ণ

বিহরে বেহারে জেণ মিহিরকিরণ...

এ প্রকার রাজ আজ্ঞা করিয়া পালন

কহে দাষ রিপুঞ্জয় স্মরি নারায়ণ ॥" (২৭২০-২৭২২ শ্লোক)

দ্বাবিংশ অধ্যায়— "ইতি ক্রয়াযোগসারে দ্বাবিংশ অধ্যায়

হইল রচণা গাণ স্বদেশ ভাষায়

বিশ্বশিংহকুল কমলিণী প্রভাকর

নরেন্দ্র নন্দণ শ্রীহরেন্দ্র নৃপবর ...

নরেন্দ্র শিকর শিরমণী নিদেশণে

পাপমতি হিণ অতি রিপুঞ্জয় ভণে।" (৩০২৫, ৩০৩১ শ্লোক)

পঞ্চবিংশ অধ্যায়— "প্রভুণাম নিলে প্রভু নিকটস্থ হয়

প্রভু এ তারিবে কয় মূর্খ রিপুঞ্জয় ॥"

সুতরাং ইহা সিদ্ধান্ত হইল, যে হরেন্দ্রনারায়ণ ১ম হইতে ৪র্থ অধ্যায় ও ৬ষ্ঠ হইতে ৮ম অধ্যায় রচনা করিয়াছিলেন। ৫ম অধ্যায়, ৯ম হইতে ১৩শ অধ্যায় ও ১৮শ হইতে ২৫ অধ্যায় রিপুঞ্জয়ের রচনা। ১৪শ হইতে ১৭শ অধ্যায়—দ্বিজ রঘুরামের রচনা।

'ক্রিয়াযোগসার' সমাপ্তির কাল গ্রন্থশেষে প্রদত্ত—হইয়াছে। সেই পংক্তিগুলি এই—

দ্বিপীচর্ম্মাম্বরধর বৃষভবাহন
সর্ব্বদায় মুখে করে হরিগুণগান
তাহার নন্দন নৃপ বিশ্বসিংহাখ্যান
শকভুজ অগ্নি পরিমাণ সখা তার
দশম দিবস আর প্রহরাদ্ধ যার
ত্রিতিয় মুহূর্ত্ত সময়ত কবিচয়
বিরাম হইল নৃপশিংহের আজ্ঞায়॥ "(৩২১৪ ও ৩২১৫ শ্লোক)

ইহার অর্থ এইরূপ। মহাদেবের অংশে জাত বিশ্বসিংহ নামক কোচবিহার রাজ্যের রাজার সময় হইতে কোচবিহারে এক শক প্রবর্ত্তিত হইয়াছে। এই শক 'রাজশক' বলিয়া কোচবিহারে বিদিত। এই শকের অনুরূপ সাল নির্ণয় করিতে হইলে নিম্নলিখিত পংক্তিগুলি আমাদের সহায়তা করিবে। মহারাজ হরেন্দ্রনারায়ণ 'বৃহদ্ধর্ম্মপুরাণে'র অনুবাদ করিয়াছেন। সেই অনুবাদের শেষে নিদাঘবর্ণনায় তিনি লিখিয়াছেন :—

"ঋতুভুজ হরনেত্র বিশ্বসিংহ শাকে।
বারশতবিয়াল্লিশ সন বলে যাকে॥
সেহি সময়েতে এহি পদ চারুতর
বিরচিল শ্রীল শ্রীহরেন্দ্র নৃপবর॥"
(কোচবিহার ষ্টেট লাইব্রেরীতে রক্ষিত পুঁথি হইতে উদ্ধৃত)

অর্থাৎ ৩২৬ বিশ্বসিংহ শক=সন ১২৪২ সাল। আমরা হরেন্দ্রনারায়ণের এই পংক্তি উদ্ধৃত করিলাম তাহার কারণ এই যে রাজশকার উৎপত্তি ও গণনার আরম্ভ সম্বন্ধে মতভেদ হইতে পারে, কিন্তু হরেন্দ্রনারায়ণের কালে সাল ও রাজশকা উভয়ই বিদিত ছিল। সুতরাং রাজশকার উৎপত্তি সম্বন্ধে মতভেদ থাকিলেও হরেন্দ্রনারায়ণ রাজশকার অনুরূপ সাল কি হিসাবে ধরিতেন তাহা বুঝিবার কোন গোলযোগ থাকে না। সুতরাং ক্রিয়াযোগসারের রচনা কাল সম্বন্ধেও কোন সন্দেহ নাই। পূর্ব্বোক্ত হিসাবে ধরিলে ৩২২ রাজশকা=১২৩৮ সাল= ১৮৩৮ খৃঃ। সাল পাওয়া গেল, এখন মাস দেখা দরকার।

ক্রিয়াযোগসারের ৩২১০ হইতে ৩২১৩ শ্লোকে শরৎ ঋতু বর্ণিত হইয়াছে।

"শরদ শশাঙ্ক দিপ্তা করিছে গগণে
বিরহির বিরহ বারয় দরশনে।...
ঋতুর কি অধিকাধ করিব বর্ণনা
যাহাতে অর্চ্চেণ লোকে দেবী ত্রিনয়না॥"

ইহা হইতে আশ্বিন মাস ধরিলে "বুধন দিবস" ১০ই তারিখ ও গ্রহরাজবার রবিবার হয়। তৃতীয় মুহূর্ত্তে সমাপণ হয়। দুই দণ্ডে এক মুহূর্ত্ত। চারিদণ্ড অতীতে ষষ্ঠ দণ্ড মধ্যে গ্রন্থ সমাপ্ত হয়। ইংরাজী ঘণ্টা মিনিট ধরিলে ৭-৩৬ মিনিটের পর ৮-২৪ মিনিট মধ্যে।

অতএব দেখা যাইতেছে ১২৩৮ সালে ১০ই আশ্বিন রবিবার ৭-৩৬ মিনিট হইতে ৮-২৪ মি মধ্যে গ্রন্থ সমাপ্ত হয়।

রঘুরাম ও রিপুঞ্জয় হরেন্দ্রনারায়ণের আশ্রিত সভাসদ্ ছিলেন, ইহা ব্যতীত অন্য কোনও পরিচয় সম্প্রতি আমরা দিতে পারিলাম না। ইঁহাদের রচিত অন্যান্য পুঁথি পাওয়া গিয়াছে। সকলগুলির সমগ্র অংশ আমরা পাঠ করিবার সুবিধা পাই নাই। রিপুঞ্জয় ক্রিয়াযোগসারে নিজ পরিচয় জ্ঞাপক যে কয় পংক্তি লিখিয়াছেন, তাহা আমরা আগেই উদ্ধৃত করিয়াছি (ভূমিকা ।০ পৃষ্ঠা)। মহাভারতের 'আদিপর্ব্বে'র কিয়দংশ রঘুরাম অনুবাদ করেন। সেই পুঁথিতে হরেন্দ্রনারায়ণের উল্লেখের পর নিম্নলিখিত পংক্তি আছে:—

"তাহার আশ্রিত দ্বিজ রঘুরাম নাম।
রাজ-আজ্ঞা অনুসারে রাজ প্রীতিকাম॥
পদছন্দে বিরচিল আদি পর্ব্ব গাথা।
সাঙ্গ হইল আদি পর্ব্ব ভারতের কথা॥"

[কোচবিহার ষ্টেট্ লাইব্রেরীতে রক্ষিত পুঁথি]

অনুবাদের ভাষা অধিকাংশই বিশুদ্ধ সংস্কৃতবহুল। কোন কোন স্থলে কোচবিহারে প্রচলিত ভাষার আভাস আছে। কোন কোন স্থলে অনুবাদকগণ মূলের প্রকৃত অর্থ বুঝিতে না পারিয়া ভুল করিয়াছেন। স্থলে স্থলে এই ভুলগুলি এত সাধারণ সংস্কৃত জ্ঞানের অভাব বুঝায় যে আমরা ধারণা করিতে পারি না, বহু কঠিন অংশ অনায়াসে অনুবাদ করিয়া, অনুবাদকগণ কিরূপে এ প্রকার ভ্রম করিলেন। এই সকল ভ্রম আমরা পাদটীকায় উল্লেখ করিয়াছি।

এই সময়কার সাহিত্যে সংস্কৃতের বিভক্তি অব্যাহত রাখিয়া প্রয়োগ করার দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়। ক্রিয়াযোগসারে আমরা দেখি 'নমস্' শব্দের যোগে যেখানে ৪র্থী বিভক্তি হয়, সেই চতুর্থী বিভক্তি যুক্ত পদ অনুবাদে অবিকৃত রাখা হইয়াছে। যথা "সুখ দুঃখ দেহেন্দ্র নমো আদিত্য নেত্রায়" (১৯১৬ শ্লোক)। আবার "মিত্রদেহে মিথ্যা করে কলো জন বন্ধু" (৩১৮৪ শ্লোক) "রক্ষাং কুরু সেবকের সুখ অসংখ্যাত" (৬৩৭ শ্লোক)। এইরূপ সংস্কৃত বিভক্তিযুক্ত বাক্যও মধ্যে মধ্যে প্রযুক্ত হইয়াছে। এই সংস্কৃত বাক্য ব্যবহার সংস্কৃত প্রভাবান্বিত প্রাণিত বঙ্গসাহিত্যে দেখা যায়। চৈতন্যচরিতামৃতে আছে:—"দেহকান্ত্যা হয় তিঁহ অরুণ বরণ" ('আদিলীলা' ১ম পরিচ্ছেদ)। "কর্ত্তুমকর্ত্তুমন্যথা করিতে সমর্থ" অন্ত্যলীলা ৯ম পরিচ্ছেদ। এই প্রভাব রামপ্রসাদের মত সাধকের সরল রচনাতেও বিদ্যমান। যথা—

"উঠগো এবমুচিতমধুনা তব নহি নহি।
সুত মাগধ বন্দী কৃতাঞ্জলী কথয়তি
নিদ্রাং জহিহি জহিহি' ॥ (কালীকীর্ত্তন)

মহারাজ হরেন্দ্রনারায়ণের সমগ্র গ্রন্থাবলী মুদ্রিত হইয়া গেলে বিস্তৃত ভূমিকায় তাঁহার জীবনী, রচনার প্রণালী প্রভৃতি আলোচনা করা আমাদের অভিপ্রায়। ইহাতে প্রতি গ্রন্থের ভূমিকায় একই কথার পুনরুক্তির সম্ভাবনা থাকিবে না। সেইজন্য এই ভূমিকায় অতি সংক্ষেপে কয়েকটি বিষয় মাত্র আলোচিত হইল।

পুঁথি ছাপাইবার সময় মূলের বর্ণাশুদ্ধি পর্য্যন্ত অবিকৃত রাখা হইয়াছে। পাদটীকা আমার নিজ লিখিত। বন্ধনীর মধ্যে অধ্যায়ের নাম প্রভৃতি দিয়া পাঠকবর্গের সুবিধার জন্য গ্রন্থখানিকে ভাগ করিয়া দেওয়া হইয়াছে। এগুলি মূল পুঁথিতে নাই।

মহারাজ হরেন্দ্রনারায়ণের গ্রন্থাবলীর ১ম খণ্ড 'গীতাবলী'র মুদ্রণ প্রায় শেষ হইয়াছে। দ্বিতীয় খণ্ড এই 'ক্রিয়াযোগসার' প্রকাশিত হইল। অন্যান্য খণ্ডও শীঘ্র প্রকাশিত হইবে।

দিনহাটা,
কোচবিহার।
বিজয়া-দশমী, ১৩২৮ সাল।

শ্রীশরচ্চন্দ্র ঘোষাল।

ক্রিয়াযোগসার।

[মঙ্গলাচরণ]*।

নমো গীরিশুতাশুত (১) শগুন (২) নির্গগুনযুক্ত
অচ্চুত (৩) অব্যয় আদিদেব
সর্ব্ববিঘ্নবিনাশক সর্ব্বসিদ্ধিপ্রদায়ক
বিনায়ক পদে কোটি শেব (৪) ॥ ১

তব নব পদ শেবি (৫) ব্যাশ (৬) আদি মহাকবি
রচিছেন ভারথ পুরান
করিব কবিতা নব চিন্তি শ্রীচরন তব
কৃপা কর করুনা নিধান ॥ ২

নমো বিনাপানি (৭) বানী বিশ্বমাতা বিষ্ণুরানি
বিশ্বরূপা তুমি বিশ্বগতি
সর্ব্বদেহিদেহে শদা স্থিতি তব হে শারদা
ভারতিস্বরূপে ভগবতি ॥ ৩

পুরানের নব কবি (৮) রচনা করিতে দেবী (৯)
করিয়াছি বাশনা (১০) মনেত (১১)
মনষ্কাম পূর্ণ কর জড়ের জড়তা হর
বাষ (১২) করি দাষ (১৩) হৃদয়েত (১৪) ॥ ৪

---

* বন্ধনীর মধ্যগত অংশগুলি মূলে নাই। পাঠকগণের সুবিধার জন্য সম্পাদক কর্তৃক এগুলি বিন্যস্ত হইল।

১ গিরিসুতাসুত। ২ সগুণ। ৩ অচ্যুত। ৪—সেবা। (?) ৫ সেবি। ৬ ব্যাস। ৭ বীণাপাণি। ৮—কবিতা। ৯ সেবি। ১০ বাসনা। ১১—মনেতে। ১২ বাস। ১৩ দাস। ১৪—হৃদয়েতে।

ক্রিয়াযোগসার।

[প্রথম অধ্যায়]।

শঙ্গে (১) শিষ্য পরিবার ব্রঁহ্মজ্ঞানি (২) শুদ্ধাচার
তপোধনগণ হর্শ্ শ (৩) মনে
নৈমিশারন্ধক জায়া ব্যাশের আশ্রম পায়া
পুলকীতকায়া জনে জনে (৪) ॥ ৫

প্রিথিবীত (৫) অবতংশ (৬) শাক্ষাত (৭) বিষ্ণুর অংশ
ব্যাশেক (৮) জানিয়া মুনিগণ
ভক্তিভাবে পুলকিত আনন্দে মগন চিত
ব্যাশেক (৮) করিয়া দরশন ॥ ৬

বারবার নমস্কার (৯) করি মুনি পরিবার
বেদব্যাশ অগ্রে হেন স্থির
বেদবেত্বা (১০) শুদ্ধাশয় ব্যাষ সর্ব্বধর্ম্মময়
শীরোমনি (১১) শকল (১২) মুনির ॥ ৭

এমত ব্যাষেক তবে স্তুতি (১৩) বাক্যে শুগৌরবে (১৪)
বিনয় (১৫) হইয়া শে সময় (১৬)
অবনীত (১৭) অবনত করি শীর (১৮) শে কালত (১৯)
জৈমিনি মুনিন্দ্র (২০) মহাশয় ॥ ৮

আরম্ভিল জিজ্ঞাশীতে (২১) ভক্তিপুলকিত চিতে
করি কর জোর (২২) নম্র শীরে (২৩)
জৈমিনি বদতি প্রভু তুমি নারায়ণ বিভু
আমি মুঢ় (২৪) প্রশিদ (২৫) আমারে ॥ ৯

---

৪ নৈমিষারণ্যে যাইয়া ব্যাসের আশ্রম পাইয়া জনে জনে
১ সঙ্গে। ২ ব্রহ্মজ্ঞানী। ৩ হর্ষ। ৫ পৃথিবীতে। ৬ ভূষণ। ৭ সাক্ষাৎ। ৮ ব্যাসকে। ৯ নমস্কার। ১০
পুলকিত কায় (হইলেন)। বেদবেত্তা। ১১ শিরোমণি। ১২ সকল। ১৩ স্তুতি। ১৪ সুগৌরবে। ১৫—বিনীত। ১৬ সে সময়।
১৭ অবনীতে। ১৮ শির। ১৯—সে কালে। ২০ মুনীন্দ্র। ২১ জিজ্ঞাসিতে। ২২ জোড়। ২৩ শিরে।
২৪ মূঢ়। ২৫ প্রসীদ—প্রসন্ন হও।

তুমি সর্ব্বধর্ম্মজ্ঞ কৃতজ্ঞ গুনমহান(১)
কৃপা করি শংশারেত(২) ওহে ভগবান।
হৈছ(৩) অবতির্ন(৪) প্রভু তুমি নারায়ন
অবধান কর পদে করি নিবেদন॥ ১০
পূর্ব্বে প্রভু নারায়ন ব্রঁহ্মার অগ্রত
কৃপা করি বলিআছে সমস্ত ভারত।
মহা পুরানাদি বলিআছে সমুদায়
নারদক কৃপা করি বলিছে ব্রঁহ্মায়(৫)॥ ১১
নারদ ব্রঁহ্মার মুখে করিয়া শ্রবন
তুমি বেদব্যাষ প্রভু কৃষ্ণদৈপায়ন(৬)
তোমাক(৭) বলিছে(৮) তিনি ভারত পুরান
তুমি সর্ব্ব ধর্ম্মজ্ঞ মুনিন্দ্র(৯) ভগবান॥ ১২
নারায়ণ স্বরূপ আপনে(১০) প্রিথিবিত(১১)
সর্ব্ব ধর্ম্মশাস্ত্রে তুমি পরম পণ্ডিত
সংশয়ের ছেদকারি(১২) মহাজ্ঞানি(১৩) তুমি
স্বর্গ্‌গ আর পাতাল অপর কর্ম্মভূমি॥ ১৩
ইহার মধ্যে(১৪) তোমাহনে(১৫) কোন জন
শাস্ত্রার্থ বাচক নাহি কৃষ্ণদৈপায়ন
অতএব তোমাক(১৬) জিজ্ঞাশি মহামতি
ব্রাহ্মন ক্ষেত্রিয়(১৭) বৈশ্য শূদ্র চারি জাতি॥ ১৪
এহি চারি আশ্রমের ক্রিয়া(১৮) ধর্ম্মাধর্ম্ম
ব্যবহার আচার অপর কর্ম্মাকর্ম্ম
এশকল কৃপা করি কহিও আমায়
তীর্থ দান ব্রত আদি কহ সমুদায়॥ ১৫
বৈষ্ণব চরিত্র ইশ্বরের(১৯) পুজা(২০) আর
মাষ(২১) ভেদে পক্ষ ভেদে ওহে কৃপাধার
তীর্থভেদে জে জে(২২) বস্তু দানে জেহি(২৩) ফল
কহ অনুগ্রহ করি আমাক শকল॥ ১৬
নারদের মুখে অনুক্রমে তপোধন
জে কর্ম্মের জে ফল করিছু আকর্ণন
কহ তা আমাক সত্যবতির নন্দন
পাপবিনাশন কথা করিব শ্রবন॥ ১৭
ব্যাষ জৈমিনির এহি প্রস্তাব শকল
জাহাক(২৪) শ্রবনে ভষ্ম হয় কলিমল
শেহি পুণ্যাখ্যানগণ শ্রবন ইৎসায়(২৫)
জিজ্ঞাশিছে শৌনকে শে সূত মহাৎমায়(২৬)॥১৮
নৈমিশ অরন্য রম্য পুণ্য আশ্রমত
জিজ্ঞাশিছে বহু মুনিসভার মধ্যত
শুনি সূত(২৭) মুনি শে জিজ্ঞাশা শৌনকের
বলিছেন তার আগে কথা পুরানের॥ ১৯
সূত বলে পূর্ব্বে জে সকল পুণ্যাখ্যান
ব্যাষ জৈমিনির প্রশঙ্গেত হে বিদ্বান(২৮)
শুনিয়াছি বলি তাহা করহ শ্রবন
পরম পবিত্র চিত্র পুণ্যকথাগন॥ ২০
শ্রদ্ধা ভক্তি যুক্ত মনে জে শকল নরে
সারময় কথাচয় কর্ণগত করে
যোগাচারে রত গত-পাপ শেহি জন
ইশ্বরগুণানুবাদ পবিত্র কথন॥ ২১
দানাদীর(২৯) ফল শুনিবার ইৎস্বা(৩০) কর
অতএব তুমি মহাসাধু দ্বিজবর
শৌনক বলেন শুন সূত জ্ঞানবান
অশার শংশারে জেহি জন মতিমান॥ ২২

১ গুণমহান। ২ সংসারেতে। ৩ হইয়াছ। ৪ অবতীর্ণ। ৫ ব্রহ্মা কৃপা করিয়া তাহা নারদকে বলিয়াছেন। ৬ দ্বৈপায়ন। ৭ তোমাকে। ৮ বলিয়াছেন। ৯ মুনীন্দ্র। ১০ আপনি। ১১ পৃথিবীতে। ১২ ছেদকারী। ১৩ মহাজ্ঞানী। ১৪ মধ্যে। ১৫ ইহাতে। ১৬ তোমাকে। ১৭ ক্ষত্রিয়। ১৮ ক্রিয়া। ১৯ ঈশ্বরের। ২০ পূজা। ২১ মাস। ২২ যে যে। ২৩ যেহি। ২৪ যাহা। ২৫ ইচ্ছায়। ২৬ মহাত্মার। ২৭ সূত। ২৮ বিদ্বান্। ২৯ দান প্রভৃতির। ৩০ ইচ্ছা।

জ্ঞানরত্ন পায়্যা জ্ঞান না দেয় পরাকে(১)
জ্ঞানরূপি হরি হয় অপ্রশন্ন তাকে(২)
জ্ঞানিগন জ্ঞানধন দিয়া অন্ত জনে
শন্তষ্ট(৩) করিয়া তারে ভববন্ধ হনে(৪) ॥ ২৩
জানিবেন সেহি নররূপ নারায়ন
তুমি বেদবেদাঙ্গপারগ বিচক্ষণ
তুমি বিনে ধর্ম্মবক্তা নাহি অন্ত জন
জান সর্ব্ব ধর্ম্ম তুমি সুতের নন্দন ॥ ২৪
জাত তুমি বেদব্যাঁষ বক্ত বিনির্গত
শুনিছ পুরাণ আদি ধর্ম্মসাস্ত্র জত
শৌনকের বানি সুনি সুত মুনি কয়
শাধু শাধু শৌনক মুনিন্দ্র সুহ্বাশয়(৫) ॥ ২৫
ধণ্য পুন্যবন্ত(৬) তুমি শন্ত(৭) সীরোমণি
জাত সর্ব্বলোকহিত বাঞ্ছিছ(৮) আপনি
জে জে কথা শ্রবনে বাশনা হৈছে তব
শ্রবন করহ তুমি আমি তাহা কব ॥ ২৬
জে শকল কথনশ্রবনে তপোধন
শকল লোকের হিত হয়ন্ত(৯) শোভন
বিশেষত্ত বৈষ্ণবের অতি হিতকর
সুন মন দিয়া তাহা বলি মুনিবর ॥ ২৭
পূর্ব্বে সত্যবতিসুত কৃষ্ণদেপায়নে
জিজ্ঞাশা করিছে সে জৈমিনি তপোধনে
বেদব্যাশ জে শকল বলিছেন তারে
সুন একমনে তাহা বলিছি(১০) তোমারে ॥ ২৮
জৈমিনি নামেত ছিল মহর্ষি তেজস্বি(১১)
সদা যোগভ্যাষে(১২) রত মহত তপস্বি
বন্দিয়া ব্যাষেক ব্রহ্মবাদি শে ব্রাহ্মন
জিজ্ঞাশা করিছে ধর্ম্মশাস্ত্র সনাতন ॥ ২৯

জৈমিনি বদতি স্বতি সত্যবতিসুত
ভগবান জ্ঞানশীল অব্যয় অচ্যুত
জান সর্ব্বধর্ম্ম ব্রহ্মবাদি আদি অন্ত
কৃপা করি মোরে তাহা কহ ভগবন্ত(১৩) ॥ ৩০
ঘোর কলিযুগে এক্তে প্রাণি সকলের
কিরূপে হইবে মোক্ষ প্রলয়(১৪) পাশের
ওহে কৃপাধার তার ব্রত কি প্রকার
কিরূপ শে ধর্ম্ম কহ কৃপার আধার ॥ ৩১
তব মুখে সুনি সুখে মুনি সেহি কথা
শ্রবনে আমার দুর হৌক মনব্যথা
জৈমিনির শুরুচির(১৫) শুনিয়া বচন
বিষ্ণু অংশ অবতংশ কৃষ্ণদেপায়ন ॥ ৩২
তুষ্ট মন হয়া মুনিসার্দ্দুল(১৬) তখন
বলিল মঙ্গল করি মঙ্গল কথন
ব্যাস নিগদতি স্বতি তুমি মতিমান
হে জৈমিনি তুমি মুনিশ্রেষ্ঠ পুণ্যবান ॥ ৩৩
ধরাতলে ধন্ত তুমি পুণ্যবন্ত অতি
তব প্রতি হে যতি প্রশন্ন লক্ষ্মিপতি
জাত(১৭) তুমি সদা নারায়ন-কথাগন
শ্রবনে বাশনা কর ওহে তপোধন ॥ ৩৪
ওহে দ্বিজ পুণ্যবীজ করহ শ্রবন
নারায়ন-কথা-শ্রবনে জার মন
প্রবৃত্তি হয়েন সদা শেহি শেহি জন
স্বয়ং বিষ্ণু ইথে নাহি সংশয় কথন ॥ ৩৫
বারম্বার পদে তার নমস্কার করি
নররূপে শেহি জন শাক্ষাত শ্রীহরি
হরিকথা শ্রবনেত ওহে দ্বিজগন
মুক্তি হেতু হরিভক্তি হয় প্রবর্ত্তন ॥ ৩৬

১—পরকে। ২ অর্থ "জ্ঞানরূপী হরি তার প্রতি অপ্রসন্ন হন।" ৩ সন্তুষ্ট। ৪—নাশ করে। ৫ সুহৃদাশয়। ৬ পুণ্যবান। ৭—সাধু। ৮—কামনা কর। ৯—হয়। ১০—বলিতেছি। ১১ তেজস্বী। ১২ যোগাভ্যাসে। ১৩ ভগবান। ১৪ ধ্বংস। ১৫ সুরুচির। ১৬ মুনিশার্দ্দূল। ১৭—যত।

অজ্ঞান নাসিয়া সত্যজ্ঞান হয় তার
জ্ঞান হৈলে মোক্ষ হয় জান শে জনার
হরির চরিত্র চিত্র পবিত্র পরম
অশ্রর্দ্ধা(১) শ্রবনে-জার নহে মনরম(২) ॥ ৩৭
শে পাপিষ্ঠা(৩) [illegible]
অন্তিমে অন্তকে তারে লএন নিরয়(৪)
নারায়ন-কথন-শ্রবণে রুচি জার
শেহি জন প্রিথিবীত বিষ্ণুভক্ত শার ॥ ৩৮
মুক্তিদাতা হরিভক্তি তাক জে পামরে
মিথ্যা বলি কহে মিথ্যা মানেশ অন্তরে
শে পাপির মধ্যে মহাপাপী নরাধম
জানিবা তাহার হয় নিরয় পরম(৫) ॥ ৩৯
জে দীবষ(৬) হরিকথা শ্রবন না হয়
বিফল শে দীন(৭) মুনি জানিবা নিশ্চয়
অচ্যুতের কথালাপ না হয় জে দীন
শে দীন দুর্দ্দিন জথা নিশি চন্দ্রহিণ(৮) ॥ ৪০
জে স্থানত হরি কথা হএন(৯) আলাপ
জান তুমি শেহি পুণ্যভূমি শুনিশ্পাপ(১০)
নারায়ন শন্নিহিত হয় শেহি স্থানে
এ কথা অন্যথা নহে প্রমান পুরানে ॥ ৪১
হরিকথা আরম্ভ শময় জে পামরে
কারনে বা অকারনে বিঘ্নক আচরে(১১)
শে জনাক অভিশাপ দিয়া নারায়ন
না থাকে শে পুরে দুরে করেন গমন ॥ ৪২

বাসুদেবপ্রশঙ্গেত জার ভক্তি হয়
দৈবাৎবাসম্ভব(১২) শেহি হয় শুনিশ্চয়
নারায়ন-কথাত জে করে উপহাস
দানবাংশে জন্ম হয় শেহি মতিনাষ(১৩) ॥ ৪৩
হরিকথাপ্রশঙ্গ হএন(১৪) জে স্থানত
সর্ব্বতির্থ শন্নিহিত হয় শে স্থানত
জানিবা নিশ্চয় মিথ্যা নয় এ কথন
সুন নারায়ন-কথা করি উদিরন(১৫) ॥ ৪৪
সর্ব্বরসময় কথা ব্যাধিসোক(১৬) হয়
কথাচয় শুধাময় হয় বৃদ্ধিকর
সুন ক্রুয়াযোগসার(১৭) ব্রাহ্মননন্দন
শ্রবনে ত্বরিত হয় তরিত(১৮) ভঞ্জণ ॥ ৪৫
অভিষ্ট সকল পুর্ণ হয় তুন্ন(১৯) তার
পুন্য বারে(২০) পাপ ছারে(২১) পায় মোক্ষদ্বার
ইতি ক্রুয়া[illegible]সার প্রথম অধ্যায়
রচনা হইল পদ শুধারশ প্রায় ॥ ৪৬
কালী কালভয়হর কর দয়া দিনে
আমারে নেস্তারে(২২) হেন নাহি তোমা বিনে
ভজনপূজনহিন(২৩) ক্ষিন(২৪) পুণ্য আমি
বিশেষ মায়ায় মোহ পাপপথগামি ॥ ৪৭
কি গতি হইবে শিবে কে দিবে উপায়
রক্ষ দক্ষযজ্ঞবিনাশিণী জম(২৫) দায়
শ্রীহরেন্দ্র কহে প্রাণ সপ্যাছি(২৬) চরনে
জা কর করুণামযি জীবনে মরনে। ৪৮

---

১ অশ্রদ্ধা। ২ মনোরম। ৩ পাপিষ্ঠ। ৪=অন্তিমকালে যম তাহাকে নরকে লন। ৫=ঘোর। ৬ দিবস। ৭ দিন। ৮ চন্দ্রহীন। ৯=হয়। ১০ সুনিষ্পাপ=বিশেষরূপে পাপহীন। ১১ বিঘ্ন আচরণ করে। ১২ দেবাত্মাসম্ভব। ১৩=নষ্টমতি। ১৪ হয়। ১৫ উদীরণ=উচ্চারণ। ১৬ শোক। ১৭ ক্রিয়াযোগসার। ১৮=শীঘ্র। ১৯ তূর্ণ। ২০ বাড়ে। ২১ ছাড়ে। ২২ নিস্তারে। ২৩ হীন। ২৪ ক্ষীণ। ২৫ যম। ২৬ সঁপিয়াছি।

[দ্বিতীয় অধ্যায়।]

ব্যাষ নিগদতি যতি করহ শ্রবন
সৃষ্টির আদিতে মহাবিষ্ণু শনাতন
সকল জগত সৃষ্টিকরন কারন
ইত্স্বা(১) করি মনে হরি প্রভূ চিরন্তন ॥ ৪৯
সৃষ্টিকর্ত্তা সৃষ্টির রক্ষক সংহারক
স্বয়ং তিন মূর্ত্তি হৈল গোলকনায়ক
জগতের সৃষ্টির কারন নারায়ন
অক্ষিন(২) দক্ষিন অঙ্গ হইতে আপন ॥ ৫০
সৃজিলেন ব্রঁহ্মাক কমলান ভ(৩) হরি
জগতের পালনকারন চিন্তা করি
বাম অঙ্গ হনে রঙ্গমনে নারায়ন
সৃজিল বিষ্ণুক মহাবিষ্ণু সনাতন ॥ ৫১
[illegible] সংহারকারন জনার্দ্দন
মধ্য অঙ্গে হৃদ পদ্মে কমলনয়ন
অরি নাসি রুদ্রেক সৃজিল শে কালত্ত
সত্য রজ তম তিন গুণে শুমহত ॥ ৫২
এহি তিনি গুণাত্মক বলি কেহ কেহ
বলেন ব্রঁহ্মাক হে জৈমিনি পুণ্যদেহ
বিষ্ণুক বলেন কেহ ত্রিগুনআত্মক
ত্রিগুনআত্মক কেহ বলে শঙ্করক ॥ ৫৩
জাত এক মহাবিষ্ণু তিন মূর্ত্তি ধরি
সৃষ্টি স্থিতি সংহার করেন লীলা করি
অতঃপর মুনিবর সাধুব্যক্তিগনে
এ তিন দেবক ভেদ না ভাবিবে মনে ॥ ৫৪
পরমাত্মা শে মহাবিষ্ণুর শক্তি জেহি
প্রকৃতি স্বরূপা আদ্যা শক্তি বটে শেহি
অচিন্ত অব্যয়রূপা আদ্যা শনাতনী
ব্রঁহ্মাণ্ড কারণী ভূতা শেহি নারায়নী ॥ ৫৫
বিদ্যা বলি তাকে কয় অবিদ্যাও বলে
ভাবরূপা শেহি এহি ব্রঁহ্মাণ্ডমণ্ডলে
অভাবরূপাও তিনি শেহি চিরন্তনী
জগতকারণীভূতা প্রকৃতিরূপিনী ॥ ৫৬
ব্রাঁহ্মি(৪) লক্ষী চণ্ডি এহি তিন রূপ তার
স্বয়ং হয়াছিল এহি জ্ঞান সত্য [illegible]
এ তিন মূর্ত্তিক মহাবিষ্ণু সনাতনে
সৃষ্টিস্থিতিসংহারকারন তিন জনে ॥ ৫৭
নিবেষ করায়া ওহে মুনি জ্ঞানবান
[illegible] প্রকৃতি[illegible] আদিপুরুষ পুরাণ
হয়াছিল অন্তধ্যান জ্ঞানরূপি হরি
ওহে তপোধন কথা সুন মন করি ॥ ৫৮
বিষ্ণু অঙ্গজাত শে জে ব্রঁহ্মা তারপর
সমাধি দ্বারায় যোগ বলে যোগেশ্বর
অনিল অনল জল আকাষ(৬) অবনী
এহি পঞ্চভূত সৃষ্ট কৈল পদ্মযোনী ॥ ৫৯
ভূল্লোক ভুবনল্লোক স্বল্লোক অপর
মহল্লোক জনলোক তাত অনন্তর
তপোলোক সত্য লোক এসকল সৃষ্টি
অনুক্রমে করিলেন প্রভু পরমেষ্টি(৭) ॥ ৬০
অতলের অধে সৃষ্টি করিল বিতল
বিতলের অধে পরে সৃজিল সুতল
সুতলের অধতে সৃজিল তলাতল
তার অধে সৃষ্টি করিলেন মহাতল ॥ ৬১

১ ইচ্ছা। ২ অক্ষীণ। ৩—পদ্মনাভ। ৪ ব্রাহ্মী। ৫ সার। ৬ আকাশ। ৭ ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ, সত্য এই সাত লোক যথাক্রমে উর্দ্ধে সৃষ্ট হইল।

মহাতল অধতে সৃজিল রশাতল
কয়হ শ্রবন কথা মুনিন্দ্র শগল
রশাতল অধে করি পাতাল নির্ম্মান(১)
পরে যথাক্রমে হংশস্থান(২) ভগবান ॥ ৬২
লোক সকলক সৃষ্টি কৈল সৃষ্টিকর
দেবতার নিবাষ(৩) নিমিত্তে তারপর
শুন্দরকন্দরযুক্ত কাঞ্চনলাঞ্চন(৪)
সুমেরূক সৃজিলেন প্রভূ পদ্মাশন ॥ ৬৩
ভূতলে অতুল শে জে সুমেরুপর্ব্বত
যোগবলে ব্রঁহ্মার সৃজিল শে কালত
সুন্দরকন্দরযুক্ত মন্দর অপর
ত্রিকুট নামেত আর মহামহীধর ॥ ৬৪
সৃষ্টি করিলেন সৃষ্টিকর পদ্মাশন
তদন্তর মুনিবর করহ শ্রবন
উদয় অচল অস্তাচল দুই গীরি
অন্য নানাবিধ নগগন সৃষ্টি করি ॥ ৬৫
তদন্তর শুবিস্তর নদনদিচয়
করিলেন সৃষ্টি পরমেষ্ঠি শে সময়
লোকালোক নাম অনুপাম মহীধর
সৃষ্টি করিলেন সৃষ্টিকর শে ইশ্বর ॥ ৬৬
তার মধ্যে শপ্তদ্বীপ শপ্তম(৫) সাগর
পরম সমাধি করি ওহে মুনিবর
সৃষ্টি করিলেন শেকালত চমত্কার
দ্বীপ সকলের নাম শুন গুণাকর ॥ ৬৭
কর্ম্মভূমী জম্বুদ্বীপ ইহার আখ্যান
তদন্তর প্লক্ষ নাম দ্বীপ শুমহান
জম্বুদ্বীপ হনে(৬) তাক দ্বিগুন জানিবা
সাল্মলীদ্বীপক তার দ্বিগুন মানিবা ॥ ৬৮

সাল্মলীদ্বীপেত হনে কুশদ্বীপ ভূমী
দীর্ঘে প্রস্থে দ্বিগুন জানিবা মুনি তুমি
ক্রৌঞ্চ দ্বিপ দিগুন শে কুশদ্বীপ হনে
ক্রৌঞ্চের দ্বিগুন শাকদ্বীপ মান মনে ॥ ৬৯
শাকদ্বীপ হনে প্লক্ষদ্বীপ শুদ্বিগুন(৭)
এহি শপ্তদ্বীপা মহী হে জৈমিনি শুন
ইহার মধ্যত সর্ব্বভোগসমন্বিত
সর্ব্বগুণযুক্ত অতিশয় শুশোভিত(৮) ॥ ৭০
দেব ঋষিদের ভূমি সৃজিল ব্রঁহ্মায়
এজে শপ্তদ্বীপা মহী জান সমুদায়
জানিবা জৈমিনি শপ্তসমুদ্রে বেষ্ঠিত
তার জে জে নাম তাহা শুন শুবিনিত ॥ ৭১
প্রথমে লবণ সিন্ধু ইক্ষু তার পর
তদন্তর সুরা শিন্ধু জান দ্বিজবর
সর্প্পি(৯) দধি দুগ্ধ জল সমুদ্র বিশাল
এহিরূপে অনুক্রমে জান ধর্ম্মপাল ॥ ৭২
এহি সপ্ত সমুদ্র ক্রমষ তপোধন
দ্বিগুন দ্বিগুন অতি বিস্তার জীবন
এজে শপ্ত সমুদ্রেক ওহে পুণ্যান্বিত
লোকালোক পর্ব্বতে হয়াছে আবেষ্টিত ॥ ৭৩
এহি শপ্তদ্বীপা মহীতলে তপোধন
নানাবিধ বৃক্ষ গুল্ম লতা তৃনগন
নানাবিধ পশু পক্ষি মনুস্য শকল
নাগ যক্ষ সর্প আর গন্ধর্ব্বপটল(১০) ॥ ৭৪
বিদ্যাধর কিন্নর রাক্ষষগন আর
ক্রমে সৃজিলেন এশকল পরে তার
ব্রঁহ্মার মানষপুত্র দক্ষ প্রজাপতি
প্রকৃতিক তিনি সৃষ্টি করিল হে যতি ॥ ৭৫

---

১ অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল যথাক্রমে অধে সৃষ্ট হইল। ২ হংস-স্থান। ৩ নিবাস। ৪ কাঞ্চন-বাহন। ৫—সাত। ৬—হইতে। ৭ সুদ্বিগুণ। ৮ সুশোভিত। ৯—ঘৃত। ১০ সমূহ।

ব্রাহ্মণ ক্ষেত্রিয়(১) বস্থ(২) অপর বৃঁশল(৩)
তদন্তর স্থষ্টি করিলেন এসকল।
এ চারি জাতির বহিভূ্ত শুবিস্তর
অন্ত্যজ জাতিক স্থজিলেন স্থষ্টিকর ॥ ৭৬
ব্রাহ্মনাদি সকল প্রানির নানামত
বর্ত্তন(৪) উপায় স্থজিলেন শে কালত
হিমালয় পর্ব্বতের দক্ষিন প্রদেষ
ক্ষিরদের(৫) উত্তর অবনি সারশেষ(৬) ॥ ৭৭
এহিটা ভারতবর্ষ নাম কর্ম্মভূমি
স্থভাস্থভগন(৭) তার বলি শুন তুমি
ভারতভূমীত জন্ম লভিয়া জে নরে
জানিয়া সাস্ত্রের মর্ম্ম ধর্ম্ম কর্ম্ম করে ॥ ৭৮
তাহার সমান তিন লোকে কেহ নয়
সফল তাহার জন্ম জানিবা নিশ্চয়
জীবিতের মধ্যে শেহি স্থজীবি মানব
শত কর্ম্মের ফলে চলে ত্রিদীব শে শব ॥ ৭৯
নারায়ন চরন অর্চ্চনে নিরন্তর
মতি জার অতি তার অহে দ্বিজবর
কোটী জন্মার্জ্জিত পুন্ন হইতে অধিক
পুন্নলব্ধ হয়া সেজে পুরুস শাত্তিক(৮) ॥ ৮০
সংসারেত একাধিকারন হয় তার
অপর শ্রবণে মন কর গুণাধার
দেব আদি দেব নারায়ন চরণেত
দৃড় ভক্তি হয় জার বাহ্য অন্তরেত ॥ ৮১
শে জনার সর্ব্বস্থখভোগ লাভ হয়
সভয় সংসারে হয় শে জন নির্ভয়
বৈষ্ণববর্জ্জিত যেহি দেব তপোধন
শে দেশক সাধু নরে করিবে বর্য্যন ॥ ৮২

জন্ম জন্মান্তরীয় অর্জ্জিত(৯) পাপচয়
অল্প কিম্বা অধিক জে থাকেন সঞ্চয়
ভগবত্তভক্ত জন দর্শন মাত্রত
ক্ষয় হয় স্থর্য্যোদয় তিমির জেমত ॥ ৮৩
হে জৈমিনি বৈষ্ণব জনার পাদোদক
শমস্ত পাপের জান প্রলয় কারক
বৈষ্ণবের পাদোদক ভক্তিপুরস্বরে(১০)
জে ধিরে ধারন শীরে করে মুনিবরে ॥ ৮৪
কি কাজ তাহার আর গঙ্গাবগাহনে
অপর বলিছি কর শ্রবন শ্রবণে(১১)
ভগবৎ ভক্ত শঙ্গে মুহূর্ত্ত জে জন
করেন আলাপ জদী(১২) স্থাৎ তপোধন ॥ ৮৫
ভ্রুনহত্যা আদী এজে মহাপাপ হনে
লোচন নিমিষে হয় মোচন তখনে
ভগবৎ ভক্তের শাক্ষাৎ জে জে কর্ম্ম
করে জেহি নরে জানি ধর্ম্মশাস্ত্রমর্ম্ম ॥ ৮৬
হয়স্ত(১৩) অক্ষয় শে জে কর্ম্মচয় তার
এ কথা অন্যথা নহে জান শত্য শার
মুহূর্ত্তেক কিম্বা অর্দ্ধ মুহূর্ত্তে বা হয়
জিবন মুক্ত(১৪) হরি ভক্ত জে স্থানে থাকয় ॥ ৮৭
সত্যো সত্যে(১৫) শে জে স্থান তীর্থতুল্য হয়
তপোবন তুল্য হয় শে স্থান নিশ্চয়
জে কুলত বিষ্ণুভক্ত জনম লভয়
শে কুল উত্তম কিম্বা অধমে বা হয় ॥ ৮৮
তথাচ শে মোক্ষগামি হয় তপোধন
শুদৃড়(১৬) এরুথা নহে মিথ্যা কদাচন
অন্ন জল ফল ফুল মুল অন্ন মান
বিষ্ণু ভক্ত নরে মুনি যদি করে দান ॥ ৮৯

১ ক্ষত্রিয়। ২ বৈশ্য। ৩ বৃষল =শূদ্র। ৪=জীবিকা। ৫ ক্ষীরোদের। ৬=সমস্ত। ৭ শুভাশুভগণ। ৮ পুরুষ সাত্বিক। ৯ অর্জ্জিত। ১০ পুরঃসরে। ১১=কর্ণে। ১২=যদি। ১৩ হয়। ১৪=জীবন্মুক্ত। ১৫ সত্য সত্য। ১৬=সুদৃঢ়।

২

সে দান অক্ষয় হয় ওহে তপোধন
সর্ব্ব দেবতার রূপ বিষ্ণুভক্ত জন
তাক শন্তোশিলে(১) সর্ব্বদেবতাতোষন
হএন তখন শত্য জান বিচক্ষন ॥ ৯০
দেখ তপোধন জনগণ সংশারত
নানা মত দুখ(২) ভোগ করে অবিরত
ভগবৎভক্ত শকলের কোন কালে
না হয় দুর্ঘোর দুখ নাম জে জপ্পালে ॥ ৯১
অতঃপর মুনিবর কৃপাযোগ দিয়া
কেশবেক ভক্তি পুরস্বরে আরাধিয়া
বিষ্ণুর পরম পদ জিষ্ণুর বাঞ্ছিত
গমন করহ তুমি মুনি পুন্যান্বিত ॥ ৯২
সুত নিগদতি হে শৌনক তপোধন
ব্যাষের শে ভক্তিগন মুক্তির কারন
শুনিঞা জৈমিনি মুনি তবে শে কালত
করাঞ্জলী করি অতি হয়া অবনত ॥ ৯৩
জিজ্ঞাশা করিল বেদব্যাষেক তখন
জৈমিনি বদতি প্রভু করি নিবেদন
ভগবতভক্ত শেস্তে মহাত্মা শবার
ভক্তি করিতেছ গুরু তুমি বারম্বার ॥ ৯৪
কি লক্ষন তার কহ আমার অগ্রত
আমি তব পদাস্থত(৩) শিষ্য অনুগত
আমা প্রতি জদি তব আছে অনুরাগ
তবে অনুগ্রহ করি কহ মহাভাগ ॥ ৯৫
বৈষ্ণবের লক্ষণ শকল প্রথমত
বল মুনি মুনিরাজ বেদাঙ্গপার্গত(৪)
ব্যাষ নিগদতি যতি করহ শ্রবন
অতি পুরাতন কথা পাতকভঞ্জন ॥ ৯৬
পরম নিষ্ঠুর ক্রুড়(৫) অশূর(৬) দ্বিতয়
মধু আর কৈটভ নামেত দুরাশয়
ব্রহ্মাক বধিতে বাঞ্ছা করি দুয়োজন(৭)
হৈছিল উদ্যত শেকালত তপোধন ॥ ৯৭
শে দুই দুষ্টক পরে কষ্ট দিয়া অতি
নষ্ট করিআছে লক্ষীপতি ওহে যতি
স্বয়ম্ভুর মুখে পূর্ব্বে শুনিছে নারদ
আমাক বলিছে শেহি মুনিন্দ্র শারদ(৮) ॥ ৯৮
তাহা বলি তোমার অগ্রত তপোধণ
করহ শ্রবণ চিত্র(৯) পবিত্র কথণ
কল্পান্তকালেত রুদ্ররূপে জগতক
সংহারিছে রুদ্ররূপি ত্রিলোকপালক ॥ ৯৯
অনন্ত শর্য্যাত(১০) ভগবন্ত অন্তর্য্যামি
সয়ন করিছে তদা ত্রিলোকের স্বামি
আবাহন করি যোগনিদ্রা ইশ্বরিক(১১)
যতিযোগগম্যা ভগবতি শে দানিক ॥ ১০০
করিছে বিষ্ণুক বিমোহিত জথোচিত
না ছিল প্রিথিবী জলে জগত প্লাবিত
জগতের শ্রষ্টা হংশজান(১২) ভগবান
বিষ্ণুনাভিকমলে শে কমলবয়ান ॥ ১০১
হয়া অবস্থিত আদি পুরুষ ইশ্বর
শে জে মহাবিষ্ণু পরমাত্মা পরাৎপর
তাক ধ্যান করি হৃদিকমলে তখন
কমল আশন হৈছে সমাধিস্ত(১৩) মন ॥ ১০২
শেহি কালে বিষ্ণুর কর্ণের মল হৈতে
জন্ম হয়া অশূর দ্বিতয় আচম্বিতে(১৪)
ঘোরবপু দেবরিপু ঘোর ভয়ঙ্কর
মধু আর কৈটভ নামেত মুনিবর ॥ ১০৩

১—তাহাকে সন্তোষ করিলে। ২ দুঃখ। ৩ পদাশ্রিত। ৪ পারগত। ৫ ক্রুর। ৬ অসুর। ৭ দুই জন। ৮—সার কথা। ৯—বিচিত্র। ১০ অনন্তশয্যায়। ১১ ঈশ্বরীকে। ১২ স্রষ্টা হংসযান। ১৩ সমাধিস্থ। ১৪ আচম্বিতে।

সর্ব্বলোকগর্ব্বখর্ব্বকর শে দানব
অন্তরিক্ষচর ঘোরতর মনোযব(১)
বিষ্ণুনাভিকমলেত দেখীয়া ব্রঁহ্মারে
শেজে মহাবল দুই দত্য(২) দুরাচারে ॥ ১০৪
ব্রঁহ্মাক হনণ মণ করি দুইজণ
ক্রোধাসক্ত হয়া রক্ত করিয়া লোচন
ব্রঁহ্মার বধত হৈল উদ্যত তখন
শুনহে জৈমিনি মুনি পর বিবরণ ॥ ১০৫
জগত সৃজক ব্রঁহ্মা তবে শে কালত
অসুরের অন্ত ইৎস্বা করি অন্তরত
হৃদয় কমলে দেব কমল আশন
কমল নয়ন মুদি করিয়া মনন ॥ ১০৬
যোগনিদ্রারূপা ভগবতিক তখণ
মধুর বচণে বহু করিল স্তবণ
ব্রঁহ্মার শে স্তবে তুষ্ট হয়া ভগবতি
স্বয়ম্ভূক নিগদতি মধুর ভারতী ॥ ১০৭
বিরিঞ্চি কি বাঞ্চা(৩) তর কহ তা আমাক
বাঞ্ছিতার্থ বরদান করিব তোমাক
ব্রঁহ্মা নিগদতি ভগবতি নমস্কার
অতি উগ্র এজে দুই দত্য দুরাচার॥ ১০৮
আমাক বধিতে চিতে করিছে নিশ্চয়
তুমি মহামায়া মায়া দ্বারা এ সময়
মোহন করিয়া জ্ঞানকর্ত্তা অচ্যুতক
আছ মাতা কর ত্যাগ বধুক দুষ্টক ॥ ১০৯
ব্রঁহ্মার বচণ শুনি ব্রঁহ্ম সনাতনী
যোগনিদ্রারূপা ভগবতি নারায়নী
করিল বিষ্ণুক ত্যাগ ওহে তপোধণ
যোগনিদ্রামোহিত শে প্রভু নারায়ণ ॥ ১১০

চেতন লভিল খগকেতন তখণ
তেজিয়া অলষ হরি ত্রিদষপালণ
ঘোরবপু দেবরিপু অপূর্ব্বদর্শন
মধুকৈটভেক বিষ্ণু দেখিল তখণ ॥ ১১১
ব্রঁহ্মার বধত(৪) হৈছে উদ্যত দুজনে
বধেন ব্রঁহ্মাক হেন দেখি নারায়ণে
শরণাগতক(৫) সদা পালক ইশ্বর(৬)
কৃপার আধার ভক্তজনভয়হর ॥ ১১২
ব্রঁহ্মার রক্ষার হেতু কৃপাশেতু(৭) হরি
দিল যুদ্ধ হয়া ক্রূর্দ্ধ অতি শিঘ্র করি
পঞ্চম শহস্র বর্ষ অহে তপোধণ
করিলেন শুদ্ধ(৮) বাহুযুদ্ধ শুভীষণ ॥ ১১৩
তথাচ না পাইল জয় অজয় কেশব
দানব দুহার না হইল পরাভব
ঋশিবর তদন্তর কর কর্ন্ন ময়
শে শময় শে জে দুই দানব দুর্য্যায়(৯) ॥ ১১৪
তাক মহামায়ায় করিল বিমোহিত
বিষ্ণুক শম্বোধি বানী বলিল গর্ব্বিত(১০)
অহে লক্ষ্মীপতি তব অতি বিক্রমেত(১১)
সন্তোষ জন্মিল আমাদের অন্তরেত(১২) ॥ ১১৫
হৃষ্ট হইয়াছি ইষ্টবর লও হরি
দানব দুয়ের বানী কর্ণগত করি
বিকাশি কমল আস্ত মৃদু হাস্ত করি
বলিল বচন পদ্মলোচন শ্রীহরি ॥ ১১৬
আমা প্রতি তুষ্ট মতি হৈছ জদিস্যাত
তবে এহি বর করি জাচণা তোমাত(১৩)
সম্ভ মম বধ্য হও অস্ত দুই জন
ভারতিপতির(১৪) শুনি ভারতী এমণ ॥ ১১৭

১ মনোজব—মনের মত বেগবান্‌। ২ দৈত্য। ৩ বাঞ্ছা। ৪—বধের জন্য। ৫—শরণাগতকে। ৬ ঈশ্বর। ৭ সেতু। ৮—কেবল। ৯ দুর্জ্জয়। ১০ গর্ব্বিত। ১১—বিক্রম দ্বারা। ১২—অন্তরে। ১৩—তোমার নিকট। ১৪—সরস্বতীর পতি নারায়ণ।

বলিলেন হর্ষ মনে শে দুই দানব
দিলাম তোমারে এহি বর হে কেশব
নাহিক শংশয় ইথে অছে জনার্দ্দন
হব তব বধ্য(১) অস্ত আমরা দুজন ॥ ১১৮
হিন জল জেহি স্থল(২) হে কমল নেত্র
আমাক দুহাক(৩) বধ কর তুমি তত্র
শুনি বানী চক্রপানী দানব দুহার(৪)
ভানুকান্তি তনু জানুপরে আপনার ॥ ১১৯
আনিয়া দানব দুজনাক নারায়ণে
দুর্য্যণধর্ষণ(৫) ঘোর চক্র শুদর্শনে
অমর অরির শীর(৬) শুরুচির অতি
ছেদন করিল বির্য্যশীল(৭) লক্ষীপতি ॥ ১২০
দানব দুহার দেখি নিধন তখন
নির্ভয় হৃদয় হয়া কমল আশন
করিল বিষ্ণুক স্তুতি অতি ভক্তি মণে
বলি সে স্তবণ কর শ্রবন শ্রবণে ॥ ১২১
নিগদতি বিধি কৃপানিধি দামোদর
হে পরমেশ্বর পিতাম্বর গদাধর
প্রশন্ন হইয়া তুমি প্রপন্ন জনার
সর্ব্ব বিঘ্ন কৈলা নিঘ্ন ওহে কৃপাধার ॥ ১২২
অতঃপর হে ইশ্বর তোমার চরনে
বারম্বার নমস্কার করি ভক্তি মনে
সত্ত্ব রজ তম এহি ত্রিগুন আৎমক(৮)
পরিমিত রহিত(৯) বিপুল বিক্রমক ॥ ১২৩
এমত তোমাক(১০) কোটি শত নমস্কার
করুণা নিধান ভগবান কৃপাধার
তব নব পদ কোকনদত মাধব
হওণ শরণাগত জে শব কেশব ॥ ১২৪

না হয় বিপদ তার সম্পদ শতত
চক্রপানী ইহা আমি জানি ভাল মত
আমার অপার এ জে বিপদ ভঞ্জন
ক্ষেনেকে(১১) করিলা লীলা করি নিরঞ্জন ॥ ১২৫
তুমি যোগেশ্বর ত্রিজগতের ইশ্বর
তুমি অতিশয় বট শদয় অন্তর
শরণাগতক তুমি পালক বিশেষ
তুমি দেবদেব পরব্রহ্ম হৃশিকেশ(১২) ॥ ১২৬
শত্রু সমুহের নাষ নিমিত্তে আপণে
নির্দ্দয় হৃদয় ইহা জানিলাম মণে
দারুন দানবদ্বয় করিয়া নিহত
করিলা আমাক রক্ষা ঘোর বিপদত(১৩) ॥ ১২৭
অতি ভয়ঙ্কর লয়ঙ্কর(১৪) কাল প্রায়
কঠোর দুর্ঘোর (১৫) দুষ্ট দানব দুহায়
মহা ভক্ত বলি তাক মানি চক্রপানি
জাতে আত্মনাশ(১৬) বর দিল দুই মানি ॥ ১২৮
অখিল এ শংশারের তুমি শুভদাতা
করিছে তোমাক তুষ্ট অহে লোকত্রাতা
দেব দেব তুমি জারে কৃপা দৃষ্টি কর
ত্রিজগত বশ্য তার অবশ্য ইশ্বর ॥ ১২৯
তার সত্রু শকল অচিরে নষ্ট জায়(১৭)
মহানদী তিরস্থিত বৃক্ষগন প্রায়
ওহে কৃপাময় ইথে নাহিকে সংশয়
আপনার কুল তার মিত্রবন্ধুচয় ॥ ১৩০
সবারে উন্নতি হয় না রয় বিপদ
ও পদ কৃপায় তার শতত সম্পদ
হে দেবেস হৃশিকেশ তুমি নিরন্তর
কমলার কমলবদনমধুকর ॥ ১৩১

১ বধ্য। ২—যে স্থলে জল নাই সেই স্থলে। ৩—আমাদের দুইজনকে। ৪—দুইজনের। ৫ দুর্জ্জন-মর্দ্দন। ৬ শির। ৭ বীর্য্যশীল। ৮ ত্রিগুণাত্মক। ৯—পরিমাণ রহিত; অপরিমেয়। ১০—এইরূপ তোমাকে। ১১ ক্ষণেকে। ১২ হৃষীকেশ। ১৩ বিপদ হইতে। ১৪—যিনি লয় (সংহার) করেন। ১৫—দুর্দ্দান্ত। ১৬ আত্মনাশ। ১৭—তার শত্রু সকল অচিরে বিনষ্ট হয়।

সংসারের দুঃখ শোক ভয় বিনাশের
তুমি সে কারণ গতি সকল লোকের
তোমার সোভন পদ কোকনদদ্বয়
আসৃত(১) শরনাগত বলি কৃপাময় ॥ ১৩২
সর্ব্বকালে করি মোরে কৃপা বিলোকন
করিতেছ রক্ষা ওহে নাথ নারায়ণ
অনাথের নাথ হে শ্রীনাথ দামোদর
বারম্বাঁর পদে নমস্কার অতঃপর ॥ ১৩৩
হে পুণ্ডরিকাক্ষ তাক্ষ(২) বাঁহন ভূতেশ
হে পরমেশ্বর পিতাম্বঁর হৃশিকেশ
প্রশন্ন হইয় প্রভু প্রপন্ন জনাক
হে সর্ব্বভূতেব পরমেষ সত্যবাক ॥ ১৩৪
অহে বিশ্বম্ভর ভব প্রশন্ন আমাক
বারম্বাঁর নমস্কার করিছি তোমাক
ভক্তি দ্বারা তুষ্ট তুমি হে ভক্তবৎস্বল
চিন্তি চিত্তে প্রতি নিত্তে(৩) শুপদ কমল ॥ ১৩৫
বারম্বার তোমার চরনে নমস্কার
মুক্তিদাতা তুমি পদে প্রনাম তোমার
জ্ঞানরূপ তুমি তব ওপাদপদ্মঁত
নমস্কার আমার হে প্রভু কোটি শত ॥ ১৩৬
আমার রক্ষিতা(৪) নাথ হয়াছ আপনে
বারম্বাঁর নমস্কার তোমার চরনে
ওহে জগন্নাথ তাত জাত তুমি মোরে
পরিত্রান করিলা এ বিপদ ঘূর্ঘোরে ॥ ১৩৭
অতএব দেব দেব তব চরনত
নমস্কার আমার সহস্র কোটিশত
ব্রঁহ্মা কৃত মহাস্তোত্র হৈল সমাপণ
জৈমিনিক বলিছেন কৃষ্ণদ্বৈপায়ণ ॥ ১৩৮

লোককর্ত্তা চতুর্ম্মুখ ব্রঁহ্মা সে কালত
সে মহাবিষ্ণুর অগ্রে হয়া অবনত
করিলেন স্তুতিনতি বিবিধ প্রকার
তুষ্ট হয়া নারায়ন স্তবনে ব্রঁহ্মার ॥ ১৩৯
কৃপানিধি বিধিক কঁরিয়া সম্বোঁধন
বলিল ভারতিপতি ভারতি তখন
হে কমলাসন এজে স্তবনে তোমার
নিতান্ত করিল তুষ্ট অন্তর আমার ॥ ১৪০
ওহে মিষ্টভাসি জেহি অভিষ্ট তোমার
বল গুননিধি বিধি অগ্রেত আমার
তোমার অভিষ্ট সিদ্ধি করিব নিশ্চয়
বিষ্ণুর এমত বানী শুনি সে সময় ॥ ১৪১
ব্রঁহ্মা বলিছেণ ওহে ব্রঁহ্ম সনাতণ
দিতে পার সকল তুমি হে নারায়ণ
ওহে জগন্নাথ জাত বিশম সমরে
অমরের অহিত(৫) এ দুরন্ত দামরে ॥ ১৪২
বধিলা সাধিলা জয় রাখিলা আমারে
তোমার অসাধ্য কর্ম্ম কী আছে সংসারে
ঘোর বিপদেত গ্রস্ত হয়া লোকস্বামি
জে স্তবে তোমাক স্তব করিলাম আমি ॥ ১৪৩
সেহি স্তব দিয়া ভক্তিভাবে জেহি জন
তোমাক স্তবন করে ওহে নারায়ণ
তাহার বিপদ জেন না থাকে কখণ
ব্রঁহ্মার বচণ সুনি পঙ্কজলোচণ ॥ ১৪৪
বলিল ব্রঁহ্মাক বানীকান্ত মিষ্ট বানী
ওহে সুরশ্রেষ্ট সৃষ্টীকর বেদপানী
তোমার অভিষ্ট সিদ্ধি কর ইষ্টবর
দিলাম তোমাক ওহে অমরপ্রবর ॥ ১৪৫

১ আশ্রিত। ২ তার্ক্ষ্য—গরুড়। ৩ নিত্য। ৪—রক্ষক। ৫—দেবের শত্রু।

সদা অনুরক্ত মম ভক্ত জেহি হবে
তাহার বিপদ না হইবে ভবার্ণবে
জাত(১) বৈষ্ণবের শরীরেত সর্ব্বক্ষণ
নিবাব আমার ওহে কমল আশন ॥ ১৪৬
অতএব ওহে দেবশ্রেষ্ট জান শার
না হবে বিপদ ভবে বৈষ্ণব জনার
মাধবের বিধুমুখে মধুর ভারতি
শুনিঞা বলিল ব্রহ্মা সাকৃতি উকৃতি(২)॥ ১৪৭
ওহে ভগবান জ্ঞানদিপি নারায়ণ
শুপুর্ব্ব শকল করি অপুর্ব্ব শাধণ
ধ্যান ধারনায় কার ক্লেষ করি অতি
না পায় তোমাক তমু প্রভু লক্ষীপতি ॥ ১৪৮
বৈষ্ণব শরীরে সদা থাক তুমি হরি
এ অতি অদ্ভুত অশম্ভব জ্ঞাণ করি
ওহে লোকস্বামি অন্তর্য্যামি জনার্দ্দণ
ক্ষণ মাত্র তুমি তুষ্ট হৈলে নারায়ণ ॥ ১৪৯
শে জনার কী না হয় ওহে কৃপাময়
বৈষ্ণবের শঙ্গে শদা তুমি দয়াময়
ভ্রমন করহ ইকি অতি অশম্ভব
হে কৈটভরিপু দিব্যবপু(৩) হে কেশব ॥ ১৫০
অনুগ্রহ করি কহ হে মধুশুদন
বৈষ্ণবের পবিত্র চরিত্র জে লক্ষণ
কি প্রকারে বৈষ্ণবেক জাণা জায় আর
তাহার বৃত্তান্ত কহ কৃপার আধার॥ ১৫১
শ্রীপতি বদতি বিধি, শত কোটি কল্প জদি
বলি আমি বৈষ্ণব লক্ষণ
তথাচ শাম্যক(৪) তার না পারিব বলিবার
নিশ্চয় জানিবা পদ্মাশণ ॥ ১৫২
শংক্ষেপত অতঃপর বলি শুন হৃষ্টিকর
এ শংশার বৈষ্ণব অধিণ
বৈষ্ণবের নিরবধি পালক দেবতা বিধি
জানিবা বৈষ্ণব পাপহিন ॥ ১৫৩
আমিও বৈষ্ণবাধিন জানিবা রজনী দিন
মিথ্যা নহে আমার বচণ
বৈষ্ণবের তনু ত্যাগ আর তার অনুরাগ
না করি কখন এককক্ষণ ॥ ১৫৪
সুনহে কমলাশণ পরম বৈষ্ণব জন
জগতের শ্রেষ্ট শেহি হয়
বৈষ্ণবের জে লক্ষণ বলি তা কর শ্রবন
হে চতুরানণ দয়াময় ॥ ১৫৫
সর্ব্বদা বিমল অতি হিংশা বিবর্য্যিত(৫) মতি
দম্ভহিন শদা শুদ্ধাচার
শকল প্রানিত(৬) আর সমভাবে স্নেহ জার
শেহি জন বৈষ্ণব উদার ॥ ১৫৬
অপর শ্রবনে মন কর ওহে পদ্মাশন
কাম ক্রোধ লোভ বিবর্জিত
মোহ পরদ্রোহহিন চপলতা গুন ক্ষিণ(৭)
শেহি মহা বৈষ্ণব বিনিত(৮) ॥ ১৫৭
সর্ব্বভূতে শদা জার অহিংশা অন্তর আর
পরম দয়ালু সত্যবাদি
শুবৈষ্ণব জেহি জন জানিবা হে পদ্মাশন
হবেক বৈষ্ণব অপ্রমাদী ॥ ১৫৮
পিতৃ মাতৃ ভক্ত আর জ্ঞাতি বন্ধু আপনার
তাক প্রতিপালণে তৎপর
ধর্ম্ম উপদেশী আর নির্ম্মল অন্তর জার
শেহি শুবৈষ্ণব হৃষ্টীকর ॥ ১৫৯

১—যত। ২—উক্তি। ৩ দিব্যবপু। ৪ সম্যক। ৫ হিংসা-বিবর্জ্জিত। ৬—প্রাণীর প্রতি। ৭ যাহার চপলতা গুণ ক্ষীণ (অল্প) হইয়াছে। ৮ বিনীত।

তোমাক আমাক আর　　শঙ্করেক জে জনায়
　　শম ভাব ভক্তি অন্তরত
অতিথি পূজাত মতি　　শতত ধর্ম্মত রতি
　　শেহি জন বৈষ্ণব মহত ॥ ১৬০
দেবতা বিপ্রাত আর　　অনুরক্ত মতি জার
　　ব্রাহ্মনেত ভক্তি অতিশয়
পরস্ত্রিত জার আর　　নপুংশক বেবহার(১)
　　শেহি শুবৈষ্ণব শুদ্ধাশয় ॥ ১৬১
ভক্তিভাবে জেহি আর　　একাদশী ব্রত শার
　　করেন করিয়া কায়ক্লেব
মম নাম শংকীর্ত্তন　　করে জেহি অনুক্ষন
　　শেহি শুবৈষ্ণব হে দেবেষ ॥ ১৬২
দেবগৃহ দেবতারে　　রাখে শদা সদাচারে
　　রুদ্রাক্ষের মালা তুলশীর
ধারন করেন গলে　　সেহি জন ধরাতলে
　　পরম বৈষ্ণব শাধু ধীর ॥ ১৬৩
আর মম পাদোদক　　নির্ম্মাল্য ভক্তিপুর্ব্বক
　　মস্তকেত করেণ ধারণ
আমার প্রশাদ আর　　জেহি সাধু শুদ্ধাচার
　　সদাকাল করেন ভক্ষণ ॥ ১৬৪
শেহি জন শুবৈষ্ণব　　কহিলাম অগ্রে তব
　　ওহে দেব কমল আশণ
আমার আয়ুধগণ　　শঙ্খ চক্র শুদর্শণ
　　গদা আর পদ্ম শুশোভণ ॥ ১৬৫
অতি ভক্তি পুরস্বরে　　অঙ্গে জে অঙ্কিত করে
　　শেহি জন পরম বৈষ্ণব
কর্ণে শীরে জেহি ধীর　　চারুপত্র তুলশীর
　　ধারণ করে হে পদ্মস্তব(২) ॥ ১৬৬

শুবৈষ্ণব শেহি জণ　　জানিবা হে পদ্মাশন
　　তুলশীর বৃক্ষের মুলের
করে ছুর(৩) তৃণ যণ　　জত্ন করি জেহি জণ
　　শেহি শ্রেষ্ট মধ্যে বৈষ্ণবের ॥ ১৬৭
তুলশী বৃক্ষেরে আর　　জেহি শাধু শুদ্ধাচার
　　জলধারা করেণ প্রদাণ
শেহি জণ শুবৈষ্ণব　　জানিবেন পদ্মস্তব
　　আর বলী কর অবধাণ ॥ ১৬৮
তুলশী মুলের মৃত্তিকার জেহি জণ
ললাটেতে তিলক করেণ পদ্মাশণ
তুলশী কাষ্টের পঙ্ক অঙ্গেতে লেপয়
শেহি জণ শুবৈষ্ণব জানিবা নিশ্চয় ॥ ১৬৯
গঙ্গাস্নানে মতি গঙ্গানাম অনুক্ষণ
করেণ কীর্ত্তণ জেহি জন শুভাজণ(৪)
গঙ্গার মাহাত্ম্য আর কহে জেহি শন্ত
শেহি জণ শুবৈষ্ণব পরম মহন্ত ॥ ১৭০
শালগ্রাম শিলা থাকে গৃহেত যাহার
ভাগবত আদি ধর্ম্মশাস্ত্রগন আর
জানেণ জেজন শেহি সাধু শুবৈষ্ণব
আমার নিবাষ স্থাণ ওহে পদ্মস্তব ॥ ১৭১
করে জেহি নরে ভক্তিভাবে প্রলেপণ
প্রদোষে প্রদীপ আর করে প্রজ্বালণ
শেহি শুবৈষ্ণব পদ্মোস্তব হে জানিবা
মম প্রিয় ভক্ত বলি তাহাক মানিবা ॥ ১৭২
অতিজির্ন্ন ভগ্ন আর মন্দির আমার
করেণ নতুণ জেহি শুমবস্ত আর
খুধিত তৃশিত জনে দেয় অন্ন জল
শেহি জন পরম বৈষ্ণব শুনির্ম্মল ॥ ১৭৩

১ ব্যবহার। ২ পদ্মোদ্ভব। ৩ দূর। ৪—সুপাত্র।

রোগযুক্ত জণাক শুশ্রশা স্নেহে করে
শেহি শুবৈষ্ণব এহি শংশার ভিতরে
করেণ নির্ম্মাণ উপবণ জেহি জণ
অশ্বত্থ বৃক্ষকে আর করেণ রোপন॥ ১৭৪
গরুর শুশ্রশা করে জত্নে জেহি আর
সেহি জণ বৈষ্ণব পবিত্র দেহ তার
অতি ভক্তি করি ব্রঁত ধরি জেহি নরে
নানা উপহার দিয়া পিতৃযজ্ঞ করে॥ ১৭৫
দরিদ্রের শুশ্রশা করেন জেহি আর
সেহি শুবৈষ্ণব জন্ম শফল তাহার
আমার নিবাষ স্থাণে জেহি পুণ্যবান
চারু শুশোভণ গৃহ করেণ নির্ম্মাণ॥ ১৭৬
সেহি জণ বৈষ্ণব জানিবা পদ্মাঁশণ
ভয়ার্ত্ত জনাক দেয় অভয় জে জন
ব্রাঁহ্মনেক বিদ্যা দাণ করেণ অপর
সেহি জণ শুবৈষ্ণব ওহে সৃষ্টিকর॥ ১৭৭
বাপি কূপ তরাগাদি(১) করিয়া খনণ
উঁৎস্বর্গেগ(২) জেজণ সর্ব্ব শত্বের(৩) কারণ
কন্যাদাণ করে আর জেহি মতিমাণ
সমুর অপর শাসুরির(৪) হংশজাণ॥ ১৭৮
জে ণরে করেণ জত্নে শুশ্রশা শতত্ত
জানিবা হে ব্রঁহ্মা শেহি বৈষ্ণব মহত্ত
আপনার জ্যেষ্ঠ ভ্রাতা জ্যেষ্ঠা ভগিনীরে
সম্মান করেণ গুরুজ্ঞাণে জেহি ধিরে॥ ১৭৯
ণা করে পরের নিন্দা জেহি জণ আর
শেহি জণ বৈষ্ণব পরম গুনাধার
দেবস্ব ব্রঁহ্মস্ব পরদ্রব্যাদিক আর
বিশ(৫) তুল্য মনে জ্ঞাণ করে আপণার॥ ১৮০

শেহিজণ বৈষ্ণব জানিবা সৃষ্টিকর
পাশণ্ড শঙ্গবর্জ্জিত জে ণর অপর
সদা সদাশিবে ভক্তি জে ব্যক্তির আর
শিব চতুর্দ্দশী ব্রঁত করে জে উদার॥ ১৮১
শেহি জণ পরম বৈষ্ণব শুদ্ধাশয়
অপর বলিছি তাহা কর কর্ণময়
বহুজণ সহ কীর্ত্ত(৬) একায় জে জণ
আমার প্রশঙ্গ বিধি করে অনুক্ষণ॥ ১৮২
শেহি শুবৈষ্ণব জানিবাহে পদ্মাঁশণ
অপর বলিছি কর শ্রবণে শ্রবণ
সকল শৎগুণ আছে বৈষ্ণব জণাত
কোন কালে নাহি দোষ লেষ মাত্র তাত॥ ১৮৩
অতএব ওহে দেব কমল আশণ
শংপ্রতি তুমিও হও বৈষ্ণব অখণ(৭)
পুর্ব্বে অতি অপুর্ব্ব জগত জে প্রকার
সৃষ্টি করিয়াছ সৃষ্টিকর গুণাধার॥ ১৮৪
শেহিমত ত্রিজগত সৃষ্টি কর বিধি
ব্রঁহ্মাক এমত বলি প্রভু কৃপানিধি
শে পরমেশ্বর গদাধর শেহিক্ষণ
হৈল অন্তর্ধ্যাণ জ্ঞানগম্য শণাতণ॥ ১৮৫
মুনিবর তদন্তর প্রভু চতুর্ম্মুখ
ইশ্বর আজ্ঞায় অতি লভিয়া কৌতুক
পুর্ব্ববৎ ত্রিজগত সৃষ্টি করি বিধি
ক্রিয়াযোগে শ্রীহরিক করিয়া সমাধি॥ ১৮৬
স্তবণ করিয়া ভবভাবণ ইশ্বরে
পরংপদে গতি করিছেন তারপরে
ইশ্বরের পবিত্র চরিত্র চিত্র কথা
অতি ভক্তি ভাবে মণে ণা ভাবি অন্যথা॥ ১৮৭

১ বাপী কূপ তড়াগাদি। ২ উৎসর্গ করে। ৩—সকল প্রাণীর। ৪—শ্বশুর ও শ্বাশুড়ীর। ৫ বিষ। ৬ কিংবা। ৭ এখন।

দ্বিতিয় অধ্যায় এহি মঙ্গ পুন্যাখ্যাণ
ণারায়ণ অগ্রে জেহিজণ জ্ঞাণবাণ
পাঠ করে শ্রদ্ধা পুরস্বরে হে জৈমিণি
সর্ব্ব পাপ বিমুক্ত হইআ অন্তে তিণি ॥ ১৮৮
বৈকুণ্ঠ গমণ করে জানিবা নিশ্চয়
মানিবা মনেত শত্য নাহিক সংশয়
ইতি ক্রুয়াযোগশারে দ্বিতিয় অধ্যায়
হইল রচণা পদ ইশ্বর ইস্মায় ॥ ১৮৯
শ্রীহরেন্দ্রণারায়ন বীরচিল পদ
ভজ মণ কালীপদপদ্ম তেজি মদ
বদ কালিনাম মুখে পদ হবে দূর
কাটি কালপাষ (১) কালে পাবে কালিপুর ॥ ১৯০

[তৃতীয় অধ্যায়]

ব্যাশবানী সুনি জ্ঞানি জৈমিনি বদতি
অহে কৃষ্ণদৈপায়ণ যতি মহামতি।
কহ মহাশয় ক্রুয়াযোগ তন্নুচয়
আমাপ্রতি হয়া কৃতি সদয় হৃদয় ॥ ১৯১
তব বদণারবিন্দ হণে তপোধণ
ক্রুয়াযোগ শ্রবণে নিতান্ত মম মণ
ব্যাষ নিগদতি যতি করহ শ্রবণ
শরীরেক সুলভ জানিবা তপোধণ ॥ ১৯২
এ জে ত্রিভুবণেক দুরভ অতিশয়
জানিবা জৈমিনি ইথে ণাহিক সংসয়
অতঃপর দ্বিজবর কয় কর্ম্মগত
মোক্ষের কারণ যোগভ্যাষ (২) অবিরত ॥ ১৯৩
করিবেক সাধুজণে একাগ্র মাণষে
মোক্ষপদ দরশন হএণ তবেশে (৩)
ক্রুয়াযোগ ধ্যাণযোগ উভয় তোমাক
বলীতেছি আমি মণ দীয়া শুন তাক ॥ ১৯৪
সর্ব্বকামদাতা ক্রুয়াযোগেক আদিত
আচরণ করিবেক জত্নে জথোচিত
গঙ্গাস্নান শ্রীবিষ্ণুর পূজা আর দাণ
ব্রাহ্মনেত ভক্তি করিবেক নিতিমাণ ॥ ১৯৫
শ্রীহরির একাদশী মহাব্রত আর
ধাতৃ তুলশীত ভক্তি শক্তি অনুশার
করিবেক অতিথি পুজণ ভক্তিমণে
এহি শকলেক মুনি জানিবা আপণে ॥ ১৯৬
শে ক্রুয়াযোগের অঙ্গভূত এ শকল
শংখেপে বলিছি তাহা হে মুনি শরল
ক্রুয়াযোগ বিনা ধ্যানযোগ তপোধণ
সিদ্ধিক না পায় এহি বেদের লিখণ ॥ ১৯৭
ক্রুয়াযোগে রতি যার হয় দ্বিজগণ
বিষ্ণুর পরম পদ পায় শেহি জণ
ব্যাশবাণী সুনি মুনি জৈমিনি বলিল
ওহে কৃষ্ণ দৈপায়ণ গুরু কৃপাশীল ॥ ১৯৮
শে ক্রুয়া যোগের অঙ্গ মহাত্মা জে শব
অনুগ্রহ করি কহ ওহে দয়ার্ণব
গঙ্গার কীগুণ আর পুজণে শ্রীহরি
কি ফল তাহাত কহ অনুগ্রহ করি ॥ ১৯৯
ওহে ভগবাণ কোন দান শ্রেষ্ঠ অতি
কহ তা আমাক যতি গুরু মহামতি
ব্রাহ্মণেক ভক্তি করিবেক কি প্রকার
একাদশী তিথির কি ফল গুরু আর ॥ ২০০

---

১ যম-পাশ ছেদন করিয়া। ২ যোগাভ্যাস। ৩ তবে সে মোক্ষপদ দর্শন হইবে।

কহ মহামতি ধাতৃ ভক্তি কি প্রকার
কীরূপ করিবে ভক্তি তুলশীক আর
কিবা ফল অতিথির পুজণে অপর
কহ কৃপা করি শুদ্ধ বেদবিদাম্বর(১)॥ ২০১
শমাদারপুর্ব্বক অপুর্ব্ব কথাগণ
তোমার কৃপায় শুদ্ধ করিব শ্রবণ
তোমার শমাণ শুকথক ত্রিভুবণে
নাহি মন্য জণ ইহা জানিবা আপণে॥ ২০২
চারুরুচি জৈমিনির শুণিয়া ভারতী
বলিলেন ব্যাষদেব যতি মহামতি
ওহে দ্বিজ শ্রেষ্ঠ তুমি শাধু শুদ্ধাশয়
তব তুল্য জ্ঞাণবাণ পবিত্র হৃদয়॥ ২০৩
ণাহি তব তুল্য ইহা জানিবা জৈমিণি
তুমি শুবিমল শাধু শরল হে মুনি
জাত কৌতুকেত তুমি ওহে তপোধণ
ইৎস্বা কর স্বুনিতে গোপণ কথাগণ॥ ২০৪
গঙ্গার সম্যক শুণগণ বলিবার
অসাধ্য আমার ইহা সাধ্য নাহি কার
অতএব হে ভুদেব সংক্ষেপে কিঞ্চিত
বলিতেছি শুণ তাহা হয়া জত্নান্বিত॥ ২০৫
গঙ্গা এহি শুকোমল অক্ষর দ্বিতয়
হে মুনি জেজণ বারণ্বার উচ্চারয়
পর্ব্বতসমান পাপপুঞ্জ শে জণার
বজ্ররূপ গঙ্গা ণামে করেণ বিদার॥ ২০৬
সর্ব্বত্র শুলভা গঙ্গা জাণ তপোধন
হরিদ্বার প্রয়াগেত ওহে দ্বিজগণ
অপর শে গঙ্গা আর সাগর সঙ্গমে
বিশেষ জানিবা তির্থ-প্রবরা উত্তমে॥ ২০৭

শুপুর্ব্ব শকল শে অপুর্ব্ব গঙ্গাতিরে
আগমণ করি স্নাণ করে গঙ্গানিরে
পাণ অবগাহণ করেণ বারম্বার
ত্রিভুবণে গঙ্গাসম তীর্থ নাহি আর॥ ২০৮
দৈব যোগে ভাগ্য-বষে জদি কোণ জণ
গঙ্গাজলে কলেবর তেজে তপোধণ
মানুশে(২) হউক কিম্বা পশু পক্ষীচয়
তখণে(৩) তাহার পরংপদ(৪) লাভ হয়॥২০৯
অতএব হে ভূদেব করহ শ্রবণ
বলিতেছি ইতিহাষ কথা পুরাতণ
হে জৈমিনি শুনিলে শে পবিত্র আখ্যাণ
সর্ব্ব পাপ হনে মুক্ত হয় শেহি জান॥ ২১০
চন্দ্রবংশ অবতংশ মনোভদ্র নাম
নরেন্দ্র প্রবর গুনাকর পুণ্যধাম
মহীতলে মহেন্দ্র শমান পুর্বে ছিল
সর্ব্ব ধর্ম্মময় সদাসয় বীর্য্যশীল॥ ২১১
প্রিয়শি মহিশী(৫) তার হেমপ্রভা নাম
অতি পতিব্রঁতা শতি শুচারু-মধ্যমা
সদা প্রিয়ম্বদা অতি শুভগা শুম্বিতা
শকল লক্ষণে শুলক্ষিতা শুচরিতা॥ ২১২
শে জে রাজা মহাতেজা প্রজার পালক
বালক(৬) সমান জ্ঞান প্রজা শকলক
অমর-সংকাষ বলে সমর করিয়া
অতুল অরাতি কুল বলে সংহারিয়া॥ ২১৩
সসাগরা বষুন্ধরা বিক্রমে আক্রমি
অবিযোগ(৭) কৈল ভোগ অরোগ বিক্রমি
একদিন শে প্রবিশ নরেন্দ্র কেশরী
অতি প্রভাবতি সভা আরোহন করি॥ ২১৪

১—বেদবিদ্গণের মধ্যে শ্রেষ্ঠ। ২ মানুষ। ৩ তৎক্ষণাৎ। ৪ শ্রেষ্ঠ (মোক্ষ) পদ। ৫ প্রেয়সী মহিষী। ৬—সন্তান। ৭—অবিরক্ত।

রত্ন সিংহাশনে বশি মহাজশি রায়
ডাকি আনি গুন-জ্ঞ মন্ত্রি সমুদায়
মন্ত্রি শকলের প্রিতি-জনক বচন
বলিতে লাগিল বীর বিশাল-লোচন ॥ ২১৫
শুন ওহে গুন জ্ঞ মন্ত্রি-পরিবার
সসাগরা বসুন্ধরা সকল আমার
চিরকাল প্রতিপাল করিলাম আমি
জিনিলাম বহুভূমি হয়া যুদ্ধকামি ॥ ২১৬
শত্রু সমুহের পুত্রপৌত্রি-সমন্বিত
হত করিলাম কত বংশ ধরনীত
অরির অশংখ্য বলবাহন-শকলে
হয়া যুদ্ধপথি(১) মথিলাম ভুজবলে ॥ ২১৭
আত্ম-বন্ধু-বান্ধবক স্নেহে প্রতিপাল(২)
ওহে মন্ত্রিগন করিলাম চিরকাল
তুষিলাম ব্রাহ্মণেক দানের দ্বারায়
সুদক্ষিন যাগ যজ্ঞ(৩) করি বহু ব্যায় ॥ ২১৮
দেবতাক তুষ্ট করিলাম মন্ত্রিগন
করিলাম আমি শর্ব্ব কর্ম্ম সমাপন
মহা মহা কার্য্য করিয়াছি জে শকল
দেখিআছ তাহা জত অমাত্য [illegible](৪) ॥ ২১৯
বৃদ্ধাবস্থা আমার শরীর শক্তি-হিন
অস্থির জীবনবায়ু আয়ু হৈল ক্ষিন
সামর্থ-বিহিন পুরুষের মন্ত্রিগন
রাজলক্ষ্মী শোভা না করেন কদাচন ॥ ২২০
শর্ব্ব অভরণে জদ হৈলে অলংকৃত
হএন জদ্দপি তিনি বয়শে পলিত
শে বৃদ্ধের ক্রোড়ে কভু না রমে রমনি
অরকে শে জয় তার দিবস রজনী ॥ ২২১

বলবীর্য্য শৌন্দর্য্য থাকেন জতকাল
প্রিথিবীত তাবত সকলে বাষে ভাল(৫)
তাবত গৌরব তারে করে শর্ব্ব জনে
এ শকল হিন হৈলে তাক কেবা গনে ॥ ২২২
চক্ষের আগত দেখিলেও শে জনাক
না চায় ফিরিয়া না বলেন পটু বাক
নানাগুন যুক্ত জদি হএন শেজন
তথাচ তখন তাহা না করে শোভন ॥ ২২৩
না করে প্রকাষ গুনগন তার আর
মলিন হইলে মুক্তাহার জে প্রকার
প্রিথিবীও বৃদ্ধনৃপতিক করে ত্যাগ
করহ শ্রবন মন্ত্রিগন মহাভাগ ॥ ২২৪
পলিত পতিক ত্যাগ করে নারিগন
তাহার প্রমান বলি সুন তা শ্রবনে
ভক্তির দ্বারায় গুনগন লাভ হয়
গুন হনে গুনবস্ত জশস্যা(৬) লভয় ॥ ২২৫
নিশ্চয় করিলে মহাজ্ঞানলাভ হয়
বিক্রমে নৃপতিগণে প্রিথিবী লভয়
সামর্থ-বিহিন জন কৃপন জানিবা
সত্রুয়ে তাহাক নাসে নিশ্চয় মানিবা ॥ ২২৬
মূর্খ মন্ত্রি বাক্য জেন করিয়া গ্রহন
হএন সত্রুর বষ কোন রাজগন
মন্ত্রিগন শ্রবণ করহ মম বানী
অর্দ্ধাঅর্দ্ধ ভাগ করি শকল মেদনী ॥ ২২৭
আমার কুমার দুই জনাক দিবার
ইংস্থা(৭) মোর অভিমত কিমত তোমার
নৃপতির শুরুচির শুনিঞা বচন
পুটাঞ্জলি(৮) হয়া বলিলেন মন্ত্রিগন ॥ ২২৮

১—যুদ্ধমার্গগামী হইয়া। ২—প্রতিপালন। ৩—যে যজ্ঞে বহু দক্ষিণা দান করা হইয়াছে। ৪—অমাত্য সমূহ। ৫—ভালবাসে। ৬—যশ। ৭ ইচ্ছা। ৮—করযোড়ে।

মহারাজ তুমি বিজ্ঞ নিতিজ্ঞ বিশেষ
করিলা নরেষ অতি উত্তম আদেষ
হে ভুপ জেরূপ আপনার অভিপ্রায়
আমার শবার এহি মত নররায় ॥ ২২৯
নাহিক শংশয় ইথে ওহে মহারাজ
অগৌনেত অবশ্য কর্ত্তব্য এহি কাজ
দ্বিজবর পরকথা কর কর্ণগত
শে রাজশভায় রাজজ্ঞায়(১) শেকালত ॥ ২৩০
রাজার কুমার দুইজন আশিলেন
রূপবন্ত অশ্বিনি কুমার দুই জেন
নমিলেন ভুমি শিরে ধিরে জনকেক(২)
বশিতে বলিল রাজা দুয়ো বালকেক ॥ ২৩১
বীরভদ্র নাম আর জয়ভদ্র নাম
শে রাজতনয় দ্বয় গুণের বিশ্রাম(৩)
রাজ লক্ষণেত শুলক্ষীত দুয়ে(৪) জন
প্রিয়বাদি অপ্রমাদি প্রিয় দরশন ॥ ২৩২
পিতৃভক্ত শান্ত দান্ত মহাবলবান
ধর্ম্মপরায়ণ নিতিবান মতিমান
এবমাদি লক্ষনে লক্ষীত দুয়োজন
পুত্রমুখ দেখি শুখী নরেন্দ্র তখন ॥ ২৩৩
মণ্ডিত শকল গুণে পণ্ডিত-শেবায়
রাজনিতি বলিলেন পুত্র দুজনায়
শেহিবেলা(৫) করি মেলা(৬) মন্ত্রি পরিবার
পুট কর করি কহে অগ্রত রাজার ॥ ২৩৪
শুবিস্তরা শশাগরা ধরাক ভুপতি
অংশ করি পুত্রদ্বয় দিতে তব মতি
কোন দিন দিবা কিবা অভিপ্রায় তব
কর আজ্ঞা তায় মত করি আমি শব ॥ ২৩৫

এহিমত কথোপকথন সময়ত(৭)
গৃদ্ধ(৮) এক সভাত হইল উপগত
ভার্য্যা শঙ্গে রঙ্গে রাজশভাত তখন
হৈল স্থির পক্ষিদ্বয় অহে তপোধন ॥ ২৩৬
আনন্দিত জথোচিত শে পক্ষি পক্ষিনী
আশিল পশিল সভা দেখী নৃপমনী
গৃদ্ধক সম্বোধি বৃদ্ধ নৃপতি বদতি
কেবা তোরা কোথা হনে আশীলা শংপ্রতি ॥ ২৩৭
মম শভা আগমন কি কারন আর
কহ প্রয়োজন শার(৯) করিয়া বিস্তার
নৃপবানী শুনী জানি গৃদ্ধ নিগদতি
শুনহে প্রিথিবিপতি নৃপ মহামতি ॥ ২৩৮
আমি গৃদ্ধ তুমি বৃদ্ধ নৃপ শত্যবাক
জানিবা আমার ভার্য্যা অপর জনাক
অতি হৃশ হয়া ভুপ আমারা দুজন
তোমার শভাত করিআছি আগমন ॥ ২৩৯
তোমার কুমার দুজনার অতিশয়
সম্পদ দেখিয়া আমি বিস্ময় হৃদয়
তোমার কুমার দুজনার নরেশ্বর
জন্মান্তরে দেখীআছী বিপত্তি বিস্তর ॥ ২৪০
অপার শম্পদ তার এ জন্মেত দেখি
আশিছি আমরা মনে শুবিস্ময় দেখী(১০)
গৃদ্ধের অদ্ভুত বানী শুনি বৃদ্ধ নৃপমানি
বলিছে গৃদ্ধেক সম্বোধিয়া
নিগদতি নরপতি ওহে গৃদ্ধ মহামতি
তব এজে ভারতি শুনিয়া ॥ ২৪১
ওহে গৃদ্ধ মহাশয় আমার কুমারদ্বয়
কহ দেখি কি ছিল পূর্ব্বেত

১ রাজাজ্ঞায়। ২—পিতাকে। ৩—গুণের নিলয়। ৪ দুই। ৫—সেই সময়। ৬—মিলিত হইয়া। ৭—এইরূপ কহিবার সময়। ৮ গৃধ্র। ৯ প্রয়োজন সার। ১০—মনে অত্যন্ত বিস্মিত হইয়া আমরা আসিয়াছি।

বিস্ময় হৈলাম অতি অদ্‌ভুত এ ভারতি
তব মুখে হইল নির্গত॥ ২৪২
ওহে গৃদ্ধ গুনালয় পুর্ব্ব সে বৃত্তান্ত চয়
কি প্রকারে জানহ আপনে
খগ শ্রেষ্ট জদি জান শাবশেষ আবযান
কহ করি শ্রবন শ্রবনে॥ ২৪৩
বৃদ্ধ নৃপতির বানী সুনি গৃদ্ধ মহাজ্ঞানি
বলীতে লাগীল শেকালত
নরেন্দ্র কর শ্রবন তব তনয় দুজন
অতি পুর্ব্বে দ্বাপর যুগত॥ ২৪৪
সুদ্রের কুলেত জাত সত্যঘোষ নামে খ্যাত
ছিল ভুপ সুদ্র একজনা
তাহার প্রিয় তনয় আছিল ইহারা দ্বয়
জানিবা নৃপতি মহামনা॥ ২৪৫
ওহে নৃপ ধর্ম্মধাম শবশ্রীশঙ্কর নাম(১)
ইহাদের আছিল তখন
কুল ধর্ম্ম অনুরূপ ইহারা দুজন ভূপ
ফিরিছেন করি গোচারন॥ ২৪৬
সুন ওহে নৃপবর পরে দুই শহোদর
ব্রাঁহ্মনেক দান দিতে চায়
নাহি দেয় শেজে দান বলিতব বিদ্দমান
বিবরন শন পুন্যকায়া॥ ২৪৭
উৎস্বর্গ্ গীত দ্রব্যগন ব্রাঁহ্মণেক বিতরন
না করিয়া ইহারা দুজন
শেজে দান দ্রঁব্যচয় রাখিছিল নিজালয়
করি অতিশয় শংগোপন॥ ২৪৮
পরে কিছু কালান্তর শে জে দুই শহোদর
কালক্রমে জরাবস্থা পায়া
কাপ্য হয়া দুয়োজন একেবারে হে রাজন
গৃহ মাজে তেজিছেন কায়া॥ ২৪৯
যমের আজ্ঞায় পরে নিতে দুই শহোদরে
দংষ্ট্রি নাম(২) যমের কিঙ্কর
কোটি শহস্র দুর্ব্বার শঙ্গে অনুচর তার
পাযহস্ত মহা ভয়ঙ্কর॥ ২৫০
আসি হাসি হাসি তারা ঘোর চর্ম্মপাষ দ্বারা
দুজনাক করিয়া বন্ধন
দিয়া দুষ্‌খ নানামতে পরম দুর্গ্গম পথে
লয়া তদা করিল গমন॥ ২৫১
ধর্ম্মরাজ শভাদেশে প্রবেষ করাইল শেষে
দুয়ো শহোদরে যমদুতে
মহারাজ শে দানিক(৩) দেখি দুই পাতকীক
আদেষ করিল রবিশুতে॥ ২৫২
শুন চিত্রগুপ্ত বানী আগত জে দুই প্রানি
ভাল রূপে ইহার দুহার
শুক্ষাতিশুক্ষ করিয়া ধর্ম্মাধর্ম্ম বিচারিয়া
শিগ্রে(৪) কহ অগ্রেত আমার॥ ২৫৩
ধর্ম্মরাজ নিদেশনে চিত্রগুপ্ত দুয়োজনে
শুক্ষ রূপে শে দুইজনার
আজন্মের(৫) নানামত শুভাশুভ কর্ম্ম জত
শেকালত করিল বিচার॥ ২৫৪
চিত্রগুপ্ত তদন্তর দুহে করি পুট কর(৬)
নিবেদিল শমন অগ্রত
ধর্ম্মরাজ মহাশয় মহাবাহু ধর্ম্মময়
ওহে প্রভু কর কর্ন্ন গত॥ ২৫৫
এহি জে শব শঙ্কর আগত হয়াছে তব
পুন্যবন্ত বটে দুয়োজন

১ শব ও শঙ্কর। "শবশঙ্কর নামানৌ সত্যঘোষসুতৌ সুতৌ।" ক্রিয়াযোগসারঃ। বঙ্গবাসী সংস্করণ। ১৫ পৃষ্ঠা। ২ সংস্কৃতে আছে "দংষ্ট্রিণো যমকিঙ্করাঃ" অর্থাৎ দন্তবিশিষ্ট যমদূতগণ। অনুবাদে ভুল হইয়াছে। ৩ তখন। ৪ শীঘ্র। ৫—জন্মকালাবধি। ৬—দুই হাত জোড় করিয়া।

কিন্তু দুষ্কির্ত্তি কিঞ্চিত   দুহার আছে শঙ্কিত
প্রভু তাহা করি নিবেদন ॥ ২৫৬
শুক্লাতিশুক্ল করিয়া   দেখীলাম বিচারিয়া
আছে ধর্ম্মশঙ্কর দুহার
হে সমন ভগবান   আপনে করিয়া দান
শে দান দ্রব্যেক পুনর্ব্বার ॥ ২৫৭
ব্রাঁহ্মনেক ভাড়াইয়া(১)   রাখিছেন গৃহে নিয়া
শেহি দুষ্কৃতির ফলে শন্ত(২)
এষে গব শঙ্কবেক   নিতে হয় নরকেক
শুনহে অন্তক ভগবন্ত ॥ ২৫৮
ওহে ভগবান   দাতা ব্যক্তি দান
উৎস্বর্গ করিয়া পরে
নাদিয়া দ্বিজেক   শে দান দ্রব্যেক
রাখেন অদ্যাপী ঘরে ॥ ২৫৯
তবে শে পাপেত   ঘোর নরকেত
পতন হএ শেজন
জানিবা এইরূপ   ওহে ধর্ম্মভূপ
সর্ব্বলোকে হে শমন ॥ ২৬০
করি দানগন   দান কর্ত্তা জন
শে দান স্মরিলে মনে
তবে দানফল   বিনাষ শকল
হয় প্রভু শেহিক্ষেনে ॥ ২৬১
চন্দ্র দিবাকর   সপ্তম শাগর
জাবত থাকে মেদনী(৩)
তাবত নরকে   শে পাতকী থাকে
শকল জান আপুনি ॥ ২৬২
ওহে ধর্ম্মরায়   দান গ্রহি তায়
করিয়া দান গ্রহন
হয়া লোভ মনা   আবার জাচনা
জদি করেন শে জন ॥ ২৬৩
তবে শেহি জন   নরকে গমন
করেন শমন রায়
চন্দ্র দিবাকর   মেরু মহীধর
থাকে মানে শে জনায় ॥ ২৬৪
ভুঞ্জেন নিরয়   নিস্তার না হয়
তাবত তাহার আর
হে প্রভু শমন   ইহারা দুজন
মহাপাপী দুরাচার ॥ ২৬৫
ইহারা দুজন   ব্রাঁহ্মস্ব হরন
করিছেণ যম রায়
এ দুই জনেক   ঘোর নরকেক
লইতে হয় ত্বরায় ॥ ২৬৬
নিদেশ(৪) কিঙ্করে   এজে দুই নরে
লৌক(৫) ঘোর নরকেত
চিত্রগুপ্ত বানী   শুনী দণ্ডপানী
যম রাজ শে কালেত ॥ ২৬৭
করিল আদেশ   করাও প্রবেষ
নরকেত এহিক্ষেনে
রাজ নিদেশন   পায়া দুতগন
অতিশয় কোপ মনে ॥ ২৬৮
আরক্তলোচন   অধর দংশন
করি দুতগন রোষে
গব শঙ্কবেক   ঘোর নরকেক
নিলেন ধরিয়া কেশে ॥ ২৬৯
হে প্রিথিবিপতি   নৃপ মহামতি
সদা ধর্ম্মপরায়ন

১—বঞ্চনা করিয়া। ২ সাধু। ৩ মেদিনী। ৪—আজ্ঞা দাও। ৫. লউক।

আত্মবিবরন　　　　　করি নিবেদন
করহ তাহা শ্রবন। ২৭০
শেহিদিন আয়ুক্ষীন হইয়া আমার
লভিছি পঞ্চত্ব আমি শহিতে ভার্য্যার
সমনকীঙ্করগন গমন করিয়া
ভার্য্যা শহ নয়া গেল আমাকে ধরিয়া ॥ ২৭১
মম কর্ম্মগন ওহে ধর্ম্ম অবতার
আবমান শাবশেষ(১) করিয়া বিস্তার
বলীতেছি তোমার অগ্রেত নররায়
পরম বিস্ময় হবা শুনি শে কথায় ॥ ২৭২
আমি পুর্ব্বজন্মে ভুপ ব্রাঁহ্মণ ছিলাম
সর্ব্বষ(২) আমার নাম ছিল পুন্যধাম
মহাকুলে জন্ম মম শৌরাষ্ট দেশত
বেদ বেদাঙ্গাদি নানাবিধ শাস্ত্র জত ॥ ২৭৩
অধ্যয়ন করিয়াছিলাম নৃপমনী
আমার দয়িতা এজে দেখ এ গৃদ্ধিনী
মঞ্জুকলা ইহার আখ্যান ছিল ভুপ
যশশ্বিনি পতিব্রঁতা রূপে অপরূপ ॥ ২৭৪
মহাভাগা পবিত্রকুলেত জন্মিছেন
গুনে গুনবতি শতি অরুন্ধতি জেন
নানাবিক্তা শাধন করিআ আমি তদা
অতিশয় সমর্থ ছিলাম ভুপ সদা ॥ ২৭৫
অবজ্ঞা করিছি শদা পিতাক মাতাক
মুর্খ বলী গণণা না করি দুজনাক(৩)
নৃপবর অপর শ্রবনে কর মন
সঞ্চয় করিছি আমি শর্ব্বধর্ম্মগন ॥ ২৭৬
বলবান শভাত পরম প্রতিষ্টীত
ধনবান ছিলাম শতত আহ্লাদীত ।
জ্ঞানি অতি মানি জ্ঞাতি বর্গে্যক শতত
পালক ছিলাম আমি হে নৃপ মহত ॥ ২৭৭
মম পিতা মাতা শদা পাপপরায়ন
অতিশয় মুর্খ অতি দয়াহিন মন
পাশণ্ড বেক্তির অণুশক্তি অণুক্ষন
এহি শব দোষে শন্ত জানিবা রাজন ॥ ২৭৮
আমার পৌরূষ(৪) জুক্ত জীবন ধণক
বিষ্যার গৌরব আর কার্ত্তি শকলক
বিফল করিছে মুর্খ শে পিতামাতায়
এহি শব চিন্তি আমি অতি শোচনায় ॥ ২৭৯
আমার শে পিতাক মাতাক বারম্বার
করিছি অবজ্ঞা আমি নৃপ গুনাধার
শুভপ্রদ পিতৃ মাতৃ-শেব শুশ্রূষাক
করিআছি পরিত্যাগ কহিনু তোমাক ॥ ২৮০
এহি দুষ্কর্ম্মের ফলে শভার্য্যে আমারে
যমের কীংকরে নয়া গেল যম দ্বারে
ঘোর নরকেত পাপী শমুহ মধ্যত
ফেলিল আমাক যম দুতে শেকালত ॥ ২৮১
তোমার কুমারদ্বয় শহিতে রাজন
একে নরকেত হয়াছিলাম পতন
সভার্য্যে শে ঘোর নরকেত কতকাল
ভুঞ্জিআছি দুষ্খ তাহা শুনহে ভুপাল ॥ ২৮২
একশত অধিক শহস্র যুগ আর
ভুগিছি নরকে ভুপ নেক্কার(৫) অপার
কতনা জাতনা ভোগ করিআছি আমি
এক মুখে তাহা কত কব নরস্বামি ॥ ২৮৩
নরকান্তে(৬) কাস্তাশমন্বিত আমি পরে
লভিলাম জন্ম ভুপ শকুনের(৭) ঘরে

১—অগ্রপশ্চাৎ। ২ সকলসহ। "পুত্রা হি সর্ব্বসহো নাম ব্রাহ্মণোহভবং" মূল। ৩—মূর্খ বলিয়া দুইজনকে গণনার মধ্যেই আনিতাম না। ৪—পৌরুষ। ৫ যাতনায়। ৬—নরকবাসের পর। ৭ শকুনের।

মৃত গো মনুস্য অন্য পশু মাংশ আর
আহার করিয়া প্রান ধারণ আমার॥ ২৮৪
তোমার কুমার দুই জন নৃপবর
সলভ(১) কুলেত জন্ম লভিল তৎপর
নিজ কর্ম্ম ভোগ করি অশেষ প্রকারে
পরে জে হইল প্রভু বলি শুন তারে॥ ২৮৫
শলভ জন্মত পরে হইল জেমত
বলি বিস্তারিয়া তাহা কর কর্ন্নগত
আমার শে কথা ভূপ করিয়া শ্রবন
হবেন বিস্ময় শুনিবেন জত জন॥ ২৮৬
তদা এক দীন(২) দৈব্যাধিন অকস্মাত
বহিতে লাগীল অতিশয় চণ্ডবাত
লণ্ড ভণ্ড হৈল তরুলতা অশখ্যাত(৩)
আছন্ন করিল দিগবিদিগ নরনাথ॥ ২৮৭
সলভ যুগল চণ্ড বায়ুর বেগত
উরায়া(৪) পরিল পুন্য জাহ্নবী জলত
তরঙ্গ তরল নিরমল শ্রোতজলে
কোমল শরীর তেজি সলভ যুগলে॥ ২৮৮
পায়া পঞ্চত্বক কায়া করি পরিহার
হৈল চমতকার অপরূপ শে দুহার
সর্ব্ব পাপ হনে মুক্ত হৈল তৎক্ষনাত
করহ শ্রবন জে হইল শেবেগাত(৫)॥ ২৮৯
আশিল তখন তথা বিষ্ণুদুত চয়
শত ভানু সম তনু মহা তেজোময়
দিব্য বেশ সঙ্খ চক্র গদা পদ্ম পানি
পিতবাষ(৬) অঙ্গে যেন মেঘে সোদামিনী॥২৯০
মনিময় মুকুট মস্তকে শোভা করে
মকর কুণ্ডল কর্ন্নে রবি হরি হরে
মৃগমদ চন্দনে চর্চ্চিত কলেবর
গুনিরূজ(৭) চতুর্ভুজ পরম সুন্দর॥ ২৯১
অমল কমল দল লোচন যুগল
গলে দোলে বনমালা চারু নিরমল
সর্ব্ব ভোগ সমন্বিত মনন্বিত(৮) অতি
বিচিত্র বিমান মন পবনের গতি(৯)॥ ২৯২
শেহি বিমানেত ওহে ধিমান নরেষ
শেহি দুই সলভ হইয়া দিব্যবেশ
তুলশী মালায় বিভুশীত অঙ্গ হয়া
রামকৃষ্ণ গোপাল গোবিন্দ নাম লয়া॥ ২৯৩
শ্রীম্মান দুজন হয়া বিমান আড়ুর(১০)
জিষ্ণুর বাঞ্চিত চলিলেন বিষ্ণুপুর
অসোকে(১১) বিষ্ণুর লোকে তিন কল্পমান
অবিজোগ নানা ভোগ ভূগী পুণ্যবান॥ ২৯৪
শে অশোক ব্রহ্মলোক জায়া তার পর
তিন কল্প সুখ ভোগ করিল বিস্তর
ব্রহ্মার আজ্ঞায় পরে ইন্দ্রলোক প্রতি
করিলেন দুয়োজন গতি মহামতি॥ ২৯৫
মহিন্দ্র ভবনে দুয়োজনে তারপর
দেবের দুল্লভ সুখভোগ শুবিস্তর
নহে অল্প তিন কল্প ভূগী তদন্তর
মহাজস(১২) ভরত বংশেত নৃপবর॥ ২৯৬
দুয়োজন জন্ম লভিলেন নৃপমনি
জ্ঞানলব্ধ হয়া জদিস্যাত কোন প্রানি
গঙ্গাজলে কলেবর করে পরিত্যাগ
মোক্ষ হয় শে জনার জান মহাভাগ॥ ২৯৭
পুনর্ব্বার তার আর শংশারে গমন
না হয় নিশ্চয় ইহা জানিবা রাজন

১ শলভ—পতঙ্গ। ২ একদিবস। ৩—অসংখ্য। ৪—উড়িয়া। ৫—সেই সময়। ৬—পীতবাস। ৭—রোগহীন। ৮—মনোনীত। ৯—মন বা বায়ুর তুল্য গতি সম্পন্ন। ১০—আরূঢ়। ১১—শোকহীন। ১২—মহাযশযুক্ত।

অজ্ঞান হইয়া অদিজ্ঞাত কোন প্রানী
গঙ্গা গর্ব্বে তনু ত্যাগ করে নৃপমনী ॥ ২৯৮
মহীপাল চিরকাল শেহি ভাগ্যবান
স্বর্গসুখবর্গ ভোগ করি শে শ্রীবান
কুতুহলে মহীতলে বহুকাল পরে
পুত্রে পৌত্রে ধনে বংশে সুখভোগ করে ॥ ২৯৯
অন্তে তার পুনর্ব্বার গঙ্গালাভ হয়
অতঃপর নৃপবর কর কর্ম্ম ময়
তোমার কুমারদ্বয় ওহে নরেশ্বর
পুত্রপৌত্রসমন্বিত কাল শুবিস্তর ॥ ৩০০
প্রিথিবি করিয়া ভোগ অন্তে দুয়োজন
জাহ্নবী জলেত প্রান তেজিয়া রাজন
বিষ্ণুপুরে গমন করিবে দুয়োজন
বিষ্ণুর সাযোজ্য(১)গতি অতি শুশোভন ॥৩০১
যোগীর দুল্লভ জ্ঞান করিয়া শাধন
স্বর্গসুখবর্গ ভোগ করি দুয়োজন
রবে বহুযুগ ওহে নরেন্দ্র প্রবর
আমি জ্ঞানবান আর বটি জাতিস্বর(২) ॥ ৩০২
পুর্ব্বাপর বৃতান্ত গঙ্গার মহাত্মাক(৩)
বিস্তারিতরূপে ভুপ কহিনু তোমাক
আমি ভাগ্যহত কত কালে বা আমার
ভার্য্যা শঙ্গে পাই ত্রান নৃপ পুনাধার ॥ ৩০৩
বলিতে না পারি আমি ইহার নিশ্চয়
ভাবিয়া না পাই স্থির নৃপ গুনালয়
পিতাক মাতাক নিন্দা অবজ্ঞা জে করে
নরক জাতনা ভোগ করে শেহি নরে ॥ ৩০৪
প্রিথিবী পালক ওহে ধর্ম্ম অবতার
প্রত্যক্ষ দেখহ এহি অবস্থা আমার
ত্রির্য্যক(৪) যোনীত জন্ম হয়াছে আমার
করিলাম নরক ভোগ অনেক অপার ॥ ৩০৫
পিতৃমাতৃভক্ত শদা অণুরক্ত জন
পরলোকে করে নানা সুখ ভোগ গন
অন্যথা করিলে তাক অশেষ দুখ্খ
ভোগ করে শেহি নরে লভি নরকক ॥ ৩০৬
ইহ কালে শে জনার সম্পত্তি শকল
বিনাষ হইয়া ওহে নৃপ মহাবল
পরকালে শেহি নর নরকেত জায়
নিবেদন অবধান কর নররায় ॥ ৩০৭
সুখপ্রদ পুন্যরূপ বৃক্ষেক আশ্রয়
করিলে মিলেন সুখ পাপ হয় ক্ষয়
অন্যের কী কথা ভ্রূণহত্যা আদি পাপ
হয়েন প্রলয়(৫) ভুপ প্রবল প্রতাপ ॥ ৩০৮
পিতৃ মাতৃ অবজ্ঞা কুঠার তিথ্নধারে(৬)
করেন ছেদন এ শংশারে শে জনারে
পিতৃ মাতৃ কী প্রকার বলী তা রাজন
শ্রবন করহ নৃপ ধর্ম্মপরায়ন ॥ ৩০৯
ভক্তিভাবে য়ন্নজল(৭) অন্নসন্ন মান
পিতামাতার জদী করেন প্রদান
মহাযজ্ঞ হয় জানিবাহে মহাবল
পিতৃরূপে শে বিষ্ণুয় ভুঞ্জেন শকল ॥ ৩১০
ইশ্বরের প্রত্যক্ষ স্বরূপ পিতা মাতা
জে ব্যক্তি হএন তার অন্ন জলদাতা
শেবা করে নিরন্তরে তাক জেবা জন
সর্ব্ব শিদ্ধি হয় তার সফল জীবন ॥ ৩১১
শেহি পুন্যফলে মহীতলে শেহি জন
শংসারের পতি হয় অতি বিচক্ষন

১—সাযুজ্য। ২—জাতিস্মর। ৩—মাহাত্ম্য। ৪—তির্য্যক। ৫—নাশ হয়। ৬—তীক্ষ্ণধারে।
৭—অন্নজল।

পিতৃ ভক্তি বর্ব্বিত হইয়া জত কাল
মহীতলে শে নর থাকেন মহীপাল॥ ৩১২
ততদীন সখ্যা কল্প শহস্র পর্য্যন্ত
করেন নরক ভোগ শেহি পাপ বন্ত
পিতাক মাতাক প্রিতি(১) অন্তরেত জার
অবজ্ঞা জন্মেণ ওহে ধর্ম্ম অবতার॥ ৩১৩
য়ায়ু(২) আর জশস্যা শম্পদ শে জনার
বের্থ(৩) হয় শকল নিস্ফল জন্ম তার
জননী জণক জদি তণয়ক প্রতি
অন্তরেত অসন্তোষ হয়া মহীপতি॥ ৩১৪
ছুষ্‌খে শস্ত নেত্রনির করে পরিত্যাগ
তাত জে হএন সুন(৪) নৃপ মহাভাগ
জত বিন্দু নেত্রনির পরিত্যাগ হয়
তত শখ্যা যুগ তার পুত্র ছুরাসয়॥ ৩১৫
অবিজোগ করে ভোগ ঘোর নরকক
তাহার প্রমান দেখ নরেন্দ্র তিলক
কি দশা আমার আমি ভার্য্যা সমন্বিত
ভুঞ্জিতেছি ছুষ্‌খ জন্মি শকুন যোনীত॥ ৩১৬
পাপযোনী হনে মুক্ত হব কত কালে
কতনা জাতনা আর আছেন কপালে
বাঁঘ নিগদতি মহামতি দ্বিজবর
গৃদ্ধের বচন শুনি বৃদ্ধ নরেশ্বর॥ ৩১৭
অতিশয় হর্ষ আর বিস্ময় ঐত্যান্ত(৫)
মানিলেন মনে শেজে রাজা মানবন্ত
গৃদ্ধেক শম্বোধি পরে নৃপতি বদতি
সুন ওহে গুনবন্ত গৃদ্ধ মহামতি॥ ৩৩৮(৬)
অসম্ভব কথা শব তোমার বদনে
শুনিয়া বিস্ময় অতি উপজিল মনে
এ শকল কথা তব অন্তরে আমার
প্রতিতি না হয় ওহে গৃদ্ধ গুনাধার॥ ৩৩৯
বলিলে এরূপ বানী নৃপচুড়ামণি
হইল আকাশি বানী(৭) হে মুনি তখনি
গৃদ্ধে জে সকল কথা বলিল সভায়
নররায় সত্য এ সকল সমুদায়॥ ৩৪০
নাহিক সংশয় মিথ্যা নয় একক্ষর(৮)
চিত্তের শন্দেহ পরিহর নরেশ্বর
দ্বিজবর তদন্তর করহ শ্রবন
প্রভাবতি রাজসভা মধ্যেত তখন॥ ৩৪১
গঙ্গার মহাৎমা(৯) চিত্র পবিত্রকথন
প্রশঙ্গমাত্রেত শে গৃদ্ধের তপোধণ
সর্ব্ব পাপ হনে মুক্ত হয়া শেইক্ষন
লভিলেন অণুপম(১০) তনু ছুয়োজন॥ ৩৪২
গগণে গির্ব্বাণ(১১) গন মগন হরিশে
ছুন্দুভি নিনাদ করে কুশুম বরিশে(১২)
গন্ধর্ব কীন্নরে করে নানা জন্ত্রধ্বনি
জয়রব মহৎস্বব(১৩) করে ঋশি মুনি॥ ৩৪৩
করি অঙ্গ ভঙ্গ(১৪) জত কুরঙ্গণয়না
উর্ব্বসী প্রমুখে অপেস্বরা শুরঙ্গনা(১৫)
আরাম্ভিল নৃত্ত আখিচিত্তবিমোহন
বৃন্দারক বৃন্দে অতি আনন্দে তখন॥ ৩৪৪
নন্দনজ দিব্যগন্ধ পুষ্পবৃষ্টি করে
আনন্দে সম্ভাসা(১৬) করিছেন পরষ্পরে
শেহি শময়ত সভামধ্যে তপোধন
বিচিত্র বিমান করিলেন আগমন॥ ৩৪৫
সর্বভোগসমন্বিত মনন্নিত অতি
নেত্রভ্রান্তিকর কান্তিধর বায়ুগতি

১—প্রতি। ২—আয়ু। ৩—ব্যর্থ। ৪—তাহাতে যা হয় তা শুন। ৫—অত্যন্ত। ৬—এইখানে ৩১৮ না হইয়া ৩৩৮ লিখিত হইয়াছে। ৭—আকাশবাণী। ৮—এক অক্ষর। ৯—মাহাত্ম্য। ১০—উপমা রহিত। ১১—দেবতা। ১২ বর্ষণ করে। ১৩ মহোৎসব। ১৪—অঙ্গভঙ্গী। ১৫—উর্ব্বশী প্রভৃতি সুরাঙ্গনা। ১৬—সম্ভাষণ।

শঙ্খ চক্র গদা পদ্ম পানি চতুর্ভুজ
গুনিরুদ্ধ তনু আখি জিনিয়া অম্বুঁজ ॥ ৩৪৬
নিল ইন্দিবর নিন্দি কান্তি শরীরের
আকুল অলির কুল শৌরবে(১) অঙ্গের
বৈকুণ্টনিবাশি বিষ্ণুভুতগণ আশী
সর্ব্বস বিপ্রেক আবরিল(২) হাশি হাশি ॥৩৪৭
বিষ্ণুর আঞ্জায় ভার্য্যা সমন্বিতে তারে
শেহি বিমাণেতে তুলি পরম শৎকারে
শুরসেব্য পুর শে বিষ্ণুর অনুপম
করিল প্রয়ান তদা হে দ্বিজশত্তম ॥ ৩৪৮
শে জে বৃদ্ধ রাজা মহাতেজা শেকালত
পরম অদ্ভুতগন দেখিআ অগ্রত
ভার্য্যা পুত্র শনে ভক্তিমণে পুন্যশীল
গঙ্গার শেবাত চিত্ত বিত্ত নিজোজীল(৩) ॥ ৩৪৯
গঙ্গাতীরে গমন করিল শেহিক্ষণ
অতঃপর দ্বিজবর করহ শ্রবন
ভাগিরথি তুল্য তির্থ নাহি ত্রিভুবণে
দেখ জার প্রশঙ্গমাত্রেত শেহিক্ষনে ॥ ৩৫০
সর্ব্বসা ব্রাহ্মণ(৪) পাইলেন মোক্ষপদ

ওহে দ্বিজ পুন্যবীজ বেদবিশারদ
শে গঙ্গাদ্বারের শুপবিত্র মাহাৎমাক
বলিনু তোমাক ওহে দ্বিজ সত্যবাক ॥ ৩৫১
তাহাক শ্রবন মাত্রে ওহে তপোধণ
ধ্বংশ হয় ব্রহ্মহত্যা আদি পাপগণ
আর কি শ্রবনে ইৎছা অন্তরে তোমার
জিজ্ঞাশিলে কব তাহা দ্বিজ পুন্যাধার ॥ ৩৫২
জে শিষ্ট এ অধ্যাএক প্রকষ্ট রূপেত
সমাদর করি জত্নে দেবমন্দিরেত
পরে(৫) কিম্বা ভক্তিভাবে করেন শ্রবন
তাহার দুরিত দুরে জায় শেহিক্ষন ॥ ৩৫৩
ইতি কৃয়াযোগশারে ত্রিতিয় অধ্যায়
রচন হইল পদ স্বদেষ ভাষায়
রশনা রটনা(৬) কালী তারা একবার
ভব শিন্ধু জলবিন্দু প্রায় হবা পার ॥ ৩৫৪
শ্রীচন্দ্রে ডাকে কালী ভবার্ণবে ভাবি
উদ্ধারিতে হবে অন্তে নিজরূপে আশি
দিতে হবে জ্ঞান ভক্তি অজ্ঞান বিনাসি
তবে মনে বাশি মম সর্বত্রেত কাসি ॥ ৩৫৫

[চতুর্থ অধ্যায়।]

ব্যাষের বচন জেন অমৃত শেচন
শ্রবন করিয়া মুনি জৈমিনি তখন
ধরিয়া প্রাঞ্জলী অতি করিয়া বিনয়
বলীল ব্যাষেক বানি জ্ঞানি শে শময় ॥ ৩৫৬
তব প্রশাদাত নাথ শে গঙ্গা দ্বারের
মহাত্মা শ্রবনে সুখ জন্মিল কর্ণের
প্রয়াগের মহাত্মাক করিতে শ্রবন
অথন(৭) আমার অতি উত্রাবন(৮) মন ॥ ৩৫৭
ওহে গুরু বেদব্যাষ কৃষ্ণ দৈপায়ন
অনুগ্রহ করি কহ শেহি বিবরণ
গঙ্গা সাগরের সঙ্গমের মহাত্মাক
বিস্তারিতরূপে গুরু কহিও আমাক ॥ ৩৫৮

১ = সৌরভে। ২ = সর্ব্বসহ নামক ব্রাহ্মণকে ঘিরিল। ৩ = নিয়োজিল। ৪ = সর্ব্বসহ ব্রাহ্মণ। ৫ = যে শিষ্ট জন প্রকৃষ্টরূপে সমাদর করিয়া যত্নে দেব মন্দিরে এ অধ্যায় পড়ে। ৬ ঘোষণা কর। ৭ = এখন। ৮ = উচাটন।

এ মহী মণ্ডলে নাথ তোমার শমান
নাহি শুকথক ওহে ভগবান জান
জৈমিনির শুরুচির শুনিয়া ভারতী
বলীল বচন ব্যাশদেব মহামতি ॥ ৩৫৯

ওহে দ্বিজ পুন্যবীজ করহ শ্রবন
প্রয়াগের সম্যক(১) ফলক তপোধন
গঙ্গা আর সাগরের সঙ্গমের ফল
বলিতে অশক্ত আমি শে ফল শকল ॥ ৩৬০

সংক্ষেপে বলিছি কাছু সুন তাহা যতি
গঙ্গা আর জমুনা অপর শরস্বতি
এ তিন তীর্থের সঙ্গমের তপোধন
ব্রঁহ্মা বিষ্ণু শিব আর বৃঁন্দারকগন ॥ ৩৬১

প্রশংসা করেন সদা জানিবা জৈমিনি
মাঘ মাষ জাবত তাবত্ত ওহে মুনি
জে নরে করেন শে প্রয়াগ তীর্থে স্নান
শে জন করেন বিষ্ণুলোকেত প্রয়ান ॥ ৩৬২

পুনরাগমন তার আর তথা হনে(২)
না হয় কদাচ ইহা জানিবা আপনে
কুরুক্ষেত্র পুষ্কর তীর্থের দ্বিজবর
প্রভাষ শে তীর্থরাজে গয়াত অপর ॥ ৩৬৩

কোটি শহস্রেক মান(৩) পয়স্বিনী ধেনু দান
অশ্বমেধ যজ্ঞেক জজীলে(৪)
মহাপর্ব্বতশমান করিলে কাঞ্চন দান
আর পাণা দাণ দ্বিজে দিলে ॥ ৩৬৪

জে ফলেক প্রাপ্ত হয় ওহে মুনি সদাসয়
মাঘে প্রয়াগেত কৈলে স্নান
নিশ্চয় জানিবা মনে শে শকল ফল হনে
কোটিগুণ ফল হে বিদ্বান ॥ ৩৬৫

প্রয়াগের স্নাণে হয় অতএব মহাশয়
সর্ব্বতির্থ হণে শ্রেষ্ট অতি
জানিবা শে প্রয়াগেক শুপ্রসস্ত অতিরেক
অপর শ্রবন কর যতি ॥ ৩৬৬

সিংহ রাসি ভাদ্র মাষ গোদাবরি তির্থে বাষ
করি শূরগুরুক(৫) পাইয়া
আচরেন উগ্র তপ করে হোম পূজা জপ
কায় ক্লেষে প্রজত্ন করিয়া ॥(৬) ৩৬৬

বেদ পুরানোক্ত আর পাণা দান শুঅপার
পাণা ব্রঁত করে আচরন
তাত জে পুন্য অক্ষয় ওহে মুনি প্রাপ্ত হয়
শেহি তুল্য পুন্য তপোধন ॥ ৩৬৭

মাঘে প্রয়াগেত স্নাণ করে জেহি পুন্যবান
লভে তিণি জানিবা নিশ্চয়
ণাহিক সংসয় ইথে মিথ্যা না মানিবা চিতে
বেদবাক্য কভু মিথ্যা নয় ॥ ৩৬৮

ফাল্গুন মাশেত যতি কৃষ্ণচতুর্দ্দসী তীথি
শিবরাত্রি আখ্যান জাহার
কাশি ক্ষেত্রে জেহি নরে তাত উপবাষ করে
সুণ ফল জে হয় তাহার ॥ ৩৬৯

এক কোটি জন্মার্জ্জিত পাপ জে থাকে শঞ্চিত
তাত হণে মুক্ত হয়া তিনি
সুনহে মুনি তিলক আত্মকোটীপুরুষক
উদ্ধার করিয়া(৭) শে জৈমিনি ॥ ৩৭০

শিব রূপ হয়া রঙ্গে থাকেন শিবের শঙ্গে
শিবলোকে বাষ করে তিনি
মাঘ মাষ প্রয়াগের কনিকা(৮) গঙ্গাজলের
শুপবিত্র পুন্য প্রদায়নী ॥ ৩৭১

১—সম্যক্। ২ হইতে। ৩—পরিমাণ। ৪—যাগ করিলে। ৫ বৃহস্পতি সিংহরাশিগত হইলে। ৬ এখানে ৩৬৬ সংখ্যা পুনর্ব্বার লেখা হইয়াছে। ৭—নিজের কোটি পুরুষকে উদ্ধার করিয়া। ৮—কণা।

তার দ্বারা শিক্ষকায়　　হএন জেহি জনায়
তার ফল করহ শ্রবন
কৃষ্ণচতুর্দ্দশি দিনে　　কাশি ক্ষেত্রে উপশনে(১)
হয় জেহি ফল হে ব্রাহ্মন ॥ ৩৭২
শেহি তুল্য ফল পায়　　শেহি জন পুন্যকায়
জানিবেন পুরান প্রমান
নাহিকে ইথে শংশয়　　বলী কথা কর্ম্মময়
কর তুমি হে মুনি বিধান ॥ ৩৭৩
মন্দার গিরি শমান　　তুলা দান করি মান
করে জদিস্যাৎ কোন নরে
তাতে জেহি ফল পায়　　প্রয়াগ স্নানেত তায়
পায় জান শেহি নরবরে ॥ ৩৭৪
হে জৈমিনি অন্য স্থানে　শত কোটী কল্প মানে
শ্রীবিষ্ণুক করিলে অর্চ্চন
স্তন মুনি শুদ্ধাশয়　　জে ফলেক প্রাপ্ত হয়
বিষ্ণুর পুজক শাধুগণ ॥ ৩৭৫
জাণিবা মুনি প্রবিন　　প্রয়াগেত এক দীন
ভক্তি ভাবে পুজিলে হরিক
শেহি তুল্য ফল তিনি　লভে শস্তে হে জৈমিনি
আমি আর কব কি অধিক ॥ ৩৭৬
কর মুনি অবধাণ　　যজ্ঞ তীর্থে স্নান দান
জপ হোম ইশ্বর অর্চ্চন
পিতৃ যজ্ঞ আদি কর্ম্ম　　করিলে জে ফল ধর্ম্ম
শেহি তুল্য ফল তপোধণ ॥ ৩৭৭
মকরস্থ(২) দিনকরে　　প্রয়াগেত জেহি নরে
এ শকল কর্ম্মক আচরে
সত্যে সত্যে শু অক্ষয়　　শে কর্ম্মের ফল হয়
দৃড়(৩) ইহা মানিবা অন্তরে ॥ ৩৭৮

জে পর্য্যন্ত মাঘ মাষ　　প্রয়াগে করিলে বাষ
দিন সন্ধ্যা শত কল্প মান
ওহে দ্বিজকুলোদ্বহ　　বিষ্ণুলোকে বিষ্ণু শহ
বাষ করে সেহি পুন্যবান ॥ ৩৭৯
স্তন মুনি শুদ্ধাচার　　গঙ্গা আর জমুনার
সঙ্গমসলীলে একবার
স্নান করে জেহিজন　　ভক্তিযুক্ত হয়া মন
দর্শনমাত্রেত শে জণার ॥ ৩৮০
মহা মহা পাপিচয়　　পাপ হনে মুক্ত হয়
জানিবা জৈমিণি তপোধন
অপার ভব শংশার　　তরিবার ইৎসা জার
শেহি জণ ওহে দ্বিজস্মন ॥ ৩৮১
গঙ্গা আর জমুনার　　সঙ্গমেত একবার
স্নাণ করে ভক্তিভাবে অতি
মাধবেক দরশন　　করিবেক শেহি জণ
তবে তার হবে দির্ব্যগতি ॥ ৩৮২
ওহে মুনি শুন আর　　তৃবেনীর(৪) মধ্যে জার
ভাগ্যে জদি তনুত্যাগ হয়
শেহিক্ষণ শেহি নর　　হয়া দেব দেহধর
মুক্ত হয় জানিবা নিশ্চয় ॥ ৩৮৩
ইতিহাস বলি স্তণ　　ওহে মুনি গুনিপুন
জে আখ্যান শ্রবণ মাত্রত
সর্ব্বপাপ হনে নর　　মুক্ত হয় দ্বিজবর
অতঃপর কর কর্ণগত ॥ ৩৮৪
[illegible] কুলেত জাত　　প্রনিধি নামেত খ্যাত
মহা ধনবন্ত একজন
দেব দ্বিজ অতিথির　　পুজনতৎপর ধীর
অতি স্থির ধর্ম্মপরায়ণ ॥ ৩৮৫

১ = উপবাস করিয়া। ২ মকরস্থ = মকররাশিগত। ৩ = দৃঢ়। ৪ ত্রিবেণী। ৫ = বৈশ্যের।

শ্রাস্ত্রেত স্তক্তি অতি পুন্ডশীল সান্তমতি
তার পত্নি মহাপতিব্রতা
নাম তার পদ্মাবতি পতিব্রতা মহাসতি
পরম সুন্দরী সুচরিতা ॥ ৩৮৬
সৎকুলেত জন্ম তার গুণবতি সদাচার
সদা প্রিয়বদা যশস্বিনী
রমনীর অগ্রগন্তা ধরনীতলেত ধন্তা
সে বনীকবধু হে জৈমিনি ॥ ৩৮৭
নারি শকলের যোগ্য শ্রেষ্ট গুনগন
তার শরীরেত পরিপুর্ন অনুক্ষণ
সর্ব্ব সময়েত সর্ব্বভাবে তপোধন
তার শরীরেত বাশ করে গুনগন ॥ ৩৮৮
পরে শেহি প্রনিধি বনিক দ্বিজবর
বানিয্যকারন ধন লইয়া বিস্তর
শুভ লগ্নে শুভ দিনে সুন্দর তিথিত
বানিয্যকারন জাত্রা কৈল গুনান্বিত(১) ॥ ৩৮৯
ধন হনে হয় মুনি ধর্ম্মের শাধন
ধন হনে প্রশস্তাক মন্তে লোকগণ
ধন হৈতে অকুলিণ কুলবাণ হয়
ধন হৈতে হওন অশেষ কার্যাচয় ॥ ৩৯০
ধনহিন সুদিন (২)জনার তপোধন
সথাজনে সক্রতা করেণ আচরন
শরদকালের জেণ নিরদ শকল
নিরহিন আংস্বা জেন অর্ত্থ কেবল ॥ ৩৯১
চণ্ডবাতে খণ্ড খণ্ড করি তারে জেন
খণ্ড খণ্ড করি আকাশেত ভ্রমাএন(৩)
ধনহিন দুদিন জনাক সেহি প্রায়
অস্থ জনে হিংশা মনে ভ্রমন করায় ॥ ৩৯২

জাবত পায়েন লোকে অন্ন আংস্বাদন(৪)
তাবত তাহার মিত্র বন্ধু বহুজন
হএন সংশারে হে জৈমিনি শুকাপর
বন্ধুবসে মন্থবতা তাবত থাকয় ॥ ৩৯৩
শিশিরকালেত জেন কমলকাণনে
বিলোকণ করি মুণি মধুকরগণে
না বৈসে কমলে না করেন মধুপান
নির্দ্ধনিক তদ্বত লোকের হেয়জ্ঞান ॥ ৩৯৪
ধনবন্ত জিনি তিনি বলবন্ত হয়
শেহি ধনবান বুদ্ধিমান সুনিশ্চয়
খণ্ডিতবিপদ শেহি পণ্ডিত ভূতলে
মণ্ডিত শকল গুনে তাক লোকে বলে ॥ ৩৯৫
অর্থ হিন পুরুষ জীবন্মৃত্যুবত(৫)
কোনো মতে সুখ তার নাহি শংশারত
ধর্ম্ম অর্থ বিদ্যা উপার্যনে জার মতি
না হয় প্রবৃত্তি নিবির্ত্তিক(৬) পায় যতি ॥ ৩৯৬
মুর্খ বলি তাকে লোকে বলে দ্বিজবর
শ্রবন করহ হে জৈমিনি অতঃপর
অধিক কর্ম্মের অধিকাংশ ফল পরে
প্রাপ্ত হয় সুনিশ্চয় জানিবা অন্তরে ॥ ৩৯৬(৭)
অতএব হে ভুদেব কর কর্ম্ময়
করিবেক শদা নরে ধর্ম্মের শঞ্চয়
ধনের শঞ্চয় আর করিবেক নরে
বিদ্যার অভ্যাষ করিবেক নিরন্তরে ॥ ৩৯৭
পুরুষের এহি শব উত্তম লক্ষণ
জানিবা জৈমিনি এহি শাস্ত্রের লিখণ
ধন হনে ধর্ম্ম আর বিদ্যা বৃদ্ধি হয়
নিত্যে বাড়ে জেমত বর্দ্ধিত বমচয় ॥ ৩৯৮

১—গুণান্বিত। ২—দুর্দীন। ৩—ভ্রমণ করায়। ৪ আচ্ছাদন। ৫—জীবন্মৃতবৎ। ৬ নিবৃত্তি।
৭—৩৯৬ সংখ্যা দুইবার দেওয়া হইয়াছে।

বিশেষ ধর্ম্মের বৃদ্ধি জন্য তপোধন
রক্ষিত হইলে জেণ ধান্য অন্ন ধণ
বিদ্যার অভ্যাসে জিনি আলস্য করয়
হে জৈমিনি তিনি মূর্খ হয় সুনিশ্চয় ॥ ৩৯৯
অন্ন লাভ হৈলেন্ন তাহার নিমিত্তক
প্রজত্ন করিবে অতি হে মুনিতিলক
তাত জদিস্যাত হেলা আলস্য করয়
দারিদ্র হএণ তিণি জানিবা নিশ্চয় ॥ ৪০০
কালেক অপক্ষা করি জেহি মূড়( )জন
ইৎসা না করেন ধর্ম্ম করিতে শাধন
জানিবা জৈমিনি তিনি ধর্ম্মচ্যুত হয়
নাহিক শংসয় ইথে মুনি শুদ্ধাশয় ॥ ৪০১
শুণক্ষয়শীল জেহি পুরুষ হএণ
কাষ্ঠ তৃন তুষআদি(২)জে বস্তু লভেণ
কদাচ তাহাক ত্যাগ না করেন তিনি
সঞ্চয়শীলের এহি স্বভাব জৈমিনি ॥ ৪০২
তদন্তর মুনিবর করহ শ্রবন
প্রনিধি বনিক শে দানিক তপোধণ
আপনার গৃহকার্য্য আদি সমুদায়
শমর্পণ করি শুণবন্তি শে ভার্য্যায় ॥ ৪০৩
বানির্য্য কারণ তিনি গমন করিল
করহ শ্রবণ মুনি পরে জে হইল
একদীন প্রনিধির প্রিয়া তপোধন
আনি নানা শৌগন্ধিক স্নান দ্রব্যগন ॥ ৪০৪
সখিগণ সঙ্গে রঙ্গে বনিকবনিতা
স্নান হেতু শরোবরে চলে শুচরিতা
নিরমল জল শতদল কুমদিনী
শে জে শরেবরে শোভা করে হে জৈমিনি ॥৪০৫

শেহি শরোবর তীরে মহাপাপধাম
জাতিত চণ্ডাল এক ধনুদ্ধজ(৩) নাম
ইৎসাধিনে শরোবর পুলিনে রহিয়া
বনিকভার্য্যার প্রাপ অাছেণ চাহিয়া ॥ ৪০৬
কাঞ্চনের কুমুমের শুষমাক জিনী
তার শরীরের কান্তি প্রকাশে জৈমিনি
প্রফুল্ল অমল শুকমলক গঞ্জি শোভা
বদণকমল তার মুনি মণ লোভা ॥ ৪০৭
মৃগশাবকের নয়ন প্রায়
নয়নযুগল বিরাজে তায়
শুকঠিন পীন উন্নত অতি
মনোহর পয়োধর হে যতি
মুকুতার হার তার উপরে
নাশা তিল ফুল শুষমা হরে ॥ ৪০৮
অতুল রাতুল অধর অতি
অরূণ বরন শোভে তেমতি
মরাল মন্থর জিনিঞা গতী(৪)
অপরূপ রূপ বন্তযুবতি
এমত বণিকবনিতা দেখী
শে পাপি আখীর পলক রাখী ॥ ৪০৯
নিরেখি(৫) মদন শায়কে অতি
মথিত হইল তাহার মতি
হইল অধর্য্য(৬) অশর্য্য(৭) কামে
ঢাকিল বদন শ্রমবিন্দু ঘামে
শে ধনুদ্ধজেক কামমোহিত
দেখীয়া তাহার চেষ্টা কুন্চিত(৮) ॥ ৪১০
আপণার রূপ চিন্তি অন্তরে
হে মুনি বনিকবনিতা পরে

১ মূঢ়। ২ কাষ্ঠ তৃণ তুষ প্রভৃতি। ৩—ধনুর্দ্ধ্বজ। ৪—চৈতন্য যুবতী। ৫—দেখিয়া
৬—অধৈর্য্য। ৭—অসহ্য। ৮—কুৎসিত।

চারু আস্তে হাস্য করি সুন্দরী
সখিরে সম্বোধি কটাক্ষ করি
বলিলেন বানো বনিকপ্রিয়া
শে ধনুদ্ধজেক দেখাইয়া দিয়া ॥ ৪১১
শে চণ্ডালে হেরি হাস্য তাহার
উথলিল কামশাগর তার
ধনুদ্ধজ বলে হে বিধুমুখি
তোমারে নিরেখি জুরাইল আঁখি ॥ ৪১২
হে প্রিয় সুন্দরি চারুহাশিনী
শুকেশা শুবেশা মনমোহিনী
কার কন্যা তুমি ধন্য: ভূতলে
হে নবজৌবনা এথা বা কেনে ॥ ৪১৩
হে নবিণে বলাধিণে(১) কেমণে
মোর মন চুরি কৈলে আপনে
আমি গুনবন্ত যোগ্য তোমার
বিশালজঘণে তুমি আমার ॥ ৪১৪
আইশ বইস কর শুরতিদান
মদনদহনে দহিছে প্রাণ
তুমি গুণবতি শুরূপবতী
আমি শে তোমার উচিত পতি ॥ ৪১৫
দেখ এহি শরোবরের তীরে(২)
কুসুম রঞ্জিত কুঞ্জকুঠিরে
রাখ প্রান রতি দাণ করিয়া
তুমি মোর মন নিলে হরিয়া ॥ ৪১৬
হে জৈমিনি কথা কর শ্রবণ
শে ধনুদ্ধজের বচনগন ॥
বনিকবধুর বিধুমুখি সখিগনে
বিকৃতি বদন করি অতি কোপমনে
স্পর্শনে দংশন করি ধর্শন তথরে
অরুন লোচনে বলে দারুণ বচন।। ৪১৭
ওহে মুড় কামাতুর পাপী দুরাচার।
দুরাচার কুলে জন্ম দুরাংমা তোমার
ভববিধ(৩)পুরুশেক শখি এ আমার
পদে পশিতেও ইংস্থা নাহি মনে তার ॥ ৪১৮
জাত ইশি ধণি শীরোমণি পতিব্রতা
কুলীণ কুলেত জন্ম ধর্ম্মকর্ম্মরতা
আপণার শুভ ইংস্থা করি রে দুর্যণ
দেখিআও পাপেক না দেখ কী কারণ ॥ ৪১৯
লতা শকলের বিকশীত কুসুমের
অন্তরে জে থাকে মধু ভোগ্য ভ্রমরের
অবিচারে কুস্চিত সলভে(৪) তারে শাকী
করিতে পারেণ পান করি কোন ফাকী(৫) ॥৪২০
মুঢ় জেহি জণ শেহি জণ দুরাচার
পররমনীর দেখি সৌন্দর্য্য অপার
কামের বিকার তার অন্তরে জন্মিয়া
শে দহণে দগ্ধ হয় শেহি অভাগীয়া ॥ ৪২১
ওরে পাপকায় শেহি প্রায় পরধণ
দরশণ করি লোভাতুর মুঢ়জণ
আশা মাত্র বৃদ্ধি হয় শিদ্ধি কোবা তার
দুরে জাও দুষ্ট চিন্তি হিত আপনার ॥ ৪২২
শা বল কুবল ইহা না জার গ্রহণ
মৌণ হও গৌণ(৬) ছাড়ি চল শতবণ
আমরা শকলে তোরে চরণ মারাও
শা করি পরম পাপী নিজ ঘরে জাও ॥ ৪২৩
কামে অন্ধ শে জে মন্দবাশন নিদান
বলীল বচণ অতি হইয়া নিদান

১—বলবান। ২—সরোবরতীরে। ৩—জৌরু মত। ৪সলভে—পতঙ্গ। ৫—ফাঁকি। ৬—গৌণ ছাড়িয়া অর্থাৎ অবিলম্বে

তোমার জাতিক ধিক বণিকবনীতা
জাত আমি কামি না ভজিলে স্থচরিতা ॥ ৪২৪
বিশেষ অখিল গুণে আমি গুণবান
আমাক অগ্রজ ধিক তোমর অজ্ঞাণ
আমি রূপবন্ত গুণবন্ত ইহা জানী
সখি শঙ্গে রূক বস্তবনীতা কল্যানী ॥ ৪২৫
আমাক শম্ভশা(১) ণ করেণ কেণ তিণি
বলী নির্দশণ সুণ জত নিতম্বিনী
মন্তপুর্ণ কলষ মধ্যেত জগপীত
থাকেণ কাঞ্চণ কোণো রূপে কদাচিত ॥ ৪২৬
পাইলে তারে বল কেবা ণা করে গ্রহণ
আমি শর্ব্বগুণে গুণবন্ত বিচক্ষণ
অণুপম তণু মোর সুন্দর গুঠাণ
প্রথম বয়শ কেষ বেষ শোভমাণ ॥ ৪২৭
আমাক সম্ভশা না করেণ বসাপ্রিয়া(২)
পাইয়া রতণ ত্তেজে কোণ অভাগীয়া
শখিগণ নিবেদণ করিছি তোমায়
নৈলাম শরণ কামনায় প্রাণ জায় ॥ ৪২৮
গাণাগুনে গুনবতি রতিরূপ জিতা
এরূ পদ্মাবতি শতি বণিকবনীতা
জে প্রকারে এহি ধণি রমণীরতণ
লাভ হয় আমার তা কর সখিগণ ॥ ৪২৯
সুন দ্বিজত্তম মনোরম পুন্যাখ্যাণ
শেজে ধণুদ্ধজ মূঢ় চাণ্ডাল অজ্ঞাণ
বারম্বার এ প্রকার বলীলে তখণ
কৌতুক করিয়া অতি শে জুবতীগণ ॥ ৪৩০
বলীলেণ শে ধনুদ্ধজেক সম্বোধিয়া
জগতের দুর্মতি অতি মূঢ় অজ্ঞানীয়া
তুমি জদি ইংসা কর এ শরিরদ্বয়ে
তবে গঙ্গা জমুণার শঙ্গমে শত্তয়ে(৩) ॥ ৪৩১
জায়া কর কায়াত্যাগ মানত্র করিয়া
হে জৈমিনি শে রমণীগণ এ বলীয়া
অতি হাস্য করি শে সুন্দরীপরিবার
পদ্মাবতি শহ গৃহ গেল আপনার ॥ ৪৩২
ত্বরিত গমণে সবে পুরিত পশীল(৪)
[illegible] ছিল পাছে [illegible] হইল
সহস্রেক ব্রহ্মা বধি শেজে ধণুদ্ধজ
শ্রুতিক হরিছে মণ মোহিছে মণজ ॥ ৪৩৩
গঙ্গা আর জমুণার সঙ্গমেত জায়া
মাণষ করিয়া ত্যাগ করিলেণ কায়া
তমুত্যাগ মাত্রে ধনুদ্ধজের তখণ
হৈল অসম্ভব তা কী কব তপোধণ ॥ ৪৩৪
পদ্মাবতি শতির পতির প্রায় তার
হইল শকল অঙ্গ অতি চমৎকার
নাশিকা শ্রবণ কেশ দশণ বদণ
কক্ষ বক্ষ কর পদ লোচণ ষচণ ॥ ৪৩৫
বনীকের জে জে গুণ শে গুণ শকল
হইল [illegible]
আপনার পূর্ব্বের শে বৃত্তান্ত স্মরিয়া
স্বয়শরে কলেবর জয় জয় হয়া ॥ ৪৩৬
শে কামুক শেহি কামিনির কামণায়
চলিল শে পদ্মাবতী আছেন জথায়
তদস্থর মুনিগণ করহ শ্রবন
শেহি দিন প্রণিধি বণিক বিচক্ষণ ॥ ৪৩৭
বাণিজ্য করিয়া ত্তক্ষণে নিজালয়
করিলেণ আগমণ আনন্দহৃদয়

১ সম্ভাষণ ২—বেশ্যা প্রিয়া। ৩—সঙ্গমে। ৪—পুরীতে প্রবেশ করিল।

ধণুর্দ্ধর চণ্ডালো তখণে তপোধণ
আগণে পশিল শেহি সাধুর ভবণ ॥ ৪৩৮
প্রবিধিসদৃশ রূপ বেশ বেষ বাণী
শেহি বয়ক্রম শেহি তুল্য মহামাণী
পূর্ব্বের মধ্যেত এক মূর্ত্তি দুইজণ
পর্য্যাবতি শতি তথি করি বিলোকণ ॥ ৪৩৯
বিস্ময়শাগরে মণ মগ্ন হৈল তার
আকুলে ণা পায় কুল ব্যাকুল অপার
ণিতান্ত অন্তরে চিন্তা করি কুলবালা
ভাবেণ ভাবিনী ণাণাভাব শেহি বেলা ॥ ৪৪০
একমূর্ত্তি দুইজণ দেখী ইকী হায়
কেবা মোর বল্লভ চিনণ ণাহি জায়
আমি কার কে আমার প্রাণের ঈশ্বর
ইকি অসম্ভব কী কবীব অতঃপর ॥ ৪৪১
ণাণামত চিন্তি চিত্তে চঞ্চললোচণা
কোমল অধরে পরে শে জে সুভাষণা
মধুর বচণে মাধবেক মহাস্তুতি
আরম্ভ করিল তদা শতি পর্য্যাবতি ॥ ৪৪২
মহেশাদি করি বৃন্দারকবৃন্দে
সদা অর্চ্চেণ জাহার পদ দ্বন্দে
অণন্তমূর্ত্তি শেহি শ্রীগোবিন্দেরে
প্রণমামী অতি ভক্তি পুরঃসরে ॥ ৪৪৩
যোগীযোগগম্য যোগ্যমূর্ত্তি জার
যোগমূর্ত্তি যোগেশ্বর যোগাধার
যোগপ্রদ হে মোক্ষদ বট তুমি
ত্বং ণমামী দয়াময় বিশ্বস্বামি ॥ ৪৪৪
মধুকৈটভণাশা বট তুমি
ত্বং ণমামী দয়াময় বিশ্বস্বামি

কংসবংশধ্বংসকারি বট তুমি
ত্বং ণমামী দয়াময় বিশ্বস্বামি ॥ ৪৪৫
অপুরনাশক নাথ বট তুমি
ত্বং ণমামী দয়াময় বিশ্বস্বামি
বেদ উদ্ধারকারক বট তুমি
ত্বং ণমামি দয়াময় বিশ্বস্বামি ॥ ৪৪৬
বরাহরূপ ধরি শ্রীহরি তুমি
বধি দানবেরে উদ্ধারিলা ভূমি
তব মহিমা ণাথ কি জাণি আমি
ত্বং ণমামী দয়াময় অন্তর্য্যামি ॥ ৪৪৭
কূর্ম্মরূপে ধরা ধরিছ আপণে
ণষ্ট করি দুষ্ট দৈত্যেন্দ্র দুর্য্যণে
শুধবল গঙ্গাজল শমশর
শুনির্ম্মল তব চরণ শুন্দর ॥ ৪৪৮
ভক্তি মুক্তিদাতা ভবে ত্রাতা তুমি
ত্বং ণমামী দয়াময় অন্তর্য্যামি
ক্ষেত্রিয় কুলের অন্তক হইয়া
তিণ সাত(১)বার ক্ষেত্রি নিপাতীয়া ॥ ৪৪৯
প্রতিজ্ঞা পালণ করিয়াছ তুমি
ত্বং ণমামী দয়াময় অন্তর্য্যামি
রাবনের বংশ ধ্বংশকারি তুমি
ত্বং ণমামী দয়াময় অন্তর্য্যামি ॥ ৪৫০
প্রলয় দৈত্যের প্রলয়কারক
ভোগমোক্ষজ্ঞাণবিভূতিদায়ক
ষগর্দ্ধর(২) ত্রিগুণাত্মক হে পালক
আণন্দদায়ক [illegible] ॥ ৪৫১
অখিল শক্তির শক্তরূপ তুমি
ত্বং ণমামী দয়াময় অন্তর্য্যামি

(১)—তিন সাত (একুশ) বার। (২)—[illegible]

অসুরের মুক্তকারি বঠ তুমি
ত্বং নমামী দয়াময় অন্তর্য্যামি ॥ ৪৫২
ম্লেচ্ছ(১) কুলের অন্তক বঠ তুমি
ত্বং নমামী দয়াময় অন্তর্য্যামি
হৃদি কমলে কমলাসনাশ্রয়
হৈয়াছ জাত হে নাথ দয়াময় ॥ ৪৫৩
সর্ব্বস্বরূপ সর্ব্বগ বঠ তুমি
ত্বং নমামী দয়াময় অন্তর্য্যামি
ফনাধররিপু(২) বিনতানন্দন
জার কেতন সোভন সুভীষণ॥ ৪৫৪
গোপিগনের মণের বাঞ্ছাপুরি
গোপিবল্লভ হয়াছ হে মুরারী
গকুলে গোপঘরে গোপাল তুমি
ত্বং নমামী দয়াময় অন্তর্য্যামি ॥ ৪৫৫
ভব মাধব প্রসন্ন আমা প্রতি
তব পদপদে মম কোটী নতি
সব্য করে ধরি গোবর্দ্ধণ গিরী
রাখীলে গোকুলে গোপালে মুরারী ॥ ৪৫৬
মহেন্দ্রমধভঞ্জণ বট তুমি
ত্বং নমামী দয়াময় অন্তর্য্যামি
দেবের দেবতা নাথ বট তুমি
ত্বং নমামী দয়াময় অন্তর্য্যামি ॥ ৪৫৭
কমলামুখ কমলের ভ্রমর
হৈয়াছ জাতহে নাথ বিশ্বেশ্বর
প্রসন্ন ভব মাধব আমা প্রতি
ত্বং নমামী দয়াময় লক্ষীপতি ॥ ৪৫৮
জিষ্ণু বইকুণ্ঠ বিষ্ণু আরাধ্য ওহে
মম মতি অতি মোহিয়াছে মোহে
ভব কেশব প্রসন্ন আমা প্রতি
ত্বং নমামী দয়াময় লক্ষীপতি ॥ ৪৫৯
অমল কমলদল জিনি তব
চারু অরুণ লোচণ হে মাধব
দুর্য্যণ ধর্ষণ সুদর্শন ধর
কৌমদকি গদাধর চারুভর ॥ ৪৬০
শতদল পাঙ্কজ সদা করে
ধারিতরূপ জাহার ব্রহ্মা হরে
ভবমাধব প্রসন্ন আমা প্রতি
ত্বং নমামী দয়াময় লক্ষীপতি ॥ ৪৬১
নিবিড়তিমিরস্বরূপ অপার
নহে নিত্য অনিত্য এজে সংসার
কৌতুক মন্দিরের(৩) প্রকাষকর
প্রদিপ প্রায় হয়াছ দামোদর ॥ ৪৬২
ত্বং নমামী দয়াময় অন্তর্য্যামি
হে মাধব তব মায়াধিন আমি
বিমোহিত চিত্ত হইয়াছি অতি
ভব কেশব প্রসন্ন আমা প্রতি ॥ ৪৬
হে মাধব তব নিত্তি সব আমি
মতিভ্রমে ভ্রম হয়াছি হে স্বামি
ভব কেশব প্রসন্ন আমা প্রতি
ত্বং নমামী দয়াময় লক্ষীপতি ॥ ৪৬৪
ওহে অসুরারি গোবর্দ্ধণধারি
সম্ভু সয়ম্ভু ওরূপ হে মুরারী
অরুণ বরুণ মারুণ সমণ
হরিহর আদি দেব ঋষীগণ ॥ ৪৬৫
তব মায়ায়ে মোহিত তারা সব
ভব প্রসন্ন আমায়ে দয়াময়

১—ম্লেচ্ছ। ২—ফনধর (—সর্প)—রিপু (অর্থাৎ গরুড়)। ৩—সংসাররূপ কৌতুক মন্দিরের।

অনন্তশরণ আমি মোহমতি
ত্বং নমামী দয়াময় লক্ষ্মীপতি ॥ ৪৬৬
আমি অজ্ঞাণ মানব স্ত্রীবিশেষ
তব মায়াক কী জানী হৃষীকেষ
তব কেশব প্রশন্ন আমা প্রতি
ত্বং নমামী দয়াময় লক্ষ্মীপতি ॥ ৪৬৭
করুণা বরুণালয় কৃপাকর
মম মণ ভ্রম হর গদাধর
জাণ অন্তর শবার অন্তর্যামি
ত্বং ণমামী দয়াময় বিশ্বস্বামি ॥ ৪৬৮
ণিগদতি যতি কৃষ্ণদৈপায়ণ
শুণ স্বধর্ম্ম নিপুণ তপোধণ
বণীকন্তুবতী শতি পদ্মাঁবতি
জদি করিল মাধবে হেণ স্তুতি ॥ ৪৬৯
তব ভাবণ ভক্তভয়ভঞ্জণ
পরংব্রঁহ্ম শণাতণ ণারায়ণ
স্নুনি স্তুতি অতি সুপ্রিতি হইয়া
নিজ পারিশদ শঙ্গেত লইয়া ॥ ৪৭০
কোটী সূর্য্যসম শর কান্তিধর
ণিন্দি ইন্দিবর চারু কলেবর
সঙ্খ চক্র গদাপদ্ম ধারি হরি
রত্ন নির্ম্মাণ চারু বিমানুপরি ॥ ৪৭১
তখণে শেখাণে করিল গমণ
সাধুর মধুর জথা ণিকেতণ
চতুর্ব্বর্গ ফলদাতা ত্রাতা জগতের
ত্রিলোকের ণাথ প্রভু ণাথ অণাথের
শাক্ষাত দর্শণ পায়া শতি পদ্মাঁবতী
শাষ্টাঙ্গ হইয়া পদে করিল প্রণতি ॥ ৪৭২

তরুণ অরুণ কান্তি ণেত্র শ্রান্তিকর
অতুল রাতুল পদ বন্দ(১) মনোহর
বন্দণ করিয়া শতি পদ্মাঁবতী পরে
বিণায়রে বাণ বণি মধুর অক্ষরে ॥ ৪৭৩
হে কমলাকান্ত মণভ্রান্তিণিবারক
ভক্তিমুক্তিপ্রদায়ক গোলোকণায়ক
প্রণিদ পরমেশ্বর প্রণাম চরণে
ণিতান্ত জন্মিছে ভ্রান্ত প্রভু মম মণে ॥ ৪৭৪
আপণ স্বামিক আমি চিণিতে ণা পারি
দূর কর ভ্রান্ত লক্ষীকান্ত গিরিধারি
শে পদ্মাঁবতির বাণি শুণি চক্রপাণি
বলীলেণ বাণিকান্ত সুমধুর বানী ॥ ৪৭৫
হে চারুমধ্যমে মণভ্রম পরিহর
শতি তব পতি হবে দ্বয়ো গুণাকর
এক ভাবে ভাবিণী ভজহ দুয়োজণে
ভিন্ন ভাব কীছুমাত্র না ভাবিবা মণে ॥ ৪৭৬
শেবা কর ণিরন্তর দুয়ো বদ্ধভেক
শুন শতি পদ্মাবতি আমার বাক্যেক
তোমার প্রণিধি পতি জে প্রকার শাধু
ওহে বিধুমুখি বণিকের কুলবধু ॥ ৪৭৭
শেহি প্রায় মম অণুরক্ত ভক্ত হণি
তরুণ বয়শ অতি দেখ ণিতম্বিনী
সুঁবুদ্ধি সুন্দর সুশরল বলবাণ
ইণিও তোমার প্রতি শতি মণে মাণ ॥ ৪৭৮
তব শব জৌবণক ভোগ চিরদীণ
করুক আমার এজে ভক্ত জণবীণ
অণন্তস্বরূপা শিন্ধুণন্দিনী জেমত
মম শণে রজে কৃষ্ণা করেণ শতত ॥ ৪৭৯

১—বুগল।

সেহি প্রায় এহি দুই পতি সঙ্গে সতি
অবিরোগ কর সুখভোগ পর্য্যাবতি
ভারতিপতির শুনি ভারতী এমত
পর্য্যাবতি সতি বলীছেন সেকালত ॥ ৪৮০
ওহে দেবদেব ভগবন্ত অন্তর্য্যামি
কুলবতী সতি পতিব্রতা সতী স্বামি
হে মাধব তব অসম্ভব আজ্ঞা ইকি
এক স্ত্রির দুই পতি জুক্ত হয় যাকী ॥ ৪৮১
গর্হিত এ কর্ম্ম নিন্দনিয় অতিশয়
একাজ অকাজ অতি ওহে দয়াময়
এ কর্ম্মেক প্রসংসা না করে কোন জন
কেন হেন আজ্ঞা কর কংসনিসুদন ॥ ৪৮২
নর্য্যারূপ সাগরের কল্লোলেত(১) আমি
মগ্ন হইয়াছি ত্রাণ কর লোকস্বামি
ভগবান বলে সাদ্ধি এ কর্ম্মে তোমার
অপকীর্ত্তী অধর্ম্ম এ সংসার মাঝার ॥ ৪৮৩
না হবে কদাচ চিন্তা কর পরিহার
পতিদ্বয় সঙ্গে রঙ্গে পুরেত আবার
চলহে চঞ্চলাপাঙ্গি চঞ্চললোচনা
ধরাতলে ধন্য তুমি ত্যজহ সোচনা ॥ ৪৮৪
সেকালত এহিমত বলী ভগবান
অন্তর্য্যামি সেহি স্থানে হৈল অন্তর্দ্ধান
ব্যাস বলে হে জৈমিনী করহ শ্রবণ
ইশ্বরের আজ্ঞাধিন তবে সেহিক্ষণ ॥ ৪৮৫
বিষ্ণুলোক হনে স্বর্ণনির্ম্মাণ বিমান
বিমান বণিকপুরে করিল প্রয়াণ
পতিদ্বয় সঙ্গে রঙ্গে পর্য্যাবতি সতি
আরহিয়া সেহি বিমানেত হর্ষে অতি ॥ ৪৮৬

বৈকুণ্ঠেক প্রতি গতি করণ কারণ
হইল উদ্দত সেকালত তীন জন
পর্য্যাবতি আর তার পতি প্রণিধিক
আর সেজে ধনুদ্ধজ মহাপুণ্যাধিক ॥ ৪৮৭
বিচিত্র বিমানে স্থিত করি ত্রিলোকণ
বিমানের চারি পাশে হর্ষে সেহিক্ষণ
হাসি হাসি বিষ্ণুদূতগণ আসি তবে
করিলেন আবরণ পরম উৎসবে ॥ ৪৮৮
নির্ম্মল আরক্ত শতদলদল প্রায়
নয়ন সুন্দর মুখ পূর্ণচন্দ্র ন্যায়
শ্রীমন্ত মহন্ত সবে দুরন্তদলন
অতসীকুসুমকান্তি শ্রীঅঙ্গশোভন ॥ ৪৮৯
সদা গুণিরাজ চতুর্ভুজ বনমালি
সুবহল বক্ষস্থল মহাবলশালী
গড়ুর আড়ুর সবে তেজস্বি প্রধান
মহাত্মা কৃতজ্ঞা সবে মহাজ্ঞানবান ॥ ৪৯০
বরাঙ্গনা শুলোচনা সতি পর্য্যাবতি
বিষ্ণুরূপ বিষ্ণুদূতগণ দেখি তথি
বিস্ময় অন্তরে পরে করেণ জিজ্ঞাসা
স্মিতমুখে সে সুমুখি বলি মিষ্টভাষা ॥ ৪৯১
কহ তোরা সব কেবা বল পরিচয়
মহাত্মা পুণ্ডরিকাক্ষ মহাতেজোময়
অতি অপরূপ রূপ তোমার সবার
দেখিতেছি রূপে জেন পতি কমলার ॥ ৪৯২
শঙ্খচক্রগদাপদ্মধারি বনমালি
চন্দ্রানন পিতাম্বর ধর বলশালি
কি কর্ম্মের ফলে কিবা তপস্যার বলে
ইশ্বরস্বরূপ রূপ হৈয়াছ সকলে ॥ ৪৯৩

---

১ নর্য্যাকল সাগরের কল্লোলেতে।

অনুপম পরাক্রম মনোরম বেশ
সাক্ষাত দেখিছি যেন সেহি হৃষিকেশ
সতিত্বর সনে সতি সর্ব্বাবতি ভবে
এহিমত জিজ্ঞাসিলে বিষ্ণুদূত সবে ॥ ৪৯৪
বিষ্ণুদূতগণ কয় শুন সুভাষণা
আমরা সকল বিষ্ণুদূত সুলোচনা
পুণ্যাত্মা অমরা সব কৃতাত্মা অপর
আমরা সকল সতি বিষ্ণুর কিংকর ॥ ৪৯৫
ত্রিজগতপতি গতি তিনিও লোকের
ব্রহ্ম সনাতন নারায়ণ ইশ্বরের
অনুজ্ঞা হয়াছে সতি আমাদের প্রতি
পতিত্বর সঙ্গে লৈতে বিষ্ণুর বসতি ॥(১) ৪৯৬
সিগদতি সতি সর্ব্বাবতি সেকালত
ওহে বিষ্ণুদূতগণ কয় কয় গত
কিবা পুণ্যে মহাত্মা হয়াছ তোরা সব
এমত দুর্লভ গতি অতি অসম্ভব ॥ ৪৯৭
পায়াছ কি কর্ম্মে তাহা বিস্তার রূপেত
অনুগ্রহ করি কহ আমার অগ্রেত
সতির ভারতী শুনি অতি হর্ষমনে
বলীতে লাগীল বিষ্ণুদূত একজনে ॥ ৪৯৮
দেখ দোশাকরমুখি(২) নয়নে হেরিয়া
ঐ যে বিষ্ণুর দূত আছে দাঁড়াইয়া
কমলনয়ান চন্দ্রবয়ান সুন্দর
পিতাম্বর ধর অঙ্গ অনঙ্গ জিন্বর ॥ ৪৯৯
ওহে নিতম্বিণি ইনি বৃহদ্রথ নাম
দুর্মুখ রাক্ষস দুরাচার পাপধাম
লোক সকলের শোকদায়ক দুর্ম্মতি
মহাবল অতি খল দুচক্রল গতি ॥ ৫০০

সহিত গহণে গেহ দেহ ভয়ঙ্কর
এক কোটি ব্রহ্মহত্যা করিছে পামর
পরদারা পরদ্রব্য অপথ্য গণণ
হরণ করিছে এহি রাক্ষস দুর্ম্মণ ॥ ৫০১
গোমাংস শতত সতি আহার ইহার
মহা পরাক্রমি জীবশ্রেষ্ঠি সুদুর্ব্বার
দেবতাক হিংসা সদা মদান্বিত অতি
মুখে কটু ভাষা অতি অশটু দুর্ম্মতি ॥ ৫০২
জত পাপ সংসারেত আছে সর্ব্বাবতি
সে সকল পাপ সদা করিছে দুর্ম্মতী
স্বপ্নের কথন শুভ কর্ম্ম নাহি করে
পরম কামুক মত্ত হয়া কামশরে ॥ ৫০৩
আরোহিয়া রথে শুন্যপথে পুষ্পহিন
পরস্ত্রী অন্বেশে(৩) ভ্রমিছেন নিশি দীন
শুভ্রজৌবনা শুলোচনা দেখিলে ললনা
বলে সম্ভ এ দুরন্ত রক্ষ দুষ্টমনা ॥ ৫০৪
রমেন সে রমণিক নাহি তার ত্রাণ
প্রাণভয় তার হব অতি অন্তধ্যান
শুন শুনদন্তি সতি পতিপরায়ণা
ভীমকেষ নাম পুত্র্যধাম মহাবলা ॥ ৫০৫
নরপতি অতি মতিমান সিতিমান
মহাবির্য্য সৌর্য্যবন্ত ক্ষেত্রির প্রধান
তাহার প্রিয়সি এক শুনবজৌবনা
মৃগাক্ষবদনি ধনি অম্বুজলোচনা ॥ ৫০৬
কাঞ্চনকুসুমকান্তি কলেবর আর
উরসে কুচকুম্ভযুগ করিকুম্ভাকার
চিরলী চিকণ চারু চাচর চিকুর
বিম্বুবদনেত্র মৃদু হাস্য সুমধুর ॥ ৫০৭

১ মূল সংস্কৃতে আছে সভাবতী বাহিতে বাহিতে বিষ্ণুদূতগণ দ্বারা পরিবৃত্ত মহারাজ সহীদ এক পুরুষকে দেখিয়া তাহার পরিচয় জিজ্ঞাসা করিলেন। জানিলেন সেই পুরুষের নাম সুদেব। অনুবাদে অন্য প্রকার লেখা হইয়াছে। ২ — চন্দ্রমুখী। ৩ অন্বেষণে।

।শা তিলফুলের উপহাস হরে
শ্রবণ যুগল সুবর্ণ শোভা করে
পরম সুন্দরী বিদ্যাধরি পঠাম্বরা
মনজ মালিনি কিবা মুনি মনোহরা ॥ ৫০৮
কুসুমিত কুসুমকাননে একাকীনী
বিচিত্র ভবনে বিরাজিছে সে ভাবিনী
এহি বৃহদ্রথ মায়ারথ আরোহনে
পসিল তুর্ণিত সেহি কুসুম কাননে ॥ ৫০৯
দেখি সেহি বামলোচনাক কামশরে
কাতর হইয়া কুড়(১) কামাতুর পরে
প্রেমবাক্যে সম্ভ সে দুরন্ত নিশাচর
সে রাজপত্নিক জিজ্ঞাসিল তারপর ॥ ৫১০
কে তুমি কমলমুখি কুসুমকাননে
কী করিছ একাকিনি কহ বরাননে
সে রাজরমনি শুনি রাক্ষসের বানী
বসীলেন বিনাস্বরে বানী বিনোদিনী ॥ ৫১১
ভীমকেশ ভূপতির ভার্য্যা বটি আমি
কেশিনী আমার নাম ওহে সুভগামি
রতিরঙ্গে অনঙ্গপ্রসঙ্গে মম সমা
নাহি ভূপতির আমি বিনা ভিন্ন বামা ॥ ৫১২
নৃত্য গিত কেলি কলা সুকুশলা আমি
এমত দেখিয়া মোরে প্রেমে মম স্বামি
মহীপাল সর্ব্বকাল মম প্রেমবসে
বশ হয়া থাকে সুখে রজনী দীবসে ॥ ৫১৩
সতু অংশের জন্য মম দোষ বিবর্জ্জিতা
দেখিয়া আমারে রাজা অতি সুচরিতা
উপবনে ভিন্ন নিকেতনে যত্নে অতি
রাখিছেন আমারে সে ধন্যক ভূপতি ॥ ৫১৪

তার সঙ্গে রঙ্গে হৌক অনঙ্গ প্রসঙ্গ
তিল আধ সেহি সার না হউক ভঙ্গ
মদনদহনে দেহা দহিছে আমার
সে দহন নির্বাপন হয় কি প্রকার ॥ ৫১৫
এহি চিন্তাজ্বরে মোরে করিছে অবশ
না জানি কখন পুর্ন হয় এ মানস
পতি অঙ্গ হৈলে সঙ্গ ভঙ্গ হয় ইহা
তারে চিন্তি নিতান্ত আকুল মম হিয়া ॥ ৫১৬
কে তুমি [illegible]
তেজি ছল সত্য বল আমারে অগ্রান্ত
তার বাক্য সুনি সে রাক্ষস দুরাশয়
বলিতে লাগীল রসী বানী সুবিনয় ॥ ৫১৭
পুর্ন চন্দ্রাননা হে ললনা সরোরুহ
জানি আমি এত্তে উপবন ভূপালের
[illegible] রাক্ষস আমি কামি হে কামিনী
আলিঙ্গন তোমারে করিতে হে মানিনী ॥ ৫১৮
আসিয়াছি এথা পসিয়াছি উপবন
মদনদহনে মোর দগ্ধ তনু মন
সদা সর্বদোষযুক্ত নায়ক তোমার
কুৎসিত কুবেস গুনলেস নাহি তার ॥ ৫১৯
ত্যজ তারে ভজ মোরে দ্বিজরাজমুখি
[illegible] কামিনী হবা সুখি
আর বলী তুপ সব চিত্তপ্রমোদক
দিব আমি তোরে প্রিয়ে উত্তম সুবক ॥ ৫২০
হর্ষযুক্ত হয়া অতি হাসিক হাসিয়া
বলীলেন সে রাজপত্নিক মর্ম্ম দিয়া
রাক্ষসের বানী শুনি হাসি সে কেশিনী
হইল অজ্ঞিত স্মিতমুখি অপর্যানী ॥ ৫২১

সুণ পদ্মাবতি শতি পতি পরায়ণা
পরে শে জে নিশাচর পামর দুর্ম্মণা
বিপক্ষচন্দ্রের রাহু চণ্ডবাহুদ্বয়
প্রশারিয়া আইষ প্রিয়া বলী দুরাশয় ॥ ৫২২
ভুজলতাপাষে তারে করিয়া বন্ধণ
মদণ বিভ্রমে দীয়া বদনে বদণ
সে চন্দ্রমুখির চন্দ্রবদণ চুম্বণ
করিলেণ অধরেত দশণে দংশণ ॥ ৫২৩
বিরহ উদ্বেগে হয়া বিভ্রমাণষ
অঙ্গণাক আলিঙ্গণ করিল রাক্ষষ
তদন্তর শে পামর অমরকণ্টক
কেশীনীর করে ধরি আণন্দপুর্ব্বক ॥ ৫২৪
বিচিত্র স্যন্দণে শেহিক্ষণে তুলিলেন
আমিষ আহারি সিগ্রগামি স্বেণ(১) জেণ
ভার্য্যাভাব আশ্রয় করিয়া দুরাশয়
কৌতুকে গমণ করিলেণ শে শময় ॥ ৫২৫
মণ শমিরণ গতি অতিক্রমকর
শে রথের অতি গতি লাঙ্ঘল অম্বর
বনীকবণিতা সুচরিতা সুণ পরে
কেশিণিক তবে বলিলেণ নীশাচরে ॥ ৫২৬
কুরঙ্গণয়ণা বরঙ্গণা শুণ বানী
ছারিলাম তোমার রাজার রাজধানী
আশিলাম গঙ্গাশাগরের শঙ্গমেত
রাক্ষশের বাক্য হেণ শ্রবণমাত্রেত ॥ ৫২৭
রথে থাকী রাধা(২) চন্দ্রমুখি অধোমুখে
গঙ্গাশাগরেক নিরখেণ মণ দুখে
ভাবীনী ভাবিল ভাগ শা হইল মোর
জগতে রহিল এবে কলঙ্ক দুর্ঘোর ॥ ৫২৮
রাক্ষষে হরিল মোরে করিল অশতি
শতির এ কর্ম্ম ণহে পাপকর্ম্ম অতি
জীবণ নিষ্ফল মোর মরণ মঙ্গল
নষ্ট হইল ধর্ম্ম বাচিবার কোন ফল ॥ ৫২৯
এহিমত চিত্তে চিন্তি চঞ্চললোচনী
গঙ্গাশাগরেত ঝাপ দীলেণ কেশিনী(৩)
পতণ মাত্রেত জলে রমনীরত্ন
লভিল পঞ্চত্ব তেজিলেণ প্রাণধণ ॥ ৫৩০
কেশীনীর মৃত্যু রক্ষ করি নিরক্ষণ
সুবিপুল শোকে হৈল ব্যাকুল তখণ
বহুবিধ বিলাপ করিয়া পাপকায়
তেজিতে আপণ তণু করি অভিপ্রায় ॥ ৫৩১
[illegible] শেহিক্ষন
ঝাপ দীয়া রথ হনে হইল পতন
মৃত্যু কেশীনীক কোলে করি কামকায়
কান্দিল বিস্তর কর হানিয়া হিয়ায় ॥ ৫৩২
আলিঙ্গন কেশিনিক করি তারপর
তেজিলেন প্রাণ মায়াবান নিশাচর
তারপর পদ্মাবতি কর আকর্ণন
গড়ুরধ্বজের আজ্ঞাধীন শেহিক্ষন ॥ ৫৩৩
কেশিণী রাক্ষষ দুই জনাক তখনে
বৈকুণ্ঠক প্রতি নিল বিষ্ণুদূতগনে
জলে স্থলে অন্তরিক্ষে শে গঙ্গাশাগরে
মহাপাপত মরে জদি তনু ত্যাগ করে ॥ ৫৩৪
পরমগতিক প্রাপ্তি হয় তৎক্ষণাৎ
তিলার্দ্ধ শংশয় যত্তি নাহিক ইহাত
তিনিও লোকের গুহ্যভূত তির্থ অতি
গঙ্গাসাগরের শঙ্গমেক জান যত্তি ॥ ৫৩৫

১ শ্যেন। ২ রাধা। ৩ মূলে গঙ্গাসাগর দর্শনে মৃত্যুর কথা আছে।

দেখ জাত তণুত্যাগ করি ওহে যতি
মহাপাপী রাক্ষষ পাইল পরাগতী
কেশীনীও পরম গতীক পাইলেণ
দেখ যতি হেণ তীর্থ আর কী আছেণ ॥ ৫৩৬

কর্ম্মভূমি এহি ভূমণ্ডলে পদ্মাঁবতি
সর্ব দাণ শর্ব যজ্ঞ জজিলে যে যতি
জে ফলেক লভে মানবোত্তমে
একবার গঙ্গা সিন্ধু শঙ্গমে ॥ ৫৩৭

হে যতি জে নরে করেণ স্নাণ
শেহি তুল্য ফল শে জনে পাণ
মাঘে শুক্লা একাদশী তিথিত
পায়া শেহি তির্থ জে পুন্যান্বিত ॥ ৫৩৮

বেদের বিধাণে স্নাণাদী করি
করে উপবাষ ওহে সুন্দরী
ব্রহ্মহত্যা আদী পাতক হনে
মুক্ত হয় শেহি জণ তখণে ॥ ৫৩৯

শাগর শঙ্গমে বিরাজমাণ
দেবদেবাত্মজ শড়বয়াণ(১)
উমার কুমার কার্ত্তিক জিনী
করহ শ্রবণ হে শিতস্বিণি ॥ ৫৬০(২)

শাগরশঙ্গমে করিয়া স্নাণ
করি শ্রীহরিক স্মরণ ধ্যাণ
কার্ত্তিকের মুখ হেরে জে জণ
পুনর্জ্জন্ম তার ণাহি কখণ ॥ ৫৬১

শাক্ষাৎ শ্রীহরি শেজে কার্ত্তিক
হে শতি আমি কী কব অধিক
ইশ্বর শহিত তারে শর্বদা
অভিন্ন জাণিবা বস্যপ্রমদা(৩) ॥ ৫৬২

শেজে গঙ্গা আর সিন্ধু-শঙ্গমে
কার্ত্তিকেক দেখে জে ণরোত্তমে
মোক্ষগামি তিণি হয় ণিশ্চয়
ইহাত কীঞ্চিত ণাহি শংশয় ॥ ৫৬৩

শর্ব তীর্থ হণে অধিক অতি
তীর্থরাজ গঙ্গাশাগর শতি
জলে স্থলে আর অন্তরিক্ষেত
প্রাণিচয় প্রাণত্যাগ মাত্রেত ॥ ৫৬৪

মোক্ষগামি হয় তখণে তিনী
বলিলাম শত্য হে জষস্বিণী
বলিছেণ ব্যাষ ওহে জৈমিণি
[illegible] ॥ ৫৬৫

শে কালত এহিমত বণিকবধূরে
বলী বিষ্ণুদুত এহি বচণ মধুরে
প্রতিবিধি মধুরে আর শে ধনুদ্ধজেরে
জত্নে লয়া শেহি রত্নবিমাণ উপরে ॥ ৫৬৬

প্রকাব করিয়া দিশপাষ আকাশক
বায়ুপথে চলিলেণ বিষ্ণুর পুরক
পদ্মাঁবতী সতি দুই পতি সমন্বিত
চতুঃবর্গ প্রদাতা সে জে বিষ্ণুর পুরিত ॥ ৫৬৭

ত্বরিত পশিল হয়া দুরিতরহিত
বিষ্ণুর শারূপ্য পাইল পতির শহিত
বৈকুণ্ঠেত দেবের দুরন্ত মনোহর
শংশারের অখিল উত্তম সুখচয় ॥ ৫৬৮

অবিয়োগ করি ভোগ তারা তিণ জণ
বিষ্ণুর শাজুজ্য গতি অতি বিচক্ষণ
প্রকৃষ্ট জ্ঞাণক সাধিলেণ তিণ জণে
অতএব হে ভূদেব দৃঢ় জাণ মণে ॥ ৫৬৯

---

১ ষড়ানন (কার্ত্তিক)। ২ এখানে ৫৩৯ সংখ্যার পর একেবারে ৫৬০ সংখ্যা দেওয়া হইয়াছে। ইহাতে ৫১৭র পর যে ৫৩৮ সংখ্যা দেওয়া হইয়াছিল তাহা সংশোধিত হইয়াছে। ৩—ঈশ্বরের স্ত্রী।

সর্ব্বতীর্থময়ী গঙ্গা পতিতপাবনী
সর্ব্বদেবময় হরি জানিবা জৈমিনি
ওহে জ্ঞানি ইহা জানি বিষ্ণুক গঙ্গাক
শক্তি অনুসারে ভক্তি করি এ দুহাক ॥ ৫৭০
সর্ব্বদা সেবিতে হয় অণন্তমাণবে
ভববন্ধ হনে মুক্ত হএণ তবে শে
সত্যযুগে এহি গঙ্গাসাগরসঙ্গমে
মাধব ণামেত এক ক্ষেত্রিয় উত্তমে ॥ ৫৭১
কঠোর তপস্যা করি বেদের বিধাণে
দারাশণে মোক্ষগামি হৈছে দুয়োজণে
ব্যাষের বচণ সুণি জৈমিণি তখণ
জিজ্ঞাশিল ওহে গুরু কৃষ্ণদৈপায়ণ ॥ ৫৭২
কেবা শে মাধব তিণি কি কর্ম্ম করিছে
কি কারণ কঠোর তপস্যা আছরিছে
কিরূপে মোক্ষক প্রাপ্ত হৈছে দারাশনে
ণিতান্ত আমার ইৎসা সে কথা শ্রবণে ॥ ৫৭৩
করি কৃপালেষ শাবশেষ কহ সুণি
জৈমিণির বাণী সুণি কহে ব্যাষ মুণি
ওহে দ্বিজ পুন্যবীজ সেজে মাধবের
পবিত্র চরিত্র সঙ্খেপেত বলী হের ॥ ৫৭৪

করহ শ্রবণ মণ ণিজোজণ্য(১) করি
পুন্যকথা ভবার্ণব তরণের তরী
ইতি ক্রিয়াযোগসারে চতুর্থ অধ্যায়
রচণা হইল পদ সুধারশছায় ॥ ৫৭৫
রশণায় ঘোষণা করহ সদা শিব
সদা হবে শিব জাবে দুরেত অশিব
শ্রীহরেন্দ্র ণারায়ণ রচিল প্রবন্ধ।
পাণ করি কালিপাদপদ্ম মকরন্দ ॥ ৫৭৬
আমার পিতার প্রিয় মন্ত্রি গুণবাণ
দ্বিজকুলে জন্ম সচীনন্দণ(২) আখ্যাণ
সুলোচণা মাধবের প্রস্তাব পয়ার
করিছেণ শেহি মন্ত্রিবর গুণাধার ॥ ৫৭৭
এ কারণ আমি শে প্রস্তাব সমুদায়
না করিলাম পদ শেজে পঞ্চম অধ্যায়
অনের কৃর্ত্তিক ণষ্ট শিষ্টে ণা করেণ
ণিতি সাস্ত্রাদীত হেণ ণিশেদ আছেণ ॥ ৫৭৮

এই অবধি হুজুরের পদ করা বিরাম(৩)

---

১ নিয়োজন। ২ এখানে লেখা হইয়াছে শচীনন্দন মুন্সী গ্রন্থকার মহারাজ হরেন্দ্রনারায়ণের পিতা মহারাজ ধৈর্য্যেন্দ্রনারায়ণের মন্ত্রী ছিলেন এবং তিনি ক্রিয়াযোগসারের ৫ম অধ্যায়ের অনুবাদ করিয়াছিলেন। কিন্তু আমরা যে পুঁথি পাইয়াছি তাহাতে রিপুঞ্জয় বড়ুয়ারতই যে ৫ম অধ্যায় রচনা করিয়াছেন তাহা ভণিতা পাঠে বুঝিতে পারা যায়। মহারাজ হরেন্দ্রনারায়ণ শচীনন্দনকৃত অনুবাদ লোপের আশঙ্কায় নিজে যে কার্য্যে প্রবৃত্ত হইলেন না, সেই কার্য্য তাঁহারই আদেশে রিপুঞ্জয় কেন করিয়াছিলেন তাহা বুঝিতে পারা গেল না।

"দাস রিপুঞ্জয়।
নৃপ নিদেশমে পদ নানা ছন্দে কয়।"
(৮৭৩ নং পদ)

এই পুঁথিতে একটি গদ্যে মন্তব্য দৃষ্ট হয়, তাহাও গ্রন্থকারকৃত বলিয়া মনে হয়। সেই মন্তব্যে আছে "ইহার মধ্যে মাধব সুলোচনার প্রস্তাবটা রিপুঞ্জয়ের কৃত পদ।" সুতরাং শচীনন্দনের রচনা কোথায় গেল তাহা জানিবার উপায় নাই। এই পরস্পরবিরুদ্ধ মন্তব্যগুলির সামঞ্জস্য করিতে পারা গেল না।

৩ এই মন্তব্য লিপিকারকের বলিয়া মনে হয়। মহারাজ হরেন্দ্রনারায়ণের রচনা এইখানে শেষ হইল। ইহার পর হইতে কতক অংশ রিপুঞ্জয়ের রচনা। তাহার পর আবার যেখানে মহারাজ হরেন্দ্রনারায়ণের রচনা আরম্ভ হইয়াছে তাহা যথাস্থানে উল্লিখিত হইবে।

[পঞ্চম অধ্যায়।]

দেব স্মরহরসুত দেব গজাণণ
নমস্কার করি পদে করি নিবেদণ
করিব কবিতা তাতে জেহি বিঘ্ন হয়
তারে নিস্ব কর দেব হইয়া শদয় ॥

এই অবধি রিপুঞ্জয় বড় কাণ্ডের পদ কর আরম্ভ

ব্যাশ নিগদত্তি হে জৈমিনি মতিমাণ
বলী মাধবের কথা কর অবধাণ
তালধ্বজ(১) নামে এক নগর সুন্দর
বিধুঁধপতির নগরের পঠান্তর(২) ॥ ৫৭৯
শর্ব লোকে সুবিখ্যাত নগর উত্তমা
বহুগুণে গুণি নাহি তাহার উপমা
তাত মহাতেজা রাজা বিক্রম নামত
ওহে যতি মতিমাণ আছিল পুর্ব্বত ॥ ৫৮০
গভিরে নিরধী শক্র তুল্য পরাক্রম
প্রজার পালনে রায় জণক উপম
কীর্ত্তিবন্ত শন্ত শদা ধর্ম্মকর্ম্মে মতি
অপর শে নৃপবর শত্যবাদি অতি ॥ ৫৮১
হারাবতি নাম শতি জুবতি তাহার
নিন্দিয়া কুমুদবন্ধু মুখপদ্ম তার
শোভে বরণারি নারিশকলমধ্যত
নদীগণ মধ্যে শ্রেষ্ঠ গঙ্গা জেণ মত ॥ ৫৮২
সুবিনিতা শে রাজবনিতা অনুক্ষণ
শেবি থাকে শর্ব্বদায় স্বপতিচরণ
কালক্রমে মহীশী হইয়া গর্ভাধাণ
প্রশব করিল এক সুন্দর শন্তাণ ॥ ৫৮৩
শকল লৈক্ষণ(৩) যুত সুত নৃপতীর
শাস্ত্র উক্ত বিধাণেত ভুপ মহাধীর
রাখিল মাধব নাম সুতের তখণ
বাড়ে দীণে(৪) শুক্লপক্ষে সুধাংশু জেমণ ॥ ৫৮৪
অস্ত্রশস্ত্র আদী করি বিদ্যা চতুর্দ্দশ
আরাধণ করি অন্তরেত কৈল বশ
শান্ত দান্ত মহন্ত সুধির অতিশয়
ক্ষেমাবাণ ধর্ম্মবাণ গুণের আলয় ॥ ৫৮৫
এমত পুত্রক দেখি সুখি শে রাজণ
জুবরাজ রাজ্যে করণেত হৈল মণ
শচিব শকল শঙ্গে করি আলোচন
জুবরাজ রাজ্জে করি করিল স্থাপণ ॥ ৫৮৬
একদীণ শে জে জুবরাজ মহাশয়
মৃগয়া করিতে চিত্তে করিয়া নিশ্চয়
চতুরঙ্গ দলবল শঙ্গে লয়া পরে
প্রবেশীল জায়া(৫) ঘোর বিপিণমাঝারে ॥ ৫৮৭
অণেক জন্তুক প্রানে করিয়া নিধণ
নিতান্ত হর্শিত চিত ভুপালনন্দণ
মধ্যাহ্ন্য শময় শব্য(৬)চয় শঙ্গে লয়া
চলীল সুশিঘ্রে নিজ নিবাষ বলীয়া ॥ ৫৮৮
তদন্তর মাধব করিল দরশণ
প্রথম জুবতি এক জুবকমোহণ
সরবরে স্নাণ করি কক্ষে কুম্ভ করি
নিকেতণে গমণ করিছে বরণারি ॥ ৫৮৯
বশণ তিতিয়া গোপ্ত(৭) অঙ্গ দেখা জায়
মুখচন্দ্র শোভে তার পুর্ণচন্দ্র প্রায়
শোবর্ন্ন(৮) কুণ্ডল দুই শ্রবণে শোভণ
সুনাশা সুকেশা অতি সুচারুহষণ ॥ ৫৯০
শোবর্ন্ন অম্বুজকলী সম পয়ধর
করি-অরি নিন্দা করি মধ্য মনোহর
বশন্ত-কুকীল(৯)-স্বর জিনি তার স্বর
শ্রবণে জুবক জনে হয় মহোদর ॥ ৫৯১

১ মুক্তে তালধ্বজা নগরী। ২—দ্বিতীয় অমরাবতীর ন্যায়। ৩ লক্ষণ। ৪ বাড়ে দিনে। ৫—যাইয়া। ৬ সৈন্য। ৭ গুপ্ত। ৮ সুবর্ণ। ৯ কোকিল।

লোচণে জুবকজনে জদি দেখে তারে
কন্দর্পে প্রহারি শর মহযুক্ত করে
ধরাতলে ধন্য হেন আছে কোনজণ
শে কান্তাক দেখি ভ্রান্ত নাহী হয় মণ ॥ ৫৯২
পথে শঙ্গহিণ রামা করিছে গমণ
নয়ণে হেরিয়া তারে নৃপতিণন্দণ
রতিপতি শর প্রতি প্রতি প্রহারণে
শিতান্ত চিন্তিতচিত হইয়া দ্বিগুণে ॥ ৫৯৩
ভাবে শিজমণে এক্তে দিব্য বরাঙ্গণে
কখন লোচণে শাহি দেখী এ ভুবণে
এ অঙ্গণা শঙ্গে জদি অঙ্গশঙ্গ করি
তবে শে শফল জন্ম জে জন্মেক ধরি ॥ ৫৯৪
বয়শে জুবক বির্য্য শৌর্য্যে গুণালয়
বঠি লোকশকলের শ্রেষ্ঠ অতিশয়
জদি হয় ইন্দ্রের অঙ্গণা এহি জণ
তথাপি ইহারে আমি করিব রমণ ॥ ৫৯৫
পরের জোশীতা(১) শুশোভীতা মণোময়
হরণেত শশ্যপ্রতিক জেহি দোষ হয়
কার বা শামর্থ হেণ আছে এ ভুবনে
ঘুশীবে এ শব কথা কথপকথণে(২) ॥ ৫৯৬
জাত মম তাত বঠে জণগণস্বামি
অতি মতিমান প্রিয়পুত্র তার আমি
এমত ঘুদৃড়(৩) চিন্তি কামুক তখণ
শেনানী শেণাক ছুরে করিয়া স্থাপণ ॥ ৫৯৭
শেজে নিতম্বিনি মুণিজণ মণহরা
জে পন্থে(৪) করিছে গতি হয়া শঙ্গহারা(৫)
তত্র স্থাণ লাগী(৬) পরে ভুপালনন্দণ
অতিমতি ত্রস্তে গতি করিল তখণ ॥ ৫৯৮

ব্যাশের উক্তি যতি জৈমিণি তখণ
শ্রবণে শ্রবণ করি বলীল বচণ
ওহে গুড়(৭) পারায়ণ সত্যবতিশুণু(৮)
করি শিবেদণ কর্ণগত কর পুণ(৯) ॥ ৫৯৯
পরেস্বরতণয় মাধব গুণালয়
শান্ত দান্ত মহন্ত পণ্ডিত অতিশয়
শাস্ত্র বিদ্ধাধণ জাএে(১০) করি আরাধন
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ হয়াছে জ্ঞাপণ ॥ ৬০০
তাএে(১১) কলুশেত মণ কেণ মহাশয়
করিয়াছে কহ গুরু মিলিছে শংশয়
জৈমিণির শুরুচির গীর(১২) গন মুনী
বলীল বচণ সত্যবতিসুত মুণি ॥ ৬০১
হে জৈমিণি মুণি কর শ্রবণে শ্রবণ
অহঙ্কার কাম আর বিপুলতা ধণ
বিবেকী বেক্তির বেবেকতা(১৩) এহি তিনে
হনণ করেণ পুন্যদেহ হে জৈমিণে ॥ ৬০২
আচার্য্য(১৪) একথা শহে ওহে পুন্যালয়
বলী আর এক কথা কর কর্ণময়
ব্রহ্মাণ্ডমধ্যত দেখ আছে জে শকল
একমত চরিত্র তা নহেণ শকল ॥ ৬০৩
আত্মজের তাততুল্য শীল কভু নয়(১৫)
জণে জণে একমত শীলেক ধরয়(১৬)
তাহার প্রমাণ জণার্দ্দণ পঞ্চবাণ
ধিক শম্বরারী(১৭) হয়া শ্রীহরিশন্তাণ ॥ ৬০৪
তাহার জণক কৃষ্ণ দুরিতগণের
দুঃখ দুর করি কুল করে শংশারের
তাহার তণয় হয়া জণ শকলক
ক্ষণমাত্রে গতি করাএণ বিপথক ॥ ৬০৫

১ যোষিৎ। ২ কথোপকথনে। ৩ সুদৃঢ়। ৪ পথে। ৫—একাকিনী। ৬—সেই দিকে। ৭—গুরু। ৮ সত্যবতী সুত—সত্যবতী পুত্র। ৯ পুণ্য পড়িলে মিলিবে। ১২—বাক্য। ১৩ বিবেকতা—বিবেক। ১০—যে। ১১—সে ১৪—আশ্চর্য্য। ১৫—পিতার ন্যায় পুত্রের আচার হয় না। ১৬—প্রত্যেক লোকের ভিন্ন ভিন্ন আচার। যথা শ্রীকৃষ্ণের সন্তান প্রদ্যুম্ন। শ্রীকৃষ্ণ জগৎ ত্রাণ করেন। প্রদ্যুম্ন (কামদেবের অবতার) লোককে বিপথে লইয়া যান। ১৭—শম্বরের অরি প্রদ্যুম্ন।

শে কামি পুরুষ অতি বেগে করে গতি
.ভুগ দীর্ঘদক খুণাতুর মৃগপতি
তদগ্রায় করি ধায়া আইশে ভূপগুতে
দেখী দুখী জুবতি হইল শে স্থানেতে ॥ ৬০৬
একাকীণি শা রমনী চিন্তাযুক্ত হয়া
চিন্তা শাগরেত কুল ণা পায় চিন্তিয়া
হায় বিধি অন্ত বুঁঝি শন্ত কীবা কর
একাকী রমনী আমি শঙ্গহিনা পর ॥ ৬০৭
ণবীণ জোবণ মম বিশেষ পাস্থার(১)
ধায়া আশীতেছে এক্ষে পুরুষ দুর্ব্বার
বুঁঝিতে না পারি কিবা হয় মম কর্ম্মে
কীন্তু ধর্ম্মরক্ষিকক রক্ষা করে ধর্ম্মে(২) ॥ ৬০৮
বিধি বিধুমুখে বলিআছে দেবতারে(৩)
অবস্থে শে ধর্ম্মে রক্ষা করিবে আমারে
শে চারুহাশিণি শিতম্বিণী স্তুণয়ণা
এমত ভাবিয়া আর করে আলোচণা ॥ ৬০৯
এস্থাণত জদি তৃষ্টী(৪) থাকী এহিক্ষণ
কী জানী কী করে এহি পুরুষ দুর্দ্দ্যণ
অতঃপর স্থাণান্তর হৈতে জুক্ত(৫) হয়
রহিলে এস্থাণে হবে প্রাণের শংশয় ॥ ৬১০
এমত চিন্তিয়া চিত্তে কক্ষে কুম্ভ করি
পলায়ণে উন্তত হইল স্মরি হরি
তদন্তর পুন্যদেহ হে দ্বিজশন্তাণ
বেগক্রমে মাধব জুবতি-শন্নিধাণ ॥ ৬১১
উপস্থিত হয়া অগ্রে চারু করদ্বয়
প্রশারণ করি কহে করিয়া বিণয়
ওহে বরাঙ্গনে চারুদেহে শজোবণে
পলায়ণ কর মম প্রাণ হরি কেণে ॥ ৬১২

তব মুখ-মুখ প্রিয়ে করি বিলোকণ
ণিতান্ত আমার চিত্ত হৈল অচেতণ
কি ণাম তোমার বটে হে চঞ্চলাপাঙ্গী
কী নামে তোমার পতি বলহে চার্ব্বঙ্গী ॥ ৬১৩
কীবা স্বর্গ হৈতে করিআছ আগমণ
দাশীপ্রায় জল কেণ করহে বহণ
বক্ষে স্বর্ণকুম্ভ তুমি বহ সর্ব্বদায়(৬)
এমণ হইয়া কেণ কক্ষের ঘারায় ॥ ৬১৪
জলকুম্ভ বহণ করহে বরাণণে
এ অতি অদ্ভুত মানীলাম আমি মণে

*　　*　　*　　*　　*　　* ॥ ৬১৫

হে কল্যানী বিলোকণ　　কর এক্ষে পথ(৭)গণ
আতপেত তাপীত সঘণ
তাতে তব পদাঙ্গুল　　জেণ রক্ত জবাফুল
দীপ্তী করে হএণ দর্শণ(৮) ॥ ৬১৬
বলি তোরে হে ণাগরি　　পয়ঃকুম্ভ ত্যাগ করি
প্রিতি হায় ভজহে আমারে
তব এক্ষে দুখ্ খণণ　　মত্ত্দর্শণে(৯) বিমোচণ
হয়াছেণ যুন্দরী তোমারে ॥ ৬১৭
বিক্রম শামন্ত ভূপ　　প্রতাপে তপণ রূপ
তার প্রিয়পুত্র হই আমি
মাধব আমার ণাম　　বটি সর্ব্বগুণধাম
হব তব ভাবে বশগামী ॥ ৬১৮
মম বাম-দৃশ(১০)গণ　　তার মধ্যে অণুক্ষণ
শুভগা হইবা হে জুবতী
কুসুমশ্রেনীমধ্যাত　　ষট্‌পদের(১১) জেণ মত
প্রিতি হয় কুসুম মালতী ॥ ৬১৯

১—প্রাচুর। ২—যে ধর্ম্ম রক্ষা করে তাহাকে ধর্ম্ম রক্ষা করেন। ৩—বিধি দেবতাগণকে এই কথা বলিয়াছেন। মূলে আছে, ধর্ম্মস্তু রক্ষতঃ সর্ব্বে। ৪—স্থিতি। ৫—উচিত। ৬—সর্ব্বদাই। ৭—পথ। ৮—দেখা যায়। ৯—আমায় দেখিয়া। ১০—স্ত্রী। ১১—ষট্‌পদের।

হে অবলা শেপ্রকার তুমিহ(১) হইবামার
ভজি ভুজে করহ বন্ধণ
জদী মোরে ণা ভজিয়া অতি গর্ব্ব(২) যুত হয়া
ইৎস্যা কর করিতে লঙ্ঘণ॥ ৬২০
তথাচ ত্যাগ তোমাক না করিব নিষ্টবাক
জানীবা সুন্দরী তুমি শার
জাত আমি রাজসুত বলবির্য্য শর্য্য(৩) যুত
বিশেশত এ রার্য্য আমার॥ ৬২১
বলিতেছে ব্যাষ বত্তি ওহে বিপ্র মহামতী
সুণ মণ একান্ত করিয়া
শেজে নিতম্বিনী ধনী মাধবের গীর সুনী
পন্থ ছারি কীছু দুরে গীয়া॥ ৬২২
তত্র স্থাণে হয়া স্থিত অধমুখে সুবিনীত
বলীতেছে মাধবের তরে
ওহে বীর গুণবন্ত পরস্বামি(৪) এ পর্য্যন্ত
সুণে ণাহি বাক্যগণ মোরে॥ ৬২৩
শুভ্র ভাগী লর্য্য(৬) তত বলী আমি হতগ্রত
ওহে বীর গুণের আলয়
খেত্রীয় বংশত্ত জাত সুবাহু ণামত খ্যাত
তার আমি বঠি প্রাণপ্রিয়॥ ৬২৪
দেবতা অর্চ্চণ হেতু জল ণেই পুণ্যশেতু
মম নাম চন্দ্রকলা খ্যাণ
এজে তুমি উক্তগন করিতেছ অণুক্ষণ
তব কুল-চিত(৭) নহে জান॥ ৬২৫
তব বংশত্তব(৮) গণ সকলে শরল
পর রমনীত ণপুংসক শে শকল

আমি একাকীনী তুমি খেত্রি সুদুর্দ্ধর(৯)
মোরে বলে আলিঙ্গীলে কী জশস্যা(১০)হয়॥ ৬২৬
পরঙ্গণা-অঙ্গ-শঙ্গে ক্ষণমাত্র সুখ
অপকীর্ত্তি শেষে সতকল্পাবধি দুখ
ওহে শুর(১১) এহি ভুমি কর্ম্মভুমি জাণ
পুণ্যকর্ম্ম করণেত ইহাত (১২) বিধাণ॥ ৬২৭
তাহা ণা করিয়া চিত্ত পরস্ত্রীহরণে
ণিবেশন কর ইহা না কর আপণে
লোভ হইতে দুষ্ট কাম হয় প্রবর্ত্তণ
কাম হইতে প্রবর্ত্ত হএণ পাপগণ॥ ৬২৮
পাপ তণু হৈলে কালে আক্রম করিয়া
দুস্তর ণরকে পরে স্থিতি করে ণিয়া
শকল শৎগুণ(১৩) তব বের্য্য(১৪) মহাশয়
তব এজে জন্ম শেহ বিফল ণিশ্চয়॥ ৬২৯
জাত কামবসীভুত হইয়া আপণে
পরণিতম্বিণিরে আখিঙ্খা(১৫) কর মণে
চর্ম্ম মাংষ মুত্র বিষ্টা অস্তিতে(১৬) ণিশ্চিত
এজে মম কলেবর হয়াছে গঠিত॥ ৬৩০
লোচণে তাহারে তুমি করি বিলোকণ
স্মরশর বশীভুত হৈছ এ কেমণ
পুণ্যফলে নৃপকুলে হইয়া জণণ
শবিতানন্দন(১৭) ভয় না কর গনন॥ ৬৩১
মস্তক উপরে তাঞ শবর্ষ্টি হয়া
গর্য্যিতেছে তাক তুমি না চাও ফিরিয়া(১৮)
বরিষ গ্রশণ বৈশা মিণগণ করে
জাণ জ্ঞাণহিণ তারা নিতান্ত অন্তরে(১৯)॥ ৬৩২

১ ভুমিত। ২ গর্ব্ব। ৩ শৌর্য্য। ৪—পরপুরুষ। ৫ তনু। ৬ লজ্জা। ৭ কুলোচিত। ৮ বংশোদ্ভব। ৯ দুর্দ্ধর্ষ। ১০ যশ। ১১ শূর। ১২—এখানে। ১৩ সদ্গুণ। ১৪ বার্য্য। ১৫ আকাঙ্ক্ষা। ১৬ অস্থিতে। ১৭—যম। মূলে আছে "সৌরেয়ত্বা ন বিবেক্ষি কিম্?" ১৮ মূলে আছে, "মস্তকের উপর গর্জ্জনকারী মেঘবাহক সর্পকে কি দেখিতেছেন না?" "মস্তকোপরি গর্জ্জন্তং মেঘবাহ সর্পমালিকম্" ১৯—মৎস্যগণ বড়িশ গ্রাস করে। তাহারা জ্ঞানহীন। "গ্রসন্তি বড়িশং মৎস্যাস্তে সর্ব্বে জ্ঞানবর্জ্জিতাঃ।"

পাপ বড়শীরে জ্ঞানীচিত্র জণগণ
দৃঢ় জানীয়া তারে করেণ গ্রশণ(১)
তিনোলোকে বিবেকী জণার মহাশয়
শম্পদে পরম পদ তার শুণিশ্চয় ॥ ৬৩৩

বিবেকবিহিণ জণশকলে আপদ
প্রাণপোণে নিজমণে মাণেণ শম্পদ
শরলা(২) অবলা চন্দ্রকলার বচণ
কামবশ মাধব তা করিয়া শ্রবণ ॥ ৬৩৪

হে জৈমণী বিণয়পূর্ব্বক বলে তারে
হে কল্যানী তব বাক্যশায়কে আমারে
জর্জ্জরীত জথোচিত করিলেণ মণ
ত্রাহি ত্রাহি প্রিয়ে মোরে লইলাম শরণ ॥(৩) ৬৩৫

ওহে নিতম্বিনী মুনিজণমনোহর
জে প্রর্য্যন্ত(৪) থাকে স্ত্রীর জৌবণ শুন্দর
শে কাল পুরূষে ভালবাশেণ তাহারে
জৌবণবিহিণ হৈলে শে ণারিক ছারে ॥ ৬৩৬

জেণ হিমে বিষশেষ(৫) ণলীনীর বণে
আগমণ কখণ ণা করে ভৃঙ্গগণে(৬)
হে হরিনীণেত্রে হয়া প্রশীদ আমাত
রক্ষাং কুরূ শেবকের শুখ অশঙ্খ্যাত ॥ ৬৩৭

নিরাশা(৭) তোমার বাক্য করিয়া শ্রবণ
আমার হৃদয় প্রিয়ে করিল ভেদণ
মাধব-উক্তী শে জুবতী বুঝি পরে
সদয় হৃদয় ভাবে বলীল তাহারে ॥ ৬৩৮

ত্যজ দুখ লভ শুখ ওহে মহাবীর
বলী আমি তাহা তুমি মণ কর স্থীর
জেজণ তোমার দুখ্খ করিবে মোচণ
শ্রবণ দ্বারায় কর শ্রবণ অখণ ॥ ৬৩৯

শমুদ্র ওপারে প্লক্ষদ্বিপ(৮) মণোময়
দিব্যাস্ত(৯) ণামেত পুর শক্রপুর(১০) প্রায়
গুণাকর ণাম ণরেশ্বর শ্রেষ্ট তাত
শরীর শংযুক্ত তার গুণ অশংখ্যাত ॥ ৬৪০

প্রতাপে জলণসম(১১) শম বলী তার
নাহি শুণিশ্চয় জাণ ভূবণ মাঝার(১২)
শুশিলা নামত খ্যাত তার নিতম্বিনী
শকল লৈক্ষণ(১৩) জুত চঞ্চলণয়নী ॥ ৬৪১

শেবায় শেবিআ বশ করিআছে পতী(১৪)
শদয় হৃদয় তার জনগন প্রতী
তার কুক্ষিস্তবা(১৫) শুলোচণা ণাম কন্যা
শকল অপ্সরা রূপ জিণি রূপে ধন্যা ॥ ৬৪২

এভুবণে কোণ জণ আছেণ এমণ
তার রূপ গুণ জত করিবে বর্ণণ
তার সম শুরূপুণী(১৬) ণাহি ত্রিভুবণে
কৃপাণিধি বিধি বুঝি শৃজীছে আপণে ॥ ৬৪৩

আর মন্ত্র মুক্তিক করিতে তদন্যার
বহু জত্ন করিছিল ণা হইল তার
ওহে মহাবীর নৃপগুত গুবিণয়
শে কন্যার পাণী মোক জানীব নিশ্চয় ॥ ৬৪৩(১৭)

১ মূলে আছে, আপনি যদি জ্ঞানী, তবে পাপরূপ বড়িশ কেন গ্রাস করিতেছেন ? 'জ্ঞানী চেৎ পাপবড়িশং ভবান্ কস্মাৎ গ্রসিষ্যতি ?" ২ সরলা। ৩ এইখানে মাধবের বাক্য শেষ হওয়া উচিত। পরের কথাটা চন্দ্রকলার। মূলে এখানে আছে "চন্দ্রকলোবাচ।" ইহা মাধবের মুখে কিছুতেই দেওয়া যায় না। ইহা অনুবাদকের একটি বিশেষ ভুল। ৪ পর্য্যন্ত। ৫ বিস-শেষ—মৃণালমাত্র যাহার অবশিষ্ট। ৬ এই পর্য্যন্ত চন্দ্রকলার বাক্য হওয়া উচিত। তারপর মূলে আছে "মাধব উবাচ"। ৭ মূলে আছে "নীরসাং "বাচম্।" ৮ প্লক্ষদ্বীপ। ৯ দীবাস্তী। ১০=ইন্দ্রের পুরের মত। ১১=প্রতাপে অনল (অগ্নির) মত। ১২=তার সমান বলী (বলবান্) পৃথিবীতে নাই। ১৩=লক্ষণ। ১৪=সেবাদ্বারা স্বামীকে বশ করিয়াছে। ১৫=গর্ভজাত। ১৬ সুরূপসী। (১৭) এই স্থলে ৬৪৩ সংখ্যা দুই বার দেওয়া হইয়াছে।

শম্প্রতী এদেষ প্রান্তি দৈবে আগমণ
হয়াছে আমার শার জাণ এ কথণ
সুন্দরী তাহার শম শাহি কে ভূতলে
তোমার শুন্দর তুল্য শাহি ভূমণ্ডলে ॥ ৬৪৪
জদি স্বর্গভোগ ইৎসা কর নিজমণে
বিভাহে (১) গ্রহণ তারে করহে আপণে
হে ভূপণন্দণ পঞ্চাণণ জম্বুকীক
নিজ ক্রোড়ে করে কী ছারিয়া করীনীক ২ ॥ ৬৪৫
আমি হে জম্বুকী তুমি মৃগেন্দ্রের প্রায়
পরিত্যাগ করিতে তোমার বুক্ত হয়
উর্দ্ধযগী(৩) পুরুশে লক্ষ্মী লভেণ নিশ্চয়
উর্দ্ধযোগবিহিণ হৈলে কীছু শিদ্ধ(৪)নয় ॥ ৬৪৬
ব্যাষ নিগদন্তী হে জৈমিনী তপোধণ
মাধব মাধবার্চ্চক (৫) বিক্রমণন্দণ
শ্রবণ দ্বারায় করি শ্রবণ শে কথা
হৈল কুমারের দুর মন্মথের বেথা ॥ ৬৪৭
বলীছে মাধব বীর হে কমলাণণে
কি চিন্হে (৬) চিণিব শে শবিণা শুলোচণে
হে শুশ্রুনী (৭) অণুগ্রহ করি শে কথণ
কহ তাহা করি আমি শ্রবণে শ্রবণ ॥ ৬৪৮
আর শুদুস্তরারব মাণুশে কেমণে
হবে পার কহ শ্যার ওহে বরাণণে
মম শঙ্গে শে জণার কেমতে দর্শণ
হবে অণুগ্রহ করি কহ শুভাণণ ॥ ৬৪৯
চন্দ্রকলা বদন্তী জুবক ভূপশুত
জে চিন্হে চিণিবা তাহা কর কর্ণভূত

তার বাম জঘণেত আছে এক তীল (৮)
তিলের আকৃতি শেহি তিল হে শুশীল ॥ ৬৫০
তাক দরশীলে শুলোচণা বিজ্ঞাপণ
হবা আর বলী শার করহে শ্রবণ
গন্ধীণী শামত মালাকর প্রিয়শতী(৯)
রাজণ শদণ(১০) কাছে তাহার বশতী ॥ ৬৫১
থাকী তুমি তার বাশে(১১) হে ভূপণন্দণ
সহশা সে শুলোচণা হবা দরশণ
সতক্রতু অশ্ব(১২) উস্বশ্রবা(১৩) মহাত্মান
ভদ্রশ্রবা শামে অশ্ব তাহার শন্তাণ ॥ ৬৫২
তব বাজিশাল(১৪) মাজে আছে মহাশয়
তার জব(১৫) তুল্য বায়ু হয়কী না হয়
দুখহিনে শুখে শেহি অশ্বে আরহিয়া
আগমণ শমুদ্রান্ত হও তুমি গীয়া ॥ ৬৫৩
চন্দ্রকলা-বালা-বাণী করিয়া শ্রবণ
শমান্থে শনিকেতণে করিল গমণ
শে বেলা শরলা চন্দ্রকলা মহাশতী
জলকুম্ভ কক্ষে করি গেলেন বশতী ॥ ৬৫৪
কল্যাণীর বাক্য চিত্তে করি উদিরণ
কুশমশায়কে হয়া জর্জ্জরিতমণ
চিন্তণে আকুলচিত্ত হইয়া দ্বিগুণে
প্রবেশীয়া শীলবাণ আপণ ভুবণে ॥ ৬৫৫
তুরঙ্গমশাল(১৬) মাজে হইয়া প্রবেষ
করি পুট-পানী বানী বলেণ অশেষ
ওহে তরঙ্গম(১৭) তোরা শবে বলবাণ
অগর শকল তোরা গুনসংজুক্তান(১৮) ॥ ৬৫৬

১ বিবাহে। ২ মূলে আছে "শৃগালীকে ক্রোড়গত পাইলেও সিংহ কি হস্তিনীকে গ্রহণ না করে?" ৩ উদ্যোগী।" ৪ সিদ্ধ। ৫=মাধবের (বিষ্ণুর) অর্চ্চনাকারী। ৬ চিহ্নে। ৭=সুশ্রোণি। ৮ তিল ৯=গন্ধিনী নামে মালাকারপত্নী। ১০=রাজপ্রাসাদের নিকট। ১১=আবাসে। ১২=ইন্দ্রের অশ্ব। ১৩ উচ্চৈঃশ্রবা। ১৪=অশ্বশালায়। ১৫=বেগ। ১৬=অশ্বশালা। ১৭=তুরঙ্গ। ১৮ গুণসংযুক্ত।

বংশের তোমরা শবে লক্ষণে লক্ষীত
দুর্ব্বার পারাবার আমাক শহীত(১)
নজ্বণ পবণশম বেগে অতিশয়
হৈতে পার কার শক্তি আছে অশ্বচয় ॥ ৬৫৭
তাহা বল আমি করি শ্রবণে শ্রবণ
হোক শান্ত কামাক্রান্ত মম গাত্র মণ
মাধবের বীর হেণ শুণী অশ্বগণ
অশ্বের অন্তের মুখ করি আলোকণ(২) ॥ ৬৫৮
বিস্মিত হইয়া মৌণ হৈল শে শময়
হিংশ্র শীর্ণ কলেবর এক হয়(৪)
শমস্ত লক্ষণযুত অতি দুখ্খবাণ
বলীলেণ মাধবেক হয়া শবিধাণ ॥ ৬৫৯
আমি পার পারাবার তোমাক শহিতে
হৈতে পারি শংশয়বিহিণ হও চিতে
হে ভূপনন্দণ কীন্তু কর কর্ণগত
জে প্রকার আমার হয়াছে দুখ্খ জত ॥ ৬৬০
অস্তের অশণ অবশীষ্ট তীর্ণ(৫) চয়
শেহি শব হে মাধব মম শণে(৬) হয়
গ্রন্থিকোটীযুক্ত(৭) রজ্জু বন্ধণ আমার
অপর শ্রবণে মণ কর গুণাধার ॥ ৬৬১
শপ্নেও কখণ জবাদীত্তক্ষচয়(৮)
শাহি হয় আখী অগ্র(৯) হে নৃপতণয়
অন্ন উপভোগের কী কথা আছে আর
বলীলাম তবাগ্রত এহী দুখ্খ শার ॥ ৬৬২
হে বৎস শৌর্য্য বীর্য্য মধুরবচন
বিক্রম করিতে শা পারেণ কদাচণ

কাষ্ঠ ঘৃত বিহিণেত জেমত্ত অণল
শা হওণ পর্য্যালাপ আপণে কেবল(১০) ॥ ৬৬৩
আর যন্য অশ্বগণ   ভূষণেত বিভূষণ
দেখ তুমি আমি এহিমত
শর্ব্বাভরণে ভূষণ   হইলে ও স্বাণগণ(১১)
শা হওণ মৃগেন্দ্রের মত ॥ ৬৬৪
তোমাক লইয়া আমি   শশাগরা শৈলভূমি
প্রদক্ষিণ করিব ক্ষণেকে
জেথাণেত ইচ্ছা তব   হে রাজপুত্র মাধব
শে স্থাণেত লইব তোমাকে ॥ ৬৬৫
বলীছে মাধব বীর   এদোষ মম পিতৃর(১২)
ক্ষেম তাহা শকলে আপণে
অদ্য ওহে অশ্ববর   করি তোরে অভ্যান্তর(১৩)
অশ্বশাল হইতে অখণে ॥ ৬৬৬
পরে জদি দুখ্খ দেয়   শাধু শদা শা ধরয়
তাহার প্রমাণ বলী শুণ
শলীলেরে বৈশ্বাণর   তপ্ত কৈলে অশ্ববর
শিতলতা গতী হয় পুণ(১৪) ॥ ৬৬৭
পুষ্ট কীম্বা কৃশ হয়   আপণ শভাব চয়
কভু পরিত্যাগ শা করেণ
প্রদীপস্থ বৈশ্বাণরে   দাহ করে শিরন্তরে
শুদুর্গম বিপীণেক জেণ(১৫) ॥৬৬৮
শাধুজণগণ অতি   শতত যুক্ত মতী
মিত্র শত্রু শমভাব তায়
জণগণ ইক্ষুচয়   দলীত জদী হয়
তবু তারে স্বাদ দেয় শায়(১৬) ॥৬৬৯

১—আমাকে লইয়া। ২—পরস্পরের মুখ চাহিয়া। ৩ শীর্ণ। ৪—অশ্ব। ৫ তৃণ। ৬—আমার অপর (অন্য)। ৭—কোটিগ্রন্থিযুক্ত বন্ধনরজ্জু। ৮ মূলে আছে "বামা প্রভৃতি যাহা আমি স্বপ্নেও দেখিতে পাই না।" ৯ আঁখি অগ্র। ১০—কাষ্ঠ ও ঘৃত বিহনে অনল আপনি প্রজ্বলিত হয় না। ১১—কুকুর সকল। ১২—পিতার। ১৩—অভ্যন্তর। ১৪—অগ্নিতাপে জল তপ্ত হইলেও অল্পকাল পরেই আবার শীতল হইয়া যায়। ১৫—প্রদীপের অগ্নি দুর্গম বনকে দাহ করিতে পারে। ১৬—যে ইক্ষু উৎপাটন করে তাহাকেও ইক্ষু মিষ্ট রস দেয়।

এমত বচণ শে রাজণন্দণ
কহিয়া তখণ বন্দি অশ্বেরে
দিল বিজাশয় শীগ্রে অতিশয়
হে দ্বিজতনয় বুণহে পরে ॥ ৬৭০
জবাদি তখণ আর তৃণগণ
অপর ওদণ দেয় তাহারে
খায় প্রতীদীণে শরীর জতণে
খারে(১) দীণে দীণে শেচ্ছুর বয়ে ॥ ৬৭১
কত দীণান্তরে শে রাজকুমারে
প্রচেষ্ট ভৃতেরে লইয়া শঙ্গে(২)
শুভক্ষণ চায়া অশ্বে আরহীয়া
খুন্ন(৩) পথে ধায়া পরমরঙ্গে ॥ ৬৭২
লঙ্ঘী পারাবার বিক্রমকুমার
দিবাস্তি-মাঝার(৪) প্রবেষ হৈল
শক্রপুর প্রায় বিছাতের ন্যায়
শুউর্ব্যলতায়(৫) শোভা অতুল ॥৬৭৩
গন্ধিণী ণামত জরাবস্থারত
হে দ্বিজ মহত মাধব তারে
করি বিলোকণ হয়া হর্ষমণ
কোমল বচণ বলেণ তারে ॥ ৬৭৪
হে বৃদ্ধে মাতয়(৬) কর্ণগত কর
নিবেদণ মোর তব আলয়
একদীণ থাকী এহি বাঞ্চা(৭) রাখী
আজ্ঞা হয় বাকী বলহে তায় ॥ ৬৭৫
মহত-শন্তাণ বটি ধণবাণ
মাধবআখ্যাণ জাণ আমার
এমত বচণ গন্ধিনী তখণ
করিয়া শ্রবণ হর্ষ্শ অপার ॥ ৬৭৬

আতিত্য(৮)-করণে ইৎচ্ছা করি মণে
গন্ধীণী তখণে জাইয়া ঘরে
মহত মহত ভক্ষদ্রব্য জত
লাগে জত তত দিলেণ তারে ॥ ৬৭৭
দীয়া দ্রব্যচয় আপণআলয়
গেলেণ ত্বরায় হর্ষ্শ হইয়া
মাধব তখণ খাদ্যদ্রব্যগণ
করিল গ্রহণ আণন্দ হয়া ॥ ৬৭৮
মাধবের ভক্ত শে মাধব গুণালয়
রজনীত শুচিন্তিত হয়া অতিশয়
প্রভাত বিমলকালে গন্ধীনী-অগ্রত
আদীঅন্ত কথাগণ কহিল শমস্ত ॥ ৬৭৯
দৈবে সেইদিনে সুলোচনা সুন্দরীর
গন্ধাদীবাশণ কর্ম্ম(৯) ওহে বিপ্র ধীর
গন্ধীনী মাধববানী করিয়া শ্রবণ
বলীলেণ গন্ধাদীবাশণ কর্ম্মগণ ॥ ৬৮০
ওহে দ্বিজ পুন্যবীজ বিক্রমকুমার
গন্ধাদীবাশণ কর্ম্ম শুনীয়া কন্যার
শোকপারাবারে পার ণা পায়া তখণ
নিমগ্ন হইল তদা নৃপতীণন্দণ ॥ ৬৮১
মণে বলে জার অর্থে(১০) রাজ্য নিকেতণ
বান্ধব শকল আর শুখেক বর্য্যণ(১১)
করিয়া জলধী লঙ্ঘীলাম শুজতণে(১২)
অদ্য তার অধিবাষ হয় দৈবাধীণে ॥ ৬৮২
বিফল শকল শ্রম হইল আমার
কেবল করিলাম মাত্র দুখ্খেক আধার,
কীন্তু লোকশকলে বলেণ এহিমত
উর্দ্যোগ করিলে শীদ্ধ হয় কর্ম্ম জত ॥ ৬৮৩

---

১ ঘাড়ে। ২ প্রচেষ্ট নামক ভৃত্যেরে সঙ্গে লইয়া। ৩ শূন্য। ৪—দীবান্তী নামক নগর মধ্যে। ৫ স্ব—উজ্জ্বলতায়। ৬ মাতঃ। ৭ বাসা। ৮ আতিথ্য। ৯—সেইদিনেই সুলোচনার বিবাহের অধিবাস হইতেছে। ১০—জন্য। ১১ বর্জন। ১২ সুখভোগে।

না জানীয়া শাবশেষ কার্য্যেক কথন
ভয়স্তম(১) না হইবে শাধুজণগণ
এ প্রকার পুণ পুণ চিন্তা করি মণে
মালার পুষ্পের দলে বৃতান্ত জত্তনে ॥ ৬৮৪
লিখিলেণ বিস্তারিয়া মাধব তখণ
বলী তাহা হে জৈমিনী করহে শ্রবণ
হে কন্যে মাধব ণামে আমার আখ্যাণ
তালধ্বজ-রাজ্য-অধিপতী মহাত্মাণ ॥ ৬৮৫
বিক্রমনামেত ভুপ তাহার তনয়
বঠি ওহে শুলোচণে জাণ শুনীশ্চয়
তব দাশী মম দেশে আছে একজণ
চন্দ্রকলা ণাম তার অতি বিলক্ষণ ॥ ৬৮৬
তার শুবদণে তব গুনগ্রামগণ
আপণ শ্রবণে প্রীয়ে করিয়া শ্রবণ
তব গুনগ্রাম অম্লবেত মম চিত
অতিরিক্ত নিমগ্ন হইয়া শুনিশ্চীত ॥ ৬৮৭
তুরঙ্গ আড়ূর(২) হয়া লঙ্ঘী পারাবার
আশীআছী তব হেতু পুরিত(৩) তোমার
বর বরভাবে(৪) মোরে কমলণয়ণে
এ শংশারমাঝে তোমা লয়াছী শরণে ॥ ৬৮৮
হে জুবতী [illegible] তুমি জে প্রকার
আমী বীণে মণ্য জণে ণা জাণেণ শার
পদ্মিনীর [illegible]গণ ভৃঙ্গ বিণে জেণ
দাদুর(৫) শকলে তারে কভু ণা জাণেণ ॥ ৬৮৯
দ্বিজরাজ শনীলদ গগণে উদয়
ওহে শুলোচণে কন্যে কেবা ণাহি [illegible]
তথাপী কুমদবণ কলাণিধি বিণা
মস্তক কখণ তারা শকলে ভজেণা(৬) ॥ ৬৯০

ওহে দ্বিজ পুন্যবীজ বর্তী হে জৈমিণে
বলী পরবিবরণ শুণ তা শ্রবণে
শেজে বীর শুধীর ধুমতী অতিশয়
এ প্রকার লিখণ লীখীয়া শে শময় ॥ ৬৯১
নিজকর-করজ-অঙ্গুরি(৭) শমভ্যায়
গন্ধীনীক বিণয়পূর্ব্বক শুণাধার
নিজকর হণে তার করেত অর্প্পণ
করিল শুশীল ধীর মাধব তখণ ॥ ৬৯২
পুষ্পমালাতল করি শে মালা অঙ্গরী
ক্ষিতিপতীষুতা কাছে মালাকারণারি
অতিতরাতরি করি হয়া উপণণ(৮)
পুষ্প মাণাঙ্গুরী তাক করিল অর্পণ ॥ ৬৯৩
অতিশয় ভয় হয়া শে জয়া(৯) পদ্মিনী
কীছু দুরে রৈল তদা জোর করি পানী
ভূপতীণন্দিণী গন্ধিনীর দত্ত মালা
আর করকরজঅঙ্গুরী শে অবলা ॥ ৬৯৪
পায়া তারে ধীরে ধীরে করে ণিরক্ষণ
পণ্ডিতা ভূপতিকন্যা হইল আপণ
ওহে দ্বিজ পুন্যবীজ শুণ তার পর
শে কন্যা বিস্ময়া হয়া উচিত্ত উত্তর ॥ ৬৯৫
মাধবের পত্রপৃষ্টে লিখীল তখণ
জে লিখীল তাহা বলী শুণ দ্বিজমণ
হে রাজতণয় গুণালয় মহাশয়
কর্ণগত(১০) করিলাম তব বাক্যচয় ॥৬৯৬
শমুচিত মম বাক্য করহে শ্রবণ
শত্ত্ব অস্ত হবে মম গন্ধাদীবাশণ
[illegible]
পিতৃর শম্মত কার্য্য কে পারে লঙ্ঘীতে ॥ ৬৯৭

১ জয়োল্লাস। ২ আরূঢ়। ৩—পুরীতে। ৪—বররূপে বরণ কর। ৫ দর্দ্দুর—ভেক। ৬ মূলে আছে "শুভ্র ও জলদ প্রভৃতি আকাশে কি না উদিত হয়! কিন্তু কুমুদিনী চন্দ্র ভিন্ন কাহাকেও ভজনা করে না।" ৭—নিজ হস্তের অঙ্গুলি হইতে অঙ্গুরীয়ক। ৮—দ্রুত উপস্থিত হইয়া। ৯—মুদ্রা ১০ কর্ণগত।

কার্য্য শীদ্ধ হবে হেতু(১) শ্রম করে জণ
কার্য্য শীদ্ধ হৈলে শ্রম হয় শমাপণ
অশীদ্ধ হইলে কার্য্য শ্রমমাত্র শার
তবু তব হিত বলী হে রাজকুমার ॥ ৬৯৮
জাত মম অর্থে মোহদধীরে(২) লঙ্ঘণ
করিয়া আশীছ তুমী আমার ভূবণ
জে প্রকারে আমাক তোমার লাভ হয়
তাহার উপায় বলী কর কর্ম্মময় ॥ ৬৯৯
নাণা অলঙ্কারে কলেবর বিভুশীয়া
বিদ্যাধর(৩) বর অগ্রে উপণিত হয়া
প্রদক্ষীণ করিব করিয়া উদ্ধ কর(৪)
লইতে শামর্থ জার শেহি মোর বর ॥ ৭০০
শত্য শত্য পুণ শত্য লিখীলাম পত্রেতে
অন্যথা একথা ণা হইবে কোণমতে ॥ ৭০১
এমত লিখণ লিখীয়া পরে
দীণ হর্শমণে গন্ধীনী করে
লিখন করেত করিয়া পাছে
খিপ্র চলী গেল মাধব কাছে ॥ ৭০২
মাধব শন্নিধ্য হইয়া স্বীত
কন্যার লিখণ দীল তুরিত
জে লিখা লিখীছে পত্রে কন্যার
পরিয়া(৫) মাধব জানীল তায় ॥ ৭০৩
হর্শযুত হয়া রাজণন্দণ
পুণর্ব্বার পত্র লিখে তখণ
জে উক্ত করিছ চার্ব্বঙ্গি(৬) কন্যা
পুন্যকুণম্ভব(৭) তুমি শে ধন্যা ॥ ৭০৪
জে শম্মত(৮) লিখীআছ আপণে
করিব তা শংশয় ণা কর মণে
ওহে দ্বিজবর পত্রকথণ(৯)
শ্রবণে নিজুক্ত করহে মণ ॥ ৭০৫
লিখণ জবাব গন্ধিনী করে
দীল হর্শ মণে মাধবে পরে
লিখণ লইয়া দ্রুত গন্ধিনী
উপস্থিত হৈল জথা কল্যানী ॥ ৭০৬
মাধবের পত্র তাহাক দীল
পত্র সুনি(১০) কন্যা হর্শ শীত হৈল
পুণঃ পুণঃ হয়া বিস্মিতা অতি
মণে মণে গুণে শে গুণবতী ॥ ৭০৭
এমত শংশয় কার্য্য এরূপ
করিল স্বিকার আণন্দমণ
বুজি তবে শহে মাণব ইণি
জাদব মাধব কী বজ্রপাণী ॥ ৭০৮
ইহকালে পরকালেত আর
সেহভূমী স্ত্রীর পতী শে শার
তাহারে ণা করিয়া শন্দর্শণ
বরণ উচিত শহে কখণ ॥ ৭০৯
এমত মণত চিন্তি শাদ্ধি(১১) ণারি
মুহু মুহু অতি নিশ্বাষ ছারি(১২)
স্নাণ ছলে চলে রাজণন্দিনী
শঙ্গেতে লইয়া বৃদ্ধা গন্ধিনী ॥ ৭১০
গন্ধিণীর কর করেত করি
খিপ্র(১৩) করি চলে রাজকুমারী
ক্রায়া গন্ধিনীর গৃহেত পরে
ঘণ ঘণ তারে ভলাব(১৪) করে ॥ ৭১১
মাধব অর্চ্চক মাধব অতি
নিদ্রায় আকুল হইয়া মতী

১—কার্য্য সিদ্ধ হইবে বলিয়া। ২ মহোদধিরে—মহাসাগর। ৩ বরের নাম বিদ্যাধর। ৪ মূলে আছে, বাম হাত ঊর্দ্ধ করিয়া রাখিব "জো রাজকুমর বীর কুন্দোব্দি ছাড়তে যায়।" ৫ পড়িয়া। ৬—চার অঙ্গ বিশিষ্টা। ৭ পুণ্যকুলোদ্ভব। ৮ মূলে আছে 'তুমি যাহা লিখিয়াছ তাহাতে সম্মত আছি।' ৯—পত্রের কাহিনী। ১০ শুনি। ১১ সাধ্বী। ১২ ছাড়ি। ১৩ ক্ষিপ্র। ১৪—সোহাগ।

মস্তক(১) উপর অস্তি ভুখেতে
শিদ্রা গীয়াছেণ বিক্রমশুক্তে ॥ ৭১২
ত্রিভুবনধন্যা রাজকন্যা শে শময়
দেখে মাধবক রূপবন্ত অতিশয়
ফুলধণুপানী(২) জিনী রূপবন্ত অতি
দেখী রোমাঞ্চিততণু হইয়া জুবতী ॥ ৭১৩
অণুক্রমে তার অঙ্গ করেণ দর্শণ
জেহি জেহি স্থাণে তার যুগণ শয়ণ
মজিছে ভজিছে শেহি স্থাণ মাত্র শার
অন্য স্থাণ নৈলে আখি শায় কষ্ট তায়(৩) ॥ ৭১৪
মণে মণে শুণে(৪) রাজশুতা গুণবতী
শাক্ষাত কন্দর্প কিবা বঠে লক্ষীপতী
অথবা হইবে ইন বিবুধ-ইশ্বর
নতুবা হইবে বুঝি ইশ্বর শঙ্কর ॥ ৭১৫
জগত মাঝারে হেণ রূপবাণ জণ
শাহি হয় কদাপী ণা হবেণ কখণ
হরিনীণয়ণী মণে ভাবেণ তখনী
বুঁঝি মভক্তিতে তুষ্ট হয়া পদ্মযুনী(৫) ॥ ৭১৬
জেমত সুন্দরী আমী সুন্দর তেমত
সসর্য্যহ(৬) স্বামি মোর করিছে জগ্রত
সকল আমার জন্ম হৈল অদ্য হণে
অদ্য হণে প্রানণাথ মোর এহিজণে ॥ ৭১৭
শংসয় আমার চিত্ত শাহিক ইহাত
এমত করিয়া উক্ত মণে শে বেলাত
নিজ নিকেতণ বলী গমণকারণ
পিতাস্থ কন্যার হৈল উত্রাবণ মণ ॥ ৭১৮
তারপর শবিণয়পূর্ব্বক গঙ্কিণী
ধরাপতীণন্দীনীক বলীল তখণী

হে কন্যে আমার বাক্য করহে শ্রবণ
কি মূর্ত্তিতে এ জণেরে করিলা দর্শণ ॥ ৭১৯
শিদ্রাগতে কীরূপ হএণ জণগণ
তুমি জদিমাজে ভদ্রে বুঁজহে অখণ
জে ভাতি শুরুপে করে শে ভাতি নিদ্রায়
না হএণ কদাপী তা বলীলাম তোমায় ॥ ৭২০
উস্বাস(৭) গাত্রকম্প হয় যণে ঘণ
হয় শে জণার আর মন্দ শয়শণ
হে মৃগণয়নী ধনী শকল তাহার
মৃতু চিন্ন তুমি বুঁঝ হৃদয়মাঝার ॥ ৭২১
এ বলী কন্যাক ক্রোধ হয়া অতিশয়
দশণে দংশণ অধরেরে শে শময়
করি করে মাধবের করেক মর্দ্দণ
করিয়া বলীল ঘোর গস্তির বচণ ॥ ৭২২
উঠ উঠ হে দুর্ম্মতী তোমাক দেখীতে
আগমণ রাজকন্যা হয়াছে ত্বরিতে
শুণি গঙ্কিনীর বানী সম্ভ্রাস্ত(৮) মণে
উঠিল শুশীলযুক্ত মাধব তখণে ॥ ৭২৩
শুরচির-আখী শুখী কন্যাক তখণ
অগ্রত মাধব তারে করিল দর্শণ
তার অঙ্গপ্রভায় ব্যাপীত দিগচয়
হয়াছেণ শুণ পরে হে দ্বিজতনয় ॥ ৭২৪
বশনে বদন আধ ঢাকীল লর্জ্জায়(৯)
ঘণ-আচ্ছাদণ পুর্ণচন্দ্রার্দ্ধের(১০) প্রায়
শোভণ করিছে চারু বদণ উর্জ্জ্বলা(১১)
আর ইশদ্হাস্য কীছু করে শে অবলা ॥ ৭২৫
দেখীয়া মাধব তারে গদগদমণে
শবিণয় শুধাময় বলীল বচণে

১—মস্তকের। ২—কন্দর্প। ৩—চক্ষু একস্থান হইতে অন্যস্থানে সরাইতে কষ্ট হয়। এমনই সকল অঙ্গের সৌন্দর্য্য। ৪ ভাবে। ৫ পদ্মযোনি। ৬ মূলে আছে "সসর্জ্জহ" অর্থ "সৃষ্টি করিয়াছেন।" ৭ উর্দ্ধশ্বাস। মূলে আছে 'উস্বাস'। ৮ সন্ত্রাস্ত। ৯ লজ্জায়। ১০ পূর্ণচন্দ্রের অর্দ্ধভাগের ন্যায়। ১১ উজ্জ্বল।

মাধব বলন্তী কন্যা দর্শণে তোমার
শফল হইল এক্ষে জনম আমার ॥ ৭২৬
তবমুখচন্দ্র প্রিয়া পায়া নয়ণণ
জে করিছি শ্রম হৈল শফল অথণ
হে চার্ব্বঙ্গি কল্পে তব জোবণ শুন্দর
করি শৃষ্টী শৃষ্টীকর(১) বিধাতা অপর ॥ ৭২৭
দ্বিতিয় করিতে শৃষ্টী ইৎস্বা করিছিল
অণেক জতণ কৈল তভু(২) তা ণা হৈল
তব শম হে শুন্দরী শাহিক ভুবণে
বর ভাবে বর মোরে কমলণয়ণে ॥ ৭২৮
হে শুন্দরী তব জুজ্ঞ(৩) বর স্বামী বিণা
এ শংশার মাঝায়েত কথণ পাবিণা
মাধবের উক্ত তদা করিয়া শ্রবণ
ণবিণা শে শুলোচনা করিল ভাবণ ॥ ৭২৯
হে শুমতী অতি ভাগ্যবতী মহাতায়
জুজ্ঞ তুমী স্বামী শহ অভাগী জণায়
তোমাক করিতে স্বামি আমি শুণিশ্চয়
করিয়াছি নিজচিত্তে ওহে শুণালয় ॥ ৭৩০
জে উক্ত করিছি বেক্ত মুহূর্ত্ত শে কথা
হে রাজ তনয় তাহা ণা হবে অন্তথা
মহাশয় হে রাজ তণয় শুণালয়
আজ্ঞা কর জাই আমী আপণ নীলয়(৪) ॥ ৭৩১
বলেণ মাধব ওহে কন্যা শুলোচণে
তোমাক থাকীতে উক্ত করিলে বদণে(৫)
তবে অতি গর্ব্ববাণ(৬) বলীআ আমাক
বলীবা শুন্দরী নিজ মণে এহি বাক ॥ ৭৩২
জাও বানী হে কল্যানী বদণে আমার
ভাবণ ণা হয় জানীবেণ তুমি শার

হে চার্ব্বঙ্গি চিন্তি তুমি আপণার মণে
জা বিধাণ হয় তাহা করহে আপণে ॥ ৭৩৩
লিখণের শুণত্য(৭) কথণ তারপরে
উক্ত করি স্মরণ কয়ায়া মাধবেরে
নিতান্ত হর্ষ শীত চিত্ত হইয়া শুন্দরী
নিকেতণে গমণ করিল তরাতরি ॥ ৭৩৪
শে স্থাণত রাজশুত মাধব তখণ
চিন্তা করি রহিল কন্যার শুভাশণ
তদন্তর শন্ধাকাল হৈল উপগত
পুষ্পশম তারা শব ভাতি গগণত ॥ ৭৩৫
করিল হইল তাত ইন্দুর(৮) উদয়
কান্তাগণ শণে জেণ কান্ত বিরাজয়
জুবকজুবতীগণ আণন্দিত অতি(৯)
ণবিণা ললণাগণ নিরাণন্দমতী ॥ ৭৩৬
বাশে পতিপাশে হাসে জুবতীশকলে
রশে বষ করে তারা পতি কতুহলে(১০)
অজুবতী ণারিগণ ণা জানীয়া রশ
নিজপতী অশকতী করিতে শে বশ ॥ ৭৩৭
পতীপাশে ণাহি হাশে বিলাষ ণা জানী
রজনীক দেএ(১১)ধিক ণবিণা কল্যানী
এমত শময় শ্রীমত্রীক্রম রাজার(১২)
বিম্বাধর ণাম বর তণয় তাহার ॥ ৭৩৮
বিভাহ করিতে অতি-আণন্দ লভিআ
চারুতর স্নন্দনেত আরহিল গীয়া
বহুপরিজণগণে হয়া আবরণ
তার মধ্যে বিদ্যাধর বর শুশোভণ ॥ ৭৩৯
শুভিলেণ বিদ্যাধর পঠান্তর তায়
তত্রস্থ স্বজণগণ চন্দণেত গায়

১ সৃষ্টিকর—ব্রহ্মা। ২ তবু। ৩ যোগ্য। ৪ নিলয়। ৫—তোমাকে থাকিতে বলিলে। ৬— গর্ব্বিত। ৭ সু—সত্য। ৮—চন্দ্রের। ৯ এই পংক্তি হইতে পরবর্ত্তী ৮ লাইন মূলে নাই। ১০ কুতূহলে। ১১ দেয়। ১২ মূলে আছে "ত্রিবিক্রমদেব নামক রাজার।"

বিভূশীত্ত আর দিব্যাম্বর পরিধাণ
শুভিছেন তারা শব দেবতাশমান ॥ ১৪০
দিব্য তাণ মাণ করি কোণো কোণো জণ
করে গাণ কোনো জণ করেন পত্তণ(১)
বিদ্যাধর বর অগ্রে কোণো কোণো জণ
রত্নময় দীপচয় করে পর্য্যালণ(২)॥ ১৪১
তুরঙ্গ শকল রঙ্গে করেণ হেশণ(৩)
দিরদ নিরদণাদে(৪) গর্য্যে যেণ শঘণ
পত্তি(৫) শকলের হর্ষশণিস্বণেত ঘোর
দশদিগ পরিপুর্ণ হয়াছেণ শোর ॥ ১৪২
শ্বেত নিল পিত রক্তবর্ণ পতকায়(৬)
চিহ্নিত(৭) হইয়া বিরগণ শমুদায়
গুণাকর নৃপতীর পুরিত তথণে
প্রবেশীল বরশণে অতি হর্ষশমণে ॥ ১৪৩
হে জৈমিনী মুনী বানী করহে শ্রবণ
শে শময় বাদ্যচয় হইলে বাদণ
জয় ঢক্কা ঝাঁঝর নিস্বণ শঙ্খণাদ
ঢিণ্ডিম(৮) কাহাল(৯) তাল করেণ শম্বাদ॥ ১৪৪
ঢোল ডম্প বাদ্যে কম্প হএন ধরনী
কাশী(১০) বাশী(১১) পপুরের(১২)
স্থাণে স্থাণে ধ্বনী(১৩)
খুদ্র ঘণ্টা ঘণ্টা রুদ্রস্বঙ্গের বাদণ
তুড়ি ভেড়ি তুম্বুরীর শুন্দর নিস্বণ ॥ (১৪) ১৪৫
শরজকোরকস্তনী জৌবনী(১৫) রমণী
পুর্ণ চন্দ্রমুখ ইন্দিবরশুণয়নী
এমত কল্যাণ বিন(১৬) করি করে
দিব্য তাল মাণ করি গাণগণ করে ॥ ১৪৬
পরস্পর নারিগণ অঙ্গবরশণে
ঘর্ম্মজলে বিগলতা হইয়া শঘণে(১৭)
বিভাহভুষীত্ত হেণরূপে নারিগণ
করি লিলা(১৮) অতিশয় করেণ ভ্রমণ ॥ ১৪৭
কোনো কোনো নারি শুলোচণা শুন্দরীরে(১৯)
স্নাণ করাইল শৌগন্ধিক দিব্যনীরে(২০)
শোবর্ণ শংযুক্ত করি শুন্দর বশণ
নিতম্বিনীনিতম্বে করাইল আচ্ছাদণ ॥ ১৪৮
মুণী মুক্তা বৈধর্য্য(২১) প্রবাল রত্নচয়
দিল জে জে অঙ্গে জেহি শোভণ করয়
ভূর্জুগে(২২) কর্য্যল(২৩) দীআ উর্য্যল করিল
শিমন্তিনীশিমন্তে শীন্দুরবিন্দু দীল ॥ ১৪৯
প্রভাতের রবিছবি করি আহরণ
শিমন্তে শীন্দুরবিন্দু করিল শোভন
কীবা চারু কেশ বেশ কী দীব উপমা
নাহিক ভুবণে শুলোচণা-রামা-শমা ॥ ১৫০
তদন্তর মুনীবর করহ শ্রবণ
কাষ্ঠারী কাষ্ঠের পিঠে(২৪) বশীআ তথণ
জ্ঞাতীগণে বেষ্টীতা হইয়া বরস্থাণ
আগতা হইয়া তদা করিল প্রয়াণ ॥ ১৫১
তদন্তর বীক্রমতণয় গুণালয়
গাঢ় নিদ্রা হৈল শর্য্যাপয় শে শময়
শুলোচণা শুণণা কন্যার তথণ
দৈব জোগে বিবাহ না হৈল হে ব্রাহ্মণ ॥ ১৫২
জদি বিধি জার প্রতি বক্রভাব হয়
শে জণার শংশারেত্ত শুখ ণা লভয়

১ নর্ত্তন। ২ প্রজ্বালন। ৩ হ্রেষণ। ৪—মেঘবজ্রে। ৫—পদাতি সৈন্য। ৬ পতাকায়। ৭ চিহ্নিত। ৮ ডিণ্ডিম। ৯ কাহল। ১০ কাঁসী। ১১ বাঁশী। ১২ নূপুরের। ১৩ ধ্বনি। ১৪ ১৪৫ শ্লোক মূলে নাই। ১৫—যুবতী। ১৬ বীণা। ১৭ মূলে আছে সুগন্ধি ঘর্ম্মবিন্দু পতিত হইয়া তত্রস্থ ভূমি সরোবর তুল্য হইল। ১৮ লীলা। ১৯ এই হইতে ১২ পংক্তি মূলে নাই। ২০—সুগন্ধযুক্ত জলে স্নান করাইল। ২১ বৈদূর্য্য। ২২ ভ্রূযুগে। ২৩ কজ্জল। ২৪ "কাষ্ঠারী কাষ্ঠরচিতঃ পীঠমারুহ্য সুন্দরী।" মূল।

তাহার প্রমাণ মাধবেত হে ব্রাহ্মণ
নিদ্রা গেল বিস্মরিয়া শংখেপ কথণ(১)॥ ১৫৩
অপর শ্রবণ কর মুনী পুন্যাস্রয়
বিণীণে অনল(২)ভয় পায়া পদ্মচয়
অবিজোগ শুখভোগ করণ কারণে
প্রবেশীগো শলীলমাঝারে হর্শ্ মনে॥ ১৫৪
প্রত্যক্ষ দেখহ তার কর্ম্ম কী প্রকার
শে পঙ্কক হিম অগ্নি করেণ শংহার
অতঃপর মুণিবর করহে শ্রবণ
কর্ম্মের লিখণ কভু ণা হয় খণ্ডণ॥ ১৫৫
বেদ-আদি শাস্ত্রগণ অধ্যয়ণ করি
মণ্ডিত হইয়া গুণে নৃপশেবা করি
থাকে শর্ব্বদায় পুন্যকায় হে জৈমিণে
উগ্র তপ জপ আর কৈলে প্রতিদীণে॥ ১৫৬
জদিস্যাত ভাগ্যহিণ হএণ শে জণ
শ্রীহরি-শুন্দরী(৩) তারে ভজেণা কখণ
প্রশঙ্গেত জেহি বস্তু বাঞ্ছা করে নরে
বিধাত্রা ণিঠুর হৈলে ণাহি পায় তারে(৪)॥ ১৫৭
দুখ শুখ কপালেত বিধাতার লিখা
শুখ অন্ত হৈলে পরে দুখ্খ দেয় দেখা
দুখ্খের পাছত শুখ হয় আগমণ
দৈব বলী হটাত হৈইলে হে ব্রাহ্মণ॥ ১৫৮
ওহে দ্বিজশত্তম উত্তম কথাগণ
একচিত্তে কর তুমি শ্রবনে শ্রবন
দুখভাগী মাধবক নিদ্রাগত দেখী
কুমতী প্রচেষ্ট অতি মনে হয়া শুখী॥ ১৫৯
আপণ অন্তরে তদা করেণ চিন্তণ
জানি দুভ্খণার আমি শঙ্কেপকথণ
ধিক তুমি রাজপুত্র দৈবের মায়ায়
বিস্মরি শঙ্কেপ(৫) চিত্তে আচহ নিদ্রায়॥ ১৬০
বরের নিকটে কন্যা হইল আগতা
নিস্ফল হইল তব শঙ্কেপের কথা
তিষ্ট পাপকর্ম্মী দুষ্ট মঞ্চক উপর
অতি শুখী হয়া নিদ্রা করয়ে পামর॥ ১৬১
তুরঙ্গে পরম রঙ্গে হয়া আরোহণ
শুলোচণা বরঙ্গণা লইব এখণ
কন্যারত্ন রত্ন জদিস্যাত পাওআ জায়
গুনবন্ত হোক কী নির্গুণ হোক তায়॥ ১৬২
শংশারেত কোণজণ আছেন এমণ
না রাখী আপণে পরে করে বিতরণ
কন্যারত্ন দুল্ভভ মাধবে জদি পায়
কী লাভ আমার তাত হইবেক তায়॥ ১৬৩
করিলে দর্শণ পিড়া জন্মিবে আমারে
মজিবো ভজিব মাত্র দুখ্খপারাবারে
কন্যারত্ন আর রত্ন পাইব উত্তম
তবে কী শেবিব এক্সে মাধব অধম॥ ১৬৪
ভুপতীর পদাম্বুজ ধণার্থে শেবণ
শুখহিণে দুখ্খ মণে করি অনুক্ষণ
জদিস্যাত শেহি ধণ নিজে পাওআ জায়
দুখ্খে শেবা কীকাজ করিতে নররায়॥ ১৬৫
এ প্রকার চিত্তে চিন্তি প্রচেষ্ট তখণ
তুরঙ্গে পরম রঙ্গে হয়া আরোহণ
ভুপতীর কন্যা ধন্যা জে স্থাণেত আছে
গগণ গমণ(৬) করি গেল তার কাছে॥ ১৬৬
মাধববরেক কণ্যা স্মরিয়া মণত
মৃণালগঞ্জিত ভুজ করি উদ্ধগত

১ সংক্ষেপ কথন। ২—অগ্নি। ৩—লক্ষ্মী। ৪ মূলোক্তটির অর্থ ধরা হয় নাই। মূলে আছে যে বিধাতা যাহা কোন ব্যক্তি ইচ্ছা করে না তাহাকে তাহাই দেন। অতএব বিধাতার ন্যায় নিষ্ঠুর কে? ৫ সংক্ষেপ। ৬—আকাশপথে গমন।

বিম্বাধর-বর-অগ্রে রাজার নন্দিনী
হর্ষমণে প্রদক্ষিণ করেন তখনী ॥ ৭৬৭
করিল ভগতি অতি শে প্রচেষ্ট দুষ্টে
করে ধরি কণ্যাক তুলিল অশ্ব-প্রীষ্ঠে(১)
কন্যাক লইয়া তদা প্রচেষ্ট দুর্ম্মতী
অতি গতী করিলেণ হর্ষ্শ হয়া মতী ॥ ৭৬৮
কাঞ্চিপুর ণামে এক দেষ শুশোভণ
শে দেশেত জায়া পরে হয় উপশণ(২)
শুচারুহাশিনী ধনী রাজার ণন্দীনা
শরৎকালের কশুনী পূর্ণচন্দ্রাননা ॥ ৭৬৯
দেখী শুখমুখ তার প্রচেষ্ট দুর্যশ
মন্মথে মথিত মতী হইয়া শঘণ
দুষ্টমতী পাপীষ্ট প্রচেষ্ট শে শময়
ইশদ হশণে কল্যানীক কথা কয় ॥ ৭৭০
শমুদ্র উত্তর পারে এহি কাঞ্চিপুরি
শুলোচণে বিলোকণ করহে সুন্দরী
শর্ব্ব দেশে খ্যাত এহি পুরি মণোময়
দেখ প্রিয় শদা শুখী জাত লোকচয় ॥ ৭৭১
পদ্ম নিভাণনী ধনী বনী শুণ মোরে
বিম্বাধর মাধবের ভক্তএ ণগরে
ণাহিক কাহার শার জাণ এ কথণ
হে প্রিয়ে বিণয় করি করি ণিবেদণ ॥ ৭৭২
মৎচিত্তে বিপিণে শর্ব্বনারীখোরবাণ
দাহণ করেণ হয়া অণঙ্গ হুতাশ
পয়ধর-পয় তাক করিয়া শেচণ
হে মৃগণয়নী ধনী কর ণির্ব্বাপণ ॥ ৭৭৩
শর্ব্বনাশক শর প্রহারে আমারে
জর্জ্জরিত জথোচিত করিছে অন্তরে
দৃষ্টি রাহি প্রিয়ে মোরে করহে তারণ
তব কোকণদপদে লইলাম শরণ ॥ ৭৭৪
শে দুষ্ট পাপীষ্টশ্রেষ্ট(৪) কহিলে এমণ
শুলোচণা বরাঙ্গণা ণয়ণে তখণ
বিলোকণ করিয়া শুন্দরী শে শময়
শোকাণলে তপ্তগাত্র হয়া অতিশয় ॥ ৭৭৫
তথি অতি শোকমতী হইয়া কল্যাণী
ণিজমণে গুণে শেজে পুর্ণচন্দ্রাননী
এজে মুড়(৫) দুষ্টচেষ্ট প্রচেষ্টনামত
এহি জণ হয় শার বুঝিলাম মনত ॥ ৭৭৬
হাহা দুষ্ট বিধি তুমি পরম ণিষ্ঠুর
আমার কপালে লিখীআছ এতদুর
কোথা মম মাতা কোথা জণক আমার
কোথা বিম্বাধর বর গুণের আধার ॥ ৭৭৭
ধিক ধিক হে বিধি কী ঘটণ তোমার
আণিল আমাক এজে মুড় দুরাচার
শর্ব্বদাএ লোকচয় কয় এহিমত
গর্ভ ক্রোম(৬) জেহি জণ রাখেণ মনত ॥ ৭৭৮
বিধাতা ঘটণা-অশি(৭) হইয়া তাহারে
শমুলে নির্ম্মুল শেহি পাদপেরে করে
তথাপী আপদে ধৈর্য্য(৮) দির্ঘদর্শী হবে
ণির্ভয় হইবে আর শুবচণ কবে ॥ ৭৭৯
বিপদণাশণ হেতু শুপদকারণ
উপায় চিন্তিবে চিত্তে করি আলোচণ
এহি চারি মত কৈলে দির্ঘ দর্শীচয়
লোকশকলীর মাধ্যে প্রশংশীত হয়(৯) ॥ ৭৮০
এমত আলচি(১০) কণ্যা হৃদয়মাঝারে
বলিলেণ প্রচেষ্টক বেশ্মর অক্ষরে

১ পৃষ্ঠে। ২ উপস্থিত। ৩—আমার চিত্তরূপ কানন কন্দর্প অনলে দাহন করিতেছে। ৪—পাপিষ্ঠের মধ্যে প্রধান। ৫—মূঢ়। ৬ গর্ভক্রম। ৭—বিধাতা ঘটনারূপ অসি হইয়া। ৮ ধৈর্য্য। ৯—বিপদে ধৈর্য্য, নির্ভয়তা, সদ্বাক্য ও উপায় এই চারটি প্রশস্ত। ১০—আলোচনা করিয়া।

শুলোচনা জুবতী বদতী মহাবীর
শুচঞ্চল মণ বুদ্ধি কর তুমি স্থির॥ ৭৮১
বিভাহ-বিহিণা আমী পবিণা বিশেষ
মোক আলিঙ্গিলে দুঃখ পাইবা অশেষ
শাস্ত্রের বিধাণে কর আমাক গ্রহণ
দাশী হয়া শেবি রব যুগল চরণ॥ ৭৮২
ওহে বীর মহাশয় শংশয় ইহাত
কীঞ্চিতেক ণা করিবা আত্মমনীশাত
তুমি প্রাণ ধণ মোর বান্ধব ভূশণ
তুমি মিত্র আমার রক্ষক অনুক্ষণ॥ ৭৮৩
পতি বিণা ললণার কী আছে উপায়
বুঁঝ নিজচিত্তে বিবচিয়া(১) তুমি তায়
শরণ কাহার লব কে আছে আমার
তুমি স্বামি জুজ্ঞ তোমা বিণে ণাহি আর॥ ৭৮৪
বিভাহের দ্রব্য তুমি বিভাহকারণ
ওহে ধীর বীর শিঘ্র কর আণয়ণ
মম পানী-গ্রহণ করিয়া মহাশয়
আণন্দ বর্দ্ধণ কর আমার হৃদয়॥ ৭৮৫
হে দ্বিজতণয় গুণালয় মহামতী
প্রচেষ্টক কণ্যায় জে বলীল ভারতী
তাহা বলী কর মুনী শ্রবণে শ্রবণ
বদরি ফলের প্রায় শে জে বাক্যগণ॥ ৭৮৬
বাহেরে(২) শরম অতি কঠিন অন্তরে
করি কর্ণগত দুষ্টচেষ্ট তার পরে
পরম-প্রিতিক প্রাপ্ত হইয়া তখন
হয়(৩) রত্নময় কণ্যা শে স্থাণে স্থাপণ॥ ৭৮৭
করিয়া দুর্মতী কর-কঙ্কণ-আধাণ
ণগর উদ্দেশে শিঘ্র করিল প্রয়ান

শে বেলা শরলা শুলোচনা শুভাণনা
নিজ চিত্ত-বিত্তে করিতেছে আলোচণা॥ ৭৮৮
বুঝি কৃপানিধি বিধি হৈল কৃপামুক্ত
ঘোটক আমাক এজে মুড় করি ত্যক্ত
হর্শিত হইয়া গেল নগরমাঝার
কি করিব কোথা জাব কী হবে আমার॥ ৭৮৯
আশ্রয় করিয়া কাক কোথায় রহিব
এ শঙ্কট কার্জ্জে কেয়ে(৪) উদ্ধার হইব
অথবা স্বগৃহমাঝে জদিস্যাত জাই
জিজ্ঞাশীলে লোকে কী বলিব আমী তাই॥ ৭৯০
অতঃপর পরকাল-হিত-পার্থনায়
পুণ্য তির্থে জায়া ত্যাগ করিব এ কায়
তবে অতি শ্রেয়স্কর হএণ আমার
এ প্রকার চিন্তি চিত্তে চিন্তে আরবার॥ ৭৯১
আমার পঞ্চত্ব জদি মিলাই পঞ্চেতে
এ মুড় শ্রীবিত্তাধর মাধব নিশ্চিতে
আমাক স্মরিয়া মণে নিশ্চয় তাহারা
আয়ু বৈতে প্রাণ বায়ু তণু হবে ছারা॥ ৭৯২
আমার উদ্দেশে জদি প্রাণ পরিহরে
হইব তাহার বধভাগী আমী পরে
আমি জিবদ্দশা রৈলে এহি তিণজণ
না হইবে তহু ছারা(৫) তাহারা কথণ॥ ৭৯৩
অতঃপর পুণ্যতীর্থে করি আগমণ
জাদব মাধব হরি করিব অর্চ্চন
শে হরি প্রশন্যে(৬) সুভ হইবে আমার
শকলি করিবে শিদ্ধ হরি কৃপাধার॥ ৭৯৪
প্রাণ শষ্ট হইলে শকলী নষ্ট জাবে
রহিলে বাচিয়া স্তোকে স্তোকে(৭) শীদ্ধ হবে

১ বিবেচিয়া। ২ বাহিরে। ৩—অশ্ব। ৪ কেমনে। ৫ জন্মছাড়া। ৬—প্রসন্ন হইলে। ৭—অল্পে অল্পে।

ইমকাল আগমণ হয়েণ জখণ
বৈষ-অবনীষ্ট তদা হয় পর্য্যবন ॥ ৭৯৫
তপণ কীরনে তারে করেণ শংহার
হিম অন্ত হৈলে শেহি পক্ষ আরবার
প্রকাশীত হইলে তাহাত ভৃঙ্গচয়
মধুপান আশায় কী শঙ্গম ণা হয় ॥ ৭৯৬
এপ্রকার চিন্তে চিন্তি শেজে বরাঙ্গনা
বায়ু-যব তুল্য(১) অশ্বে হয়া আরোহনা
ওহে দ্বিজত্তম কথা করহে শ্রবন
জিষ্ণুর কনেষ্ট বিষ্ণুপদেক অর্চ্চণ ॥ ৭৯৭
করিতে নিশ্চয় করি মণে আপণার
গেলেণ জেথাণে গঙ্গাশঙ্গে পারাবার
শেহি ক্ষেত্র পুন্য গঙ্গাশাগরশঙ্গমে
চন্দ্রবংশম্ভব রাজা শুশেণেতি ণামে(২) ॥ ৭৯৮
তার শভা আগমণকরণ কারণে
শেজে ধনী শুরমনী চিন্তা করে মণে
পরম জুবতি আমি কেমণ করিয়া
দিব দরশণ ভুপতীক শভা গীয়া ॥ ৭৯৯
অধিবাষ-ঘুত্র(৩) দুর্ব্বা ভুজেত বন্ধণ
আছেণ বিশেষ আমি অশ্বে আরোহণ
নবিণ জৌবণ মম শঙ্গহিণ আর
বিশেষ পরম রুপ বঠেণ আমার ॥ ৮০০
এ শব চরিত্র মম জণশকলের
বিস্ময়কারক অতি হবেন চিত্তের
আপণাক গোপণ করিয়া অতঃপর
রাজশভা আগমণ করিব শত্তর ॥ ৮০১
এহি মণে শুলোচণে আলোচণ করি
ইন্দ্রজাল তন্ত্রমন্ত্রে নরবেশ ধরি
আপণ শ্বধর্ম্ম কক্ষা করিয়া রক্ষণ
শুশেনের শভামাঝে হৈল উপশণ ॥ ৮০২
শক্তিহস্ত সুন্দর সুবেষ মণোময়
দেখীয়া নৃপতি জিজ্ঞাশীল শে শময়
কে তুমি কোথায় হণে এথা আগমণ
নরবেশী কন্যা তার শুনী বাক্যগণ ॥ ৮০৩
প্রণাম করিয়া তদা বলীল বচণ
শদয় শর্য্যণাপ্রয়(৪) আমি হে রাজণ
ওহে দেব বীরবর ণাম মম জাণ
বঠি আমী ভুমিশ্বামী শুপ্রিয়-শন্তাণ ॥ ৮০৪
বর্ত্তণ-পার্থণে(৫) তব রাজ্যে আগমণ
শংপ্রতি কহ য়াছেণ আমার রাজণ
অন্যের অশাধ্য কাজে শাধ্য মম হয়
আমী রৈতে কথণ ণাহিক পরাজয় ॥ ৮০৫
খিতিপতী বদতি সুন হে মহাবীর
মম রাজ্জ শুশোভণে হও তুমি স্থির
আমি তব বির্ত্তি(৬) করি দীব শুনিশ্চয়
ণা করিবা কীঞ্চিতেক মণেত শংশয় ॥ ৮০৬
ধরনীপতির বানী শুনী শেহি বেলা
তাহার শন্নিধ্যে নরবেশী শে অবলা
হে বিপ্রতণয় শদাশয় মহামতি
নৃপতিশেবায় বীর নিজজিল(৭) মতী ॥ ৮০৭
জথণ জেমত আজ্ঞা করে পরেশ্বর
তার মত কার্জ্জগণ করে বীরবর
তদন্তর হে জৈমিনী কর কর্ণগত
শে রাজার পুরবাশী আছে প্রজা জত ॥ ৮০৮
ভীমণাদ ণাম গণ্ডকের(৮) ভয় অতি
শর্ব্বদায় রয় ভয়ত্রস্ত হয়া মতী

১ = বায়ুতুল্য বেগ। ২ = সুষেণ নামে রাজা। ৩ সূত্র। ৪ শরণাশ্রয়। ৫ বর্ত্তন প্রার্থনে। ৬ বৃত্তি। ৭ নিয়োজিল। ৮ = গণ্ডারের।

শুনিয়া শুশেণ নৃপ কোপযুক্ত হৈল
বীরবর বীরেক তখণে আজ্ঞা দীন॥ ৮০৯
ওহে বীরবর বীর চল শিঘ্রগতী
খড়্গিক মারিয়া পেষ(১) শমণবশতী
নরবেশী শুরমনী শুণি বাক্যগণ
গণ্ডকনাশণ হেতু করিল গমণ॥ ৮১০
শে গণ্ড প্রজারে করি লণ্ড ভণ্ড অতী
ণিদ্রাভনে ধরাতলে শুইচে দুষ্টমতী
ধরাধর প্রায় কলেবর অতিশয়
দেখী ভিরুগণ(২) মণে বর(৩) ভয় হয়॥ ৮১১
দংষ্টাকরাল আস্ত যুক্ত শে খড়্গির
করি বিলোকণ তারে বীরবর বীর
ক্রোধাশক্ত অতিরেক্ত(৪) হইয়া তখণ
লৌহময় ঘোর শক্তি করিয়া ধারণ॥ ৮১২
আকাশে ভ্রময়া(৫) পুনাকায়া হে জৈমিণে
খড়্গিক বলীল বানী নিরদনিস্বণে
ওরে দুরাশয় ভীমকায় রে গণ্ডক
উপার্য্যিচ(৬) জে জে তুমি পাপ পাদপক॥৮১৩
ফলিল শে পাপপাদপের ফলগণ
ঋতুজোগে বৃক্ষগণ ফলেণ জেমণ
জে শব প্রানীক ণষ্ট করিআছ দুষ্ট
যমপুরে দেখ জায়া তাহারে অর্ভীষ্ট॥ ৮১৪
ওরে দুষ্টমতি নিদ্রা করিয়া বর্জ্জণ
ণিজ কাল ভালরূপে করণা দর্শ্শন
এ কেমণ নিদ্রা তোর পাপীষ্ট দুর্ম্মতী
মহানিদ্রা অতি সুখে কর শীঘ্রগতী॥ ৮১৫
শুনী নরবেশী কন্তাবানী শে শময়
নিদ্রা ছারি উঠিল গণ্ডক দুরাশয়

ক্রোধেত অরুণবর্ণ হয়াছে আখির
ধুলীধুশরিত আর শর্ব্বাঙ্গ শরীর॥ ৮১৬
ক্রোধে পরিপুর্ণ তদা গণ্ডক দুর্ম্মতী
বীরবর বীরতরে বলিল ভারতী
হে দুবুর্দ্ধে(৭) গর্ভ তুমি কর পরিহার
শেষগত আয়ু তোর হৈছে দুরাচার॥ ৮১৭
জাত মম শন্দর্শণ মাত্রে প্রানীগণ
ণা থাকে বাচিয়া প্রাণে হএণ ণিধণ
জলীত জলণ(৮)-শিখা দর্শণ করিয়া
শলভের শ্রেনী তাত প্রবেষ করিয়া॥ ৮১৮
প্রাণধণ বিমোচণ করেণ জেমণ
মম কোপ-অণলেত পশীলা তেমণ॥ ৮১৯
শুনীএগ খড়্গির বানী নরবেশী শে রমণী
কোপে তদা হয়া অচেতণ
লৌহময় শক্তি ঘোর প্রহারিল খরতর
হুহুঙ্কার করিয়া নিস্বণ॥ ৮২০
গণ্ডক দুরাত্মা অতি আয়ুগত হয়া তথি
মহীপিষ্টে পতণ হইল
শে শময় বসুমতী কম্পণ হইল অতি
তার রক্তে শে স্থাণ পুরিল॥ ৮২১
খড়্গি জদি ভুমিতলে পরিলেন শুবিভূলে(৯)
দেখী শুখী হয়া তদা বীর
ওহে দ্বিজ শুদ্ধাশয় পর কথা কর্ম্ময়
কর তুমি হয়া মতিস্থীর॥ ৮২২
গজাদিশঙ্গমে জায়া মার্য্যণ(১০) করিয়া কায়া
শক্তিটাক জাণ করাইল
অতি হর্ষ হয়া মণে ভূপতির শন্নিধানে
আগমণে উদ্ধত হইল॥ ৮২৩

১=প্রেরণ কর। ২ ভীরুগণ। ৩ বড়। ৪ অতিরিক্ত। ৫=ঘুরাইয়া। ৬ মূলে আছে "উপার্জ্জিত"। ৭ দুর্বুদ্ধে। ৮=প্রজ্বলিত অগ্নি। ৯ সুবিহ্বলে। ১০ মার্জ্জন।

পরে নরবেশী ধনী　　পথক্রমে ওহে মুনী
পাইল এক বেক্তির দর্শণ
দ্বিতিয় ভাস্করপ্রায়　　দিপ্তী করে তার কায়
স্যন্দনে উপরে আরোহণ ॥ ৮২৪
হাস্যযুক্ত মুখ তাঁর　　বিষ্ণুদুতগণ আর
চৌদিগে করিছে আবরণ
শোভে বিষ্ণুদুতচয়　　তুলশীমালায় কায়
বিভশীয়া(১) হয়াছে শোভণ ॥ ৮২৫
চন্দণ কুমকুম দীয়া　　চর্চ্চিত করিছে কায়া
কটিতটে শোভে দিব্যবাষ
বিষ্ণুর আকৃতি প্রায়　　শোভে তারা সমুদায়
বিধু-আস্যে শুমধুর হাষ ॥ ৮২৬
ভক্তিযুক্ত হয়া তারে　　জিজ্ঞাশা করিল পরে
বীরবর গুণের আধার
মহাবস্তে মহাশয়　　রথাড়ুর(২) তেজময়
পরিছয়(৩) বল আপনার ॥ ৮২৭
কোথা হণে আগমণ　　কোণ স্থানে এহিক্ষণ
গমণ জে হইবা আপণে
শত্য কথা মম আগ(৪)　　কহ শুনী মহাভাগ
শুণি বানী বলীল তখণে ॥ ৮২৮
ধর্ম্মবুদ্ধি(৫) নিগদতি　　নরবেশী হে জুবতী
জদি মম বৃত্তান্ত শকল
শ্রবণে বাশণা হয়　　শঙ্খেপে বলিহে তায়
শ্রবণ করহে শুশরল ॥ ৮২৯
পুর্ব্বকালে ধরাপাল(৬) আছিলাম আমী
ভাণুবংশে জন্ম হে কল্যানী শুণ তুমী
ধর্ম্মবুদ্ধি নাম খ্যাত আছিল আমার
ধর্ম্মপরায়ণ আছিলাম ভূ(৭)-মাঝার ॥ ৮৩০

আমি শর্ব ধর্ম্ম করিয়াছি আচরণ
বহু অর্থ পুন্যার্থে করিছি বিতরণ
চতুঃর্থ শহস্র বর্ষ(৮) এহি বশুন্দরী(৯)
পালণ করিছি ওহে নরবেশী(১০) নারি ॥৮৩১
পরে পাশণ্ডের বাক্য করিয়া গ্রহণ
বিনা অপরাধে দ্বিজ-ভূমী-আহরণ
করিআছি শেহি অপরাধে বিধাতায়
হয়া রুষ্ট শ্রীয়-ভ্রষ্ট(১১) কৈল শমুদায় ॥ ৮৩২
রাজ্জ ধণ জনগণ হৃত হৈলে পরে
শোকাণলে দগ্ধ হইলাম নিরন্তরে
কীছু কালান্তরে পরে যমদুতচয়
আগমণ হৈয়া নিল যমের আলয় ॥ ৮৩৩
চিত্রগোপ্ত তদা মোরে করিয়া দর্শণ
ধর্ম্মরাজ অগ্রে নিবেদীল শেহিক্ষণ
ধর্ম্মবুদ্ধি নাম এহি রাজা মতিমাণ
ওহে ধর্ম্মরাজ ইনী বঠে ধর্ম্মবাণ ॥ ৮৩৪
[illegible] কর্ম্ম করিছে কীর্ত্তীত
নিবেদণ করি তাহা শুণো দীয়া চিত্ত
পাশণ্ডের বাক্য ইণি করিয়া গ্রহন
দ্বিজের শাশণ ভূমী করিছে হরণ ॥ ৮৩৫
শেহি কর্ম্মফলে ঘোর নরকজাতনা
হে রবিণন্দণ দেব পাবেণ এজণা
করি নিবেদণ ওহে সুর্জ্জের নন্দণ
কোণ [illegible] বৃত্তি ১২ করিলে ছেদণ ॥৮৩৬
তার বধপাপ শেহিক্ষণ প্রাপ্ত হয়
শমুদায় শাস্ত্রজ্ঞ এহিমত কয়
এহি পাপকর্ম্মা নরপতি ব্রাহ্মণ(১৩)
শণ কোটী কল্প দুখ ভুগীবে দুর্জ্জণ ॥ ৮৩৭

১ বিভাসিয়া। ২ রথারূঢ়। ৩ পরিচয়। ৪—আমার সম্মুখে। ৫ ঐ ব্যক্তির নাম ধর্ম্মবুদ্ধি। ৬—রাজা। ৭—পৃথিবী। ৮—চার হাজার বৎসর। ৯ বসুন্ধরা। ১০—পুরুষবেশী। ১১—লক্ষ্মীভ্রষ্ট। ১২ বৃত্তি। ১৩ ব্রাহ্মণস্বামী।

আত্মদত্ত দ্রব্য কিম্বা পরদত্ত ভূমী
জেহি জণ হরণ করেণ ধর্ম্মস্বামী
আপণার কোটী কুল করি শমস্তায়
করেণ শরকে গতি শেহি কুলাঙ্গার ॥ ৮৩৮
ওহে দেব দেবস্ব জে করেণ হরণ
ব্রাহ্মণের ভূমি আর হরে জেহি জণ
শেজে শতকল্প কোটী ঘুর্ঘোর ণিরয়
অবিযোগ করে ভোগ নেস্তার(১) ণা হয় ॥ ৮৩৯
হে মার্ত্তণ্ডসুত প্রভূ পরদত্ত ভূমী
জত্ন করি রক্ষা করে জেহি ভূমিস্বামী
দানীজণ হইতেও শত কোটী গুণে
অপ্রমাণে পুণ্য লব্ধ হয় শেহিজণে ॥ ৮৪০
চিত্রগোপ্তবানী শুনী শবিতাতণয়
লইতে আদেশ কৈল ঘুর্ঘোর ণিরয়
আদেশমাত্রেত মোরে দূতগণে ধরি
ফেলীল ণরক মাজে অতি ক্রোধ করি ॥ ৮৪১
শত কোটী কল্প তদা শমণমন্দিরে
পচমাণে আছিলাম নরক ঘুর্ঘোরে
নরকান্তে আমী পরে ওহে শুভাণনী
প্রাপ্ত হইলাম প্রানীহিংশা খড়িগযুনী ॥ ৮৪২
মহা মহা প্রানী হিংশীআছি শর্ব্বদায়
গোজাতি দ্বিজাতি আর অন্য জিবচয়
আমী দুষ্ট কোটী কোটী শহস্রে শহস্রে
যমালয় প্রবেশণ করাছি অজস্রে ॥ ৮৪৩
ওহে শাদ্ধি কালের প্রেরিতা হয়া তুমি
দুরিত-আশ্রয় খড়িগযুনিদ্দেহ(২) আমি
শে তনু করিলা নষ্ট শক্তির প্রহারে
ঘুর্ঘোর দুরিত নষ্ট করিলা আমারে ॥ ৮৪৪

গঙ্গাশিন্ধুশঙ্গম এ দুর্লভ দেবের
মৃত্যু হৈলে এহি স্থাণে জিবশকলের
শত্ গতিক প্রাপ্ত হয় ওহে শুভাণণ
দেখহ শাক্ষাত আমী লভিয়া মরণ ॥ ৮৪৫
উত্তম গতিক প্রাপ্ত হইল আমায়
জাও হে শুশ্রনী তুমি গৃহের মাঝায়
কল্যাণ হইবে তব হে শাদ্ধি কল্যানী
অচিরে পতিরে পাবা শার এহি বানী ॥ ৮৪৬
ব্যাব নিগদতি হে জৈমিনী তপোধণ
কল্যানী তাহার বাক্য করিয়া শ্রবণ
পরম অদ্ভুত তদা মানী নিজমণে
ধর্ম্মবুদ্ধি নৃপতির বন্দিল চরণে ॥ ৮৪৭
শে কাল ভূপাল রথ করি অতি গতি
চলী গেল হর্ষ মণে ইন্দ্রের বশতি
পরে বীরবর ধীর হে বিপ্র তণয়
রাজশভামাজে প্রবেশীলেণ ত্বরায় ॥ ৮৪৮
ভীমকায় ভীমপরাক্রমীয় খড়িগার
নিধণকথণ শুনী ভূপ মহাধীর
জয়ন্তি (৩) ণামেত তার আছিল তনয়া
সে বীরবরক দিয়া দিল শুভ বিয়া ॥ ৮৪৯
মণী মুক্তা আদী করি বিবিধ রতণ
রথ রথি শারথি পদাতি বহুজণ
তুরঙ্গ মাতঙ্গ ভূমি অপর বশণ
জৌতক দিলেণ তদা যুশেণ রাজণ ॥(৪) ৮৫০
তারপর বীরবর ধীর গুণবাণে
জাচিঞা করিল নৃপতির শন্নিধাণে
ওহে তাত ভূপ তুমি আপণ আত্মজা
দিয়া দিলা বহু ভূমি বস্তু আর প্রজা ॥ ৮৫১

---

১ নিস্তার। ২ = গণ্ডারযোনিতে উৎপন্ন। ৩ জয়ন্তী। ৪ = এই শ্লোকের অনুরূপ মূল নাই।

তাহার নিকটে নৃপ আমার জাচণা
জেখানে মানবগণ করিয়া কামণা
প্রাণধণ বিমোচণ করেণ ত্যয়াষ
শেহি স্থান-থাণ দীতে আজ্ঞা হয় য়ায় ॥ ৮৫২
শুনী বীরবর-গীর নৃপতি সুশেণ
দিলাম বলিয়া এহি বাক্য বলীলেণ
তদন্তর পুষ্টকলেবর হে ব্রাহ্মণ
জয়ন্তি-কন্যাক বীর করিয়া গ্রহণ ॥ ৮৫৩
গঙ্গাব্ধি শঙ্গমে এক সুন্দর আলয়
করিয়া নির্ম্মাণ বীরবর শেষময়
পরিজণগণ তথা করিয়া স্থাপণ
দুতশকলেক ডাকী বলীল বচণ ॥ ৮৫৪
ওহে দুতগণ শুন বচণ আমারে
জেহি জণ [illegible]
শুলোচণা প্রার্থণা করিয়া প্রাণধণ
বিমচণে উদ্ধত হয় হেতা দুতগণ ॥ ৮৫৫
তাহাক বন্ধণ করি আমার শভায়
আণয়ণ তোরা শবে করিবা ত্বরায়
দুতশকলক বাক্য বলীয়া এমণ
তপস্যা করিতে মণ কৈল নিজজণ ॥ ৮৫৬
প্রভাতে উঠিয়া গঙ্গাশাগরের জলে
স্নাণ করি নরবেণী কন্যা কতুহলে
গীত বাদ্য পিত্য দ্বারা দেব পারায়ণ
ভজণ করেণ পিত্যো করি সুজতণ ॥ ৮৫৭
পিরামিস্য(১) হবিস্য কখণ ফলাহার
কখণ করেণ কন্যা উপবাষ আর
এমত বিধাণে গঙ্গাশাগরশঙ্গমে
তপস্যা করেণ মাধবেক প্রাপ্তিকামে ॥ ৮৫৮

তার পর পুষ্টতণু হে যতি জৈমিণে
প্রচেষ্ট পাপীষ্ট অতি আনন্দিতমণে
বিভাহের বস্তুগণ করিয়া আধাণ
জেহি স্থাণে কন্যা ছিল আশীল শে স্থাণ ॥ ৮৫৯
কন্যাক তথায় দুষ্ট পা করি দর্শণ
শোকপ্রাপ্ত হয়া ভূমে হইল পতণ
পুণরায় অতিশয় ক্রন্দণ করিয়া
হাহা হত হইলাম আমী অভাগীয়া ॥ ৮৬০
প্রাণধণ শুণয়ণ শুলোচণা ধনী
কোথাবা করিল গতি শুচারুহাশিনী
ভুবণে দুর্লভ মম জিবণ ঔশদ(২)
চুরি করি নিল কেবা করি মোরে বধ ॥ ৮৬১
চারু ইন্দু নিন্দি মুখ শুখী শে কল্যানী
লইল ভুবণে কেবা দেখী একাকীনী
কীবা স্বামি যুক্ত তার পা হই কারণ
বায়ুজবতুল্য অশ্বে হয়া আরোহণ ॥ ৮৬২
পূণর্ব্বার পিজরাজ্জ্যে বলীয়া জুবতী
আমাক আশ্বাষ করি করিআছে গতি
বিদ্যাধর মাধবের বিয়োগকারণ
কীবা রাজসুতা ধনী লভিল মরণ ॥ ৮৬৩
কন্যার পিধণ অগ্ন করি বিলোকণ
আপণ ইশ্বায় কোথা করিল গমণ
বলী এপ্রকার শোকে হইয়া শন্তাপ(৩)
তথায় প্রচেষ্ট বহু করিয়া বিলাপ ॥ ৮৬৪
মরণবাশণা মণে করি দুরাশয়
গেল জথা গঙ্গাব্ধিশঙ্গম মুক্তিদয়(৪)
গঙ্গাশাগরের জলে স্নাণ করি পরে
তুলসীয়াশায় বিভলীয়া কলেবরে ॥ ৮৬৫

১ নিরামিষ। ২ ঔষধ। ৩—সন্তপ্ত হইয়া। ৪—মুক্তিদানকারী।

কৃতাঞ্জলী হয়া তদা বলীল বচণ
ভিষ্মমাত্ত(১) তব স্থানে এহি নিবেদন
পবিত্র তোমার জলে তণুত্যাগ আমী
করি শুলোচণা স্ত্রীর হই জেণ স্বামী॥ ৮৬৬
এপ্রকারে বারে বারে বলীলে তথণ
শ্রবণ করিয়া বীরবর দুতগণ
পাষ দ্বারা শুদৃড় বন্ধণ করি তারে
নিল বীরবেশী রমনীর শন্তাপরে॥ ৮৬৭
প্রচেষ্ট দুষ্টক তদা করি বিলোকণ
কাড়াগাড়(২) নিতে আজ্ঞা করিল তথণ
দারুণ কিঙ্করগণ আদেশ পাইয়া
ঘোর কাড়াগারে তারে শিঘ্র গেল নিয়া॥ ৮৬৮
কামরূপ অন্তর্গত কমতা-ধরনী(৩)
জাহাত শতত আবির্ভূত তৃণয়নী
বিখ্যাত হইল কমতাত বাষ করি
কমতেস্বরিতি নাম ইশাণ শুন্দরী(৪)॥ ৮৬৯
শে ইশাণ বংশে বিস্বশিংহ নরপতি(৫)
তার কুলকুমদপ্রকাষকর অতি
শ্রীল শ্রীহরেন্দ্র নারায়ণ শুচন্দ্রমা
ভুবণে ভূপতি নাহি জাহার উপমা॥ ৮৭০
জার কীর্ত্তিদিপ্তি দশ ককুভ(৬) ব্যাপীয়া
দুষ্টনষ্টকর শীষ্টগণ পালনীয়া
শুন্দর যুবেষ কর করিকরাকার
চন্দ্রমা উপমা আস্ত মুখদ শম্ভার॥ ৮৭১
শে আস্তে মধুর হাস্ত করিয়া জথণ
শুমধুর গীরচয় করে উদীরণ
তথণে মাণব মণ করিয়া রঞ্জণ
মুখদয় করে মুখ শর্গ্গের জেমণ॥ ৮৭২
তাহার শেবক মধ্যে প্রধাণ শেবক
মহীণাথ নাম জার দুখীআছে লোক
তাহার অণুজ শুব দাশ রিপুঞ্জয়
নৃপণিদেশণে পদ নাণা ছন্দে কয়॥ ৮৭৩
জিব শব শিব রাম নাম কর পাণ
ক্লেষদা ভুবণে অন্তে শুখে হবা ত্রাণ॥ ৮৭৪
ব্যাষ যতি নিগদতি হে যতি জৈমিণে
বলী পরবিবরণ শুণতা শ্রবণে
প্রচেষ্ট পাপীষ্ট জদা হরিল কন্যারে
তথা জত জণ ছিল না দেখীল তারে॥ ৮৭৫
হাহাকার ঘোর শোর(৭) শে রাজ্জে তথণ
হৈল পুন্যশীল ওহে ব্রাহ্মণ নন্দণ
শুণি এ প্রকার গুণাকর নরপতি
জেখাণে শুন্দরী ছিল তথা ত্রস্তে অতি॥ ৮৭৬
পত্রিশণে আশীয়া দেখীল শেহি স্থানে
শুন্নপিট(৮) খাণ মাত্র আছেণ শেখানে
কি হৈল কী হৈল বলি ত্রস্তে অতিশয়
জিজ্ঞাশা করেণ গুনাকর গুণালয়॥ ৮৭৭
ইকী অশম্ভব জণগণ কহ শুনী
কী হইল কেবা নিল আম্মার নন্দিনী
শুনী জণগণ তদা বলীল বচণ
আম্মা শবে অশম্ভব দেখীলাম রাজণ॥ ৮৭৮
অকস্মাতরূপে কন্যা নাহি এ স্থাণত
নিবেদীলাম মহারাজ কর তার মত

১ ভীষ্ম মাতঃ—গঙ্গে। ২ কারাগার। ৩ কামরূপের অন্তর্গত কমতাপুর (কোচবিহার রাজ্য প্রাচীন কালে এই নামে সুপরিচিত ছিল)। ৪ যাহার মধ্যে ত্রিনয়নী দুর্গা আবির্ভূতা হইয়া কমতেশ্বরী নামে প্রসিদ্ধ হইয়াছেন। বর্ত্তমান গোসানীমারীতে এই কমতেশ্বরীর মন্দির বিদ্যমান আছে। এখনও এখানে নিত্য-পূজা হইয়া থাকে। ই, বি, আর রেলওয়ের দিনহাটা ষ্টেশনে নামিয়া গোশকটযোগে (অন্য যান দুর্লভ) গোসানীমারীতে যাইতে হয়। ৫ কোচবিহার রাজবংশের পূর্ব্ব পুরুষ। ইনি মহাদেবের অংশে উৎপন্ন বলিয়া প্রসিদ্ধি আছে। ৬—দিক। ৭—কোলাহল। ৮ শূন্যপীঠ।

ক্রূর অদৃষ্ট কথা শে রাজ শে বেলা
শিক্রা হইল অতি শোকেত বিহ্বলা ॥ ৮৭৯
ইছু ক্ষণান্তরে পরে লভিয়া চেতণ
পাক অপমাণে হয়া দীণযুত(১) মণ
জারূঢ়গণ অশ্ব-আরূঢ় শকল
থিগন খড়্গচর্ম্মধারি মহাবল ॥ ৮৮০
প্রচণ্ডকোদণ্ডধারি বীরগণ আর
ন শক্তি মূশল আধাণ জে শবার
আর প্রায় পট্টিষ মুদ্গর ভয়াণক
করেত ধারণ করে জেহি শব লোক ॥ ৮৮১
এ শকল কোটী কোটী হাজারে হাজারে
কন্যারক্ষা(২) ণিমিত্তক শেহি রাজা পরে
আদেশণ করিলেণ হে দ্বিজণন্দণ
আদেশমাত্রেত ভীমযুধী বীরগণ ॥ ৮৮২
কন্যার উদ্দেশে ভূপতির অগ্রহণে
আগমণ করিলেণ ক্রোধাবৃত মণে
তখণ গায়কে গাণ করিল বর্জ্জণ
ণর্ত্তক শকলে ত্যাগ করিল ণর্ত্তণ ॥ ৮৮৩
বাদ্যকরগণ বাদ্য কৈল পরিহার
আণন্দ ছাড়িয়া ণিরাণন্দ শবাকার
ওহে দ্বিজবর শেক্ষে নৃপ গুণালয়
শোক অপমাণে হয়া ব্যাকুল হৃদয় ॥ ৮৮৪
মন্ত্রি শকলক তদা বলীল বচণ
একী অশম্ভব কহ হে শচিব গণ
ধরণীপতীর বাণী শুণি মন্ত্রিচয়
করজোরে কয় অতি হয়া শবিণয় ॥ ৮৮৫
ওহে মহারাজ এজে কর্ম্ম দৈবাদ্ভুত
আমাদের শকলের অদৃষ্ট অশ্রুত
এ শকল জণ মধ্যে পশি কোণ জণ
তোমার শুতাক করিবেণ আহরণ ॥ ৮৮৬
এক গুণতন্ত্রি মন্ত্রি বলীল শে বেলা
শাপ পায়া আশীআছে ভূতলে কমলা
বুঁঝি তার শাপমুক্ত হইল অখণ
অন্তর্ধ্যাণ হয়া গেল আপণ ভূবণ ॥ ৮৮৭
মায়াময়ি শে রমণী(৩) মায়াশ্রয় করি
তোমার গৃহেত ছিল হে নৃপকেশরি
স্বকীয় মায়াক তাঞ করায়া দর্শণ
অন্তর্ধ্যাণ হৈল কৈল মন্ত্রি একজণ ॥ ৮৮৮
আর এক শচিব বলিল তার পর
শকল লৈক্ষণ-যুত কন্যা মণোহর
শুক্লপথাগম হয়া শহস্র লোচণ
তোমার শুতাক করিআছে আহরন ॥ ৮৮৯
আর এক মন্ত্রি বলীলেণ শে শময়
জদি শুন্দরীক নিত দেব হরি হয়(৪)
পুণর্ব্বার তার এথা হবে আগমণ
জাত গৌতমের স্ত্রিক করি আহরণ ॥ ৮৯০
শর্ব্বাঙ্গ শরীরে ভগ হয়াছে তাহার
এহি হেতু কন্যাক দিবেক আরবার
তার পর আর এক মন্ত্রি গুণবাণে
করজোর করি কয় নৃপশন্নিধাণে ॥ ৮৯১
ওহে নৃপ গুণাধার তোমার কন্যার
বদণমণ্ডল ছিল পুর্ণচন্দ্রাকার
[illegible] মনে [illegible]
আহরন করি ণিল আপণ ণগর ॥ ৮৯২
এ প্রকার কয়া মৌণ হৈল মন্ত্রিবর
আর এক মন্ত্রিবর বলীল তত্পর

১—দৈবাদ্ভুত। ২ কন্যারক্ষা আর কিরূপে করিবে? মূলে আছে "রক্ষা কার্য্যে নিযুক্ত হইল।" অনুলকারের জন্য পুরী বা নগরী সুরক্ষিত হইল, ইহাই প্রকৃত অর্থ। ৩ রমণী। ৪—যদি সুন্দরীকে দেবতা হরণ করিয়া থাকে।

হে ভূপ তোমার দুহিতার মুখ-সুখ
দর্শন করিয়া বিধু মনে পায় দুখ॥ ৮৯৩
দীর্ঘবাহু রাহু করি সে মুখ দর্শণ
ভ্রান্ত হয়্যা চন্দ্র বলী করিছে গ্রসণ
কমলের বনে জেন প্রফুল্ল্য কমল
তেমতি সোভণকর বদনমণ্ডল॥ ৮৯৪
সে কমলকলিক নিন্দিয়া কুচদ্বয়
মৃণাল-উপমা বাহুদ্বয় মনোময়
ভ্রান্ত হয়া দন্তাবল(১) কমল বলিয়া
তোমার পুত্রিক খাইল ওহে পুণ্যকায়া॥ ৮৯৫
এ প্রকার এক মন্ত্রি বলীলে ততপরে
বলীল তখণি আর এক মন্ত্রিবরে
হে ভূপ তোমার নন্দিনীর রূপগণ
আর তার গুণগণ শ্রেষ্টা ভগবণ॥ ৮৯৬
সৃষ্টী করিআছে মাত্র তব দুহিতিরে
তার রূপ গুণে সৃষ্টী আর নাহি করে
তার রূপগুণগণ করি বিলোকণ
আর রূপ মুর্ত্তি সৃজিবেণ পদ্মাসণ॥ ৮৯৭
এহি হেতু আপণ ভূবণে লয়্যা গেল
এ বলিয়া সেজে মন্ত্রিবর মৌণ হৈল
তার পর আর এক মন্ত্রি গুণালয়
নৃপতির অগ্রে কয় হয়্যা সবিণয়॥ ৮৯৮
ওহে নৃপবর তুমি এজে দিশ-চয়
বিক্রমে আক্রম করি করিআছ জয়
তোমার তণয়া দেবতার স্ত্রি সবার
রূপেক জিণিতে গেল ত্রিদিবমাঝার॥ ৮৯৯
তদন্তর মুণিবর সেজে মন্ত্রিগণ
অন্যের অন্যোর মুখ করি বিলোকণ
উৎসাহবিহিণে (২) মণে বর দুখ হয়্যা
নিশব্দে রহিল ওহে মুণি কায়া(৩)॥ ৯০০
মাত সুলোচণে কন্যা ধন্যা ত্রিভুবণে
আমাক ছারিয়া মাতা গেলা কোণ স্থানে
এ প্রকার উক্ত বেক্ত করি মহীপাল
মুর্চ্ছিত (৪) হইয়া ভূমে পরিল সে কাল॥ ৯০১
ভূতলেত পতমাণ দেখী নৃপতিক
তথাকার লোক শোক পাইয়া অধিক
হাহাকার ঘোর রব ণগরে তখণ
হৈল পুন্যশীল ওহে ব্রাহ্মণনন্দণ॥ ৯০২
সে সবার নেত্রধারা ভূতলে পরিয়া
শিক্ত হৈল তদা ওহে মুণি পুন্যকায়া
তাহার ক্রন্দণ ধ্বণি জে সবে শুনীল
সে সব জণাক আপী শোকে বিলম্বিল॥ ৯০৩
শোকে তাফ করি কান্দিতেছে জণে জণ
সে ক্রন্দণে দশদিগ করিল ব্যাপণ
ধুলায় ধুশুর অঙ্গ মুক্ত কেবচয়
এমত নৃপেক ধরি মন্ত্রি সমুদায়॥ ৯০৪
তরা-তরি করি সৌধগৃহে প্রবেশীল
পরম গুণীস ওহে মুণি পুন্যশীল
তদন্তর বিদ্যাধর ত্রিবিক্রম-যুত
পিট আলিঙ্গন করি কান্দিল বহুত॥ ৯০৫
হে প্রিয়ে চঞ্চলাপাঙ্গি শরির তোমার
দিপ্তি করিছিল শাতকুম্ভপুষ্পাকার (৫)
শোকপারাবারে মগ্ন হইআছি আমী
ত্রাণ কর তরিরূপে বরাঙ্গনে তুমি॥ ৯০৬
আমার কী দোষ প্রিয়ে করি বিলোকণ
হইয়া নির্দয় কোথা করিলা গমণ

১—হস্তী। এখানে দিগ্গজ। ২ উৎসাহবিহীনে। ৩ 'ক্লক্কায়া' পড়িলে ছন্দ পতন হয় না, [illegible] হয়। ৪ মূর্চ্ছিত। ৫—স্বর্ণকুম্ভবদন।

দর্শন হে পদ্মাননা না দ কেন মোরে
জা করিছি দোষ তাহা ক্ষেম হে আমারে ॥ ৯০৭
হে ভদ্রে তোমায় বিনা না জিব(১) কখন
দেখা দিয়া প্রাণ মোর করনা রক্ষণ
স্ত্রী ধন কী জন মিত্র কিবা ভৃত্যগণ
বান্ধব শকল আর কীবা নিকেতন ॥৯০৮
তোমা বিনে হে কল্যানে শব মিত্যাময়
[illegible] তুমি করিবে নিশ্চয়
ওহে বিপ্র হেনমত মহন্ত করুনা
করিয়া হইয়া অতি শন্তাপীতমনা ॥ ৯০৯
মরণবাশনা মনে করিয়া নিশ্চয়
গেল জথা গঙ্গাব্ধি-শঙ্গম মুক্তিদয়
শমুদ্রমিশ্রিত গঙ্গাজলে তার পর
ভক্তিযুত হয়া স্নান করি বিদ্ধাধর ॥ ৯১০
আদিত্যেক অর্ঘ দিয়া গঙ্গা শম্বোধিয়া
বলীতে লাগীল তদা পুটপানী হয়া
ওহে মাত গঙ্গে দেবী জগত মাতর
তোমার অমলজলে ত্যাগী কলেবর ॥ ৯১১
শুলোচনা ধনী রমনীর শিরমনী
প্রাপ্তী করি দিবা পুন্ন জগতজননী
এ প্রকার কওা-মাত্রে ওহে তপোধন
শুনাধার বীরবর কীংকরে তখন ॥ ৯১২
ধরি তারে বীরবর-শভা নিএা-গেল
দেখী বীরবর বীর তারে জিজ্ঞাশীল
কে তুমি কোথায় হনে এথা আগমন
হয়া কেন প্রাণধন কর বিমোচন ॥ ৯১৩
বীরবরবীর বিদ্ধাধরে শুনি পরে
আদি-অন্ত কথাগন কহিল তাহারে
শুনী বীরবর বীর বিশ্ময় হইয়া
কহিতে লাগীল বিদ্ধাধর প্রতি চায়া ॥ ৯১৪
বিভাহকালেত জাত পরিত্যাগ করি
অন্তর্ধ্যান হয়াছিল শে চারু শুন্দরি
তার অর্থে ত্যাগ কেন কর তুমি প্রাণ
ধিক ধিক জড় নাহি তোমার শমান ॥ ৯১৫
তোমা প্রতি তার মতি নাহিক কখন
তুমি তার প্রতি কেন রাখিআছ মন
তুমি বঠ লোকশ্রেষ্ঠ বুঁঝি অনুমানে
মুর্খ তুমি বুঁঝিলাম নিশংশয় মনে ॥ ৯১৬
গন্ধর্ব্বি পন্নগী(২) কীম্বা রাক্ষসী কীন্নরি
শাপেত ভূতলে আশী হয়াছেন নারি
নিজে শে জে কন্যা ধন্যা হয়া অন্তর্ধান
দেবিরূপী দেবপুরে করিছে প্রয়ান ॥ ৯১৭
কখনো তাহার শঙ্গে পুনরা(৩)দর্শন
হবে ধনী কীরমনী রমনীরতন
গগনে রহিনীপতি বিরাজে জখনে
চকর তাহার পিয়ে মধু সুজতনে ॥ ৯১৮
বহুত অক্রমী ওথা জায়া কাকচয়
শে চন্দ্রের পিযুষ কী পিইতে পারয়
অপ্রাপ্ত(৪) বস্তুক তারে পাওা নাহি জায়
প্রাপ্তী(৫) জেহি দ্রব্য শেহি দ্রব্য লাভ হয় ॥ ৯১৯
ইহাক জানিয়া চিত্তে কোন কোন জন
জ্ঞান তেজি মহ(৬)ভজি অচৈতন্য হন
কেবা কন্যা দান করে কে করে গ্রহন
পুর্ব্ব জন্মে জার কন্যা লভে শেহিজন ॥ ৯২০
পুত্র হেতু ভার্য্যা পুত্র পিণ্ড প্রয়োজনে
নারিক গ্রহন করে এহি হেতু জনে

১=জীবিত থাকিব। ২ পন্নগী। ৩=পুনরায়। ৪=অপ্রাপ্য। ৫=প্রাপ্য। ৬ মোহ।

নারিত জেমত চিত্ত থাকেণ পতির
তেমতি পতিত মতি না থাকে নারির ॥ ৯২১
তাহার প্রমাণ আমাবস্যা-রজনীত
অলি দেখী কুমুদ হএণ প্রকাশীত
জুবতির পতি জদি গুণবন্ত হয়
তাহাত শন্তুষ্ট না হয়েণ নারিচয় ॥ ৯২২
আদিত্য গগণে রৈতে পদ্মিনী শবার
ভ্রমর শকল তারে পিয়ে মধুধার
*নারিত শতত চিত্ত রাখে জেহিজণ
আর জেবা জণ বিষ্ণুভক্তিপরায়ণ(১) ॥ ৯২৩
অপর জে জণগণ লোভাতুর হয়
এ তিনী জণেক জদি শোকে বিলজ্জয়
তাহাতে জন্তপী ত্যাগ করে প্রাণধণ
বিরষ্ণ প্রাপ্ত হয় এহি তিণ জণ ॥ ৯২৪
দ্বারা পুত্র য়ায়ু(২) দেষ অপর বান্ধব
প্রান রৈলে পুন লাভ হএন এশব
বিশয়ের ভোগ নাহি হয় শম্মাপণ
আর ধর্ম্ম কর্ম্ম নাহি লয় আচরণ ॥ ৯২৫
বর্ত্তমাণ দুষভ জণম করি গত
মূড় লোকে ভবিষ্যত বাঞ্ছেণ শতত
মম মাতা পিতা ভ্রাতা মম ভার্য্যাধণ
এ প্রকার মোহ প্রাপ্ত হয়া জনগণ ॥ ৯২৬
বিফলেত জন্ম জায় কর্ম্ম নাহি করে
এহি হেতু শংশারশাগরে ফিরি ফিরে
এ প্রকার বাক্য দ্বারা শম্যকপ্রকারে
প্রবধিল(৩) বিদ্যাধর বরেরে জে পরে ॥ ৯২৭
তাহার দুর্ম্মতি অতি হয়া পরিত্যাগ
নিজদেশে গেল হে জৈমিনী মহাভাগ

তারপর মুণিবর ধীর গুণবান
বলী পরকথা তাহা কয় অবধান ॥ ৯২৮
গন্ধিনী প্রিতিক প্রাপ্ত হইয়া তখণ
স্বগৃহে গেলেণ অতি হয়া হর্ষমণ
দেখেণ মাধব মঞ্চে শয়ণ করিয়া
আছে শুখে গন্ধিনী তাহারে দরশীয়া ॥ ৯২৯
বলিল বচণ উঠ উঠ হে দুর্ম্মতি
বিফল হইল তব শ্রম মূড়মতী
বিভাহকালেত কন্যা হৈল অন্তধ্যাণ
এমত যুনিয়া শে মাধব হিণজ্ঞান ॥ ৯৩০
জে স্থাণে আছিল অম্বর মণোময়
তরা-তরি গতি করি গেলেণ তথায়
ণা পাইল শেহি স্থাণে অম্বেক তখণ
প্রচেষ্ট দাশেক আর ণা করি দর্শণ ॥ ৯৩১
হা হা হত হইলাম আমি অভাগীয়া
মূর্চ্ছিত হইয়া ভূমে পৈল এ বলিয়া
কীছু ক্ষণান্তরে পরে লভিয়া চেতণ
বিলাপ করিয়া করে ভূমীত লুটণ ॥ ৯৩২
নিজমণে শুণে বীর মাধব তখণ
কন্যা দোবহিণ বিদ্যাধরেও তেমণ
শকলী আমার দোষ নিচজণ জাত
শঙ্গ করি আগমণ হয়াছী এথাত ॥ ৯৩৩
নিচজণশঙ্গ কৃত হয় জেহি জণ
বিধাতা তাহার শুখ করে আহরণ
অতএব আমী জাত হইলাম ইহার
জাত গতি এহি মত ঘটিল আমার ॥ ৯৩৪
শাধুগণ নিচজণশঙ্গ জদি করে
ণা লভে তাহার শুখ শংশারভিতরে

১ ঠিক উল্টা অনুবাদ হইয়াছে 'যে বিষ্ণুভক্তি পরায়ণ না হয়' হইবে। ২ মূলে আছে প্রাণা। ৩— প্রবোধ দিল।

প্রভু শঙ্ক করি জাত দের ভূনয়ণ
দিগম্বর কলেবরে ভস্ম বিভূশণ ॥ ৯৩৫
নিচগণ প্রবেশণ করিল্যে মন্দিরে
জন্থে নারি-রত্নেক ধণেক আয় হরে
লইতে আপণে শক্তি জদি ণা হয়েণ
জেমতে হয়েণ পাব তাহারে ণাশেণ ॥ ৯৩৬
[illegible] করে দোষচয়
গুনগণ বিলোকণ কভু ণা করয়
গুণিনের কীঞ্চীতেক দোশপ্রশজ্ঞত
শেহি দোষ করে গতি শতেক বত্নেত ॥ ৯৩৭
ণিচ জণে শাধুর গুনেক যদি গুণে
শম্ভ দুষ্থ উপজেণ তাহাদের মণে
শ্রবণে শ্রবণ কীঞ্চিত দোষ করে জদা
শে কীঞ্চিত দোশ শতরূপ হয় তদা ॥ ৯৩৮
ওহে দ্বিজ গুভ জদি বাঞ্চে প্রাজ্ঞগণ
ণিচেক বিশ্বাষ ণা করিবে কদাচণ
প্রাজ্ঞগণ ণিচজণ করিয়া শঙ্গতী
একপদ শর্ব্বংশহা(১) ণা করিবে গতি ॥ ৯৩৯
বিশ্বাষবচণ ণিচ বন্ধুবত্ হয়া
আকর্ষ করিয়া পরে শময় জাণিয়া
জণগণ মাজ্যে শেজে করিয়া প্রকাষ
পরম আনন্দমনে করে পরিহাষ ॥ ৯৪০
মণে বাক্যে(২) কর্ম্মে এক যতি মহাত্মার
বাক্যে মণে কর্ম্মে ভিন্ন ভিন্ন দুরাত্মার
নৃপাত্মজে জদি কন্যা বিভা কৈল হয়(৩)
হৈত তদা অল্প শোক আমার হৃদয় ॥ ৯৪১

মর্ত্ত্য হৈতে আগমণ হৈছে শে কন্যার
[illegible]
ণিচজণে আহরণ করিলেণ তারে
শেহি হেতু শোক হৈল আমার অন্তরে ॥ ৯৪২
শকল যুঁঅন্তগণ বলীআছি তারে
বিলোকণ করিয়াছিলাম শে কন্যারে
তাহারে লইতে শক্তি ণা হৈল আমার
জিব কোণমতে পথ ণা থাকীল তার ॥ ৯৪৩
ণিচক্রোড়াগতা শাদ্ধি শে যুণীতা(৪)
ণা জিবেক এক ক্ষণ
শোক গুহুর্ঘোর লভি বিদ্যাধর
তার লভিবে ণিধণ ॥ ৯৪৪
জথা পিতা মাতা ত্যাগ করি এথা
করিয়াছি আগমণ
শেহি দেশে শেষ হইয়া প্রবেষ
প্রাণ করিব বর্জ্জণ ॥ ৯৪৫
আবার অন্তরে চিন্তে দৃঢ়তরে
জদি তথা তেজি প্রাণ
অকীর্ত্তি হইবে প্রাণ মাত্র জাবে
না হইব ভবে ত্রাণ ॥ ৯৪৬
গুচারু কন্যার শাক্ষাত আবার
ণা পাইব গুণিশ্চয়
অতঃপর আমী গঙ্গাশিন্দুগামী
তাহাত তেজিব কায় ॥ ৯৪৭
পুনশ্চ তাহারে জাত হবে মোরে
দৃঢ় করি এ প্রকার

১—ভূমি। ২ বাক্যে। ৩—যদি বিবাহ করিত। ৪ বোধিত।

গুর-পুজ্জত্তম গজাদি-শজম
গেল শে রাজকুমার ॥(১) ৯৪৮
গঙ্গা-শিন্দু-শিরে স্নাণ করি পরে
পুজা করি শ্রীহরিক
তুলশী-মালায় বিভুশীয়া কায়
শে মাধব গুণাধিক ॥ ৯৪৯
হয়া পুটাঞ্জলী বলিতেছে বলী
করি গঙ্গা শম্বোধণে
মাত জহ্নুশুতা জগজ্জণমাতা
শরিত্ শ্রেষ্ঠ বঠাপণে(২)॥ ৯৫০
করি শিবেদণ কর মা শ্রবণ
হে দেবি তোমার শিরে
শোকপ্রাপ্ত হয়া তেজি আমি কায়া
পরজন্মে জেণ মোরে ॥ ৯৫১
রামা শুলোচনা শুচারুণয়ণা
প্রদাণ করিবা তায়
বলীয়া এমনী ত্রৈলক্ষ(৩) জণনী
মা গঙ্গেক শে শময় ॥ ৯৫২
করি শমস্কার শলীল মাঝার
প্রবেশে উদ্ধত হৈল
বীয়ের প্রেশ্চণ চণ্ড ভুতগণ
নৃপাত্মজেরে ধরিল ॥ ৯৫৩
তাহার শভায় শ্রীভাস্ত তায়ায়
করিয়া পরম গতী
তারে শিঞা গেল হে দ্বিজ গুণীল
শুণ স্থির করি মতী ॥ ৯৫৪
তার পর ওহে মুণিবর গুণালয়
রাজার তণয় মাধবেক শে শময়

করিয়া দর্শণ প্রতিবিম্ভ হয়া অতি
নৃপণন্দণেক তদা বলীল ভারতী ॥ ৯৫৫
কে তুমি হে কেণ এথা ত্যজহ শরীর
বল বিবরণগণ আমাক হে ধীর
একদীণ হর্শে আমি শশৈন্য শহিতে
মৃগয়া করিতে গীয়াছিলাম অরন্যেতে ॥ ৯৫৬
করাশণে শরাশণ আকর্ণণ করি
অণেক জন্তুক পঠাইয়া যমপুরি
মধ্যাহ্ন শময় শন্তচয় শঙ্গে লয়া
আগমণ করিলাম শিলয় বলীয়া ॥ ৯৫৭
ণগরপ্রান্তেত এক শর শুশোভণ
শিরমল জলে শোভে কমলের বণ
শেহি রম্যস্থাণে এক ণারি দেখীলাম
মম্মথে মথিতমতি তথি হইলাম ॥ ৯৫৮
ণাম চন্দ্রকলা বাল বয়ষ তাহার
পঞ্চবাণভেদমতি দেখিয়া আমার
শুলোচণা শুণয়ণা কন্যার কথণ
আদি অন্তে কৈল শে জে রমনীরত্তণ ॥ ৯৫৯
জে প্রকারে তার যারা শন্দর্শণ হব
অণুক্রমে আমাক বলিল শেহি শব
তদন্তর প্রচেষ্ট ভুতেরে শঙ্গে লয়া
বেগবন্ত অশ্বপ্রিষ্টে আরোহণ হয়া ॥ ৯৬০
বিলঙ্ঘণ করিয়া দুর্বার পারাবার
আগত হয়াছি তার ণগরমাঝার
রাত্রি শে পক্ষিণীগৃহে প্রবাষ করিয়া
প্রভাত বিমলকালে চৈতন্য লভিয়া ॥ ৯৬১
শর্ব্বথা পরিহরি উঠি গন্ধিনী-অগ্রত
আদি-অন্ত কথাগণ কৈলাম শমস্ত

---

১ এইখানে মূলের খানিকটা পরিত্যক্ত হইয়াছে। মূলে আছে পক্ষিণী উপদেশ দিল এক সরোবরে ডুব দিলেই অভীষ্ট দেশে উপনীত হইবে। রাজপুত্র তাহাই করিলেন। এটুকু বাদ দেওয়াতে অসঙ্গতি দোষ হইয়াছে। উচ্চৈঃশ্রবার বাহন ভিন্ন যে দেশে গমন অসম্ভব সে দেশ হইতে রাজপুত্র ফিরিলেন কিরূপে? ২—আপনি নদী সমূহের মধ্যে শ্রেষ্ঠ বটেন। ৩ ত্রৈলোক্য।

শুনিয়ে গন্ধিণি মম বাণী সে সময়
বলীল কন্যার অধিবাহ-কথাচয় ॥ ৯৬২
তা শুনী আমার চিত্ত বিত্ত শোকে শক্ত
ব্যাকুল হইল অহে বীর গুণবন্ত
পরে নিতিশাস্ত্রদ্বারা ভাবিলাম মণে
উদ্যোগ করিলে শিদ্ধ(১) হয় কর্ম্মগণে ॥ ৯৬৩
এমত চিন্তিয়া সেই কন্যাকে তখনে
লিখিলাম এক পত্র করি আলোচনে
শেহি পত্র করজের অঙ্গুরি শহিত
পঠায়াছিলাম আমি কন্যাসন্নিহিত ॥ ৯৬৪
পত্র আর অঙ্গুরিক বিলোকণ করি
পত্রপিষ্টে প্রত্যুত্তর(২) লিখিছে শুন্দরী
জে প্রকার কন্যা লিখিআছে লিপীগণ
বলি তাহা বীরবর করহে শ্রবণ ॥ ৯৬৫
[illegible]
পিতা মোরে তার তরে করিবে প্রদান
শস্ত্র কল্য হবে অধিবাষকর্ম্মগণ
কল্য শুভ বিভাহ হইবে সমাপন ॥ ৯৬৬
তথাপী তোমার হিতহেতু বলী আমি
জে প্রকারে আমা লাভবাণ হবা তুমি
মৃনালগঞ্জিত বাহু করি উদ্ধস্থিত
করিয়া রহিব বরমুখশন্নিহিত ॥ ৯৬৭
তাতে জেহিজণ মোকে লইতে পারেণ
শেহি মম ভর্ত্তা গুণিন্বর হইবেণ
শে জে ধণ্যা কণ্যা পত্র করিয়া লিখণ
গন্ধিণি মালিনী হস্তে করিছে অর্পণ ॥ ৯৬৮
কণ্যার লিখণ দীল গন্ধিনী আমাক
প্রত্যেক জ্ঞাত করায়াছি শেহি বাক

মম মুখে শে শক্তেত করিয়া শ্রবণ
শাজি বাজিশ্রিষ্টে হৃষ্টে হয়া আরোহণ ॥ ৯৬৯
কণ্যারত্ন অজত্নেত আহরিছে জদা
ঘোরণিদ্রাম্বিত হয়া আছিলাম তদা
কল্যানীর বেথাপ্রাপ্ত শে স্থাণেত হয়া
তাক প্রাপ্তহেতু চিত্তে প্রার্থনা করিয়া ॥ ৯৭০
আশীয়াছি এস্থাণেত ত্যাগীতে শরীর
শুণিণি মাণিনী শোকে দুঃশহে হে বীর
এ প্রকার মাধবের উক্তি শমুদায়
শ্রবণ করিয়া বীরবর শে সময় ॥ ৯৭১
মহাভাগ তণুত্যাগকরণকারণে
শুণিশ্চয় করিয়াছ কদি নিজমণে
শাস্ত্রের বিধাণে অস্ত করিয়া জাগর
কল্য মহাশয় কায় পরিত্যাগ কর ॥ ৯৭২
তার তরে এ প্রকার বলিয়া বচণ
নিজজণ করিয়া পদাতি বহুজণ
হর্ষযুক্ত হয়া তদা ণারি নরবেশী
গেল নিজবাশে ওহে পুষ্পকায় ঋশি ॥ ৯৭৩
তার পর ণারিবেষ করিয়া ধারণ
রত্নময় অলঙ্কারে হয়া বিভূষণ
নৃপাত্মজ মাধবেক নিতে তদা পুরে
নিজদাশী শশিমুখি প্রেশীল শত্তরে ॥ ৯৭৪
আশী দাশী মাধবের শন্নিধ্যে ত্বরায়
নিল পুরমাজে আছে কল্যানী জথায়
শেজে ধনীশিরমণি রমনীরতণ
লক্ষ্মীপ্রায় রূপে মুণি মোহ করে মণ ॥ ৯৭৫
দেখি মাধবেক পর্য্যাঙ্ক(৩) ত্যাগ করি
উঠিল হে দ্বিজত্তম শে চারু শুন্দরী

১ সিদ্ধ। ২ প্রত্যুত্তর। ৩ পর্য্যঙ্ক।

পুলকে পুরিত মতি হয়া অতিশয়
পদদ্বয় বন্দণ করিল শে শময়॥ ৯৭৬
তারপর রাজশুত গন্ধর্ব বিধাণে
করিল কণ্যাক বিভা আণন্দিতমণে
শে স্বাগত আণন্দ লভিল রাজশুত
শুণ শুণবান ওহে মুনী পুন্যযুত॥ ৯৭৭
কল্যানীর লোচণের বারিধারাএতে
শিক্তবাণ হৈল মতিমাণ রাজশুতে
শে কামিণি কামিণি লইয়া হর্শে কোলে
গত করিলেণ কেলীকলাকতুহলে॥ ৯৭৮
প্রভাত বিমলকালে শা(১) মৃগলোচনী
পুর্বের বৃঁতান্ত আদি অন্তে ওহে মুণি
মাধব শন্নিধ্য শব বলীল তখনী
তারপর শুলোচনা শুনয়ণা ধণী॥ ৯৭৯
নৃপতির কন্যা ধন্যা জয়ন্তি গামত
মাধবেক দিয়া হর্শ হয়া শে কালত
শুশেন(২) নৃপের শভা মাজে তিণজণে
গেল তদা পুন্যকায়া বতি হে জৈমিণে॥ ৯৮০
শকল বৃঁতান্তগণ কৈল নৃপতিক
শুণিএগ ভূপতি হর্শ হইয়া অধিক
শুভদিণ শুভলগ্ন করি নিরপণ
শুলোচণা জয়ন্তি কন্যাক শে রাজণ॥ ৯৮১
রাজশুত মাধবেক করিয়া প্রদাণ
জৌতক দীলেণ বহু বস্ত্র করি মাণ
শর্ণ মুদ্রা শত ভার দীয়া শে রাজণ
শকীয় রার্জ্জার্দ্ধ তাক করিল অর্পণ॥ ৯৮২
বিচিত্র আবাষ নির্মাইয়া রাজশুত
কেত্রণমে রৈণ ওহে দ্বিজ পুন্যযুত

কাড়াগারণিবাশী শে প্রচেষ্টক পরে
আণয়ণ করি শিঘ্রে শভার ভিতরে॥ ৯৮৩
প্রচেষ্টক প্রতি চিন্তে মাধব তখণ
এজে পাপমতি ক্রুড় পরম দুর্জ্জণ
স্বামির বিশ্বাষঘাতি বঠে দুরাচার
শত্রু ইণি রক্ষনিয় ণা হয় আমার॥ ৯৮৪
ওদণ প্রশাদ ধণ দিয়া খপুচয়
পালণ করিলে তাএ কভূ আত্ম ণয়
শময় পাইয়া হয়া পরম নির্দ্দয়
শত্রুকর্ম্ম আচরণ করে দুরাশয়॥ ৯৮৫
বিপত্তিশময় খপুচয় হস্ত দীয়া
পাদরজ লয় রয় বিণয় হইয়া
জখণ শম্পদবন্ত হএণ দুর্জ্জণ
শেহি হস্তে স্বামিশির করেণ হরণ॥ ৯৮৬
বষপত্তি(৩) অরাতি জে বেক্তির থাকয়
প্রভূক হণণ তারা করে শুনিশ্চয়
তাহার প্রমাণ জলণের খপু জল
শে জলেক তপ্তকরি বঠেণ অণল॥ ৯৮৭
শময় পাইলে তপ্ত শলিলে তাহারে
তপ্তকর অণলেক নির্ব্বাপণ করে
এপ্রকার চিন্তে চিন্তি ভূপালনন্দণ
নষ্টচেষ্ট প্রচেষ্টক করিল নিধণ॥ ৯৮৮
পরে ওহে বিপ্র শুখে নৃপতিকুমার
রহিলেণ দুই স্ত্রিক করি শমভ্যার
শোকব্যাধিবিবর্জ্জিত হয়া কীচুকাল
আছিলেণ তথা হে জৈমিণি ধর্ম্মপাল॥ ৯৮৯
শুলোচণা শিমন্তিনী হৈতে শতজণ
জণমিল মাধবের কুলের নন্দণ

১—সে। ২ সুষেণ। ৩ বশবর্ত্তী।

জয়ন্তি যুবতি হৈতে দ্বাদশ তনয়
হইল ভূপত্তি খঞ্জনের শে শময় ॥ ৯৯০
মাধবের একশত দ্বাদষ নন্দন
অস্ত্রশস্ত্রে বিশারদ হৈল জণে জণ
প্রিতিবাণ শকল লোকের হৈল তারা
ধর্ম্মকর্ম্মে মতি অতি পাপকর্ম্ম ছারা ॥ ৯৯১
পূর্ব্বজন্ম উপার্য্যিত বিষ্ণুভক্তিগুণে
মাধব ইস্বরতুল্যে বিরাজে ভূবণে
একদা মাধব চিন্তা করে নিজমণে
কে আমি কোথায় মম আগমণ কেণে ॥ ৯৯২
কীবা কর্ম্ম আমি করিতেছি আচরণ
পুঃণ কোথা জাব কোথা আছি বা অখণ
বিশয় বিশম বিষ করিয়া ভোজণ
বিণা পুন্যে গত করিতেছি এ জনণ ॥ ৯৯৩
কেণ মণ মগ্ন মম হৈচে বিস্বার্ণবে(১)
অন্তেতে আমাক ত্রাণ আশী কে করিবে
শংশারমধ্যেত জন্ম লভিয়া জে জণ
হরিপাদপদ্ম শা করিল আরাধণ ॥ ৯৯৪
আত্মঘাতি শেহি জণ হৈল শুণিশ্চয়
শর্ব্বধর্ম্মণাযকারি শে জে দুরাশয়
পুণঃ পুণঃ ভবার্ণবে হবেণ জণণ
পুণ পুণ শেহি তণু লভিবে নিধণ ॥ ৯৯৫
শংশারশাগর ঘোর মাজে এজে ক্লেষ
প্রাণীশকলের ভয় ঘটে শুবিশেষ
বিষ্ণুভক্তি বিণা অন্য অপর নিধণ
কদাচিত না হয়েন জণের বারণ ॥ ৯৯৬
অতঃপর আমি শর্ব্বকর্ম্ম ত্যাগ করি
অর্চ্চণ করিব দেব নারায়ণ হরি
এপ্রকার চিন্তিয়া মাধব মহাভাগ
সঘণে নিশ্বাষ বহু করি পরিত্যাগ ॥ ৯৯৭
বিস্বকর্ম্মা দেবেক করিয়া আবাহণ
শবিণয় তার তরে বলিল বচণ
মাধব বদতি বিস্বকর্ম্মা মহামতি
জগতপালণ মহাবিষ্ণু লক্ষ্মীপতি ॥ ৯৯৮
তার মুর্ত্তি শিলাময় করহে নির্ম্মাণ
শর্ব্বকামদাতা জেণ হয় শুবক্ষাণ
মাধব-আদেশে পরে শুহে দ্বিজবর
দেববিস্বকারি বিস্বকর্ম্মা শিল্পিকর ॥ ৯৯৯
প্রতিমা গঠিল মহাবিষ্ণু শিলাময়
নবিণণিরদশ্যাম বর্ণ মণোময়
পুণ্ডরিকশম শব যুগল নয়ণ
চারিভুজ শঙ্খ চক্র গদা শুশোভণ ॥ ১০০০
কমলা অবলা আর ভারতী যুবতি
শঙ্গে রঙ্গে গলে বণমালা করে দিপ্তি
শমস্ত কৈঙ্কণযুত শকল ভূশণে
ভূশিতা করিয়া শোভা করায়া দিগুণে ॥ ১০০১
বিচিত্র মণ্ডপে পরে শ্রীহরির মূর্ত্তি
জতণে মাধব বীর করিলেণ স্থিতি
কামদা চক্রির মূর্ত্তি করিতে অর্চ্চণ
আরম্ভ করিল বীর মাধব তখণ ॥ ১০০২
বিষ্ণুদেবালয়ে ওহে ব্রাহ্মণশত্তাণ
বিচ্ছিন্নশিখদ্য দূতদিপ(২) দিপ্তবাণ
বিষ্ণু অণুরক্ত ভক্ত নৃপতিশত্তাথ
প্রভাতশময় উঠি করি প্রাতস্নাণ ॥ ১০০৩
বিষ্ণুর মন্দির অগ্রে করিয়া মার্জ্জণ
শোক্ষণ করেণ পথ করিয়া লেপণ

১—বিস্বরূপ অর্ণবে। ২ মূলে আছে "যে দীপের শিখা সর্ব্বদা ছেদবিচ্ছিন্ন, অর্থাৎ যে দীপ নির্ব্বাণ হয়না"।

গঙ্গাব্দি শলীলে স্নাণ করি প্রতিনীতে
পঞ্চযজ্ঞ শমাপণ করে বিধিবতে ॥ ১০০৪
ত্রিশন্দে(১) শ্রীমহাবিষ্ণু করেণ অর্চ্চণ
দিআ ণাণা ফল মূল উপহারগণ
নৈবদ্য তাম্বুল ধূপ দিপ গন্ধচয়
গীত বাদ্য আর স্তবপাট(২) মণোময় ॥ ১০০৫
দক্ষীণ আব্রীঁত(৩) হয়া করি পুট পানী
নমস্কার প্রদক্ষীণ করে ওহে মুনী
নিরামিস হবিস কথণ ফলাহার
করেণ মাধবভক্ত মাধব উদার ॥ ১০০৬
প্রণব(৪) পুর্ব্বক ণমো ণারায়ণায়েতি
অষ্টাক্ষর মহামন্ত্র মন্ত্রশ্রেষ্ট অতি
শর্ব্বকামফলপ্রদ মন্ত্র শুশোভণ
জপেণ মাধবভক্ত মাধব শর্যণ ॥ ১০০৭
এ প্রক্যারে শহস্রাব্দ বিষ্ণুপরায়ণ
শর্বকামদাতা ভবভয়বিমোচণ
ভক্তিভাবে তার পুজা করি প্রতিণিত্তে(৫)
দেখি তার ভক্তি তুষ্ট হয়া লক্ষীপতে ॥ ১০০৮
আবির্ভূত ভগবাণ হইল তখণ
অতশীকুসুমপ্রায় কায় শুশোভণ
শদারে মাধব হরি আবির্ভূত দেখী
অন্তরে শিতান্ত তারা হুই হয়া শুখি ॥ ১০০৯
দেবআদিদেব ণারায়নের চরণ
নামাইয়া ভুমে শীর বন্দিল বন্দণ
মাধব বদতি ণমো দেব ণারায়ণ
নমো দেবদেব বিষ্ণু পরম-আত্মণ ॥ ১০১০
পরম-ইশ্বর শুরেশ্বর ওহে হরি
জ্ঞাণদাতা তুমি পদে ণমস্কার করি

হে পুরুষত্তম হে কেশব পরমাণন্দ
নমো ণমো তোমার কমলপদদ্বন্দ ॥ ১০১১
ণমো পদ্মাবতি ণমো কমলণয়ণ
নমো বহুরূপ বিরূপ হে জনার্দ্দন
তুমি চিন্তা অচিন্তা তোমাক নমোস্কার
কৈটভণাসক নমো জগত-আধার ॥ ১০১২
মধু দৈত্যেন্দ্রেক নষ্টকারি দেব হরি
তব পদ ণমো নমো ণরকের অরি
গম্ভির ণিরধিজলে মিণরূপ ধরি
চারিবেদ উদ্ধারণ করিয়াছ হরি ॥ ১০১৩
তোমার শে মহৎস্ব-রূপ করি ণমস্কার
ওহে দেবদেব হরি জগত-আধার
ধরনীরক্ষণ কাজে ওহে জহস্বামী
বিপুল শরীর কুর্ম্মরূপ হয়া তুমি ॥ ১০১৪
শশৈল সহিতে(৬) প্রিথি(৭) জলধি কাণণ
আত্মপ্রিষ্টে হৃষ্টে তুমি করিছ ধারণ
তোমার কমঠ(৮) রূপ করি নমস্কার
ওহে দেবদেব হরি জগত-আধার ॥ ১০১৫
দৃষ্টী(৯) রূপে সৃষ্টীপাল ওহে জণার্দ্দণ
ণিজদন্তে প্রিথিবি করিছ উদ্ধারণ
তোমার শুকর-রূপ করি ণমস্কার
ওহে দেবদেব হরি জগত-আধার ॥ ১০১৬
ধরিয়া নৃশীংহ-রূপ হিরন্যকশিপু
ক্রোধে বিদারণ করিয়াছ তার বপু
তোমার নৃশীংহ-রূপ করি ণমস্কার
ওহে দেবদেব হরি জগত-আধার ॥ ১০১৭
ব্রাঁহ্মণ-শরির তুমি করিয়া ধারণ
কাসপের আনন্দিত করিআছ মণ

১—ত্রিসন্ধ্যায় ২ স্তবপাঠ ৩ দক্ষিণ আবর্ত্তে অর্থাৎ দক্ষিণদিক হইতে আরম্ভ করিয়া, প্রদক্ষিণ করা। ৪—ওঙ্কার। ৫—নিত্য, প্রত্যহ। ৬ সশৈল লিখিলেই হইত, আবার 'সহিতে' নিষ্প্রয়োজন। ৭ পৃথ্বী ৮—কূর্ম্ম ৯ দংষ্ট্রী—বরাহ

জায়া বলী-যজ্ঞে মুনী বলী দৈত্যেন্দ্রেক
পঠায়া পাতাল স্বর্গ্গ দিয়াছ দেবেক ॥ ১০১৮
তোমার শে বিপ্ররূপ করি ণমস্কার
ওহে দেবদেব হরি জগত-আধার
খেত্রির শুণিত(১) দ্বারা পিতাক তর্পণ
করিতে পরশু অস্ত্র করিয়া ধারণ ॥ ১০১৯
কার্ত্তবির্য্যার্জ্জুণ শণে করিয়া শমর
প্রেড়ণ করিছ তারে শমণ-ণগর
তোমার শে রামরূপ করি নমস্কার
ওহে দেবদেব হরি জগত-আধার ॥ ১০২০
কৌশল্যা-ণন্দণ প্রভু হইয়া আপণে
ণিহত করিছ দুষ্ট রাক্ষশ রাবণে
ণিশাচর মারিচেক করিছ ণিহত
প্রেশীআছ কুম্ভকর্ণ যমমন্দিরত ॥ ১০২১
তোমার শ্রীরাম-রূপ করি ণমস্কার
ওহে দেবদেব হরি জগত-আধার
প্রলম্ব ণিহত(২) তুমি রেবতিরমণ
কালিন্দিভেদণকরি বট ণারায়ণ ॥ ১০২২
তব হলি(৩) রাম-রূপ করি ণমস্কার
ওহে দেবদেব হরি জগত-আধার
বেদগণ লঙ্ঘণ করেণ জেহি জণ(৪)
অশেষ পশুক জেহি করেণ ঘাতণ ॥ ১০২৩
বৌধ(৫) রূপ ধরি তুমি জগতজণক
দয়াবাণ হয়াচ হে শে শব লোকক
তোমার শে বৌধ-রূপ করি ণমস্কার
ওহে দেবদেব হরি জগত-আধার ॥ ১০২৪
যুগান্তে কলকী-মুর্ত্তি করিয়া ধারণ
শম্লো-লোক-হিতে ম্লেচ করিবা ণিধণ

তোমার শে কল্কিরূপ করি ণমস্কার
ওহে দেবদেব হরি জগত-আধার ॥ ১০২৫
হরি বিষ্ণু দৈত্যজিত চক্রি ণারায়ণ
কৃপাময় ভকতবৎসল জণার্দ্দণ
শংশারশাগর ঘোর শুদুস্তরে আমি
পতণ হয়াছি ত্রাণ কর জদুস্বামি ॥ ১০২৬
এপ্রকার স্তুতি করি মাধব শর্জ্জণ
হইল [illegible] তার আ[illegible]
আল্যাদে লোচণ-ণির হইয়া পতণ
হরি কোকণদপদ কৈল প্রক্ষালণ ॥ ১০২৭
শর্ব্ববপু ণিপতণ করিয়া ভূতলে
বলিল মাধব পুণর্ব্বার কতুহলে
মাধব বদতি গদাধর হে গোবিন্দ
পরম আণন্দ মধুশুদণ মুকুন্দ ॥ ১০২৮
আমি পাপি আমাক কর হে কৃষ্ণ ত্রাণ
জাত তুমি শর্ব্বপাপহারি ভগবাণ
এ প্রকার স্তুতি জদি করিল মাধব
ভগবাণ ভকতবৎসল শে কেশব ॥ ১০২৯
পরম প্রিতিক প্রাপ্ত হইয়া তখণ
[illegible] মাধবর তরে বলীল বচণ
শ্রীভগবাণ বদতি বৎস হে মাধব
হৈচ তুমি ধ্বণী হয়া খেত্রি-কুলভব ॥ ১০৩০
ব্রহ্মা শিব শক্রপদ বাঞ্ছ যদি মণে
দিব শেহি পদ কর জাচণা আপণে
মাধব বদতি ওহে দেব জগদিষ
ণিশংশয় আমি শর্ব্ব প্রাপ্ত পরমেষ ॥ ১০৩১
জাত তুমি দেবতা শবার অদর্শণ
শে তুমি তোমাক দেখিলাম ণারায়ণ

১—ক্ষত্রিয়ের শোণিত ২—প্রলম্বের নিধনকারী। ৩ হলী—হলধারী ৪ মূলে আছে "[illegible] বেদ্ধিকা তুমি বুদ্ধরূপে বেদনিন্দা করিলাহ।" ৫ বুদ্ধ ৬ আহ্লাদিত

আর বরগ্রহণে আমার কীবা কাজ
জদি কৃপা হয়া বর দেহ জদুরাজ ॥ ১০৩২
তব কোকণদপদ ওহে নারায়ণ
মম মণ ভৃঙ্গীর রহুক অনুক্ষণ
ভক্তি-মুক্তি পরম ঐচর্য্য(১)-গণ আর
দিতে খেম ভগবাণ আছেণ তোমার ॥ ১০৩৩
ভক্তি যুক্ত হরি আমি নহি কদাচণ (২)
ভক্তিদাণ আমাক কর হে নারায়ণ
শ্রীভগবাণ বদতি তোমার ভক্তিত
শন্তুষ্ট হৈলাম ওহে বৎস জথোচিত ॥ ১০৩৪
তোমাক কী বস্তু আমি প্রদাণ করিব
তব শঙ্গে রঙ্গে আমি শর্ব্বদা রহিব
এমত করিয়া উক্ত মাধব তখণ
করি-কর-প্রায় চারি ভুজ শুশোভন ॥ ১০৩৫
করি প্রশারণ ভগবাণ দয়াময়
দিল আলিঙ্গণ মাধবেক শে শময়
পুত্রশঙ্গে পিতা জেণ করে আলীঙ্গণ
তদপ্রায় আলিঙ্গিল দেব জণার্দ্দণ ॥ ১০৩৬
ভগবাণ বদতি হে ভক্ত মোক্ষকামী
আলিঙ্গণপ্রদাণে তোমাত আছি আমী
শকল তোমার শুভ হবেক নিশ্চয়
না করিবা ওহে বৎস কীঞ্চিত শংশয় ॥ ১০৩৭
মম এ প্রতিমা ক্রয়াযোগে শর্ব্বক্ষণ
জে শব মাণবগণ করিবে অর্চ্চণ
শে শব মানব অন্তে হে বৎস উদার
আমার শরীর প্রাপ্ত হইবে তাহার ॥ ১০৩০(৩)
ব্যাষ বতি নিগদন্তি হে বতি জৈমিণি

এপ্রকার বর দিয়া দির্ঘ চারি পানী
পুণর্ব্বার তাহাক করিয়া আলিঙ্গণ
অন্তর্ধ্যাণ হয়া গেল আপণ ভুবণ ॥ ১০৩১
দারা-সঙ্গে রঙ্গে শে মাধব গুণালয়
ক্রয়াযোগ দ্বারা বিষ্ণুমূর্ত্তি আরাধয়
পুত্রপৌত্রশমন্বিতে মাধব শর্জ্জণ
করি শর্ব্বশুখভোগ হে বিপ্রণন্দণ ॥ ১০৩২
গঙ্গাব্ধি শঙ্গমে কায় পরিত্যাগ করি
দারা-শঙ্গে রঙ্গে চলি গেল বিষ্ণুপুরি
হরির চরিত্র চিত্র এ অধ্যা(৪) জেজণ
ভক্তিভাবে শুণে কীম্বাঁ করে অধ্যয়ণ ॥ ১০৩৩
শকল দুরিত তার হয়া শিঘ্রে নাষ
শুখ ভুগী অন্তে বিষ্ণুপুরে হবে বাষ
ব্যাষ মুণি জৈমিনির শংবাদ দ্বারায়
ইতি ক্রয়াযোগশারে পঞ্চম অধ্যায় ॥ ১০৩৪
বিহরে বেহার-চন্দ্র শ্রীহরেন্দ্র ভূপ
রূপে অবিণব দেব পঞ্চশররূপ
কামিনীমোহণ মূর্ত্তি সুন্দর শুঠাণ
হেরিলে মাণীণীগণ ছাড়ে মণে মাণ ॥ ১০৩৫
নাণাদেশী-বাশী প্রজা আশী জার দেশে
বহু ভোগ অবিনাশী করাছে ক্রমেশে
এ প্রকার ভূপাদেশ করি শিরগত
শুলোচণা-মাধবের প্রস্তাব মহত ॥ ১০৩৬
ভূপতি-কীংকর শ্রীবিশুরাম দাশ
করিল কবিতা বহু করিয়া প্রয়াষ
কীংকরের প্রিতি ভূপ শদয় হইবে
নিধণ হইবে দুখ শুখদয় হবে ॥ ১০৩৭(৫)

---

১ ঐশ্বর্য্য। ২ মূলে আছে 'আমি মুক্তির যোগ্য নই, আমার ভক্তি দান কর।' ৩ এখান হইতে নকল পুঁথি আরম্ভ হইল। ৪ অধ্যায়। ৫ বিশুরামের রচনা এখানে শেষ হইল। ষষ্ঠ অধ্যায় হইতে আবার মহারাজ হরেন্দ্রনারায়ণের রচনা আরম্ভ।

[ষষ্ঠ অধ্যায়]

বাণ নিগদন্তি বক্তি স্তুণ পুণর্ব্বার
বলীতেছি উত্তম মহাত্মা শে গঙ্গার
ওহে মুনী জাক শুনী মাণবশকল
করিবেক পাপ ক্ষয় জন্মক শফল ॥ ১০৩৮
মহা মহা পাপ হণে হবেক উদ্ধার
শেহি পুন্যাখ্যাণ বলী অগ্রেত তোমায়
প্রভাতসময় ভক্তিভাবে জেহি ণরে
গঙ্গা এহি দ্বি(১) অক্ষর উচ্চারণ করে ॥ ১০৩৯
তার পাপপুঞ্জ ণাষ হয় শেহিক্ষণ
তরুণ যরুণোদয়(২) তিমির জেমণ
লোকমাতা গঙ্গাজল দ্বারা স্বিজন্মণ
পামর জে ণর স্নাণ ণা করে কথণ ॥ ১০৪০
দর্শণমাত্রেত তারে ওহে তপোধণ
তথাণ করিতে হয় শুর্য্যেক দর্শণ
শরিতের শ্রেষ্ট জহ্নু মুণির কন্যার
দরশণ ণা করেণ জেহি দুরাচার ॥ ১০৪১
অগ্রাজ্য তাহার অন্নজল হে জৈমিনী
বারেক জাহ্নবীজলে স্নাণ করে জিনী
তার তনু ত্যাগ করি শেহি পাপগণ
ভ্রমেণ আশ্রয় স্থাণ করি অন্যেষণ ॥ ১০৪২
জে জে ণর পামর ণা করে গঙ্গাস্নাণ
তার তারে কলেবরে করে অধিষ্টাণ
এ বর আচর্য্য(৩) গঙ্গাণাম অণুপাম
থাকীতে ভুবণে ওহে মুনী পুন্যধাম ॥ ১০৪৩
লোকচয় হয় তবু ণরকে পতণ
অতিশয় অদ্ভুত ওহে তপোধণ
মস্তকেত গঙ্গাজলকণিকা জে ণরে
বহেণ জতণে অতি ভক্তিপুরস্মরে ॥ ১০৪৪
ব্রহ্মহত্যা আদী পাপ হণে শেহিক্ষণ
জাণীবা জৈমিণি হয় তখণে মোচণ
গঙ্গার মৃত্তিকা দীয়া জেহি শুভাজণ
ত্রিপুণ্ড্র তিলক করে ললাটে ধারণ ॥ ১০৪৫
তাহাক দেখিলে মহাপাপী ণরচয়
পাপ হণে মুক্ত হয়া শুপবিত্র হয়।
শে গঙ্গার ধুলি জার কপালে থাকেণ
সে পুন্যত্মা জগতেক পবিত্র করেণ ॥ ১০৪৬
ণাহিক শংশয় ইথে ওহে তপোধণ
গঙ্গাতীর হণে জেবা করে আগমণ
তাক শমাদর করে জে ণর শর্জ্জণ
দর্শণ করেণ তার করেণ শর্ব্বণ ॥ ১০৪৭
অশ্বমেধ শহস্রেক ফল শেহিক্ষণ
লভেণ শে জণ হে জৈমিনী তপোধণ
কৃপাধাম বিষ্ণু শর্ব্বকাম শে জণার
পূর্ন্ন করে তুর্ন্ন ওহে মুনীন্দ্র উদার ॥ ১০৪৮
গঙ্গাণাম মোক্ষধাম করিয়া স্মরণ
কুপোদকে স্নাণ জদি করে কোণজণ
গঙ্গাস্নাণ শম ফল পায়ে শেহি জণ
ণাহিক শংশয় ইথে ওহে তপোধণ ॥ ১০৪৯
মৃত্যুকালে গঙ্গাজল শর্শপপ্রমাণ
কোণরূপে জদিস্যাৎ ণরে করে পাণ
পরম পদেক প্রাপ্ত হয়ণ শে জণ
ণা হয় তাহাক প্রতি শমণশাশণ ॥ ১০৫০

১ দ্বি—দুই। ২ অরুণোদয়। ৩ এ বড় আশ্চর্য্য।

অতএব হে ভূদেব অতি পুরাতণ
বলী এক ইতিহাষ করহ শ্রবণ
এহি ইতিহাশ জেহি করিবে শ্রবণ
তাক প্রতি ভাগীরথি দেবী অনুক্ষণ॥ ১০৫১
প্রশন্না হইবে গঙ্গা পতিতপাবনী
বলীতেছি ইতিহাষ শুনহে জৈমিনী
ত্রিতাযুগে ধর্ম্মষ্ব ণামেত তপোধণ
ছিল একজন অতি ধার্ম্মিক ব্রাঁহ্মণ॥ ১০৫২
শান্ত দান্ত ণিতান্ত দয়ালু কৃপাবাণ
বেদপাটশীল অতিশয় মতিমান
শত্যবাদী অপ্রমাদি ক্রোধহিণ মণ
হিংশাদিবর্জ্জিত জিতঈন্দ্রিয় শে ব্রাঁহ্মণ॥ ১০৫৩
শকল লোকের হিতকারি শদাচার
যোগভ্যাশে রত কত কব গুণ তার
শেহি দ্বিজ পুন্যবিজ্ঞ শংশারশাগর
তরণ কারণ অতি হয়া তৎপর॥ ১০৫৪
উত্তম বৈষ্ণবধর্ম্ম করিয়া আশ্রয়
ক্রমাযোগ দ্বারা শেহি দ্বিজ শুদ্ধাশয়
কেশবেক পুজিছে ভজিছে বিধিবতে
একদীণ শে প্রবিশ পুন্যতিথিমতে॥ ১০৫৫
শংশারশাগর পার হইবার হেতু
গঙ্গাজলে স্নাণ করি দ্বিজ পুন্যশেতু
তর্পণ করিয়া পিতৃ আর দেবতাক
ইংপ্ত্বা কৈল দ্বিজ নিজগৃহে জাইবাক॥ ১০৫৬
ণিরমল গঙ্গাজল করে করি লয়া
ণিজগৃহে দ্বিজ চলিলেণ হর্ষ হয়া
শেহি শময়ত এক বস্ত্র(১) ধণবাণ
মহাভাগ্যবন্ত রত্নাকর অভিধাণ॥ ১০৫৭
কিংকরণিকরে আবরিত হয়া তিনী
বানিজ্য করিয়া দেশে আশীস জৈমিনী
শেহি বণিকের এক কীঙ্কর পাপীষ্ট
কালকল্প ণাম তার পরম অনীষ্ট॥ ১০৫৮
চণ্ড এক দণ্ড হাতে আছেণ তাহার
শরীর ণিতান্ত শ্রান্ত পথশ্রমে তার
পথমধ্যে এক বৃঁশ করিয়া শয়ণ
ণিদ্রিত হয়াছে করি মুদ্রিত ণয়ণ॥ ১০৫৯
দেখীয়া বৃঁশেক কালকল্প দুরাচার
হৃষ্ট হয়া দুষ্ট দণ্ডে করিল প্রহার
ণির্দ্দয়হৃদয় শে পাপীষ্ট শে বেলাত
চণ্ড দণ্ডাঘাত করিলেণ অশঙ্খাত॥ ১০৬০
বিশদৃশ শেজে বৃঁশ ণহে কৃশকায়
দণ্ডের তারণে বেগে উঠিয়া ত্বরায়
অতি ক্রোধে শস্ত বলবন্ত শে জে বৃঁশে
কালকল্প পাপীষ্টক ধরিল ণিমিষে॥ ১০৬১
তিণ্ণ শৃঙ্গ দিয়া অঙ্গ বিদারীল তার
কক্ষ বক্ষ পার্শ্ব পিষ্ট(২) হইল বিদার
রক্তে রক্ত হয়া অতি অশক্ত শরীর
পরিল অধির করি বমণ রুধির॥ ১০৬২
চেতণরহিত হৈল পতণ মহীত
এমত দেখিয়া শে ধর্ম্মষ্ব ধর্ম্মান্বিত
দয়াযুক্ত হয়া গঙ্গাজল লয়া করে
অতি শিঘ্রগতি শে জে মহামতী পরে॥ ১০৬৩
কালকল্প শন্নিধাণে করিল গমণ
ণিজ কর্ণ হণে দ্বিজ স্নেহেত তখণ
তুলশীর পত্র লয়া হয়া কৃপান্বিত
দিলেণ মস্তকে গঙ্গাজলসহিত॥ ১০৬৪

১ বৈশ্য ২ পৃষ্ঠ।

গঙ্গাজল তুলশী থাকীতে শিরে তার
লভিল মৃত্যুক কালকল্প দুরাচার
দেখি হয়্যা অতিশয় বিষ্ময়হৃদয়
গঙ্গাণাম মোক্ষধাম শ্বরি শে শময় ॥ ১০৬৫
শে জে দ্বিজ পুন্যবীজ শিজ শিকেতণে
গমণ করিল কীছু দুঃখ ভাবি মণে
কতদুর জায়্যা পুন্যকায়্যা শে ব্রাঁহ্মণ
পথে যমদুতগণ দেখীল তখণ ॥ ১০৬৬
কোটী কোটী শহস্রে শহস্রে যমদুত
দেখীলেন পথে শে জে দ্বিজ পুন্যযুত
বিকৃতি-আকৃতি ছিন্নণাশা কত জণ
এক হস্ত ছিন্ন কার বিকৃত আণণ ॥ ১০৬৭
রক্তে রক্ত দেহ কেহ দর্শণ ভিশণ
ভয়াণকবেষ মুক্তকেশ কত জণ
কেশহিণ মুণ্ড(১) কার কুঞ্চিত(২) মস্তক
উলঙ্গ কতেক অঙ্গ অতি ভয়াণক ॥ ১০৬৮
ভিন্ন হৈছে বক্ষ রক্ত বহে ধারাশার
শিনিমুখ(৩) অস্ত্রে অঙ্গ বিদির্ন্ন কাহার
হাতে পায় রজ্জুয়ে বন্ধণ কতেকের
শিগড় বন্ধণ কার বন্ধণ চর্ম্মের ॥ ১০৬৯
পলায়ণপরায়ণ হৈছে কতজণ
হাহাকারে কতজণ করেণ ক্রন্দণ
শেকাণত এহি মত যমদুতগণে
ধর্ম্মস্ব ধার্ম্মিক তদা দেখিয়্যা ণয়ণে ॥ ১০৭০
অতিশয় ভয় হৃদিকম্প হৈল তার
স্তব্ধ হৈল শে জে বিপ্রবর গুণাধার
পরে ধৈর্য্য ধরি হরি শ্বরি অন্তরত
যমের কীংকর শকলেক শে ক্রমত ॥ ১০৭১

জিজ্ঞাশা করিল দ্বিজ মধুর বচণে
তোমরা শকল কেবা এথা কী কারণে
নাগপাষ প্রাষ আর মুদ্গর মুষল
ধরিআছ করে ণাণা আয়ুধ শকল ॥ ১০৭২
শমণশদণ কার বদণ করাল
অঞ্জণগঞ্জণ কার জঠর বিশাল
মহাবল তোমরা শকল বীরবেষ
জলন্ত জলণপ্রায় ণয়ণ বিশেষ ॥ ১০৭৩
তোমার শবার তথাপিত এ প্রকার
দুর্গতি করিছে কেবা কহ শত্য শার
বিপ্রের বচণ শুণি কহে দুতগণ
যমদুত আমরা-শকল হে ব্রাঁহ্মণ ॥ ১০৭৪
শমণশাষণ শদা পালণ করিয়্যা
থাকী অনুক্ষণ শমণেক আরাধিয়্যা
আমার শবার এ প্রকার শুদুর্গতি
তুমি করিআছ ওহে বিপ্র মহামতি ॥ ১০৭৫
আমার শবার ওহে দুঃখের কারণ
আপুণি বটহ কী জিজ্ঞাস বিবরন
সমণের কীংকরের এমত বচণ
শুনিয়া বলীল শে জে ধর্ম্মজ্ঞ ব্রাঁহ্মণ ॥ ১০৭৬
তোমাক শবাক আমি পথে অকস্মাত
দেখিলাম এহিমত কেণ বা এথাত
তোমাক শবাক এ প্রকার দুঃখ আমী
দিলাম কীরূপে কহ ওহে শুভগামী ॥ ১০৭৭
যমদুতগণে কহে ওহে দ্বিজগণ
ভয় পরিহর স্থির কর শিজমণ
সকল বৃত্তান্ত কহী করহ শ্রবণ
আমার শবার এজে দুঃখের কারণ ॥ ১০৭৮

১—ক্ষুরদ্বারা মস্তক মুণ্ডিত ২. কুঞ্চিত ৩—তীর।

জে কালকন্নেক বুঁশে করিল হনন
শমনসদন তাক লওার(১) কারন
আমাক শবাক আজ্ঞা করিছে শমনে
আনীছি পাপিক নিতে শমনশদনে ॥ ১০৭৯
পঠায়াছে যমে আমাদেক এহি হেতু
করহ শ্রবণ ওহে দ্বিজ পুনাশেতু
যমের অনুজ্ঞা পায়া আমরা শকল
নানা অস্ত্রশস্ত্র লয়া হয়া কতুহল ॥ ১০৮০
পাপীষ্টের শ্রেষ্ট কালকন্ন দুরাচারে
চর্ম্মপাষে শুদৃঢ় বন্ধন করি তারে
লইতে তুরিত যম রাজের পুরিত
আসিআছি ওহে বিপ্রবর শুবিনিত ॥ ১০৮১
শেজে কালকন্ন অনুমতি শুপামর
কাল পূন্ন(২) হৈচে তার ওহে বিপ্রবর
বুঁবশৃঙ্গাঘাতে দেহ হয়া বিদারন
মৃত্যুক লভিল একারণ শে দুর্জ্জন ॥ ১০৮২
মরণশময় তার তরন-কারণ
শদয়হৃদয় হয়া আপনে তখন
গঙ্গানাম মোক্ষধাম উচ্চারণ করি
গঙ্গাজলকণা তুমি করে করি ধরি ॥ ১০৮৩
তুলশীর পত্র শহ শিঞ্চি অঙ্গে তার
শেহি পত্র পাপহরা শলিল শন্তার
মস্তকেত দিছ তুমি কৃপাযুত মনে
গঙ্গাজল পর্শমাত্রে তাহার তখনে ॥ ১০৮৪
পাপরাশী ভষ্মিভূত হৈছে সেহিক্ষন
শুর্য্যোদয় শুনি বীর তিমির জেমন
তথাপী পাপিক পাষে করিয়া বন্ধন
লইতে উদ্যত হয়াছিলাম তখন ॥ ১০৮৫

শেহি শময়ত ত্রিজগততারক
করুণা-বরুণালয়(৩) গোলোকপালক
শরণাগতক শদা পালক শে হরি
শে কালকন্নেক কৃপাময় কৃপা করি ॥ ১০৮৬
মহাবলপরাক্রম বিষ্ণুদুতগনে
পঠায়াছে শেহি কালকন্নের কারণে
অদ্ভুত বিক্রম শেহি বিষ্ণুদুতগনে
মহাযোধ শবে ক্রোধ করি অতি মনে ॥ ১০৮৭
ইশ্বর-আজ্ঞায় আশি আমাক শবাক
তর্য্যণবচনে আরম্ভিল বলিবাক
কে তোরা কাঁংকর কার কি কর্ম্ম করিছ
এজে মহাত্মাক কীকারণ বান্ধিতেছ ॥ ১০৮৮
ওরে দুরাশয়চয় ভয় নাহি মনে
অকারণে কেনে বান্ধ পুন্যশীল জনে
কোথা লয়া জাও কও কিবা প্রয়জনে
ভাল যদি চাও তবে জাও এথাহনে ॥ ১০৮৯
এজে মহাত্মাক ত্যাগ অখনি করিয়া
স্বস্থান প্রস্থান কর এস্থান ছারিয়া
কর পলায়ণ প্রাণধণ ত্রাণ হেতু
তা জদি না কর তবে ও রে পাপ শেতু ॥ ১০৯০
এহি বক্র চক্র দিয়া তোমার শবার
শিরচ্ছেদ করিয়া করিব মহামার
এজে মহাত্মাক লব বিষ্ণুর ভবন
মরিতে আশিছ কেন কর পলায়ন ॥ ১০৯১
তোমার শবার যথা নিবাশের স্থান
শুখে থাক গীয়া তথা করহ প্রয়ান
বিষ্ণুদুতশকলের বাক্য এপ্রকার
অতিশয় তিখ্ন জেন কুঠারের ধার ॥ ১০৯২

১ লওয়ার ২ পূর্ণ। ৩—করুণাসাগর।

শুনিয়া আমরা সেহি বিষ্ণুদূতগণে
বলিলাম জাহা তাহা শুনহ আপনে
শকল প্রানির প্রাণাধিপ জে শমণ
অন্তক আহার নাম তপণ-নন্দণ ॥ ১০৯৩
পিত শুবশণ পরিধাণ দিব্যবেশ
ময়ুরের পুতস্য(১) বিভূশিত চারুকেশ
শঙ্খচক্রগদাপদ্ম ধারি চতুর্ভুজ
বিকচ-অম্বুজ মুখ অতি শুশিরজ ॥ ১০৯৪
এরূপ অপুর্ব্ব রূপ তোমার শবার
সকল লক্ষণে শুলক্ষীত চমত্কার
পাপিষ্টের শ্রেষ্ট ইনি তাক কী কারণ
নিতে চাও শ্রীবিষ্ণুর বৈকুন্টভবণ ॥ ১০৯৫
আমার শবার এপ্রকার শুণি বাণি
বলিলেণ বিষ্ণুদূতগণ মহামাণি
* * * * *
* * * * * ॥ ১০৯৬
পুন্যাত্মার মধ্যে অতি শ্রেষ্ট অতি মহামতি
বৈকন্টেক লইত ইহারে
আশিয়াছি আমি শব অবস্য বৈকুন্ট লব
কার শক্তি তাক্ত নিতে পারে ॥ ১০৯৭
ভগবত্ভক্ত ইণি শুনরে জত অজ্ঞাণি
মুক্ত হৈচে শর্ব পাপ হণে
ইণি অতি মহাভাগ অতি শিঘ্র কর ত্যাগ
জদি রক্ষা চাও প্রাণধণে ॥ ১০৯৮
বিষ্ণুর দুত শবার বাক্য শুণি এপ্রকার
আমরা শকল সেকালত
কোপে কম্পমাণ কায় বলিলাম পুণরায়
জাহা বলি কর কর্ণগত ॥ ১০৯৯
মহাপাপী দুরাচার অকর্ম্মের সঙ্খ্যা তার
এক মুখে না পারি কহিতে
ব্রহ্মহত্যা শহস্রেক এজে পাপ অতিরেক
করিছে পাপীষ্ট দুষ্টচিতে ॥ ১১০০
এজে দুষ্ট দুরাচার শতশহস্রেক আর
গোবধ করিছে অবিরত
বধিছে মিত্রেক ইণি পাপিষ্টের শিরমনী
লোভে শস্ত অপর্য্যস্ত কত ॥ ১১০১
পর্ব্বত-আকার শোণা এজে দুষ্ট শুদুর্ম্মণা
চুরি করিআছে দুরাচার
অকর্ম্মির শিরমনী প্রতি দিবশেত ইণি
রমিছেণ রমনী পরার ॥ ১১০২
কোটীশহস্রপ্রমান জন্তুর হরিছে প্রান
স্ত্রীহত্যা করিছে মন্দাশয়
পরের শঞ্চিত ধণ করিয়াছে আহরণ
শুন ওহে বিষ্ণুদুতচয় ॥ ১১০৩
কামে হয়া মত্ত অতি এজে পাপী শুদুর্ম্মতি
রমিছেণ আপণ মাতৃক
ঘোর নরকেত বাষ হবে এজে মতিণাষ
যমালয় নিব এ পাপীক ॥ ১১০৪
পাপীষ্টের শিরোমনী প্রতিদিবশেত ইণি
গোমাংশেক করিছে ভক্ষণ
পরহিংশা চিরদীণ করিছে এ ধর্ম্মহিন
পরার গৃহেক এ দুর্জ্জণ ॥ ১১০৫
অগ্নি দিয়া দহিছেণ মিথ্যা শম্রা করিছেণ
শভামাজে পরনিন্দাচয়
করিছে এ দুরাচার বিধবাণারির আর
গর্ভ করিছেণ পাপাশয় ॥ ১১০৬

আপণার পিজালয় এজে মহাপাপময়
অথিতিক ধণের লোভত
থজো শস্ত প্রাণ তার বধিছেণ দুরাচার।
কয় কত পাপ তার জত॥ ১১০৭

মন্ত্র পাণা পাপগণ করিয়াছে আচরণ
শতু কর্ম্ম কীঞ্চিৎ পাহি করে
ঘোর পরকেক প্রতি পিতে করিয়াছি মতী
কেণে কর পিশেধ আমারে॥ ১১০৮

এ পাপীর অধিপতি ধর্ম্মরাজ মহামতি
তার দণ্ড জাণিবা ইহাক
অতএব দুরাত্মারে লয়া জাব যমঘরে
কেণ কর তর্জ্জণ আমাক॥ ১১০৯

বিষ্ণুদূত হও জদি তোমরা শকল
পাপীক লইত্ত কেণ চাহ মহাবল
আমার শবার এ প্রকার শুণি বাণী
বলিলেণ বিষ্ণুদূতগণ মহামাণি॥ ১১১০

তোমা শব জা বলিলা শমণকীংকর
মিথ্যা পয় শে শকল শুণ অতঃপর
শকল প্রাণির ধর্ম্মরাজ দণ্ডকারি
কীন্তু এজণার কথা কহিতে পা পারি॥ ১১১১

মৃত্যুকালে গঙ্গাজল শরিরে ইহার
শেচণ করিছে শে ধর্ম্মস্ব পুন্যাধার
শেকারণে এজে পুন্যাত্মাক এহিক্ষণ
পিতে চাই শ্রীবিষ্ণুর বৈকুণ্ঠভবণ॥ ১১১২

শুদ্ধবন্ত গঙ্গাজলকণিকা জাবত
পতণ পা হয় এজে দেহির দেহত
তাবত দেহির দেহে পাপচয় রয়
গঙ্গাজল স্পর্শ মাত্রে পাপের প্রলয়॥ ১১১৩

জেণ কলাকয়(১) কলাপ্রকাষমাত্রত
পিবির(২) তিমির শেহিক্ষণে হয় হত
শেহি প্রায় জাহ্নবীর শুরুচির পীর
পতণ হইলে মাত্র দেহেত দেহির॥ ১১১৪

শকল পাপেক নষ্ট করে পিশ্চিত
তুলারাশী কণামাত্র দহণে(৩) জেমত
মোক্ষধাম গঙ্গাণাম স্মরণমাত্রত
মহাপাপ হণে মুক্ত হয় পাপী জত॥ ১১১৫

অতঃপর শুণ ওহে শমণকীংকর
এজে কালকল্প ণাম পর শ্রেষ্টত্তর
দেহত্যাগকালে অঙ্গে গঙ্গাজলচয়
পর্শ হয়াছিল তাক কেবা না জাণয়॥ ১১১৬

পাপ হণে মুক্ত তিনী হৈছে তত্ক্ষণাত্
অন্তরে আচার্য্য পা মাণিবা একথাত
স্বর্ণ রূপ্যাদির মলশকল জেমণ্
রশালে মার্জ্জন করি শিল্পকারগণ॥ ১১১৭

করেণ উর্জ্জল হয় পির্ম্মল শুন্দর
গঙ্গাজল পর্শমাত্রে শেহি পঠান্তর
পাপীর দেহের পাপপঙ্ক দুর হণ
মার্জ্জণ করিলে জেণ স্বর্ণ্পন নগন॥ ১১১৮

আপণ কল্যাণ জদি বাঞ্চা কর মণে
তবে এহিক্ষণ দূর হও এথা হণে
পুণ্যকর্ম্মাশ্রিতির কেশব তুল্য ইণি
তাক পরিত্যাগ তোমা করহ অখণী॥ ১১১৯

কেশবের দূতশকলের এপ্রকার
বাক্যচয় শুনী আমী-শব পরে তার
বলিলাম বিষ্ণুদূত শবাক তখণ
শুণ পুনর্ব্বার তোমা আমার বচণ॥ ১১২০

১—চন্দ্র। ২ বিবিড়। ৩—অগ্নিতে।

কালকর্ম্ম মহাপাপী পাপের ভাণ্ডার
গঙ্গাম্বুকণিকা অঙ্গে পর্শমাত্রে তার
মুক্ত জদি হৈল তবে এ অতি অদ্ভুত
অজুক্ত কয়হে উক্ত ওহে বিষ্ণুদূত ॥ ১১২১
শুণ আমাদের বাণী　সহস্তে জে শব প্রাণী
শুভাশুভ কর্ম্মেক আচরে
না হইলে ভোগ তার　এবে জাণ শে জগার
কীছুমাত্র হইতে ণা পারে ॥ ১১২২
নর্গ্‌গ অথবা ণিরয়　ছুয়োধাণের ণিশ্চয়
কোণ রূপে ণা হয় তাবত
স্বকীয় কর্ম্মেক পরে　আবস্যক ভোগ করে
কর্ম্মভোগ ণা হয় জাবত ॥ ১১২৩
ধর্ম্মরাজ ণিদেশণে　এজে পাপী দুরাত্মণে
ণিতে আশীয়াছি লয়া জাব
কার বাক্যে এ পাপীরে　না নীব যমমন্দিরে
কার ভয় কী আগ্যা(১) পলাব ॥ ১১২৪
পরে আমার শবার　বাক্য শুনী এপ্রকার
বলিলেণ বিষ্ণুদুতগণ
শুণ ওরে যমদূত　তোরা শব পাপযুত
পাপমতি অতি অভাজণ ॥ ১১২৫
জ্ঞাণহিণ তোরা অতি　জাত এ প্রকার মতী
ণা জাণ গঙ্গার মহাত্মাক
শুণ বলী শত্যধর্ম্ম　বেদের ণিশেধ(২) কর্ম্ম
জে শব অকর্ম্ম বলী তাক ॥ ১১২৬
তাকে আচরিলে পরে　পাপ বলী কয় তারে
জে শকল বেদের শম্মত
আচরিলে শে কর্ম্মেরে　ধর্ম্ম বলী কয় তারে
বিচারিয়া বুঁঝ অন্তরত ॥ ১১২৭

শুণ যম দূতগণ　শাক্ষাত শ্রীণারায়ণ
বেদেক জানিবা শুনীশ্চয়
শয়ম্ভু বলীয়া আর　প্রখ্যাত আছে তাহার
আর বলী কয় কর্ণময় ॥ ১১২৮
বিষ্ণু যথা গঙ্গা তথা　জানিবা এ শার কথা
শে ণিমিত্তে গঙ্গা পাপহরা
শুভাশুভ কর্ম্ম মাণে　ণির্ম্মিয়াছে শাস্ত্রগণে
যমদূত কী জাণ তা তোরা ॥ ১১২৯
যমদূত এবে জাণ　প্রশ্নে শে ভগবাণ
পাপরাশী দেহিদেহ হণে
ত্যাগ হয় শেহিক্ষণ　তার দেহে কদাচণ
ণা থাকেণ শত্য জাণ মণে ॥ ১১৩০
ওরে যমদূতচয়　তোরা শব দুরাশয়
পুর্ব্বজন্মার্জ্জিত পাপে অতি
ণিশ্চয় জাণিবা শার　তুমি শব দুরাত্মার
হইআছে এ প্রকার গতি ॥ ১১৩২(৩)
জাত অথণ পর্থ্যন্ত　তোরা শব শুদুরন্ত
কয় ইৎসা পাপ করিবার
শে গঙ্গাক ণিন্দা কর　ওরে যমের কীংকর
ণিন্দা কর শ্রীবিষ্ণুক আর ॥ ১১৩৩
অতএব হে দুরন্ত　শহস্রার চক্রে শন্ত
আজি অন্ত করিব তোমার
শেজে বিষ্ণুদুতচয়　এহিমত শে শময়
বলিয়া আমাক পরে তার ॥ ১১৩৪
হয়া অতি ক্রোধাশক্ত　লোচণ করিয়া রক্ত
বেক্ত করি বিক্রম দুর্ব্বার
আমার শবার শহ　আরম্ভিল শুবিগ্রহ
নিগ্রহ করিতে করি শার ॥ ১১৩৫

১—আজ্ঞিয়া। ২—নিষিদ্ধ। ৩ এইখানে সংখ্যা ভুল হইয়াছে।

করি মায় মার শব্দ প্রিথিবি করিল স্তব্ধ
লক্ষলক্ষ রনদক্ষ শবে
করি অতি গতি বক্র ক্ষেপণ করিয়া চক্র
শক্রমাণভঙ্গণ তাণ্ডবে ॥ ১১৩৬

শে জে বিষ্ণুদুতচয় রণরঙ্গে শে যময়
কৈল শুভিশণ শঙ্খস্বণ
দ্বিরদণিরদণাদ করিলেণ অতিবাদ
উৎসাহে মগণ হয়া মণ ॥ ১১৩৭

আমারাও শেকালত মহাঘণস্বণবত্
করি শিংহণাদ শুভিশণ
ঘুণি এা ধনু প্রকাণ্ড শব্দে পুরিয়া ব্রহ্মাণ্ড
করি মহা তর্জ্জণগর্জ্জণ ॥ ১১৩৮

লিলা(১) করি শিলা ধরি—কেহ বৃক্ষ করে করি
কেহ তুঙ্গ শৈলশৃঙ্গ লয়া
গতি করি অতিরেক শে বিষ্ণুদূতগণেক
প্রহার করিলাম আগ হয়া ॥ ১১৩৯

প্রলয় করিতে শৃষ্টী বিবিধ আয়ুধবৃষ্টী
সক্তি যষ্টী মুশল মুদগর
মরশণে ভয়ঙ্কর প্রাণীপ্রাণলয়ঙ্কর
ভিন্দিপাল কুলীষণিকর ॥ ১১৪০

পরশু কুঠার আর পট্টিশ শুতিখ্নধার
পরিঘ ছরিকা চণ্ড গদা
শিলিমুখ বহুবাণ খরশাণ দিপ্তীমাণ
বর্ষিলাম তুতুমুলে(২) তদা ॥ ১১৪১

শশীপ্রায় শুপ্রকাষ খড়্গ অতি তিখ্ন প্রাষ
চক্র শত্ত আর খুড়ধার
শেষে তুতুমুল রণে বর্ষি বিষ্ণুদূতগণে
গগণ কৈলাম একাকার ॥ ১১৪২

শেষে শুভিশণ রণে বিষ্ণুদূত জণে জণে
অস্ত্রে খ্যাত(৩) হয়া অতিশয়
শুবিকল হৈল শবে রহিত হৈল তাণ্ডবে
পর কথা কয় কষ্টময় ॥ ১১৪৩

আমার শবার অস্ত্রশস্ত্রপ্রহারত
ক্ষত সুবিক্ষত হয়া বিষ্ণুদূত জত
বলিষ্ট গরিষ্ট শবে বিশিষ্ট আহবে
পরমতাণ্ডবে অতি গতি করি শবে ॥ ১১৪৪

করি রাগ হয়া আগ মহাভাগগণ
আরম্ভিল অস্ত্রশস্ত্র করিতে বর্ষণ
অশখ্যাত অস্ত্রপাত হৈল শেকালত
জিমুতে করকা বৃষ্টী করিল জেমত ॥ ১১৪৫

শেহি অস্ত্রে শস্ত হয়া ঐত্যান্ত বিকল
অতিশয় পায়া ভয় আমরা শকল
পলায়ণপরায়ণ হৈলাম তখণ
শে কালত কত শত যমদূতগণ ॥ ১১৪৬

অচেত্তণ হয়া হৈল পতণ ভূমিত
অমিতবিক্রম অঙ্গ রূধিরে তিমিত
গতপ্রাণপ্রায় ত্রাণকর্ত্তা ণাহি কেহ
অস্ত্রে ক্ষতবিক্ষত হয়াছে শর্ব্বদেহ ॥ ১১৪৭

শে কালত এহিমত দুর্গ গক্তি অপার
লহিয়া আমারা যুদ্ধ করি পরিহার
ইতস্তত আছি বাচিবার করি আশা
দেখীয়া আমার এ-প্রকার দুর্দ্দশা ॥ ১১৪৮

বিষ্ণুদূতগণ হর্ষমণ হয়া শবে
শঙ্খ শিংহণাদ অতি করিল উৎস্বরে
তদন্তর জিজবন্ধ করহে শ্রবণ
বিষ্ণুদূতগণ অতি হয়া হর্ষমণ ॥ ১১৪৯

---

১ লীলা। ২ তুমুল। ৩ ক্ষত।

শে কালকল্পের ঘোর চর্ম্মের বন্ধণ
ছেদণ করিয়া কালকল্পেক তখণ
বিচিত্র বিমাণে করাইয়া আরোহণ
চারিপাশে হর্শে শেজে বিষ্ণুদূতগণ ॥ ১১৫০
আবরিয়া পুন্যরথে শুভ্রপথে শন্ত
চলিল অণিলবেগে যথা ভগবন্ত
শুরশেব্য পুর শ্রীবিষ্ণুর পায়া পরে
প্রবেষ হইল সবে শাণন্দ-অন্তরে ॥ ১১৫১
মহাপাপী শেজে কালকল্প দুরাচার
গঙ্গাম্বু কণিকা অঙ্গে পর্শমাত্রে তার
শ্রীহরির শন্নিধাণ করিল প্রয়াণ
শে স্থাণেত কালকল্প কত কল্পমাণ ॥ ১১৫২
নিবাষ করিয়া শুদুর্ব্বত মণোরম
অবিয়োগ ণানা ভোগ করিয়া উত্তম
তার পর দিব্য জ্ঞাণ করিয়া শাধণ
মুক্তিপদ প্রাপ্ত হইবেন শে অখণ ॥ ১১৫৩
গঙ্গার প্রভাবে দেখ আমার শবার
হইল দুর্গ্গতি অতি ওহে পুন্যাধার
গচ্ছ গচ্ছ(১) হে ধর্ম্মস্ব আপণ ভবণ
দ্বিজেক এমত বলী যমদূতগণ ॥ ১১৫৪
শমণভবণ প্রতি গমণ করিল
ধর্ম্মস্ব ব্রাহ্মণ শেজে মহা ধর্ম্মশিল
অতিপ্রিতিযুক্ত মতি হয়া পুনর্ব্বার
গঙ্গাতটে গমণ করিল শুদ্ধধার ॥ ১১৫৫
সমস্তলোকের মাতা গঙ্গার জলত
করি স্নাণ জ্ঞাণবাণ দ্বিজ শে কালত
পুট করি কর ভক্তিপর হয়া অতি
আরম্ভিল জাহ্নবীক স্তুতি মহামতি ॥ ১১৫৬

চঞ্চলতরঙ্গে গঙ্গে পাপহরা
পরমেশী পদ্মাশণা(২) পদ্মহস্তধরা
শিরশোভণ মস্তকপুষ্পমালা
তীর্থপ্রবরা অবলা মহাবলা ॥ ১১৫৭
কৃষ্ণ শোভণ চরনযুগলের
ধুলি(৩) হস্ত্রী মাতা তুমি ত্রিলোকের
শর্ব্বপাপক্ষয়ঙ্করি মুক্তিপ্রদা
প্রণমামী পদদ্বন্দে হে শারদা ॥ ১১৫৮
জহ্নুমুনীকন্যা ধন্যা ত্রিভুবণে
শৌদাশ ণাম নৃপতী পাপাত্মণে
কোটী ব্রহ্মহত্যা করি হরি হরি
তব শুনির্ম্মল জল স্পর্শ করি ॥ ১১৫৯
দেখ দুর্ব্বত মুক্তি পাইল তিনী
প্রণমামী মাতা পতিতপাবনী
শুভীশণ এজে ভবপারাবার
তার মধ্যে তুমী তরি তরিবার ॥ ১১৬০
তুমি হে চরিতরঙ্গিনী জে শদা
প্রণমামী পদদ্বন্দে হে শারদা
সর্ব্বশুখপ্রদাণ দিগন্তমধ্যে
তুমী শুউত্তমা হে মা বট শত্তে ॥ ১১৬১
ব্যাষ-আদি মুনী তোমার স্তবণ
করে ভক্তিপুরুষরে অণুক্ষণ
তুমি ত্রিতাপপাপহরা শর্ব্বদা
প্রণমামী পদদ্বন্দে হে শারদা ॥ ১১৬২
প্রশন্না ভব হে মাত ভাগীরথি
ভবপাতকভঞ্জিনী ভগবতি
তব কৃপালেশে আয়ুশেষে মম
অচ্যুত কেশর নারায়ণ ণাম ॥ ১১৬৩

১ গচ্ছ গচ্ছ—যাও যাও। ২ পদ্মাসনা। ৩ ধূলি।

রাম কৃষ্ণ জনার্দ্দন গঙ্গা নাম
এহি শব নাম মহামোক্ষধাম
ঘোষণা করিয়া রশনায় যারা
তব শুনির্ম্মল জলে পাপহরা ॥ ১১৬৪

এ দেহ আমার মাত হৌক পাত
কর পুর্ন আশা তুর্ন(১) জগন্মাত
অশ্বমেধ যজ্ঞে কিবা প্রয়োজন
কীবা প্রয়োজন যজ্ঞ যজ্ঞগন ॥ ১১৬৫

কোটীশত জপের কি প্রয়োজন
কীবা প্রয়োজন করি দাণগন
অখীলেশ্বরী নিবেদী ও চরণে
কিবা প্রয়োজন তপস্যাত হণে ॥ ১১৬৬

জাত তব নিরকণিকাস্পর্শনে
ভগবতি অতি মহাপাপীগনে
দেবের দুর্ল্লভ মুক্তি প্রাপ্তী হয়
কহি মা মহীমা কর কর্ন্নময় ॥ ১১৬৭

পরমেশ্বরি হে গঙ্গে মুক্তি-শেতু
তুমী দেবতা শবার তৃপ্তীহেতু
স্বাহারূপা তুমী অমীততেজশা
ভগবতি ভাগীরতি মহাজশা ॥ ১১৬৮

পিতৃলোকের তৃপ্তীহেতু তুমী মা
স্বধারূপা হৈয়াচ হে ত্রির্থোৎত্তমা(২)
মম মস্তকেত স্থিতি হও শদা
প্রণমামী পদ্মদদ্বে হে শারদা ॥ ১১৬৯

সত্ত্বরজতমগুণযুক্তা তুমী
তব গুণগণ কী বর্ন্নিব আমী
স্বৃষ্টীস্থিতীপ্রলয়কারিনী তুমী
তব গুণগণ কী বর্ন্নিব আমী ॥ ১১৭০

তুমি ত্রিপথগা গঙ্গা মোক্ষপ্রদা
প্রণমামী পদদ্বন্দে হে শারদা
দেবদুর্ল্লভে হে দেবী ভাগীরথী
কত শত্তজণে করি ভক্তি অতি ॥ ১১৭১

তোমার মৃত্তিকা কপোল-দেশত
করেণ তিলক করি নানামত
কেহ ভক্তিমণে বদণে শঘণ
গঙ্গা গঙ্গা নাম করে উচ্চারণ(৩) ॥ ১১৭২

মাতা তব নব পদ-মৃণালের
রজ(৪)রাশী শুদুর্ল্লভ অমরের
মম মস্তকেত স্থিতি হৌক শদা
প্রণমামী পদদ্বন্দে হে শারদা ॥ ১১৭৩

স্বর্গ্‌গমত্য(৫)পাতালগামিনী তুমি
তব গুণ-গণ কী বর্ন্নীব আমী
মম মণে মাতা এহি দৃঢ়-আশ(৬)
তব শুরুচির তীরে করি বাষ ॥ ১১৭৪

তব নিরমল জল করি পান
তব গুণগণ মুখে করি গাণ
ভবপাষবিনাষকারিনী তুমী
তব গুণগণ কী বর্ন্নিব আমী ॥ ১১৭৫

মহাপাতকহারিনী বট তুমী
তব গুণগণ কী বর্ন্নিব আমী
তব নাম মোক্ষধাম স্মরি মণে
তব তরঙ্গ তরল শুলোচণে ॥ ১১৭৬

তার অপার হিল্লোল নিরখীয়া
জন্ম যাউক মোর এণাম ভাবিয়া
শুভদা বরদা দেবী মোক্ষপ্রদা
প্রণমামী পাদদ্বন্দে হে শারদা ॥ ১১৭৭

১—তীর্ন। ২ তীর্থোত্তমা। ৩ উচ্চারণ। ৪—ধুলি। ৫ মর্ত্ত্য। ৬—দৃঢ় আশা।

অতি অগম্য সর্গ্‌গ-লোক-জননী
এহি চিন্তা করি জন্ত শ্রেষ্ট প্রানী
সভয় হৃদয় থাকেণ শতত
যেঁথা(১) শে ভয় মা কর কর্ম্মগত ॥ ১১৭৮
জাতো(২) তব নিরকণিকা রুচির
উদ্ধারকারিনীভূতা পাতকীর
হয়াছেণ অবিরত হে জণনী
অখিলেশ্বরি হে মুক্তিপ্রদাইনী(৩) ॥ ১১৭৯
ত্রিতাপ পাপ অপর রোগচয়
সর্ব্বকালে মুণুস্তের(৪) দেহে রয়
তোমার নিরমল জলে জে জণ
করেণ স্নাণ হইয়া ভক্তিমণ ॥ ১১৮০
শুণিশ্পাপ হয় আর নিরাময়
তার দেহে আর এ শব না রয়
ব্রঁহ্মা বিষ্ণু শিব জিষ্ণু আদি করি
শুনহে জণনী পাপক্ষয়করী ॥ ১১৮১
এ শব দেবে মা মহীমা(৫) তোমার
জাণিতে শমর্থ ণাহি হয় কার(৬)
পরমেশ্বরি হে মোক্ষদাত্রি মাতা
সেহি হেতু তোমাক শেবে শর্ব্বথা ॥ ১১৮২
তটীনী বলিয়া করেন বন্দণ
হে গঙ্গে হে মাত করহে শ্রবণ
শমস্তশুখদায়িনী মা তোমারে
কিক্ষীত্ত জাক্সাছে দেব দিগাম্বরে ॥ ১১৮৩
হে জগদিশ্বরি মা তুমী শেহি হেতু
দেব দেব উমাপত্তি কৃপাশেতু
মস্তকে তোমারে করিছে ধারণ
মেষবটা জটাযুটে(৭) অণুক্ষণ ॥ ১১৮৪

হে গঙ্গে পরমেশ্বরি জগন্মাতা
প্রশন্না আমারে ভব লোকমাতা
পরিত্রান কর মোরে মোক্ষপ্রদা
প্রনমামী পদদ্বন্দে হে শারদা ॥ ১১৮৫
নিজদাষ-অভিলাষ পূর্ন্ন কর
রক্ষ রক্ষ মোর ভবভয়হর
ব্রঁহ্মস্বরূপা তুমি ওহে বরদা
প্রনমামী পদদ্বন্দে হে শারদা ॥ ১১৮৬
সমস্তলোকের মাতা বট তুমী
তব গুণগণ কী বর্ন্নিব আমী
তোমার স্তুতি করিতে মা আমার
কি শমর্থ(৮) আমি অতি দুরাচার ॥ ১১৮৭
ণিগদতি মহামতি ব্যাষ মুণি
ধর্ম্মস্ব দ্বিজের হেণ স্তুতি শুনী
নিজরূপ ধরি গঙ্গা ভাগীরথী
দিল দেখা দ্বিজেরে শে ভগবতি ॥ ১১৮৮
শুধবল শবল বিপুল স্তল(৯) কায়
ভীষণ মকর ঐরাবত গজপ্রায়
তার প্রীষ্টে(১০) হৃষ্ট আরোহিচে ভগবতি
দ্বিভুজ অম্বুজ জিনী মুখশোভা অতি ॥ ১১৮৯
চন্দ্র শুর্য্য(১১) তুল্য কান্তি নেত্রভ্রান্তিকর
কুণ্ডল যুগল কর্ন্নে পরম শুন্দর
শশাঙ্কশকাষ শুধবল নিরমল
বিভুশণে(১২) বিভূষীত শ্রীঅঙ্গসকল ॥ ১১৯০
এ প্রকার শে গঙ্গার অপুর্ব্ব মূর্ত্তিক
দেখীয়া ধর্ম্মস্ব দ্বিজবর শে দানীক(১৩)
গঙ্গা গঙ্গা নাম গাণ করিয়া বদনে
পরিয়া(১৪) শষ্টাঙ্গে ভুমে গঙ্গাচরণে ॥ ১১৯১

১ যথা। ২—যত। ৩ মুক্তিপ্রদায়িনী। ৪ মনুষ্যের। ৫ মহিমা। ৬—কাহারও। ৭ জটাজুটে। ৮—শক্তি। ৯ স্থূল। ১০ পৃষ্ঠে। ১১ সূর্য্য। ১২—অলঙ্কারে। ১৩—স্নান। ১৪ পড়িয়া।

চরণারবিন্দদ্বন্দ্ব প্রণাম করিয়া
রোমাঞ্চিত কলেবর পুলকীত হিয়া
ধর্ম্মস্বের ভক্তি দেখী মুক্তি-প্রদায়িণী
চন্দ্রমাস্তে ইশক্কান্তে(১) জগত-জণণী ॥ ১১৯২
শেকাগত ত্রিজগত মোহিত করিয়া
প্রশন্না হইয়া ধর্ম্মস্বেক সম্বোধিয়া
বলীলেণ বাণী বিণাস্বরে(২) ভগবতি
কর বরগ্রহণ ধর্ম্মস্ব মহামতী ॥ ১১৯৩
ধর্ম্মস্ব বদতি মাতা শুণ ভাগীরথি
তব জলস্পর্শমাত্রে ওহে ভগবতি
ব্রহ্মহা পাপীও পাপ হণে মুক্ত হয়
করি নিবেদণ মাতা কর কর্ণময় ॥ ১১৯৪
আমি তব নিজরূপ পাইলাম দর্শণ
অন্ত বরে আমার ণাহিক প্রয়োজণ
তথাপী জণনী পদে নিবেদী তোমায়
হে পরমেশ্বরি কৃপা করি তুমী তায় ॥ ১১৯৫
করহ শকল জেণ বিফল ণা হয়
কর বরদাণ মাতা হইয়া সদয়
অন্তকালে আমি জেণ উচ্চস্বরে(৩) অতি
তব ণাম মোক্ষধাম বলী ভাগীরথী ॥ ১১৯৬
তণুত্যাগ করি জেণ তোমার জলত
হে শরিতশ্রেষ্টে মাতা কর কর্ণগত
মোর কৃত স্তব দ্বারা তোমাক জেজণ
স্তবণ করিবে গঙ্গে হয়া ভক্তিমণ ॥ ১১৯৭
ভূঞ্জিয়া শকল শুখ অন্তে তিণী জেণ
পরম গতিক অপ্রয়াশেতে(৪) লভেণ
ধর্ম্মস্বের বাণী শুনী অতি তুষ্টমণে
বলীলেণ ভাগীরথি শুহাস্য বদনে ॥ ১১৯৮

ওহে দ্বিজত্তম তব দৃঢ়ভক্তি শক্ত
শন্তুষ্ট আমার চিত্ত হইল একান্ত
অচিরে কুশল তব হইবে নিশ্চয়
ণা করিবা ইথে চিত্তে কীঞ্চীত শংশয় ॥ ১১৯৯
ওহে ভূমিদেব(৫) তুমি জে স্তব দ্বারায়
স্তবণ করিয়া তুষ্ট করিলা আমায়
এহি স্তব ত্রিশন্ধ্যা জে করিবে পঠণ
তাক প্রতি অতি তুষ্ট হয়া দ্বিজমণ ॥ ১২০০
নেস্তার(৬) করিয়া ঘোর ভবপারাবারে
শুউত্তম মুক্তিপদ দীব আমী তারে
ব্যাষ নিগদতি যতি কর অবধাণ
ধর্ম্মস্বেক এহি বর করিয়া প্রদাণ ॥ ১২০১
শেহিস্থাণে অন্তধ্যাণ হৈল ভগবতি
পায়া(৭) বর ধর্ম্মপর(৮) দ্বিজ মহামতী
কৃতার্থ হইয়া মনোরম গঙ্গাতটে
নিবাষ করিল বিপ্র গঙ্গার নিকটে ॥ ১২০২
তদন্তর কতকাল গত হৈলে পর
বিমল জাহ্নবীজলে তেজী কলেবর
উত্তম গতিক বিপ্র খিপ্র(৯) লভিলেণ
গঙ্গার মহিমা হে জৈমিনী জাণ হেণ ॥ ১২০৩
জ্ঞাণভক্তিহিণ কালকয় দুরাচার
গঙ্গাম্বু কণিকা অঙ্গে স্পর্শ(১০) হয়া তার
উত্তম গতিক পাপী পাইল কী প্রকার
অতএব কী বর্ণিব মহাত্মা গঙ্গার ॥ ১২০৪
ভক্তিভাবে গঙ্গাজল জে করে গ্রহণ
তার কী ণা হয় হে জৈমিনী তপোধণ
অবাঞ্চা পুর্ব্বক গঙ্গাজল স্পর্শণত(১১)
কালকয় এহি ফল পাইল পত্যক্ষত ॥ ১২০৫

১ ঈশকান্তে। ২ বীণাস্বরে। ৩ উচ্চৈঃস্বরে। ৪ অপ্রয়াসেতে—বিনা চেষ্টায়। ৫—ব্রাহ্মণ। ৬ নিস্তার। ৭—পাইয়া। ৮—ধর্ম্মপরায়ণ। ৯—শীঘ্র। ১০ স্পর্শ। ১১—স্পর্শে।

বাকাভক্তিযুক্ত মণে জে করে গ্রহণ
ব্রহ্মাও বলীতে পারে তার ফলগণ
সংসারেত গঙ্গাতুল্য তির্থ(১) নাহি আর
এহি কথা সার বলীতেছি বারম্বার ॥ ১২০৬
মহা মহা পাপী গঙ্গাজল স্পর্শে জাত
মহমুক্তিপদ প্রাপ্তী হয় তত্‌ক্ষনাতি
অসার সংসার অন্তকালে জেহিজণ
অমরবাঞ্চিত সে জে অচচুতচরন ॥ ১২০৭
সিস্বয়(২) সতর ভব-তয় দুরে জায়
বলীলাম সারতসার জৈমিনী তোমায়
ইতি ক্রয়াযোগসারে সষ্টম অধ্যায়
রচণা হইল পদ শুধারসঙ্গায় ॥ ১২০৮
বিরচিল শ্রীল শ্রীহরেন্দ্র মহীপালে
কালী ভজ হবে শুভ ইহ পরকালে

* * * *

* * * *

কালভয়হরা কালী নাম কামপ্রদা
ইহা জানী প্রানী কালীপদ ভজ সদা
জে চরণ পঙ্কাণণ হৃদে ধরিছেন
সোভে শুভ্রজলে নীল শতদল জেণ ॥ ১২০৯
সেহি পদ্ম মকরন্দপাণাণন্দ অলী
হয়া তর নর তয়ঙ্কর দুষ্ট কলী

* * * *

* * * * ১২১০

[সপ্তম অধ্যায়।]

বাঁব সিপদতি হে বিজেন্দ্র পুজ্যাধার
বলীতেছি পুঃনর্ব্বার মহাত্মা(৩) গঙ্গার
জদি ইৎসা(৪) কর মুক্তি তবে সে গঙ্গায়
কথামৃত কর পাণ মুণিন্দ্র উদার ॥ ১২১১
ত্রিয়মাতা জাহ্নবীর তীরে কীম্বা নীরে
দাণগণ বিতরণ করে জেহি ধীরে
সর্ব্ব যজ্ঞ তিনি করিলেণ তপোধণ
অপর জে ফল হয় কয়তা শ্রবণ ॥ ১২১৩(৫)
বিষ্ণুর পুজার ফল প্রাপ্তী হয় তীনী
নাহিক সংশয় ইথে জানীবা জৈমিনী
জে জে কৃপা করে পরে গঙ্গাপরিধাণ
সমস্ত অক্ষয় হয় শুণ জ্ঞানবাণ ॥ ১২১৪
বহণ করেণ গঙ্গাজল জেহিজণ
সে অশাক অশ্রেত দেখীরা তপোধণ
জে ব্যক্তি করিয়া ভক্তি গাত্রোত্থান করে
সহস্রাশ্বমেধফল পায় সেহি নরে ॥ ১২১৫
গঙ্গাজল আগমণ করি বিলোকণ
না হইয়া ভক্তিযুক্ত জেহি মুড় জণ
না করেণ গাত্রোত্থাণ সে জণ নিশ্চয়
জন্মে জন্মে পশু হয় মুনী মহাশয় ॥ ১২১৬
অমল গঙ্গার জল পায়া জেহি নরে
ভক্তিভাবে সত্ত তাক গ্রহণ না করে
তার কোটীজন্মার্জ্জিত পুন্য সেহিক্ষণে
নষ্ট হয় শুনীকর জানিবা আপনে ॥ ১২১৭

---

১ তীর্থ। ২ নিশ্চয়। ৩ মাহাত্ম্য। ৪ ইচ্ছা। ৫ এইখানে অঙ্ক ভুল হইয়াছে।

গঙ্গাতীরগমনে উদ্যোগী জেহিজণ
তাহাক জে মুড় ণরে করে ণিবারণ
এককোটী পুরুষ শহিতে শেহিজণ
মহারৌরবেত(১) গীয়া হএণ পতণ ॥ ১২১৮
গঙ্গাতীরে মল মূত্র তেজে জে পামরে
ণহে অল্প শত কোটী কল্পেও শে ণরে
ণা হয় ণিরয় হণে মুক্ত কদাচণ
অপর শ্রবণে মণ কয় তপোধণ ॥ ১২১৯

জাণিবা জৈমিনী গঙ্গাগর্ভে জিনী
শ্লেশা(২) কর্ণ মলচয়
নেত্রমল আর জেহি দুরাচার
গঙ্গার গর্ভেত তেজয় ॥ ১২২০

শে জন ণিশ্চয় জায়ণ ণিরয়
জানীবা হে তপোধণ
গর্ভেত গঙ্গার জেহি কুলাঙ্গার
তেজেণ উচ্ছিষ্টগণ ॥ ১২২১

শেজে দুরাশয় দুর্ঘোর নিরয়
ণিশ্চয় করে গমণ
ব্রহ্মহা পাতক পায় জে জণক
মিথ্যা ণহে কদাচণ ॥ ১২২২

শুণ মুনীবর জেহি মূড় ণর
গঙ্গাতীরে পাপ করে
শে পাপ অক্ষয় শে জণার হয়
জানীবা হে দ্বিজবরে ॥ ১২২৩

শে পাপ মোচণ করণ কারণ
কৈলে বহু তীর্থগণ
ণা হয় মোচণ শে পাপ কখণ
জানীবা হে তপোধণ ॥ ১২২৪

অন্য তির্থ কৃত পাপ ণাণামত
ণষ্ট হয় গঙ্গাস্নাণে
গঙ্গাত জে ণরে পাতক আচরে
শেজে পাপ কোণখাণে ॥ ১২২৫

ণা হয় মোচণ ওহে তপোধণ
ণিশ্চয় জাণিবা ইহা
জান একারণ পণ্ডিত জেজণ
শে জণ জাণিজা ইহা ॥ ১২২৬

ওহে তপোধণ পাপ আচরণ
মণ বাক্যে কর্ম্মে শত
ণা করিবে তিনী জাণিবা জৈমিনী
শেহি শত্ত পুন্যবন্ত ॥ ১২২৭

সম্যক প্রকারে গুণাধার ণরে
করিবে ধর্ম্ম গ্রহণ
তবে ণাহি আর ভবভয় তার
শায় এ মম বচণ ॥ ১২২৮

জে দেশে জে বণে জে পর্ব্বত গণে
মহাপাপবিণাশীনী
গঙ্গা না থাকয় ওহে পুন্যময়
মুণিন্দ্র শাধু জৈমিনী ॥ ১২২৯

শে শকল স্থাণ ব্রেথা মণে মাণ(৩)
অপর কর শ্রবণ
জদি মস্তএত কার্জ্জ এক শত(৪)
থাকেণ হে তপোধন ॥ ১২৩০

তথু(৫) ওহে মহাভাগ গঙ্গাতীর পরিত্যাগ
করি এক মুহুর্ত্তেক মাণ
ণা থাকিবে কদাচন জানবাণ জেহিজণ
আর বলী কর অবধাণ ॥ ১২৩১

১ মহারৌরবেতে। ২ শ্লেষ্মা। ৩—বৃথা বলিয়া বুঝিবে। ৪—যদি অন্তত শত কার্য্যও থাকে।
৫ তথু।

জৈমিনি কর শ্রবণ ব্রহ্মহা পাতকী জণ
জদি দেহ তেজেণ গঙ্গাত
মুক্তিপদ লভে তিনী জাণিবা হে মহামুনী
ণাহি কীছু শংশয় ইহাত ॥ ১২৩২
অপর শ্রবণে মণ কয়হে প্রবীণ
অন্তস্থাণে অশ্বমেধ যজ্ঞ শদক্ষীণ(১)
শহস্রেক মাণ(২) করে জেহি পুন্যবাণ
তবু মুক্তী ণাহি তার দৃড় এহি জ্ঞাণ ॥ ১২৩৩
জেহি ধীর গঙ্গাতীর করিয়া আশ্রয়
ভক্তিভাবে হরিপদপরায়ণ হয়
শে ব্যক্তিক মুক্তিদাতা প্রভু ণারায়ণ
কি দিবেণ ইহা কভু ণা জায় কহণ ॥ ১২৩৪
জন্মজন্মান্তরে জেহি দুরাচার ণরে
শ্রীহরিক অর্চ্চণ কখণ ণাহি করে
শেহি ব্যক্তি এহি মুক্তিপ্রদা জাহ্নবীক
ণা করেণ ভক্তি শুণ হে মুনী শাত্তিক(৩) ॥ ১২৩৫
ণা প্রত্তে চিত্ত তার গঙ্গার ভক্তিত
ণিশ্চয় জাণিবা মিথ্যা ণহে কদাচিত
শুণহে মুণিন্দ্র বলীত্তেছি বারবাঁর
গঙ্গাশম পুন্যপ্রদা তির্থ ণাহি আর ॥ ১২৩৬
তাত স্নাণ(৪) বিধাণ করিয়া ণিরন্তর
শরদপদেক গতি অণায়াশে কয়
মৃত্যুকালে গঙ্গা গঙ্গা বলেণ জেজণ
শর্ব্বপাপ হণে মুক্ত হইয়া শে জণ ॥ ১২৩৭
একশত যুগ স্বর্গ্গে ণিবাশ করয়
ণাহিক শংশয় ইথে মুনি মহাশয়
শুণ গুণধাম দ্বিজ দ্বিজধর্ম্মরত
জাণ্যাবিণ জে ব্যক্তির মৃত্যুণমত ॥ ১২৩৮

গঙ্গাকথা আরম্ভ হওণ শন্নিধাণে
শে ব্যক্তি তখণে মুক্ত হয়া পাপ হণে
শকল দুষ্কৃত হনে মুক্ত হয়া আর
বিষ্ণুর ভবনে হয় গমণ তাহার ॥ ১২৩৯
মুক্তিদাতৃ গঙ্গানাম মরণশময়
স্মরণ করেণ জেহি জণ পুন্যময়
তার প্রতি লক্ষ্মীপতি অতি তুষ্ট হয়
তার তুষ্টে কী ণা হয় মুনী মহাশয় ॥ ১২৪০
মৃত্যুকালে গঙ্গামৃত্তিকায় জেহিজণ
ত্রিপুণ্ড্র তিলক করে ললাটে ধারণ
অঙ্গ উর্দ্ধভাগে আর করেণ লেপণ
সে জণ ণিশ্চয় স্বর্গ্গে করেণ গমণ ॥ ১২৪১
গঙ্গাস্নায়ি ব্যেক্তিক করিয়া দরশণ
জে ণরে করেন তনুত্যাগ তপোধণ
কিম্বা মৃত ব্যক্তির স্পর্শে(৫) জদিমাত
গঙ্গাস্নায়ি ব্যেক্তি গতি করে অকস্মাত ॥ ১২৪২
তবে শে মৃত ব্যেক্তির ওহে তপোধণ
গঙ্গাত মরণতুল্য ফল শুশোভণ
লাভ হয় নিশ্চয় জাণিবা মহাশয়
তিলার্দ্ধ কীঞ্চীত ণাহি ইহাত শংশয় ॥ ১২৪৩
শরীরির অস্থি(৬) থাকে গঙ্গাত জাবত
তাবত পর্জন্ত মুণি শেহি শুমহত
শহস্রেক বর্ষ থাকে বিষ্ণুর লোকত
অবিয়োগ শুখভোগ করে ণানামত ॥ ১২৪৪
তম্ব অতি শ্রদ্ধ কের আমি জে গণার
মজ্জণ(৭) হওণ মুনি শর্ব্বত গঙ্গায়
তাত জেহি ফল হয় কহী তাহা আমী
এক চিত্তে শ্রবণ করহে মোক্ষকামী ॥ ১২৪৫

১—দক্ষিণাযুক্ত। ২—সহস্র পরিমাণ। ৩ সাত্ত্বিক। ৪ স্নান। ৫ স্পর্শে। ৬ অস্থি। ৭ মজ্জন।

জৈমিনী শুণহ চিত্র পবিত্র আখ্যাণ
একদিণ ইন্দ্র মঘবাণ ভগবান
নানা অলঙ্কারে অঙ্গ করিয়া ভূশীত
মনমথে মথিতচিত্ত হয়া জথোচিত ॥ ১২৪৬
পর্য্যগন্ধা নামা শুণধামা রামা শঙ্গে
ক্রড়া(১) গৃহ প্রতি গতি করিলেণ রঙ্গে
তরুণীকা শে বাইকা(২) প্রথমজোবনা
কুমৃগলোচনী ধনী রাখাচন্দ্রাণণা ॥ ১২৪৭
কামকলারশে শে অবলা শে শময়
মহেন্দ্রেক স্ববশ করিল অতিশয়
মৃগাঙ্কবদনী মৃগলোচনী শে ধনী
পর্য্যগন্ধ অঙ্গ অঙ্গনার শিরোমনী ॥ ১২৪৮
কাঞ্চণলাঞ্চণ চিত্র পর্জ্জঙ্গ(৩) উপরে
বশীলেণ শশীমুখী শুখী শুঅন্তরে
কামবিমহিতচিত্ত দেব শুরপতি
রতিরঙ্গে তার শঙ্গে হয়া প্রিতিমতী ॥ ১২৪৯
শে বালার পদতলে কতুহলে ইন্দ্র
রহিল তখণ কামে মজ্জি হে মুণিন্দ্র
পরে ইন্দ্র শে জে ইন্দিবরলোচণারে
রতিরশে করি তুষ্ট বিবিধপ্রকারে ॥ ১২৫০
কর্প্পূর রচিত শুগন্ধিত শুতাম্বূল
বিড়া(৪) বাণাইয়া ইন্দ্র রশজ্ঞ অতুল
হাশী ইন্দ্র শেহি বিড়া করিয়া করেত
দিতহে বদণে তার মদনমত্তেত ॥ ১২৫১
শেহি শময়ত শে গৃহেত তপোধণ
মহেন্দ্রমানীনী(৫) গতি করিল গমণ
দেখি রাকাচন্দ্রমুখী অশুখী হইয়া
বলিতে লাগিল মহেন্দ্রেক শম্বোধিয়া ॥
ওহে প্রভু ত্রিভুবণপালক শুরেশ
তব পদপঙ্কজদ্বন্দ্ব ওহে ত্রিলোকেষ ॥ ১২৫২
বৃন্দারকবৃন্দে বন্দে শুভক্তধারায়
হেণ তুমী শুরস্বামি(৬) কী কব তোমায়
দাশী পর্য্যগন্ধার চরণতলে তুমী
ইহাত কী কব আমী ওহে শুরস্বামী ॥ ১২৫৩
লাবান্য(৭) বিহিণা গহে শবিণা এ রামা
কুচ্ছিতা(৮) দুর্ম্মুখি নহে শুতণুমধ্যমা
নাহি কীছুমাত্র গুণ শরিরে তাহার
তথাচ প্রিয়শী তিনী হইল তোমার ॥ ১২৫৪
অতিপ্রিতিভাগিকা হইল তিনী তব
এজে অশম্ভব আমী অধিক কী কব
শৌরবে(৯) গৌরব জেণ কেতকীপুষ্পের
কণ্টকীত(১০) রজপুর্ণ শোভা দর্পণের ॥ ১২৫৫
মধুহিণা গুণক্ষিণা(১১) তাক প্রতি জেণ
গন্ধে অন্ধ হয়া অলী(১২) গমণ করেণ
শেহি প্রায় শুরুরায় দেখী আজী আমী
কোটী শুন্দরীর পতি তুমি শুরস্বামী ॥ ১২৫৬
শকল রশজ্ঞ নাথ আপণে জেমত
এজে পর্য্যগন্ধা কভূ নহেণ তেমত
কেণ তুমী কুচ্ছিত অকর্ম্ম এ প্রকার
করিতেহ দেখয়ত একী অবিচার ॥ ১২৫৭
ইন্দ্রেক ইন্দ্রানী বানী বলী এ প্রকার
আরম্ভিল শে পর্য্যগন্ধাক বলীবার
ওরে কুড়মতি শুণহিণা দুষ্টাশয়া
কী ক্রড়া করিছ বৃদ্ধা(১৩) তেজি ইন্দ্র লয়া ॥ ১২৫৮

---

১ ক্রীড়া। ২ বালিকা। ৩ পর্য্যঙ্ক। ৪—পানের খিলি। ৫—শচী। ৬ সুরস্বামী। ৭ লাবণ্য। ৮ কুৎসিতা। ৯ সৌরভে। ১০—কণ্টকে। ১১—গুণহীন। ১২ অলি। ১৩ ক্রীড়া।

হয়ে জাও হুরাচারি তেজিয়া পাথেরে
ইথরির প্রায় তুমী পর্ব্বত উপরে
তোমার চরণজলে জিলোক স্বামী
ভালত আচার্য্য কার্য্য দেখীতেছি আমী। ১২৫৯
ব্যাস নিগদতি বৃত্তি করহে শ্রবন
শচির হুরুক্তি(১) বহু শুণিয়া তখন
শেজে পদ্মগন্ধা মহাশতি গুণবতি
বলিতে লাগীল হয়া অতি কোপমতী॥ ১২৬০
শুণহে পিশুণা শচি আমার বচন
গাঁিয়ে(২) জাণেণ মম দোষগুণগণ
কেণ তুমি কুড়াভুমি(৩) আশীলা ইন্দ্রানী
কী কারণ মোরে এত বল নিন্দাবানী॥ ১২৬১
মন্ত মন্ত পরে আর অন্তর(৪) অমরে
হুই চক্ষু দিয়া দোষগুণ দৃষ্টী করে
শহস্রলোচণ যারা দেব বজ্রপানী
দেখেনা শে দোষগুণ বলহে ইন্দ্রানী॥ ১২৬২
জে প্রকার চন্দ্রমার ঔর্য্যের ইন্দ্রানী
কলঙ্ক দেখেণ মাত্র জগতের প্রানী
গুনেক ণা দেখে গুণ ণা করে বিচার
তদ্বত আমাক প্রতি এ বাক্য তোমার॥ ১২৬৩
প্রথমেত লোকে দেখে দোশেক কেবল
ণা দেখেণ কোণমতে শত্‌গুণ শকল
উৎম(৫) কটু ভাশীনী জমনী হই আমী
ভজুক তোমাক তবে এহি প্রাণস্বামী॥ ১২৬৪
শরলতা গুণহিণ তরলতা অতি
জদি হই আমি তবে হে ইন্দ্রযুবতি
তুমি হেণ গুণবতি তোমাক অথণ
ভজুক এ প্রাণনাথ শহস্রলোচণ॥ ১২৬৫

ক্রোধে অন্ধা হয়া পদ্মগন্ধা শে কালত
বলীয়া শচিক ওরা বাক্য এহিমত
কোপে কম্পমানা জলোচণার তখণ
অরুণ উৎপল প্রায় হইলে লোচণ॥ ১২৬৬
কাকণ পর্ব্বত ত্তেজি মজি হুখে অতি
উঠিখা কমলা(৬) অতি আরক্তীম শতি
প্রিয়শীর অপ্রিয় করিয়া বিলোকণ
আকুল ইন্দ্রিয় ইন্দ্র হইয়া তখণ॥ ১২৬৭
বলীতে লাগীল হুখ জাগীল অন্তরে
তার পেহামণ দেহা দাহ মাত্র করে
মহেন্দ্র বলতি শতি মোরে ত্যাগ করি
কোথা জাও ওহে প্রাণেশ্বরি হে তন্বী॥ ১২৬৮
কিবা অপরাধ প্রিয়ে করিলাম্‌ তোমার
কোথা জাও ফিরা(৭) চাও প্রিয়ে একবার
হে প্রাণললণা তাহা বলণা আমারে
প্রশন্না হওহে প্রিয়ে প্রণতজণারে॥ ১২৬৯
ণা কর বৈমাষ তব দাস আমী প্রিয়া
করিতেছি দাশকর্ম্ম নিকটে রহিয়া
দাশের রমনী হৈলে শে হএণ দাশী
তুমী ণও দাশপত্নি হে প্রাণপ্রিয়শী॥ ১২৭০
কেণ স্বুণ গুণবতি ভারতী শচীর
ক্ষেম দোষ ত্যাজ রোষ চিত্ত কর স্থির
মুনীবর তারপর করহে শ্রবণ
বলীয়া এরূপ ত্বপ শহস্রলোচণ॥ ১২৭১
পর্ব্বত তেজিয়া অতি ব্যজিয়া দ্রুতগত
জায়া নিকটেত তার ধরিয়া করেত
সয়া অতে বলীলেণ পর্ব্বতে তখণ
মহেন্দ্রমানীনী শচি করি বিলোকণ॥ ১২৭২

১—কটূবাক্য। ২—গর্জিয়ে। ৩ ক্রীড়াভূমি। ৪ অন্তর। ৫ [illegible]। ৬—[illegible] বশ [illegible] বাক্যাদ। ৭—ফিরিয়া।

শে পদ্মগন্ধাক আরম্ভিল বলীবার
শচি কহে ক্রোঞ্চী(১) শুণ বচণ আমার
জাত তুমি খাবির শুভগা অতিশয়
ধন্ত শে রমনী জার এপ্রকার হয় ॥ ১২৭৩
বরাঙ্গণা হৈয়াও দুর্ভগা আমি অতি
শুণহে শিঙনী ক্রোঞ্চী আমার ভারতী
শা হয়েণ পুন্যক্ষয় জাবত তোমার
তাবত মহিন্দ্র শহ করহে বিহার ॥ ১২৭৪
যথা শুখে কর কেলী কৌতুক বিহার
কত কালান্তরে এহি শুকৃত তোমার
ক্ষয় পাবে শুখ জাবে দুখ হবে শার
ক্রোঞ্চকুলে জণম লভিবা বারবার ॥ ১২৭৫
শুনী ইন্দ্রানীর বানী পদ্মগন্ধা শতি
অদ্ভুত মানীয়া হৈয়া শুবিশ্বয় মতী
কলহ করিয়া ত্যাগ কমলবদণা
ইন্দ্র অর্ধ পর্যঙ্ক তেজিয়া শুলোচণা ॥ ১২৭৬
তুমি শীরে ধীরে শে শচিরে প্রণামিয়া
বলীতে লাগীল কর অঞ্জুলী(২) করিয়া
পদ্মগন্ধা শিগদতি শুহে বরারোহে
অতিক্রোধে মোর মণ মোহিআছে মোহে ॥ ১২৭৭
এজে বর চিত্র চারুতর অতিশয়
বলীলা আপণে কথা শদয় হৃদয়
কিরূপে ছিলাম আমী ক্রৌঞ্চি কোণখানে
শ্রবণ বাশণা দেবী করি তব স্থানে ॥ ১২৭৮
কহ অণুগ্রহ করি হরিহরপ্রিয়া
কে আমী কোথায় ছিলাম শুনী বিস্তারিয়া
কিরূপে অমরাবতি আশীআছী আমী
কি কর্ম্মে পাইয়াছ শতী ত্রিদশের স্বামী ॥ ১২৭৯

কতকালে জাবত শে পূন্য হবে ক্ষয়
মহেন্দ্রমহীষী কহ হইয়া শদয়
শে পদ্মগন্ধার এ প্রকার শুনী বানী
বলিতে লাগীল শচি শুণহে কল্যানী ॥ ১২৮০
পূর্ব্বে তুমি ক্রৌঞ্চকুলেতে জন্মিয়া
অপবিত্র মাংশ আদি আহার করিয়া
কীটযুক্ত ভূমিত থাকীয়া অণুক্ষণ
শে মাংশভক্ষণে কর জিবনরক্ষণ ॥ ১২৮১
জাহ্নবীর তটে শন্নিকটে অতিশয়
ছিল এক বটবৃক্ষ অতি মণোময়
শেহি বৃক্ষডালেত(৩) তোমার ভাষা(৪) ছিল
শুণ বলী পদ্মগন্ধা পরে জে হইল ॥ ১২৮২
দৈবাধিণ একদীণ শেহি তরুবর
আরোহিয়া এক কৃষ্ণবর্ণ বিশধর(৫)
তোমাক পাইয়া তাবামধ্যে শে শময়
দংশীল কুটিল কালশর্প দুরাশয় ॥ ১২৮৩
ছিল খুধাতুর ক্রড় শর্প প দর্প পশীল(৬)
যথাশুখে তব মাংশ ভক্ষণ করিল
মাংশহিণ অস্থি(৭) তব রহিল তাবাত
একদীণ দৈবাধীণ পরে অকস্মাত ॥ ১২৮৪
প্রচণ্ড পবণ বহিবার আরম্ভিল
মূলশহ শেহি বটবৃক্ষ উপাড়িল(৮)
প্রভঞ্জণ প্রচণ্ডবেগেত শেকালত
কেলীল বৃক্ষেক নিয়া গঙ্গার জলত ॥ ১২৮৫
বৃক্ষেত ছিল জে তব শুক অস্থিগণ
বৃক্ষ শণে হৈল গঙ্গাগর্ভেত পতণ
গঙ্গাজলে আপ্লাবীত হৈল অস্থিচয়
তারপর পদ্মগন্ধা কয় কর্ত্তব্য ॥ ১২৮৬

---

১ ক্রৌঞ্চী। ২ অঞ্জলি। ৩ [illegible]। ৪ বাসা। ৫ বিষধর। ৬ দর্পশীল, ৭ অস্থি। ৮ উপাড়িল।

শেহি অস্তিগণ রবে গজান্ত জাবন্ত
তাবত থাকীবা তুমী অমরপুরন্ত
তাবত শুভগা হবা স্বামির শুন্দরী
মহীন্দ্র(১) শহিত নাণা শুখভোগ করি ॥ ১২৮৭
পদ্মগন্ধা বলিলাম পুর্ব্ব বিবরণ
আন্ত পান্ত(২) কথাগণ করিলা শ্রবণ
পদ্মগন্ধা ভুবতিক এমত বলিয়া
মহেন্দ্রের অপমাণ মানাথী হেরিয়া ॥ ১২৮৮
মদণশদণ চন্দ্রবদণ শচির
মলিণ হইল জেণ নলীণি শিশীর
জে স্থাণ হইতে আশীআছে শেহি স্থাণ
প্রস্থাণ করিল সচি হে মুনী বিস্তাণ ॥ (৩) ১২৮৯
পদ্মগন্ধা মহেন্দ্রের কোরে পর্য্যন্কেত
রহিল তখণ কামকেলী আণন্দেত
কীন্তু শে শতির হৃদে শচীর বচণ
জাগীয়া রহি ণা হইল বিস্মরণ ॥ ১২৯০
তদন্তর দ্বিজবর কর কর্ণমন
শে পদ্মগন্ধার ণাণাগুণে শে শময়
অতিপ্রিতিমতি হয়া শহস্রলোচণ
বলীতে লাগীল শুশোভণাক বচণ ॥ ১২৯১
শুণ গুণবতি শতি আমী তোমা প্রতি
শুপ্রিতি হৈলাম অতি ওহে রূপবতি
কর বর গ্রহণ জে বাঞ্ছিত তোমার
তোমাক অদেয় কীছু ণাহিক আমার ॥ ১২৯২
ইন্দ্রের ভারতী শতি করিলা শ্রবণ
বলীলেণ বিণায়ে বিণয় বচণ
ওহে স্বামি তুমী কোটী কামিনীর কান্ত
ভাবিনীর ভাবক অলীক(৪) নিতান্ত ॥ ১২৯৩
শকল দেবের অধিপতি তুমি ণাথ
হেণ তুমি আমার অধিন হৈচ খ্যাত
ইহা হতে অধিক কী আছে দেবরাজ
হইয়াছি ধন্য ধন্য বরে কীবা কাজ ॥ ১২৯৪
তথাপী যদ্যপী বর দীতে ইৎসা(৫) কর
তবে বাক্য কর্ণ ধর ধাত্রা পুরন্দর
মম অণুরাগে তুমি আগে প্রাণণাথ
করহ প্রতিজ্ঞা দৃড়(৬) আমার শাক্ষাত ॥ ১২৯৫
শে পদ্মগন্ধার বাণী শুনী বজ্রপাণী
বলীলেণ শুণ ওহে কুরঙ্গনয়নী
হে শুন্দরী প্রাণেশ্বরি আজ্ঞা কর শতি
রাজ্যধণ প্রাণাদীর মধ্যে রূপবতি ॥ ১২৯৬
জাকে ইৎসা কর তাকে শত্যে দিব আমি
ইহাত শংসয় মাত্র ণা করিবা তুমি
পদ্মগন্ধা শুনি হেণ ইন্দ্রের বচণ
মহেন্দ্রেক মৃদুস্বরে বলিছে তখণ ॥ ১২৯৭
শুণ ওহে গুণমনী আমার ভারতী
শিবর প্রণয় জদি হৈছ আমা প্রতি
তবে এহি বর মোরে দেহি প্রাণণাথ
হস্তিণীর গর্ভে জেণ আমি হই জাত ॥ ১২৯৮
জাতিস্মর হই জেণ তব বরে আমি
এহিবর প্রদাণ করহে প্রাণস্বামি
ইন্দ্র বলে শুণ গুণবতি প্রাণেশ্বরি
করিয়াছি আমি আগে প্রতিজ্ঞা শুন্দরী ॥ ১২৯৯
দিব বর বরাঙ্গণে বাঞ্ছিত তোমার
কিন্তু অতি দুঃখ হৃদে জন্মিল আমার
তব অদর্শণে কমলাক্ষ বরাঙ্গণে
ণা পারেণ ক্রিতিক পরণ আর মণে ॥ ১৩০০

১ মহেন্দ্র। ২ আদ্যোপান্ত। ৩ বিদায়। ৪ দুর্বাক্য। ৫ ইচ্ছা। ৬ দৃঢ়।

কিরূপে দুঃসহ চির বিচ্ছেদ(১) তোমার
সহিতে সামর্থ শক্তি হইবে আমার
ওহে বরারোহে পীন(২) পয়োধরা প্রিয়া
স্নেহ যদি আছে তব আমারে লাগিয়া ॥ ১৩০১
তবে কিছুকাল কেলিকুতূহলে(৩) সতি
আমার সহিতে সুখে করহ বসতি
ইন্দ্রের এরূপ বাণী শুনিয়া তখন
স্নেহে সর্ব্বগন্ধা সতি ওহে তপোধন ॥ ১৩০২
সচির পতির চিরসম্পদেক সতি
বিস্তার করিয়া নিজগুণে গুণবতি
মহেন্দ্রভবনে এক অযুত বৎসর
রহিল তখন শুন মুনিন্দ্রপ্রবর ॥ ১৩০৩
অযুত বৎসর গত হৈলে তারপরে
সচির সে বাক্য সতি স্মরিয়া অন্তরে
মহেন্দ্রেক বলিলেন সর্ব্বগন্ধা সতি
তব পদপঙ্কজে সহস্র প্রণতি ॥ ১৩০৪
আজ্ঞা কর প্রণয় অন্তরে প্রাণেশ্বর
মম মনোরথ সাধিবার হে ঈশ্বর
ধর্ম্ম অবতার কর্ম্মভূমি যাই আমি
করহ বিদায় আজ্ঞা ত্রিদশের স্বামি ॥ ১৩০৫
প্রিয়সির(৪) সুবাক্য অপ্রিয় বচন
করিয়া শ্রবণ দেব সহস্রলোচন
বলিলেন শুনহে সুন্দরি প্রাণেশ্বরি
অবধান কর প্রান বিয়োগ করি ॥ ১৩০৬
যদি তুমি স্থির করিছ এ কর্ম্মক
তবে যাও কর্ম্মভূমি সাধিতে কার্য্যক
কিন্তু সিঘ্র মম সন্নিধানে প্রাণেশ্বরি
আসিতে হবেক কালবিলম্ব না করি ॥ ১৩০৭

বলিয়া এরূপ ভূপ সহস্রলোচন
সহস্রলোচনে বারি করিয়া মোচন
সে সুলোচনাক প্রতি সোচনা করিয়া
প্রিয়ার বিচ্ছেদে(৫) স্নেহে অধৈর্য্য(৬) হইয়া ॥ ১৩০৮
নেত্র নীরে সিক্ত(৭) অতিরিক্ত সে সময়
গুণিরাজ গজশুণ্ডজিনি ভুজ দ্বয়
প্রসারিয়া প্রিয়া প্রিয়া বলিয়া কান্দিয়া
সে সর্ব্ব গন্ধাক স্নেহে শক্ত আলিঙ্গিয়া ॥ ১৩০৯
আকুল ইন্দ্রিয় ইন্দ্র কহিছে কান্দিয়া
কর গতি সতি কর্ম্মভূমেক লাগিয়া
মহেন্দ্রের অনুমতিমতে পতিব্রতা
ইন্দ্রক প্রণাম করি হয়া সুহৃষ্ট প্রিতা ॥ ১৩১০
কর্ম্মভূমি আসি জাতিস্মর হয়া পরে
জন্ম লভিলেন সতি হস্তিনীজঠরে
হৈলে গত কতদিন পর তপোধন
আপন পূর্ব্বাস্তগণ করিয়া স্মরণ ॥ ১৩১১
জাহ্নবীর শুভ্রচির তির(৮) যায়া পরে
গঙ্গাস্নান করি অতি ভক্তিপূর্ব্বসরে
গঙ্গার কর্দ্দমে অঙ্গ ভূষিত করিয়া
গঙ্গানাম মোক্ষধাম হৃদয় জপিয়া ॥ ১৩১২
জাহ্নবীর সুশীতল নীর প্রবেশিল
শুনহে জৈমিনি অবস্থা যে হইল
সেহি নীর গঙ্গাজলে কৌতুহলে মুনি
সর্ব্বাঙ্গ আকৃতি সেহে প্রকাণ্ড হস্তিনী ॥ ১৩১৩
পূর্ব্বের বৃত্তান্তগণ করিয়া স্মরণ
গঙ্গাগর্ভে তনুত্যাগ করিল তখন
হস্তিনীর তনাহর কর্দ্দেক অপর
স্বর্গে করিয়া তথা অমর নিকর ॥ ১৩১৪

১ বিচ্ছেদ। ২ পীন। ৩ কৌতুহল। ৪ প্রেয়সীর। ৫ বিচ্ছেদে। ৬ অধৈর্য্য—অধীর। ৭ সিক্ত। ৮ তীর।

অগণ্য্যাত(১) পারিজাত কুসুম বর্ষিল
ধন্য পুন্যবতি বলি প্রশংসা করিল
দ্বিজবর কয় পরকথা কর্ণময়
তার চির বিচ্ছেদেত(২) দেখ হরিহয় ॥ ১৩১৫
কৃষ(৩) হৈছে তবু অণুদিন চিন্তা করি
হর্ষচিত্ত হয়া সর্ব্বকর্ম্ম পরিহরি
বৃন্দারকবৃন্দ সঙ্গে রঙ্গে শচিপতি
চলিল অনিলপথে দিব্যরথে অতি ॥ ১৩১৬
হস্তিনীযোণীক প্রাপ্ত সে পদ্ম গন্ধাক
অমরনগর আনয়ন করিবাক
গঙ্গাগর্ভে তনুত্যাগমাত্র হস্তিনীর
দিব্যদেহ হৈল পূর্ব্ব হনে সুরুচির ॥ ১৩১৭
পুষ্পকবিমানে তুলি সে পদ্ম গন্ধাক
আখির পলক রাখি(৪) নিরেখিয়া তাক
মুহূর্ত্তেক স্তব্ধ হৈল লব(৫) মাত্র হিন
পরে ধৈর্য্য(৬) ধরি হরিহয় সুপ্রবীণ ॥ ১৩১৮
চিরকাল বিচ্ছেদের দুখ সমুদায়
বলিতে বলিতে ইন্দ্র সে পদ্ম গন্ধায়
দিব্যরথে শুন্যপথে স্বস্থানক প্রতি
গমন করিল করি অতি রথ গতি ॥ ১৩১৯
সচি রম্ভা প্রম্লোচা অপর তিলোত্তমা
পঞ্চচূড়া মিশ্রকেশি উর্ব্বসি উত্তমা
রূপে গুণে ধন্য রম্য সুন্দরী সবায়
গৃহ তেজি প্রেমে মজি সে পদ্ম গন্ধায় ॥ ১৩২০
আনন্দে মগন মন সহস্রলোচন
পদ্মগন্ধাগৃহে তদা করিল গমন
মহেন্দ্রের হৃদয়ের উৎসাহবিস্তার
করি সদা সে প্রমদা গুণে আপনার ॥ ১৩২১

পুরন্দরপুরে পতিব্রতা হইয়া
সুভগা হইয়া রৈল সুখে বিহরিয়া
হে জৈমিনি সেহি হস্তিনীর অস্থিগণ
গঙ্গাগর্ভে জাবত রবে হে তপোধন ॥ ১৩২২
তাবত কোটীশত কল্প সে পদ্ম গন্ধায়
সুরপুরে হবে বাস জান সত্য সার
তপস্যার বলে পুণ্যফলে জে জখন
দেবতার রাজ্যে রাজা হয় তপোধন ॥ ১৩২৩
সেহি পদ্ম গন্ধা সেহি সেহি সুরেন্দ্রের
হয়েন স্নেহের পাত্র প্রিয়সি প্রাণের
শুনহে জৈমিনী মুনীশ্রেষ্ঠ মহাসয়
গঙ্গাগর্ভে অস্থি(৭) রৈলে এহি ফল হয় ॥ ১৩২৪
গর্ভেত গঙ্গার জে জনার মৃত্যু হয়
তার ফল সকল বলিতে মহাসয়
নাহি সক্তি আমার জানিবা মুনিবর
অপর বলিছি তাহা অবধান কর ॥ ১৩২৫
জে কোন বেক্তির মৃত শরীর গঙ্গার
স্রোতের বেগত ভাসাইয়া নিঞা(৮) জায়
তাহার জে ফল তাহা বলি শুন তায়
সুরপুরে সুরজনা গনে সে জনায় ॥ ১৩২৬
সুধবল নিরমল চামর ঢারায়
মন্দ মন্দ সমিরণ করে তার গায়
মণি রত্ন কাঞ্চন লাঞ্চন(৯) পরবক্ষেত
সয়ন করেন তিনি অতি কৌতুকেত ॥ ১৩২৭
সুদারুণ অরুণকীরণে তপ্ত অতি
কা'র মৃতশরীর জত্নপী গুহে বতি
গঙ্গার বালুকা মধ্যে সরণ হয়
তার ফল বলি শুন মুনি তেজোময় ॥ ১৩২৮

১—অসংখ্য। ২ চির বিচ্ছেদে। ৩ কৃশ। ৪—পলক হীন নেত্রে। ৫ পল। ৬ ধৈর্য্য। ৭ অস্থি। ৮—লইয়া। ৯ লাঞ্ছন।

শুগন্ধ চন্দনে অঙ্গ চর্চ্চিত হইয়া
দিব্যাঙ্গণা সঙ্গে রঙ্গে অণঙ্গে মজিয়া
স্বর্গ্গে ণাণা শুখবর্গ্গ ভোগে সদা তিনী
ণহে মিথ্যা এজে কথা হে মুণি জৈমিনী ॥ ১৩২৯
গৃর্দ্ধ(১) কাক চিলু(২) কাঙ্ক আদি পক্ষীচয়
মৃত কোণ বেক্তির শরীর মহাসয়
চঞ্চু ণখাঘাতে জদি করে বিদারণ
হেণ ক্ষণে গঙ্গাগর্ভ্তে হৈলে মরণ ॥ ১৩৩০
তার ফল বলি শুণ মুণিন্দ্র উদার
স্বর্গ্গে দিব্যাঙ্গণাগণ সঙ্গে শে জণার
জে প্রকার শুবিহার হয় তপোধণ
কি বলিব আমি তাহা ণা জায় কহণ ॥ ১৩৩১
শুকঠিণ পিণ তুঙ্গ শুরুচির অতি
শুরঙ্গণাগণের শুস্তণ ওহে যতি
শেহি স্তণ দ্বারা আলীঙ্গিতবক্ষ হয়া
কোটী দিব্যাঙ্গণা রঙ্গে সদা সঙ্গে লয়া ॥ ১৩৩২
বেষ্টীত হইয়া সেহি রমণীমণ্ডলে
রত্নশিঙ্গাশণে(৩) থাকে কেলীকতুহলে
জদি কোণ বেক্তির শরীর তপোধণ
গঙ্গাগর্ভ্তে ভাগ্যবশে হয়াছে পতণ ॥ ১৩৩৩
পিপিলিকা কীট আর মক্ষীকাণিকরে
বেষ্টীত দর্শণ হয় ওহে দ্বিজবরে
তার ফল বলি শুণ মুণি মহাসয়
মন্দার অপর পারিজাত মথোময় ॥ ১৩৩৪
রত্ন দিব্য পুষ্পে আর হয়া বিভূশিত
কোটী দিব্যাঙ্গণাগণে হইয়া বেষ্টীত
মণি রত্ন লাঞ্চণ কাঞ্চণ প্রর্য্যঙ্কেত(৪)
শুখে শিদ্রা করে করি কামিণী ক্রোড়েত॥ ১৩৩৫

গঙ্গাগর্ভ্তে জার অস্থি(৫) সকল পতিত
দরশণ হয় হে জৈমিনী কদাচিত
তাহার অক্ষয় ফল বলিতেছি আমী
করহ শ্রবণ হে মুণিন্দ্র মোক্ষকামি ॥ ১৩৩৬
দেবতা শবার হয়া গমণ শে জণ
অমরের মস্তকের মকুট(৬) শোভণ
তার ঘর্ষণেত তার পদরজচয়
ণিরজ(৭) হইয়া শে পুন্যাত্মা মহাসয় ॥ ১৩৩৭
মহেন্দ্রসমাণ হয়া স্বর্গ্গে চিরকাল
বাষ করে তিণি হে জৈমিনী ধর্ম্মপাল
অণিস্থাত(৮) গঙ্গাগর্ভ্তে জদিস্থাত কার
দেহত্যাগ হয় হে মুণিন্দ্র পুন্যাধার ॥ ১৩৩৮
শে বেক্তি অখিল পাপ হণে হয়া মুক্ত
ণারায়ণ তুল্য হয় দিব্যভোগযুক্ত
গঙ্গার গর্ভ্তেত জার অঙ্গারণকলে
চলিত দর্শণ হয় তরঙ্গ তরলে ॥ ১৩৩৯
ণহে অল্প একশত কয়েত অধিক
অঙ্গার শঙ্খ্যার কাল হে মুণি শাত্ত্বিক(৯)
স্বর্গ্গ-শুখ-বর্গ্গ ভোগ করি সেহিজণ
বাষ করে অমরণগরে তপোধণ ॥ ১৩৪০
শকল পুন্যের ক্ষয় কালক্রমে হয়
গঙ্গাগর্ভ্তে তন্তুত্যাগপুন্য মহাসয়
কখণ ণা হয় ক্ষয় জাণিবা ণিশ্চয়
আমার এ শব কথা কভু মিথ্যা ণয় ॥ ১৩৪১
বিস্তর কথণে আর কিবা প্রয়োজণ
ণিশ্চয় করিয়া বলি করহ শ্রবণ
গঙ্গাগর্ভ্তে তণুত্যাগ হয় জে জণার
বলিতে ণা পারি আমি মহিমা তাহার ॥ ১৩৪২

১ গৃধ্র। ২ চিল। ৩ সিংহাসনে। ৪—পর্য্যঙ্কে। ৫ অস্থি। ৬ মুকুট। ৭—ধূলিহীন। ৮—অগ্নিজ্ঞান। ৯ সাত্ত্বিক।

ওহে দ্বিজ পুন্যবিজ্ঞ নিত্যকর্ম্মরত
বলিতেছি যাহা যাহা কর কর্ম্ম-গত।
শুবিশম দুরিতসমূহ বিণাশিনী
এজে গঙ্গা ভাগীরথী পতিতপাবিণী ॥ ১৩৪৩
তার নিরমল জল জে শকল নরে
শক্তি অণুসারে অতি ভক্তিপূর্ন্মরে।
পর্শ(১) করে শীরে ধরে পাণ করে আর
শুঘোর অপার এজে ভবপারাবার ॥ ১৩৪৪
অণায়াশে পায়্যা পার মুক্তি পথে তিণী
করেণ গমণ গ্রবে জাণিবা জৈমিণী
ইতি ক্রিয়াযোগসারে ব্যাষ জৈমিণির
শংবাদে সপ্তমধ্যায় প্রসঙ্গ রুচির। ১৩৪৫
পদবন্ধে পাণা ছন্দে শ্রীহুরেন্দ্র ভণে
কালিপাদপদ্ম চিত্তে চিন্তিয়া যথণে
পাতকভঞ্জণ মণরঞ্জণ আখ্যাণ
শুণ শাধু সভাসদগণ জ্ঞাণবাণ ॥ ১৩৪৬
কর শরগণ কথাশ্রবণ সম্ভাবে
পাপ হুরে জাবে অন্তে মোক্ষপদ পাবে ॥ ১৩৪৭

—

[অষ্টম অধ্যায়]

জৈমিনি বলেণ গুরু তুমি কৃপাকল্পতরু
উত্তম মহাত্মা শে গঙ্গার
কহ সত্যবতি শুত কথাচয় অদভূত
শুনি শ্রিপ্তী(২) ণা পূরে আমার ॥ ১৩৪৮
জেণ পিযুশের ধার কথামৃত শে গঙ্গার
পাণ করিবার পূণর্ব্বার
আমি ইৎসা করি নাথ কহ আমার শাক্ষাত
যণবাঞ্ছা পূরহ আমার ॥ ১৩৪৯
জৈমিণীর শুণি বাণী কৃষ্ণদৈপায়ণ জ্ঞাণী
বলে শুণ মুণি জ্ঞাণবাণ
মোক্ষপ্রদা জাহ্নবীর উত্তম অতি রুচির
মহাত্মা গোপণ অতি জাণ ॥ ১৪৫০
অপর প্রকাশ ণয় ওহে মুণি মহাশয়
তবু তাহা বলিতেছি আমী
জাত তুমি শে গঙ্গার ভক্ত বঠ গুণাধার
অপর হয়াছ মোক্ষকামী ॥ ১৩৫১
শুণ মুণি কহি আমি জাহ্নবীর তটগামি
ফেণ দ্বারা জে পূন্যবন্তের
ফেণিত চণরদ্বয় হয় মুণি মহাশয়
শেহি পদে পদ মুণুষ্যের(৩) ॥ ১৩৫২
গঙ্গার কল্লোল আর শুণেণ শ্রবণে জার
শেহি কর্ণে কর্ণ হে জৈমিণী
জে জিভ্যায়(৪) জাহ্নবীর স্বাদেক (৫)জাণে হে ধীর
শেহি জিভ্যা জিভ্যা ওহে মুণী ॥ ১৩৫৩
চারু তরঙ্গ গঙ্গার দেখেণ ণয়ণে জার
শেহি চক্ষু চক্ষু ধর্ম্মপাল
শে গঙ্গার মৃত্তিকার তিলক কপালে জার
শেহি কপালে শে শু কপাল ॥ ১৩৫৪
গঙ্গাতীরে শ্রীহরির পূজাপরায়ণ
হস্তদ্বয় জে জণার ওহে তপোধণ
শেহি হস্তে হস্ত অন্য হস্ত অকর্ম্মিণ্য
জাণিবা জৈমিণী হে ধার্ম্মিক-অগ্রগন্য ॥ ১৩৫৫

১ স্পর্শ। ২ তৃপ্তি। ৩ মনুষ্যের। ৪ জিহ্বায়। ৫—আস্বাদ।

চতুর্ব্বর্গ(১) ফলপ্রদা বিমল গঙ্গাত
ওহে ধীর জে শরীর হয়েণ নিপাত
শেহি শরীরে শরীর জাণ তপোধণ
অপর বলিছি তাহা করহে শ্রবণ ॥ ১৩৫৬
গঙ্গাতীরগমণ করিয়া বিলোকণ
শে বেক্তির স্বর্গ গবাবি পিতৃলোকগণ
পরম আণন্দ তারা লভিয়া অন্তরে
এহিমত শেকালত বলে পরস্পরে ॥ ১৩৫৭
পূর্ব্বে আমি সব স্বর্গপ্রাপ্তকামণায়
করিছি জে পুন্য অর্থ শরীর দ্বারায়
শে সকল পুণ্য হবে অক্ষয় অথণ
জাত এজে পুন্যবন্ত কুলের নন্দণ ॥ ১৩৫৮
শুনির্ম্মল গঙ্গাজল দ্বারা শুদ্ধমণে
আমাক সবাক তর্প পিবেণ(২) শুজতণে
সেহি নীর পাণে সবে হয়া তৃপ্তবাণ
শুরের দুর্লভ ধাম করিব প্রয়াণ ॥ ১৩৫৯
গঙ্গাতট আগত হইয়া দ্রব্যচয়
আমার উদ্দেসে(৩) দাণ করিবে নিশ্চয়
সে শকল দাণদ্রব্য অক্ষয় হইবে
এ প্রকার বলে তার পিতৃলোক সবে ॥ ১৩৬০
জেহি মাণবের পিতৃ নরকে পতণ
হয়া সর্ব্বদুঃখভোগ করে অণুক্ষণ
জাহ্নবীতটেত পুত্র দেখী আগমণ
আণন্দে তাহারা এহি করেণ ভাবণ ॥ ১৩৬১
করিছি জে পাপ আমি সব মোহমণে
সে শকল পাপ এহি কুলপুত্র হণে
হবেক নিশ্চয় ক্ষয় নাহিক শংশয়
দুঃসহ দুর্ঘোর এ আমার ক্লেশচয় ॥ ১৩৬২

আজি হণে জাবে দূর হয়ে শুভোদয়
এহি পুত্র প্রসাদাত আমরা নিশ্চয়
পরমগতিক জাত হব শুধি অতি
ওহে যতি বলে তারা এরূপ ভারতি ॥ ১৩৬৩
গঙ্গাজাত্রা করিয়া জে গৃহে তপোধণ
মোহমতি হয়া পরে না করে গমণ
তার পিতৃসর্ব্বল নিরাশা হয়া অতি
জথা হণে আইশে তথা পুণ করে গতি ॥ ১৩৬৪
গঙ্গা জাত্রা করিয়া জে দুরাচার নরে
অমিষ আহার করে মৈথণ(৪) আচরে
সে পাপীর গঙ্গাস্নাণ না হয় সফল
বলি শুণ না করিবে জে কর্ম্ম সকল ॥ ১৩৬৫
দোলা অশ্বে গজে না করিবে আরোহণ
না পরিবে চর্ম্মের পাদুক(৫) কদাচণ
না ধরিবে ছাতা শিরে ছায়ানিমিত্তক
না বলিবে বহুবাক্য হে মুণিতিলক ॥ ১৩৬৬
না লিবেক পানগুের শঙ্গে হয়া সাথি
না করিবে দিশয্যা(৬) ভোজণ ওহে যতি
কলহ পরের নিন্দা ক্রোধ অহঙ্কার
মত্তভাব পরদ্বেষ অতিহাস্ত আর ॥ ১৩৬৭
গঙ্গাজাত্রা করি এহি করিবে বর্জ্জণ
তণয়কামিনীবিয়োগের শোকগণ
বর্জ্জণ করিবে আর পথশ্রমদুঃখ
দুঃখ বোধ না করিয়া মাণিবেক শুখ ॥ ১৩৬৮
গৃহমধ্যে করিআছে জেহি শুখগণ
মণে বাক্যে না করিবে তাহাক স্মরণ
কুতূহলমাণ মঙ্গলরাণ ময়াণ
ধীরগণ এহি চিত্তে করিবেণ জ্ঞাণ ॥ ১৩৬৯

১ চতুর্ব্বর্গ। ২—তর্পণ করিবে। ৩ উদ্দেশে। ৪ মৈথুন। ৫—পাদুকা। ৬ দিবশয্যা।

গঙ্গা নাম মোক্ষধাম পিতৃলোকের প্রায়
ক্ষুধা তৃষ্টা(১) নিবারিবে পান করি তায়
সমস্ত সর্ব্ব চিন্তা চিত্তবিত্তে না করিবে
শুদ্রসেব্য গঙ্গাদেবী ধ্যানপর হবে ॥ ১৩৭০
গঙ্গা নাম মোক্ষধাম লইয়া বদনে
গমন করিবে পথে অতি শুদ্ধ-মনে
মহাত্মা জাহ্নবী দেবী জহ্নুর নন্দিনী
[illegible] ॥ ১৩৭১
শুভমোক্ষদানকর্ত্তৃ(২) জগদ্ধাত্রি মাতা
চলীবেন উদিরন(৩) করি এহি কথা
ওহে দেবী শিবশীর্ষজটাবিহারিনী
পবিত্রকারিনী সর্ব্বপাপবিনাশিনী ॥ ১৩৭২
স্নান অর্থে(৪) মাতা করিতেছি আগমন
তব জলস্পর্শে চতুর্বর্গ সিদ্ধি হন
হে শুভদায়িনী জগজ্জননী আপুনী
আমাক দর্শন দেহ পর্ব্বতনন্দিনী ॥ ১৩৭৩
তোমার মহাত্মা পঞ্চানন পঞ্চাননে
না পারে বলিতে নাহি পারে পদ্মাসনে
আমি কী বলিব তব মহাত্মানিকর
অনন্তে সহস্রমুখে কহিতে দুষ্কর ॥ ১৩৭৪
এবম্মাদি(৫) স্তুতিবাক্য করি উদিরন
পথশ্রমচয় ধীর করিবে বারন
কোথা রৈল গৃহ আনীলাম কোন স্থানে
ভ্রমেত এমন বাক্য লইলে বদনে ॥ ১৩৭৫
সম্পূর্ন(৬) সে গঙ্গাস্নানফল নাহি পায়
আর এপ্রকার জদি পথে চিন্তি জায়
শুধ সর্ব্ব বা(৭) প্রিয় কান্তা গৃহ শুশোভন
তাহা ছারি কেন করি প্রাপ্তয়ে(৮) সমন ॥ ১৩৭৬
ধনধান্যবস্ত্রাদির হৈল বা কী গতি
কত দিনান্তরে ফিরি পাইব বসতি
এরূপ চিন্তা চিত্ত করে জে সকল
না পায় সম্পূর্ন জহ্নুসুতা স্নান ফল ॥ ১৩৭৭
ওহে দ্বিজবর কর শ্রবণে শ্রবণ
জাত্রা করিবেক জে করিয়া উদিরন
গঙ্গে তব তীরে আমি আগমন করি
শুপ্রসন্নে বিঘ্নহিন কর সুরেশ্বরি ॥ ১৩৭৮
এহি মন্ত্রগণ মুখে করি উচ্চারণ
জাত্রা করি পথে সুখে করিবে গমন
বিষ্ণুভক্ত সহ মহাহর্ষে সে সময়
গমন করিবে হয়া সন্তুষ্টহৃদয় ॥ ১৩৭৯
হে জৈমিনী না করিবে জেহি কর্ম্মগণ
বলি তাহা দ্বিজবর কর আকর্ণন
অতি শিঘ্রে না চলিবে অতি ধীরে আর
বিসয়বাসনা ছারি হবে সদাচার ॥ ১৩৮০
গঙ্গাতীরে প্রয়াগে কী অন্য পূণ্যস্থলে
বাণিজ্য পরের সেবা দূত(৯) আচরিলে
তার পূন্যগন অর্দ্ধ বিনাসন হয়
জানিবা জৈমিনী ইহা কভূ মিথ্যা নয় ॥ ১৩৮১
জন্মান্তরে জে পাপ করিছি আচরণ
অল্প বা বহু বা তব প্রসাদে অধুন
খণ্ডন হবেক চিত্তে করি এহি স্থীর
জহ্নুসুতাতটে উপস্থিত হবে ধীর ॥ ১৩৮২
জগন্মাতা গঙ্গাদেবী করিয়া দর্শন
করিবেন স্তুতি এহি বলি মন্ত্রগণ
অদ্য হসে জন্ম হৈল সকল আমার
ত্রিবিক্রমে মধ্যে আমি ভজিবি তুমার ॥ ১৩৮৩

১ ক্ষুধাতৃষ্ণা। ২ কর্ত্রী। ৩—উচ্চারণ। ৪—স্নানের জন্য। ৫—এই প্রকার। ৬ সম্পূর্ণ।
৭ সকল। ৮ প্রাপ্তয়ে। ৯ দ্যূতে।

জাত আমি শাক্ষাত এ ব্রহ্মস্বরূপিণী
আখি দ্বারা দেখিলাম জগতজননী
জন্মকোটীসম্ভব মম পাপগণ
বিণষ্ট হইল দেবী করিয়া দর্শণ ॥ ১৩৮৪
এহি মন্ত্রে স্তুতি করি পরিয়া(১) ভূতলে
শষ্টাজে(২) প্রণাম করিবেক কতুহলে
পরে স্রোতসন্নিকটে কৃতাঞ্জলী হয়া
ভক্তিশ্রদ্ধাভাবে ওহে দ্বিজ পুন্যকায়া ॥ ১৩৮৫
প্রিতিবন্ত শস্তচিত্ত হইয়া তখণ
এহি মন্ত্রগণ করিবেণ উস্বারণ(৩)
গঙ্গে দেবী জগন্মাত শলিল তোমার
পদে পর্শ করি দোষ ক্ষেমিবা(৪) আমার ॥ ১৩৮৬
স্বর্গগআরোহণপথ শুভে তব বারি
পদদ্বারা পর্শ(৫) করি নমস্কার করি
তার পর গঙ্গাণীর মস্তকে ধরিয়া
স্নাণ অর্থে(৬) গঙ্গাস্রোতে প্রবেশণ হয়া ॥ ১৩৮৭
তোমার কর্দ্দম স্নিক্ধ(৭) পাপবিণাবণ
শরীরের মধ্যে হের করি প্রলেপণ
মম পাপচয় মাতা করহ শংহার
এহি মন্ত্র উস্তারণ করি বারস্বার ॥ ১৩৮৮
শর্ব্বাজ কর্দ্দমে তদা করিয়া লেপণ
গঙ্গা গঙ্গা ইত্যাকার করিয়া স্মরণ
শর্ব্বপাপবিণাশিণী গঙ্গাণীরে পরে
স্নাণ আরম্বণ(৮) করিবেক শাধু পরে ॥ ১৩৮৯
পুর্ব্ব মন্ত্র উচ্চারণ করি পরে
পুণ গঙ্গা মৃত্তিকায় কলেবরে
লেপি এহি মন্ত্র করি উস্বারণ
পুংণ স্নাণ করিবেক আরম্ভণ ॥ ১৩৮০(৯)
ব্রহ্ম স্বরূপে গঙ্গে তব শলিলে
স্নাণ করিতেছি আমি কতুহলে
গঙ্গা শারায়ণ করিয়া স্মরণ
শুদ্ধবস্ত্রে গাত্র মার্জ্জিবেণ জণ ॥ ১৩৮১

ইহার মধ্যে মাধব শুলোচনার প্রস্তাবটা ঋপুঞ্জয়ের কৃত পদ। (১০)

শাস্ত্রেত এমত শুবিধাণ আছে
নিশেধের কোণ সাস্ত্রে করিআছে
স্নাণিগণে গঙ্গার গর্ভে দষনে
ধাবণা(১১) না করিবে কদাচ জনে ॥ ১৩৮২
শে জণে গঙ্গাস্নাণফল ণা পায়
হে মুনী জৈমিণী ইহা মিথ্যা নয়
প্রভাতে মণ্য স্থাণে দশণগণ
করিয়া ধীরগণ সুখে ধাবণ ॥ ১৩৮৩
রাত্রির বাষ করিয়া পরিত্যাগ
স্নাণ আচরিবে ওহে মহাভাগ
শৌচ ণা করিয়া জেহি করে স্নাণ
শে জণ সম্পুর্ণ ফল নাহি পাণ ॥ ১৩৮৪
স্নাণ করি গঙ্গা মৃণ(১২) স্থাণে স্থাণে
ধারণ করিবে অঙ্গে ধীরগণে
তার পর নিতান্ত শুস্থির ভাবে
শঙ্কা অপর তর্প পণাদি(১৩) করিবে ॥ ১৩৮৫

১ পড়িয়া। ২ সাষ্টাঙ্গে। ৩ উচ্চারণ। ৪—ক্ষমা করিবে। ৫ স্পর্শ। ৬—স্নানের জন্য। ৭ স্নিগ্ধ। ৮ আরম্ভ। ৯ এইখানে নম্বর ভুল হইয়াছে। ১০ এই পদ্য অন্যটি পুঁথির পার্শে লিখিত। এবিষয় পূর্ব্বে টিকায় আলোচনা করা হইয়াছে। (৩২ পৃষ্ঠার ২ নং টিকা দ্রষ্টব্য)। ১১ দশন ধাবনা = দন্তধাবন। ১২—"গঙ্গা মৃত্তিকার তিলক অঙ্গের স্থানে স্থানে ধারণ করিবে" মূল। ১৩ তর্পণাদি।

যেবত্নবন্ত অমল গঙ্গাজল
পাণ করি তার পিতৃলোক সকল
একশত কোটী বর্ষ হর্ষমণে
ত্রিপ্তী(১) হয়া থাকে তার পিতৃগণে ॥ ১৩৮৬
ওহে দ্বিজবর কর আকর্ণণে
গঙ্গাতটে পিতৃশ্রাদ্ধ আচরণে
তার পিতৃলোকগণ তুষ্ট হয়া
শতক্রতু(২) পূরে থাকে শুখি হয়া ॥ ১৩৮৭
দাণ দেবার্চ্চণ জপ হোমগণ
ত্মরে জে করে পূরাণাদি শ্রবণ
তার পুন্যগণ শুঅক্ষয় হয়
জাণিবা জৈমিণী ইহা মিথ্যা ণয় ॥ ১৩৮৮
স্নাণকর্ম্ম সমাপণ করি নরে
শন্ধাবন্দণাদি করিবেক পরে
পূরাণ হোম অতিথির শেবণ
বলি বিস্বদেব শ্রাদ্ধাদি তর্প্পণ ॥ ১৩৮৯
এহি পঞ্চযজ্ঞ করি সমাপণ
গঙ্গা শ্রীহরি মূর্ত্তি করি গঠণ
ণারিকেল শিতল উদক দিয়া
স্নাণ করাইবে ভক্তিযুক্ত হয়া(৩) ॥ ১৩৯০
ধ্যাণপর হয়া পর শুমণণে
পঞ্চ উপচারে পূজিবে জতণে
জহ্নুশুতা শ্রীহরি মূর্ত্তি বিহিণে
গঙ্গা শ্রীহরির মূর্ত্তি চিন্তিয়া মণে ॥ ১৩৯১
ণারিকেল কিলাল গঙ্গা কীলালে
করিবে ক্ষেপণ(৪) শুধীয় সকলে
শুগন্ধ পুষ্প ধুপ দিপ(৫) নৈবীদ্য
বহু ফল অর্ঘ আচমণী(৬) পাদ্য ॥ ১৩৯২
বস্ত্র অলঙ্কার শুবাশিত তাম্বুলে
পিষ্টক পরমান্ন শুগন্ধ জলে
করিবেণ পূজা এহি সব দীয়া
পরে মহাভক্তিশ্রদ্ধাযুক্ত হয়া ॥ ১৩৯৩
স্তুতিগাণ ণাণাবিধ বাদ্য করি
গঙ্গা শ্রীণারায়ণেক পূজা করি
পরে ভক্তিভাবে বলিবেণ বাণী
আমি ণিরাহারি অদ্য ভবরাণী ॥ ১৩৯৪
কল্য ভোজণ করিব জহ্নুশুতা
পদাশ্রয় দেহ মোকে জগমাতা
শুদ্ধমণে বাক্য মণ কর্ম্ম দ্বারা
এহি সঙ্কল্প চিত্তে করিয়া শারা ॥ ১৩৯৫

এই অবধি আমার কৃত পদ এই হণে শেষ ভাগ রিপুঞ্জয় বড় কাএতের করা আমার ভাগের চুক ভুল লেখাতে জে হৈছে তা শারা শুরা এক প্রকার করিলাম ঐ খণ্ড পূথি দেবানন্দ শর্ম্মাক দিয়া লেখা ও তার অক্ষর ভাল নয় বোধ আছে চাসা ণয় ইতি—(৭)

১—তৃপ্তি। ২—ইন্দ্র। ৩—গঙ্গার ও বিষ্ণুর প্রতিমা নারিকেলের জলে স্নান করাইবে। ৪—গঙ্গাজলে নারিকেলের জল নিক্ষেপ করিবে। ৫ দীপ। ৬ আচমনীয়। ৭ এই মন্তব্যটি মহারাজ হরেন্দ্রনারায়ণের। প্রাচীন পুঁথিতে এইরূপ মন্তব্য বড় একটা দেখিতে পাওয়া যায় না। এই মন্তব্যটি কিন্তু ১৪৮৩ পদের পর লিখিত হওয়া উচিত ছিল, কারণ অষ্টম অধ্যায়ের শেষে ভণিতা দেখিয়া মনে হয় অষ্টম অধ্যায় পর্যন্ত মহারাজ হরেন্দ্রনারায়ণের রচনা। (১৩৮৩ পদ ও তৎপরবর্তী দুই পংক্তি দ্রষ্টব্য)। এই মন্তব্য হইতে বুঝিতে পারা যায় যে পুঁথি লেখার পর তাহা সংশোধন করা হইত। সকল কারকের নামও এখানে প্রদত্ত হইয়াছে, "অষ্টম অধ্যায় পর্যন্ত মহারাজ হরেন্দ্রনারায়ণের রচনা তাহার পর হইতে শেষ পর্যন্ত রিপুঞ্জয় বড় কাএতের রচনা।" এই মন্তব্য হইতে এই অর্থ করা যাইতে পারে। কিন্তু আমরা যে পুঁথি পাইয়াছি তাহাতে নবম, দশম, একাদশ, দ্বাদশ ও ত্রয়োদশ অধ্যায়ের ভণিতায় রিপুঞ্জয়ের

নিদ্রাকে জয় করিয়া ধীর গণে
করিবে রজনী গত হর্ষ মনে ॥ ১৩৯৬
বলে ব্যাস দ্বিজবর শ্রবণে গোচর কর
শুহে দ্বিজ দ্বিজের শন্তান
নিরাহারে শক্ত নয় তবে ফলমূলচয়
ভক্ষি জল করিবেন পান ॥ ১৩৯৭
তাত অশামর্থ জদি নর্থ্যুক(১) পিষ্টক আদি
ভোজন করিবে নরগণ
তাত শক্তি হৈলে ক্ষিণ দ্বির্ভোজন করি হিন(২)
এক শন্ধা করিবে ভোজন ॥ ১৩৯৮
তদন্তর পরদিনে দ্বিজশ্রেষ্ট হে জৈমিনে
গঙ্গা বিষ্ণু অর্চ্চণ করিবে
আপন বিভবগণ বুঁঝি চিত্তে শেহিজন
ব্রাঁহ্মণেক শুদক্ষিনা দিবে ॥ ১৩৯৯
হয়া অতি ভক্তিপর করি শব জোরকর
এমত বলিবে গঙ্গাতরে
শরিত্ শ্রেষ্টে হে জননী শম্ভুশীরবিহারিনী
অর্চ্চিনাম(৩) চরণ তোমারে ॥ ১৪০০
জাগরণ আদি কাম শক্তিরূপে(৪) করিলাম
তব অগ্রে জগতজননী
শে শকল কর্ম্মচয় হবে মাতা শুভঙ্কর
হোক ছিদ্রহিন নারায়নী ॥ ১৪০১
করি স্তুতি এপ্রকার নিত্যক্রিয়া আপনার
শমাপন করি ধীরগন

বন্ধুবান্ধবশহিতে শেকালেত শুদ্ধচিত্তে
পারণা করিবে দ্বিজগণ ॥ ১৪০২
জহ্নুশুতাতটে এহি করে জদি কোন দেহি
বলিতেছি তার পুন্যফল
ওহে দ্বিজশ্রেষ্ট যতি পূর্ব্বজন্মপাপে মুক্তি
হয়া শে জে যাগব শরল ॥ ১৪০৩
বিষ্ণুরূপ ধরি তায় বিষ্ণুর পূজিত জায়
নিবাষ করেন বিষ্ণুশঙ্গে
কোটী শহস্র(৫) শত কল্প শহে মুণি তাহা অল্প
বিষ্ণুশঙ্গে বিহারেন রঙ্গে ॥ ১৪০৪
পরে বিষ্ণুনিদেশনে দিব্যযান আরোহনে
শুখি ব্রঁহ্মলোকেত আশিয়া
কোটী শহস্র(৫) কল্প মান শুখে হয়া অধিষ্টান
দেবতার শুখেক ভূঞ্জীয়া ॥ ১৪০৫
তদন্তর ব্রঁহ্মাদেশে শশাঙ্কশেখরবাশে
শুদিব্য স্বন্দনে অবতরি
আশী শেহি পুন্যশালী গাণপত্য পদে মিলি
শস্র(৫) কোটী কল্প শুখ করি ॥ ১৪০৬
দ্বিতিয়মহেন্দ্রপ্রায় হয়া শেহি পুন্যকায়
শুরহর-আজ্ঞাকর হয়া
জাএন(৬) মহেন্দ্রদ্বারে মহেন্দ্রো দেখি তারে
ভক্তিভাবে পাদ্য অর্ঘ লয়া ॥ ১৪০৭

দ্বাদশ, চতুর্দ্দশ, পঞ্চদশ, ষোড়শ ও সপ্তদশ অধ্যায়ের ভণিতায় দ্বিজ রঘুরামের নাম, অষ্টাদশ, বিংশ, দ্বাবিংশ ও ত্রয়োবিংশ অধ্যায়ের ভণিতায় রিপুঞ্জয়ের নাম পাওয়া যায়। একোনবিংশ, একবিংশ, ত্রয়োবিংশ ও চতুর্ব্বিংশ অধ্যায়ের ভণিতায় রচয়িতার নাম নাই। সুতরাং "এই হলে শেষ ভাগ রিপুঞ্জয় বড় কাএতের কর্ম্ম" এই মন্তব্য হইতে ইহাই অনুমান করা বোধ হয় সঙ্গত যে মহারাজ হরেন্দ্রনারায়ণ অষ্টম অধ্যায় অবধি রচনা করিয়া রিপুঞ্জয়কে অবশিষ্ট রচনা করিবার আদেশ দিয়া উক্ত মন্তব্য লিপিবদ্ধ করেন। পরে কোনও কারণে দ্বিজ রঘুরাম মহারাজ হরেন্দ্রনারায়ণের আজ্ঞায় চতুর্দ্দশ, পঞ্চদশ, ষোড়শ ও সপ্তদশ অধ্যায়ের অনুবাদ করেন। এ সম্বন্ধে বিস্তৃত আলোচনা ভূমিকায় দ্রষ্টব্য।

১। লাড্ডুক—লাড়ু। ২—দুইবার ভোজন না করিয়া। ৩—অর্চ্চনা করিলাম। ৪—যতদূর সাধ্য। ৫—সহস্র। ৬—প্রবেশ করেন।

…জা করে সেহিক্ষণে সেহি মহাত্মার সনে
একাসনে বৈসে সেথাপতি
কোটী শত যুগ কাল ভুঞ্জী সুখ ভাল ভাল
চন্দ্রলোকে পরে করে গতি ॥ ১৪০৮
দ্বিতিয় চন্দ্রমা হয়্যা সুখে সুধা-রস খায়্যা
কত কাল থাকীয়া তথায়
সুর্য্য(১) স্থায় হয়্যা দিপ্তী সুর্য্য-লোক হয় প্রাপ্তী
সুখবর্গ ভোগে পূন্যকায় ॥ ১৪০৯
দশ শত যুগ মাণে — তথা থাকী মহাক্ষণে
আসী পরে ধরণীমণ্ডলে
হয় নৃপশিরোমণী শপ্তদ্বিপ(২) এ ধরণী
পালণ করেণ কতুহলে ॥ ১৪১০
যণ্য অণ্য নৃপতিক রণাঙ্গণে দিয়া ধীক
তার বির্য্য(৩) করি আহরণ
হইয়া সমরে জয় পরম ঐশ্চর্য্য(৪)-চয়
ভোগে সুখ করে বিলক্ষণ ॥ ১৪১১
পরে য়াযু-অবসাণে জায়া গঙ্গাসন্নিধাণে
ইৎস্বাবশে সুখমৃত্যু পায়্যা
পূণঃ আরোহিয়া যাণ ব্রহ্মাদি-দুর্লভ স্থান
শ্রীবৎস্বণাঞ্চল পূরে জায়া ॥ ১৪১২
থাকি চারি মন্বন্তর(৫) ভুঞ্জী(৬) ভোগ রঙ্গতর
পরমস্থাণেক লভি পরে
নির্ব্বাণ-পদেক পায় ওহে মূণী পূণ্যকায়
অধিক কি কব তোমাতরে ॥ ১৪১৩
গঙ্গাতীর আগমণে পথক্রমে(৭) সেবাধিণে
পঞ্চত্বক পাইলে কোন জন
পরম-স্থাণেক পায় হে জৈমিণি বলি তায়
একচিত্তে করহ শ্রবণ ॥ ১৪১৪

কৃত(৮) আর দ্বাপর যুগের সন্ধিকালে
সত্যধর্ম্ম ণামে রাজা ছিল ভূমণ্ডলে
পূন্যবন্ত শান্ত দান্ত অতি ধর্ম্মশীল
বিজয়া ণামেত তার মহিষি আছিল ॥ ১৪১৫
পতিব্রতা সুশীলা সে সুচারুহাসিণী
[illegible]
এপ্রকার প্রিয়াসঙ্গে নৃপ সদাচার
পালিছে প্রিথিবি বর্ষ সপ্তম হাজার(১০) ॥ ১৪১৬
নিজ সত্রুকুলকণ্টকের হয়া অরি
সমরে অমরতুল্য পরাক্রম করি
নিহত করিয়া প্রিথি ভুঞ্জী সভার্য্যায়
কালক্রমে পঞ্চত্বক লভিলেণ রায় ॥ ১৪১৭
মার্ত্তণ্ডসুতের(১১) চণ্ড দূতগণে আসী
নৃপমহিসিক বান্ধিলেণ হাসি হাসি
খুরপ্রকণ্টকযুত পথ সুদুষ্কর
এ প্রকার পথে নিল যমের গোচর ॥ ১৪১৮
নৃপতিরাণিক দেখি কৃতান্ত তখণ
চিত্রগুপ্ত তরে পরে বলিল বচণ
ওহে চিত্রগুপ্ত এজে মহিসী রাজার
পাপপূণ্যচয় সিঘ্র করহে বিচার ॥ ১৪১৯
ধর্ম্মরাজ নিদেশণ করি আকর্ণণ
পূটপাণি হয়া বাণি বলিল তখণ
[illegible]
করিতেছি নিবেদণ কর অবধাণ ॥ ১৪২০
নৃপতি নৃপতিরাণি এই দুই জণ
বিলক্ষণ পূন্য করিয়াছে আচরণ
সদা ইশ্বরেত ছিল ভক্তিযুত হয়া
তুষিছে দেবতাগণ হবিদাণ দিয়া ॥ ১৪২১

১ সূর্য্য। ২ সপ্তদ্বীপ। ৩ বীর্য্য। ৪ ঐশ্বর্য্য। ৫ মন্বন্তর। ৬ ভোগ করিয়া। ৭—গঙ্গাতীরে আইবার সময় পথে। ৮ ত্রেতা। ৯ রোহিণী। ১০—সাত হাজার বৎসর। ১১—যমের।

খুদিতজনাক দিয়াছিল অন্নজল
দ্বিজপদে ভক্তি তুষ্ট দ্বিজাতিসকল
এ সকল শুভকর্ম্ম করিছে দুজন
কিন্তু এক পাপ করিয়াছে আচরণ ॥ ১৪২২
এক মৃগ মৃগোদণ(১)-ভয়-ভিত হয়া
এ রাজার শভামধ্যে প্রবেশিছে গীয়া
তাহারে দেখিয়া ইণি ণা করি বিচার
করবানপ্রহারে করিছে মহামার ॥ ১৪২৩
জাত ইণি শরণাগতের প্রাণহাণী
করিছে ইহার দণ্ড হয় দণ্ডপাণী
জত লোম ছিল হরিণের কলেবরে
তত মন্বন্তর(২) দণ্ড হইবে তাহারে ॥ ১৪২৪
লক্ষ মন্বন্তর কোটী কুল সমভ্যার
ণরকে থাকিয়া বহু ভুগীবে নেকার(৩)
শরণাগতেক রক্ষা করে জেহিজণ
সূর্য্যসুত বলিতেছি তার ফলগণ ॥ ১৪২৫
ব্রহ্মহত্যা মহাপাপ হণে মুক্ত হয়
যোগীর দুর্লভ মোক্ষপদ তিনি পায়
কাল আজ্ঞা পায়া ধায়া ধরি দূতগণে
সভার্য্য যায় নৃপতিক লইয়া তখণে ॥ ১৪২৬
অশীসম পত্র বৃক্ষগণ যথা আছে
শে বনেত শে দুইক রাখিলেণ পাছে
শত কোটী যুগ থাকি অশিপত্র বণে
বেঘ্র-জঙ্ঘ(৪) ণরকে গেলেণ ভার্য্যা শণে ॥ ১৪২৭
কোটী সস্র যুগ ছিল ণরকে দুজণ
জাবত আছিল হৈছে বেঘ্রের ওদন(৫)
পরে ভার্য্যা-সমভিতে মণ্ডকী-ওদরে(৬)
জন্মি তারা জাতিস্মরা হয়াছিল পরে ॥ ১৪২৮
দুষ্খাণ্ডবে পরি(৭) কাল করিছে কর্ত্তণ
তদন্তর হে জৈমিনী কর আকর্ণণ
অহি-পথ দ্বারা সুরণদি গঙ্গাতীরে
দেখিছে করিছে আগমণ জত ণরে ॥ ১৪২৯
আত্মা মণ দ্বারা ভেক হয়া শুপ্রশণে
ভেকীক বলিছে মিষ্ট বাণী উদিরণে
হে কান্তে করিছি অজ্ঞাণেত জেহি পাপ
শে পাপে নিতেছি দেখ পরম শন্তাপ ॥ ১৪৩০
দেখ প্রিয়ে মহাপাপীগণ গঙ্গাজলে
তনুত্যাগ করে ত্রাণ হয় কতুহলে
এ প্রকার তীর্থ প্রিয়ে থাকিতে ভুবণে
দুঃশহ দুষ্খেক ভোগ করিতেছি কেণে ॥ ১৪৩১
সম্প্রতি গঙ্গায় কায়ত্যাগ ইৎসা করি
এ দুঃশহ দুষ্খে পার পাইব শুন্দরী
তোমার কি মত চিত বল শুণি প্রিয়া
বলিল বচণ ভেকমাণিণী হাশিয়া ॥ ১৪৩২
ওহে স্বামি শুয়ো জদি এ প্রকার হয়
চল শিঘ্র বিলম্ব করিতে যুক্ত ণয়
তদন্তর দ্বিজবর করহে শ্রবণ
গমণ করিল গঙ্গা করিয়া স্মরণ ॥ ১৪৩৩
মরণ শিমিত্তে হর্ষে জায় দুইজণে
ভয়ঙ্কর শর্প্পে এক দেখিল নয়ণে
কালশর্প্প করি দর্প্প বলিতেছে বাণী
কোথা জাও কহ ণা পলাহ দুই প্রাণী ॥ ১৪৩৪
অদ্য কালপ্রাপ্ত দেখিতেছি দুজণার
খুদিত হয়াছী হও আমার আহার
কালশর্প্প দর্প্পবাণী আকর্ণণ করি
ভয় পায় ভক্তিভাবে ভেক ভেকণারি ॥ ১৪৩৫

১—ব্যাঘ্র। ২ মন্বন্তর। ৩ ব্যাকার। ৪—ব্যাঘ্র জঙ্ঘা। ৫—ব্যাঘ্রের আহার। ৬—মণ্ডকী উদরে —ভেকীর গর্ভে। ৭—পঙ্ক্তি।

কাতর হইয়া বলে ওহে শর্প্‌পরাজ
মরণে অভয় এক্ষে বলে কিবা কাজ
কিন্তু আমি বলি হের আত্মা-দুঃখ-গণ
ওহে অহিরাজ তাহা করহ শ্রবন ॥ ১৪৩৬
সত্যধর্ম্ম শামে আমি প্রিথিবীর রাজা
আছিলাম পূর্ব্বে শুখে পালিআছি প্রজা
আমার মহিশী এহি বিজয়া মাণীণী
তব অগ্রে মম কাছে আছে ওহে ফণী ॥ ১৪৩৭
দুরাশয় হয়া আমি শরণাগতেক
করিআছি নষ্ট কষ্ট পাইতেছি প্রত্যেক
যমালয় চিরকাল ভুগী দুঃখগণ
দেখ ভেককুলে হয়া দুজণে জণণ ॥ ১৪৩৮
অবশেষ কর্ম্ম ভূগীতেছি দুই জণা
শুভাশুভ কৃতকর্ম্ম প্রাণিক ছারে না
শর্প্‌পরাজ সম্প্রতি দম্পতি দুই জণে
শুপরমস্থাণপ্রাপ্তী করিয়াছি মণে ॥ ১৪৩৯
জাহ্নবীর তীর করিতেছি আগমণ
শরির করিব ত্যাগ আমরা দুজণ
প্রাণিহিংশা কর্ম্মত্যাগ কর শর্প্‌পরাজ
মজহ নিরয় কেণ করিয়া অকাজ ॥ ১৪৪০
আমাক অশণ করি হে বায়ু-অশণ
অত-কিঞ্চিত শুখ পয়ে হবে দুঃখ-গণ
ওহে ফণি চক্রপাণী হৃদয় তোমার
করে বাষ বাষ করে হৃদয় আমার ॥ ১৪৪১
অতএব তোমা শঙ্গে কি আছে সক্তা
প্রাণিহিংশা কর্ম্ম এক্ষে অণুচিত কথা
প্রাণিক জে জণ শদা করেণ পিড়ণ
বিধাতা তাহাক ভয় দেয় অনুক্ষণ ॥ ১৪৪২

হিংসকজণের আয়ু পুত্র দারা ধণ
কৃহম্ (১) লভিতে শক্ত হয় হিংসন
হিংশা এহি দুই লিপী হৃদয় তাহার
দাণ তপ জপ যজ্ঞ করিয়া কি আর ॥ ১৪৪৩
শকলপ্রাণিত হরি করিছে আশ্রয়
প্রাণিক হিংসিলে চক্রপাণী হিংশা হয়
আপণাক বহুবিধ সৃজিয়া আপণে
বালকের প্রায় হরি ক্রড়ে(২) এ ভুবণে ॥ ১৪৪৪
শরিরির শরিরেক পরমাত্মা জানী
হিংশা ছারিয়াছে পরমাত্মা চক্রপাণী
পরার প্রাণেক(৩) প্রাণি করি বিণাষণ
আপণাক তুষ্ট না করিবে কদাচণ ॥ ১৪৪৫
জাত ক্ষণমাত্র তুষ্ট হয় আপণার
শংহারণ প্রাণধণ হয়েণ পরার
এ শব চরিত্র এক্ষে জণশকলের
অদভুত মাণী প্রাণ হরিয়া পরের ॥ ১৪৪৬
আত্মাক প্রজয়ে তুষ্ট করে নরগণ
ধীরজণ আত্মা পর না করে কখণ
আমি বিষ্ণু যজ্ঞ অত বঠে বিষ্ণুময়
এ প্রকার চিত্তে জ্ঞাণ করে পটুচয় ॥ ১৪৪৭
পরের দুঃখেত জেহি দুঃখ ভাবে মণে
পরের সুখেক শুখ ভাবে জেহি জণে
অশার শংশারে সেহি বিষ্ণুসম বঠে
ওহে অহি পর হিংশী(৪) জেহি শুখ ঘটে ॥ ১৪৪৮
অজ্ঞাণীলোকের চিত্তে ভাল-সেহি শুখ
অহি শুখ বোধ পণ্ডিতের জ্ঞাণ দুখ
প্রাণিসকলেক জেহি সুখ দুঃখ দেয়
প্রিথিত(৫) সে জণে জ্ঞাণ শুখ দুঃখ পায় ॥ ১৪৪৯

১ = যশ। ২ = ক্রীড়া করে। ৩ = পরের প্রাণ। ৪ = পরকে হিংসা করিয়া। ৫ = পৃথিবীতে।

এ কারণ ওহে মহাসয় ফনীরাজ
পরিত্যাগ কর মহাভাগ হিংশাকাজ
আত্মা-গুণ দ্বারা তুষ্ট হইয়া আপনে
সুপ্রশন্ন হও আমা প্রতি এহিক্ষণে ॥ ১৪৫০
দুঃখপারাবারে পার হওার কারণ
আণন্দে করিছি গঙ্গাতীর আগমণ
মণ্ডুকের বাণি শুণি কহিতেছে ফনী
ভক্ষদ্রব্যে হিংশা ণাহি কহে শাস্ত্রে শুণি ॥ ১৪৫১
বিশ্বরূপ ভগবাণ বঠেণ আপণে
প্রত্যক্ষ বলিছ সত্য শুণিছি শ্রবণে
ভক্ষাভক্ষ সম্বন্ধ সৃজিছে সৃষ্টীকরে.
ভগবাণ বিশ্বকর্ত্তা তিণ কর্ম্ম তারে ॥ ১৪৫২
আপনাক আপনে সৃজিল হৃষীকেশ
আপণি পালণ করে ণাব করে শেষে
হরির এমত সৃষ্টী কি করিব আমি
তব ণষ্ট হেতু পঠাআছে(১) সৃষ্টীস্বামি ॥ ১৪৫৩
আমাক ইস্বরে কালরূপী করিয়াছে
এ হেতুক ভেক আশীআছি তব কাছে
ভগবাণ বিশ্বকর্ত্তা বিশ্বরূপ সেহি
আপনাক সৃষ্টী করিতেছে করি সেহি ॥ ১৪৫৪
আপণাক পালণ আপণে হরি করে
কালরূপে আপণাক আপণে শংহারে
কালরূপি হরি প্রেশীআছেণ(২) আমারে
আমি ণষ্ট ণা করি শে হরি ণষ্ট করে ॥ ১৪৫৫
ব্যাষ নিগদতি শুণ হে জৈমিণী মুণে
তদন্তর জে হইল শুণ তা শ্রবণে
সমণসদণ ভুগী বদণ বিকাশী
সম্ভার্ব্ব যার বর্ষাভুক ধরিলেণ গ্রাশী ॥ ১৪৫৬

শেহিক্ষণ শে ভুজঙ্গ করি আর্ত্তণাদ(৩)
গঙ্গাণাম স্মরি মণে লভিয়া বিশাদ
মৌণ হয়া কায়াত্যাগ করিল ভুজঙ্গ
ফণিও পরম সুখে করিল ভক্ষণ ॥ ১৪৫৭
পঞ্চত্বক প্রাপ্ত হয়া জায় সমিভ্যারে
পূর্ব্ববত শরীর হইল তার পরে
সর্ব্বপাপে মুক্ত দুই দেখি হস্থিহয়
বৃন্দারকগণাবৃত হয়া শে শময় ॥ ১৪৫৮
লইতে আশীল দেব সহস্রলোচণ
ভয় পায়া চিত্তবিত্তে করিছে চিন্তণ
আমি শত অশ্বমেধ করি আচরণ
শুদুর্ল্লভ দেবরাজ্যে হইয়া রাজণ ॥ ১৪৫৯
পরম নির্ম্মলা(৪) সম্পদেক প্রাপ্তী হয়া
ভোগ করিতেছি আমি আনন্দ করিয়া
গঙ্গাক ভাবিয়া গঙ্গা তিরের জাত্রায়(৫)
পদে পদে দেহি অশ্বমেধফল পায় ॥ ১৪৬০
এজে শুমহাত্মা বহুঅশ্বমেধকারি
ইহার সদৃশ যজ্ঞ আমি ণাহি করি
মম ণিজ অধিকার লবে এহি রাজা
এ প্রকার চিত্তে চিন্তা করি মহাতেজা ॥ ১৪৬১
শুরঙ্গণা শকলেক বলিল তত্‌পর
এ পুণ্যাত্মা শ্রেষ্ঠ রবজ্জাণি ও শুন্দর
আশিবে আমার পুরে তোরা সমুদায়
করহ খবব ণিজ চরিত্রদ্বারায় ॥ ১৪৬২
সুরঙ্গণাগণ সুরস্বামিণিদেশণে
বলিতেছে কেহ কেহ শুমিষ্টভাষণে
ণাণা কেলীরসে বষ করয়া আমি জানী
অতএব এ ভুপের আমি হব রাণী ॥ ১৪৬৩

১ পাঠাইয়াছে। ২—প্রেরণ করিয়াছেন। ৩ আর্ত্তনাদ। ৪ নির্ম্মলা। ৫—গঙ্গাতীরে গমনে।

কোন নারি বলে মম বর সুরস্বামি
কোন চিত্র কথা(১) ভূপ বর করি আমি
কোন নারি বলে মম ভর্ত্তা হবে ইনি
এহি মম পতি বলে কতেক মানিনী ॥ ১৪৬৪
এহি মম স্বামি আমি মানিনী ইহার
এহি ভূপ সঙ্গে রঙ্গে করিব বিহার
কেহ বলে এহি মহীনাথ মম নাথ
রসে বস করিব করিয়া প্রণিপাত ॥ ১৪৬৫
শতগুণজ্ঞাপনী(২) নারি সকলে তখন
পরম আনন্দে এহি করিছে ভাষণ
দ্বিজবর তার মধ্যে এক শুভ-কামিনী
বলিছে বচন উচ্চারণগণ শুনি ॥ ১৪৬৬
কি কাজে কলহ করিতেছ তোরা সবে
নৃপতি যাহারে জায়া করে সেহি হবে
এমন বচন তার করিয়া শ্রবণ
কলহ করিয়া ত্যাগ নিতম্বিনীগণ ॥ ১৪৬৭
উৎসাহ হইল হৈল ভূষণে ভূষিতা
অবধান কর দ্বিজবর পরকথা
সাদরে কলুষমুক্ত নরপতি মানী
পূজিয়া তাহাক পাদ্য অর্ঘে বজ্রপাণী ॥ ১৪৬৮
দেবতানিকর সঙ্গে দেব পুরন্দর
করিছেন স্তুতি হয়া রাজার গোচর
ইন্দ্র বলে হে নরেন্দ্র তুমি মহামতী
তুমি পুণ্যবন্ত তোমা নমিছি সম্প্রতি ॥ ১৪৬৯
নিজ দাব জ্ঞান কর আমি তব দাষ
কর আজ্ঞা কি করিব আছি তব পাষ
এ প্রকার বলি ইন্দ্র করি নমস্কার
তুলিল পুষ্পকরথে ভার্য্যা সমভ্যার ॥ ১৪৭০

সে সময় বাদ্যচয় হইল বাদন
ভেড়ি তুড়ি তুরতির সুন্দর নিস্বন
[illegible]
দুন্দুভিনিনাদে ব্যাপ্ত অমরভুবনে ॥ ১৪৭১
সুললীত বিণাস্বন গান সুমধুর
[illegible]
ঝণতকার সব্দ কয়কঙ্কণে করিছে
কটাক্ষে চাহিচে আর করতালী দিছে ॥ ১৪৭২
দেবগণ জয়শব্দ করিছে তখন
সেহি সব্দে পূর্ণ হৈল দেবের ভবন
দেবঙ্গনাগণ চারুহস্তে শুচামরে
করিতেছে বাত্যা (৩) নৃপতির কলেবরে॥১৪৭৩
রথারূঢ়ে (৪) দ্বিতীয়ের ন্যায় দিপ্তী হয়
মহিষীসহিতে স্বর্গলোকে প্রবেশীল রায়
তারপর পুরন্দর হয়া শঙ্কান্বিত
বিণিত হইয়া সত্যধর্ম্ম-নৃপতিত ॥ ১৪৭৪
দিব্যভোগসমন্বিতে অর্দ্ধরাজ্য দিল
একাসনে বসি বহুকালেক ক্ষেপিল (৫)
তারপর রথারূঢ় হইয়া তুরণ
ভগবান বিষ্ণুপুরে করিল গমন ॥ ১৪৭৫
শত মন্বন্তর মনরম ভোগচয়
ভূগীয়া পরমসুখে নৃপ সদাসয়
পরমজ্ঞানেক প্রাপ্ত হয়া দারাসনে
মোক্ষ প্রাপ্ত হৈল দ্বিজশ্রেষ্ঠ হে জৈমিনে ॥ ১৪৭৬
ত্রিস্রোতা-জাত্রায়(৬) পথিকের তনুত্যাগ
তার ফল বলিলাম দ্বিজ মহাভাগ
গঙ্গতীর-আগমন হওয়ার কারণ
কতক নিরত নাহি করে মুণিগন (৭) ॥ ১৪৭৭

১—এ কথা বিচিত্র কি। ২—নব গুণে অভিজ্ঞা, মূল "নার্য্যোহখিল সদ্গুণজ্ঞাঃ"। ৩—বাতাস করিতেছে। ৪ রথারূঢ়ে। ৫—বহু কাল যাপন করিলেন। ৬—যাইতে। ৭ মূলে আছে "জাহ্নবীতীর গমনার্থ কোন বিশেষ কাল মুনিরা নির্দিষ্ট করেন নাই।"

জদা জদা গঙ্গাস্নান করে নরচয়
তদা তদা পুন্ন তার স্ত-অক্ষয় হয়
গঙ্গা সর্ব্বপাপচয় করে বিনাষণ
এ প্রকার চিত্তে চিন্তা করি নরগণ ॥ ১৪৭৮
পুনঃ পুনঃ পাপ জদি আচরণ করে
জহ্নুসুতা সেহি পাপ-গণ নাহি হরে
অতএব পাপবুদ্ধি করি পরিত্যাগ
নরে গঙ্গাস্নান করিলে হে মহাভাগ ॥ ১৪৭৯
তবে ঘোর ক্লেষ হনে হইবে মোচণ
অন্তে ত্রিপিষ্টপ(১) লাভ ভোগে ভোগগণ
জহ্নুসুতা স্নানে নরে জেহি ফল পায়
শুদ্ধুত্তর বহুকর্ম্মে না পায়েণ তায় ॥ ১৪৮০
শুণ শুণধাম ওহে দ্বিজের নন্দণ
সংখ্যাহিণ জহ্নুতনয়ার গুণগণ
আসাড়ের (২) ধারা প্রিথিবীর রেণুচয়
সংখ্যা জে করিতে পারে সেহ না পারয় ॥ ১৪৮১
বেদ আদি শাস্ত্রগণ করহ বিচার
গঙ্গাক স্নানে মোক্ষপ্রাপ্তি প্রানি সবাকার
গঙ্গাক স্মরিয়া কুপজলে কৈলে স্নাণ
শোক দুঃখ ত্রাষ তার শিঘ্র নাষ পাণ ॥ ১৪৮২
ব্রহ্মহত্যা আদি পাপে মুক্ত হয়া তিণী
অন্তে বিষ্ণুপুরে জায় হে মুণি জৈমিণী
ব্যাষ মুণি জৈমিণীর সংবাদদ্বারায়
ইতি ক্রিয়াযোগসারে অষ্টম অধ্যায় ॥ ১৪৮৩
শ্রীহরেন্দ্রে ডাকে কালি ভুবণভাবণা
দূর কর পূর্ন্ন কর মণের বাষণা ॥

[নবম অধ্যায়]

বলিছে জৈমিণি জ্ঞানী ওহে গুরু মহামানী
তব প্রশাদেত শে গঙ্গার
শুণিলাম মহাশ্চর্য্য এদানীক ইৎসা হয়
বিষ্ণুপূজাফল শুণিবার ॥ ১৪৮৪
জৈমিণির প্রশ্নচয় শুণি ব্যাষ মহাসয়
শুণ ভূমিত্তর হে জৈমিণী
কেশবের পদার্চ্চণ বলি তার ফল গণ
জ্ঞাণ হবে শুনিবেণ জিণী ॥ ১৪৮৫
ওহে ব্রাহ্মণ-নন্দন(৩) কেসব-অর্চ্চক জণ
মাঘ আদি করি বারো মাষে
তৈল গাত্রে না মাখিবে নিত্য প্রাতঃস্নাই(৪) হবে
শুণ বলিতেছি শাষশেষে ॥ ১৪৮৬
মাষমাষে দ্বিভোজণ না করিবে কদাচণ
না খাইবে পর-অন্ন-গণ
করিবেক প্রাতস্নাণ হবে শুক্লবস্ত্রাধাণ
পঞ্চযজ্ঞ করি সমাপণ ॥ ১৪৮৭
হয়া চিত্ত স্থির অতি অর্চ্চিবেক লক্ষ্মীপতি
শুস্থির বৈষ্ণবজণচয়
করিয়া শু-উষ্ণজল(৫) হয়া অতি কতুহল
স্নাণ করাইবে দয়াময় ॥ ১৪৮৮
শরষ করি চন্দণ বিষ্ণু-অঙ্গে প্রলেপণ
করি পূজা করিবে চক্রির
শুদ্ধজলে শুবাসয় প্রক্ষালিবে পাত্রচয়
তার পরে করি স্থিণীর ॥ ১৪৮৯

১—স্বর্গ। ২ আষাঢ়ের। ৩—দ্বিজপুত্র। ৪ প্রাতঃস্নায়ী। ৫—ঈষদুষ্ণ

জগন্নাথ ভগবাণ করাইবে তারে স্নাণ
উষ্ণজলে বৈষ্ণবসকল
করে ধরি দিব্য বস্ত্র মার্জ্জণ করিবে গাত্র
শুদ্ধভাবে শুজন্মে কেবল ॥ ১৪৯০
উষ্ণজলে বিষ্ণুস্নাণ করে জেহি জ্ঞাণবাণ
বলি আমি তার ফলগণ
ওহে দ্বিজ ধর্ম্মরিত জন্মজন্মান্তরার্জ্জিত
পাপে মুক্ত হয়া শেহিজণ ॥ ১৪৯১
ইহকালে সর্ব্বশুখ ভোগে শে না পায় দুখ
শোকব্যাধি ণা হয় তাহার
অন্তকালে শেহি জণে জায় শ্রীহরিভুবণে
শস্র(১) যুগ থাকে শে উদার॥ ১৪৯২
প্রভাত-সন্ধ্যা-সময় বৈষ্ণবমাণবচয়
বৈশ্বাণর করিয়া জ্বালণ(২)
ণিধুম(৩) করিয়া তায় বিষ্ণু-অগ্রে পুণ্যকায়
দিবে অতি হয়া হর্ষমণ॥ ১৪৯৩
শিত-ণিধন-কারণ প্রাত-সন্ধ্যা জেহি জণ
অগ্নিদাণ করে বিষ্ণুতরে
হে জৈমিনী দ্বিজ-গুরু(৪) বলি তার ফল শুণু
ইহকালে জাণ শেহি ণরে॥ ১৪৯৪
পুত্রপৌত্রসমন্বিতে ভুঞ্জী ভোগ প্রিথিবিতে
বৃন্দারক(৫)-শুদুর্ল্লভ অতি
শ্রীবৎসলাঞ্চণ পুরে জায় জাণ শেহি ণরে
ওহে দ্বিজশ্রেষ্ঠ মহামতি॥ ১৪৯৫
আত্ম-আত্মা জেপ্রকার বিষ্ণুক জানিবে শার
চিত্তবিত্তে সন্দেহ(৬) ণা করিবে
আত্মা অণুমাণ করি অর্চ্চণ করিবে হরি
মোরব্রেবে(৭) প্রভাতে স্থাপিবে॥১৪৯৬

সুদুঃশহ ঘোর শীত শহে জাবত্ত বিহিত
রৌদ্রদেশে রাখিবে তাবত্ত
পর্য্যঙ্কেত জণার্দ্দণ করাইবেক সয়ণ
রাখিবেণ ণির্ব্বায়ু-স্থলত॥ ১৪৯৭
শিতহিণ চান্দ্রস্থাণে রাখি অতি শুজতণে
পবিত্র শুদিব্য শুক্লাম্বরে
করাবেক আচ্ছাদণ(৮) শুধীর বৈষ্ণবজণ
শুণ ওহে মুণি হাবুণ্দর॥ ১৪৯৮
আপণার জে প্রকার বাতশিত(৯) পরিহার
ওহে বিপ্র সদাশয় ধীর
বাতশিতণিবারণ করিবে বৈষ্ণবজণ
শেহি মতে দেবেন্দ্র চক্রির॥ ১৪৯৯
শ্রীবৈকণ্ট(১০)-নাথ দেবদেব ভগবাণ
মাঘমাষে খির(১১) দ্বারা জে করায় স্নাণ
দেবত্তম লক্ষীপত্তি সুপ্রসন্ন হয়া
কি দ্রব্য ণা দিবে তারে মুণি পুণ্যকায়া॥১৫০০
ণারিকেলদোক(১২) দুগ্ধ দ্বারা জণার্দ্দণ
মাঘে করাইয়া স্নাণ করিলে পূজণ
তার পুণ্যফল বলি মুণিন্দ্র উদার
ণিরয় হইতে কোটীপুরুষ তাহার॥ ১৫০১
বৈকণ্টে করেণ গতি অতি-হর্ষমণে
সর্ব্বভোগী হয়া থাকে শ্রীবিষ্ণুভুবণে
মাঘমাষে শুক্লপক্ষে পঞ্চমী শপ্তমী
একাদশী বিশেষে পুজিবে লক্ষীস্বামী॥ ১৫০২
মুরারি মুকুন্দ প্রতি হরিভক্তগণে
পিষ্টক পায়ষ মাঘে দিবে দিনে দিনে
পিষ্টক পায়ষ মাঘে দেয় জে মাণব
তার ফল বলি শুণ জৈমিনী বৈষ্ণব॥ ১৫০৩

১ সহস্র। ২—প্রজ্জ্বলিত করিয়া। ৩—ধূমহীন। ৪—দ্বিজগুরু। ৫—দেবতা। ৬ সন্দেহ। ৭—রে বুঝন যোগ্য আছে। ৮ আচ্ছাদন। ৯—বায়ু ও শীত। ১০ বৈকুণ্ঠ। ১১ ক্ষীর। ১২—নারিকেলের জল।

অন্তকালে শেহি জন শ্রীবিষ্ণু-আলয়
জায় রয় শুখে মন্বন্তর-চতুষ্টয়
মণরম ভোগ ভূঞ্জী শ্রীহরিভুবণে
পূণ প্রিথিবিতে জন্ম হইয়া শে জণে ॥ ১৫০৪
চক্রবর্ত্তি রাজা হয়া পালেণ ধরণী
বিবিধ শুখেক ভোগ করি মহামানী
পরে মৃত্যুবষ হয়া শ্রীহরিভুবণে
করে গতি ওহে যতি অতিহর্ষমণে ॥ ১৫০৫
পঞ্চমী শপ্তমী একাদশীত জৈমিণে
শক্তিহিণ পরমান্ন দিতে জনার্দ্দণে
শুক্লপক্ষে অহি ত্রয় তিথি(১) মুকুন্দেক
শুন্দর শুপাক অন্ন বেঞ্জণ দিবেক ॥ ১৫০৬
পিষ্টক পায়ষ মাঘে প্রিয় শ্রীহরির
বিষ্ণু-ত্রিপ্তী অর্থে ২) মাঘে একদিণ ধীর
শাধ্য-অণুক্রমে জদি বিষ্ণুতরে দেয়
সকল অক্ষয় তার ণাহিকে শংশয় ॥ ১৫০৫
মাষমাষে শুভ বা অশুভ কৈলে নরে
ণাহি ক্ষয় তার জাণ শত মন্বন্তরে
মাঘমাষে চম্পকে পূজিলে জণার্দ্দণ
জেহি ফল হয় তাহা বলি হে ব্রাহ্মণ ॥ ১৫০৮
জত চম্পকের দ্বারা বিষ্ণু অর্চ্চা জায়
তত মন্বন্তর শেহি বিষ্ণুপূরে রয়
মেরুতুল্য স্বর্ণ দাণে হয় জেহি ফল
এক স্বর্ণপুষ্পে মিলে শে ফল সকল ॥ ১৫০৯
বিপ্রেন্দ্র(৩) সুবর্ণ পুষ্পে প্রিতি সদা হরি
বিশেষ পূজিলে মাঘে আছে ফল ধরি
সুবর্ণ কুশুমে ণা অর্চিলে(৪) ণারায়ণ
জন্মে জন্মে স্বর্ণ হিণ হয় শেহি জণ ॥ ১৫১০

চম্পকে পূজিলে হরি বলি তার ফল
ইতিহাষ শুণ ওহে মুণিন্দ্র শরল
শুবর্ণ(৫) আখ্যাণ এক আছিল ভূপাল
পুণ্যভূমি মধ্যে ছিল পরমবিশাল ॥ ১৫১১
মহীপাল-পঞ্চশর সমস্ত-শুন্দর
রাজ-শ্রিয়(৬) বিষ্ণা বয়শেত দ্বিজবর
অতিমত্ত পাপে রত শতশঙ্গহিণ(৭)
পাশণ্ড আমাত্য তার আছিল প্রবিণ ॥ ১৫১২
তার বাক্যগণ রায় গ্রহণ করিয়া
ধণলোভে ধণ লয় শাধুরে দণ্ডিয়া
যন্যায়োপার্জ্জীত(৮) বিত্ত নিত্য বাস্ত গাণে
ণাষ করে শেষ ণাহি রাখে ধর্ম্ম দাণে ॥ ১৫১৩
জ্ঞাতিক পোষণ দেবদ্বিজেক পূজণে
প্রিতি নাহি করে পাপে মতি সর্ব্বক্ষণে
অতিথিপূজণহিণ গুরুণারি হরে
পাপের মন্দির নিত্যে শুরাপান করে ॥ ১৫১৪
বর্ষশতশত্থ্যায় কহিলে পাপ তার
সমাধাণ ণহে ওহে দ্বিজ শদাচার
একদিণ নৃপবর হয়া মোহমতি
নিশিকালে গেল বারবধূর বশতি ॥ ১৫১৫
দেখি বারবধূ বিধুমুখি শুখি হয়া
উর্দ্ধল হইয়া(৯) নৃপতিক আলিঙ্গিয়া
শিংহক্কে পর্য্যঙ্কে বশাইয়া ভূপালেক
বন্দিয়া বন্দিত পদ শুখি অতিরেক(১০) ॥ ১৫১৬
ভৃঙ্গারে ভরিয়া জল পাদযুগ তার
ধোওাইল বারশিমন্তিনি(১১) পাপাচার
নৃপতিরে অঙ্কে নিবেশায়া শিমন্তিনী
স্বপ্রয়াশে ভুজপাষে বান্ধিল তরুণী ॥ ১৫১৭

১—এই তিন তিথি। ২—[illegible]। ৩—হে বিপ্রেন্দ্র ৪—আরাধনা না করিলে ৫ সুবর্ণ। ৬—রাজলক্ষ্মীযুক্ত ৭ মাঙ্গলহীন ৮—অন্যায়ের দ্বারা উপার্জ্জিত। ৯ মূলে আছে, উদ্ধলা গণিকার ন্যায়। ১০—অতিশয় ১১ বারনারীশ্রেষ্ঠা।

বিধুমুখি বিধুমুখে মৃদু হাস্ত করি
নৃপতিক বলিলেন করিয়া চাতুরি
হে বরভ রতিপতি অতি-অকরুণ
করিছে লক্ষাণ বাণ পিরিছে(১) দারুণ ॥ ১৫১৮
তব মুখ না হেরিয়া দুঃখ পাইতেছি
তব ধ্যানে মনে মাত্র শর্ব্ব হয়া আছী
রাখ প্রাণ কর ত্রাণ পাইতেছি জাতনা
কৃপা কর প্রাণ মোর পূরাহ বাসনা ॥ ১৫১৯
এ প্রকার প্রেমবাক্যগণ উদিরণে
বারধনী শুনযজৌবনা শুহণনে
চম্পককুশুমমালা করিয়া প্রদান
নৃপতিক আলিঙ্গিল হয়া হিনমান ॥ ১৫২০
নৃপবর-করগত-পুষ্পমালা হনে
পরিলেন এক পুষ্প ভূতলে তখনে
শুগন্ধে আমদ করিলেন দিগন্তর
চ্যুত(২) কুশুমেক দেখি ভ্রমে নৃপবর ॥ ১৫২১
নমো নারায়ণায়েতি প্রণব-পূর্ব্বক(৩)
নিবেদিল গোবিন্দেক হে মুণিতিলক
নারায়ণবাক্য আর স্বল্প পুষ্পদানে
ভূভুজের পাপ নষ্ট হইল তখনে ॥ ১৫২২
শে রাত্রিত দম্যুগণ(৪) নিয়া বেশ্যালয়
রাজাক করিল নষ্ট নিল ধনচয়
ক্রোধে যম প্রেশিলেন নিজ কিংকরেরে
শক্তি শুল(৫) পাব পাণী হয়া তারা পরে ॥ ১৫২৩
ক্রোধযুক্ত রক্ত আখি দেখি হয় ভীত
নৃপতির শন্নিকটে পশিল তুরিত
জ্বলদঅগ্নিপ্রায়(৬) দূতসবার লোচন
পাষদ্বারা নৃপতিক করিলে বন্ধন ॥ ১৫২৪

যমালয় নিতে জদা উদ্যত হইল
তারপর শুন ওহে দ্বিজ পূণ্যশীল
নৈতে নৃপতিক শ্রীপতির প্রেরবাণ(৭)
শঙ্খ চক্র গদাধর শুন্দর শুঠাম ॥ ১৫২৫
গড়ুর [illegible] অতি
আশীল পশিল কাছে লইতে ভূপতি
দামোদর কিংকরে দেখিল তারপর
পাষদ্বারা শুদৃঢ় বন্ধন নৃপবর ॥ ১৫২৬
চণ্ড দণ্ড দ্বারা করি বিপুল তারণা(৯)
লইতেছে ভূপতিক দিতেছে জাতনা
ক্রোধে রক্ত লোচন করিয়া তারা পরে
যমদূত সকলেক ধাইল সত্তরে ॥ ১৫২৭
বলিতেছে দুষ্ট(১০) শবে দুষ্ট দুরাচার
করিতেছে এত দুঃখ মহাত্মাজনার
বলি এ প্রকার শংপ্রহার আরম্ভিল
যমদূত সকলেক জর্জ্জর করিল ॥ ১৫২৮
তারপর দামোদরকিংকরনিকর
শঙ্খধ্বণী(১১) করিল পূরিল দিগান্তর
নৃপতিক শুদিব্য স্বন্দনে(১২) তুলি নিল
তুলসীমালায় কায় ভূষীত করাইল ॥ ১৫২৯
পিতবস্ত্রে স্বর্ণ অলঙ্কারে বিভূষীত
করাইয়া হয়া পরে অমরে বেষ্টীত
হরির মন্দির প্রতি করিল গমন
দেখীয়া উঠিয়া বিষ্ণু পঙ্কজলোচন ॥ ১৫৩০
দির্ঘ চারি বাহু দ্বারা আলিঙ্গন দীল
দ্বিজত্তম কুশল তাহারে জিজ্ঞাশীল
শ্রীভগবান বলতি নৃপতি পূণ্যবান
বল নিজ কুশল আছহ কি বন্ধান ॥ ১৫৩১

১—পীড়ন করিতেছে। ২ স্রষ্ট। ৩—ওঁকার পূর্ব্বক নমো নারায়ণায় অর্থাৎ "ওঁ নমো নারায়ণায়"। ৪ মূলে আছে, সমস্ত নাগরিকগণ "নাগরা অথ দস্যবঃ"। ৫ শূল। ৬—জ্বলন্ত অগ্নির ন্যায়। ৭—বিষ্ণু কর্ত্তৃক প্রেরিত। ৮ গরুড়ারূঢ়। ৯ তাড়না। ১০ দ্বিজ। ১১ ধ্বনি। ১২ স্যন্দনে।

নমো নারায়ণা যেতি জে বলে এ বাক
মাতা পিতা হয়া করি প্রতিপাল(১) তাক
মম নাম নারায়ণ কচিদ্ কোন জন(২)
চিত্ত বিত্তে নিত্যে জদি করেন স্মরণ ॥ ১৫৩২
তাহার অখিল সুখ সাধি সর্ব্বকায়
জেমত পুত্রত পিতৃ আমি তদপ্রায়(৩)
ওহে নৃপ শ্রেষ্ট মন ভকত জনার
মনোরথ তুষ্ণ পূর্ণ হয় জান তার ॥ ১৫৩৩
নৃপতি বদতি নারায়ণ দয়াবান
আমি পাপী প্রাপ্ত শুদুর্ল্লভ তব স্থান
রাজার এমত বাক্য শুনিয়া শ্রীপতি
আনি বসাইল নিজাসনে স্নেহে অতি ॥ ১৫৩৪
বিশ্বকর্ম্মা বিনির্ম্মিত স্বর্ণ অলঙ্কার
মণ্ডিল রাজাক স্বয়ং জগত-আধার
দেবতার শুদুর্ল্লভ ভক্ষদ্রব্যগণ
নৃপতিক দিয়া হরি করিল তোষণ ॥ ১৫৩৫
দ্বিতিয় কেশবসম হয়া নরেশ্বর
বৈকণ্টে রহিল সুখে শস্র(৪) মন্বন্তর
পূন্য অবসানে পুনু আসী বসুমতি
জাতিস্মর হৈল আর সর্ব্বভোম(৫)-পতি ॥ ১৫৩৬
নর বর্ষে শতধিক সহস্র বৎসর
পালিছে প্রজাক সুখে সেহি নৃপবর
বিবিধ নৈবিদ্য আর চম্পক প্রসুনে(৬)
পূজিয়া হরিক অতি ভক্তিযুক্ত মনে ॥ ১৫৩৭
মোক্ষপ্রাপ্ত হৈল চক্রপাণীর কৃপায়
চম্পকপ্রভাব বলিলাম সমুদায়
চম্পককুসুমে হরি করি আরাধন
অচিরে হইবে মুক্ত পাপীজনগণ ॥ ১৫৩৮
স্ফুট(৭) চম্পকের দ্বারা হরিক পূজিলে
হরি তাক মোক্ষ দেয় মোক্ষপদ মিলে
ইৎসায় কী অনিচ্ছায় দেব পরাত্মন
জে সব মানবগণ করিবে অর্চ্চণ ॥ ১৫৩৯
সকল পাপেত মুক্ত হইবেন তিনী
অন্তেত পরম ধাম লভিবে জৈমিনী
পরমাত্মা নারায়ণ হৈলে সুপ্রসন্ন
দুকম্মে তাহাক নাহি দেয় দুখগণ ॥ ১৫৪০
জগতপালন জনার্দ্দন রুষ্ট হৈলে
সুকীর্ত্তি করিলে তার সুখ নাহি মিলে
জাত সেহি রাজা ছিল পাতকী দুরন্ত
কৃপা করি মুক্তিপদ দীল ভগবন্ত ॥ ১৫৪১
অতএব বিপাপ্লব-মগ্ন(৮) জন গণ
কণককুসুমে(৯) হরি করিবে অর্চ্চণ
অচিরে তাহার পাপগণ হবে নাস
অন্তকালে জাবে দেব নারায়ণ-পাস ॥ ১৫৪২
জৈমিনি মুনির প্রশ্নে ব্যাসের কথনে
সমাধান নবম অধ্যায় এহি স্থানে
হরসুত বিস্বসিংহকুলকমলিনী
প্রকাসকারক দিনমণি মহামানী ॥ ১৫৪৩
কমতাকামিনীকান্ত সুন্দর সুঠান
দরসনে মানিনীগণের হরে মান
চঞ্চলা কমলা হৈচ্ছে অচলা জাহাত
দানে বলিরায় প্রায় জগতে প্রখ্যাত ॥ ১৫৪৪
জার দানে দ্বিজের দিনতা হয়া দূর
ভোগগণ বিলক্ষণ করিছে প্রচুর
অরি-করি মধ্যে হয়া করি অরি প্রায়(১০)
অপ্রয়াসে বিনাস করিয়া সমুদায় ॥ ১৫৪৫

১—প্রতিপালন। ২—কদাচিৎ কোন জন ৩—পিতা যেমন পুত্রের করেন সেইরূপ। ৪ সহস্র। ৫ সার্ব্বভৌম। ৬ প্রসূনে। ৭—প্রস্ফুট। ৮—বিপদ্সাগরের মধ্যে মগ্ন। ৯ স্বর্ণ পুষ্পে। ১০—অরিগজসমূহের মধ্যে সিংহস্বরূপ।

বিরাজ করিছে ভূমে ধর্ম্ম-অবতার
অধর্ম্মেক সর্ব্বদায় করিছে শংহার
হেণ ভূপ নিদেশণে রিপুঞ্জয় দায
ণবম অধ্যায় পদ করিছে প্রকায ॥ ১৫৪৬

[দশম অধ্যায়]

ব্যাষ শিগদতি জৈমিণী শুমতী
কর কর্ণগত বাণী
জে বিধাণ করি পুজীবে শ্রীহরি
তাহা বলি আমি জ্ঞাণী ॥ ১৫৪৭

পর্য্যঙ্ক হইতে উঠিয়া প্রভাতে
পাত্রত্তম করে ধরি(১)
বৈস্থাণর কোণে জারে ধীর গণে
শির আস্বাদণ করি(২) ॥ ১৫৪৮

হয়া মৌণ মণ বজ্ঞশুত্রগণ
রাখিয়া শ্রবণ পরে
শর্ব্য(৩) মুখ হয়া ওহে পুন্যকায়া
মল ত্যাগীবেক(৪) ধীরে ॥ ১৫৪৯

ওহে মোহাত্মণে শাস্ত্রদর্শীগণে
জে জে স্থাণে মুত্র মল
ত্যাগ না করিবে তাহা বলী সবে
শুন ওহে শুণয়ল ॥ ১৫৫০

দেবতা-আলয় রাজমার্গ্‌গ চয়
গোষ্ঠেত চত্বারে(৫) আর
শেতুমধ্যে য়তি ভূমি কৃষ্ণাবতি(৬)
অঙ্গণেত শদাচার ॥ ১৫৫১

তটীণিপুলিনে বৃক্ষমূলে বণে
তড়াগ বাপি গর্ত্তরে(৭)
মল-মূত্রগণ ত্যাগ কদাচণ
না করিবে ধীর নরে ॥ ১৫৫২

ভাণু শযোধর(৮) ভূদেব শীকর(৯)
আর গরু দীশগণ(১০)
বিষ্ঠামুত্রচয় ত্যাগের শময়
না করিবে বিলকণ(১১) ॥ ১৫৫৩

নিত্র-শীকটের আর মুষিকের
ফালের থণন(১২) মূণ
করিয়া থণণ মৃত্তিকা(১৩) কথণ
না লবেন শৌচে পুণ ॥ ১৫৫৪

জল হণে জল(১৪) শুধীর শকল
করিবেণ আণয়ণ
তেজি মুত্র মল লবে শৌচি জল
হে ভূদেব শুনন্দণ ॥ ১৫৫৫

নিরপাত্র নিরে রাখি থির নরে
না করি শৌচ ক্রয়া(১৫)
পর কথাগণ করহে শ্রবন
ওহে দ্বিজ পুন্যকায়া ॥ ১৫৫৬

---

১ মূলে আছে "জলপাত্র লইয়া"। ২ মস্তক আচ্ছাদন করিয়া অগ্নিকোণে। ৩ মূলে আছে "উদীচীমুখো"। ৪ ত্যাগ করিবে। ৫ চত্বরে। ৬—যে জমী চাষ করা হইয়াছে ৭—দিঘী বা পুষ্করিণীতে ৮ শশধর। ৯—ব্রাহ্মণগণ ১০—দ্বিজ সমূহ। ১১ বিলোকন ১২—লাঙ্গলের অগ্রভাগ দ্বারা খনিত ১৩ মৃত্তিকা ১৪—জলাশয় হইতে জল। ১৫ মূলে আছে, "জলে অঙ্গ ডুবাইয়া শৌচ করিবে না।"

বিরাজ করিছে ভূমে ধর্ম্ম-অবতার
অধর্ম্মেক সর্ব্বদায় করিছে শংহার।
হেণ ভূপ পিদেশণে রিপুঞ্জয় দায
ণবম অধ্যায় পদ করিছে প্রকায় ॥ ১৫৪৬

[দশম অধ্যায়]

ব্যাধ শিগদতি জৈমিণী শুমতী
কর কর্ণগত বাণী
জে বিধাণ করি পুজীবে শ্রীহরি
তাহা বলি আমি জ্ঞাণী ॥ ১৫৪৭

পর্য্যঙ্ক হইতে উঠিয়া প্রভাতে
পাত্রত্তম করে ধরি(১)
বৈশ্বাণর কোণে জারে ধীর গণে
শির আচ্ছাদণ করি(২) ॥ ১৫৪৮

হয়া মৌণ মণ বস্ত্রশুত্রগণ
রাখিয়া শ্রবণ পরে
শর্ব্ব্য(৩) মুখ হয়া ওহে পুন্যকায়া
মল ত্যাগীবেক(৪) ধীরে ॥ ১৫৪৯

ওহে মোহাত্মগণে শাস্ত্রদর্শীগণে
জে জে স্থাণে মূত্র মল
ত্যাগ না করিবে তাহা বলী সবে
শুন ওহে শুণয়ল ॥ ১৫৫০

দেবতা-আলয় রাজমার্গ প চয়
গোষ্ঠেত চত্বারে(৫) আর
শেতুমধ্যে রতি ভূমি কৃষ্ণাবতি(৬)
অঙ্গণেত্ত শদাচার ॥ ১৫৫১

তটীণিপুলিনে বৃক্ষমূলে বণে
তড়াগ বাপি গর্ত্তরে(৭)
মল-মূত্রগণ ত্যাগ কদাচণ
না করিবে ধীর নরে ॥ ১৫৫২

ভাণু শণোধর(৮) ভূদেব শীকর(৯)
আর গরু দীশগণ(১০)
বিষ্ঠামূত্রচয় ত্যাগের শময়
না করিবে বিলকণ(১১) ॥ ১৫৫৩

নির-শীকটের আর মূষিকের
ফালের খণন(১২) মৃণ
করিয়া খণণ মৃত্তিকা(১৩) কখণ
না লবেন শৌচে পুণ ॥ ১৫৫৪

জল হণে জল(১৪) শুধীর শকল
করিবেণ আণয়ণ
তেজি মূত্র মল লবে শেছি জল
হে ভূদেব শুনন্দণ ॥ ১৫৫৫

নিরপাত্র নিরে রাখি খির নরে
না করি শৌচ ক্রয়া(১৫)
পর কথাগণ করহে শ্রবণ
ওহে দ্বিজ পুন্যকায়া ॥ ১৫৫৬

---

১ মূলে আছে "জলপাত্র লইয়া"। ২ মস্তক আচ্ছাদন করিয়া অগ্নিকোণে। ৩ মূলে আছে "উদীচীমুখো"। ৪ ত্যাগ করিবে। ৫ চত্বরে। ৬—যে জমী চাষ করা হইয়াছে ৭—দিঘী বা পুষ্করিণীতে ৮—শশধর। ৯—ব্রাহ্মণগণ ১০—[illegible] সমূহ। ১১ বিলোকন ১২—লাঙ্গলের অগ্রভাগ দ্বারা খনিত ১৩ মৃত্তিকা ১৪—জলাশয় হইতে জল। ১৫ মূলে আছে, "জলে অঙ্গ ডুবাইয়া শৌচ করিবে না।"

জামিণী শময় মল মুত্রচয়
না ত্যাগীবে দক্ষ(১) মুখে
বশনে শুধীর আংশাদিয়া(২) শির
শৌচ করিবেক শুখে ॥ ১৫৫৭

শৌচ-শমাপণে পটু নরগণে
মৃত্তিকা লইবে পরে
লিঙ্গে একবার গুদে তিণ আর
শপ্তবার শর্ব্য(৩) করে ॥ ১৫৫৮

উভয়-হস্তত প্রাজ্ঞ নর জত
দশ বার লবে মৃদ
দশ বাম পুটে দিবে ওষ্ঠে পৃষ্টে(৪)
পদে লবে তিণ তিণ ॥ ১৫৫৯

শৌচ ক্রিয়াগণ করি শমাপণ
দশণ মার্য্যিবে পরে
রশাল শদলে(৫) শুধীর শকলে
মার্য্যিবেণ রসনারে ॥ ১৫৬০

পশ্চিম দক্ষিন মুখে শুপ্রবিণ
না মার্য্যিবে দন্তগণ
জদি ইহা করে নিরয় শে নরে
পাবে ঘোর দুঃখগণ ॥ ১৫৬১

মধ্যমানামিকা বৃদ্ধাঙ্গুষ্ঠে দ্বিজবর
তর্য্যণীর দ্বারা না করিবে থির নর(৬)
বট বিল্ব ধাত্রি আর অশত্থ ইন্ধনে(৭)
দশন ধাবণ না করিবে বুধগণে ॥ ১৫৬২
অবিজ্ঞাত ইহা দিয়া করিবে ধাবণ
ঘোর নিরয় তবে হইবে পতণ
নিত্য কর্ম্ম ইৎথা করয়ে জে জণগণ
করিবে শে জণ প্রায়শ্চিত্ত আচরণ ॥ ১৫৬৩

সূর্য্যোদয় বর্য্যণ করিয়া প্রাজ্ঞচয়
দশন ধাবণ করিবেক শদাশয়
জে জণ আদিত্যদয়ে(৮) মার্য্যেণ দশণ
নষ্ট হয় তার নিত্য ক্রিয়াফলগণ ॥ ১৫৬৪
ধাবণ করেণ জেহি স্নানে দন্তচয়
নিরাশা হইয়া তার পিতৃলোক জায়
মধ্যাহ্নকালেতে আর অপরাহ্নকালে
দন্তগণ মার্য্যন করেণ জে শকলে॥ ১৫৬৫
তার পুষ্পগ্রহণ ণা করে দেবগণ
পিতৃগণ তার জল ণা করে গ্রহণ
স্নানকালে সরবরকুলে জেহি জণ
আপণ দশণগণ করেণ ধাবন ॥ ১৫৬৬
জে পর্য্যন্ত শুরনদী দর্শন ণা করে
শে পর্য্যন্ত চণ্ডাল বঠেন শেহী নরে
ভগবান ছায়াপতি(৯) উদয়ের পরে
দশণধাবন করে জে শকল নরে ॥ ১৫৬৭
জে পর্য্যন্ত গঙ্গাদেবী না করে দর্শণ
শে কাল চণ্ডাল হয়া থাকে শেহি জণ
গ্রহপতি গগণেত হইলে উদয়
দন্ত ধাবমান করে জেহি নরচয় ॥ ১৫৬৮
তার পিতৃগন মণে দুঃখ ভাবি অতি
দশন-ইন্ধণ(১০) খায়া বাধে করে শতী
উপবাশ-দিণে পিতৃশ্রাদ্ধদীণে আর
দন্তচয় ধৌত করে জেহি দুরাচার ॥ ১৫৬৯
উপবাশ ফল আর পিতৃশ্রাদ্ধফল
না পায় কদাপি শেহি মাণবশকল
অতএব ভাণুদেব না হৈতে উদয়
দশণ ধাবণ করিবেক নরচয় ॥ ১৫৭০

১ দক্ষিণ ২—আচ্ছাদন করিয়া ৩ সব্য ৪ ইহার অনুরূপ মূল নাই ৫ "রসালচ্ছদ[illegible]" মূল। ৬ মধ্যমা, অনামিকা ও বৃদ্ধাঙ্গুলি দ্বারা দন্তধাবন করিবে। তর্জনী দ্বারা নহে। ৭ বট, বিল্ব, ধাত্রী ও অশ্বত্থ। ৮ সূর্য্যোদয়ে ৯ সূর্য্য ১০ দন্তকাষ্ঠ।

উপবাষ পিতৃযজ্ঞ দিলে বিপ্রবর
জল দিয়া করিলে দ্বাদশ ফুলি পর
মিলিবেন পুণ্ণ ফল দন্তধাবনের
জানিবা জৈমিনি মুণী এ বাক্ক(১) শাস্ত্রের ॥১৫৭১
এমত বিধানে ক্রিয়া দির্ঘদর্শীগণে
আচরণ করি জায়া নিজনিকেতনে
রাত্রিপরিধাণবস্ত্র বর্জ্জণ করিয়া
শুচি হৈয়া দেবগৃহে প্রবেশীবে গীয়া ॥ ১৫৭২
অনন্ত পরমেশ্বর দেব নারায়ণ
রাম শ্যাম বিষ্ণু কৃপাময় জনার্দ্দণ
জগধ্যাম(২) হে কেশব পাপ মম হর
পদ্মণাভ জগন্ময় পিতাম্বর-ধর ॥ ১৫৭৩
বামণ শরণ তব চরণকমলে
প্রনত হয়াছি ক্লেশ বিনাশ শকলে
দামোদর জহুকুলকমলমিহির
শ্রীকৃষ্ণ করুনার্ণব পরম শুস্থির ॥ ১৫৭৪
দেবেন্দ্র কমল আখ্য(৩) বাশুদেব হরি
প্রনত-জনাক কৃপা করহে মুরারি
খগেন্দ্রকেতণ শ্রীগোবিন্দ বিশ্বম্ভর
শঙ্খ চক্র পদ্মপাণী দেব গদাধর ॥ ১৫৭৫
শ্রীবিলাস হৃষিকেশ শ্রীবৈকুণ্ঠ দেব
সুরত্তম(৪) পুরুষ-উত্তম হে কেশব
হে কৈটভ অরি মম ভয়চয় হর
শ্রীপতে শ্রীধর শ্রীল(৫) হে শ্রীদ শ্রীকর ॥ ১৫৭৬
মাধব পরম ব্রহ্ম পরধাম হরি
শরণ চরণে হে অচ্যুত ভয়হারি
ওহে দ্বিজবর এ প্রকারে ধীরগণ
বধ্যাঞ্জলী(৬) হয়া বিষ্ণু করিয়া স্মরণ ॥ ১৫৭৭
ইশ্বরনিলয় প্রবেশীয়া তারপর
এ প্রকার বাক্যগণ করে বিপ্রবর
ইশ্বর শ্রীপতে কৃষ্ণ দেবকীতনয়
নিদ্রাত্যাগ কর হৈল প্রভাতশময় ॥ ১৫৭৮
ওহে লক্ষীনাথ নিদ্রা কর হে বর্যণ
এ প্রকার কয়া পরে ধির নরগণ
দেবকীনন্দণ প্রভু পর্যঙ্ক হইতে
উঠাইয়া প্রাজ্ঞগণ অতি শুদ্ধচিত্তে ॥ ১৫৭৯
দিব্য পাত্র নিরে গরি পুর্ণ করি পরে
আম্র ছদ শমির্ভারে(৭) ভক্তিপুরস্বরে
বৈষ্ণব শ্রীকৃষ্ণমুখপ্রক্ষালনহেতু
দিবেন প্রজত্নে ওহে দ্বিজ পুণ্যশেতু ॥ ১৫৮০
জে প্রকার গুরুশেবা করে শিস্যগণ
দামোদর ইশ্বরেক শেবিবে তেমণ
শেবকস্বরূপে জেহি শেবে জণার্দ্দণ
অচিরে বাঞ্ছিত তার হইবে পুরণ ॥ ১৫৮১
বিপদে পড়িয়া জেই ইতরশকল
ভিত হয়া শেবে দেবচরণকমল
শেহি মতে ভয় শস্তে দেব নারায়ণ
প্রাজ্ঞগণ শেবিবেন করি গুজতণ ॥ ১৫৮২
নিজ ইংস্থায় নির্ভয় জজীলে জণার্দ্দণ
কীঞ্চিত শেবক ভাব না থাকে ব্রাহ্মণ
অতএব ওহে দ্বিজশ্রেষ্ট গুনার্ণব
কৈবল্যেক ইংস্থা করে জে শব মাণব ॥ ১৫৮৩
শংশারশাগর ত্রাণ কর লক্ষীপতি
শর্ব্বদা শেবিবে তাক স্থির করি মতি
প্রত্যর্পীত(৮) গন্ধ আর নির্ম্মাল্য বশণে
কংশঋপুবপু(৯) হতে উঠাবে জতনে ॥ ১৫৮৪

১ বাক্য ২ জগদ্ধাম ৩ মূলে আছে, কমললোচন, "কমলেক্ষণ"। ৪ সুরোত্তম ৫ মূলে আছে "শ্রীশ" ৬ বদ্ধাঞ্জলি। ৭ আম্রপত্র সহ জল-পূর্ণ পাত্র দিবে ৮ পর্য্যুষিত ৯ কংসারির দেহ।

শম্মার্জ্জনী দ্বারা নিজে বিষ্ণুভক্ত জন
বিষ্ণুনিকেতন জন্যে করিবে মার্য্যণ
জত রেণু বহির্ভাগ হয়(১) গৃহ হনে
তত শত মন্বন্তর কেশবভুবনে॥ ১৫৮৫
থাকেন সে জন ওহে মুনিন্দ্র উদার
অপর শ্রবণে মন কর গুনাধার
পাপে মুক্ত হয়া পাবে অন্তে বিষ্ণুপুর
অধিক ভাসীব কীবা ওহে ভুমীস্তর(২)॥ ১৫৮৬
প্রাঙ্গণ বিষ্ণুগৃহ গোময় গুনিরে
লেপন করিবে হরি স্মরিবে অন্তরে
কেশবমন্দিরলেপনের ফলগন
শন্খেপে বলিহে শুন ব্রাহ্মণনন্দন॥ ১৫৮৭
লেপনেত জত রেণু হয়েন বিনাষ
তত শশ্র কল্প হরিগৃহে করে বাষ
কংশধ্বংশকারিগৃহ জে করে মার্য্যণ
লেপন করিয়া আর করেন শোভন॥ ১৫৮৮
পরম ধামেক প্রাপ্ত সে মানব হয়
কী বনীব আর হরিপুজাফল চয়
নিজের হয়ন জদি দৈববিড়ম্বন(৩)
তবে বিষ্ণুগৃহে ওহে ভুদেবনন্দন॥ ১৫৮৯
ধর্ম্মনিতম্বীনি শুচরিত্র ভক্তিযুত
ভগনি ভ্রাতর ভক্তিবন্ত শন্ত সুত(৪)
এ শবাক নিজোজিবে বিষ্ণুকর্ম্মহেতু
অপর শ্রবণ কর দ্বিজ পুন্নশেতু॥ ১৫৯০
দেবারিকৈটভ-অরি পুজাদ্রব্যগন
শুদ্ধ জলে শুভতমে সুদ্ধাশয় জন
নিজে প্রক্ষালন করিবেক শত্তবার
অথবা করিবে তিনবার সদাচার॥ ১৫৯১

তাম্রে আম্ল কাষ্ঠ পাত্র জলে সুদ্ধ হয়(৫)
বহ্নিদানে লোহপাত্র সুদ্ধ নিসংশয়
লোহপাত্রে জল রাখি ধনবানগন
না করাবে স্নান জগন্নাথ নারায়ণ॥ ১৫৯২
জদিস্যাত ইহা করে ধনীন মানব
সন্তুষ্ট তাহাত নহে ঈশ্বর কেশব
লোহপাত্রে জল না খাইবেক বৈষ্ণবে
অজ্ঞানে খাইলে গঙ্গাস্নানে সুদ্ধ হবে॥ ১৫৯৩
ওহে দ্বিজ সম্পদকালেতে ধীরচয়
নিয়মিত চিত হইবেন সর্ব্বদায়
বিপত্তিকালেতে হবে নিয়মবিহিন
শ্রিতি(৬) শাস্ত্রে প্রমাণ আছেন সুপ্রবিন॥ ১৫৯৪
প্রক্ষালিত শংখ জদি ভুমিপর্শ হয়
পুনু শত ধোতে শুদ্ধ হে বিপ্রতনয়
চক্রপানিপুজাদ্রব্য এমতপ্রকারে
প্রক্ষালন করিবেন সত্ত চিত্ত নরে॥ ১৫৯৫
তারপর স্নানদ্রব্য করিয়া আধান
সরবর-তির জাবে করিবার স্নান
স্নান না করিয়া পুন আসীলে ভুবন
সে দিন তাহার পিতৃ না পায় তর্প্পন॥ ১৫৯৬
স্নানার্থে ভোজন-অর্থে গমন করাত
কোন বেক্তি বিঘ্ন জদি করে অকস্মাত
সে জন শমনঘরে শতেক থাকিয়া
বিলক্ষণ দুখগন ভোগে দুখী হয়া॥ ১৫৯৭
স্নান-অর্থে সরবরে করি আগমন
রচক পেশ্রাব(৭) জদি করেন বর্জ্জন
তার পিতৃগন সেহি মলমূত্রচয়
দুখ মনে ভোজন করেন নিসংশয়॥ ১৫৯৮

১ যত ধূলি বহির্গত হইবে, ২ ব্রাহ্মণ ৩ নিজে যদি কোন বিঘ্নবশতঃ না পারে ৪ ধর্ম্মপত্নী, ভগ্নী, ভ্রাতা অথবা পুত্রকে ঐ কার্য্যে নিযুক্ত করিবে। ৫ [illegible] শুদ্ধ হয়। ৬ স্মৃতি। ৭ প্রস্রাব।

তারপর পর সুবিধানে করি স্নাণ
পিতৃশকলক জল করিয়া প্রদাণ
গমণ করিবে পরে স্বকিয় নিলয়
স্মরণ করিবে ণারায়ণ দয়াময় ॥ ১৫৯৯
পরে প্রাজ্ঞ হস্তদ্বয় করি প্রক্ষালণ
শুচি হয়া দেবগৃহে হবে প্রবেষণ
অপ্রক্ষ্যাল্য পদে বিষ্ণুগৃহে প্রবেশণে(১)
সম্বৎসরকৃত পুন্য নাষণ তখণে ॥ ১৬০০
বিচক্ষণগণ স্নাণ কর্ম্ম সমাপীয়া
প্রাঙ্গনে আণীয়া পদদ্বয় প্রক্ষ্যালীয়া
প্রবেশীবে শাধু বিধুমুশাপত্যালয়
হে বিপ্রসত্তম বিপ্রশুত সদাসয় ॥ ১৬০১
উপবিষ্ট হয়া পদযুগ সর্ব্বাকরে
জল্পে প্রক্ষ্যালীত করিবেক সাধু ণরে
তারপর দ্বিকর করিবে প্রক্ষালণ
শুণ ইষ্টনিষ্ট শিষ্ট দ্বিজেন্দ্রণন্দণ ॥ ১৬০২
হে বিপ্রণন্দণ পদে পদ আরোপণে
আর দক্ষ করে প্রক্ষালেণ জেহি জণে
শ্রীবিষ্ণু-দইতা সিন্ধুসুতা(২) মহাশক্তি
পরিত্যাগ করে তারে জানী মূঢ়মতি ১৬০৩
একান্ত করিয়া মণ　　মতিমাণ জণগণ
উপবিষ্ট আশণে হইবে
সর্ব্বকাম-ফলদাতা　　কেশব বৈকন্টকর্ত্তা
তার পদার্চ্চণ আরম্ভিবে ॥ ১৬০৪
শুদ্ধ মৃগচর্ম্মাশণে　　তথা মৃগেন্দ্রণ(৩) জিণে
অথবা কম্বলে বস্ত্রাশনে
দর্ভ পুষ্প শণে বসী　　পুজিবে শ্রীহরি বশী
না পুজিবে আশণ ইন্ধণে(৪) ॥ ১৬০৫
হে প্রিয়ি তোমারে ধরি　　আছে দেবদেব হরি
তুমি ধরিআছ শবাকারে
অতএব ওহে তুমি　　শুউত্তম স্থাণ স্বামী
মাগী দাণ করহে আমারে ॥ ১৬০৬
এ প্রকার উক্ত বেক্ত(৫) করি হরি-অর্চ্চক ভক্ত
পরিআ আশণ উপবেষ
অন্য দিশে মুখ করি　　অর্চ্চিবেণ দেব হরি
না পুজিবে দক্ষে(৬) হৃষীকেষ ॥ ১৬০৭
শুবাশীত যুত জল　　যত্নে করি শুনির্ম্মল
শঙ্খে তাহা করিয়া পুরিত
কমলা-অবলা-কান্ত　　শান্ত-শস্ত দুষ্ট-অন্ত
স্নাণ করাইবে শ্রীশহিত(৭) ॥ ১৬০৮
ওহে দ্বিজ জেহি জণ　　ইষ্টদেব ণারায়ণ
করেণ অর্চ্চণ শুদ্ধচিত্তে
নিত্র শুখবর্গ্গ তার　　লভে জাণ ভুমাকার
শুপ্রশস্তে শ্রীকমলাপত্তে ॥ ১৬০৯
বিপ্রবর সখ হিনে　　স্থিরবুদ্ধি ণরগণে
শুগন্ধ তুলশীদল জলে
ভক্তভিত্ত(৮)-হর-কর　　ভূতেষ পরমেশ্বর
স্নাণ করাইবে কতুহলে ॥ ১৬১০
ইশ্বর শ্রীপত্তে স্নাণ　　করি পরে সমাধাণ
স্থাপণ করিআ বরাশণে
চন্দণ-ইন্ধণপঙ্ক　　শ্রীহরির শর্ব্ব অঙ্গে
লেপণ করিবে শুজতনে ॥ ১৬১১
কাষ্ঠ শ্রেষ্ঠ চন্দণীর　　পঙ্ক করি শুরুচির
বিষ্ণু-অঙ্গে যে করে লেপণ
সিন্ধুসুতাপতিপতি　　শতত সে জণ প্রতি
জাণ অতিশয় শুপ্রসন্ন(৯) ॥ ১৬১২

১ প্রবেশ করিলে। ২ লক্ষ্মী। ৩ ব্যাঘ্র। ৪ কাষ্ঠাসনে। ৫ কথা বলিয়া। ৬ দক্ষিণ ভিন্ন অন্য কোনও দিকে মুখ করিয়া। ৭ লক্ষ্মী সহিত। ৮ ভয়। ৯ শুভাবহ।

নিজগন্ধঅনুকুলা তুলসীপত্রের মালা
উপেন্দ্রের শুভপ্রদা সদা
করে জেহি ইহা দাণ তার প্রতি ভগবাণ
সুসন্তুষ্ট জানীবা সর্ব্বদা ॥ ১৬১৩

হে বিপ্রেন্দ্র পুষ্পকারা মন্ত্রগণ উচ্চারিয়া(১)
তুলসীপত্রের মালাচয়
দিলে মহাবিষ্ণুকায় অলংকৃত করি তায়
কিণা দিবে হইয়া সদয় ॥ ১৬১৪

বৈদিগ(২) শুমন্ত্র স্মরি সস্তি উবাচণ(৩) করি
পৌরাণীক মন্ত্রের দ্বারায়
এতে দশদিশগণ বন্দণ করেণ মণ
নিজজিবে(৪) পটু সয়চয় ॥ ১৬১৫

পুর্ব্বদিগে কৃষ্ণ রক্ষা করুক করিয়া কক্ষা
অগ্নিকোণে দৈবকীনন্দণ
দক্ষীণে দেবারি-অরি নৈরিত্রেত ৫) রক্ষাকরি
রৌক মোক শ্রীমধুশূদণ ॥ ১৬১৬

কেশব বরুণদিশে রাখুক আমাক শেশে
গড়ুরকেতণ বায়ুকোণে
শারঙ্গী কৌবিরে(৬) মোরে রক্ষা কর নিরন্তরে
জহ্নগুণু রাখুক ঐশাণে ॥ ১৬১৭

বিদিগে ত্রামাণ বীভূ তথোর্দ্ধ(৭) নৃহরি প্রভু
রক্ষন করুক শর্ব্বদায়
অধে কূর্ম্মরূপ হরি রউক রক্ষণ করি
বিশ্বাংশা বিশ্বেঁষ বিশ্বঁময় ॥ ১৬১৮

পুজাকালে উপশন হয় জেহি বিঘ্নগণ
হরিনামাস্ত্রেত(৮) শে শকল
হইয়া তাড়িত অতি হৃয়েত করুক গতি
তবে হ্রত্তি ধীর ভণ্ডল ॥ ১৬১৯

দিগচয় এ প্রকারে বন্দন করিয়া পরে
প্রাজ্ঞচয় হয়া কৃতাঞ্জুলী
দৃঢ় মাণ করি চিত্ত করিবে শংকল্প বিত্ত
বণীতেছি এহি মন্ত্রে বলী ॥ ১৬২০

আমি বর্দ্ধ এ পুজায় দেব জণার্দ্দন তায়
শু প্রণীদে পরম ইশ্বর
বিঘ্নচয় নিয় করি শিদ্ধি কর দেব হরি
এহি মম বাঞ্চিত অন্তর ॥ ১৬২১

শর্ব্ব তত্বজ্ঞানী নরে শংকল্প করিয়া পরে
অঙ্গন্যাশাদিক আদি করি
হৃদয় করিবে ধ্যাণ নারায়ণ ভগবান
শেজে ধ্যাণ পরম মাধুরি ॥ ১৬২২

জিণি ণবঘণঘটা অঙ্গের লাবাণ্য ছটা
পুণ্ডরিকশদৃশ লোচণ
পিতম্বর শশধর জগজ্জণ-মহোকর(৯)
হাস্তে যুত সুচারু আণণ ॥ ১৬২৩

কদম্ব মালায় কায় সুশোভণ শর্ব্বদায়
মহাভুজ পরম শুঠাণ
বহির্বর্হ(১০) প্রেমিবন্ধ শিখিপুচ্ছ মস্তকুর্দ্ধ(১১)
শ্রবণে কুণ্ডল শোভমাণ ॥ ১৬২৪

এতে দশ দিশগণে বংশীসুমধুর স্বণে
মোহণ মণিশা অবিরত
গোপাঙ্গনাগমাবৃঁতে শোভিত জগতপতে
চারু বৃন্দাবণেত শতত ॥ ১৬২৫

এ প্রকারে চিন্তি মণে দেবেশ পরমাংমণে
কৃষ্ণ দেব দৈবকীনন্দণ
সুধির বৈষ্ণব নরে ভক্তিভাবে তারপরে
করিবেণ অগ্রে আবাহন ॥ ১৬২৬

১ উচ্চারণ করিয়া। ২ বৈদিক। ৩ 'স্বস্তি' বলিয়া। ৪ নিয়োজিবে। ৫ নৈঋতে। ৬ কুবের-দিগস্থিত[illegible]। ৭ ঊর্দ্ধে ৮ মূলে আছে "হরিনামরূপ অস্ত্রে তাড়িত হইয়া"। [illegible] ৯ মোহকর। ১০ ময়ূরের পুচ্ছ। ১১ মস্তকের উপর।

চতুর্বর্গ-প্রদায়িণ দিণ জণ দিণ ক্ষিণ
আরাধিত দেব চক্রপাণী
হয়্যা ভক্তিযুত মণ ক্রমে বিচক্ষণ-গণ
দিবে পাদ্য অর্ঘ আচমণী ॥ ১৬২৭
কোমল তুলশি দলে অথবা বণজ ফুলে
বিভু দিশ-ইশ (১) জণার্দ্দণ
শর্ব্বকামদাতা ত্রাতা জগ জণ জগণ পিতা
বুঁধ-গণে করিবে অর্চ্চণ ॥১৬২৮
নমো মৎস্যরূপী হরি কমট (২) শরির-ধারি
মৃগী আর নৃশিংহ বামণ
রাম দুর্ব্বাদলশ্যাম পশুরাম হলীরাম
নমি দেব তোমার চরণ ॥১৬২৯
নমো বৌদ্ধ (৩) শুদ্ধকায় নমো কল্কী গুরূপায়
বহুমূর্ত্তিধর তোমা নমী
নারায়ণ শ্রীকৃষ্ণায় শারঙ্গি (৪) শ্রীগোবিন্দায়
তব শ্রীচরণে নমি আমী ॥ ১৬৩০
নমো দামোদর দেব দেবদেব করি শেব
হৃষিকেশ শান্ত শাম গায়
নমো পদ্মাঁলয়স্বামী অব্জাক্ষ নমি আমি
অনন্তায় ণমো অর্চ্চ্যুতায় ॥ ১৬৩১
নমো তাক্ষধ্বজ (৫) স্বামী ণমো দেব চক্রপাণী
পদ্মপাণি করি ণমস্কার
জমুনাপুলীণচর নটবর বংশীধর
নমো বণমালী স্মুউদার ॥ ১৬৩২
এ প্রকারে বুঁধগণ জনার্দ্দণ পদার্চ্চণ
করি হরিপার্শ্বে হরিজায়া
পুজণ করিবে জ্ঞানী শব্যপার্শ্বে দেবী বাণী
দক্ষীনে পুজিবে পদ্মাঁলয়া ॥ ১৬৩৩
নমোস্তে গরুড়ায়েতী(৬) মন্ত্রে শুহে মহামতি
খগপতি বিনতানন্দণ
বিষ্ণু-অগ্রভাগে তারে পুজীবে সুধির নরে
বিষ্ণুদেব অর্ব্যয় বাহণ ॥ ১৬৩৪
ণমো শঙ্খ চাক্রতর রব জার মোহকর
বক্র চক্র দুষ্টপ্রাণাশায়(৭)
দণুজদলণ গদা নমোস্কার করি শ্রদ্ধা
ণমো পদ্মঁ খড়্গা নন্দকায়(৮) ॥ ১৬৩৫
শদারে শআয়ুধে শবাহণে
পুজা করি দেবেশ পরাৎমণে
পশ্চাত অষ্টাক্ষর মন্ত্রগণ
করিবেণ ধীর নর জাপণ
সুশক্তিরূপে মন্ত্র অষ্টাক্ষর
এক ভাবে জাপীবে ধীর নর ॥ ১৬৩৬
নারায়ণৈমুত্তম নৈবদ্য(৯)মন্ত্র কয়া
দিবে গোবিন্দেক উৎসর্গ দিয়া
দেবদেব বিষ্ণুরে মন্ত্রে পরে
ধুপ দীপ তাম্বুল দীবে নরে
আর অন্য(১০) উপহারগণ
বিষ্ণু তরে দিবে বৈষ্ণব জণ ॥ ১৬৩৭
চন্দণ-আগরু-যুত শুবাশীত
ধুপ দিপ কেশবশন্নিহিত
দেয় জে তাহার পুষ্প বাসনা
তুর্ণ(১১) হয় হে মুণী মহামনা

১=দিক্‌পতি। ২=কূর্ম। ৩=বুদ্ধ। ৪ শার্ঙ্গী। ৫=গরুড়ধ্বজ। ৬ মূলে আছে "ওঁ নমো গরুড়ায়েতি মন্ত্রেণৈব" ইত্যাদি। অর্থাৎ "ওঁ নমো গরুড়ায়" এই মন্ত্রের দ্বারা। ৭=দুষ্টের প্রাণ নাশ করে। ৮ বিষ্ণুর অসির নাম নন্দক। মূলে 'নমস্‌' শব্দের যোগে চতুর্থী বিভক্তি হওয়াতে 'নন্দকায়' পদ আছে। যথা "নন্দকায় নমো নমঃ"। অসির নাম নন্দকায় নহে, নন্দক। ৯ নৈবেদ্য। ১০=অন্যান্য। ১১ তূর্ণ=শীঘ্র।

ঘৃতবাশিত ধুপ হরি-তরে
দেয় জে জণ শে জণ পরে ॥ ১৬৩৮
কোটি কল্মষ(১) হণে মুক্ত পায়া
জায় বিষ্ণুভুবণে সুখি হয়া
গুগ্‌গুল বাশীত ধুপ জে জণ
বিষ্ণুক দেণ হয়া হর্ষমণ
সুরপরদুর্ল্লভ স্থান অতি
পরম আনন্দে শে করে গতি ॥ ১৬৩৯
হরিপ্রদিপ জে করে প্রদাণ
কিম্বা তিলতৈলে করেণ দাণ
নিমিশে তাহার কল্মষচয়
নাশ করে দেব দয়াময়
কর্পূরজুত(২)তাম্বুল জে জণ
জনার্দ্দণে হর্ষে করে অর্পণ ॥ ১৬৪০
শে জনার অচিরে মুক্তি হয়
জৈমিনী মুনী ইহা মিথ্যা নয়
খদির সহিতে তাম্বুল দিলে
ইহকালেত বহু ভোগ মিলে
অন্তে শে শন্ত শ্রীহরিমন্দিরে
করেণ গতি অতি শুখে পরে ॥ ১৬৪১
যষ্টীমধু আর জাতিফলেতে
তাম্বুল দিলে হরিশন্নিহিতে
দিতিশুত-অরাতিপুরি(৩)-মাজে
তণুত্যাগে শেহি নর বিরাজে
হে জৈমিণী মুণি বৈষ্ণবজণে
বক্ষমাণ মন্ত্রেক উশ্চারণে(৪) ॥ ১৬৪২
শংখে উদক পরিপুর্ণ করি
প্রদক্ষিণ করিবে দেব হরি

জনার্দ্দণ জগবন্দ্যো শরণ
তব পদে লয়েন জেহি জণ
তাক পালণকারণ হে তুমি
দাশদাশদাশত্ব দেহি স্বামি ॥(৫) ১৬৪৩
এহি মন্ত্র বিনিতে উশ্চারণে
কেশব প্রদক্ষীণ জেহি জঁণে
করে তার পুন্য বলি শংখেপে
শুণ দ্বিজ জৈমিণি মহাতপে
হাস্ত কর ব্রহ্মহত্যাদি পাপ
সদা কলেবরে দেয় শন্তাপ ॥ ১৬৪৪
পদে পদে কেশবপ্রদক্ষিণে
বপু পরিহরি জায় তখণে
হে দ্বিজশ্রেষ্ঠ জেটি পদ গতি(৬)
প্রদক্ষিণে কেশব লক্ষীপতি
তাবত কল্প শহস্র বিষ্ণুভুবণে
স্থিত বিহরিত বৈকণ্ঠ শণে ॥ ১৬৪৫
পদ্মাক্ষ পদাম্বুজ প্রদক্ষীণে
জেটী পদ গতি হে মহামুণে
শেটি (৭) অশ্বমেধ ফল পায় নরে
প্রতিপদে অশ্বমেধ ফল ধরে
ধীমান শম্ভু প্রদক্ষিণে মাণবে
শোমশুত্র কখণ না লঙ্ঘিবে(৮) ॥ ১৬৪৬
জদি ইহা নরে করেণ লঙ্ঘণ
হয় বিফল পুজাফলগণ
শ্রীহরিক খ্যাস্নেক করিলে প্রদক্ষিণ
জন্মে জন্মে শার্ব্বভৌম(৯)জানিবা প্রবিণ
বিষ্ণুপদ দীবার(১০) প্রদক্ষিণ করিলে
ত্রিদিবে তাহার ইন্দ্রসম পদ মিলে ॥ ১৬৪৭

১—পাপ। ২ কর্পূরযুক্ত। ৩ দিতিসুত—দৈত্য; তাহাদের অরাতি—দেব; তাহাদের পুরীতে। ৪—উচ্চারণে। ৫ মূলে আছে "দাসদাসদাসানাং দাসত্বং দেহি মে প্রভো।"
৬—যে কয়টি পদক্ষেপ করে। ৭—সেই পরিমাণে। ৮—"সোমসূত্র কখন লঙ্ঘন করিবে না" (মূল)। ৯—প্রতিজন্মে সার্ব্বভৌম নৃপতি হইবে। ১০—দুইবার।

গোবিন্দ পদারবিন্দ প্রদক্ষিণে ত্রয়(১)
মাধব জাদব কলেবরাশ্রয় হয়
উদোক-সংযোগ শংখ(২)কেশব উপরে
জৈমিনি ভ্রামণ করায়েন জেহি নরে ॥ ১৬৪৮
অন্তে সেহি সন্ত দেবালয় আগমণে
করে দেখা লেখগণ বন্দেণ চরণে
অতুল ভুতলে শির করিয়া পতণ
শপ্তবার জগাধার করিলে বন্দণ ॥ ১৬৪৯
তার কলেবরতাপকর পাপচয়
তখণে হইয়া ভস্মি হয় ভস্মময়
জেহি মতিমাণ বর্দ্ধ করি এহি পানী
শিরে ধরি প্রদক্ষিণ করে জত্নমানী ॥ ১৬৫০
তার প্রতি লক্ষ্মীপতি বিষ্ণু দয়াময়
পরমপদেক দেয় হইয়া শদয়
শর্ব্বসংশহা মাজে শর্ব্ব-অঙ্গনিপতণে
ভক্তভয়হারি হরি বন্দে জেহি জণে ॥ ১৬৫১
বিপ্রবর বলী হের তার ফলগণ
মননে শ্রবণে তুমি করহে শ্রবণ
শরির হইতে জত রেণু ভিন্ন নয়
বিশেষ বয়শে জত করেণ আশ্রয় ॥১৬৫২
নহে অল্প তত কল্পশহশ্রেক মাণ
পায় দেব অধিকারি অরি শন্নিধাণ(৩)
তার পরে কেশবনির্ম্মাল্য ভক্তজণে
বৈষ্ণবগণক দিবে অতি হর্ষমণে ॥ ১৬৫৩
বৈষ্ণবগণের নাম বলী হের আমি
জৈমিণী মুনিন্দ্র চিত্ত দিয়া শুণ তুমি
[illegible] রিশ যশী
বিভিশণ রুক্মাঙ্গদ পুণ্ডরীক(?) [illegible] ॥ ১৬৫৪

হণুমান মার্কণ্ডেয় নৃপ যুধিষ্ঠীর
অশ্বত্থামা কৃপ ভিস্ম আর ধ্রুব ধীর
প্রহ্লাদপুত্রজ বলি শণতকুমার(৭)
আর অন্য বৈষ্ণব শকল সদাচার ॥ ১৬৫৫
বাসুদেবনির্ম্মাল্য শকল কামদাতা
বৈষ্ণব শকল কর গ্রহণ শর্ব্বথা
এ উক্ত করিয়া বেক্ত(৮) নির্ম্মাল্য হরির
নিক্ষেপণ ভুতলে করিবে ওহে ধীর ॥ ১৬৫৬
তারপর দামোদরনির্ম্মাল্য আপণে
গ্রহন করিবে অতি ভক্তিযুত মণে
শ্রীহরির নির্ম্মাল্য উত্তম জার মাথে
দর্শন করিবা দ্বিজশ্রেষ্ঠ মহামতে ॥ ১৬৫৭
সাক্ষাত দেব হরি শয়ং বলী তারে জ্ঞাণ
করিবা মানিবা ওহে মুনিন্দ্র বিজ্ঞাণ
বিষ্ণুর নির্ম্মাল্য সুদুর্ল্লভ অতিশয়
পবিত্রকারক ঘোর পাপনাশময় ॥ ১৬৫৮
ত্রিদিবে ত্রিদশ সর্ব্বে গ্রহণ শর্ব্বথা
করেণ মুণুস্য লোকে মুণুস্য কা কথা(৯)
জৈমিনী মুনিন্দ্র মুণী শুত জ্ঞাণবাণ
জে বৈষ্ণব তুলশিপত্রের লয় ঘ্রাণ ॥ ১৬৫৯
তার দেহান্তরস্থাই(১০) পাপ শমুদায়
আঘ্রাণ মাত্রেতে দুষ্ট কষ্টে নষ্ট পায়
তুলশীপত্রের ঘ্রাণ নাশিকায় জার
প্রবেশণে শরিস্থ(১১)আপদ তাহার ॥ ১৬৬০
ক্ষুধাতুর হয়া দুর করেণ শমণ
শংশয় ইহাত নাহি ওহে তপোধণ
জে মাণব তুলশী পত্রের লয়া গন্ধ
মণে শন্তে জত্নে অতি পরম আনন্দ ॥ ১৬৬১

১ তিনবার প্রদক্ষিণ করিবেন। ২=জলপূর্ণ শঙ্খ। ৩=যত-গুলি ধূলিকণায় দ্বারা দেহ ভূষিত হয়, তত সহস্র কল্প হরির নিকট বাস করে। ৪ প্রহ্লাদ। ৫ অক্রুর। ৬ উদ্ধব। ৭ মূলে আছে "সনক" ৮=এই কথা বলিয়া। ৯=মনুষ্যলোকে মনুষ্যের কথা আর কি বলিব? ১০ দেহান্তরস্থায়ী। ১১ শরীরস্থ।

তাহার আলয় নিত্য আনন্দিতময়
জানিবা ভূদেবত্তম(১)কভু মিথ্যা নয়
শরলা অবলা কমলার প্রিয় অতি
অচ্যুত অবাস জগন্নাথ যদুপতি ॥১৬৬২
ভবনিরধির নির তরণ তরণী
স্তব স্তোত্রে তুষী তারে করি জোরপাণি
প্রাজ্ঞজণগণ স্থির করি নিজ মণ
এহি মন্ত্রগণ করিবেণ উদিরণ ॥ ১৬৬৩
নারায়ণ জগদ্রূপ জগদ্ধাম হরি
জগপতে জগত্জণক ভয়হারি
প্রশন্ন আমাত দেব হয়া শর্ব্বক্ষন
নিজস্থাণ ভগবাণ কর আগমণ ॥ ১৬৬৪
দেবেন্দ্র উপেন্দ্র আমি ভক্তিশক্তিহিণ
শক্তি-অনুশারে মম পুজা ভক্ত্যাধিণ
জগন্নাথ দয়াময় প্রশাদে তোমার
অছিদ্র(২) হউক কৃত পুজণ আমার ॥ ১৬৬৫
তারপরে প্রাজ্ঞ হয়া ভক্তিযুতমণ
মহাবিষ্ণু পরায়ণ পদাম্বু জবণ
ঘোর পাপ কাষ্ট নষ্ট কর হুতাশণ
মস্তক উপরে তারে করিবে বহণ ॥ ১৬৬৬
বিষ্ণু পাদোদক শুভদায়ক শবার
কণমাত্র শিরে বহে জেহি সদাচার
শে জণ শকল তির্থে করিলেণ স্নাণ
শত্য বলিলাম ওহে জৈমিনী বিদ্বাণ ॥ ১৬৬৭
জিষ্ণুপুজ বিষ্ণুপাদোদকপরশণে
গঙ্গাস্নান ফলপ্রাপ্ত হয় নরগণে
ওহে বিপ্রবর নারায়ণপাদোদকে
হয়াছেণ গঙ্গাদেবী আছে তিন লোকে ॥ ১৬৬৮
মহাত্মা কেশবপদ নির পরশণে
ব্যাধি ভয় নাহি মৃত্যু অকালে কখণে
মুকুন্দ পদারবিন্দ বিন্দুশম নীর
মহাশৌধি জান পাপ ব্যাধি শরীরির ॥ ১৬৬৯
পাপিষ্ঠগণ প্রতিদিণ করি পাণ
অন্তেত পরমপদ করিবে পয়াণ
ওহে দ্বিজ নিজ ইষ্টনিষ্ট শিষ্ট ধীর
জে বৈষ্ণব পাণ করে বিষ্ণুপদনীর ॥ ১৬৭০
তার শরিরস্থ পিড়াকর পাপচয়
তখণে নাশেণ দেব হইয়া শদয়
দেহিশকলের দেহ বেদণা জেমণ
ঔশধ শকলে করে তুর্ণ(৩) বিনাশণ ॥ ১৬৭১
শরিরির শরীরস্থ তাপ পাপ ব্যাধি
করে নাশ পিতবাশ পাদোদকৌষধি
মিশ্রিত তুলশিদল বিষ্ণুপদজল
ত্রিভুবনজণসুদুর্লভ সুনির্ম্মল ॥ ১৬৭২
ভক্তিভাবে শিরে বহে জেহি শিষ্টগণ
প্রবল তাহার পুন্য করি উদিরণ
ব্রহ্মহত্যা আদি কষ্টচেষ্টে পাপ হণে
মুক্ত হয়া বিষ্ণুরূপ হএন তখণে ॥ ১৬৭৩
অন্তকালে বিষ্ণুপুরে হয়া প্রবেশণ
বিষ্ণুশঙ্গে বিহার করেণ শর্ব্বক্ষণ
মেরুতুল্য শর্ণ দাণে ফল জে শকল
বিষ্ণুপাদোদকস্পর্শে মিলে শেহি ফল ॥ ১৬৭৪
ব্রাহ্মণগণেক করি অশেষ শম্মাণ
শপ্তদ্বিপা বসুন্ধরা করিলে প্রদাণ
প্রাপ্ত হয় নরে জাণ জে ফল শকল
বিষ্ণুপাদোদকস্পর্শে মিলে শেহি ফল ॥ ১৬৭৫

১—ব্রাহ্মণশ্রেষ্ঠ। ২—দোষহীন। ৩—শীঘ্র।

শহস্রেক অশ্বমেধে জেহি ফল হয়
বিষ্ণুপাদোদকস্পর্শে কোটি ফলোদয়
কোটী কন্যাদাণে মিলে জে ফল শকল
বিষ্ণুপাদোদকস্পর্শে ততোধিক ফল ॥ ১৬৭৬
জে শকল ফল অশ্ব(১)গজ কোটি দাণে
শে ফল শ্রীবিষ্ণুপদনিরপরশণে
শত কোটী দির্ঘিকা প্রদাণে জে শকল
বিষ্ণুপাদোদকপর্শে ততোধিক ফল ॥ ১৬৭৭
বহুতর কি কাজ করিয়া উদিরণ
[illegible]
কল্মশনাশক বিষ্ণুপাদোদকপাণে
মুক্ত প্রাপ্ত ভূচর খেচর নরগণে॥ ১৬৭৮
পুণঃ পুণ বিপ্র বলি শুদৃঢ়ে তোমাকে
পুণঃজন্মহিণ পর্শে বিষ্ণুপাদোদকে(২)
বিষ্ণুর নৈবিদ্যশেষ পাপবিনাশন
জে ঘ্রাণে পরমপদ পায় শেহি জণ ॥ ১৬৭৯
বিষ্ণুর নৈবিদ্য দ্বিজ শুদুর্লভ রতি
ভোজন করেণ জে শকল মহামতি
তার দেহ হণে পাপ হয়েন বিদুর
ভোগে সুখচয় সুখ লভেন প্রচুর ॥ ১৬৮০
ভূমিশুরশ্রেষ্ট কথা করহে শ্রবন
জণার্দ্দণনৈবিদ্যক জে করে গ্রহণ
দেবতার শুদুর্লভ মুক্তি শেহি পায়
দাশরূপে মুক্তি তার শঙ্গে শর্ব্বদায় ॥ ১৬৮১
কান্তা কমলার কান্ত করিয়া অর্চ্চন
কিঞ্চিত নৈবিদ্য পরে করিলে ভোজণ
অচিরে তাহারে দেবদেব দয়াময়
রঙ্গমণে নিজ অঙ্গে দেয়েন আশ্রয় ॥ ১৬৮২

মহাবিষ্ণুনৈবিদ্যের জত গুণগণ
অশামর্থ আমার কহিতে হে ব্রাহ্মণ
জনার্দ্দণনৈবিদ্যেক ভোজণ জে করে
তাহার অধিণ হরি হইল শত্তরে ॥ ১৬৮৩
ওহে বিপ্রবর ধির শ্রীর মতিমাণ
এমণ বিধাণে প্রতিমাশে ভগবান
মুক্তি-ইশ্বা-কর নর হয়া ভক্তিপর
করিবে অর্চ্চণ মুক্তি পাবে শেহি নর ॥ ১৬৮৪
কোন বা বিধাণে(৩) পুজা করুক চক্রির
তাতে খেতি ণাহি ওহে মুনিন্দ্র সুধির
ভক্তিত শন্তুষ্ট চিত্ত দেব নারায়ণ
অতএব জাণ ভক্তি শ্রেষ্ট একারণ ॥ ১৬৮৫
মূর্খগণ উদিরণ করেণ বিষ্ণায়(৪)
বৈষ্ণবে বলেণ নিরবধি ধীরচয়
দুয়ো বাক্যে শম পুন্ড করেণ প্রদাণ
জাত (৫) ভাব-গ্রাহি জনার্দ্দণ ভগবাণ ॥ ১৬৮৬
বিধিহিনা ভক্তিভাবে পূজীলে শ্রীপতি
শেহি পুজা শ্রেষ্ট কেশবের প্রিয় অতি
বিধিবতে বিষ্ণু অর্চ্চে বিধিজ্ঞ শকল।
তাহাতে হএন বিপ্র জে শকল ফল ॥ ১৬৮৭
অবিধিজ্ঞ জণ ভক্তিভাবে পুজা কৈলে
জানিবা তাহার শেহিমত ফল মিলে
বিধি-উক্ত অণেক নৈবিদ্য করি দাণ
ভক্তিহিণ মণে জদি পুজে ভগবাণ ॥ ১৬৮৮
তাহাত শন্তুষ্ট ণহে দেব নারায়ণ
পুজাপ্রবাগণ তার না করে গ্রহন
দেব জনার্দ্দণে ভক্তি জাহার জাবত
নিশংশয় ফল প্রাপ্তি তাহার তাবত ॥ ১৬৮৯

১ অশ্ব। ২—বিষ্ণুপাদোদক স্পর্শ করিলে পুনর্জন্ম হয় না। ৩—যে কোন প্রকারে। ৪—মূর্খগণ বিষ্ণু শব্দের চতুর্থীর একবচনে "বিষ্ণবে" হইবে না জানিয়া, "নমো বিষ্ণায়" বলে। ৫—যেহেতু।

অভক্ত মাণবগণ ভুবনমাঝারে
পুজণ করেণ নারায়ন দামোদরে
শেহি পুজা কালপুজা হে ব্রাহ্মণ শ্রেষ্ট
বহণ করেণ দুষ্ট হয়া অতি হৃষ্ট ॥ ১৬৯০
জ্ঞাণ হৈতে দেবভক্তি হয়েণ শম্ভব
ভক্তি হৈতে তুষ্ট দেবশ্রেষ্ট শে কেশব
উৎপত্তি ক্রমে শে মুক্তি করিলে অর্চ্চণ
কেবল্য শকল মূল হরি আরাধণ ॥ ১৬৯১
জেহি প্রাজ্ঞ শ্রদ্ধাযুত চিত হয়া অতি
অল্প অণুষ্টাণে পুজা করেণ শ্রীপতি
তার পুজাগণ জাণ শু-অক্ষয় হয়
শ্রদ্ধাহিণে অর্চ্চণ করিলে কীছু নয় ॥ ১৬৯২
ভক্তিযুত মণ হয়া দেব নারায়ণ
হে দ্বিজ বারেক পরে করিলে অর্চ্চন
বিষ্ণুনিজস্থাণপ্রাপ্ত হয় শে জনার
জাত ভক্তিবশ হরি জগত-আধার ॥ ১৬৯৩
শর্ব্বশাররূপ হরি অশার শংশারে
দ্বিজ নিজমঙ্গলোশি(১) নরে পুজে তারে
অতঃপর ভক্তিভাবে তুমি ও অধণ
শ্রীকৃষ্ণ অনন্ত মুর্ত্তি কর আরাধণ ॥ ১৬৯৭(২)
বেদব্যাসজৈমিনিশংবাদে কথাগণ
ক্রিয়াযোগশারে দশধ্যায় শমাপণ

বেহারে বিহরে স্মরহরবংশে জাত
শ্রীহরেন্দ্র নারায়ণ ভুবণে বিখ্যাত ॥ ১৬৯৮
কলিকালে ভূমণ্ডলে হেণ মত রায়(৩)
না হৈছে না হবে পরে নৃপবরকায়
দাণে মাণে শন্তোষ করেণ শত্তু জণে
দিণযুত শকলেক পালে সুজতণে ॥ ১৬৯৯
কল্পতরুপ্রায় দিণদৈন্য খণ্ডাইতে
কল্পলতা মাতাগণ শদা জার শাথে
জখণ জাচকগণ জে করে জাচণ
তখণে তাহার করে জাচনা পুরণ ॥ ১৭০০
করিয়া গ্রহণ সুপ্রচুর তার দাণ
দুখিজণগণ দুখার্ণবে হৈল ত্রাণ
কর্ম্মভোগি দরিদ্র শকল শর্ব্বকালে
নয়া দাণ তভু দুঃখ না ঘুচে ভুতলে ॥ ১৭০১
দাতা কারুণ্যতা গুণ করিয়া শ্রবণ
আশিয়া অণেকদেশি হৈতেছে পালণ
জার মন্দ দশা তারে নৃপ গুণবাণ
না করে প্রদাণ ধণ না করেণ মাণ ॥ ১৭০২
এ প্রকার নৃপতির মধুর আদেশে
দীনযুত নৃপদাষ রিপুঞ্জয় ভাশে
কেণ মণ শদা থাক করিয়া ভাবণা
সুপ্রশন্ন হবে ভুপ পুরাবে কামনা ॥ ১৭০৩

[একাদশ অধ্যায়]

ব্যাষ মুনিবর বলিছে তত্তপর
ব্রাহ্মণনিকর— শ্রেষ্ট জৈমিনী
জগতপুজীত গুরের বন্দিত
অসুর-অজিত অম্বুজপানী ॥ ১৭০৪

১—মূলে আছে "নিজমঙ্গলৈষিণো"—নিজের মঙ্গলকামনাকারী। ২ এইস্থলে নম্বর ভুল হইয়াছে।
৩—রাজা।

বিষ্ণুভক্ত পরে
ফাল্গুণে তাহারে
প্রতি অহিণে
আতি শুদ্ধান্তরে
শ্রাদ্ধাযুত মণ
করিবে পুজণ
শুস্থির মণে ॥ ১৭০৫
হইয়া শষণ
দেবকীশন্তাণ
দেব ভগবাণ
ফাল্গুণে নর
ঘৃত দ্বারা স্নাণ
শেহি ফলচয়
করিলে জে হয়
শ্রবণ কর ॥ ১৭০৬
বলি এ শময়
পাএন শকল
শর্ব্বযজ্ঞফল
লভে শে নরে
শর্ব্ব দাণ ফল
শ্রীহরি-আলয়
অন্তিমশময়
হয়া বিহরে ॥ ১৭০৭
তাপ পাপ ক্ষয়
ভোগ পরিপাটি
যুগশশ্র কোটি
মধ্যে ভোগীয়ে
শ্রীহরির বাটি
হয়া জ্ঞানবাণ
শে পর শুজ্ঞাণ
পায় তথিয়ে ॥ ১৭০৮
সুকৃতি নির্ব্বাণ
জগত-ইশ্বর,
গোপরূপধর
শিশিরে তারে,
কৃষ্ণরূপাকর
দেয় জেহি লোক
তিলের মোদক
বৈকন্টপুরে ॥ ১৭০৯
জাএণ অশোক(১)
গোদুগ্ধলড্ডুক,
লভিয়া কৌতুক
দেয় কেশবে,
জে শুধির লোক
শত মণ্বন্তর,
স্বর্গ্গে শেহিণর
থায় উৎস্ববে ॥ ১৭১০
অমৃত শিকর
থাড়গুড়গণ,
হে বিপ্রনন্দণ
করে প্রদাণ,
হরিক জে জণ
তারে পারায়ণ,
হয়া শুপ্রসণ,
ছেদেণ জ্ঞাণ ॥ ১৭১১
এ ভববন্ধণ

বিচিত্র ফালীত,
হইয়া হর্ষিত
দেয় জে জণ,
জগত পুজীত
শক্রের নগরে,
অন্তে শে পরেরে
করে বন্ধণ ॥ ১৭১২
দেবতা নিকরে
শর্ক্করা নির্ম্মল,
হয়া কুতুহল
তরে প্রদাণ,
ভকত বৎসল
তারে নারায়ণ,
করেণ জে জণ
কি না [illegible](২) ॥ ১৭১৩
হয়া সুপ্রশণ
অতি শুমাধুরি,
শুপক্ক বদরি
ফাল্গুণে জণে
দেবদেব হরি
জেহি ফলগণ
কৈলে বিতরণ
সুণহে মুণে ॥ ১৭১৪
বলিতা অখণ
আনন্দিত মণে
পুত্রপৌত্রশণে
ভোগ করিয়া
সর্ব্বসুখগণে
শ্রীহরিভুবণ
অন্তেত শে জণ
রথে চরিয়া ॥ ১৭১৫
করেণ গমণ
গুড় শহকারে
ফল বদরিরে
কভু না দিবে
উপেন্দ্রের তরে
হয়া হিণজ্ঞাণ
হে বিপ্রশন্তাণ
নরকে জাবে ॥ ১৭১৬
জদি করে দাণ
ফাল্গুণে জেণর
ওহে দ্বিজবর
দারিম্বি ফল
শুপক্ক(৩) সুন্দর
তরে বিতরণ
দেব নারায়ণ
বলি শকল ॥ ১৭১৭
তার ফলগণ
থাকে বিষ্ণু জত(৪)
দারিম্বি মৈধ্যন্ত
পরম শুখে
মণ্বন্তর তাবত
পুরে অধিষ্ঠাণ
দেব ভগবাণ
হইয়া থাকে ॥ ১৭১৮
শেহি ভাগ্যবাণ

১—শোকহীন। ২—কি না দান করেন? ৩ সুপক্ব। ৪ দাড়িম্বের মত বীজ।

গুর গুপিষ্টক(১) বিবুঁধনায়ক
ফাল্গুণে জে লোক করে প্রদাণ।
হে দ্বিজ সুবোধ শশ্রঁ বাজিমেধ(২)
কৈল শেহি বুঁধ আপণে জাণ॥ ১৭১৯

ওহে দ্বিজ নিজকুলকুমুদিনীশশে
মধু দ্বারা মধুশুদণেরে মধুমাশে
করাএণ স্নাণ জেহি শন্ত নরগণ
বিষ্ণুর পরম পদ পাবেণ শেজণ॥ ১৭২০

আনাময় জগতজণক নারায়ণ
তারে মধুদ্বারা স্নাণ করায় জে জণ
তার কথা উদিরণ শবিতাতণয়(৩)
মণে আর বদণ বচণে নাহি লয়॥ ১৭২১

চৈত্রেত কিংশুক পুষ্পে হরিক অর্চ্চণ
করিলে জা হয় তার বলি ফলগণ
শমণশদণে চিত্রগোপ্ত নাম তার
না লিখেণ পঞ্জিকায় করে পরিহার॥ ১৭২২

চৈত্রমাশে জগতেষ নারায়ণ কৃষ্ণ
তিলক পুষ্পের দ্বারা জজেণ জে শিষ্ট
পুনরায় শেহি পুন্যকায় মহীতলে
না হয়েণ জন্ম ত্রাণ হয় কতুহলে॥ ১৭২৩

শর্ব্বদেবশিরোমণী চক্রপাণী তরে
বকুলপ্রশুণদাণে অর্চ্চে জেহি নরে
ধর্ম্মপরায়ণ ওহে ভুদেবনন্দণ
শে জণ আপদ নাহি লভেন কখণ॥ ১৭২৪

বশন্তে বাশন্তি ভগবাণ পরাত্মণ(৪)
শুগন্ধি দ্রব্যের দ্বারা অর্চ্চে জেহিজণ
জিনিবে জিদশগণ তাহারে শতত
পুজা করে আর তারা হয় অবণত॥ ১৭২৫

কামের অখণ্ড পত্র অতি কীশলয়
ইহা দিয়া অর্চ্চণ করিলে দয়াময়
তাহারে দর্শণ করি ভাস্করনন্দণ
উঠিয়া আশণ হণে করেণ বন্দণ॥ ১৭২৬

আমলখিপত্র শুণবিণ শুকোমলে
শ্রীহরিক ইহা দিয়া অর্চ্চন করিলে
অচিরে তাহারে দেব ভকতবৎস্বল
প্রদান করেণ মণ বাঞ্ছিতার্থ ফল॥ ১৭২৭

অখণ্ড বেল্যের(৫) পত্র অথবা ধস্তুরে(৬)
অথবা দুর্ব্বার পত্রে(৭) জজিলে বিষ্ণুরে
শে নর দুর্ঘোর ভবপারাবার হণে
হৈল পার দুঃখ তার কী আছে ভুবণে॥ ১৭২৮

রম্ভা ফল হরি তরে হে বিপ্রনন্দণ
জে জণ প্রদান করে হয়া হর্ষমণ
শতক্রতু(৮) আদি করি ত্রিদশশকলে
অহর্নিশে তাহারে বন্দেন কতুহলে॥ ১৭২৯

চৈত্রমাশে জে নর হইয়া ভক্তিপর
কৃপাল গোপালরূপি জগত-ইশ্বর
তারে জদি গোধুম পিষ্টক করে দাণ
শেজণ শকল পাপ হণে মুক্ত পাণ॥ ১৭৩০

জদুকুলকমলমিহির পৃত বাণ
জাহার মাধব মাষ হয়াছে আখ্যাণ
তাতে বিষ্ণু অণুরক্ত ভক্তজণগণ
আমিশ মৈথণ তৈল করিবে বর্জ্জণ॥ ১৭৩১

পরান্ন বির্ভোজণ বর্জ্জণ করিবে
শানন্দ লভিয়া প্রাৎস্নাণ(৯) আচরিবে
ওহে দ্বিজ পুর্ব্ব-উক্ত বিধি আরম্ভণে
প্রভাতে পুজিবে বিষ্ণু বিষ্ণুভক্তগণে॥ ১৭৩২

---

১ গুড় হপিষ্টক। ২—অশ্বমেধ। ৩—যম। ৪ মূলে আছে "বাসন্তীভির্দ্বিজশ্রেষ্ঠ বসন্তে পূজয়েদ্বু যঃ"। ৫ বিল্বের। ৬ ধুস্তুরে—ধুতুরা ফুলে। ৭ মূলে আছে "দূর্ব্বাপত্রৈঃ"। ৮ ইন্দ্র। ৯ প্রাতঃস্নান।

কুসুমবাশিত নির দ্বারা নারায়ণ
বৈশাখে করিবে পুজা হয়া হর্শমণ
শন্ধাকালাক্রমে(১) অর্চ্চুতক শিত(২) জলে
স্থাপণ করিয়া রাখিবেক কতুহলে ॥ ১৭৩৩
বৈশাখে মদণশ্রগে(৩) বিষ্ণুভক্তগণ
অলংকৃত করাবেক দেব নারায়ণ
তার প্রতি সুপ্রশণ্ণ হইয়া ইশ্বর
কী প্রদান না করিবে ওহে বিপ্রবর ॥ ১৭৩৪
চক্রপাণীতরে নরে হয়া ভক্তিমাণ
বৈশাখে জবান্ন(৪) জদিস্থাত করে দাণ
ভুতলে পণ্ডিত এপ্রকার কোণজণ
শমর্থ তাহার পুন্ন করিতে গণণ ॥ ১৭৩৫
বৈশাখেমাধবপ্রিত হেতু জে কিঞ্চিত
করেণ প্রদান জন হইয়া হর্শিত
তার দাণফল জাণ শু-অক্ষয় হয়
হে বিপ্রতণয় ইহা কভু মিথ্যা ণয় ॥ ১৭৩৬
মাধবমাশেত হরিপ্রিতের কারণ
শুক্কতকর্ম্মেক লোকে কৈলে আচরণ
ওহে দ্বিজশ্রেষ্ট দ্বিজশুত শদাশায়
না হয় তাহার কৃত কর্ম্মফল ক্ষয় ॥ ১৭৩৭
বৈশাখ দুরভ মাশ শর্ব্বকামদাতা
বিশ্বাম্নর নিয়জন শকলে শর্ব্বথা
প্রজন্মে অনন্ত কর্ম্ম করিয়া বর্য্যাণ
কেবল করিবে হরিপদ আরাধণ ॥ ১৭৩৮
বৈশাখে একাহ হরি জে জণে জজেণ
শতবর্ষ যজ্ঞকৃত ফল শে লভেণ
বৈশাখমাশেতে মাধবের তুষ্ট হেতু
পাণীশাল করে জে শকল পুন্যশেতু ॥ ১৭৩৯

শে শেব মাণব দ্বিজশ্রেষ্ট হে জৈমিণে
অশ্বমেধ ফলপ্রাপ্ত হয় দিণে দিণে
অশ্বস্থরূপিন বিষ্ণু বিষ্ণুভক্তগণ
প্রত্যহ বৈশাখে জল করিবে শেচণ ॥ ১৭৪০
জে বৈষ্ণব এহি কর্ম্ম আচরণ করে
চতুঃবর্গ্গ ফল লব্ধ হয় জাণ তারে
গণ্ডুশপ্রমাণ নির দ্বারা জেহি জণ
অশস্থপাদপে হর্শে করেণ শেচণ ॥ ১৭৪১
হয়া মুক্ত অতিরেক্ত পাপ কোটী হতে
পরমস্থানেক প্রাপ্তি হয় শেহি জণে
অশ্বস্থমূলেক জত্নে হে বিপ্রণন্দণ
শিলা আদি দিয়া জেহি করেণ বন্ধণ ॥ ১৭৪২
অশ্বস্থরূপি শে হরি দৈবকী তণয়
কী দ্রব্য নাদিবে হয়া সন্তুষ্টহৃদয়
অশ্বস্থবৃক্ষেক জিণি করি বিলোকণ
ভক্তিভাবে প্রণামেন হয়া হর্শমণ ॥ ১৭৪৩
শেজণার আয়ু জাণ বর্দ্ধিষ্টক(৫) পায়
শম্পদ তাহার নিত্যে নিত্যে বৃর্দ্ধি হয়।
কতুহলে অশ্বস্থের তলে হে পণ্ডিত
ধর্ম্ম কর্ম্ম আচরেণ জেহি ধর্ম্মাশ্রিত ॥ ১৭৪৪
তার কর্ম্মগণ ন্যুণ হৈলে ন্যুণ নয়
অতিরেক্ত হৈলে নয় অতি ফলোদয়
শাখি(৬) শ্রেষ্ট অশ্বস্থ ত্রিষ্টেণ(৭) জেহিস্থাণে
গঙ্গা আদি করি জত তির্থ শেহিথাণে ॥ ১৭৪৫
অশ্বস্থপাদপপুজা করে জেহি নর
শ্রীহরিপুজক শেহি ওহে দ্বিজবর
জাত অশ্বস্থের রূপ বটে ভগবান
ওহে দ্বিজ তারে না করিবা তরুজ্ঞাণ ॥ ১৭৪৬

১—যাবৎকাল পর্য্যন্ত। ২—শীতল। ৩ মূলে আছে "সুমনঃপ্রগ্ভিঃ" অর্থাৎ পুষ্পমালা দ্বারা।
৪ যবান্ন। ৫—বৃদ্ধি। ৬—বৃক্ষ। ৭—অবস্থান করে।

তত্ত্বজ্ঞাণ করি তারে জেহি মূঢ় জণ
অস্ত্রপাণী হয়া ধায়া করেণ হণণ
শংশার ভিতরে নাহি জেহি কর্ম্ম চয়
তারে আচরণ করি তভু শুদ্ধ শয় ॥ ১৭৪৭
গুণিশ্চয় হরিমূর্ত্তি বঠে বৃঁক্ষরাজ
তাহাক ছেদণ দ্বিজ পরম অকাজ
অশ্বত্থবৃঁক্ষক জেহি করিছে হণণ
করিবে শংশারে তারে ত্রান কোণ জণ ॥ ১৭৪৮
অশ্বত্থ বৃঁক্ষক বিপ্র দর্শণ জে করে
স্পর্শণ করেণ আর স্মরেন অন্তরে
তার দেহস্থাই শর্ব্বপাপ হয় নাষ
জেণ পাপ গষ্ট প্রণামিলে পিত্তবাষ ॥ ১৭৪৯
অশ্বত্থহণণকর্ত্তা করি বিলোকণ
নিবারিত্তে শক্তি তিনি না করে বারণ
তার-ণেত্রযুগ্ম দেব ভাস্করতণয়(১)
নিজে উৎপাটন করে বরিশ(২) দ্বারায় ॥ ১৭৫০
অহে মূঢ় অশ্বত্থেরে না কর শ্চেদণ
এপ্রকার বদণে না বলে জেহিজ্ঞণ
শবিতানন্দণ নিজে ছুরি ধরি করে
তর্জ্জণ বচণে জিভ্যা(৩) ছেদ করে তারে ॥ ১৭৫১
অশ্বত্থের অম্ন এক শাখাক জে জণ
অস্ত্র দ্বারা কীর্ত্তা হস্তে করেণ হণণ
শে মানব কোটি ব্রঁহ্মহত্যা ফল পায়
অপর জে পাপে পায় শুণ বলী তায় ॥ ১৭৫২
জে পাপ হএণ দ্বিজ হণণ করিলে
গুরুনারিহরণে জে শব পাপ মিলে
শুরাপাণে জেহি পাপ হএণ শঞ্চয়
স্বর্ণ হরণে আর জেহি পাপ হয় ॥ ১৭৫৩
হয় জেহি পাপ গর্ব্ভ করিলে বিনাশ
গো হত্যায় জে পাপ শরিরে করে বাশ
স্ত্রীহত্যাকরণে আর পরস্ত্রীহরণে
শরণাগতেক নষ্ট শুহৃদহননে ॥ ১৭৫৪
বিশ্বাষবচণ প্রকাশীলে জেহি হয়
পরহিংশা করিলে জে পাপের শঞ্চয়
পরণিন্দা আর হরিবাশরভোজণে
জে পাপ শে পাপে পায় অশ্বত্থছেদণে ॥ ১৭৫৫
মোহযুত চিত হয়া জে পামরজণ
বিষ্ণুমূর্ত্তি অশ্বত্থেক করেণ ছেদণ
তার শম পাপি আর নাহি ত্রিভুবণে
ইহার শমাণ পাপী নাহী শুনী কাণে ॥ ১৭৫৬
অশ্বত্থমহাৎমা শর্ব্বপাপবিণাশণ
করিতেছি আমি হের তাহা উদিরণ
হে দ্বিজতণয় ইতিহাশশমন্বিতে
বলী আমি শ্রবণ করহে শুদ্ধ চিতে ॥ ১৭৫৭
পুর্ব্বে ভৃগুযুগে ছিল বিপ্র ধণঞ্জয়
শান্ত দান্ত মহন্ত শুস্থির শুণালয়
হরিত শতত ভক্তি করিছে ব্রাঁহ্মণ
শর্ব্বপ্রাণীহিতকরি আছে আচরণ ॥ ১৭৫৮
জ্ঞাতিক পুজণ করিয়াছে প্রতিণিতে(৪)
দিনজণে দান দ্বিজ দেয় নানামতে
শত্যবাদি জীতক্রোধি হিংশাবিবর্যিত
মোক্ষপদ দ্বিজশ্রেষ্ঠ করিয়া বাঞ্চিত ॥ ১৭৫৯
কতুহলে শর্ব্বকালে পরম ঈশ্বর
দৃঢ় ভক্তিভাবে পুজি আছে দ্বিজবর
তার চিত্ত বিত্ত বিষ্ণুগামীতে তখণ
কোণ এক হেতু তার শর্ব্ববিত্তগণ ॥ ১৭৬০

১—যম। ২ বড়িশ। ৩ জিহ্বা। ৪—প্রতিদিনত।

হরন করিল তথাপিত দ্বিজবর
সুদৃড় করিয়া চিত্ত পুজেণ ইশ্বর
নানা দুঃখে উপার্জ্জিত বিত্ত শমূদায়
বিনষ্ট হইল বিপ্র দেখিয়া অহায় ॥ ১৭৬১
তথাপি শচিন্তা দুঃখ চিন্তা না করিয়া
হরিত করিছে আর দৃঢ় মণকায়া
অশণে জিবন ধণ করিয়া ধারণ
পরমার্থবিত্ত চিন্তা করিছে ব্রাঁহ্মণ ॥ ১৭৬২
শভার্য্যাশহিত মহাবিষ্ণুত তখণ
অতিদৃঢ়ে মণ ধণ কৈল আরোপণ
জনার্দ্দণ জগজ্জণ ভবার্ণবশেতু
পুনরায় ব্রাঁহ্মণের ভক্তি জ্ঞাত হেতু ॥ ১৭৬৩
শমস্ত বন্ধুর শণে তাহারে তখণ
বিশ্ছেদ করাইল রুষ্ট হৈল জণে জণ
ওহে দ্বিজ শে দ্বিজের বন্ধু শমূদায়
বিমোহিতচিত্ত হয়া বিষ্ণুর মায়ায় ॥ ১৭৬৪
শকলে মিলিয়া হিংশা কৈল আরম্ভণ
তা দেখিয়া শে জে দ্বিজশ্রেষ্ট শুভাজণ
নিবির্ত্তি হইয়া বন্ধুবান্ধবের শণে
পুরুষত্তমেক চিন্তা করে নিজ মণে ॥ ১৭৬৫
প্রচুর ভক্তির দ্বারা শততে ব্রাঁহ্মণ
হরিক করিছে চিত্ত দ্বিত্তে আরাধণ
ধণ নষ্টে কষ্টহিণে শিষ্ট দ্বিজবর
কেশব পুজণ ধণ করিল তত্পর ॥ ১৭৫৬(১)
বান্ধববিহিণে জগন্নাথেক বান্ধব
করি নিজ চিত্তে [illegible]
হে জৈমিনী মূণীশ্রেষ্ট শিষ্ট পুন্যকায়া
পুণরায় মহাবিষ্ণু কৌতুক করিয়া ॥ ১৭৫৭

ব্রাঁহ্মনের পুত্রশকলেক দিণে দীণে
আহরণ করি নিল দেখী তা ব্রাঁহ্মণে
তথাপি শে দ্বিজ নিজ মন দৃঢ় করি
শংশারশাগরক্লেষনাশক শ্রীহরি ॥ ১৭৫৮
করে পুজা ভবার্ণবত্রাণের কারণে
পুর্ব্বভক্তি হৈতে ভক্তি করিয়া দ্বিগুণে
বিপ্রের দইতা অতি হয়া দুখার্ম্মিতা
পিতৃগৃহে গেল বিষ্ণু মায়ায়ে মোহিতা ॥ ১৭৫৯
তথাপি না করি দ্বিজ বিপদ চিন্তণ
কেবল হরিক করিআছে আরাধন
শে জে দ্বিজশ্রেষ্ট বিষ্ণুভক্তিপরায়ন
কন্ধে(২) করি একদিণ পরশু ধারণ ॥ ১৭৬০
কাষ্টার্থে(৩) গহণ প্রতি গমণ করিয়া
[illegible]
হিমাগমে বস্ত্রহিণে হিমনাশহেতু
বন হনে নিত্ত্যে কাষ্ট আনে পুন্যশেতু ॥ ১৭৬১
কোন এক দিণ বিপ্র অশক্ত হইয়া
না গেল বিপীনে কাষ্ট না নীল কাটীয়া
অশ্বত্থপাদপ এক আছিল প্রাঙ্গণে
কুঠারে হনণ তারে করিল ব্রাঁহ্মণে ॥ ১৭৬২
তারপরে মহাবিষ্ণু অশ্বত্থ হইতে
বাহের হইল শুরশ্রেষ্ট বাঞ্ছিতে
অগ্রভাগে বিষ্ণুক দেখিল দ্বিজবর
শুনিরুদ্ধ চতুর্ভুজ অতি মণোহর ॥ ১৭৬৩
নারায়ণ পদ্মবদনায় লোচণ
জঙ্ঘা [illegible](৪) আয়ুধ অতি শোভণ
শুনিত(৫) ধারা পরিশ্রব বিস্তর
শুশীক্ত অনন্তদেবকলেবর ॥ ১৭৬৪

১ এইখানে নম্বর ভুল হইয়াছে। ২ স্কন্ধে। ৩ — কাষ্ঠের জন্য। ৪ — শঙ্খ প্রভৃতি। ৫ শোণিত।

শঙ্খাশহস্রাংশু শুনিত বরণে
নবাম্বুধমধ্যে শোভে জেমণে
তদ্বত কলেবর হৈচে শোভণ
মৃদুহাস্যবিহিণ চারু আণণ ॥ ১৭৬৫
শুমনশগণের অদৃশ্য হরি,
যোগীগণে না পায় চিন্তা করি
অগ্রেত তাহাক দেখীয়া ব্রাঁহ্মণ,
হর্শাশ্রুধারায় পুর্ন্ন ভুলোচণ ॥ ১৭৬৬
নারায়ণ জগবন্ধু তুষ্টহেতু(১),
শুমৃদুবচন বলে পুন্য শেতু
বলিতেছে বিপ্র হয়া প্রণিপাত,
হরে মুরারে জগদেকনাথ ॥ ১৭৬৭
গোবিন্দ দামোদর বাসুদেব,
কেশীশত্রু লক্ষীপতে হে কেশব
নারায়ন প্রভো হে প্রশর্ন্ন হয়া,
প্রদাণ কর আমারে পদছায়া ॥ ১৭৬৮
তব অবতার কী বলীব আমি,
শর্ব্বরূপজনার্দ্দিণ বট তুমি
শমস্ত লোকেতে তব গুণগণ,
ব্যাপীত হয়াছে হে নারায়ন ॥ ১৭৬৯
তব চারু দয়া মিত্র শত্রুতে,
তুল্যভাব হয়াছে হে জগপতে
কার তরে দাণ করি প্রিয়গণ,
করিআছ বিষ্ণুভক্তি আহরণ ॥ ১৭৮০ (২)
শ্রীরদান করি মদ দীয়াছ,
আহরি মহত ভক্তি বিতরিছ
তাহা আমি ধন্য মানীয়াছি মণে,
অহে অনন্ত মুর্ত্তয় নারায়ণে ॥ ১৭৮১

পাপাৎমাগণের শ্রেষ্ট বঠি আমি,
জাত আমারে দেখা দীলা হেস্বামী
দেবতাচিন্তনিয় তবচরণ,
তাহারে না দেখে কভু পাপীজণ ॥ ১৭৮২
যদীপ্যাত আমি ডুব্থার্ন্নবে রত,
তভু বিষ্ণু অদ্য আমী ইন্দ্রবত
আৎমা পরৎমা ময়জগতে,
তুমি হয়াছ হে হরি জগপতে ॥ ১৭৮৩
এপ্রকারে জে তুমি তোমারে স্বামি,
লোচণাগ্র হয়াছ হে জদুস্বামী
অল্পপুজা অল্পদ্রব্যগন দীয়া,
করি নাহীতুষ্ট আমী হীণক্রিয়া ॥ ১৭৮৪
তত্রাপি মমাগ্রে নিজ মূর্ত্তি ধরী
দেখা দিলা ওহে জগপুজ্য হরি
তব দত্ত এজে মম ভক্তিশাখী
ধর্ম্ম অর্থ কাম ত্রয় শাখা লেখী ॥ ১৭৬৬(৩)
তদ্দর্শনাস্তো পায়া বরীশণ
কৈবল্য ফল তা করিলা ধারণ
কেশব বিশ্বমূর্ত্তে এজে মূর্দ্ধি মম
অখিল লোক হৈতে হৈল উত্তম ॥ ১৭৮৭
তৎপাদাম্বুজে এজে মম মণ
শম্প্রতি ভৃঙ্গ হে শেব্য নারায়ণ
অনাময় নারায়ন জগর্ন্নাথ প্রতি
দ্বিজবর করি পরে এ প্রকার স্তুতি
বদ্ধাঞ্জুলী হয়া পুণ্ণ করিয়া বিনয়
বলীল বচন ইশ্বরক শে শময়। ১৭৮৮
ওহে দেবদেব জগর্ন্নাথ গদাধর
লোক শকলের তুমি অণুগ্রহ কর

১ তুষ্টির জন্য। ২ এইখানে সংখ্যা ভুল হইয়াছে। ৩ আবার সংখ্যা ভুল।

কোন অশীষ্টের দেব বিশীষ্ট প্রহারে
রুধির হইল লীপ্ত(১) তোমার শরিরে ॥ ১৭৬৯
শকল দৈত্যেক যূর্দ্ধে করিছ নিহত
সে শবের হিংসা শাধ্য করিবার ক্ষত
প্রভু আমী অদভুত মানী নিজ মণে
তোমাক হনণক্ষেম কে হৈল ভুবণে ॥ ১৭৭০
ব্রাঁহ্মণের বানী শুনী দেব চক্রপাণী
বলিলেণ বাণীকান্ত অতি মীষ্ট বাণী
জে উক্ত করিছ বৎস্ব শবে শত্য হয়
ইহাত তোমার নাহি কিঞ্চিত শংশয় ॥ ১৭৭১
দাণব রাক্ষষগণ আমার শরিরে
হণণ করিতে শক্তি কেহ নাহি ধরে
অশ্বস্থপাদপরূপ বঠি দ্বিজ য়ামি
সুরাপের হনন করিয়াছ জ্ঞাত তুমি ॥ ১৭৭২
শেহি হেতু রক্তলিপ্ত শরির য়ামার
বলিলাম দ্বিজবর অগ্রত তোমার
জৈমিনিক বলিতেছে ধীমান তপোধণ
হে জৈমিনী মূণীশ্রেষ্ট কর আকর্ন্নণ ॥ ১৭৭৩
অশ্বত্থপাদপ বলি শুনিয়া ব্রাঁহ্মণে
অতিভয় বিহ্বঁল হইল শেহিখাণে
দ্বিজ নীজ কাজ নিন্দা করি নানামতে
ধিক্কার দিয়াছে বহু নিজ করমেতে ॥ ১৭৭৪
আমি অতি ভাগ্যহিণ বঠি দুরাচার
ভুবণে পাপীষ্ট নাহি শমাণ আমার
ত্রিলক্যের(২) অধিপতি তাহার হৃদয়
দিলাম মহত বোথা প্রহার দ্বারায় ॥ ১৭৭৫
ব্রঁহ্মা আদী করি দেবগণ নিরন্তরে
ভক্তিভাবে জাহার প্রশাদ বাঞ্ছা করে
শংশারমধ্যেত আমী পাপরত অতী
তার কলেবরে বোঁথা দিলাম শংপ্রতি ॥ ১৭৭৬
জে দেবেন্দ্র জ্ঞপ্রশর্ষ্যে শুপরম ধাম
লর্দ্ধ হয়া তিনী মোত্ত হইলেণ বাম
বিবেকবিহিণ হয়া আমি দুরাশয়
করিলাম বোথা দান তাহার হৃদয় ॥ ১৭৭৭
জিষ্ণুনূজ বিষ্ণু শর্ব্বপাপনাশকর
তার কলেবরে বেথা দিলাম দুর্ঘোর
এ পাপ হইতে ত্রান কে করিবে মোরে
কার শক্য না দেখী জে ভুবণমাঝারে ॥ ১৭৭৮
জাগ্রা(৩) তুষ্ট হৈলে এজে দুষ্ট পাপীচয়
নির্জ্জর নিকর অতি বন্দনীয় হয়
আমি তার শরিরে করিছি বোঁথা দাণ
হাহত হৈলাম আর কে করিবে ত্রান ॥ ১৭৭৯
কী তপ কী জপ শদা করি আচরণ
গৃহের কী কাজ আর জিবণ ধারণ
ধর্ম্ম অর্থ কাম মোক্ষ জিনী দাণ করে
আমি বোঁথাদাতা হৈলাম তাহার শরিরে ॥১৭৮০
এ বলিয়া শে জে দ্বিজশ্রেষ্ট মহাশয়
আপনাক নষ্ট ইৎশা করিয়া নিশ্চয়
পরশু আঘাণ কল্লি কণ্টদেশে(৫) দিতে
দ্বিজশ্রেষ্ট উর্দ্ধত(৬) হইল শে কালেতে ॥ ১৭৮১
শংশারশাগরত্রাণকর লক্ষীপতি
দ্বিজের সুদৃঢ় ভক্তি জানিঞা শংপ্রতি
ভকতবৎশ্বল অতি গতি করি পরে
পরশু কুঠার তার ধরি নিজকরে ॥ ১৭৮২
ভগবাণ বলে শুন বৎস্ব গুনালয়
এদারুণ কর্ম্ম কেণ করিছ নিশ্চয়

১ লিপ্ত। ২ ত্রৈলোক্যের। ৩—যিনি। ৪—দেবতাসমূহের। ৫ কণ্ঠদেশে। ৬ উদ্যত।

আৎমাহত্যাক্রত্ত পুন্নশেত একক্ষণ
গছি আমি তুষ্ট দ্বিজশ্রেষ্ট কদাচণ ॥ ১৭৮৩
তোমায় ভক্তিত্ত তুষ্ট আমি অতিশয়
দিলাম নীর্ভয় তুমি হইয়ো নির্ভয়
হে বিপ্রেন্দ্র জেহি বর ইৎস্বা কর মণে
কর তা জাচিঙ্গা(১) দাণ করি এহিক্ষণে। ১৭৮৪
নারায়ন বচন করিয়া আকর্ষণ
জোড়করে দ্বিজ পরে বলীল বচণ
ওহে জগজ্জণত্রাণ ভগবাণ হরি
শুপ্রশন্ন জদি বর দিবা হে মুরারি ॥ ১৭৮৫
তবে এহি বর হরি করিছি জাচণা
দিয়েছি শরিরে তব মহত বেদনা
এহিক্ষণ তাহা জেণ দুরবর্ত্তি হয়
এহি বর আমার বাশনা দয়াময় ॥ ১৭৮৬
শ্রীভগবাণ বদতি হে দ্বিজের নন্দণ
এ কর্ম্ম করিছ অজ্ঞানত আচরণ
এজে তব অপরাধ অগ্রার্ষ্য আমার
হৈল দ্বিজবর নাহি শন্দেহ তোমার ॥ ১৭৮৭
জাত মম ভক্তশ্রেষ্ট হৈছ গুনালয়
আমি তব নিত্য অণুপাল্য গুনীশ্চয়
জে জণ আমার ভক্ত হইল মহাণ
তার দোশচয় গুণ বলী করি জ্ঞাণ ॥ ১৭৮৮
আমি তব বিত্তগণ করিয়াছি আহরণ
বন্ধুগণে করাছি বিশ্চেদ
তোমার তনয়চয় আহরিছি আমি তায়
তভু তুমি না করিছ খেদ ॥ ১৭৮৯
ওহে বৎষ দিণে দিণে নাণা দুঃখ অণুক্ষণে
করিয়াছি তোমারে প্রদাণ
না ভাবিয়া তারে দুখ লভিলা পরম শুখ
করিয়াছ ভক্তি শুমহাণ ॥ ১৭৯০
এজে তব ধন হৈতে ত্রাণ পাব কীবা মতে
জদী বর না কর গ্রহণ
অতঃপর দ্বিজবর মম বাক্য গ্রহ কর
বর মোত(২) করহে জাচণ ॥ ১৭৯১
দ্বিজবর নিগদতি শুরশ্রেষ্ট লক্ষ্মীপতি
আমারে দিবা হে জদি বর
জন্মে জন্মে জেণ আমি তব পদে শুরস্বামি
ভক্তি জেণ করি দৃড়তর ॥ ১৭৯২
ব্যাষ মুণি নিগদতি হে জৈমিণি মহামতি
এ প্রকার দ্বিজবাণি শুণি
হয়া হর্ষ শেহি বেলা নিজ কণ্ঠস্থিত মালা
ব্রাহ্মণেক দিয়া চক্রপাণী ॥ ১৭৯৩
করিকর(৩) সমসর(৪) চারি বাহু মণোহর
তার দ্বারা দ্বিজেক তখণ
পিতা পুত্র শমশর(৪) আলিঙ্গিয়া দামোদর
মৃদু করি বলিল বচণ ॥ ১৭৯৪
ভগবাণ নিগদতি ওহে বৎস মহামতি
জাত ভক্ত হয়াছ আমার
আমার প্রশাদে তব হইবে কল্যাণ সব
শংশয় নাহিক গুণাধার ॥ ১৭৯৫
অশ্বত্থের রূপ আমি ক্রিয়াযোগে তারে তুমি
প্রত্যহ করিবা আরাধণ
তোমার বাঞ্চিতচয় হবে শিদ্ধ শুনিশ্চয়
হে সত্তম দ্বিজের নন্দণ ॥ ১৭৯৬
এ প্রকার বলি বাণি দেবশ্রেষ্ট চক্রপাণী
পুণর্ব্বার আলিঙ্গি দ্বিজেরে

১—যাচ্ঞা ২—আমার নিকট। ৩—হস্তি-শুণ্ড। ৪—সদৃশ।

সুধাময় ভগবান হয়া তদা অন্তর্ধান
গেল নিজ বৈকুণ্ঠনগরে ॥ ১৭৯৭
বৈষ্ণব-উত্তম দ্বিজ পায়া বিষ্ণু কণ্ঠস্রজ
কৃতকৃত্য(১) মানিয়া তখন
প্রবেশিল নিজঘরে শুন দ্বিজ তারপরে
বলি হের পরবিবরণ ॥ ১৭৯৮
গদাধর আজ্ঞাধরি বিশ্বকর্ম্মা বিশ্বকারি
আসি পরে ব্রাঁহ্মণ আলয়
প্রাসাদপ্রাচিরচয় রচিলেন মনোময়.
শতক্রতু বৈজয়ন্ত প্রায় ॥ ১৭৯৯
দ্বিজের ভুবন যথা ধনদ আনীল তথা
দেব নারায়ণের আজ্ঞায়
স্তরে স্তরে বিত্তগণ করিলেন বরিষণ
ওহে দ্বিজ দ্বিজের তনয় ॥ ১৮০০
নানা রত্নবিভূষণে আর দাসদাসিগণে
সমযুক্ত হইল ভুবন
তুরঙ্গ বারণ কোটী তদা সে বিপ্রের বাটী
সংকিয়ে হইল সুশোভন ॥ ১৮০১
বিপ্রের বান্ধবচয় ছিল রুষ্ট(২) সমুদায়
তুষ্ট হইলেন তারা সবে
অবজ্ঞাকরণি(৩)সারি গিয়াছে বাপের বারি(৪)
সেহ গৃহ আসীল উৎসবে ॥ ১৮০২
মৃত পুত্র শোকাকিনী ব্রাঁহ্মণের নিতম্বিনী
কেশব প্রসন্নে(৫)পুত্র পায়া
না মজি দুঃসহ দুখে থাকিল পরম সুখে
স্বামিপদে ভকতি করিয়া ॥ ১৮০৩
পুত্রপৌত্রসমন্বিতে চিরকাল প্রিথিবিতে
ভোগগণ করি সমাপন
পরে আয়ু-অবসানে নিজনিতম্বিনীসনে
মোক্ষপথে করিল গমন ॥ ১৮০৪
ব্যাস নিগদতি যতি স্বয়ং মহাবিষ্ণুমূর্ত্তি
বটেন অশ্বত্থ বৃঁক্ষরাজ
তারে ভক্তি কৈলে নর শুভ হবে নিরন্তর
হবে শুভ বাঞ্ছিতার্থ কাজ ॥ ১৮০৫
বিষ্ণুবুদ্ধি অশ্বত্থেরে করি জেহি ধীর নরে
আরাধন করে ভক্তিভাবে
তার প্রতি নারায়ণ হয়া অতি সুপ্রসন্ন
পরম পদেক অন্তে দিবে ॥ ১৮০৬
বেদব্যাস জৈমিনির রুচিকর চারু গীর
সমাপন ক্রিয়াযোগসারে
একাধিক দশধ্যায় হৈল দিন বয়া(৬)জায়
ভজ কৃষ্ণপদ নিরন্তরে ॥ ১৮০৭
এতনু হইলে নষ্ট পরকালে হবে কষ্ট
ঠেকিবেন এহি ভবার্ণবে
জেহি কৃষ্ণ সেহি কালী তরাইবে ঘোর কলি
তারে ভজ শ্রদ্ধাভক্তিভাবে ॥ ১৮০৮
দলিতে দিনের দিন দুষ্টেরে করিতে ক্ষীণ
সিষ্টেক করিতে প্রতিপাল
আসি হর মহীতলে দুষ্খিত সিষ্টেক পালে
দুষ্ট সকলের হৈছে কাল ॥ ১৮০৯
শুনিরজতুঙ্গবল হেরি অরি শুবিকল
হয়াছে রয়াছে(৭)আথিনীর।
পতি-আথিনিরধার দেখিয়া তনূখি(৮)তার
দুবে্থ মজি হয়াছে অস্থির ॥ ১৮১০
ভাবেন ভাবিনি মনে পতিরে মারিবে প্রাণে
দুঃখ হবে আমার প্রচুর

১=কৃতার্থ। ২ রুষ্ট। ৩ অবজ্ঞাকারিণী। ৪ বাড়ী। ৫=কেশবের প্রসন্নতায়। ৬ বহিয়া।
৭ বহিয়াছে। ৮=নাসী।

করের কঙ্কণ আর হবে শঙ্খ পরিহার
ললাটে শিন্দুর হবে দুর ॥ ১৮১১

গেল বুঁঝি সুখচয় হইল দুহ্‌খের দয়(১)
ভোগচয় হৈল সমাপণ

এপ্রকার বলি বাণী শোকে সত্রুনিতম্বিনী(২)
ভূমে পরি করিছে ক্রন্দণ ॥১৮১২

জাহার লভিয়া দাণ দিণগণ দিণে ত্রাণ
হয়া শুখি হৈল অতিশয়

দেখিয়া দুষ্টের দুখ শিষ্টগণে লভি শুখ
জার দেশে শর্ব্বদায় রয় ॥ ১৮১৩

হেণ ভূপ অণুগত শুখণিরধিত রত
ণরপতি আজ্ঞা শিরে ধরি

বহুছন্দে করিচয় কহে দাষ রিপুঞ্জয়
বদণে স্মরিয়া রাম হরি ॥ ১৮১৪

[দ্বাদশ অধ্যায়]

শ্যাব বিগদতি হে যতি জৈমিণী
জৈষ্ঠমাশে(৩) দামোদর চক্রপাণী
শুশীতল নির্ম্মল কিলালে তারে
স্নাণ করায়া পূজিবে হর্ষান্তরে ॥ ১৮১৫

শুবাশীত চারু গৃহ শুশোভণে
জণমণ্ডপে স্থাপিবে প্রতিদীণে
রৌদ্রলেশেত আর রদ্ধানালয়
শুতিকায়(৪)ণা স্থাপিবে দয়াময় ॥ ১৮১৬

বেজণ(৫) শুদীর্ঘ ধবল চামরে
শুমন্দ মন্দ বায়ু জে ধীরে করে
কুলকুন্দীণী হে বিধু জৈমিণী
তারে তুষ্টে কিণা দিবে চক্রপাণী ॥ ১৮১৭

ময়ুর পুচ্ছ বেজণ(৬) করে করি
মরুত করিবে জে মুরারি হরি
মণবাশণা তার সপূর্ন(৭) হবে
এ প্রাণ পরণে(৮) অতি শুখ পাবে ॥ ১৮১৮

তালপত্রবেজণে জে করে বায়ু
পাবেণ ত্রিদশালয় অন্তে যায়ু
শুগন্ধ জক্ষ কর্দ্দম(৯) শ্রীহরিরে
লেপণ করায় জে প্রমোদান্তরে(১০) ॥ ১৮১৯

অপর হরিচন্দণ হরিদেহে
করায় লেপণ মুণিন্দ্র ওহে
অন্তে শ্রীবিষ্ণুশরিরে শেহিজণ
হয়া প্রবেষ শুখি হবেণ মণ ॥ ১৮২০

উদ্বর্ত্ত শুগন্ধ আমলখি দিয়া
প্রতিদিণে শুগন্ধি তৈল মাখিয়া
মৃগোমদগন্ধ উপেন্দ্রশরিরে
প্রদাণে জাবে শে হরিকলেবরে ॥ ১৮২১

ওহে ব্রাহ্মণশ্রেষ্ট শ্রীমশময়
এ কর্ম্মের ধর্ম্মে মুক্ত নিশংশয়
বিকচ কুশুম বিপিণবাবোতে
অথবা তুলশীকাণণমধ্যেতে ॥ ১৮২২

১=উদয়। ২=শত্রুপত্নী। ৩ জ্যৈষ্ঠ মাসে। ৪=সূতিকাগৃহে। ৫ ব্যজন। ৬=ময়ূরপুচ্ছের ব্যজন। ৭ সম্পূর্ণ। ৮=প্রাণত্যাগের সময়। ৯ বক্ষ কর্দম। ১০=হৃষ্টচিত্ত।

মন্দপবণবহণ স্থাণ চারু
তাহাতে স্থাপিবে দেব জগগুরু
জৈষ্ঠ মাশে পাটলীপ্রশুণমালে(১)
অলঙ্কৃত করে জে ভক্তবৎস্বলে ॥ ১৮২৩

ওহে ব্রাহ্মনণন্দণ ধর্ম্মশীল
শেহি শহশ্র বাজিমেধ করিণ
ওহে দ্বিজ মুক্তামালা শ্রীহরিরে
জে দেয় গোবিন্দ কৃপা করে তারে ॥ ১৮২৪

বাসুদেবকৃপায় শে জণ যতি
জন্মে জন্মে হয়েণ প্রিথিবিপতি
শ্রীহরি বাসুদেবকে মণিময়
বিভূশিত ভক্তিভাবে জে করায় ॥ ১৮২৫

ওহে বিপ্রবর তার পুন্যগণ
হের বলিতেছি কর আকর্ণ
জতকাল প্রিথি করে পিতামহ
মণিমালায় হয়া ভূশণ দেহ ॥ ১৮২৬

শ্রীবিষ্ণু শঙ্গে রঙ্গে বিহার করে
শুণ হে জৈমিণী মূণি তার পরে
শোবর্ণ(৩)রজত অভরণ গণে
গ্রীষ্মকালে জগবন্ধু জণার্দ্দণে ॥ ১৮২৭

তারে ভুশিত করে জে শকল
পায় শেহি মণিমালাদাণফল
বিচিত্র পর্য্যঙ্ক গণ্ডুক শহিতে(৪)
বণমালী-তরে দেণ হর্শচিতে ॥ ১৮২৮

তাহারে কৃপাণিধি কৃপা করিবে
দুখ দুরে জাবে শুখোদয় হবে
গ্রীষ্মে জণার্দ্দণেক শুক্ল বশণ
ণা দিবে কখণ বিষ্ণুভক্ত জণ ॥ ১৮২৯

অতি শুচি শুক্ল বস্ত্র শুজতণে
আচ্ছাদিবে(৫) শ্রীহরির শঙ্গ হণে
অতি ভক্তিভাবে পক্ক চুত ফলে(৬)
অর্চ্চিবেক গোবিন্দক কতুহলে ॥১৮৩০

আয়ু-অন্তে স্বগর্গ-গমণে শে জণ
পাবে শুধা খাবে হয়া হর্শ মণ
পিয়াল ফলদানে ফল জত
অন্ত কী বহু ভাশীব(৭) হে মহত ॥ ১৮৩১

অতি শিতল জবাশু পিদাঘেতে
আর অন্ন ণাণা বেঞ্জণ(৮)শহিতে
হয়া হর্শ মণ শ্রীবিষ্ণুক দিলে
পিয়ালফলপ্রদাণফল মিলে ॥ ১৮৩২

আশাড়(৯) মাশেত ওহে দ্বিজের ণন্দণ
জগগুরু ণারায়ণ জগতপালণ
তারে দধি দ্বারা স্নাণ করায় জে বৈষ্ণবে
পূণর্ব্বার মাতৃস্তণ পাণ ণা করিবে ॥ ১৮৩৩

মেঘাগমে ঘণশ্যাম হরিক জতণে
অর্চ্চিবেণ ভক্তিভাবে কদম্বপ্রশুণে
পাপীগণ এ প্রকারে করিলে পূজণ
পরমস্থাণক প্রতি করিবে গমণ ॥ ১৮৩৪

রাজীবলোচণ জণার্দ্দণ ভগবাণ
তাহারে কদম্বমালা জে করে প্রদাণ
বলিতেছি শে পুন্যবন্তের পুন্যগণ
ওহে মুণিশ্রেষ্ট শিষ্ট কর আকর্ণণ ॥ ১৮৩৫

শ্রজে জত পুন্য তত বাজিমেধ(১০)ফল
লব্ধ হয় শুণিশ্চয় শে ফল শকল
শুগন্ধি কেতকীপুষ্পে পুজিলে শ্রীপতি
তার শর্ব্ব দুখ ণাশ হয় মহামতি ॥ ১৮৩৬

১—পাটলী পুষ্পের মালায়। ২ গ্রীষ্মে। ৩—সুবর্ণ। ৪ মূলে আছে "পর্য্যঙ্কং সোপবর্হণম্"। ৫—আচ্ছাদন করিবে। ৬ পক্ক চুত ফলে। ৭—বেশী আর কি বলিব? ৮ ব্যঞ্জন। ৯ আষাঢ়। ১০—অশ্বমেধ।

শুবীর্য্য পণশ(১) ফল পক্ক শুশুন্দর
ঘৃতশঙ্গে মিশ্রিত করিয়া জেহি নর
ভগবাণ বিষ্ণুতরে করেণ প্রদাণ
তুষ্ট হয়া ঐচর্য্য(২) দেয়েণ ভগবাণ॥ ১৮৩৭
আশাড়মাশেত দধি অন্ন হরিপ্রিতে
মুক্তি ইৎসা বৈষ্ণব শকল প্রতিদিণিতে(৩)
শ্রধা(৪)ভাবে শ্রীবিষ্ণুক করিলে প্রদাণ
ইৎসা মুক্তি পদ তারে দিবে ভগবাণ॥ ১৮৩৮
শ্রীণন্দণন্দণ জগবন্দণের তরে
ভক্তিভাবে ণবণীপ্রদাণ জেহি করে
বৈষ্ণবপ্রধাণ শেহি তার পুন্যগণ
শতবর্ষ গণণেত ণা হয় গণণ॥ ১৮৩৯
হৈহঙ্গ ঘৃতের ণাম পটুগণে কয়
ণবিণ হইলে হৈহঙ্গবি(৫) ণাম হয়
ইহাক প্রজত্ন করি গোপালেরে দীলে
অপর আমিক্ষু(৬) শ্রীহরিক শমর্প্পীলে॥ ১৮৪০
আমিক্ষু শগুর(৭)দধি ক্ষীর মণোহর
ইহারে আমিক্ষু বলে পণ্ডীতপ্রবর
ক্বপাল গোপাল গোপরূপ গোপীণাথ
তারে শমর্প্পিয়া দিয়া হবে প্রণিপাত॥১৮৪১
শর্করা শহিতে দুগ্ধ শ্রীকৃষ্ণেক দীবে
তার প্রতি ভগবাণ সদা তুষ্ট হবে
চিত অভিমত ফল তারে ভগবাণ
প্রদাণ করিবে হবে শুধির প্রধান॥ ১৮৪২
হে বিপ্র জৈমিণে বড়ণা(৮)শ্রাবণে
উপেন্দ্র অহণস্তাণ
কণ্টকবর্জ্জিত শির মণহিত
করাইয়া তারে স্নাণ॥ ১৮৪৩

হে দ্বিজ-শন্তাণ জে ণর শুজান
পূজিবে মল্লিকা ফুলে
শুজাণ বৈষ্ণব বঠে শে মাণব
পাপমুক্তে কতুহলে॥ ১৮৪৪
ব্রহ্মলোক প্রতি করিবে শে গতি
বলি শুণ আরবার
শেপালী(৯) প্রশুণে জুথিকায় জণে
পূজিলে জগতাধার॥১৮৪৫
মণুজমধ্যাত শে ণর প্রশস্ত
শুন্দর শুমতি তিণী
শুগন্ধ টগরে শপুলা(১০)ণিকরে
জজিলে অম্বুজপাণী॥ ১৮৪৬
এজে ত্রিভুবণ তার বশ্য হণ
অপর শুণহে মুণে
প্রফুল্য মালতি লক্ষ্মীপতি প্রতি
দিয়া পূজে জেহি জণে॥ ১৮৪৭
তার পুন্যগণ ণা হয় গণণ
তার তুল্য পুন্যবাণ
ণাহি ত্রিভুবণে হে দ্বিজণন্দণে
শুণ জে করিছি গাণ॥১৮৪৮
জুবরাজ কুন্দে জজীলে মুকুন্দে
শর্ব্ব-কাম পূর্ণ করে
মহা সহা ফুলে কুরবক-কুলে
পূজা কৈলে দামোদরে॥ ১৮৪৯
আর কুরণ্টক জগতজনক
কোকণদ পদ্মে দীলে
অপর কবিরে(১১) পূজিলে হরিরে
হরি-শন্নিধাণ মিলে॥ ১৮৫০

১—কাঁঠাল। ২ ঐশ্বর্য্য। ৩—প্রত্যহ। ৪—শ্রদ্ধা। ৫ হৈয়ঙ্গবীন। ৬ আমিক্ষা। ৭—গুড়ের সহিত। ৮ বরষা ৯ শেফালি। ১০ মূলে আছে "সপুলাকুসুমৈঃ।" ১১ মূলে আছে "করবীরপ্রসূনৈশ্চ"।

শ্রাবণে জতণে　　লাজা(১) ঘৃত শণে
　　হরিক করিলে দাণ
দ্বিজ গুণাধার　　বিপত্তি তাহার
　　শদনেক নাহি পাণ ॥ ১৮৫১

শ্রাবনে অপর　　পিষ্টক শুন্দর
　　মূদ্গপূপ শমন্বিতে(২)
দেয় বিষ্ণুতরে　　লক্ষ্মী তার ঘরে
　　থাকে অচলিতচিতে ॥ ১৮৫২

ভাদ্রমাষে দ্বিজবর　　অণাময় দামোদর
　　প্রাজ্ঞগণ তারে শ্রদ্ধাভাবে
অর্চ্চণ করিবে দিণে　　পাবে শুভ শর্ব্বক্ষণে
　　আর চতুঃবর্গ্‌গ ফল পাবে ॥ ১৮৫৩

ণলিত ণতুণাগারে(৩)　　ধীরগণ শুদ্ধান্তরে
　　পদ্মণাভেক(৪) করিবে স্থাপণ
মশক মক্ষিকা দংশে　　যুত পূরাতণ বাশে(৫)
　　ণা রাখিবে হরিক(৬)শর্জ্জণ(৭) ॥ ১৮৫৪

পথ শকর্দ্দমযুত　　ণিকেতণ দ্বিজশুত
　　তার মাজে উপেন্দ্র দেবেক
কদাচণ সংস্থাপণ　　ণা করিবে ধীরগণ
　　বর্শাকালে পরমেশ্বরেক ॥ ১৮৫৫

ওহে দ্বিজ গুণার্ণব　　কৃষ্ণালয় জে মাণব
　　চন্দ্রাতপ করেন বন্ধণ
অতি চারুতর স্থাণ　　চন্দ্রলোক জারাখ্যাণ(৮)
　　রবে তাত হয়া শুখিমণ (৯) ॥ ১৮৫৬

জগপতে শ্রীহরির　　ণিকেতণ শুরুচির
　　তার মধ্য হৈতে শত্তগণে
মশক-দংশক-চয়　　ণিবারিবে শর্ব্বদায়
　　ধূপধূমে ণাণাবাদ্যস্বণে(১০) ॥ ১৮৫৭

ণিশি উপগত হৈলে　　শক্তগণ কতুহলে
　　দিব্যগৃহে মঞ্চের উপরে
জগন্নাথ ণারায়ণ　　করি পরে শংস্থাপণ
　　আবর্ত্তণ করিবে মৃণ্ডরে(১১) ॥ ১৮৫৮

জারে রক্ত শুদ্ধি কয়　　অমর পর্য্যায় তায়
　　লিখিয়াছে বলিয়া কহ্লার(১২)
তারে করি আণয়ণ　　ধীর শত্ত ণরগণ
　　দিণে অর্চ্চিবেণ জগাধার ॥১৮৫৯

ভাদ্রমাষে দ্বিজবর　　কেতকি কুশুম ণর
　　পাইলেও হরিক দিবে ণা
ভাদ্রমাশে সে কেতকী　　শুরাশয় ণর দেখি
　　ওহে দ্বিজশুত মহামনা ॥ ১৮৬০

হয়া ধীর কতুহল　　দিব্য পক্ক তালফল
　　ভাদ্রে জহ্নুণন্দণেক দিলে
মহা দুঃখ গণ্ডবাষ　　হয়েণ অচিরে নাষ
　　আর দুঃখ ভূতলে ণামিলে ॥ ১৮৬১

ঘৃত দুগ্ধ-শমভ্যার　　পক্ক তাল রষধার
　　[illegible]
হরিক করিলে দাণ　　জাবে বিষ্ণুশন্নিধাণ
　　শুখে তথা রবে শেহি জণ ॥ ১৮৬২

দ্বিজশ্রেষ্ঠ হে জৈমিণে　　তাল পিঠা দিণে দিণে
　　ঘৃত শঙ্গে করিয়া মিশ্রিত(১৩)
মুরারিক শমর্পিলে　　অন্তেত কৈবল্য মিলে
　　দেয় হরি হয়া কৃপান্বিত ॥ ১৮৬৩

ভাদ্রমাশে দ্বিজ দক্ষ　　না করিবে শাগভক্ষ(১৪)
　　ণিশিত-ভোজণ ণা করিবে
হয়া অতি-ভক্তিপর　　এবিধাণে দামোদর
　　অর্চ্চণেত কৈবল্য মিলিবে ॥ ১৮৬৪

১ লাজ=খই। ২ মূলে আছে "মুদ্গপূরকং পিষ্টকম্।" ৩=নূতন গৃহে। ৪=নারায়ণকে। ৫=গৃহে। ৬=হরিকে। ৭=সজ্জন। ৮=যার নাম। ৯ মূলে আছে "চন্দ্রলোকং স গচ্ছতি।" ১০ মূলে 'বাদ্যস্বনে' এ ভাবের কোন কথা নাই। ১১=মশারি দ্বারা আচ্ছাদন করিবে। ১২ অমরসিংহ ভিন্ন অভিধানে তাহার পর্যায় কহ্লার লিখিয়াছেন। বাস্তবিক কিন্তু অমরকোষে আছে "সৌগন্ধিকং তু কহ্লারং"। শ্বেতপদ্মকে সৌগন্ধিক বলে। মূলে আছে কহ্লার—শ্বেতঃ। ১৩ মিশ্রিত। ১৪=শাক ভক্ষণ।

আশ্বিনমাসেতে ওহে [illegible] নন্দন
কেশব পরমেশ্বর হৃষীকেশ নাম
পূর্ব্ব উক্ত বিধি দ্বারা ভক্তিযুক্ত হয়া
করিবেন পূজা অন্য কর্ম্ম বিবর্জ্জিয়া ॥ ১৮৬৫
পূর্ব্বাহ্নেতে(১) লক্ষ্মীপতি অর্চ্চন করিলে
নারায়ণ অর্চ্চন সম্পূর্ণ(২)ফল মিলে
শ্রীহরিক পূর্ব্বাহ্নে করিলে জলদান
গ্রহণ করেন মানি অমৃতসমান ॥ ১৮৬৬
মধুসুদনেক মধ্যাহ্নেত জেহি জন
প্রদান করেন জন্মে সুশীতল বন
জলজ্ঞান করি হরি জগত-আধার(৩)
করেন গ্রহণ ওহে ভূদেবকুমার ॥ ১৮৬৭
অপরাহ্নকালে জল দ্রিলে হরিতরে
রক্তভুল্য জানি দেব গ্রহণ না করে
অতএব-দ্বিজ-শ্রেষ্ঠ করহ শ্রবণ
পূর্ব্বাহ্নকালেত বিষ্ণু করিবে অর্চ্চন ॥ ১৮৬৮
কেশবের অনুগ্রহে সর্ব্ব কাম তার
তুর্ন(৪) পূর্ণ হবে নাহি সংশয় ইহার
হে বিপ্রেন্দ্র একবস্ত্রে শ্রীহরিপূজন
কদাচিত না করিবে সন্ত জনগন ॥ ১৮৬৯
একবস্ত্রে চক্রপাণী অর্চ্চন জে করে
সুরশ্রেষ্ঠ তার পূজা গ্রহণ না করে
অধৌত বসন অঙ্গে করিয়া ধারণ
হরিকোকনদপদ জে করে অর্চ্চন ॥ ১৮৭০
বিফল সে পূজা ফলপ্রাপ্তী নাহি হয়
জিষ্ণুর কনেষ্ট বিষ্ণু সুপ্রসন্ন নয়
শিখা না বান্দিয়া জেহি চক্রিপূজা করে
পূজাফলপ্রাপ্তী নয় বলি নয় তারে॥ ১৮৭১
পুরস্কারহিন(৫) গৃহে ধীর নরগন
না করিবে কদাচন শ্রীহরি-অর্চ্চন
সে পূজন হে ব্রাহ্মণশ্রেষ্ট গুনালয়
ফলপ্রাপ্তী নয় বলি গ্রাহ্য সুনিশ্চয় ॥ ১৮৭২
স্নান করি দেবার্চ্চন পিতৃর তর্প্পণ
সমাধান করি দান করিবে সর্জ্জন
ওহে বিপ্র তিলক না করি বিচক্ষন
না করিবে এ সকল কর্ম্ম আচরণ ॥ ১৮৭৩
না করি তিলক কর্ম্ম আচরে জে নরে
কর্ম্মচয় ভস্ম হয় নরকে সে পরে(৬)
দ্বিজশ্রেষ্ট সঙ্খ চক্র গদা সুশোভীত
অপর অম্বুজ জার শরিরে অঙ্কীত ॥ ১৮৭৪
স্বয়ং অচ্চুত বলিয়া তাহারে তুমি জ্ঞান
করিবা সতত ওহে মুনিন্দ্র বিদ্বান
সঙ্খাম্বুজ লিখে দক্ষ ভুজে জেহি জন
সব্য ভুজে লিখে চক্র গদা সুশোভন ॥ ১৮৭৫
সে জন ভুবনমাঝে বিষ্ণুতুল্য হয়
মুনি মহাশয় নাহি ইহাত সংশয়
জে জন সুজন তিনি হয়া তৎপর
লিখিবে দক্ষীন ভুজে সঙ্খ চারুতর ॥ ১৮৭৬
তাহার উপরে পদ্ম লিখিবে জতনে
তার পাপচয় নাসিবেন ভগবানে
সব্য ভুজে চক্রের উপরে চারু গদা
অঙ্কিত করেন চিত্ত বিত্তে(৭)করি শ্রদ্ধা ॥ ১৮৭৭
সহস্রলোচন আদি করি দেবগন
তার পদাম্বুজযুগ্ম করেন বন্দন
মুরারির পদযুগ্ম লিখে জে ললাটে
সে জনাক পাপাত্মার দেখিলে নিকটে ॥ ১৮৭৮

১ পূর্ব্বাহ্নেতে। ২ সম্পূর্ণ। ৩ মধ্যাহ্নে অর্পিত জল জলেরই তুল্য। পূর্ব্বাহ্নের জল অমৃত ও অপরাহ্নের জল রক্ত তুল্য। ৪ তুর্ণ—শীঘ্র। ৫ মূলে আছে "অসংস্কৃতগৃহে"। ৬ পড়ে। ৭—ধনে।

ঘোর তাপকর পাপ হৈতে মুক্ত হয়
শংশয় ইহাত নাহি মুনি মহাসয়
মৎস্য কূর্ম্ম রূপ আর মন্ত্র অষ্টাক্ষর
জার হৃদে লিখা শেহি বৈষ্ণব শুন্দর ॥ ১৮৭৯
ত্রিভুবণপবিত্রকারক বঠে তিণী
অপর বলি হে শুণ মুণিন্দ্র জৈমিণী
আশ্বিণমাশত ণারায়ণায়ুধগণ
প্রতিদিণে শরিরে অঙ্কেণ জেহি জণ ॥ ১৮৮০
শুভ বা অশুভ নরে একর্ম্ম করিলে
শে শবার অন্তকালে মোক্ষপদ মিলে
দিতিশুতণিকর(১)বেতাল ভূত জক্ষ
পিশাচ পন্নগ আর বিদ্যাধর রক্ষ ॥ ১৮৮১
কিন্নর গুহ্যক গ্রহগণ ণিরন্তর
কুষ্মাণ্ড অপর মন্ত্র জত বিঘ্নকর
মুকুন্দ-আয়ুধ অঙ্গে করি বিলোকণ
ভিতচিত্ত হয়া দুরে করেণ গমণ ॥ ১৮৮২
দিপি(২)আদি করি মন্ত্র বণচরভয়
আর ণিরজন্তু(৩)ভয়দাতা অতিশয়
কাম আদি মহারোগ(৪)দেহি-দেহাঘাতি
কৃষ্ণায়ুধ দেখি দুখে দুরে করে গতি ॥ ১৮৮৩
কৃষ্ণায়ুধঙ্কিত(৫)অঙ্গ জাহার হয়াছে
কোণ নর তাহারে দেখেণ জদি কাছে
শ্রীকৃষ্ণদর্শণ তুল্য ফলপ্রাপ্তী হয়
হে বিপ্র জৈমিণে ইহা কভু মিথ্যা নয় ॥১৮৮৪
ত্রিপত্রি দুর্ব্বার দ্বারা হয়া জত্নপর
আশ্বিণেত ণারায়ণ অর্চ্চে জেহি নর
তার বংশে শংশারেত অবছিন্ন নয়
বৃদ্ধি হৈতে বৃদ্ধি আর ক্রমে বৃদ্ধি হয় ॥ ১৮৮৫

হরিক কর্কটী(৬)ফল আশ্বিণে প্রদাণ
জত্নপর হয়া করে জেহি মতিমাণ
শোক প্রবেশণ নয় তাহার হৃদয়
দ্বিজশ্রেষ্ঠ একথা জাণিবা শুণিশ্চয় ॥ ১৮৮৬
আশ্বিণগমণে কার্ত্তিকের আগমণ
শে কার্ত্তিক মাষ শুভদায়ক শোভণ
তাতে দামোদর দেবদেবক মাণবে
প্রতহ(৭)পূজিবে অতি ভক্তিশ্রদ্ধাভাবে॥ ১৮৮৭
হে বিপ্রেন্দ্র কার্ত্তিকেত বিষ্ণুপ্রিত হেতু
উক্ত বিধি স্নাণ করাইবে পুন্যশেতু
আমিষ মৈথুণ তৈল কার্ত্তিকে জতণে
করিবেণ পরিত্যাগ মহাভাগগণে ॥১৮৮৮
এ শকল কর্ম্ম জদি নর দুর কর(৮)
জন্মে জন্মে গ্রামে ভ্রমে হইয়া শুকর(৯)
পর অন্ন তৈল আর দিবার ভোজণ(১০)
কার্ত্তিকে বৈষ্ণবে জত্নে করিবে বর্জ্জণ ॥ ১৮৮৯
দামোদর ণারায়ণ শোভণ ভূবণে
প্রদিপ প্রদাণ জত্নে করে জেহি জণে
তার ফলগণ বলি দ্বিজ মোহাসয়
একান্তে নিযুক্ত চিত্ত কর এ শময় ॥ ১৮৯০
ব্রহ্মহত্যা আদি পাপ ক্লেষদাতা অতি
মুক্ত হয় বপুমাঝে ণা করে বশতি
হর্ণান্তরে দামোদরপূরে প্রবেশিয়া
কোটীজুগাবধি থাকে শুখেক লভিয়া ॥ ১৮৯১
ত্রিদশইশ্বরগৃহে কার্ত্তিকে জে জণে
দিপ(১১) [illegible] শেহি মুনিবরগণে
বিলোকী ত্রিদশগণ হয়া হর্ণান্তর
এ প্রকার তারা শব কয় পরস্পর ॥ ১৮৯২

১—অসুরগণ। ২ দীপী। ৩ জলজন্তু। ৪ মূলে আছে "কামাদ্যা মহারোগাঃ"। ৫ কৃষ্ণের আয়ুধ অঙ্কিত ৬ কর্কটী। ৭ প্রত্যহ। ৮ মূলে আছে "বর্জ্জ ন ত্যজেৎ" যে ত্যাগ করে না। ৯ শূকর। ১০ দিবসে ভোজন। ১১ দীপ।

এহি পুণ্যাত্মার শ্রেষ্ঠ কেশব-অর্চ্চক
ইনি দিয়াছিল দিপ দেব উপেন্দ্রক
এজে পুন্যবাণ স্বর্গে হৈলে আগমণ
করিয়া নখিত্ব হরি শেবিব অখণ ॥ ১৮৯৩
বিপ্রেন্দ্র কার্ত্তিকমাষে মুহুর্ত্ত(১) জে জণে
দিপ পর্য্যালণ(২) করে ভবেষভুবণে(৩)
তার প্রতি তুষ্ট কৃষ্ণ শর্ব্বক্ষণ হয়
কৃষ্ণ তুষ্ট হৈলে কী শংশারে তারে ভয় ॥ ১৮৯৪
জে জণ কার্ত্তিকমাষে পিতবাষরে
অক্ষত শহিত দিপ(৪) পর্য্যালণ করে
দিবশে দিবশে অশ্বমেধফলগণ
প্রাপ্ত হয় শে জে শরশ্রেষ্ঠ শুভাজণ ॥ ১৮৯৫
অর্চ্চে জে শ্রীপতি তুলশির লক্ষ দলে
শে শরের লক্ষ বাজিমেধফল মিলে
কার্ত্তিকেত লক্ষ বেল্য(৫) দলে জেহি জণ
শারায়ণ-শ্রীচরণ করেণ অর্চ্চণ ॥ ১৮৯৬
কিম্বা লক্ষ বেল্যদল হরপদে দিলে
লক্ষ বাজিমেধজজ্ঞ ফল তার মিলে
কার্ত্তিকেত বকপুষ্পে হরিক অর্চণে
মিলে তার মোক্ষপদ হরি শুপ্রশণে(৬) ॥ ১৮৯৭
কার্ত্তিকেত ভক্তজণ হয়া ভক্তিপর
অর্চ্চণ করেণ শারায়ণ শুরেশ্বর
শারায়ণ শুপ্রশন্ন হয় তার প্রতি
অন্তকালে মোক্ষপথে হর্ষে করে গতি ॥১৮৯৯(৭)
ভক্তিভাবে কার্ত্তিকে শ্রীবিষ্ণু উদ্দিশণে
করি মাষ দাণ জে কিঞ্চিত করে জণে(৮)

শকল অক্ষয় তার বিপ্র শদাশয়
সত্য বলিলাম শাহি ইহাত শংশয় ॥ ১৯০০
ঘৃতশিক্ত পরমান্ন বিষ্ণুক কার্ত্তিকে
দিণে দিণে দিলে হরি তার পুরে থাকে
শিত কী অশিত পদ্মপুষ্পে জে মাণব
অর্চ্চেণ কমলাকান্ত শে ভবে দুর্ল্লভ ॥ ১৯০১
শিত বা লোহিত পদ্মে হরিক কার্ত্তিকে
অর্চ্চিলে পরম পদ পাবে শেহি লোকে
জে শর কার্ত্তিকে পদ্ম(৯) দেয় হরিতরে
হে বিপ্র শ্রীবিষ্ণু তুষ্টে কিণা দিবে তারে ॥ ১৯০২
এক অম্বুজেক কৈটভারিক অর্পিলে
তারে শ্রীয়(১০) দেয় বিষ্ণু শ্রীয় তার মিলে
কার্ত্তিকে কমলে জেহি শারাধেণ হরি
জন্মে জন্মে তার দেহে শা ত্রিষ্টে শ্রীসুরি(১১)॥১৯০৩
জগতপালক বিষ্ণু অশিবণাষণ
পদ্মবিজ(১২) দ্বারা তারে জে করে অর্চ্চণ
সুদ্ধ বিপ্রকুলে(১৩) প্রতি জন্মে জন্ম হয়
চতুর্ব্বিদ(১৪) বেদবিজ্ঞ হয় শে শিশ্চয় ॥ ১৯০৪
ধণবাণ হয় হয় পুত্রবাণ আর
কুটুম্ব(১৫)-পোসক হয় গুণের আধার
হে জৈমিণী আমি শত্য করি উদিরণ
পদ্ম পুষ্প শম শহে যত্ত পুষ্পগণ ॥ ১৯০৫
পাপাত্মার পদ্মপুষ্পে অর্চ্চিলে গোবিন্দ
অন্তকালে মোক্ষ পায় লভেণ আনন্দ
অম্বুজের বিশেষ মহাত্ম্য গণ আমি
ইতিহাষ শহিতে বলিব শুণ তুমি ॥ ১৯০৬

১ মুহূর্ত্ত। ২ প্রজ্বালন। ৩ মূলে আছে "নভসি", আকাশে। ৪ মূলে আছে "দধ্যাক্ষতদীপম।" ৫ বিল্ব। ৬—হরি সুপ্রসন্ন হইলে। ৭ এইখানে সংখ্যা ভুল আছে। ৮ কার্ত্তিক মাসে হরির উদ্দেশে কিঞ্চিৎ দিলেও তাহা অক্ষয় হয়। ৯ পদ্ম। ১০ লক্ষ্মী। ১১ লক্ষ্মী তাহার দেহে বাস করেন না। ১২ পদ্মবীজ। ১৩ শুদ্ধ ব্রাহ্মণবংশে। ১৪ চতুর্ব্বিধ ১৫ কুটুম্ব।

প্রজো নাম একজন(১) আছিল ব্রাহ্মণ
সর্ব্ব তত্ত্বচয় তিনি ছিল বিজ্ঞাপন(২)
কংশারি শ্রীহরি পদাম্বুজে তার মন
ষট্‌পদের ন্যায় হয়া স্থিত সর্ব্বক্ষণ ॥ ১৯০৭
সে জে গুণাধার দ্বিজসুত সর্ব্বদায়
এক শত কার্য্য ত্যাগ করিয়া স্বেচ্ছায়(৩)
দেবতা ব্রাহ্মণ গুরু করেন অর্চ্চন
অসংখ্য তাহার গুণ না হয় গণন ॥ ১৯০৮
পরদ্রব্যচয় বিষতুল্য করে জ্ঞান
পররমণীক দেখে মাতৃর সমান
মিত্রত শত্রুত সমভাব সদা তার
কিবা অপরূপ গুণাধার সদাচার ॥ ১৯০৯
সে জে বিপ্র পরমার্থবিত্তনিসেবক
সুখি হয় দরশিলে অথিতি জাচক
সর্ব্বজজ্ঞ সমাপন করিছে ব্রাহ্মণ
আর সর্ব্ব ব্রত করিয়াছে সমাপন ॥ ১৯১০
অসার সংসার পারাবার পার হেতু
নিজ চিত্ত বিত্তে চিন্তা করে পুন্যসেতু
সে জে দ্বিজশ্রেষ্ঠ হরিভক্তিপরায়ণ
চেতনে চিন্তিয়া স্বাব করিল বর্জ্জন ॥ ১৯১১
কেবা আমি পুর্ব্বে স্থিত আছিলাম কোথায়
কিবা কর্ম্ম পুর্ব্বে করিয়াছি সর্ব্বদায়
কেন কর্ম্মভূমে জন্ম হইল আমার
কোথা বা গমন মম হবে পুনর্ব্বার ॥ ১৯১২
এ প্রকার চিত্তে চিন্তি বিপ্র মহাভাগ
পুনঃ পুনঃ নিস্বাষ করিয়া পরিত্যাগ
বিজ্ঞাপনহেতু পুর্ব্বর্ষ্ণ তাহ্ম্ণকাল
পশুপতিক্ষেত্র প্রতি করিল(৪) শয়ন ॥ ১৯১৩
শশাঙ্কশেখর তুষ্টহেতু পুন্যকায়া
মিষ্টবাণি বলিতেছে বধ্যাঞ্জলি হয়া
ব্রাহ্মণ বদতি নমো মহাদেব যতি
নমোস্তে পরমেশ্বর অগতির গতি ॥ ১৯১৪
নমোস্তে শঙ্কর বরপ্রদ হে ইশান
নমো জ্ঞানদাতা জ্ঞানরূপি ভগবান
নমো সর্ব্বভূতহৃদাম্বুজনিবাসিনে
জগশ্রেষ্ঠ জগপতে নমী শ্রীচরণে ॥ ১৯১৫
সংসার-সংহার পশুপতি অতি গতি
তব পদে নমোস্কার যতিশ্বর যতি
নমো বহ্নিচক্ষু নমো বহ্নিরেতেসায়(৫)
সুধাংশুনেত্রায়(৬) নমো আদিত্যনেত্রায়(৭) ॥ ১৯১৬
নমো কির্ত্তিবাষ নমো ভস্মবিভূষণে
নমো নিলকণ্ঠ দেব নমোস্থিমালিনে(৮)
নমো শুলপানি নমো অর্দ্ধেন্দুবক্‌্রায়
নমো নাগপবিতিনে(৯) নমো জটালায়(১০) ॥ ১৯১৭
নমো বৃষধ্বজ ত্রিভুজায় নমোস্কার
কপালি শ্মশানবাসি নমি বারম্বার
কন্দর্পের দর্প ধ্বংসকারি ভিমকায়
ত্রিপুরনিধনকর হে দেবদেবায় ॥ ১৯১৮
নমো গৌরিসুতাপতি নমো বিশ্বমূর্ত্তী
বাণভক্তিতুষ্টমন(১১) করি পদে স্তুতি
নমো বহুরূপ স্বরূপায় নমোস্কার
দক্ষযজ্ঞবিনাশিনে নজার আমার ॥ ১৯১৯

১ মূলে আছে "আসীদেকপ্রজো নাম ব্রাহ্মণঃ সর্ব্বশাস্ত্রবিৎ", সুতরাং ব্রাহ্মণের নাম, একপ্রজ। ২ মূলে "সর্ব্বশাস্ত্রবিৎ" এই বিশেষণ আছে। ৩ স্বেচ্ছায় ৪ শিবস্থানে গমন করিল। ৫ মূলে আছে "নমস্তে পদ্মচক্ষুষে"। ৬ মূলে 'নমঃ' শব্দযোগে চতুর্থী বিভক্তি হইয়াছে। বাঙ্গালাতে ঐরূপ বিভক্তিযুক্ত পদ রাখার কোন প্রয়োজন নাই কিন্তু এখানে ও পরে এইরূপ বিভক্তিযুক্ত পদই রহিয়াছে। ৬ সুধাংশু নেত্রায়=চন্দ্র যাঁহার নেত্র। ৭ সূর্য্য যাঁহার নেত্র। ৮ অস্থিমালিনে নমঃ। ৯ মূলে আছে। পন্নগভূষায়, পন্ন স্থলে পদ্ম পড়িয়া অনুবাদ হইয়াছে। ১০ সর্প যাঁহার যজ্ঞোপবীত। ১১ মূলে আছে জটাধরায়। ১=বাণাসুরের ভক্তি দ্বারা তুষ্ট চিত্ত।

নমো পিনাকিনে নমো দেব প্রেতপতি
হে ইশ্বর করি তব পদাম্বুজে নতি
হে দৃষ্ট অদৃষ্ট দেব করি নমোষ্কার
চিন্তারূপ অচিন্তায় প্রণাম আমার ॥ ১৯২০
ওহে ব্রঁহ্ম তুমি ত্রিদশের অধিকারি
তাপিততপনরূপ বিষ্ণুরূপধারি
তুমি শোমরূপ সকলার্থিহারি(১) তুমি
হে পরমেশ্বর তব পদে নমি আমি ॥ ১৯২১
তার স্তব শুনি লোকসংহর শঙ্কর
সুপ্রসন্নে দেখা দিল পরম-ইশ্বর
সর্ব্বদেব-নমোষ্কৃত আবির্ভূত দেখি
চরণ বন্দন করি হৈল বিপ্র শুখি॥ ১৯২২
ওহে দ্বিজশ্রেষ্ঠ শেজে দ্বিজের নন্দন
হর্শার্ণবে পুণ মগ্ন হৈল তার মণ
বরপ্রদ প্রভু মহাদেব শুলপাণী
তার তুষ্টহেতু বিপ্র বলে মিষ্টবাণি ॥ ১৯২৩
দেব জগদিশ তরে বলিছে ব্রাঁহ্মণ
ওহে দেব তুমি শুরাশুর-অদর্শণ
আখি-অগ্রে দেখিলাম চরণ তোমার
আমা হৈতে ভাগ্যবাণ কেবা আছে আর ॥১৯২৪
ধ্যাণ-অবস্থিত চিত্তে হে পরমেশ্বর
হৃদিপদ্মঁ মধ্যে দেখে যোগীন্দ্রণিকর
হে লোকণায়ক পঙ্কনায়কণাবণ
শাক্ষাত তোমাক করিলাম দরশণ ॥ ১৯২৫
যোগীহৃদাম্বুজপ্রকাশক ওহে হর
দেখিলাম শাক্ষাত মম শাধ্য কী অপর
জে দেবের নাম মোক্ষধাম শুধাময়
মহাপাপাত্মার নিলে তার মুক্ত হয় ॥ ১৯২৬

শে দেবেক অগ্রভাগে করিলাম দর্শণ
আমা হৈতে ভাগ্যবাণ আর কোণ জণ
কৃতার্থ হৈলাম আমি হৈলাম কৃতার্থ
আমি ভাগ্যবাণ হইলাম কৃতকৃত(২) ॥ ১৯২৭
নমোস্তে শঙ্কর বরপ্রদ হে ইশাণ
হে পরমেশ্বর জ্ঞাণদাতা ভগবাণ
মহাদেব নিগদতি হে দ্বিজসত্তম
তব বাক্যে সন্তুষ্ট হইল হৃদি মম ॥ ১৯২৮
জে বর তোমার ইৎসা মাগ শেহি বর
এ প্রকার বাক্য জদি বলিল ইশ্বর
শ্রবণ করিয়া বিপ্র বলিল বচণ
তুমি পরমাত্মা দেবতার অদর্শণ ॥ ১৯২৯
শে তুমি তোমাক দেখিলাম শুরস্বামি
অপর কি বর তব স্থানে নিব আমি
তথাপী জদ্যপি মহাদেব দিবা বর
জিজ্ঞাশিব প্রশ্ন এক হে পরমেশ্বর ॥ ১৯৩০
হে দেব কে আমি পূর্ব্বে আছিলাম কোথা
আচরণ কোণ কর্ম্ম করিছি শর্ব্বথা
দুর্ঘোর শংশার-নিরধীর নিরে আমি
পতণ হয়াছী কেণ শুলপাণী স্বামি ॥ ১৯৩১
কর্ম্মপ্রাপ্ত হৈলে দেহি পাপলিপ্ত হয়
পুণ পাপপ্রভাবে বিশম গতি পায়
কি কর্ম্মপ্রভাবে প্রাপ্ত হইল জণণ
ণাণা দুখগণ কেণ করিছি সহণ ॥ ১৯৩২
প্রণিপাত হয়া শাথ বলিছি গোচরে
শুপ্রশন্নে হে শঙ্কর বল তা আমারে
পাপমূল এজে জণ্ম করিছি ধারণ
এ জন্মের দুখচয় হইল কারণ ॥ ১৯৩৩

১ সকল আর্ত্তি হংণকারী। ২ কৃতকৃত্য।

নিজ পুর্ব্ব বৃঁতান্ত জাণিতে কৃপাময়
মম মণ ধণ আবিষ্কীত(১) অতিশয়
জণণীজঠর ঘোর তাপীত অগ্নলে
দাহ করিছিল কায় জঠর শুকালে ॥ ১৯৩৪
মূত্রবিষ্ঠাপ্রাকিণ্ন(২) স্থাণেত দিণগণ
পিণাকি ক্ষেপণ করিয়াছি কি কারণ
গর্ভবাষ শম দুঃখ ণাহিকে ভুভিতরে
কেণ প্রভু তাত অণুভুত হৈল মোরে ॥ ১৯৩৫
এজে ভবপারাবার মাঝে কি কারণ
ণাণা দুখ্খ লয়া দিণ করিছি ক্ষেপণ
বিষ্ণুমায়া মোহ চিত্ত করিছে শংশারে
মোহপ্রাপ্তহেতু পাপ আশ্রয় শরিরে ॥ ১৯৩৬
শুদুস্তর ভবশিন্ধুমাঝে বন্ধুহিণ
তাতে শঙ্গ কাম ক্রোধ পরম কঠিণ
তাহার প্রদেশে আছে শোক রোগগণ
আর তার প্রদেশত জণম মরণ ॥ ১৯৩৭
ইশাণ প্রতণ কেণ হয়াছি অপারে
ওহে শিব জিবশিব বলতা আমারে
এ শকল বৃঁতান্ত শুণিতে ইৎসা হয়
কৃপা করি আমারে বলহে কৃপাময় ॥ ১৯৩৮
মহাদেব ণিগদতি দ্বিজের ণন্দণ
জে প্রশ্ন আমাক তুমি কর জিজ্ঞাষণ
শুহ্যাত শুহ্যতর শেহি প্রকাশিত ণয়
তব ভক্তি দেখি তুষ্ট হয়া বলি তায় ॥ ১৯৩৯
হে ব্রাঁহ্মণশ্রেষ্ট তুমি পুর্ব্বজিণকালে
আছিল তোমার জন্ম শবরায় কুলে(৩)
দণ্ডপাণী ণাম তব আছিল আখ্যাণ
স্বলোকে(৪) শতত দুখ্খ করিছ প্রদাণ ॥ ১৯৪০
বিবেকবর্জ্জিত তুমি ছিলা শর্ব্বক্ষণ
পরলোকভয়চয় করিছ বর্জ্জণ
পরমক্লেষদা দস্যুবিত্তিক শদায়
প্রকাষ করিছ তুমি বিপ্র পুন্যকায় ॥ ১৯৪১
দস্যুবির্ত্তি(৫) ভাল চিত্তে করি বিলোকণ
অতিশয় ণির্দ্দয় হইল তব মণ
অপর তোমার জত ছিল শোহদর
তারাও শে কর্ম্মে যুক্ত হৈল ণিরন্তর ॥ ১৯৪২
হে বিপ্রেন্দ্র তব শণে তব ভাতৃগণ
তার ণামগণ বলি কর তা শ্রবণ
জে শকল ভাতৃশণে তুমি পুর্ব্বকালে
দস্যুকর্ম্ম আচরণ কর কতুহলে ॥ ১৯৪৩
ভাতৃশণে দস্যুকর্ম্ম জে করিল পুর্ব
শ্রবণ করহ বলি তার ণাম শব
দণ্ডী দণ্ডায়ুধ দণ্ড বাণ দণ্ডভৃতু
সুদণ্ড অপর জণ ণাম দণ্ডকেতু ॥ ১৯৪৪
প্রকির্ত্তিতা শট ভ্রাতা শহিত ভ্রাতাগণ
মোহাঘোর ছিলা দয়া করিছ বর্জ্জণ
ণিত্য বিত্তে হৈছ সদা শ্রীয় কৃতাজণা(৬)
ধণলোভে ভাক্রিশণে হৈছ দুষ্টমণা ॥ ১৯৪৫
কোটী কোটী অরণ্য প্রান্থরে বিপ্রগণ
ধণলোভে তার প্রাণ করিছ ণিধণ
বিপিণে থাকিয়া তিথশায়কশন্ধাণে
গোবধ করিয়া মাংষ আণিয়া জতণে ॥ ১৯৪৬
ভাল জাণি মদিরাশহিতে তুমি তারে
করিছ আদাণ পাণ(৭) ভাতৃশহকারে
জাতায়াতবিধি শব অতিভিত হয়া
যন্ত পথি শণে জায় বিপিণ তেজিয়া ॥ ১৯৪৭

১ আকাঙ্খিত। ২ প্রকীর্ণ। ৩ মূলে আছে "শবরান্বয়সম্ভবঃ" অর্থাৎ শবরবংশে উৎপন্ন। অনুবাদক অর্থ বুঝিতে পারেন নাই। ৪ সৎ লোকদিগকে। ৫ বৃত্তি। ৬ মূলে আছে "বৃত্তেন ভবতা বিত্তাং সর্ব্বে ব্যগ্রীকৃতা জনাঃ" অর্থাৎ তোমার বৃত্তিতে সকল লোকে নিত্য ব্যস্ত হইয়া উঠিয়াছিল। ৭ অদন পান অর্থাৎ মাংস ভক্ষণ ও মদিরা পান।

তখণ তাহার বিম্ব হরণ করিছ
আর তার ভুষণেত কাক পা রাখিছ
তুমি দস্যুশমাগমে জার ভার্য্যা তার
পাছিল জাণিবা ওহে ভুদেবকুমার॥ ১৯৪৮
একদা ভাত্রির শণে তুমি মহাবণে
শ্রান্ত জন্যে শান্ত হেতু গেলা শরবণে
তত্র স্নাণকর্ম্ম করিয়াছ আচরণ
খুদিত হইয়া কর মৃনালভোজণ॥ ১৯৪৯
ভাতৃশণে পদ্মমুল অশণ করিয়া
হে দ্বিজশত্তম শবে কৌতুক লভিয়া
শিত প্রফুল্লিত পদ্ম আণিছ বহতু(১)
শেইকালে আশিলেণ দ্বিজ পূণ্যশেতু॥ ১৯৫০
ব্রাহ্মণ বক্তলার্ষর সর্ব্ববেদবিদার্ষর(২)
স্নাণার্থে হইল সমাগত
তত্র স্থাণে করি স্নাণ জণার্দ্দণ ভগবাণ
আরাধেণ করি দৃঢ়চিত্ত॥ ১৯৫১
অবিণয় শে ব্রাহ্মণে পাহি জাচে তব স্থাণে
তাতে তুমি এক অরবিন্দ
মমার্চ্চণে করি মতি অর্চ্চিতে কমলাপতি
দিআ হৈছ অধিক আণন্দ॥ ১৯৫২
হে দণ্ডে পদ্মে(৩) তোমার দ্বিজত্তম গুণাধার
শুপ্রিত হইয়া অতিশয়
সর্ব্বকাম দাতা হরি হৃদিমধ্যে ধ্যাণ করি
দিল বিষ্ণুতরে শে শময়॥ ১৯৫৩
বিপ্র শর্ব্ববেদার্ষর দেখি বিষ্ণুপূজাপর
তুমি তথা হাশিছ তখণ
কামদাতা পারায়ণ হৈলে পরে শুপ্রশণ
কামদাণ দিল জনার্দ্দণ॥ ১৯৫৪
চতুবর্গ্গ ফলদাতা ভবণিয়ন্ধিত্রাতা
পরমাত্মা শোণাতণ হরি
বিধি-উক্তে কতুহলে অর্চ্চ শিতাম্বুজকুলে
অন্তকালে জাবা ভব তরি॥ ১৯৫৫
জথা হৈতে আগমণ তথায় পুণ গমণ
করিয়াছ বিপ্র সদাশয়
বিপ্র হরি হৃদে স্মরি শিতাম্বুজ দাণ করি
প্রণামেণ শুহর্শহৃদয়॥ ১৯৫৬
বিষ্ণুপূজাদর্শণে শকল পাপ হরে
শুণ পরে জে হইল কিছু দিণান্তরে
পঞ্চত্বক প্রাপ্ত হৈছ শেহি মহাবণে
দ্বিজত্তম তুষ্ট হরি হয়া কর্ম্মগুণে॥ ১৯৫৭
দেবতার শুদুল্বভ শুপরম স্থাণ
দিল কৃপাময় দেববেদ ভগবাণ
শতাধিক শস্র মন্বন্তর বিষ্ণুপুরে
কৃপাময়কৃপায় বিবিধ শুখ করে॥ ১৯৫৮
হে দ্বিজ কর্ম্মাবশাণে কর্ম্ম ভূমণ্ডলে
জন্মপ্রাপ্ত হৈল বিপ্রকুলে কর্ম্মফলে
শুদ্ধ বিপ্রকুলে হয়া হয়াছ নির্ম্মল
সর্ব্বগুণ আর হরিভক্তি শুচঞ্চল॥ ১৯৫৯
প্রাপ্তী হয়া আছ ক্রিয়াযোগে শর্ব্বক্ষণ
মহাবিষ্ণু প্রভুপদ কর আরাধণ
তোমাক শত জ্ঞাণ আমি করিলাম দাণ
জ্ঞাণ হৈতে মোক্ষ হয় হে দ্বিজশত্তাণ॥ ১৯৬০
শুপ্রিত হইয়া দ্বিজ চল পিজ ঘর
হবে তব শিব শিব করিবে ইশ্বর
আমার দর্শণ প্রাপ্ত হইল তোমার
এ ভববন্ধণে মুক্ত হৈলা গুণাধার॥ ১৯৬১

---

১ মুলে আছে "বহুণি"। ২ মুলে আছে, সর্ব্ববেদা নামক ব্রাহ্মণ। ৩—তোমার হস্ত পদ্মে।

।াষ নিগদন্তি যতি করহে শ্রবণ
এ বলিয়া অন্তর্ধ্যাণ হৈল ত্রিণয়ণ
কৃতার্থ হইয়া দ্বিজ গেল নিজালয়
মণোহর পদ্মে অর্চ্চি বিষ্ণু কৃপাময় ॥ ১৯৬২
মুক্ষার্থে পরমেশ্বর জত্নে আরাধণ
বিকচ অম্বুজ দাণ করিয়া ব্রাহ্মণ
ন্নাণ হৈতে মোক্ষ হৈল শ্রীহরিকৃপায়
দিল মোক্ষ বিষ্ণু তারে হইয়া সদয় ॥ ১৯৬৩
এরূপ অনিশ্চা(১) ভাবে প্রদাণে কমল
দবের দুল্লভ গতি পাইল নির্ম্মল
ভক্তিভাবে জদি পদ্ম দেয় বিষ্ণুতরে
তার শম আর কেবা আছেণ শংশারে ॥ ১৯৬৪
।তা সত্য পুন সত্য সত্য বলি আমি
মাক্ষপ্রাপ্তী অম্বুজে অর্চ্চিলে গুরস্বামি
ব্রারিক পদ্ম এক দিলে ভক্তিভাবে
পুণ জন্মহিণ তার শংশার ভৈরবে ॥ ১৯৬৫
একাহ পয়োজপুষ্পে শ্রীহরি অর্চ্চণ
করিলে পরম পাপ করিয়া বর্জ্জণ
অন্তকালে মোক্ষপ্রাপ্ত হয় প্রাণিচয়
।লিলাম হে জৈমিণী মুণি মহাশয় ॥ ১৯৬৬
জমিণি মুণিন্দ্র আর ব্যাষ আলাপণে
সমাপণ দ্বাদশ অধ্যায় এহি স্থলে
ভক্তিভাবে শিব নাম রষধাম অতি
কর নর উচ্চারণ বদণে শম্প্রতি ॥১৯৬৭
কৃপার আধার হর হয়া তুষ্ট মণ
জ্ঞাণ দিবে অন্তে মোক্ষ করিবা গমণ
জে হরকৃপায় জ্ঞাণ পায়া প্রাণিচয়
ভিশণ ভবণিন্ধু সুখে পার হয় ॥ ১৯৬৮
শে হর হরিতে কমতায় জন্ম হৈল
বলি বলি কবিগণে জার বেক্ষা কৈল
বলিরাজ বলে পূর্ব্বে জিণিয়া অমর
দেবেন্দ্র-আশণে বশি হৈল দেবেশ্বর ॥ ১৯৬৯
দেবতার হিতে রত হয়া নারায়ণ
দাণছলে নিল তারে পাতালভুবণ
দেখহ দাণের গুণ আর ভক্তিগুণ
অদ্যাপীত বলি দাণে আছে গুনিপুণ ॥ ১৯৭০
পুণর্ব্বার ইন্দ্র-পদ পাবে দাণফলে
জাক রক্ষা করে শদা ভকতবৎস্বলে
অশিষ্ট পাপীষ্ট শিষ্ট কষ্টদাতা অতি
কি চিণিবে তারে মদে মত্ত হয়া মতি ॥ ১৯৭১
এ প্রকার নৃপাদেশে দাস দ্বিপুঞ্জয়
পয়ারপ্রবন্ধে নাণাছন্দে গাণ গায়।

[ত্রয়োদশ অধ্যায়]

।াষ নিগদন্তি যতি বলি পুণর্ব্বার
।ার্গশির্ষ মাশে দেব জগত-আধার ॥ ১৯৭২
।হালক্ষ্মী শমন্নিতে(২)হয়া ভক্তিপর
দ্বারাধিষ্বে জণার্দ্দণ জগত-ইশ্বর
বপ্রেন্দ্র উচ্চিষ্ট(৩)দেশে পতিত আলয়
দুর্গন্ধগুপরিব্যাপ্ত(৪)স্থলে কৃপাময় ॥ ১৯৭৩
না করিবে পূজণ কখণ ধীর জত
মহাপাপী পাশণ্ডজণায় শমিণত
জে শকল জণ করে অশত্যভাষণ
না পুজিবে তার অগ্রে গুরেবচরণ ॥ ১৯৭৪

১ অনিচ্ছা ২—মহালক্ষ্মীর সহিত। ৩ উচ্ছিষ্ট। ৪ দুর্গন্ধ দুষ্পরিব্যাপ্ত।

ক্রন্দণশন্নিধ্য কোলাহলস্থলে আর
উপহাষস্থলে না পুজিবে জগাধার
গ্রামযাজিগৃহে আর ভক্তাচারলয়(১)
ভাষণ বাচেণ(২)জে শকল দুরাশয় ॥ ১৯৭৫
অপর অজ্যাজ্যজণ জাচক(৩) নিকটে
শ্রীবিষ্ণু শামান্যদর্শি জণ শন্নিকটে
কৃপণভূবণ(৪)পরবিত্তণাশি ঘরে(৫)
কপট্রবির্ত্তি [illegible] হরে(৭)॥১৯৭৬
পা[illegible] বিপ্র হয়া ভক্তিপর
অন্যচিন্তাত্যাগী হরিধ্যাণ হবে নর
হাহাকার নিশ্বাদ বিস্ময়স্থলে আর
বহুভায নির্দ্দিয়(৮)স্থলেত জগাধার ॥ ১৯৭৭
পুজাকর শকলের পুজা যুক্ত নয়
অপর জে বলি শুণ দ্বিজের তনয়
অণন্যমাণশে দেবদেব নারায়ণ
আরাধেণ এজে মত্যে জেহি লোকগণ ॥ ১৯৭৮
ভস্মিকর-মুখে পুষ্প করিলে প্রদাণ
নাহি পায় তারে অন্তর্যামি ভগবাণ ৯)
চিন্তাশতাগত করি দ্বিজের তনয়(১০)
শিলাচক্রে পুষ্প দেণ জেহি নরচয় ॥ ১৯৭৯
শ্রবণরঞ্জণকর কির্ত্তণ জাহার
প্রাপ্ত নাহি হয় শেহি প্রভু জগাধার
শুস্থিরমাণশে বুঁধচয় ভক্তিভাবে
শুরশ্রেষ্ঠশ্রীচরণ অর্চ্চণ করিবে ॥ ১৯৮০
ভ্রান্তচিত্ত হয়া করে কর্ম্ম জে শকল
ফলপ্রাপ্তী নাহি তার কেবল নিস্ফল
মণের অধিণ বঠে কর্ম্ম শমুদায়
কর্ম্মের অধিণ ত্রিভুবণ শুনিশ্চয় ॥ ১৯৮১
অতএব [illegible]
অবলা কমলাকান্ত কর আরাধণ
ওহে বিজ্ঞ শুণাধার দ্বিজের তনয়
কৃয়ান্তু এ মণন্তু এ জদিখাত হয়(১১) ॥ ১৯৮২
শত কল্প কোটী এপ্রকারে আরাধণ
করিলেও ফলপ্রাপ্তী নয় জণগণ
শৌচক্রিয়া শমাপণ করি ধীরচয়
জত্নে আরাধিবে দেব বিষ্ণু কৃপাময় ॥ ১৯৮৩
জে পর্য্যন্ত মনশুদ্ধি জে নর বিহিণ
অতুল ভুতলে শেহি চণ্ডাল প্রবিণ
ভক্তিহিণভাবে ওহে দ্বিজের নন্দণ
শন্তপ্তে(১২)শুচিরকাল হরি-আরাধণ ॥ ১৯৮৪
করিলে নিরর্থ সর্ব্ব কায়ক্লেশমাত্র
কেবলে শোষণে(১৩ [illegible] জেণ নিজ গাত্র ॥
শুমেরুশমাণ শন্ন(১৪) ভক্তিহিণ মণে
দান [illegible] বিপ্র[illegible] জে জনে
কেবল অর্থের নাষ ফলপ্রাপ্তী নয়
ভক্তিহিণ হৈলে সর্ব্ব কর্ম্ম নাষ হয় ॥ ১৯৮৫
একমণ হয়া ভক্তিশ্রদ্ধাশমন্নিতে
জে জণ পুজেণ লক্ষ্মীকান্ত জগপতে
চতুর্ব্বর্গের ফল প্রাপ্ত হয়েণ তাহার
একথা শুদৃড় ওহে ভুদেবকুমার ॥ ১৯৮৬

১—আচারভ্রষ্টের গৃহে। ২ মূলে আছে "বাচালানাং সমীপে"। ৩ অযাজ্যযাজক। ৪ কৃপণের গৃহে। ৫ মূলে আছে, পরবিত্তাভিলাষীর গৃহে। ৬ যাহারা কপটাচারী তাহাদের গৃহে। ৭ হরির অর্চ্চনা করিবে না। ৮ মূলে আছে, পাষণ্ডগণের সহিত সম্ভাষণ করিবে না। ৯ মূলে আছে, একাগ্রচিত্তে হরিকে ধ্যান করিয়া যদি ভস্মেতেও পুষ্প দেয় তাহা হইলেও হরি তাহা পান। ১০ অন্য শত চিন্তাগ্রস্ত হইয়া শিলাচক্রে পুষ্পদান করিলেও হরি তাহা পান। ১১ ক্রিয়া এক স্থানে ও মন অন্য স্থানে হইলে। ১২ মূলে আছে "অভক্ত্যা বহুপরতপম্" অভক্তির সহিত যে তপস্যা করা হয়। ১৩ শোষণে। ১৪ স্বর্ণ।

ভক্তিভাবে জত্নপর হয়া নরগণ
মৃগাপুপশমন্বিতে সয়ত্নে শাল্যান্ন
নবাস্ত্রুক আদি শাথ(১) অন্ন শমন্বিতে
দিবেণ বিষ্ণুক বিষ্ণুভক্ত হর্শচিতে॥ ১৯৮৭
তৃতীতে জে চারু পক্ক নাগরঙ্গ ফল(২)
পরমাত্মা কেশবেত অর্চ্চে জে শকল
ওহে গুণাধার দ্বিজশ্রেষ্ঠ শদাসয়
শে জণ আমার জাণ পূজণিয় হয়॥ ১৯৮৮
মুরারিত চিত্ত নিজজিত(৩)করি নরে
অন্ন জে নতুণ বস্ত্র দেয় হরিতরে
জগতজণক হরি শদা তার প্রতি
সন্তুষ্ট জাণিবা ওহে মুণি মহামতি॥ ১৯৮৯
মার্গশির্ষ গতে পৌষ হৈলে আগমণ
ভক্তিযুত হয়া জে শুধীর নরগণ
ইক্ষুরশে স্নাণ করাইয়া দামোদর
অর্চ্চণ করিবে নর হয়া জত্নপর॥ ১৯৯০
জে ফলেক পায় ওহে বিপ্র শদাসয়
বলি নিজজিত চিত কর এশময়
ইহকালে শর্ব্ব ভোগ করি শমাপণ
অন্তকালে ইক্ষুশিন্ধু করেণ গমণ॥ ১৯৯১
ইক্ষুথণ্ডশহিতে নৈবিদ্য শাজাইয়া
মুকুন্দেত অর্প্যে অতি ভক্তিযুত হয়া
ইক্ষুরশে স্নাণফল পায় শেহি জণ
হে মুণি বহুত কিবা করিব ভাষন॥ ১৯৯২
শদ্ধুগ্ধে পিষ্টক কিম্বা দধি শমন্বিতে
উপেন্দ্রেত জে মাণব অর্প্যে শ্রদ্ধাচিতে
জে কাম আখিক্ষা মণে শেহি প্রাপ্তী হয়
হে বিপ্র কিঞ্চিত নাহি ইহাত শংশয়॥ ১৯৯৩
মুরারির পুরাতণ বস্ত্র জেহি জণ
করি দূর ঘোর শিতবারণকারণ
নতুণ বষণগণ বিতরণ করে
পৌষশংক্রমণে আর লক্ষী শমভ্যারে॥ ১৯৯৪
দশবর্ণ পিষ্টক করিয়া হর্শে দাণ
করে পুজা জে নর শ্রীকান্ত ভগবাণ
শেহি জণ মোক্ষপথে করেণ গমণ
শুরেশপূজণে শঙ্খ জে করে বাদণ॥ ১৯৯৫
তার পুণ্যফল বলি বৎস্য গুণালয়
শ্রবণে নিযুক্ত চিত্ত কর এ শময়
অগম্যাগমণ আদি জত পাপগণ
তুর্ন(৪)তণু হণে দূরে করে পলায়ণ॥ ১৯৯৬
অন্তকালে আগমণ শ্রীবিষ্ণুপুরে করে
থাকেণ পরম শুখে বিষ্ণুশমভ্যারে
বৈণতেয়াঙ্কিত ঘণ্টা হরিপুজাকালে
জে মাণব করেণ বাদণ কতুহলে॥ ১৯৯৭
দ্বিজশ্রেষ্ঠ তার পুণ্য কর আকর্ণণ
অভক্ষভক্ষণ সুদারুণ পাপগণ
অন্তকালে তিনি মুক্ত হয়া পাপ হণে
করে গতি বিষ্ণুপুরে চরি(৫)দিব্যযাণে॥ ১৯৯৮
কোটীশতাবধি কল্প তথায় থাকিয়া
পুণরায় এজে কর্ম্ম ভূতলে আশিয়া
বিশিষ্ট ব্রাহ্মণকুলে হয়েন জণণ
চতুর্ব্বেদবিজ্ঞ হয় করি অধ্যয়ণ॥ ১৯৯৯
অতুল ভূতলে শর্ব্বশুখলাভ হয়
শোকদুঃখবিবর্জ্জিত হয়া শে নিশ্চয়
অন্তে পুণ দিব্যযাণ করি আরোহণ
বিষ্ণুপুরে জায়া মোক্ষ পায় শেহিজণ॥ ২০০০

১ বাস্তুক শাক (বেতুয়া শাক) সহ। ২ যে নাগরঙ্গ ফল (নারঙ্গী লেবু) দেখিতে দিব্য পক্ব। ৩ নিযোজিত। ৪ তূর্ণ—শীঘ্র। ৫ চড়ি।

মুকুন্দ পরমানন্দ চারুপদার্চ্চনে
ভক্তিযুত হয়া বিণা(১)বাজায় জে জনে
প্রতিজন্মে শেহি মত্য(২)পণ্ডীতগণের
অগ্রগন্য হয় প্রশংশিত শকলের ॥ ২০০১
কৈটভারি হরিপদ অর্চ্চণশময়
মৃদঙ্গবাদণ করে জে মাণবচয়
তার প্রতি শুপ্রশন্ন হয়া নারায়ণ
চিত্ত-অভিমত ফল করে বিতরণ ॥ ২০০২
ডম্বুরু ডিণ্ডিম আর ঝঝ'রি
পটহ দুন্দভি কাহাল তুরি
অপর মধুরি শিঙ্গুবারণ
কাংস্য করতাল বেণু বাদণ ॥ ২০০৩
করে জে শ্রীহরি-অর্চ্চণকালে
শে জে মাণবের জে পুন্ন মিলে
বলিতেছি তাহা কর শ্রবণ
শর্ব্বপাপ হণে শে নরগণ ॥ ২০০৪
মুক্ত হয়া অন্তকালশময়
নারায়ণপুর বৈকুণ্ট পায়
শে স্থাণে পরম জ্ঞাণ লভিয়া
মুক্ত পায় হে মুণি পুন্যকায়া ॥ ২০০৫
জগগুরু হরিহর-অর্চ্চণে
করমুখশব্দ করে জে জণে
বিপ্রেন্দ্র তার পুন্য বলি আমি
চিত নিজজিতে শুণ তা তুমি ॥ ২০০৬
কাটী কোটী কুল লইয়া সাথে
লে শেহি শুখে বৈকুণ্টপথে
ায়া হরিস্থাণ জ্ঞাণ লভিয়া
ক্ত হয় হে মুণিন্দ্র পুন্যকায়া ॥ ২০০৭

জে জণ নারায়ণ আয়তণে
নর্ত্তণ করে ভক্তিশ্রদ্ধামণে
হে ব্রাঁহ্মণ তিনি অন্ত-শময়
বিষ্ণু পরমপদ শুখে পায় ॥ ২০০৮
ভক্তিভাবে নারায়ণ শন্নিধাণে
গিতগণ গীণ করে জে জণে
আর নিত্য(৩) করে হর্ষমনশে
গন্ধর্ব্ব নগর পায় শে শেশে ॥ ২০০৯
ভক্তিপর হয়া ভক্তশকলে
তুশিবে স্তবস্তোত্রে কতুহলে
উপেন্দ্র তাহার প্রতি তুষ্ট হবে
সর্ব্বদা তার আখিক্কা পুরিবে ॥ ২০১০
প্রতিমাশেত বিধি-উক্ত মতে
জে অর্চ্চে নারায়ণ জগপতে
হে বিপ্রণন্দণ তিনি অচিরে
হয় ত্রাণ প্রশন্নে দেষ হরে ॥ ২০১১
এ জগ উদধী(৪) ত্রাণ কারণে
জে মণুজ চিন্তা করেণ মণে
শে জগ উদধি(৪) [illegible]ভর অতি
সর্ব্বদুখথ শর্ব্বদায় হে যতি ॥ ২০১২
তাতে পরমপুরুষ যুগ্ম চরণ
অতি মণজ্ঞ বিবুধারাধণ
তারে কৃয়াযোগে জে শর্ব্বকালে
প্রাণমাণে শ্রদ্ধায় আরাধীলে ॥ ২০১৩
শুরশেব্য হয় শে শুরপুরে
কৃয়াযোগে ভজ নিরন্তরে
ব্যাষবাক্যে ত্রয়দশ অধ্যায়
হৈল শমাপণ দিণ জায় ॥ ২০১৪

১ বীণা। ২ বর্ত্তা। ৩ নৃত্য। ৪ জগদুদধি।

নৃপতি কেশরি শ্রীশ্রীহরেন্দ্র
ভূতলেত বিরাজিত মহেন্দ্র
ত্রিদিবে ত্রিদশ-ইশ-আসনে
বশিবে পুণশ্চ সুহর্ম্মমণে ॥ ২০১৫

পালিবে ত্রিলোক সুখে ভূপতি
হেণ নৃপাজ্ঞায় নিজশ্রী মতি
নৃপতিকিঙ্কর শ্রীল রিপুঞ্জয়
হরিক বন্দিয়া টৌটকে(১) গায় ॥ ২০১৬

[চতুর্দ্দশ অধ্যায়]

ব্যাস বোলে জৈমিনি উপাক্ষ-বলি শুন
পাপের সংহার করে বিষ্ণুর স্মরন
শয়ণ ভোজণ স্থিতি গতি ভ্রমনত
হরিক স্মরন করে বৈষ্ণব সতত ॥ ২০১৭
বিষ্ণুর স্মরন সর্ব্বদুঃখবিনাশন
কালের নিয়ম ণাহি কহে মুণিগণ
কেশবের নামের প্রভাব দ্বিজবর
ইতিহাস সমন্বিতে বলি অতঃপর ॥ ২০১৮
সত্যবন্ধু নামে ছিল পুর্ব্বে একজন
সত্যযুগে গুনাকর বৈশ্য মহাধন
সেহি বৈশ্য দৈবযোগে প্রথমবয়শে
মৃতুর বসতি গেল রোগ শ্বাশকাশে ॥ ২০১৯
জীবন্তী নামত তার পত্নি সুমধ্যমা
নবিনযৌবণা বামা অতি মনোরমা
স্বামির মরণে বামা হৈয়া নিরাশ্রয়
নিজ বাড়ি ছারি গেল পিতার আলয় ॥ ২০২০
জিবস্তি হইয়া ণবযৌবণগর্ব্বিতা
পাপত করিল মতি বনিকবনিতা
বন্ধুগণে যদ্যপি বারণ করে তাক
তথাপি যৌবনগর্ব্বে ণা মানে তাহাক ॥ ২০২১
ছারিয়া বৈধব্যধর্ম্ম গৃহের ব্যাপার
উপপতি অনুরক্ত মতি হৈল তার
না মাণে কাহার বাধা জিবন্তি সুশ্রোণী
ধর্ম্মপন্থা ণা দেখিল সে নবযৌবনী ॥ ২০২২
দুঃশীলা দেখিয়া তাক অপকির্ত্তি ভয়
ধর্ম্মশিল পিতা তার কোপ হৈয়া কয়
সর্ব্বদোষবিবর্য্যিত বংশত আমার
তুমি দুষ্টা পাপিনী করিলা অনাচার ॥ ২২৩(২)
জন্মিয়া আমার বংশে তুমি কি কারণ
পাপে মণ করিয়াছ না মান বারণ
যদি ঘোর পাপে তোর লিপ্ত হৈছে মন
তবে মোর ঘর হৈতে চল এহিক্ষণ ॥ ২২৪(৩)
এমত তাহার পিতা বলিল যখন
অন্য স্থান গেল ক্রোধে লোহিতলোচণ
ছারিয়া পিতার বাস হৈয়া স্বেচ্ছাচার
স্বচ্ছন্দভ্রমণ করে উদ্দেশিয়া জার ॥ ২০২৫
বেশ্যাবির্ত্তি(৪) আশ্রয় করিয়া তারপর
লজ্জা ছারি নগরে করিল বাসঘর
কুবাচ চণ্ডাল ম্লেচ তুরুক চামার
জে জে লোক জায় তার ঘরে থাকিবার ॥২০২৬
তার সঙ্গে অতি রঙ্গে প্রেমে ক্রিড়া করে
জাতি কুল ভাল মন্দ বিচার ণা করে
পরলোকভয় চিন্তা ণা করে মণত
জার সঙ্গে ক্রিয়া করে বারণারিবত ॥ ২০২৭

১ তোটক ছন্দে। ২ এখানে ২০২৩ সংখ্যা হইবে। ৩ এখানে ২০২৪ সংখ্যা হইবে। ৪ বৃত্তি।

শুকপক্ষি লৈয়া এক ব্যাধ দুরাশয়
বিক্রয় করিতে গেল তাহার আলয়
সে শুক দেখিয়া বারাঙ্গনা ততিক্ষণ
পক্ষি লৈল কিনিয়া ব্যাধক দিয়া ধন ॥ ২০২৮
শুকযোগ্য আহার প্রদানে বারনারি
পক্ষিক পোষন করে কৌতুকে সুন্দরি
অনপত্যা বারণারি শুকের ছাওাল(১)
পুত্রপ্রায় মানিয়া করিল প্রতিপাল ॥ ২০২৯
সে পক্ষি প্রত্যহে আজ্ঞা-অনুশারে তার
জানিয়া তাহার চিত্ত করে ব্যবহার
তরুনবয়শকালে শুক বুদ্ধিমান
গণিকার সঙ্গে রামণাম করে গান ॥ ২০৩০
রামনাম মহামন্ত্র সর্ব্বপাপ হরে
গনিকাসহিতে সেহি শুক পাঠ করে
রামনাম মন্ত্র উচ্চারিয়া বারম্বার
সর্ব্বপাপ নষ্ট হৈল সে শুক বেশ্যার ॥ ২০৩১
কালবসে আয়ুঃশেষ হৈয়া পরে তার
এককালে মৃত্যু হৈল শুক গণিকার
সে দুইজনাক লৈয়া যাওার কারন
ধর্ম্মরাজ পঠাইয়া দিল দুতগণ ॥ ২০৩২
চণ্ড-আদি দুতগন যম-আজ্ঞা পায়া
ধরিয়া মুদ্গর পাস বেগে গেল ধায়া
চর্ম্মপাসে দুইক বান্ধিয়া দুতগনে
যাবার করিল ইচ্ছা সমন দর্শনে ॥ ২০৩৩
সেহিকালে সে দুইক নিবার কারন
উপস্থিত হৈল তথা বিষ্ণুদুতগণ
চতুর্ভুজমূর্ত্তি শঙ্খ চক্র গদাপানি
বিষ্ণুতুল্য পরাক্রম সর্ব্বধর্ম্মজ্ঞানি ॥ ২০৩৪
সে দুইজনক পাসবদ্ধ দেখি করে
ক্রোধ হয়া বলিলেণ বিষ্ণুর কিঙ্করে
যমদুত সকলের পথে দেখা পায়া
বিষ্ণুর কিঙ্করগণ বোলে ক্রোধ হয়া ॥ ২০৩৫
যমকিঙ্করক বোলে বিষ্ণুর কিঙ্কর
কে তোমরা বিকৃত-আকার কলেবর
জ্বলণ-অণল-বত তোমার লোচণ
দির্ঘদন্ত রোমবস্ত্র(২) চর্ম্ম-আচ্ছাদণ(৩) ॥ ২০৩৬
বিণষ্ট সকল পাপ এ দুই জনার
তাক বান্ধিআছ তোরা কিঙ্কর কাহার
পরিচয় দিয়া আগে আমাক সবাক
পরে জে করিতে হয় করিবা তাহাক ॥ ২০৩৭
যমদুতগণে বোলে হইয়া নির্ভয়
যমের কিঙ্কর বটি আমরা নিশ্চয়
আমরা সকল বৈবস্বত-আজ্ঞাকারি
তাহার আজ্ঞাতে সকলের প্রাণ মারি ॥ ২০৩৮
এ দুইক বান্ধিয়াছি যমনিদেশণে
লৈয়া জাই ভয়ঙ্কর সমণসদনে
যমদুতবাক্য শুনি বিষ্ণুদুতগণ
কোপে রক্তবর্ণ মুখ হৈয়া কণে কণ ॥ ২০৩৯
বিষ্ণুদুতগণে বোলে আচর্য্য(৪) বচণ
যমকিঙ্করের মুখে শুনিলাম অখণ(৫)
ব্যক্ত বিষ্ণুভক্ত হৈছে এহি দুইজণ
দেখ তাক দণ্ড করে তপণনন্দন ॥ ২০৪০
উত্তম চরিত্র নহে কখণ দুষ্টের
জন্ম করি জাত হিংসা করে মহন্তের(৬)
কৃতপাপ দুর্য্যধণের চরিত্র এমত
নিষ্পাপক পাপি দেখে আপনার মত ॥ ২০৪১

১ শাবক। ২ মুখে আছে দীর্ঘরোমযুক্ত। ৩ চর্ম্ম পরিধান। ৪ আশ্চর্য্য। ৫ এখন। ৬ মহতের।

পুণ্যাত্মা নিষ্পাপি দেখে অখিল জগত
পাপাত্মা সকলে দেখে কৃত-পাপ-রত
পুণ্যাত্মার পুন্য শুনি ধর্ম্মি তৃপ্তি হয়
পাপাত্মার পাপ শুনি তৃপ্ত পাপিচয় ॥ ২০৪২
পাপের চর্চ্চাত তৃপ্তি পাপির জেমত
স্বর্গভার লাভে তৃপ্তি না হয় তেমত
বিষ্ণুর আচর্য্য মায়াবল(১) সংশারত
আত্মপিরাকর(২) পাপে লোক হয় রত ॥ ২০৪৩
ব্যাস বোলে এ বলিয়া বিষ্ণুদুতগন
চক্র দিয়া সে দুইর কাটিল বন্ধন
তাক দেখি চণ্ড আদি যমদুতগন
ক্রোধ হয়া আরম্ভিল বলিতে তখন ॥ ২০৪৪
চণ্ড বোলে শুক ভূমি পাপ নাহি করে
ভক্ষন করিছে বেশ্যা পাপিনীর ঘরে
তাক নিতে আশিআছ বিষ্ণুদুতচয়
ইহাতে আমার জ্ঞান হৈয়াছে বিস্ময় ॥ ২০৪৫
শিশয় নিবার জদি ইচ্ছা কর মনে
তবে যুর্দ্ধ কর আগে আমাদের সনে
এ বলিয়া বলিষ্ট যমের দুতগন
যুর্দ্ধের উত্তমে অস্ত্র করিল গ্রহন ॥ ২০৪৬
সিংহনাদ করিয়া পুরিল দিশচয়
তা দেখিয়া বিষ্ণুদুতগন সে শময়
সুপ্রকাশ প্রভৃতি বিষ্ণুর পারিশদ(৩)
একত্র হইয়া করিলেণ সিংহনাদ ॥ ২০৪৭
পরে যমদুতগন ধনুর্ম্মুক্ত বানে
আচ্ছাদিল বিষ্ণুদুতগণক সন্ধানে
কেহ শক্তি কেহ শূল প্রহারিছে রণে
কেহ চক্র প্রহারে মুদ্গার কোণ জণে ॥ ২০৪৮

সে শবার অস্ত্র শস্ত্র বিষ্ণুদুতগনে
গদার আঘাতে চুর্ন্ন করিলেণ রনে
চক্রের প্রহারে পরে বিষ্ণুদুতগন
ছেদিল কাহার শির কাহার চরন ॥ ২০৪৯
কাহার ছেদিল বক্ষ কার বক্ষস্থল
রক্তকায় হইল যমকিঙ্কর সকল
কাহার কাটিল এক হস্থ এক পাদ
কত কত হত দুত ভূমে হৈল পাত ॥ ২০৫০
অবশেষ আর কত যমদুতচয়
সংগ্রাম ছারিয়া পলাইল প্রানভয়
দুতচয় প্রানভয় পলাইছে রণে
তা দেখিয়া চণ্ড দুত ক্রোধ হয়া মনে ॥ ২০৫১
যমদুতগন মধ্যে চণ্ড শ্রেষ্ট বর
রনে প্রবেশিল চণ্ড ধরিয়া মুদ্গর
বিষ্ণুদুতগণের শব্দির গায় গায়
মুদ্গার প্রহার করে জাক লাগ পায় ॥ ২০৫২
বিষ্ণুদুতগনের নিশিত বহুশর
প্রহার করিছে শিঘ্র চণ্ডের উপর
চণ্ড যমদণ্ডসম ধরিয়া মুদ্গর
বিষ্ণুদুতগনক প্রহারে খরতর ॥ ২০৫৩
চণ্ডের মুদ্গরাঘাতে বিষ্ণুদুতগন
শ্রান্ত হয়া নৈল সুপ্রকাশের শরণ
যুর্দ্ধে ক্রুর্দ্ধ হৈয়া সুপ্রকাশ মহাবল
জবাপুষ্প সম রক্ত নয়নজুগল ॥ ২০৫৪
গদাহস্তে প্রবেশিল যুদ্ধ করিবার
মুদ্গার উপরে গদা করিল প্রহার
চণ্ডেও মুদ্গরাঘাত করিল গদাক
পরস্পর আঘাতে স্ফুলিঙ্গ উঠে তাত ॥ ২০৫৫

১ মূলে আছে "অহো বলবতী মায়া মহাবিষ্ণোর্মহাত্মনঃ" ২ আত্মপীড়াকর। ৩ পারিষদ।

পুনর্ব্বার চণ্ড তার দুর্ব্বার মুদগর
প্রহার করিল শুপ্রকাশ-কায়পর
মুদগর-প্রহারে শুপ্রকাশ পিড়া(১) পায়া
গদাঘাত করিল চণ্ডক ক্রোধ হয়া ॥ ২০৫৬
গদার প্রহারে রক্ত হইয়া নির্গত
পরিল(২) মুর্চ্চিত(৩) হয়া চণ্ড ভুতলত
মুর্চ্চিত চণ্ডক লয়া যমদুতচয়
হাহাকার করিয়া পলায়া গেল ভয় ॥ ২০৫৭
বিষ্ণুর সদৃশরূপ বিষ্ণুদুতগন
হর্ষ হয়া জয়শঙ্খ করিল বাদণ
যমের কিঙ্করগন রণে হৈয়া ভঙ্গ
যমের নিকট গেল রক্তে রক্ত অঙ্গ ॥ ২০৫৮
যমদুতগণে কহে করিয়া ক্রন্দন
নিবেদণ বলি শুন শুর্য্যের নন্দন
আমরা শকল তব আজ্ঞা অনুগত
বিষ্ণু[illegible] ক[illegible] [illegible] ॥ ২০৫৯
পাতকির দণ্ডকর্ত্তা তুমি দণ্ডধর
শুক বেশ্যা দুয়োজন পাপি ছিল বর(৪)
রামনামগুণে সেহ বিষ্ণুপুরে গেল
তোমার প্রভুত্ব আর কিমতে থাকিল ॥ ২০৬০
আমরা সকল যাত কিঙ্কর তোমার
বিষ্ণুদুতে করিয়াছে দুর্গতি আমার
তাহাত আমার অপমাণ নাহি হয়
তোমারে সে পরাভব হৈছে মহাশয় ॥ ২০৬১
যম বোলে জদি বেশ্যা শুক দুয়োজণ
রাম নাম সদা করিয়াছে উচ্চারণ
তবে নাহি তাহাত আমার অধিকার
জানিবা সতত নারায়ণ প্রভু তার ॥ ২০৬২

রাম নাম স্মরণে না হয় জার ক্ষয়
সংশারে এমত পাপ নাহি দুক্তচয়
মধুস্হদণের নামে ঘোর পাপ হরে
তাক নিত্যে স্মরণ করয় জে জে নরে ॥ ২০৬৩
সে নর না হয় দণ্ডযোগ্য আমাদের
জানিব' তাহাত অধিকার গোবিন্দের
গোবিন্দ মাধব হরি বিষ্ণু জনার্দ্দণ
জগদিশ প্রণতবৎসল নারায়ণ ॥ ২০৬৪
পাপিও যদ্যপি ভক্তিযুক্ত হৈয়া কয়
তবে সে আমার দণ্ড্য কদাচিত নয়
লক্ষ্মীপতি শ্রীকৃষ্ণ অচ্চুত কেশিহারি
ভক্তিভাবে বোলে যে সকল নর নারি ॥ ২০৬৫
যদ্যপি তাহারা করে পাতক প্রবল
না হয় আমার দণ্ডযোগ্য সে শকল
দামোদর বাসুদেব শ্রীধর ইশ্বর
মাধব পুরূশত্তম রাম গদাধর ॥ ২০৬৬
এ সকল সব্দ মুখে সদায় জে কয়
আমার নমশ্য সে সকল লোক হয়
মুরারি মুকুন্দ জগতের একপতি
নারায়ণ-চর্চ্চাত জাহার মত্তে মতি ॥ ২০৬৭
প্রফুল্ল কমলেক্ষণ তার হয় রূপ
তাহার অধিণ আমি জানিবা স্বরূপ
বিষ্ণু-পুজা-অনুরক্ত ভক্ত অবিরল
একাদশি ব্র্ত ব্রত হয় জে শকল ॥ ২০৬৮
বিষ্ণুপদে সলিল জাহার শিরগত
তাহার অধিন দুত সকল জগত
বিষ্ণুর নৈবদ্য-শেষ সর্ব্বপাপহারি
ভোজন করয় নিত্যে জে জে নর-নারি ॥ ২০৬৯

১ পীড়া। ২ পড়িল। ৩ মূর্চ্ছিত ৪ বড়।

কর্ম্মে শিরে লিতে [illegible] তুলসীর
তাহাক্ক প্রনাম করি [illegible]
জে সকলে পুজে পিতামাতার চরণ
শুশ্রূসেবা করে আর ব্রাঁহ্মন-অর্চ্চণ ॥ ২০৭০
দরিদ্রলোকের সুখদাতা জেবা হয়
তাহার অধিন আমি জাণিবা নিশ্বয়
জে হয় লোকের প্রিয় সত্য বাক্য কয়
শরণাগতক রাখে সদয় হৃদয় ॥ ২০৭১
পরার ধনক সদা দেখে বিসবত
না হয় তাহার দণ্ড আমার লোকত
অন্নদাতা জলদাতা যে হয় লোকের
ভূমিদাণ করে হিত করে সকলের ॥ ২০৭২
বিত্তি(১)-হিন জনের জে হয় বৃত্তিকর
না হয় আমার দণ্ডযোগ্য সেহ নর
জ্ঞাতির পোষণে রত প্রিয়বাক্য কয়
দম্ভ কোপ মৎসব-বিহিন চিত্ত হয় ॥ ২০৭৩
জিতেন্দ্রিয় পাপদৃষ্টীরহিত জাহার
কদাচিত আমি চর্চ্চা না করি তাহার
ব্যাস বোলে এ সকল কহিয়া বহুত
দূতক প্রবোধ করিলেন সুর্য্য-সুত ॥ ২০৭৪
সকল বেদের বর বিষ্ণুনামচয়
তার মধ্যে রাম নাম শ্রেষ্ট অতিশয়
সবাতে অধিক মন্ত্র জাণ দ্বিজবর
রাম ইত্যাকার মন্ত্র যুগল অক্ষর ॥ ২০৭৫
উচ্চারনমাত্রে যার মহাপাপিচয়
পরম গতিক পায় হৈয়া পাপ ক্ষয়
সর্ব্বদেব-প্রপুজিত দেব মহেশ্বর
সে জানে প্রভাব রাম-নামের বিস্তর ॥ ২০৭৬

বিষ্ণুর সহস্র নাম পাঠের জেফল
সেহি ফল রাম নাম স্মরণে কেবল
আশ্বর্য্য চরিত্র মনুষ্যের বিধি রাম
স্মরন না করে মুক্তিপ্রদ রাম নাম ॥ ২০৭৭
বলিতে না হয় শ্রম শুনিতে সুন্দর
তথাপি না বোলে তাক দুরাশয় নর
রাম নাম নৈলে মুক্তি পায় সর্ব্ব নর
কি আছে অধিক আর কর্ম্ম অতঃপর ॥ ২০৭৮
তাবত দেহির দেহে থাকে পাপচয়
রাম নাম যাবত স্মরন না করয়
শ্রাদ্ধ তর্পণত আর হোম বলিদানে
যজ্ঞদাণ ব্রঁত কর্ম্ম দেবতারাধনে ॥ ২০৭৯
আন্য অন্ত বৈদিক কার্য্যত বিচক্ষন
ফল পায় রাম নাম করিয়া স্মরণ
নমো নারায়ণায়েতি প্রণবপুর্ব্বক
জপ জদি করে অষ্ট অক্ষর মন্ত্রক ॥ ২০৮০
অষ্টাক্ষর মন্ত্রে করে হরিক পুজণ
হরির সাযুজ্য পায় সেহি পুণ্যজণ
মৃত্যুকালে রাম নাম স্মরন জে করে
পাপমুক্ত হয়া মোক্ষ পায় সেহি নরে ॥ ২০৮১
যাত্রাকালে যে করে স্মরন রামনাম
সর্ব্ব সিদ্ধি হয় তার পুর্ন হয় কাম
শ্মশানে প্রান্তরে ভয়ানক স্থানে রণে
রামনাম স্মরণ যে করে মনে মনে ॥ ২০৮২
রাজদ্বারে সঙ্কটে বিদেশে দস্যুমুখে
দুখ-প্রদর্শণে(২)গ্রহ পিড়া ব্যাধি দুখে
ঔৎপাতিক পৈশাচিক ভৌতিকাদি ভয়
রাম নাম স্মরণে অশুভ হয় ক্ষয় ॥ ২০৮৩

১ বৃত্তি। ২ মূলে আছে "দুঃস্বপ্ন-দর্শনে"।

রামণামে সকল অশুভ নাশ করে
কাম মোক্ষ ফল পায় তাক স্মরি ণরে
রামনাম স্মরন না করে যে ক্ষনতে
ব্যর্থ সেহি ক্ষন যায় আমাদের মতে ॥ ২০৮৪
রাম নামামৃত স্বাদু যে করে লেহনা
তত্ত্ব দর্শিগন বোলে তাহাক রশনা
সত্যে বলি দ্বিজবর মঙ্গল উপায়
হরিক যে স্মরে তাক বিসাদ ণা পায় ॥ ২০৮৫
কমতাপালিতা ভয়াযুত(১)বংশ মনি
ধরণীপালক সকলের শিরমণী
শ্রীহরেন্দ্র-নারায়ন জাহার আক্ষ্যান(২)
অবণিত অবশিষ নাহি এবস্থান(৩) ॥ ২০৮৬
ক্রিয়াযোগসারে চতুর্দ্দশ অধ্যায়ের
পদছন্দে ভাষাবন্ধে করিয়া শ্লোকের
তাহার আদেশে দ্বিজ রঘুরামে কয়
রামনাম সর্ব্বক্ষন স্মরনয়-চয় ॥ ২০৮৭
ক্ষয় হবে পাপ তাপ না হবে কখন
রামণাম ক্ষর(৪) তুই জপ অনুক্ষণ ॥ ** ২০৮৮

* * * *

[পঞ্চদশ অধ্যায়]

ব্যাস বোলে পূন আর বলি দ্বিজবর
বিষ্ণুর মহিমা সর্ব্বদুঃখনাশকর
ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র জাতি আর
অথবা অন্তজ-যোনি-জাত কদাচার ॥ ২০৮৯
যে হয় ইহার মধ্যে হরিভক্তিপর
সে লোক কৃতার্থ হয় জান দ্বিজবর
বিপ্র হৈয়া হরির অভক্ত যদি হয়
চাণ্ডালত অধিক সে ব্রাঁহ্মণ নিশ্চয় ॥ ২০৯০
চাণ্ডাল যদ্যপি হয় হরিভক্তিপর
ব্রাহ্মণের অধিক তাহার সমাদর
কিসের ব্রাঁহ্মণ সে যে হরিভক্ত নয়
হরিভক্ত শ্বপাক চাণ্ডাল কেবা কয় ॥ ২০৯১
হরিপূজা করিয়া চাণ্ডাল যদি রয়
চতুর্ব্বেদি ব্রাঁহ্মণত অধিক সে হয়
শুণ বলি এক ইতিহাস পূরাতন
কিরাত চক্রিক নাম ছিল একজন ॥ ২০৯২
স্বজাতির [illegible] [illegible]
প্রিয়বাদি জিতক্রোধ মৎসররহিত
দয়াবন্ত [illegible]
বৈষ্ণবের সঙ্গে ণাহি আলাপ সতত ॥ ২০৯৩
নাহি শুনে মোক্ষশাস্ত্র কখন শে জন
তথাপি হৈয়াছে হরিভক্তিপরায়ণ
গোবিন্দ কেসব বাসুদেব জণার্দ্দণ
এবমাদি ণাম নিত্যে স্মরে অনুক্ষন ॥ ২০৯৪
যদি কোণ রম্যফল পায় সে কিরাত
প্রথমে আপণ মুখে দিয়া বুঝে স্বাদ
মধুর জানিলে সে ফলক সুখ হণে
ণির্গত করিয়া দেয় বিষ্ণুক তখনে ॥ ২০৯৫
অনুৎছিষ্ট উৎছিষ্ট তাহার ণাহি জ্ঞান
ভক্তিযুক্ত হয়া করে বিষ্ণুক প্রদাণ
যে জাতির যেমত স্বভাব কুলাচার
সতত মস্তকে থাকে স্বভাব তাহার ॥ ২০৯৬

১—শিব। ২ আখ্যান। ৩ পৃথিবীতে এ প্রকার অবনীপ (=রাজা) নাই। ৪ অক্ষর।

এক দিন সে কিরাত বনমধ্যে যায়া
পিয়াল বৃক্ষের এক পাকা ফল পায়া
হর্ষ হয়া সে ফলের স্বাদ জানিবার
নিক্ষেপ করিল ফল মুখে আপনার ॥ ২০৯৭
কিরাতের গলাত লাগিয়া সেহি ফল
না হয় নির্গত মুখে না যায় সে তল
বাম হস্তে গলাত ধরিয়া তার পরে
তবে সে চক্রিক মনে মনে চিন্তা করে ॥ ২০৯৮
এহি ফল গলা হৈতে করিয়া উদ্ধার
মুরারিক যদি আমি না পারি দিবার
তবে মোর সম পাপি কেহ সংসারত
জন্ম নাহি হয় এহি ভাবিয়া মনত ॥ ২০৯৯
ফল নির্গতের চেষ্টা করে নানা মত
তথাপি গলার ফল না হয় নির্গত
তবে সে কুঠার দিয়া গলা ছেদিলেক
নির্গত করিয়া ফল বিষ্ণুক দিলেক ॥ ২১০০
গলাছেদ হৈয়া সে চক্রিক ভূমিতলে
পরিল মূর্চ্ছিত হৈয়া যাতনায় বিকলে
তাহার ভক্তিত তুষ্ট হৈয়া ভগবান
গমন করিল বিষ্ণু তার সন্নিধান ॥ ২১০১
সর্ব্বাঙ্গে রুধির-দিগ্ধ ভূতলে পতিত
তাহাক দেখিয়া বিষ্ণু হৈলেন ব্যথিত
ইহার সদৃশ নাহি ভক্ত অবিরল
যাত গলা কাটিয়া আমাক দিল ফল ॥ ২১০২
এ যেমত করিল সাত্বিক উপকার
তার যোগ্য পুন্য ফল কি আছে আমার
ধন্য ধন্য এহি মম ভক্তের প্রধান
আমার সন্তোশ হেতু ত্যজিলেক প্রান ॥ ২১০৩
ব্রহ্মা রুদ্র ইন্দ্রের দিলেও অধিকার
না পারি ইহার ঋন শোধ করিবার
এমত কহিয়া ভগবান আপনার
হস্ত দিয়া স্পর্শ করিলেন মাথা তার ॥ ২১০৪

হস্ত-কমলের স্পর্শমাত্রে সেহিক্ষন
দুর হৈল ক্ষত ব্যথা উঠিল তখন
ব্যাস বোলে তবে সে ভক্তের নারায়ন
নিজ বস্ত্র দিয়া গায় করিল মার্জ্জন ॥ ২১০৫
পুত্রের অঙ্গের ধুলী পিতা যে প্রকার
মুছিয়া ফেলায় বস্ত্র দিয়া আপনার
সেহিমত ভক্তের অঙ্গের ধুলীচয়
মুছিল আপন বস্ত্র দিয়া কৃপাময় ॥ ২১০৬
মূর্ত্তিমন্ত গোবিন্দক দেখিয়া সাক্ষাত
চক্রিক করিল স্তুতি হৈয়া প্রণিপাত
হর্ষ হৈয়া প্রাঞ্জলি ধরিয়া দুয়োকরে
চক্রিক বলিছে বাক্য গদ গদ স্বরে ॥ ২১০৭
গোবিন্দ মাধব হরি বিষ্ণু জনার্দ্দন
তব স্তুতিযোগ্য নহে আমার বচন
তথাপি তোমাক প্রভু স্তুতি করিবার
নিতান্ত বাসনা করে রসনা আমার ॥ ২১০৮
মতি-অনুসারে কিছু স্তুতি করি আমি
প্রসন্ন হইয়া দোষ ক্ষেমা কর স্বামি
অখিলের পতি তুমি ছারিয়া তোমাক
ইচ্ছা করে যে লোক অন্যক পূজিবাক ॥ ২১০৯
সে সবাক মূর্খ আমি বলি এহি মতে
যাত তব অনুগ্রহ মোত পাপ-রতে।
ভববন্ধমোচনী তোমার ভক্তি স্বামি
যদ্যপি না জানি তব ভক্তি স্তুতি আমি ॥ ২১১০
যদ্যপি হৈয়াছি আমি হীনজাতিজাত
তথাপি প্রসন্ন বিষ্ণু হৈয়াছ আমাত
তোমার করারবিন্দ-স্পর্শ কোন জনে
নাহি পায় চতুর্ম্মুখ আদি দেবগনে ॥ ২১১১
তাহাক পাইলাম আমি কৃপাত তোমার
তুমি বিনে ভক্তের সদয় নাহি আর
স্মরণরহিতে সুরবৈরী কংসাসুর
বধিয়া করিলা জগতের ভয় দুর ॥ ২১১২

জগতপালক তুমি অখিলের পতি
ত্রিদশবৃন্দের বন্দ্য তোমাক প্রণতি
জমল অজু ণ(১)মহাবল দুয়োজনে
বধিয়াছ তাক তুমি নন্দনিকেতণে ॥ ২১১৩
দুষ্ট কালযবন বধিছ আর ধেনু(২)
তোমাক প্রণমি গবঘণশ্যাম তনু
গোকুল রক্ষার হেতু তুমি জনার্দ্দন
নখাগ্রে ধারন করিয়াছ গোবর্দ্ধন ॥ ২১১৪
শক্রার্চ্চিত-পদ যুগ জগত-নায়ক
ব্রঁজকুল সমস্তের উৎসব-দায়ক
শ্রীদামের বন্ধু তুমি সুহৃদ অণন্ত
ইন্দ্রের বিভূতিদাতা তুমি ভগবন্ত ॥ ২১১৫
তোমাক প্রণমি তুমি পরম ঈশ্বর
তুমি স্বামি সেবকজনের দুঃখহর
তোমার অনন্ত মূর্ত্তি কীর্ত্তি ত্রিজগত
তোমার মায়াত দুর্য্যোধণ হৈছে হত ॥ ২১১৬
ইন্দ্রক জিনিয়া সত্যভামার কারণ
পারিজাত পুষ্প যে করিছে আহরন
রুক্মিণির প্রানণাথ জগত-আধার
তোমার চরণে পরি করি ণমস্কার ॥ ২১১৭
বধিছেন বকাসুর যে করিয়া রণ
নরের ণরকদুঃখ যে করে বারণ
নীলায়(৩)জিনিয়া মহেশ্বরক সমরে
বানাসুর বাহুছেদ যে করিল পরে ॥ ২১১৮
[illegible]টচর দণ্ডিয়া খণ্ডিলা ভূমিভার
[illegible] তোমার চরণকমলে নমস্কার
[illegible]মিত্ত করিয়া বৃকোদরক যুদ্ধত
রাসন্ধ ভূপতিক যে করিল হত ॥ ২১১৯

শিশুপাল(৪)রাজাক যে করিছে সংহার
তাহার চরণে করি ণতি বারম্বার
ক্ষত্রিয়গণক বধিয়াছ মায়াবলে
প্রনামি তোমার পদকমলযুগলে ॥ ২১২০
ব্যাস বোলে চক্রিক করিয়া এহি স্তুতি
দণ্ডবত পরিয়া সে করিয়া প্রণতি
কৃতাঞ্জলি হইয়া রহিল তারপর
তুষ্ট হৈয়া বিষ্ণু তাক বোলে মাগ বর ॥ ২১২১
চক্রিক বদতি পরমাত্মা কৃপাময়
পরংব্রঁহ্ম পরংধাম তুমি শর্ব্বালয়
সাক্ষাত দর্শণ আমি করিলাম তোমাক
ইহাত অধিক বর কি লাগে আমাক ॥ ২১২২
গন্ধ পুষ্প ধুপ দিপ নৈবিদ্ধ প্রদান
ণাহি করি পূজা জপ ণাহি করি ধ্যাণ
তব নাম স্মরন কথণ ণাহি করি
তব পাদ-শলিল শিরত ণাহি ধরি ॥ ২১২৩
ণাহি খাই তোমার প্রশাদ একবার
ভক্তিমতে ণাহি করি প্রণতি তোমার
তথাপি সাক্ষাত আমি দেখিলাম তোমাক
ইহাত অধিক বর কি লাগে আমাক(৫) ॥ ২১২৪
আমি হিণ-জাতি জন্ম ধন্য মানি মনে
তথাপি তেমার পদ দেখিলাম নয়ণে
দেবের দুল্লভ তব পদ-দরশন
তাক দেখি আর কি বরের প্রয়োজণ ॥ ২১২৫
তথাপি আমাক যদি দিতে চাহ বর
তব পদে মতি যেন থাকে স্থিরতর
আমাত তোমার যেণ অনুগ্রহ রয়
এহি বর মাগি তব পদে দয়াময় ॥ ২১২৬

১ যমলার্জ্জুন। ২ ধেনুক। ৩ নীলায়। ৪ শিশুপাল। ৫ ইহার অধিক আর কি বর
[illegible]মার প্রয়োজন?

চক্রিকের বাক্যে তুষ্ট হৈয়া অতিশয়
বলিল তাহাক ভগবান কৃপাময়
তোমার বচণামৃত বর্ষে হর্ষবর
করিলা আমাক অতি তুষ্ট কলেবর ॥ ২১২৭
যত ফল দিয়াছ তুমি উদ্দিশে আমার
তাহাতে হৈয়াছি তৃপ্ত ভক্তিতে তোমার
ব্যাস বোলে এবলিয়া বিষ্ণু দয়াময়
ভক্তিগ্রাহি ভগবান হইয়া সদয় ॥ ২১২৮
তবে সে ভক্তের প্রতি হৈয়া তুষ্টমণ
চারিভুজ দিয়া করিলেণ আলিঙ্গন
পুণর্ব্বার ভগবাণ বলিল তাহাক
তোমার ভক্তিতে তুষ্ট করিলা আমাক ॥ ২১২৯
আমার বচন ণা করিবা অবিশ্বাস
সিদ্ধিক পাবেক তব সর্ব্ব অভিলাস
এ বলিয়া পুন আলিঙ্গিয়া সে ভক্তক
অন্তর্ধ্যান হৈল বিষ্ণু বিশ্বের পালক ॥ ২১৩০
পরে সে চক্রিক হরিভক্তিপরায়ন
বিষ্ণুর বচন শুণি তুষ্ট হয়া মন
পুত্রদার পরিহার করি শুদ্ধমতি
গমণ করিল পুরি দ্বারিকাক প্রতি ॥ ২১৩১
বিষ্ণুর কৃপাত জ্ঞাণ পাইয়া সেখাণে
মোক্ষপদলাভ হৈল আয়ু-অবসাণে
দেবতা ভক্তির বশ জাণিবা নিশ্চয়
ভক্তিমাত্রে তাহার দেবতা তুষ্ট হয় ॥ ২১৩২
বিনা ভক্তি জপ স্তোত্র যজ্ঞ ধণ ব্যয়
করিলে দেবতা তুষ্ট তাহাত না হয়
যদ্যপি উৎছিষ্ট ফল দিয়াছে কিরাতে
জানিয় অচলা ভক্তি বিষ্ণু তুষ্ট তাতে ॥ ২১৩৩
অতএব সংসারে মুমুক্ষ যে যে জন
শ্রদ্ধা ভক্তি দ্বারা পূজিবেক নারায়ণ
দৃঢ় ভক্তি করিয়া মনুষ্য যে সকল
পূজা করে বাসুদেব-চরন-যুগল ॥ ২১৩৪
সর্ব্বপাপমুক্ত হয়া সে সকল নর
মুক্তিপদযুক্ত হয়া জান দ্বিজবর
বেহারে বেহার-পতি অতি মতিমাণ
সতত করুক উমা তাহার কল্যান ॥ ২১৩৫
জার দেসে অসেষ-কৃপেত ব্রাহ্মণের
হয় উপকার আর সর্জ্জণ(১)-বর্গণের
তদাদেশে কৃয়াযোগশার মণময়
পঞ্চদষ অধ্যাএর(২) কথা শমুদায় ॥ ২১৩৬
বিরচিল দ্বিজ রঘুরাম মতিহিণ
জপ রাম কেণ নর আয়ু কর ক্ষীণ
হরি কথা প্রসঙ্গে যাহার রঙ্গ মণ
একান্ত হইয়া শুন ভক্তিমন্তগন ॥ ২১৩৭

[ষোড়শ অধ্যায়]

জৈমিনি ঋষি শুন কহ পুনর্ব্বার
ইচ্ছা করি হরির মহিমা শুণিবার
হরিকথাসুধা পান করিয়া আমার
না হয় মনের তৃপ্তি ইচ্ছা হয় আর ॥ ২১৩৮

১ সজ্জন। ২ অধ্যায়ের।

ব্যাস বোলে সংসারত তোমার সমাণ
নাহি কেহ এমত সুকৃতি পুন্যবান
যাত তুমি কেশব মাহাত্ম শুনিবার
ইচ্ছা কর ভক্তিযুক্ত হৈয়া পুনর্ব্বার॥ ২১৩৯
নারায়ণ-কথায় পবিত্র করে তাক
শ্রোতা বক্তা প্রশ্নকর্ত্তা এ তিণ জনাক
শুণ বলি মাধবের মাহাত্ম্য সকল
শ্রবণ কীর্ত্তণে যার চতুর্ব্বর্গ ফল॥ ২১৪০
একদিণ বিষ্ণুক যে পূজে ভক্তি করি
কোটি জন্ম কৃত পাপ তার হরে হরি
যে ণা পূজে হরিক সে পুণ্যাত্মা কেমন
কিসের পাতকী সে যে পূজে ণারায়ণ॥ ২১৪১
সকল পুরের শ্রেষ্ট সর্ব্বগুণধাম
আছে পুর তাহার পুরুষোত্তম ণাম
সকল তীর্থের মধ্যে সে তীর্থ প্রধান
যাহাত সাক্ষাত কেশবের বাসস্থান(১)॥ ২১৪২
ভদ্রতনু নামে এক বিপ্র ছিল তাত
প্রিয়বাদি সুন্দর পবিত্রকুলজাত
সে প্রাপ্ত যৌবণে হৈয়া কামবিমোহিত
আশক্ত হইল বেশ্যাণারীর সহিত॥ ২১৪৩
পরলোক-ভয় ছাড়িলেক সে ব্রাঁহ্মণ
ণা পড়ে পুরাণ বেদ ণা করে শ্রবণ
উত্তম-লোকের সঙ্গ করি পরিত্যাগ
পাসণ্ড-জনত তার হৈল অনুরাগ॥ ২১৪৪
অযাজ্য-যজণ করে পরদ্রব্য হরে
পাপপর হৈয়া বন্ন(২) ধর্ম্ম নিন্দা করে
ব্রাঁহ্মনের আচার করিল পরিত্যাগ
মিথ্যা বিনে সত্য কথা না বলে কাহাক॥ ২১৪৫
গুরুপূজা না করে অতিথি সেবা ধর্ম্ম
যে কর্ম্মত পাপ হয় করে সেহি কর্ম্ম
পুণ্যকর্ম্মে তাহার কিঞ্চিত নাহি মণ
শুন বলি অপর তাহার বিবরণ॥ ২১৪৬
একদিন সে পাপি ব্রাঁহ্মণ দুষ্টাশয়
লোকের নিন্দাত লজ্জা পায়া অতিশয়
ভক্তিশ্রদ্ধারহিত হইয়া পাপাচার
শ্রাদ্ধ করিলেক তার পিতার মাতার॥ ২১৪৭
সেহি দিনে কামবস হৈয়া সে ব্রাঁহ্মণ
চন্দণমালায় অঙ্গ করিয়া ভূষন
দিন অবসান হৈয়া সন্ধ্যার সময়
গমন করিল বেশ্যানারীর নিলয়॥ ২১৪৮
সকল রমণ জানে সে বেশ্যা রমণী
সুমধ্যা তাহার নাম কামবিলাসিনী
তাহার নিকট গিয়া শৃঙ্গার-আশায়
হাসিয়া হাসিয়া বোলে মধুর ভাষায়॥ ২১৪৯
ব্রাঁহ্মণ বদতি প্রিয়ে আমার পিতার
আজি শ্রাদ্ধদিন শ্রাদ্ধ করিয়াছি তার
তথাপি তোমার ঘরে বিসাল-জঘণে
আসিয়াছি আমি বদ্ধ হৈয়া তব গুনে(৩)॥ ২১৫০
দেখ এহি রাত্রি সর্ব্বলোকভয়ঙ্কর
গগণ ব্যাপিয়া ঘন গর্জে জলধর
পিছল সজল পথ ধারা-সম্পাতণ
তব গুণে আকর্ষণ করিয়াছে মন॥ ২১৫১
বিদ্যুত করিয়া দিপ পথ-দরশণে
এ রাত্রিত আসিয়াছি তোমার সদনে
তব গুণ ধ্যাণে মণ হৈয়াছে অস্থির
নিশাকালে আসিয়াছি তোমার মন্দির॥ ২১৫২

১ বাসস্থান। ২ বহু। ৩ বিল্বমঙ্গলের কাহিনীর সহিত এ কাহিনীর সাদৃশ্য আছে।

ক্ষনমাত্র না দেখিলে তোমাক আমার
না হয় মণের তৃপ্তি আসি দেখিবার
তোমাক দেখিতে দুঃখ পায়্যা অতিষয়
রাত্রিকালে আসিয়াছি তোমার আলয়॥ ২১৫৩
তীর্থক্স্নানে কি আমার প্রয়োজন
তব প্রেম সিক্তে(১) স্বর্গ পাই সর্ব্বক্ষন
পরকালে সুখ হয় আরাধিয়া যাক
কি ফল আমার আরাধিয়া দেবতাক॥ ২১৫৪
তোমার প্রসাদে জীবনেতে স্বর্গ পাই
পরকালে স্বর্গসুখভোগক না চাই
অকীর্ত্তির ভয় শ্রাদ্ধ করিয়াছি ঘরে
শ্রদ্ধা নাহি শ্রাদ্ধত আমার পূর্ব্বাপরে॥ ২১৫৫
তুমি জপ তুমি তপ তুমি যজ্ঞ দান
তুমি বিনে সুন্দরি আমার নাহি আন(২)
তুমি কুল তুমি শীল তুমি নীতি যশ
সর্ব্বভাবে সুন্দরি তোমার আমি বশ॥ ২১৫৬
তোমার শরনাপর্ন্ন হৈয়াছি সুন্দরি
আজ্ঞা কর কি করিব দাস হৈয়া করি
সুমধ্যা বদতি বিপ্র তোমার পিতাক
তুমি পুত্র হৈতে অপুত্রক বলি তাক॥ ২১৫৭
কি কার্য্য তোমার মত কুকর্ম্মি পুত্রের
পিতৃশ্রাদ্ধদিনে ইচ্ছা করে মৈথুনের
শ্রাদ্ধদিনে যে করে মৈথুন ব্যবহার
রেতস ভক্ষন করে পিতৃগন তার॥ ২১৫৮
শ্রাদ্ধদিণে মৈথুন যে করে মূঢ় লোক
রাক্ষস সকলে তার শ্রাদ্ধ করে ভোগ
অধোগতি-দাত্রীত(৩) আমাত যে প্রকার
অতিষয় ক্লেশ(৪) হয় মনের তোমার॥ ২১৫৯

বিকৃত যত্যপি ভাব কর এ প্রকার
তবে কোন বস্তু লাভ না হয় তোমার
যমদন্তমধ্যগত প্রানির জীবণ
তথাপি নির্ভয় মূঢ় পাপে কর মন॥ ২১৬০
জলের বুদ্বুদ প্রায় জীবির জীবণ
ক্ষণমাত্রে নাশ হয় নহে চিরন্তন
প্রত্যক্ষ প্রমাণ দেখ শরীরের ক্ষয়
কি কারনে পাপ কর হইয়া নির্ভয়॥ ২১৬১
মৃত্যু এহি যুগল অক্ষর ললাটত
বিধাতা লিখিছে যার জন্মের কালত
সমস্তের ক্লেশকর পাপকর্ম্মচয়
সে কেন করেণ যাত পরকালে ভয়॥ ২১৬২
আশ্চর্য্য বিষ্ণুর মায়াবল সংসারত
যাত জণ হর্ষমণ পাপত সতত
পাপিষ্টেক স্থান না দিবেক আশ্রমত
পাপে আশ্রমক দাহ করে অগ্নিবত॥ ২১৬৩
ব্যাস বোলে বেশ্যা হয়া দৈবের প্রেরিত
বিপ্রক কহিল উক্তি যুক্তিসমন্বিত
কৃতপাপ ব্রাহ্মন চিন্তিয়া মনে মনে
আপণাক নিন্দা করে ধিক্কার বচণে॥ ২১৬৪
ধিক্কার আমাক আমি পাপী দুরাচার
বেশ্যার এ জ্ঞান আছে সে নাহি আমার
আজি জন্ম হৈয়া শুদ্ধ ব্রাঁহ্মণকুলত
আত্মপীড়াকর পাপ করিলাম সতত॥ ২১৬৫
জন্ম হৈলে মৃত্যু হয় অবশ্যে তাহার
মৃত্যু হৈলে তাহাত ধর্ম্মের অধিকার
বিবেকরহিত হয়া তবে কি কারণ
পাপ করিয়াছি আত্মপীড়ার কারন॥ ২১৬৬

১ তোমার প্রেমনীরে সিক্ত হইয়া। ২—অন্য। ৩ যে অধোগতি দান করে তাহাতে।
৪ ক্লেশ।

জপতপ হোম বেদপাঠ বিপ্রাচার
গুরুভক্তি দ্বিজার্চ্চন অথিতি-সৎকার
পিতৃযজ্ঞ বিষ্ণুপূজা কিছু নাহি করি
না হবে উত্তম গতি যদি আমি মরি ॥ ২১৬৭
এমত চিন্তিয়া বিপ্র মনে আপনার
আপনাক আপনে নিন্দিয়া বারম্বার
মার্কণ্ডেয় মুনির নিকটে সেইক্ষণে
গমন করিল অতি বিষাদিত মনে ॥ ২১৬৮
সর্ব্বধর্ম্মবেত্তা মার্কণ্ডেয় মহাত্মাক
প্রনামিয়া আরম্ভ করিল স্তুতিবাক
ব্রাঁহ্মণ বদতি নমো নমো মুনিবর
দীর্ঘজীবি তোমাক প্রণতি নিরন্তর ॥ ২১৬৯
নারায়ন-স্বরূপ আপনে মহাশয়
সর্ব্বলোক হিতকারি মৃকণ্ডু তনয়
জ্ঞানার্ণব-মগ্ন নির্ব্বিকার গুনাধার
তোমার চরনে পরি করি নমস্কার ॥ ২১৭০
ব্রাঁহ্মণে এমত স্তুতি করিল যখন
তবে মার্কণ্ডেয় তাক বলিল বচন
মার্কণ্ডেয় বোলে তব ভক্তিতে আমাক
সন্তুষ্ট করিলা বর কি লাগে তোমাক ॥ ২১৭১
সর্ব্ব অভিলাষ আমি সাধিব তোমার
অন্যথা না হয় বাক্য কখন আমার
ব্রাঁহ্মন বদতি আমি শ্রেষ্ঠ পাপাত্মার
কখন আমার নাহি দ্বিজের আচার ॥ ২১৭২
সদা পরহিংসারত পরস্ত্রীনিরত
আমি মূঢ় করিআছি পাপ কত শত
নাহি করি কিছু পুন্য পাপনাস্তিকর
আমার সদৃশ পাপী নাহি মুনিবর ॥ ২১৭৩
এবে ঘোর দুঃখকর সংসারক্ত হবে
পাপির আমার হবে নিস্তার কেমনে
ইহার উপায় করি জিজ্ঞাসা তোমাক
কহ ব্রঁহ্মবিদ-শ্রেষ্ঠ কৃপায় আমাক ॥ ২১৭৪
শরন লৈয়াছি আমি তোমার চরনে
আমাক পাপিক কর উদ্ধার আপনে
মার্কণ্ডেয় বোলে তুমি হৈয়া পাপকর
এখন হৈয়াছ তুমি পুন্যাত্মার বর ॥ ২১৭৫
সংসারদুল্লভা বুদ্ধি যাত এহিক্ষণ
জন্মিয়াছে তব এহি পুন্যের লক্ষণ
পুন্যাত্মার পুন্য দৃষ্টি দিনে বুঁদ্ধি হয়
পাপাত্মার পাপ দৃষ্টি জানিবা নিশ্চয় ॥ ২১৭৬
পাপী হৈয়া পাপ দৃষ্টি ছারিয়াছ যাত
দেখিয়ে ইস্বর হৈছে প্রসন্ন তোমাত
যে পাপ করিয়া হয় পাপে নিবর্ত্তন
পুর্ব্বজন্মে আছে তার বিষ্ণু আরাধন ॥ ২১৭৭
পাপে অনুরক্ত নিজ ভক্ত যদি হয়
তাহাক দেখিয়া প্রভু বিষ্ণু দয়াময়
তাহাক নির্ম্মলা বুদ্ধি দেয় লক্ষ্মীপতি
সে বুদ্ধির দ্বারা হয় তাহার সদ্গতি ॥ ২১৭৮
অতএব বলি আমি তোমাক ব্রাঁহ্মণ
পুর্ব্বজন্মে করিয়াছ অচ্যুত অর্চ্চন
না করিবা বিপ্র তুমি কদাচিত ভয়
অচিরে কল্যাণ তব হবেক নিশ্চয় ॥ ২১৭৯
যে কথা জিজ্ঞাসা করিয়াছ দ্বিজবর
আমা হৈতে না শুনিবা তাহার উত্তর
যাত নিত্য ক্রিয়াকাল হইল আমার
একারণে এখন না পারি বলিবার ॥ ২১৮০
দান্ত নামে আছে এক তপস্বি ব্রাঁহ্মণ
তাহার আশ্রম তুমি চল এহিক্ষন
যে কথা জিজ্ঞাসা তুমি করিবা তাহাক
সকল তোমাক বলিবেক মহাভাগ ॥ ২১৮১
পরে সে ব্রাঁহ্মণ মার্কণ্ডেয় উপদেশে
দান্তের আশ্রম শিঘ্র চলি গেল শেষে
বকুল চম্পক বক অশোক কেশর
প্রফুল্ল কুসুমামদ ব্যাপ্ত দিগাম্বর ॥ ২১৮২

ভ্রমর সকল গুঞ্জ গুঞ্জ করে গাণ
মন্দ মন্দ শীতল সুগন্ধি বহে বাত
প্রসান্ত স্বাপদগণ আশ্রমের বনে
বেদধ্বনি করে শিষ্য উপশিষ্য গনে॥ ২১৮৩
প্রবেশিয়া দান্তের আশ্রম চমৎকার
দান্তক দেখিল শিষ্যগন সঙ্গে তার
তবে সে দান্তক স্তুতি করি যোড়করে
চরণ মস্তক দিয়া প্রনামিল পরে॥ ২১৮৪
দান্ত বোলে তুমি আসিয়াছ কোথা হণে
এস্তানত(১) আসিয়াছ কোণ প্রয়োজনে
কি ণাম তোমার তুমি বট কোনজন
আসিয়া আমাক স্তুতি কর কি কারণ॥ ২১৮৫
ভদ্রতনু বোলে আমি জাতিত ব্রাহ্মন
ব্রাহ্মণ আচারহিন পাপিষ্ট দুর্জ্জণ
ভদ্রতনু নাম মোর লোকত প্রখ্যাত
নিবেদিতে আসিয়াছি তোমার সাক্ষাত॥ ২১৮৬
আমি নাহি জানি কার্য্যাকার্য্যের বিভেদ
কিসে হবে আমার সংসার-পাশ ছেদ
ইহার উপায় বল আমাক কিঞ্চিত
যাত তুমি সকল ধর্ম্মের তত্ত্ববিত॥ ২১৮৭
দান্ত বোলে শুন বিপ্র গুহ্য কথাচয়
যে করিলে সংসার-পাসের ছেদ হয়
তোমার স্নেহত বলি কর অবধান
সে কার্য্যে করিবা তুমি হৈয়া সাবধান॥ ২১৮৮
পরিত্যাগ করিয়া সংসর্গ পাসণ্ডের
প্রসঙ্গ করিবা সঙ্গে সতত সতের
কাম ক্রোধ লোভ মোহ দম্ভ অহঙ্কার
পরিত্যাগ কর মদ মৎসর হিংসার॥ ২১৮৯
দয়া শান্তি দম সম দৃষ্টি নিরন্তর
করিবা সতত সর্ব্ব লোকের উপর
মার্জ্জণ লেপন করি কেশব-মন্দির
শোভণ প্রদিপ দিবা হইয়া সুস্থির॥ ২১৯০
ব্রাহ্মণের সেবা কর জাতির সৎকার
অন্নজলদান পঞ্চ মহাযজ্ঞ আর
হরিকথা শুন মন্ত্র দ্বাদশ অক্ষর
জপ কর সতত হইয়া ভক্তিপর॥ ২১৯১
এ সকল কর্ম্ম তুমি করিলে তোমার
হবেক উত্তম জ্ঞান মুক্তি পরে তার
ব্রাহ্মণ বদতি শুভ কর্ম্ম এ সকল
করিলে আমার পরে হবেক মঙ্গল॥ ২১৯২
মুর্খ আমি সে সবার বিধাণ না জাণি
তার বিবরণ মোত কহ মহাজ্ঞানি
পাষণ্ড কাহাক বোলে সাধু কোন জন
কাম ক্রোধ লোভ মহ(২) তাহার লক্ষন॥২১৯৩
মৎসর কাহাক বোলে কাক বোলে মদ
অসত্য কিমত হিংসা দয়া বা কি মত
কাক শান্তি বোলে কাক সমদৃষ্টি কয়
কমলাপতির পুজা কি প্রকারে হয়॥ ২১৯৪
কার নাম অহোরাত্র কহ মহাসয়
বিষ্ণুর স্মরন আর কি করিলে হয়
পঞ্চ মহাযজ্ঞ কাক বোলে মুনিবর
কি মতে মন্ত্রের হয় দ্বাদশ অক্ষর॥ ২১৯৫
সে সবার বিবরন শুনিবার চাই
যাত তব প্রসাদে পরম গতি পাই
দান্ত বোলে শুন তার বলি বিবরন
বেদের সম্মত কার্য্য ছারিয়া যে জন॥ ২১৯৬

১ এ স্থানে। ২ মোহ।

অন্ত কার্য্য করে ছারে নিজ কুলাচার
পাষণ্ড তাহার নাম লোকত প্রক্ষ্যাত(১)
নিজ কুলাচারগ্রাহি হয় যেহিজন
বেদের সম্মতে কার্য্য করে আচরণ॥ ২১৯৭
পাপ অভিলাষ-ত্যাগি সতত যে হয়
সর্য্যন(২) তাহার নাম সর্ব্বলোকে কয়
নারির সঙ্গত যার সদা অভিলাষ
বিভব-অর্জ্জণে করে সতত প্রয়াস॥ ২১৯৮
কাম ণাম তাহার জানিবা দ্বিজবর
ক্রোধের লক্ষণ বলি শুণ তারপর
আত্মপির শুণিয়া সন্তাপ মণে যার
সর্ব্বধর্ম্মবিঘাতক ক্রোধ নাম তার॥ ২১৯৯
পরবিত্ত দেখিয়া হৃদয়মধ্যে জার
অভিলাষ উপস্থিত হয় আণিবার
লোভ বলে তাহাক জাণিবা দ্বিজবর
মোহের লক্ষণ বলি শুণ তার-পর॥ ২২০০
পিতামাতা দারা শুত গৃহ পরিবার
এশকল আমার আমিও বটি তার
এমত জাহার মণে চিন্তাধারাবাঢ়ে
জাণিবা ব্রাহ্মণ তুমি মোহ বলে তারে॥ ২২০১
আমি বহুধণস্বামি ধরণীমণ্ডলে
মহাত্মা আমার তুল্য ণাহি ক্ষিতিতলে
এ প্রকার চিত্তে জার শার জ্ঞাণ হয়
মদ ণাম তাহার পণ্ডিতলোকে কয়॥ ২২০২
ণিন্দা করে আমাক সতত লোকচয়
ধিক্কার জিবণ মম তাক কেবা সয়
এহিমত আপণ মণত হয় আর
তাহাক মত্সর বলে শে হয় ধিক্কার॥ ২২০৩
সকলের শাক্ষাত যথার্থ কথা কয়
শেহি শত্য মিথ্যা তার হৈলে বিপর্য্যয়
দারা পুত্র ঐশ্চর্য্য সকলে হৌক ক্ষয়
এ প্রকার চিন্তা জার তাক হিংশা কয়॥ ২২০৪
পরক্লেষহরণে মণত ইৎসা জার
তাকে বলে দয়া আর কৃপা ণাম তার
অন্নবস্ত্রলাভে মণ তুষ্ট হয় আর
ণা করে আথিক্কা মণে অধিক পাবার॥ ২২০৫
শান্তি ণাম তাহার জাণিবা দ্বিজবর
দমের লক্ষণ বলি শুণ তারপর
কুৎসিত কার্য্যত করে চিত্ত ণিবারণ
তাক দম বলে বিপ্র তত্ত্বদর্শিগণ॥ ২২০৬
সুখত জেমত তুষ্ট দুখত তেমত
সত্রু মিত্র সমভাব যাহার-মণত
পণ্ডিতশকলে বলে সমদৃষ্টী তাক
পূজার বিধাণ বলি শুণ মহাভাগ॥ ২২০৭
গন্ধ পুষ্প ধুপ দিপ ণৈবিদ্য প্রদাণে
বিষ্ণুক অর্চ্চণ করে জন্মপী বিধাণে
জাণিবা ব্রাহ্মণ তুমি পূজা তার-ণাম
বিষ্ণুক পুজিলে সিদ্ধ হয় শর্ব্ব কাম॥ ২২০৮
পুর্ব্বাপর দিবশে করিয়া একাবণ
মধ্য দিবা রাত্রিত(৩)করিলে উপবণ
জাণিবা তাহার ণাম অহোরাত্র ব্রত
বিষ্ণুভক্তগণে করে তাহাক শতত॥ ২২০৯
আত্মাক বিষ্ণুর শঙ্গে অভেদকরণ
তাহাকে শে বলে বিপ্র বিষ্ণুর স্মরণ
ব্রহ্মযজ্ঞ ণরযজ্ঞ দেবযজ্ঞ আর
পিতৃযজ্ঞ ভূতযজ্ঞ অণুক্রমে তার॥ ২২১০

১ প্রখ্যাত। ২ সজ্জন। ৩ মধ্যাহ্ন ও রাত্রিতে।

শকল মিলিয়া পঞ্চ মহাযজ্ঞ হয়
পঞ্চযজ্ঞে সকল পাতক করে ক্ষয়
ব্রঁহ্মযজ্ঞ বেদ-পাঠ হোম দৈব যাগ
ণরযজ্ঞ বলে বিপ্র অথিতিশেবাক ॥ ২২১১
তর্পণ [পঞ্চম] [পিতৃ] পিতৃলোক হয়
বলিত শতত তৃপ্ত হয় ভূত-চয়
ণমো ভগবতে বাসুদেবায় সমুয়
প্রণবাদি হৈলে হয় দ্বাদশ অক্ষর(১)॥ ২২১২
ইহাক তত্ত্বজ্ঞগণে মহামন্ত্র কয়
কহিলাম তোমাক বিপ্র সকল ণিশ্চয়
পরিলে(২)বিষ্ণুর অষ্টত্তর শত ণাম
পাইবা দুর্লভ মুক্তি হৈয়া পূর্ণ কাম ॥ ২২১৩
ভদ্রতণু বলে কহ ব্রহ্ম বিদ মুণি
অষ্ট ত্তরশত মাধবের ণাম শুণি
তবে অষ্টোত্তর শত কেশবের ণাম
কহিলেণ ব্রাহ্মণক দান্ত গুণধাম(৩)॥২২১৪
জে পড়ে যে শুণে অষ্টাধিক শত ণাম
ণা হয় অশুভ তার শিদ্ধ হয় কাম(৪)
দান্ত বলে ব্রাহ্মণ অথণ(৫)চল ঘর
জে কহিলাম তোমাক শে কার্য্য গীয়া কর ॥২২১৫
দান্তের প্রবোধে ভদ্রতণু দ্বিজবর
গেল শে পুরুষত্তম ক্ষেত্র মণোহর
দান্ত জে বলিয়াছিল তেমত বিধাণে
হরিপুজা আরম্ভ করিল শেহি স্থাণে ॥ ২২১৬
ভক্তিযোগে বিষ্ণুপদে সমর্প্পিয়া মণ
পঞ্চদিণ করিল হরিক আরাধণ
দৃড়ভক্তি জাণিয়া তাহায় শে শময়
আবির্ভাব হৈল কোটী সূর্য্য জোতির্ম্ময় ॥ ২২১৭

জগতের ইশ্বরক শাক্ষাত দেখিয়া
প্রণামিল চরণকমলে শির দিয়া
পরে শে ব্রাহ্মণ হয়া অতি হর্ষ মণ
কৃতাঞ্জলি হৈয়া স্তব করিল তখণ ॥ ২২১৮
ভদ্রতণু বলে হরি জগত-ইশ্বর
জগতস্বরূপ জগতের ত্রাণকর
পরিত্রাণ কর মোক কমলার কান্ত
শংশার-সাগরে মগ্ন হৈয়াছি ণিতান্ত ॥ ২২১৯
শংশারে আমার তুল্য ণাতি মহাভাগ(৬)
কৃত-পাপ(৭ হয়া জাত দেখিলাম তোমাক
কৃতভাগ্য ধন্য আমি মাণি আপণাক
জাত জগন্নাথ আমি দেখিলাম তোমাক(৮)॥২২২০
ব্যাষ বলে এসমাদি(৯)স্তুতি বহুতর
করিয়া ব্রাঁহ্মণ পুলকিত কলেবর
আণন্দাশ্রুপূর্ণ(১০) ণেত্রযুগ ছল ছলে
পরিল বিষ্ণুর পদকমলযুগলে ॥ ২২২১
তাক দেখি ভগবাণ দয়ার শাগর
উঠ উঠ বলিয়া ধরিল তার কর
তোমার ভক্তিত তুষ্ট করিছ আমাক
অভিলাষ কি তোমার বল দেই তাক(১১)॥ ২২২২
ভদ্রতণু বলে শুণ পরম ইশ্বর
দেবেন্দ্র অচ্চুত দয়াময় দামোদর
তব শন্নিধাণ লাভ হয়াছে আমার
ইহার অধিক কোণ লাভ আছে আর ॥ ২২২৩
তথাপি তোমাত আমি মাগি এক বর
জন্মে জন্মে হই জেণ তোমার কিংকর
দৃড় ভক্তি আমার তোমাত যেণ হয়
ণা লাগে আমাক রাজ্য বর কৃপাময় ॥ ২২২৪

১ "ওঁ নমো ভগবতে বাসুদেবায়" এই দ্বাদশ অক্ষরাত্মক মন্ত্র। ২ পড়িলে। ৩ মূলে এই স্থানে শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শত নাম বর্ণনাত্মক অনেক গুলি শ্লোক আছে। অনুবাদে তাহা পরিত্যক্ত হইয়াছে। বঙ্গবাসী সংস্করণ মূলে তাহার পর ষোড়শ অধ্যায় শেষ হইয়াছে। ৪ কামনা। ৫ এখন। ৬=মহাভাগ্যবান। ৭=পাপী। ৮ এইস্থানে মূলের অনেকখানি স্তব পরিত্যক্ত হইয়াছে। ৯=এই প্রকার। ১০ আনন্দাশ্রু পূর্ণ। ১১=তাহা।

হরি বলে এহিবর দিলায় তোমাক
কিন্তু তব শণে চাই শখ্য করিবাক
গহেণ আমার তুমি শেবকের যোগ্য
আমার শমাণ তুমি ব্রাহ্মণ শুভাগা ॥ ২২২৫
অতএব যদি তব অনুমতি পাই
তোমার শহিতে শখ্য করিবার চাই
ব্যাষ বলে তারপর দেব নারায়ণ
ব্রাঁহ্মণ শহিত শখ্য করিল তখণ ॥ ২২২৬
নিজকণ্ঠগত মালা বিপ্রগলে দিল
বিপ্রেও তুলশি-মালা হরিত অর্পিল
চারিভুজে হরি করিলেণ আলিঙ্গণ
বিষ্ণুক আণন্দে আলিঙ্গিল শে ব্রাঁহ্মণ ॥ ২২২৭
বিপ্রশঙ্গে রঙ্গে শখ্য করি ভগবাণ
ভক্তিগ্রাহি দয়াময় হৈল অন্তধ্যাণ
পরে সে পুরুষোত্তম নাম ক্ষেত্রবরে
শে বিপ্র শহিতে হরি নিত্যে ক্রিড়া করে ॥২২২৮
একদিণ দুর্ব্বল দেখিয়া সে বিপ্রক
দয়াতে জিজ্ঞাসা হরি করিল মিত্রক
নারায়ণ বলে শখি(১)দুর্ব্বল তোমাক
দিণে দিণে দেখি কেণ কৃষ হইবাক ॥ ২২২৯
শুখাণ শরীর কেশ শুক ওষ্টাধর(২)
কে তোমাক অপমাণ করিয়াছে বর(৩)
কে তোমার করিয়াছে ধণ আহরণ
কহ কোণ চিন্তা আছে তোমার অখণ ॥ ২২৩০
ভদ্রতণু বলে জগন্নাথ জণার্দ্দণ
নিত্যে তপ করি তব প্রাপ্তীর কারণ
তপ ক্লেষ হৈয়া বেব এমত আমার
শুক কায় দেখা যায় ওষ্টাধর আর ॥ ২২৩১
বিষ্ণু বলে সখি আমি তোমাত যেমত
প্রসন্ন হৈয়াছি নহি প্রস্তুত তেমত
পুণর্ব্বার কায়ক্লেষ কর কি কারণ
তোমাক দুর্ব্বল দেখি ব্যথা করে মণ ॥ ২২৩২
কায়ক্লেষ তপস্যা না লাগে করিবাক
তপক্রম কারশ্রম কর পরিত্যাগ
ব্যাষ বলে আপণার সুবর্ণ কুণ্ডল
আপণ হস্তের স্বর্ণ বলয়া যুগল ॥ ২২৩৩
আপণার দিব্য বস্ত্র উত্তরি বসণ
তাক দিয়া করিল বিপ্রক বিভুষণ
আপণার ললাটের কিরিট আণিয়া
পাদাঙ্গদ-যুগল চরণ হৈতে নিয়া ॥ ২২৩৪
নিজকণ্ঠগত মালা ব্রাঁহ্মণক দিল
আপণ ভুষণ দিয়া ভুশিত করিল
দিব্য অভরণে বিপ্র হইয়া ভুশিত
বিষ্ণু সঙ্গে ক্রিড়া করে নানাক্রিড়াবিদ ॥২২৩৫
এক দিণ ভুষণে ভুষিত অঙ্গ তার
ওষ্টাধর অরুণ তাম্বুলরাগে আর
দিব্যাম্বর চারুতর উত্তরিয় বাষ
দাস্ত দেখিলেণ তাক মুখে মন্দ হাষ ॥ ২২৩৬
দাস্ত বলে ভদ্রতনু ভাল তব রিতি
অদ্যাপি তোমাক দেখি পাপকর্ম্মে স্থিতি
নাহি কর পাপদৃষ্টী মোচণ অদ্যাপি
পুর্ব্ববিষয়ত অণুরক্ত আছ পাপি ॥২২৩৭
ধিক্কার সতত পাপপ্রিয়ক তোমাক (৪)
মহাযত্নে শিক্ষা দিলে না ছার (৬) তাহাক
শংসারনিন্দিত কার্য্য দেখিয়া তোমার
শিষ্য করিয়াছি তোক এ দোষ আমার ॥ ২২৩৮

১—মিত্র। ২ ওষ্ঠাধর। ৩ বড়। ৪ পাপপ্রিয় তোমাকে ধিক্। ৫ ছাড়।

পাপরত নির্দ্দয় দুশিল (১) কৃতছল (২)
গুরু-কির্ত্তি-নাশি এহি পঞ্চ শিষ্য-মল (৩)
বহু-ভাশি অভক্ত চঞ্চল-মণ-ধারি
পরক্ষে গুরুক নিন্দে শিষ্যাধম চারি ॥ ২২৩৯
উত্তম চরিত্র শিশ জানিয়া লোকেক
বিচক্ষণগণ তাক শিষ্য করিবেক
দুর্য্যণগণক বিদ্যা করিলে প্রদাণ
গুরুর অকির্ত্তি হয় সে নৈলে বিদ্যাণ ॥ ২২৪০
সর্জ্জণক (৪) বিদ্যা দিলে যশ কীর্ত্তী হয়
দুর্য্যণে পাইলে বিদ্যা যশ করে ক্ষয়
পুনাত ণা করে রুচি পাপযুক্ত জণে
মক্ষিকা ণা করে রুচি শুগন্ধি চন্দনে ॥ ২২৪১
মিষ্টান্নপাণত তৃপ্তি ণাহি গর্দ্দভের
ধর্ম্মকর্ম্মে তৃপ্তি ণাহি তথা দুর্যণের
কদাচিত ধর্ম্ম লক্ষী অপকীর্ত্তী ভয়
দুষ্টাসয় মুণুক্ষক (৫) ণা করে আশ্রয় ॥ ২২৪২
আশ্রয় জদ্যপি তাক করে কদাচিত
তখণে গমণ করে ণা হইয়া স্থিত
জন্মে জন্মে করিয়াছে অভাগ্য জে জণ
ণা পায় উত্তম গতি কখণ শে জণ ॥ ২২৪৩
কদাচিত শে জদি উত্তম গতি পায়
আহরণ (৬) তাহাক করেণ বিধাতায়
ভদ্রতনু বলে নিতিশাস্ত্রবিদার্ম্বর
সত্য বলিয়াছ বাণি ব্রাহ্মণপ্রবর ॥ ২২৪৪
আমি শিষ্য হৈতে অপকীর্ত্তি কদাচিত
ণা হল্বক তোমার জাণিবা শুণিশ্চিত
সর্ব্ব অভিলাষ শিদ্ধ হয়াছে আমার
দুর্মতি আমার ণাহি প্রশাদে তোমার ॥ ২২৪৫

দাস্ত বলে তব অভিলাষ কি প্রকার
শিদ্ধি হৈছে বল তুমি শাক্ষাত আমার
অন্ন কাল মধ্যে শিদ্ধি পাইলা কেমণে
সিদ্ধি হৈছে ইহাত বিস্ময় মাণি মণে ॥ ২২৪৬
ভদ্রতণু বলে অন্ন শ্রমে দ্বিজবর
দর্শণ পায়াছি আমি জগত-ঈশ্বর
তাহার আজ্ঞাতে শুরু নিত্যকর্ম্মচয়
পরে পরিত্যাগ করিয়াছি মহাশয় ॥ ২২৪৭
নিজের বশণ আর উত্তরিয় তার
স্বহস্তবলয়দ্বয় মতিময় হার
কিরিট কুণ্ডল তার পাদাঙ্গদ যাক
প্রীতি হয়া ভগবাণ দিআছে আমাক ॥ ২২৪৮
সখিত্ব আমার শঙ্গে করিআছে আর
আমি প্রতিদিণে ক্রিড়া করি শঙ্গে তার
আমার এ বাক্যে যদি ণা কর প্রত্যয়
প্রতিতি করাব দেখাইয়া মহাসয় ॥ ২২৪৯
দাস্ত বলে আমি সপ্ত সহস্র বৎসর
আরাধণ করিয়াছি দেব গদাধর
ভক্তিযুক্ত হয়া করিআছি আরাধণ
তথাপি আমাক বিষ্ণু ণা দিল দর্শণ ॥ ২২৫০
তুমি পঞ্চ বৎসর করিয়া আরাধণ
তাহাতে পায়াছ তুমি বিষ্ণুর দর্শণ
কৃতার্থ হয়াছ তুমি ধন্য পুন্যবাণ
দেখিয়াছ শাক্ষাত অচ্যুত ভগবাণ ॥ ২২৫১
তোমার শহিত শখ্য করিআছে আর
তাহার সহিতে প্রেম হয়াছে তোমার
জদি তব স্নেহ আছে আমাত ব্রাহ্মণ
তবে বিষ্ণুশঙ্গে করাইবা দরশণ ॥ ২২৫২

১ দুঃশীল। ২ ছলযুক্ত। ৩ শিষ্যদের মধ্যে ঘৃণিত। ৪ সজ্জনকে। ৫ মনুষ্যে
৬—অপহরণ।

ব্যাষ বলে শুক এহি শিষ্যাক কহিয়া
শে বিপ্রের আশ্রমত রহিলেণ গীয়া
পরে এক দিণ বিপ্র ক্রড়া-অবশরে
বিণয় বলিল বিষ্ণু কৃপালুক পরে॥ ২২৫৩
ভদ্রতণু বলে জগন্নাথ দয়াময়
এক নিবেদণ বলি জদি আজ্ঞা হয়
মম গুরু আশিআছে পঙ্কজলোচণ
একান্ত তোমাত ভক্ত তপস্বি ব্রাহ্মণ॥ ২২৫৪
তোমাক দেখিতে ইৎসা তার অতিশয়
কহ কোণ আজ্ঞা তব হয় দয়াময়
কৃপা কর সুরবর বলি নিবেদণ
অতএব দিতে হবে তাহাক দর্শণ॥ ২২৫৫
ভগবাণ বলে শুণহে ব্রাহ্মণ
তুমি করিআছ বহু জন্ম আরাধণ
দর্শণ দিয়াছি আমি তোমাক এ মতে
তব গুরু দেখিবেক আমাক কি মতে॥ ২২৫৬
কিছু দিণ আরাধণ করিছে আমাক
তাতে ইৎসা করে কি আমাক দেখিবাক
শেহ মহাভক্ত মম পুজা পরায়ণ
শে নিমিত্তে কথণ পাবেক দরশণ॥ ২২৫৭
ব্যাষ বলে কমলাপতির এহি বাক
শুণিয়া শে বিপ্র পরে বলিল তাহাক
ভদ্রতণু বলে পুণ করিয়া ভকতি
তব অণুগ্রহ যদি আমাত শ্রীপতি॥ ২২৫৮
তবে দেহ আমার গুরুক দরশণ
ভকতবৎসল নাথ আমার বচণ
আমার নিকট গুরু করিছে জাচণা।
এ স্থাণে আসিয়া তব দর্শণ দক্ষিণা॥ ২২৫৯
আমার গুরুক প্রভু দিয়া দরশণ
রক্ষা কর দেববর আমাক অথণ
ভগবাণ বলে যদি গুরুর প্রার্থণা
উৎসর্গ্গ করিছ মম দর্শণ দক্ষিণা॥ ২২৬০
তবে আণ গিয়া তব গুরুক অথণ
আশিয়া করুক শিঘ্র আমাক দর্শণ
এমত করিল আজ্ঞা যদি ভগবাণ
তবে ভদ্রতণু জায়া গুরু-শন্নিধাণ॥ ২২৬১
প্রীতি হয়া গুরুক লইয়া পুণর্ব্বার
উপস্থিত হৈল গিয়া সাক্ষাত তাহার
দান্ত যদি শে স্থাণে করিল আগমণ
তবে হরি দান্তক দিলেণ দরশণ॥ ২২৬২
হরিক দেখিয়া দান্ত আণন্দিত মণে
স্তুতি আরম্ভিল হর্ষবাষ্পবিলোচণে
অঞ্জলি ধরিয়া দান্ত অগ্রে হৈল স্থীত
হরিক করিছে স্তুতি হরিভক্তিরিত॥ ২২৬৩
দান্ত বলে লক্ষ্মীকান্ত কৃপাপারাবার
তোমাক প্রণাম করি আমি বারম্বার
আজি শে শফল জন্ম হইল আমার
সফল হইল তপ জপ যজ্ঞ আর॥ ২২৬৪
পুর্ব্বে করিয়াছি জে সকল আলোচণ
তোমার দর্শণ পায়া তৃপ্ত হৈল মণ
শংশারে এমত স্তোত্র ণাহি কৃপাময়
তব বাগিশের (১) প্রীতি জে স্তবত হয়॥ ২২৬৫
রক্ষা কর প্রভু মোক প্রশণ্ণ হইয়া
তব দাস দাসের দাসত্ব কর্ম্ম দিয়া
ব্যাষ বলে দান্তের শুণিয়া এবচণ
ভক্তিগ্রাহি দয়াময় হাশিয়া তখণ॥ ২২৬৬

১ আপনি বাক্যের অধিপতি সুতরাং কোন্ বাক্য দ্বারা আপনার স্তব করিব?

দান্তের মস্তক পরশিয়া ণিজ করে
আশ্বাসিয়া দান্তক বলিল হরি পরে
হরি বলে তুমি ভক্ত আমার ণিতান্ত
দর্শণ পাইলা আজি আমার হে দান্ত ॥ ২২৬৭
আমার প্রশাদে তব হইবে কল্যাণ
এহি বাক্য দান্তক বলিয়া ভগবাণ
দান্ত ভদ্রতমুক করিআ য়ালিঙ্গণ (১)
অন্তর্ধ্যাণ সহসা হইল ণারায়ণ ॥ ২২৬৮
পরে সে পুরুসত্তম ণাম ক্ষেত্রবরে
ভক্তিভাবে বিষ্ণুক পুজিয়া ণিরন্তরে
কর্ম্মযোগে করিয়া বিষ্ণুক আরাধণ
গ্রহণ করিল দান্ত বিষ্ণুর শরণ ॥ ২২৬৯
ভদ্রতণু হৈয়া বিষ্ণুভক্তিপরায়ণ
আয়ু অবশাণে মোক্ষ পাইল তথণ
ব্যাষ বলে ভক্তিযুক্ত হইয়া জেজণ
একদিণ করে যদি বিষ্ণুক জজণ ॥ ২২৭০
বহু জন্মার্জ্জিত তার পাপ যদি হয়
তুষ্ট হয়া বিষ্ণু শে পাতক করে ক্ষয়
অদ্যাপি জৈমিণি ব্রহ্মা আদি দেবগণ
প্রভাব ণা জাণে হরিভক্তের কথণ ॥ ২২৭১
এহি কর্ম্মভূমি বিষ্ণু পুজিয়া ইহাত
দেবের বন্দিত হয় হয়া মত্যজাত(২)
পুন্যক্ষয়ভয় ইন্দ্র আদি দেবগণ
পরস্পরে সতত করেণ আলোচণ ॥ ২২৭২
পুণর্ব্বার কবে আর কর্ম্মভূমে গীয়া
সঞ্চয় করিব পুন্য বিষ্ণুক পুজিয়া
আমা হৈতে অতি ধন্য পুন্য করে ণরে
দুর্ল্লভ ভারতবর্ষে বিষ্ণুপুজা করে ॥ ২২৭৩
ভারতবর্ষের গুণ বলিতে ণা প্বারি
দেবত্ব হয়াছি যাত পুজিআ মুরারি
বাসবাদি দেবগণ নিত্যে এহিমত
ভারতবর্ষক করে প্রশংশা সতত ॥ ২২৭৪
জন্মিয়া ভারতবর্ষে জে সকল ণর
আরাধণ হরিক ণা করে ণিরন্তর
ণাহি দেখে নাহি শুণে কেহ শংশারত
তাহার সমাণ মূঢ় মনুষ্য(৩)-লোকত ॥ ২২৭৫
সত্যে সত্যে বলি আমি জৈমিণি তোমাক
দৃঢ়ভক্তি করিআ পুজিলে বিশ্বাত্মাক
কর্ম্মভূমি মধ্যে যদি পুজে একদিণ
কৈবল্য লভিআ সে হরিত হয় লীণ ॥ ২২৭৬
ইতি ব্যাষ জৈমিণির সম্বাদিত গীতা
ক্রিয়াযোগসার ণাম পুরাণ সংহিতা
হরিকথাপ্রশঙ্গ মধুর শুধা প্রায়
ভাষাবন্ধে বিরচিয়া ষোড়শ অধ্যায় ॥ ২২৭৭
কামরূপ কমতা ভূখণ্ড আখণ্ডল
শ্রীহরেন্দ্রণারায়ন নাম মহাবল
তাহার আদেশে ভাষা ক্রিয়াযোগশার
দ্বিজ রঘুরাম কহে লোক বুঝিবার ॥(৪) ২২৭৮

[সপ্তদশ অধ্যায়]

ব্যাষ বাক্য শুনি পুণশ্চ জৈমিণি
জিজ্ঞাশে বেদব্যাষক •
তির্থের প্রধাণ বল ভগবাণ
পুরুষোত্তম ক্ষেত্রক ॥ ২২৭৯

১ আলিঙ্গন। ২ মর্ত্যজাত। ৩ মনুষ্য। ৪ মূলে এইখানে সপ্তদশ অধ্যায় শেষ (বঙ্গবাসী সংস্করণ)।

মহাত্মা তাহার চাহি শুণিবার
একারণে মহাশয়
বল শুণি তাক জত্তপি আমাক
অণুগ্রহ তব হয় ॥ ২২৮০
ব্যাঁষ নিগদতি সংক্ষেপে সম্প্রতি
মহাত্ম বলি তাহার
সকল তাহার মহাত্ম কবার
বিষ্ণু বিণে শক্তি কার ॥ ২২৮১
লবণ সিন্ধুর তিরে শেহি পুর
ণামত পুরুষোত্তম
হৈয়া এক মণ শুনহে ব্রাঁহ্মণ
স্বর্গ নহে তার সম ॥ ২২৮২
জাত্ত করে বাশ জগতণিবাষ
আপণে পুরুষোত্তম
দ্বিপঞ্চ প্রহর(১) দীর্ঘ পরিশর
ক্ষেত্র অতি মণোরম ॥ ২২৮৩
ক্ষেত্রবাসী হয় জে জে দেহিচয়
তাক দেখে দেবগণ
চতুর্ভুজ রূপ বিষ্ণুর স্বরূপ
ক্ষেত্রবাশি জণে জণ ॥ ২২৮৪
ক্ষেত্র একদেশ জে হয় প্রবেষ
শেহ বিষ্ণু মূর্ত্তি হয়(২)
সবে একাকার জাতির বিচার
তাত কেহ ণা করয় ॥ ২২৮৫
চাণ্ডালের স্পৃষ্ট অন্নপায়া হৃষ্ট
ব্রাঁহ্মণে গ্রহণ করে
চাণ্ডাল ব্রাঁহ্মণ বিষ্ণু তুল্যো জণ
ভেদ ণাহি পরস্পরে ॥ ২২৮৬

লক্ষ্মীর পচণ ওদণ ব্যঞ্জণ
ভোক্তা ণিজে জণার্দ্দণ
সে স্থাণের অন্ন পিষ্ট পরমান্ন
দুর্লভ দেবভোজণ ॥ ২২৮৭
হরিভক্ত শেষ পবিত্র বিশেষ
দুর্লভ ক্ষিতিমণ্ডলে
শে অন্নভোজণ করে জে জে জণ
মুক্তি তার করতলে ॥ ২২৮৮
ব্রহ্মা পুরান্দর সমস্ত অমর
ণিত্যে গিয়া শেহি স্থাণে
তদন্ন ভোজণ করে দেবগণ
কা কথা মুমুক্ষগণে ॥ ২২৮৯
জে লোকের মণ ণা করে রমণ
শে দুর্লভ অন্ন পাণে(৩)
বিষ্ণুষেষ্টা তাক বলে মহাভাগ
সকল মহর্ষিগণে ॥ ২২৯০
জথা গঙ্গাজল পবিত্র নির্ম্মল
সর্ব্বত্র পাতক হরে
তদন্ন তেমত পাপ করে হত
সর্ব্বত্র থাইলে পরে ॥ ২২৯১
জত্তপি কোমল তদন্ন সকল
তথাপি জে থায় তায়
গিন্না উদরত বজ্রকিটবত
পাতক করে বিদার ॥ ২২৯২
পূর্ব্ব জন্মার্জ্জিত পাতক শঞ্চিত
ক্ষয় হবে যার যার
ভক্তি উপস্থিত হয় অকস্মিত
তদন্নত তার তার ॥ ২২৯৩

১—দশ যোজন। ২ সেই স্থানের একাংশে যে প্রবেশ করে সে বিষ্ণুমূর্ত্তি হয়। ৩ তাহার মন সে দুর্লভ অন্ন জলে তুষ্ট হয় না।

বহুজন্মার্জ্জিত   সুপুন্য সঞ্চিত
ক্ষয় হবে যার যার
তদগ্রক প্রতি   ণা হয় ভকতি
উপস্থিত ধিক তার ॥ ২২৯৪
মার্কণ্ডেয় হ্রদ(১) রুহিণি(২) তির্থস্ত
ইন্দ্রদ্যুম্ন(৩) সরোবরে
শ্বেত গঙ্গাজলে   সমুদ্রশলিলে
স্নাণ করে জে জে ণরে ॥ ২২৯৫
হৈয়া সুবিণিত   ভক্তিশমন্বিত
স্নাণাদি জদ্যপি করে
পৃথিবিত তার   জন্ম ণাহি আর
বিষ্ণুলোক জায়া পরে ॥ ২২৯৬
লবণসাগরে   জে তর্প্পণ করে
শে লোকের পিতৃগণ
সর্ব্ব দুঃখ ণায   হৈয়া করে বাষ
পাইয়া বিষ্ণুভুবণ ॥ ২২৯৭
তত্বদর্শিচয়   তির্থরাজ কয়
সমুদ্রক নিরন্তর
তাত জে জে কর্ম্ম   করে তার ধর্ম্ম
অক্ষয় শে হয় বর ॥ ২২৯৮
বিষ্ণুপুজা স্তব   যজ্ঞ দাণ জপ
পিতৃশ্রাদ্ধ ক্ষেত্রবরে
তাহার অক্ষয়   ফলপ্রাপ্তী হয়
জে কর্ম্ম জে লোকে করে ॥ ২২৯৯
কায় বাক্য মণে   বিষ্ণুর প্রিণণে
জে কর্ম্ম জে করে আর
তার কর্ম্মফল   অক্ষয় সকল
শংশয় ণাহি তাহার ॥ ২৩০০

বলরাম আর   কৃষ্ণ শুভদ্রার
দর্শণ জে লোকে করে
দুষ্কৃত তাহার   কিছু ণাহি আর
শে লোক শংশার তরে ॥ ২৩০১
কৃষ্ণ সুভদ্রাক   বলদেব তাক
দর্শণ জে ণাহি করে
প্রশঙ্গ কি তার   মুক্তি পাইবার
শত পুন্য করি নরে ॥ ২৩০২
বেত্রাদি প্রহারে   জার কলেবরে
শরীর লোহিত হয়(৪)
তাহাক বন্দণ   করে সুরগণ
শক্রাদি দেবতা চয় ॥ ২৩০৩
অন্তরিক্ষচর   শক্রাদি অমর
পরস্পরে হর্ষ হয়া
কহাকহি করে   শকল অমরে
বিমাণ উপরে রয়া ॥ ২৩০৪
কবে লক্ষ্মীপতি   আমাদেক প্রতি
দিবেক মনুস্য কায়া
মনুস্যের মত   দেখিব সতত
হরিক ক্ষেত্রত জায়া ॥ ২৩০৫
প্রহারে বেত্রের   কবে আমাদের
লোহিত হবেক কায়
সক্রাদি অমরে   ক্ষেত্রে বাঞ্ছা(৫) করে
বেত্রাঘাত সর্ব্বদায় ॥ ২৩০৬
শেহি ক্ষেত্রবরে   দর্শণ জে করে
অক্ষয় বটক ণরে
কোটিজন্মযুক্ত   পাপ হয়া মুক্ত
সদগতিক পাবে পরে ॥ ২৩০৭

১ মার্কণ্ডেয় হ্রদ। ২ রোহিণী। ৩ ইন্দ্রদ্যুম্ন। ৪ শ্রীক্ষেত্রে গিয়া বেত্রাঘাত খাইয়া যাহাদের শরীর লোহিত হয়। ৫ বাঞ্ছা।

জগন্নাথ হরি শুভদ্রা শুন্দরি
বলদেব ভগবাণ
মাধব ঈশ্বর(১) মার্কণ্ডেয় শুর
যমেশ্বর হনুমাণ ॥ ২৩০৮

এ শব দেখিয়া পুণর্ব্বার গিয়া
অক্ষয় বট দর্শণ
করে যদি আর মুক্তি হয় তার
ভক্তিযুক্ত হয়া মণ ॥ ২৩০৯

ফাল্গুণ মাসত জাইয়া ক্ষেত্রত
দোলান্দোল গোবিন্দক
দর্শণ জে করে তার পুন্য পরে
শুণ ভববিণাসক ॥ ২৩১০

সর্ব্ব পাপ ণাষ হয়া করে বাষ
বিষ্ণুর গৃহত জায়া
পরে মুক্তি হয় জাণিবা নিশ্চয়
শে স্থাণত জ্ঞাণ পায়া ॥ ২৩১১

যদি চৈত্রমাসে বারুণি-দিবসে
জগন্নাথ দেখে ণরে
মরিয়া প্রবেষ(২) শে হয় শুবেশ
জগন্নাথ কলেবরে ॥ ২৩১২

জগন্নাথ স্নাণ দেখি বিদ্যমাণ
যে ণর বৈশাখ মাসে
মণোরথচয় তার শিদ্ধ হয়
শে জায় বিষ্ণুর পাশে ॥ ২৩১৩

ব্রহ্মাদি সকল ত্রিদশমণ্ডল
আকাশত রয়া রয়া
জগন্নাথ স্নাণ দেখে বিদ্যমাণ
ভক্তিশ্রদ্ধাযুক্ত হয়া ॥ ২৩১৪

মহাষষ্ঠীযোগ পাইয়া যে লোক
জগন্নাথ দেখে গিয়া
হৈয়া দিব্যকায় বিষ্ণুপদ পায়
শে লোকচয় মরিয়া ॥ ২৩১৫

আষাঢ় মাসত যদি রথগত
জগন্নাথ বলরাম
জে দেখে তাহার জন্ম ণাহি আর
প্রাপ্তী হয় মোক্ষধাম ॥ ২৩১৬

রথে আরহিতা(৩) দৈবকি-দুহিতা
সুভদ্রাক যে যে ণর
করে দরশণ ভবের বন্ধণ
তার ছেদে গদাধর ॥ ২৩১৭

মৃতপত্যা নারী হৈয়া ক্ষেত্রাচারি
সুভদ্রা দর্শণ করে
বহু সুতবতি হয় শে যুবতি
জীববৎসা হয় পরে ॥ ২৩১৮

কাকবন্ধ্যা অতি দুর্ভাগা যুবতি
দরশণে শুভদ্রার
স্বামি-সুভাগিণী হয় শে কামিনী
বহু-শুতবতি আর ॥ ২৩১৯

গুণ্ডিকার ঘরে(৪) দেখে যে যে ণরে
কৃষ্ণ বল সুভদ্রাক
শে জায় পরম পদ মণোরম
কৃষ্ণ কৃপা করে তাক ॥ ২৩২০

রোগী দুখি ণরে গুণ্ডিকার ঘরে
গিয়া দেখে যদি হরি
রোগ দুঃখচয় তার হয় ক্ষয়
বিষ্ণুলোক পায় মরি ॥ ২৩২১

১ মূলে আছে "শ্বেত মাধব দেখেশ"। ২ মরিয়া জগন্নাথ কলেবরে প্রবেশ করে। ৩ আরোহিতা।
৪ গুণ্ডিচা গৃহে।

অপূৰ্ব্বক পরে গুণ্ডিকার ঘরে
জগন্নাথ দরশণ
যদি করে গিয়া পুত্রার্থি হইয়া
শুণ তার বিবরণ ॥ ২৩২২
সর্ব্ব গুণাধার পুত্র হয় তার
বিষ্ণুভক্ত সুন্ধমতি
বংশরক্ষাকর পরম সুন্দর
ধার্ম্মিক সধর্ম্মে রতি ॥ ২৩২৩
বিত্তার্থী হইয়া যদি দেখে গিয়া
গুণ্ডিকা মণ্ডপে হরি
রোগ দুঃখচয় তার হয় ক্ষয়
বিষ্ণুলোক পায় মরি ॥ ২৩২৪
দারাকাঙ্খি জণ যদি দরশণ
গুণ্ডিকা মণ্ডপে করে
পত্নিলাভ হয় তাহার নিশ্চয়
হরিক দেখিয়া পরে ॥ ২৩২৫
ধণাকাঙ্খি পরে গুণ্ডিকার ঘরে
বিষ্ণুক দর্শণ করে
কুবের সমাণ হয় ধণবাণ
সে পর জৈমিণি পরে ॥ ২৩২৬
রাজা রাজ্যচ্চুত হৈয়া ভক্তিযুত
হরিক দেখেণ আর
গুণ্ডিকার ঘরে তার রাজ্য পরে
লাভ হয় পুণর্ব্বার ॥ ২৩২৭
সত্রু পরাজিত হৈয়া কদাচিত
জম্বপি গুণ্ডিকা ঘরে
তার সত্রুচয় হয় পরাজয়
যে হরি দর্শণ করে ॥ ২৩২৮
রাজপিড়া পায়া জে মাণুষ জারা
হরি করে দরশণ
গুণ্ডিকার ঘরে রাজা তার পরে
বষ হয় শর্ব্বক্ষণ ॥ ২৩২৯

মোক্ষার্থী হইয়া গুণ্ডিকাত গৈয়া
মূর্ত্তি দেখে মাধবের
তার মুক্তি হয় জানিবা নিশ্চয়
দুর্লভ যোগীগণের ॥ ২৩৩০
বিষ্ণুজাত্রাগণ মধ্যে হে ব্রাহ্মণ
গুণ্ডিকা প্রধাণ তার
করিবেক পরে বিধি অনুশারে
অণ্য করি পরিহার ॥ ২৩৩১
শয়ণ উৎথানে ক্ষেত্র শে প্রধাণে
হরিক দেখে জে পর
তাক পূজা করে সকল অমরে
সৎকার পূর্ব্বক বর ॥ ২৩৩২
কে মহত্ব তার পারে বলিবার
পুরুষোত্তম ক্ষেত্রের
জাত লোকচয় প্রবেশিয়া হয়
সমরূপ গোবিন্দের ॥ ২৩৩৩
বিস্তর কি আর বলিব তাহার
মহাত্মা ক্ষেত্রবরের
ইহার শমাণ নহে তির্থ আণ
পুণ্যকর মুমুক্ষের ॥ ২৩৩৪
সংসার সাগর নিম ঘোরতর
ক্লেষপ্রদ পাপাশ্রয়
তাহাক তরণে ইৎসা জার মণে
সেহি পর সদাশয় ॥ ২৩৩৫
সমস্ত সুখদ ক্ষেত্র পুণ্যপ্রদ
পুরুষোত্তম আখ্যাণে
তাতে সুরবর দেব দামোদর
বিলোকিবে ভক্তিমণে ॥ ২৩৩৬
ব্যাষ জৈমিণির সংবাদ রুচির
ইতি ক্রিয়াযোগসারে
সপ্তদশ-ধ্যায় গাজা সমুদায়
ভজ মণ দামোদরে ॥ ২৩৩৭

বেহার ণায়ক সর্জ্জণ পালক
দুষ্টজণবিণাসণ

তাহার আজ্ঞায় রঘুরামে গায়
ভজ হরিপদ মণ ॥ ২৩৩৮

[অষ্টাদশ অধ্যায়]

শিব শুম্ভ(১) গজাণণ করিয়া স্মরণ
পুণরায় পুরাণের বলিব কথণ
সেজে চারু সুধাময় রশ কথাচয়
শ্রবণরঞ্জণকর পাপ করে ক্ষয় ॥ ২৩৩৯
ব্যাঘ ণিগদন্তি যতি দ্বিজের ণন্দণ
ভক্তিসমন্বিতে ণারায়ণ-শ্রীচরণ
মজিছে ভজিতে তার ণামে জে সদায়
কদাচিত তাহাক অশুভে নাহি পায় ॥ ২৩৪০
পুণরায় দয়াময় কমলাপতির
মহাত্মা বলিব শুণে জে সব শুধীর
শে শব পরম শুভ অণায়াশে পায়
শুভপ্রাপ্ত হৈলে তার ভবে কিবা ভয় ॥ ২৩৪১
বাসুদেব মহাত্মাক জে মাণবগণ
শুণিতে করেণ ইৎসা করিয়া শ্রবণ
ত্রিপ্তী(২) যুক্ত হয়া মণ প্রেমাণন্দে ভাসে
পাষণ্ড ণরকভাগী ত্রিপ্তী ণাহি বাসে(৩) ॥২৩৪২
পাসণ্ড-শন্নিশে ওহে দ্বিজের ণন্দণ
শ্রীবিষ্ণু পুণ্ডরিকাক্ষ শুমহাত্মা-গণ
ণা করিবে গাণযুক্ত বৈষ্ণব অগ্রত
তার পুরাতণ কথা বলিছে মহত ॥ ২৩৪৩
পুর্ব্বে ত্রিতা(৪) যুগে শুদ্র উর্ব্বশো(৫) ণামেতে
ধর্ম্মকর্ম্মগণ নিন্দা করিছে শততে
ব্রঁক্ষবিত্বহারি বিপ্ররমণীগমণে
উন্মত্ত আছিল শেহি দুষ্ট শর্ব্বক্ষণে ॥ ২৩৪৪

অশত্যভাষণগণ করিছে ভাষণ
পাসণ্ডগণের শঙ্গে ছিল শর্ব্বক্ষণ
রিত্তিচ্ছেদি(৬) ব্রাঁহ্মণের সর্ব্ব(৭) অপহারি
শুরা সহ গোমাংসাশি সঙ্গ বেশ্যা নারি ॥ ২৩৪৫
সরণাগতক ণষ্টকারি দুরাশয়
আর পরনিন্দা করিআছে সর্ব্বদায়
বিশ্বাষঘাতক মিত্র অতি দুরাচার
সর্ব্বদায় পিড়াদাতা জ্ঞাতি সবাকার ॥ ২৩৪৬
জেহি জেহি শ্রেষ্ঠ শ্রেষ্ঠ পাপ দ্বিজশুত
করিছে উর্ব্বশো দুষ্ট ঘোরপাপযুত
পরে তার জ্ঞাতিগণ দেখি পাপরত
অতি ক্রোধে তার গৃহে হয়া উপগত ॥ ২৩৪৭
জ্ঞাতিগণে বলে রে উর্ব্বশো দুরাসয়
কেন এপ্রকার তুমি হইলা দুর্ণ্ময়
ছিমল আমার কুল মলবিবর্জ্জিত
প্রতিষ্টা আর্য্যিত্তা(৮)পুর্ব্বে শংশারে বিদিত ॥২৩৪৮
ওহে মূঢ় সা(৯)প্রতিষ্ঠা করিলা ণাষণ
তোমা হৈতে মূঢ় আর আছে কোণজণ
ধর্ম্মমার্গ পরিত্যাগ করি দুরাশয়
পাতকে সতত মতি করাইছ আশ্রয় ॥ ২৩৪৯
হৈছ জাত বংশকির্ত্তি হরণ করিতে
জ্ঞাতিচিত্তদুখদাতা হয়াছ শততে
বিধাতার সৃষ্টীক করিয়া বিলোকণ
নিতান্ত বিস্ময় আমি শব শর্ব্বক্ষণ ॥ ২৩৫০

---

১ শম্ভু। ২ তৃপ্তি। ৩ পাপ। ৪ ত্রেতা। ৫ উর্ব্বীজ। ৬ মূলে আছে "বৃত্তিচ্ছেদী দ্বিজাতীনাম্"। ৭ দ্রব্য। ৮ প্রতিষ্ঠা অর্জ্জন করিয়াছিল। ৯ সে।

জে শিন্ধুতে শশী জাত তাতে বিষ হৈল
কুলে শেহিমত্ত তব জনম লভিল
কুপুত্রের শক্তি শখ্যা কে করিতে পারে
জে শক্তিক ধারণ করেণ নিরন্তরে ॥ ২৩৫১
অণেক পুরুষ কির্ত্তি সঞ্চিত সুন্দর
নাষ করে তারে জাণ কুপুত্রণিকর
অধম কুলেত জদি শিষ্ট পুত্র হয়
শে কুল উত্তম করে পুত্র সুদ্ধাশয় ॥ ২৩৫২
উত্তম কুলেত হৈলে কুপুত্র জণণ
শে উত্তম কুল হিণ করে শে দুর্য্যণ
ব্যাষ নিগদতি শুণ দ্বিজের তণয়
এপ্রকার উক্ত করি তার জ্ঞাতিচয় ॥ ২৩৫৩
অপকির্ত্তিভয় ক্রোধে সন্ত শে পাপীক
করিয়াছে পরিত্যাগ হে মুণি সার্ত্তিক(১)
জ্ঞাতিগণে তারে জদি করিল বর্জ্জণ
ণাণাণ প্রকার ধিক দিল জণগণ ॥ ২৩৫৪
তারপর লিজ্জ ঘরত্যাগী দুরাসয়
দস্যু কর্ম্মে নিযুক্ত হইল শে শময়
দস্যু কর্ম্মে যুক্ত যদি হৈল দুরাচার
বিভব বিণষ্ট শিঘ্র হইল তাহার ॥ ২৩৫৫
ভূণির্দ্দয় পরহিংশা করি বিলোকণ
ধরিয়া তাহারে জণসকলে তখণ
নৃপতির সন্নিকটে করিল হাজির
নৃপবর তার পিতৃস্নেহে ওহে ধীর ॥ ২৩৫৬
শে দুরাচারের প্রাণ ণা করি নিধণ
দেষ হণে নিকালিয়া(২) দিলেণ তখণ
পরে দুষ্ট শত্ত বহু দস্যুগণ শণে
গহণ আশ্রয় লীয়া করিল তখণে ॥ ২৩৫৭

পথিকের দ্রব্যচয় হরণ করিতে
বহু দুষ্ট একাত্র হইল দুষ্ট চিতে
একদিণ গহণ করিয়া পর্য্যটণ
ভ্রান্তচিত্ত হয়া ত্রাণ করায় কারণ ॥ ২৩৫৮
তটাণির তির গেল বহু দস্যু সণে
তারপর জে হইল শুণ হে জৈমিণে
শেহি তটাণির তিরে অণেক ব্রাহ্মণ
ব্রতেত নিযুক্ত ণারায়ণ-পরায়ণ ॥ ২৩৫৯
ব্রাহ্মণগণেক তদা দেখিল দুর্ম্মতি
আরাধণ করি পরে দেব লক্ষ্মীপতি
পরস্পরে কৌতুকেতে কহে বিপ্রগণ
অত্ত হণে চম্পক কুসুম সুশোভণ ॥ ২৩৬০
শ্রীহরির পাদপদ্মে করিলাম অর্পণ
ইহজন্মে এ পুষ্প হইল অগ্রহণ * ২৩৬০
কয় আর কোণজণে মুরারিক অত্ত হণে
করিলাম তাম্বুল অর্পণ
ইহ জন্মে আমি আর মণে ণা করিব শার
জাণিবেণ মম এ কথণ ॥ ২৩৬১
কেহ বলে অত্ত হৈতে যথাফল শুদ্ধচিতে
শ্রীহরিক করিলাম দাণ
কদাচিত আমি আর মণে ণা করিব শার
জাবত থাকেণ এহি প্রাণ ॥ ২৩৬২
আর কোণ জণে কয় দারিদ্র্য শুমণোময়
বিষ্ণুক অর্পিলাম অত্ত হণে
মুকুন্দ জাদবস্বামি তারে আত্ম ফল আমি
দিলাম বলেণ কোণ জণে ॥ ২৩৬৩
ভূদেব শকল পরে এহি বাক্য পরস্পরে
হর্ষে করিতেছে উদিরণ

১ সাত্ত্বিক। ২ বহিষ্কৃত করিয়া।

অথণ গ্রহণ তায় আমার প্রযুক্ত নয়
ইহ জন্মে না উঠিব তাতে ॥ ২৩৬২
এপ্রকার চিন্তা করি শুড় জাতে ছিল ভরি
বিষ্ণুপ্রিত হেতু তিনি তারে—
ভক্তিযুত হয়া অতি বিপ্রেক দিলেণ তথি
সুণ ওহে দ্বিজ তার পরে ॥ ২৩৬৩
সকট করিল দাণ তদা তুষ্টে ভগবাণ
পাপচয় করিল মোচণ
তারপরে পরস্পরে ক্রোধবসে শুনির্ভরে
শুনির্ম্মূল হইল তখণ ॥ ২৩৬৪
তারপরে পৌরগণে পরস্পরে প্রাণধণে
নিধণ হইলে শে শময় (৪)
সঃ বিনির্ম্মিত যাণ পঠাইল ভগবাণ
নিতে তদা আপণ আলয় ॥ ২৩৬৫
বহুবিধ অভরণে অম্ভরণ সর্ব্বক্ষণে
কলেবর অতি তেজময়
চারু আস্ত হাস্যযুত যাণ সঙ্গে এহি দূত
বহু বাক্যে শস্তী মাঝে রয় ॥ ২৩৬৬
আশি হাশি হাশি শবে যাণে নিয়া সুগৌরবে
সত্ত্ব গেল ভগবাণপুরে
শেজে চারু পুন্যবাণ পাইল হরি সন্নিধাণ
শুণ মুণি সুণ তার পরে ॥ ২৩৬৭
দশশত মন্বন্তর হয়া শুধাপাণকর
পুণ একশত মন্বন্তর
হরির শন্নিদ্ধে রয়া পরম জ্ঞাণেক পায়া
প্রাপ্ত হৈল বিষ্ণু কলেবর ॥ ২৩৬৮
যাঁর নিগদতি বত্তি শ্রবণে করহে মতি
হরিত ভকতি জে উপায়

উর্ব্বশো শুনিয়া তায় ভাবিতেছে শে শময়
নারায়ণে কি করি অর্পণ॥ ২৩৬৪
মহত জে দ্রব্য জত আছেণ এ শংশারত
তাকে তাকে ভূগী সর্ব্বদায়
কাহাক ত্যাগীতে নারি এবে কি প্রকার করি
হরিক কি দেই এ শময় ॥ ২৩৬৫
চোর হেতু রাজভরে নিত্য আমি বণান্তরে
এজে কাল করিতেছি গত
সকটেত আরোহণ না করিব কদাচণ
অধিকার-বিহিণ শতত ॥ ২৩৬৬
দ্বিজত্তম সদাময় শে দস্যু এ উক্তচয়
পুঃণ পুণ উক্ত করি পরে
জে জণ ভূবণে জাণ চতুবর্গ করে দাণ
সকট করিল দাণ তারে ॥ ২৩৬৭
তারপরে বিপ্রগণ জথা হৈতে আগমণ
পুণ তথা করিল গমণ
দস্যুগণ শে শময় প্রবেশিল নিজালয়
তদন্তর করহে শ্রবণ ॥ ২৩৫৯ (১)
এক শর একদিণ শুড়-কণ্ডোল(২) প্রবিণ
লয়া পথে করিআছে গতি
দস্যু পরহিংশাকর দেখি হয়া হর্শান্তর
শুড় কণ্ডোল আহরিল(৩)তথি ॥ ২৩৬০
তদন্তর দস্যুগণ হইয়া সুহৃষ্ট মণ
শুড়চয় বাটীল তখণে
শুড়ের সকটখাণ পরিল উর্ব্বশোস্থাণ
দেখিয়া উর্ব্বশো চিন্তে মণে ॥ ২৩৬১
শ্রীকৃষ্ণ পুরের স্বামি পূর্ব্বেত তাহারে আমি
স্মরিয়া শকট দিচি জাতে —

১ এইখানে সংখ্যা ভুল হইয়াছে। ২ ভাণ্ড। ৩ অপহরণ করিল। ৪ পৌরগণ দস্যুকে বধ করিল।

করেণ জে শব জণে　　সে সব এ ভববণে
পার হয় রাজহংশপ্রায় ॥　২৩৬৯

ঘোর পাপকর নর　　হৈলে বিষ্ণুভক্তিপর
ভিক্ষুবুজ পরম্পদ পায়

হরিভক্তি এককণ　　জার চিত্তে প্রবর্ত্তণ
সে জণার ভবে কিবা ভয় ॥　২৩৭০

শ্রীবিষ্ণুর উদ্দেশণে　　আবশ্য বৈষ্ণবগণে
সু উত্তম বস্তু পুষ্প ফল

এ ত্রয়মধ্যত এক　　পরিত্যাগ করিবেক
শুণ বৎশ্ব পরম সরল ॥　২৩৭১

মুরারিক করি মাণ　　জে কিঞ্চিত্ত বস্তু দাণ
করে জেহি বৈষ্ণবনিকরে।

স্বয়ং দেব জণার্দ্দণ　　করে তারে ভোজণ
পাপ ণাসি শান্ত করে তারে ॥ ২৩৭২

বিষ্ণুক অদত্ত দ্রঁব্য　　ণা খাবে বৈষ্ণব সব
খাবে দাণ দিয়া বিষ্ণুতারে

শ্রীবিষ্ণুর নৈবিদ্যের　　মহাত্মা বলিব হের
শ্রবণে শকল পাপ হরে ॥　২৩৭৩

ইতিহাষ বলি পুণ দ্বিজের নন্দণ
একচিত্তে তাহা তুমি করহ শ্রবণ
পূর্ব্বকালে উত্তম ব্রাঁহ্মণকুলে জাত
সুজণি(১) ণামেতে ছিল ভূবণে বিখ্যাত ॥২৩৭৪
সান্ত দান্ত দয়াবাণ গুরুবিপ্রার্চ্চণে
হরিপুজাপর হরি স্মরে শর্ব্বক্ষণে
জাচকগণের ক্লেষদ্ধংশি সত্যবাদি
জিতন্দ্রিয় শকংশত সদা অপ্রমাদি ॥　২৩৭৫
প্রাত্তস্নাহি দ্বিজাচারগ্রাহি অহিংশক
একাদশি ব্রঁতরত্ত জ্ঞাতি গুপুজক
কোণ একদিণ দ্বিজশ্রেষ্ঠ গুণান্বব
স্বপ্নেত দেখিল দেব সুরেষ কেশব ॥　২৩৭৬
হাস্য আস্য শ্যাম তণু পরম সুন্দর
লোচণযুগল ফুল্য পদ্ম শমশর
কিরিটী মস্তকে কর্ণে শুভিছে কুণ্ডল
কণ্ঠেত কস্তুভ সুবিশাল বৈক্ষস্থল(২) ॥　২৩৭৭
জগতপতিক স্বপ্নে করিয়া দর্শণ
লোমাঞ্চিত্ত তণু হৈল গদগদ তখণ
করি পুটপাণি মাণি ব্রাঁহ্মণতণয়
সুরেশেক স্তুতি করিলেণ শে শময় ॥　২৩৭৮
বলিছে সুজণি ওহে দেব ণারায়ণ
তব পদে ণমি তুমি জগতকারণ
জগতজণের তুমি বট অতি গতি
স্বল্লোকের শোক রোগ ণাসণায়(৩) যতি ॥ ২৩৭৯
ণারায়ণায় কমলার হৃদায় প্রিয়ায়(৪)
ধর্ম্ম অর্থ কাম পরম অমৃত্ত প্রদায়
মোহণে অনুক্ষণে পাপকর্ম্মগণ
মত্তে হে মুরারি করিতেছি আচরণ ॥　২৩৮০
শেহি ফলে জগদম্বুণিধি শুগভিরে
পরিয়াছি-ভক্তি তরি দিআ হে মুরারে
ত্রাণ কর ওহে দেবদেব ভগবাণ
ভূবণে মুণুষ্য তণু করিয়া আধাণ ॥　২৩৮১
দূরিত কর্ম্মেক জাণি মোহ হয়া তারে
সর্ব্বদায় আচরণ করি কৈটভারে
আমি মূঢ় পাপে মম চিত্ত সুউদার
তথাপি প্রশন্ন মোত তুমি জগাধার ॥　২৩৮২
পুন্য-গ্রোম(৫) সুখ-ফল দেবে দাণ করে
আমি পাপকৃত্ত ভবণতণে মৃহরে

১ সুজনি। ২ বক্ষঃ। ৩ সৎ লোকের শোক ও রোগ নাশকারী। মূলে নমস্ শব্দের যোগে ৪র্থী বিভক্তি আছে। অনুবাদেও তাহা পরিত্যক্ত হয় নাই। ৪ প্রত্যেক শব্দেই অদ্ভুত রকমে ৪র্থী বিভক্তি প্রযুক্ত হইয়াছে, কোন অর্থ হয় না। "কমলালয়প্রিয়ায়" এই পদ মূলে আছে। ৫ পুন্নাগ্রাম =পুন্নাগ বৃক্ষ।

শুন্ত-স্রোমে মম মণ বিহিণ অপ্পর্ণ
প্রপিদ আমাত পাথ করি কি অথণ॥ ২৩৮৩
তব পাদপদ্ম যুগ্মে অমৃতের স্বাণ
পরিত্যাগ চিত্তমধুকর হিণজ্ঞাণ
স্নেশেত প্রকির্ণ পারিশুথ (১) সর্ব্ব-দায়
তাহারে অমৃত করি দিআছ আমায়॥ ২৩৮৪
শে পারিক মনে মম মধুকর মণ
মধুলোভে সর্ব্বক্ষণ করিছে ভ্রমণ
পাণিহারা পাণি দাণবিহিণ (২) আমার
মিথ্যাভাসি বক্তে, সদা আমি কদাচার॥ ২৩৮৫
তাপকর পাপকথা শ্রবণে শ্রবণ
অতি দক্ষ শক্যহিণ পাহেণ কথণ
ওহে দোশহর্ত্তা জ্ঞাত শেবক তোমার
মোষহিণে মম দোষ কেম এহিবার॥ ২৩৮৬
শুহুর্ঘোর শংশারজলধিমাজে হ'র
তব পাদাম্বুজে ভক্তি তরণের তরি
ইহাই শুদৃঢ় লাভ হইয়া আমার
দৈববশ ছুরাশা মরুত(৩)সুহুর্ব্বার॥ ২৩৮৭
শেহি ভবণিরণিধিমধ্যে ভগবাণ
সর্ব্বদায় ঘোর দুখ্খ করিছে প্রদাণ
শংশারশাগর পারাবার ত্রাণহেতু
তোমার প্রশস্ত দয়া দুখ্খ-হিণ শেতু॥ ২৩৮৮
মোহময় তম করিয়াছে অন্ধকার
মম দৃষ্টী হিণ বিষ্ণু ও পদ তোমার
হেরি শিষ্টজণকষ্ট বিণাশণ কর
মহাপাপী আমি মম চিত্তভয় হর॥ ২৩৮৯
হে কেশিমথণ প্রভো তোমার চরণ
সর্ব্বগুরগণে সদা করেণ বন্দণ
সম্যক্কে তাহাক আমি করিলাম দর্শণ
আমা হৈতে ভাগ্যবাণ আর কোণ জণ॥ ২৩৯০
বাঁরে দিগ্বন্তি স্তুতি করা'হ শ্রবণ
কমলাপতিক স্তুতি করিলে ব্রাঁহ্মণ
সুহুর্ব্বার ভবপারাবার-ত্রাণকর
হাশিয়া বিপ্রক বাক্য বলিল তত্পর॥ ২৩৯১
শ্রীভগবাণ বদন্তি হে বিপ্রেন্দ্র সুমতি
তোমার স্তবণে তুষ্ট হইলাম অতি
অচিরে তোমার শুভ হবে দরশণ
ওহে দ্বিজসুণু শুণু(৪)বলি জে কথণ॥ ২৩৯২
পুর্ব্বকালে তোমার আছিল পাপকায়
তোমাক উদ্ধার করিয়াছি সদাসয়
মুক্তি ইৎসা করি ভক্তি আমাত অথণ
দৃঢ়ভাবে করিতেছ হে বিপ্রণন্দণ॥ ২৩৯৩
ব্রাঁহ্মণ বদন্তি দেব জগতআধার
কে আমি কোথায় স্থিতি আছিল আমার
কি কল্মষ পুর্ব্বে করিয়াছি আচরণ
পুর্ব্বে কেণ আমাক করিছ উদ্ধারণ॥ ২৩৯৪
পুণর্ব্বার শুভিশণ ক্লেষদা ভুবণে
এ শরির ধারণ করিছি কি কারণে
জাহাত সদয় সদা তুমি পারায়ণ
কৃপা করি তাহা প্রভু কর উদিরণ॥ ২৩৯৫
ভগবাণ বলে ওহে দ্বিজ শদাসয়
জিজ্ঞাশিছ তুমি গোপণিয় কথাচয়
তব প্রতি মহামতি হয়া শুপ্রশণ(৫)
বলিতেছি অথণ তা কর আকর্ণণ॥ ২৩৯৬
পুর্ব্বকালে হে ব্রাঁহ্মণশ্রেষ্ট গুণাধার
পাক্ষির কুলেত জন্ম আছিল তোমার

১ নারীমুখ প্রকীর্ণ সেখানে। ২ আমার হস্ত কখন দান করে না। ৩ দুরাশা রূপ বায়ু। ৪ শুণু (সংস্কৃত)—শ্রবণ কর। ৫ সুপ্রসন্ন।

র্ম্মর বিপাকে ভূমিভাগে ছিলা সদা
ায় কূটায়(১)দুঃখ পায়াছ সর্ব্বদা ॥ ২৩৯৭
ণ করিয়া কিট(২)করিছ ভক্ষণ
র্ব্বর ক্লেদকে(৩)পানে সহে শান্ত মণ
রিয়ে সহণ করি নানা দুঃখগণ
তুর্থ সহস্র বর্ষ করিছ ক্ষেপণ ॥ ২৩৯৮
কাণ একদিণ দ্বিজ ভদ্রাক্ষ(৪)আখ্যাণ
র্ব্বতত্ত্বজ্ঞাণি মাণি ব্রাঁহ্মণসন্তাণ
নদিতটে নৈবিদ্যাদি দ্বারা দ্বিজসুত
করিছে আমাক পুজা হয়া ভক্তিযুত ॥ ২৩৯৯
হে বিপ্রেন্দ্র মমার্চ্চণ তণ্ডুল সকল
নিক্ষেপি ভূতলে গৃহ গেল সে সরল
ছিলা তুমি তদা বৃঁক্ষডাল আরোহণে
অতুল ভূতলপর পরিয়া তখণে ॥ ২৪০০
আমার নৈবিদ্যসম্বন্ধির জে তণ্ডুল
করিছ ভক্ষণ হয়া খুদায় আকুল
আমার নৈবিদ্য সুউত্তম ভোগ পরে
তব সুদারুণ পাপ নাসিছি সত্বরে ॥ ২৪০১
কালধর্ম্ম উপগতে হে দ্বিজকুমার
পাখি কলেবর করিআছ পরিহার
তোমাক লইতে দূত করিছি প্রেরণ
স্বর্ণযণে স্বচ্ছণে হইয়া আরোহণ ॥ ২৪০২
সত্ত তুমি মম দূতগণ সমভ্যারে
করিছিলা আগমণ আমার নগরে
দশশত যুগ কোটী মম সন্নিধানে
সুর-সুদুর্ল্লভ ভোগ ভুঞ্জীয়া আপনে ॥ ২৪০৩
তারপর শুদ্ধ বিপ্রকুলে জন্মিয়াছ
সর্ব্বদা আমাত দৃঢ় ভক্তি করিতেছ

ওহে দ্বিজত্তম বলি হিতকথাগণ
ক্রিয়াযোগে আমাক করিবা আরাধণ ॥ ২৪০৪
আয়ু-অন্তে আমার প্রসাদে সদাচার
ভুবণ-দুর্ল্লভ পদ পাইবা আমার
আমি জার প্রতি বিপ্র তুষ্ট সর্ব্বদায়
পাপকায় হইলেও অন্তে মোক্ষ পায় ॥ ২৪০৫
জার প্রতি মম চিত্ত অতুষ্ট হয়
পুন্যাত্মা হইলে দুঃখ পায় সে নিশ্চয়
ভক্তিভাবে আমায় ওত্রঁক্ত আচরণ
করণে তোমার শুভ হবে হে ব্রাঁহ্মণ ॥ ২৪০৬
সুরের দুর্ল্লভ অতি সুপরম স্থাণ
তোমারে নিশ্চয় আমি করিব প্রদাণ
ব্রাঁহ্মণ বদতি নাথ প্রসাদে তোমার
করিলাম আকর্ণণ পূর্ব্ব সমাচার ॥ ২৪০৭
এদাণিক শ্রবণ করিতে ইৎসা জাহা
কৃপায় কিঞ্চিত্ত প্রভো বল শুণি তাহা
হে গোবিন্দ তুমি কার প্রতি তুষ্ট সদা
কার পর রুষ্ট চিত্ত তোমার সর্ব্বদা ॥ ২৪০৮
ওহে সুরস্বামি তাহা মহত্ত কৃপায়
উদিরণ কর কর্ণে পাণ করি তায়
শ্রীভগবাণ বদতি হে বিপেন্দ্র সুমতি
কর্ম্ম দ্বারা জজ্ঞেণ জে তাতে তুষ্ট অতি ॥ ২৪০৯
সমাসত(৫)সমস্ত বলিব কথাচয়
শ্রবনে শ্রবণ কর হে দ্বিজতণয়
সর্ব্বভূতে দয়াবাণ জে জণ সর্ব্বদা
অহঙ্কার হিণ তাতে তুষ্ট আমি সদা ॥ ২৪১০
শ্রদ্ধাভক্তিসমন্বিতে জে মাণবগণে
মম অর্থে ধর্ম্ম কর্ম্ম করে ভক্তগণে

১ কুধা, ক্ষুধায়। ২ কীট। ৩ নির্ব্বরের উক্ত জল। ৪ মূলে আছে, ভূলভদ্র নামক ব্রাহ্মণ, "ভূলভদ্রাখ্যো ব্রাহ্মণঃ"। অনুবাদক অর্থ বুঝিতে পারেন নাই। ৫ সংক্ষেপেত।

জিজ্ঞাশিস্মা ব্রঁত করে জে পর সর্ব্বদা
তার প্রতি সন্তুষ্টহৃদয় আমি সদা॥ ২৪১১
আপণ শরির সর্ব্বভুতের শরির
চিত্তে সমজ্ঞাণ করে জে সকল ধীর
পরহিংশা কর্ম্ম ত্যাগ করে জে সর্ব্বদা
তার প্রতি সন্তুষ্টহৃদয় আমি সদা॥ ২৪১২
মিষ্ট বস্ত আণয়ণ করি জেহি জণ
আমাক অর্প্পণ করে হয়া হর্শমণ
মাণ অপমাণ সম জাণে জে সর্ব্বদা
তার প্রতি সন্তুষ্টহৃদয় আমি সদা॥ ২৪১৩
শুবিচার্য্য কার্য্য পুঃণ পুঃণ জেহি করে
গরু আর দ্বিজাতির হিতেক আচরে
একর্ম্ম জাহার চিত্তে নিবেষ সর্ব্বদা
তার প্রতি সন্তুষ্টহৃদয় আমি সদা॥ ২৪১৪
আপণ বচণগণ পরম জতণে
জে জণ করেণ প্রতিপাল সর্ব্বক্ষণে
প্রপন্ন(১)সর্ব্বত্র আর হয়াছে সর্ব্বদা
তার প্রতি সন্তুষ্টহৃদয় আমি সদা॥ ২৪১৫
দাণ দিআ দ্বিজ সকলের উপকার
করিতেছে সর্ব্বদায় জেহি সদাচার
মম পাদপদ্মে মতি রাখে জে সর্ব্বদা
তার প্রতি সন্তুষ্টহৃদয় আমি সদা॥ ২৪১৬
জে কর্ম্মের দ্বারা আমি তুষ্ট সর্ব্বদায়
সমাবত(২)শুভাবণ করিলাম তায়
ম রুষ্ট চিত্ত জেহি কর্ম্ম আচরণে
হ বিপ্রতণয় বলি শুণ তা শ্রবণে॥ ২৪১৭
রহিংশা কাজে রত জেজণ সদায়
রম নির্দ্দয় জার হয়াছে হৃদয়

মম প্রতি সর্ব্বদায় ক্রোধ চিত্ত জার
শে জন পরম সক্র বঠেণ আমার॥ ২৪১৮
অশত্যভাষণগণ করেণ শ্রাবণ
ক্রুড়(৩)বুদ্ধি আর পরনিন্দাপরায়ণ
পরের বর্ত্তণ-বিদ্ধংশিয়(৪)দুরাচার
শেজণ পরম সক্র বঠেণ আমার॥ ২৪১৯
অদৃষ্য পিতৃর দোষ অপর শারির
অদৃষ্য ভাতৃর দোষ আর ভগিণীর
তাতে মোহ হয়া ত্যাগে(৫)জেহি দুরাচার
শে জন পরম সক্র বঠেণ আমার॥ ২৪২০
পিতৃক বিভংস(৬)করে জেহি নরগণ
আর গুর্ভ্জণাক(৭)রমেণ জেহিজণ
আচরে এ কর্ম্ম জে সকল দুরাচার
শে জণ পরম সক্র বঠেণ আমার॥ ২৪২১
জেহি জণ কোণ হেতু পতি রমণীর
বিভেদ করায় চিত্ত হে ব্রাঁহ্মণ ধীর
ভুবণমধ্যেত তিনী অতি দুরাচার
শে জণ পরম সক্র বঠেণ আমার॥ ২৪২২
বিপ্রস্ব দেবস্য আর পরদ্রব্যঁচয়
হরণ করিতে মতি জে জণে করয়
ভুবণভিতরে তিনী অতি দুরাচার
শে জণ পরম সক্র বঠেণ আমার॥ ২৪২৩
আরাম হণণ করে জেহি দুরাসয়
জলাসয় লোপ করে জে মাণবচয়
গ্রামণাষে চিত্ত দেয় জে মাণব সদা
তার প্রতি রুষ্টমতি আমার সর্ব্বদা॥ ২৪২৪
পরের শুন্দরি নারি করি বিলোকণ
বিশাদে জে জণ মতি করে আরোপণ

১ প্রপন্ন = শরণাগত। শরণাগতকে যিনি প্রতিপালন করেন। ২ সংক্ষেপে। ৩ ক্রুর। ৪ যে পরের বৃত্তি বিনাশ করে। ৫ পিতা, স্ত্রী, ভ্রাতা বা ভগিনীর দোষ না দেখিয়া যে ইহাদের ত্যাগ করে। ৬ মূলে আছে "পিতৃনির্ভৎসনঃ" পিতাকে ভৎসনা। ৭ এ কথা মূলে নাই। মূলে আছে যে গুরুকে অবজ্ঞা করে, 'গুর্ব্ববজ্ঞাকৃ'।

অপর পাপের চর্চ্চা শুনে জেহি সদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪২৫
জে মূড় অনর্থ বেষ আচরণ করে
অনাথজনার আর ধনে প্রাণে হরে
বিশ্বাষঘাতক কর্ম্ম করে জেহি সদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪২৬
বৃঁষলীরমণীপতি হয়েন জেজন
অশ্বত্থ পাদপ আর করেন ছেদন
জে হরে গোবিপ্রর্জ্জ একবার কিম্বাঁ সদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪২৭
পদ্মাশন নারায়ন দেব পঞ্চানন
এ তিন দেবেক ভেদ ভাবে জেহিজন
কেবত সবাক নিন্দা করে জেহি সদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪২৮
মোহযুত চিত হয়া জে পাপীষ্টচয়
একাদশী তিথি মধ্যে ভোজন করয়
পরদারা-অনুরক্ত জেহি জন সদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪২৯
পাপবুঁদ্ধি প্রদান করেন জেহিজন
ধাতৃ-দ্রোম(১)চয় করে জে নর ছেদন
মিত্রদ্রোহকর্ম্ম আচরেণ জেহি সদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪৩০
স্মরশরে দগ্ধ যুত হয়া তনুমন
রজস্বলা রমনীক করেন রমন
করে জে রমণ দিবাভাগেতে প্রমোদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪৩১
ভূযুখে রত জে রমনী করে আর্থরব(২)
মোহ হয়া তারে রতি করে জে মানব
জে নর রমণ করে ব্রঁতস্থ(৩)প্রমোদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪৩২
আমাবস্যা তিথির নিশিত জেহি নরে
করেন ভোজন দ্বির্ভোজন আর করে
এ কর্ম্মেত চিত্ত নিবেসেন জেহি সদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪৩৩
ওহে দ্বিজ আমাবস্যা তিথিত জে জন
আমিশ মৈথন তৈল না করে বর্জ্জন
চিত্ত বিত্ত এ কর্ম্মেতে নিবেশে জে সদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪৩৪
ওহে দ্বিজ কি কাজ বহুত উদিরণে
সংখেপেত বলিলাম সুনিলা শ্রবণে
বৈষ্ণবগণক নিন্দা করে জেহি সদা
তার প্রতি রুষ্ট মতি আমার সর্ব্বদা ॥ ২৪৩৫
ব্যাষ নিগদতি ওহে দ্বিজের নন্দন
এমত বলিয়া ভগবান পরাত্মন
সহসা অদৃষ হৈল দেখিয়া ব্রাঁহ্মণে
নিদ্রাত্যাগী উঠিয়া বসিল দক্ষ ক্ষণে ॥ ২৪৩৬
হরিভক্তি কৃত সে জে বিপ্র সদাশয়
গ্রহণ করিয়া কেশবের ব্যক্যচয়
বিফল সকল কার্জ্জ করিয়া বর্যণ
ক্রিয়াযোগে রত চিত্ত করিল তখন ॥ ২৪৩৭
নারায়ণ-নৈবিদ্য ভোজেন জে সকল
অচিরে তাহার লাভ হয় এহি ফল
হরিপুজা কর নরগণ এ ভূবনে
স্ব অন্তরে হরি বিনে অন্য নাহি জানে ॥ ২৪৩৮
সংখেপে তাহাক করিলাম উদিরণ
হে জৈমিনি সত্তর করিলা আকর্ণ

১—ধাত্রীবৃক্ষ। ২ আর্ত্তরব। ৩—ব্রতধারিণী।

জে জনে শ্রীবিষ্ণুপদ অর্চ্চণ করিছে
সুণিশ্চয় তার পরম্পদ প্রাপ্তী আছে ॥ ২৪৩৯
জন্ম মধ্যে শুদুষত মণুশ্য জনম
জে মণুস্য হৈল হরিপূজাপরায়ণ
বিশেষ ভকতি চিত্তে হইল জাহার
ভুবণে দুষত শেহি হে দ্বিজকুমার ॥ ২৪৪০
আছে শুবিপুল দুখ শংশার ভিতরে
তুর্ন(১)তরিবার জেহি জণ ইৎসা করে
বাশুদেবাখিল চারু পুজাকর্ম্মচয়
ভক্তিভাবে উপার্য্যণ করে সর্ব্বদায় ॥ ২৪৪১
বেদব্যাষ জৈমিণি শংবাদে বাক্যগণ
অষ্টাদশধ্যায় হৈল বিরাম অথণ
ওহে ণরগণ জদি চাও পরিণাম
বারেক বদণে তবে লও শিবণাম ॥ ২৪৪২
জিবত্রাণকর শিবণাম লও মুখে
জ্ঞাণ দিবে ত্রাণ অন্তকালে হবা শুখে
দেখ কাল করবাল করিয়া ধারণ
আছে পাছে কাছে প্রাণ করিতে হরণ ॥ ২৪৪৩
তাহা জাণি হরিণামামৃত কর পাণ
দুভিবণ ভবশিন্দু শুখে হও ত্রাণ
কালী কালভয়হরা করালবদণা
দিতিশুতশিরমাল লোলীতরশণা ॥ ২৪৪৪
মুক্তকেশি দিগম্বরা হরপদতলে
[illegible] অশুরকুল কাং কতুহলে
তারণকারণ তারা ণাম হৈল তার
জার ণামামৃত পাণে গ্রেয়ায়(২)শংশার ॥ ২৪৪৫
বিশয় থাকিয়া চিত্তে চিন্ত তারা ণাম
ইহকালে শুখ শুখ আছে পরিণাম
হেণ তারাণামামৃতে শটপদের ন্যায়
তিণ ণামে জার এক ণাম শোভা পায় ॥ ২৪৪৬
হর কলেবর ধরিআছে এ ভুবণে
জাচক-জাচণা তুর্ন পুরণকারণে
দাণে হিত করণার্থে এজে ত্রিভুবণ
সমরে অমরগণ করিয়া শাশণ ॥ ২৪৪৭
ইন্দ্র হয়া কল্পপাদপের প্রায় দাণি
আছিলেণ অতি পুর্ব্বে এহি মহামাণি
দুই ণাম একাত্র করিয়া সম্মিলণ
সন্ধি হর(৩)গুণ শুত্র কৈলে প্রবর্ত্তণ ॥ ২৪৪৮
ণারায়ণ(৪) দেব হিত্তে করিয়া ছলণা
তিণ পদ সর্ব্বংসহা করিছে জাচণা
ণিশেধ করিছে মুণি শুক্র জ্ঞাণবাণ
রাখিয়া হরির মাণ ভুমি দিল দাণ ॥ ২৪৪৯
শেহি ছলে পাতালে পঠায়া জগন্নাথ
শঙ্গে রঙ্গে রৈল রক্ষা করিয়া তথাত
এমত ভুপের আজ্ঞা শিরগত করি
নৃপ দাষ রিপুঞ্জয় কহে স্মরি হরি ॥ ২৪৫০

[একোনবিংশ অধ্যায়]

শুণষ বিণদত্তি বক্তি জৈমিণি বিজ্ঞাণ
সংখেপে কৈলাম বিষ্ণুপুজার বিধাণ
বলি এধাণিক দাণ শকলের ফল
আকর্ণ্ণ কর ওহে দ্বিজ শুণায়ল ॥ ২৪৫১

---

১ তুর্ণ=শীঘ্র। ২ এড়ায়। ৩ হর+ইন্দ্র। সন্ধি করিলে হরেন্দ্র। ৪ হরেন্দ্র ও নারায়ণ একত্রে হরেন্দ্রনারায়ণ।

[illegible]ণ তপ এ দুইয়ের মধ্যে শ্রেষ্ঠতর
দাণ কর্ম্ম বটে জাণ পরম শুন্দর
তপশ্যা করণে হয় শরীর অপায়
দাণকর্ম্মে শরীর অপায় ণাহি হয়॥ ২৪৫২
যুগশ্রেষ্ঠ সত্যে তপ বটে শ্রেষ্ঠ অতি
ত্রেতাযুগে ধ্যাণ শ্রেষ্ঠ হে জৈমিণি যতি
দ্বাপরযুগেত শ্রেষ্ঠ ইশ্বর অর্চ্চণ
[illegible] শ্রেষ্ঠ বিতরণ॥ ২৪৫৩
জ প্রাপ্ত পরম পদ আখিঙ্খিত(১) করে
কমলাপতির প্রিত হেতু ণিরন্তরে
করিবে শতত দাণ দুর্ঘোর কলিত
তবে তার দুঃখ চয় হইয়া দলিত ॥ ২৪৫৪
কলায় কলায় ইন্দু ক্রমে বারে জেণ
বিতরণে শে প্রকার গতি লভিবেণ
দ্বিজশ্রেষ্ঠ অল্পে বিত্ত করিয়া সঞ্চয়
দাণকর্ম্মে ণিক্ষেপ করিবে প্রাজ্ঞচয় ॥ ২৪৫৫
ণা খায় ণা দেয় দাণ থাকিতে জে ধণে
শে জণ দরিদ্র দাণ ভোগবিবর্জ্জণে
বিত্ত সঙ্গ করি কে করিছে আগমণ
কেবা বিত্তশঙ্গে জাবে হে বিপ্রণন্দণ ॥ ২৪৫৬
পুর্ব্বদত্ত শঙ্গে রঙ্গে আগমণ চয়
ইহকালদত্ত জাণ সঙ্গে চলি জায়
সদা বিতরণে জেহি জণ সদাচার
দুব্বার দরিদ্রদশা লাভ হৈছে তার ॥ ২৪৫৭
তাহারে দরিদ্র বলি ণা করিবা জ্ঞাণ
পরলোকে শেহিজণ মহেশ শমাণ
কার্য্যান্যে ধণের রক্ষা করে সর্ব্বক্ষণ
দুঃখ-ভাগী শে জণ বিহিণে বিতরণ ॥ ২৪৫৮

অল্পে ধণ পরিত্যাগ করিয়া দুর্ব্ধণ
দুঃখ শমভ্যায় করি করেণ গমণ
সাধুসঙ্গ দত্তহিণ জেহি দুরাচার
পরলোক ণির্দ্দয় বান্ধবহিণ তার ॥ ২৪৫৯
স্তোকে স্তোকে হে বিপ্রেন্দ্র ভক্তিপ্রকাশণে
সশক্তি বৈষ্ণবে দাণ দিবে দিণে দিণে
সর্ব্বদাণ হৈতে অন্নদাণ শ্রেষ্ঠ অতি
অন্ন জল মধ্যে অন্ন শ্রেষ্ঠ হে শুমতি ॥ ২৪৬০
অন্ন আর জল দুই দাণ মধ্যে শ্রেষ্ঠ
অন্ন দাণ বটে জাণ পরম উৎকৃষ্ট ॥
বিণা অন্নে দেহিদেহে ণাহি ত্রিষ্টে(২) প্রাণ
অন্নদাণে প্রা:ণ(৩) প্রাণ দাণে সর্ব্ব দাণ
অতেব সমস্ত দাণ অন্নদাণে হয়
অন্ন শম জল দাণ হে দ্বিজতণয় ॥ ২৪৬১
ওহে দ্বিজবর খুদা ত্রিশা সমশর(৪)
একারণ অন্নজল শ্রেষ্ঠ ভূভিতর
মণুষ্যগণের অন্ন জলে শে জিবণ
জিবণে জিবণ তার পর কদাচণ ॥ ২৪৬২
জিবের জিবণ রক্ষার্থক জে শংশারে
পটু ণরে জিবণ বলিয়া বলে তারে
দ্বিজবর ভূতলভিতর জেহি জণ
অন্নজল সর্ব্বকালে করে বিতরণ ॥ ২৪৬৩
করিল সকল দাণ ভূতলে শে জণ
শংশয় ইহাত ণাহি দ্বিজের ণন্দণ
অন্নজলপ্রদাণের মহাত্ম্য-ণিকর
ইতিহাস-সমন্বিতে বলি দ্বিজবর ॥ ২৪৬৪
শেজে চারু চিত্র শুধাময় কথাগণ
শ্রবণরঞ্জণকর পাপবিণাসণ ॥

১—আকাঙ্ক্ষা। ২ ত্রিষ্টে—থাকে। ৩ অন্নদানে প্রাণদান হয়। ৪ ক্ষুধা তৃষ্ণা উভয়ই তুল্য।

সত্য যুগে দ্বিজধর্ম্মা অভিধাণ হরিশর্ম্মা
নিকেতণ হস্তিণাণগর
কুবের সমাণ ধনী ধণ গুণে মহামাণী
ছিল হে জৈমিনী দ্বিজবর॥ ২৪৬৫
তার পুরে সুসুন্দরি ছিল বহু বারণারি
রূপে ভ্রান্ত করে মুণিমন
সর্ব্বলক্ষণ সংযুক্তাণ রতি বিধগ্ধ(১) আখ্যাণ
চারুবেষ নবিণ জৌবণ॥ ২৪৬৬
তত্রস্থাণে বিপ্রণারি ণাম তার ক্ষেমাঙ্করি
শ্রেষ্টবংশে জণণ তাহার
সর্ব্ব গুণে সালংকৃতা বিধবা বিহিণে ভর্ত্তা
পতিকূল কুলমধ্যে সার॥ ২৪৬৭
দ্বিজশ্রেষ্ট হে জৈমিণী সেজে দ্বিজণিতম্বিণী
পিড়িত হইয়া স্মরশরে
জার-অণুরক্ত মণ দেখি তার জ্ঞাতিগণ
পরিত্যাগ করিল সত্তরে॥ ২৪৬৮
জ্ঞাতিগণে পরিত্যাগ করিলে হে মহাভাগ
বেস্যা আর ব্রাঁহ্মণী দুশিল(২)
স্নেহে তারা দুরোজণ মৈত্রিতাক আচরণ
করি বেস্যা-বিৰ্ত্তি আচরিল॥ ২৪৬৯
বার-ণিমন্তিণি ধণী আর বিপ্র-কুটুম্বিনী
সম্প্রীত করিয়া দিণে দিণে
জণখ্যাত পাপগণ করিলেণ আচরণ
ভূমিশুরশ্রেষ্ট হে জৈমিণে॥ ২৪৭০
কত কালান্তর পর হৈল জরা কলেবর
রতিশুবিদ্ধ[৩] রমণীর
ব্রাঁহ্মণির জরাতণু হইল হে দ্বিজভণু
বলি শুণ হইয়া শুস্থির॥ ২৪৭১

সেজে গণিকা যুবতি ণিজ জরা সখি প্রতি
বিস্মিত অন্তর হয়া পরে
বিণয় হইআ অতি বলিলেণ শুভারতি
শুণ যতি তার অণন্তরে॥ ২৪৭২
রতিবিদগ্ধ রমণী ব্রাঁহ্মণিক বলে বাণী
ওহে সখি তুমি সদভাবের
অণেক পাতক করি অদ্যাপীত হরি হরি
মহাপাপে মণ ণিরন্তরে॥ ২৪৭৩
শরির শৌন্দর্য্য আর কলেবর বল সার
জড়াবস্থা আহরিল তায়
হেণ অবস্তাক পায়া মণ আশা ণা ছারিয়া
আশাপাষে বদ্ধ সর্ব্বদায়॥ ২৪৭৪
স্থবির বয়ষ অতি তথাপী পাপেত মতি
করিতেছি মণে মাণি হিত
এজে মম বিত্তগণ সদা কর আলোকণ
করিছি অন্যায় উপার্য্যিত॥ ২৪৭৫
করিয়া অশেষ মাণ বিপ্রেক করিতে দাণ
চিত্তে ইৎসা করি এ শময়
তুমি জদি মাণ সখি তবে হয় চিত্ত শুখি
শুণিএা ব্রাঁহ্মণি তদা কয়॥ ২৪৭৬
জে শকল বিত্তগণ করিয়াছি উপার্জ্জণ
ছিল জদা জৌবণ শুন্দর
অশত্ পাত্রেত তায় দাণ দিয়া সর্ব্বদায়
ক্ষয় বিত্ত জিৰ্ণ কলেবর॥ ২৪৭৭
কি দিব বিপ্রক দাণ ণহি আমি ধণবাণ
ধণক্ষিণে বিতরিতে ণারি
আছে জদি তব বিত্ত ব্রাঁহ্মণেক দেও ণিত্য
আমি সখি দেখি আঁখি ভরি॥ ২৪৭৮

১ রতিবিদগ্ধা। ২ দুঃশীল। ৩ রতিবিদগ্ধা।

পিয়া-ব্রাহ্মণিবাণি　　　গুণাকাঙ্খি বাররাণী
গুহ্যর্প অন্তর হৃষ্ট পরে
ছিল যত বিত্তগণ　　　নিত্য করে বিতরণ
অন্ন আর জল সহকারে॥ ২৪৭৯
হরিসর্ম্মা দ্বিজবর　　　বৈশ্রবণ সমসর
ধণবাণ অতি কতুহলে
জণার্দ্দন ভগবাণ　　　হৃদিমধ্যে করি ধ্যান
পুজা করিতেছ সর্ব্বকালে। ২৪৮০
জিতেন্দ্রিয় ক্রোধজিত　　　হিংসা দম্ভ বিবর্জ্জিত
পরম গুস্থির গুণাধার
শুমহত তপে শস্ত　　　লক্ষ্মীকান্ত ভগবন্ত
তুষ্ট করে দ্বিজের কুমার॥ ২৪৮১
গন্ধ আর পুষ্প ধুপে　　　হবি-পুন্ন শুপ্রদীপে
আর স্বাদযুত কলগণ
দেবেষ পরমাত্মণ　　　নারায়ণ জনার্দ্দণ
নিত্যে নিত্যে করেণ অর্চ্চণ॥ ২৪৮২
অখিল-দাইণ বিষ্ণু　　　জাহার অগ্রজ জিষ্ণু
তার পদ অর্চ্চণ সময়
শে জে বিপ্র ধণবাণ　　　কথণ নৈবিস্ত দাণ
করিয়াছে হে দ্বিজতণয়॥ ২৪৮৩
বিভব বিলাষ ভব　　　দ্বিপ্রশুত সদাশয়
অতিথ ব্রাহ্মণ জাতিগণ
পুজা নাহি করে তারে　　　হে সত্তম শুণ পরে
তাহার গৃহের বিবরণ॥ ২৪৮৪
পিপিরা(১) মুশিকাচয়　　　মক্ষ জন্তু জে আছয়
শে ব্রুপণ ব্রাহ্মণ ভুবণে
অন্ন কভু নাহি পায়　　　অন্নহিণে শিরকায়
খুধাতুর তারা সর্ব্বক্ষণে॥ ২৪৮৫
শুহৃদ ব্রাহ্মণচয়　　　অর্থ প্রার্থণ সংখ্যায় (২)
সম্মাণণ না করে কখণে
নিজালয় বিত্তগণ　　　করিয়া সদা গণণ
মত্ত হয়া থাকে সর্ব্বক্ষণে॥ ২৪৮৬
কদাচিত বিপ্রশুত　　　বিত্তবাণ শুবৃত্তান্ত
প্রাপ্ত কাল হইলেণ তার
বেস্তা বিপ্র নিতম্বিণে　　　এক কালে তিণ জণে
কলেবর কৈল পরিহার॥ ২৪৮৭
ধর্ম্মরাজ-নিদেশণে　　　চণ্ড আদি দূতগণে
পাষ মুদগরাদি লয়া ধায়॥
শুদুর্গম পথে তারে　　　নিল দণ্ডধর-পুরে
হে জৈমিনি মুণি পুন্যকায়॥ ২৪৮৮
চণ্ডদূত নিগদতি　　　হে জিবেষ মহামতি
তব আজ্ঞা করিয়া পালণ
হরিসর্ম্মা বেস্তারাণী　　　বিপ্রের বণিতা ধণী
আণিআছি কর বিলোকণ॥ ২৪৮৯
ওহে দ্বিজ শুমহত　　　জিবিতেষ শে কালত
অগ্রে দেখি শে তিণ জণাক
আস্তে তদা হাস্ত করি　　　সর্ব্বশাস্ত্র জ্ঞাণধারি
চিত্রগোপ্ত তরে বলে বাক॥ ২৪৯০
কৃতান্ত বলেণ শুণ　　　সর্ব্বশাস্ত্র-শুনিপুণ
ওহে চিত্রগোপ্ত মহামতি
এ তিণ জণের কর্ম্ম　　　মূলাবধি ধর্ম্মাধর্ম্ম
বিচারিয়া কহ নিয়-গতি॥ ২৪৯১
শুণে যম নিদেশণ　　　করি তারা আকর্ষণ
চিত্রগোপ্ত শাস্ত্রবিচক্ষণ
কর্ম্মাকর্ম্ম বিচারিয়া　　　হাতে পুটাঞ্জলি হয়া
জবিণিতে বলিল তখণ॥ ২৪৯২

১ পিপীলিকা। ২ সৎকার।

চিত্রগোপ্ত শিপদক্তি ওহে ধর্ম্ম-শুরপতি
এহি বেস্তা ব্রাঁহ্মণরমণী
হরিসর্ম্মা দ্বিজস্বণ জে শকল কর্ম্মগণ
করিআছে শুণ দণ্ডপাণী ॥ ২৪৯৩

এ রতি-বিদগ্ধ থ্যারা গণিকা শুহুরাশয়া
জে পাপ করিছে আচরণ
শে শকল পাপচয় বলিতে শামর্থ শয়
হে শমণ আমার কথণ ॥ ২৪৯৪

রতি দ্বারা ধণগণ করিআছে উপার্জ্জণ
অন্তায় করিয়া শুর্ব্ বশুত (১)
জৌবণ গমণ পরে দাণ অন্ন শহকারে
এ গণিকা করিছে বহুত ॥ ২৪৯৫

অন্নদাণ-প্রভাবেতে কোটীজন্ম পাপ হৈতে
মুক্ত হয়া জাতণা এরায়
জাণিয়া ধর্ম্মের মর্ম্ম করিআছে দাণধর্ম্ম
বারণারি পরম দয়ায় ॥২৪৯৬

মহারাজ জেহি জণ কর্ম্মভূমে সর্ব্বক্ষণ
প্রাণরূপা অন্ন করে দাণ
বিশেষ পাপেত হণে মুক্ত হয়া শেহিজণে
বিষ্ণুস্থাণ করেণ পয়াণ ॥ ২৪৯৭

জতকাল জণগণ অন্ন করে বিতরণ
এহি ক্ষিতিমণ্ডল ভিতর
তত ব্রঁহ্মহত্যা পাপ শরিরে শা করি তাপ
শিশংসয় মুক্ত কলেবর ॥ ২৪৯৮

অন্ন দেব জেহি জণ তাহার পাতকগণ
হে দেব শুর্ব্ ধ্বজ (১)সদাশয়
ছাড়ি তার কলেবর অন্নগ্রহণিক(২) পর
তার বপু করেণ আশ্রয় ॥ ২৪৯৯

অহেতুক পাপাস্থার বিচক্ষণ জণ আর
শা করিবে অণেক আশ্রয়
হয়া জদি মোহমক্তি লয় অন্ন পিতৃপতি
হবে পাপভাগী শে শিশ্চয় ॥২৫০০

হে প্রভু ভাস্করশুত শুভাশুভ কর্ম্ম জত
বলিলাম বেস্তা রমণীর
এজে হরিসর্ম্মা দ্বিজ শুভাশুভ কর্ম্ম শিজ
বলি শুণ হইয়া শুস্থির ॥ ২৫০১

এজে ব্রাঁহ্মণের শারি বিপ্রশুতা ক্ষেমাঙ্করি
শ্রেষ্টবংশে জণম ইহার
অপকীর্ত্তী-পূর ইণি দুরিত কর্ম্মেক ধণী
করিয়াছে ধর্ম্ম অবতার ॥ ২৫০২

জৌবণ-গর্ব্বিত হয়া শিজাশ্রম বিবর্জ্জিয়া
বেস্তাবির্ত্তি করিছে আশ্রয়
শিরন্তরে জার শণে রতিরষ আলাপণে
করিয়াছে শিজ কালক্ষয় ॥ ২৫০৩

ইণি জে কল্মষগণ করিআছে আচরণ
ওহে প্রভু অরুণণন্দণ
অশংখ্য শে পাপচয় দশশত বর্ষে তায়
অগ্রভাগে শা জায় কহণ ॥ ২৫০৪

কিন্তু ব্রাঁহ্মণ-জায়ার এক শুভ কর্ম্ম তার
আছে হে শমণ মহাশয়
শেহি শুভকর্ম্মগুণে ঘোর তাপ পাপ হণে
মুক্ত ইণি হয়াছে শিশ্চয় ॥ ২৫০৫

কদাচিত্ত হর্ষমণে শিশু শকলের শণে
খেলা খেলিআছে এ রমণী
তাতে শাত চতুকোণ করিয়াছিল খণণ
রথ্যামধ্যে শিভর্ব্বিশি ধণী ॥২৫০৬

১—সূর্য্যের পুত্র। ২ যে অন্ন গ্রহণ করে।

প্রভু সেহি দিন যবে পিরধারা বরিষণে
থাত পূর্ণ করিলেণ পর
আতপে তাপিত কায়া এক গৌ তৃশার্ত্ত হয়া
পিল জল মধ্যাহ্ন সময় ॥ ২৫০৭

ভূমিমধ্যে জেহি জণ করে জল সংস্থাপণ
এক দিণ হে প্রভু সমণ
অতিরেক্ত পাপ হণে মুক্ত হয়া সেহি জণে
বিষ্ণুপুরে করেণ গমণ ॥ ২৫০৮

ত্রিবেশ জে পাপগণ করিআছে আচরণ
এ ব্রাঁহ্মণি দুষ্টা পাপরত
সে সব কল্মষগণ হয়াছেণ বিমোচণ
দেব জণার্দ্দণ প্রভাবত ॥ ২৫০৯

দেব চক্রি অণুরক্ত বটে এ ব্রাঁহ্মণ ভক্ত
সদা ণারায়ণ-পদদ্বয়
ণাণাবিধ দ্রঁব্য দিয়া অর্চ্চিচে শুহর্শ হয়া
হে ত্রিবেশ আদিত্যাতণয় ॥ ২৫১০

বঁ্যাষ ণিগদতি চিত্রগোপ্তের বচণ
তদন্তর দণ্ডধর করি আকর্ষণ
বেস্তা আর বিপ্রপত্নি ব্রাঁহ্মণের পরে
চরণ বন্দণ শিঘ্র করি দণ্ডধরে ॥ ২৫১১

ণাণাবিধ বস্ত্র স্বর্ণ অলঙ্কারগণ
শ্রগ চন্দণে বিভূষণ করায়া সমণ
শন্তোষকারণে শিংহাশণে বসাইয়া
করিলেণ স্তুতি ণাণা ভক্তদ্রঁব্য দিয়া ॥ ২৫১২

হে জৈমিণি সুবর্ণ-সদৃষ যমরাষ
পুজণ করিয়া হর্শমণে সে শময়
আস্যে করি মৃদু হাস্য দেব পিতৃপতি
প্রিত-হেতু সুণৃতয়ে(১)বলিল ভারতি ॥ ২৫১৩

পিতৃপতি ণিগদন্তি শুমহাত্মাগণ
তোমা শকলের পাপ হয়াছে মোচণ
সমস্ত শুখদ স্থাণ শ্রীপতি আলয়
হর্শমণে আগমণ কর এ শময় ॥ ২৫১৪

যমুণার ভ্রাতা এহি করিয়া ভাষণ
রুপ্যজাম্বুণদ-বিণির্ম্মিত শুস্যন্দণ
রাজহংশযুত তাতে উঠায়া জণে
ণারায়ণপুরে যম প্রেরীল তখণে ॥ ২৫১৫

দিব্য রথারূঢ় সর্ব্বভরণভূশিতা
শাপণাশে ভগবাণ-পুরে অধিষ্ঠিতা
গণিকা অপর বিপ্রণারি পাপণাষে
কেশব-শন্নিধ্য শুখে কেশবের বাষে ॥ ২৫১৬

হরিসর্ম্মা আগত বিলকী জণার্দ্দণ
স্নেহে দিল স্বর্ণ বিণির্ম্মিত বরাশণ
পাদ্য অর্ঘ আচমণি করিয়া প্রদাণ
দ্বিজেক অর্চ্চিল জণার্দ্দণ ভগবাণ ॥ ২৫১৭

বরাশণে উপবেষ করিয়া তাহাক
হাস্য করি হরি বলিলেণ মিষ্ট বাক
শ্রীণারায়ণ বদতি হে ভক্ত দ্বিজম্মণ
ণিজের কুশলচয় কয়হে ভাষণ ॥ ২৫১৮

শর্ব্ব উপদ্রবহিণ এজে যমালয়
চিরকাল শুখে তিষ্ট(২) দ্বিজ সদাশয়
ব্রাঁহ্মণ বদতি প্রভু দেব ণারায়ণ
ভাগী জণে জদি করে তোমাক স্মরণ ॥ ২৫১৯

অচিরে কুশল তার হয় গদাধর
শন্নিধ্য পায়াছি কী কুশল অতঃপর
বঁ্যাষ ণিগদতি এপ্রকার শুবচণ
লক্ষীপতি জণার্দ্দণ করিয়া শ্রবণ ॥ ২৫২০

১—মৃদু বচন। ২ তিষ্ঠ—থাক।

স্বকিয় শাযুজ্য গতি করিয়া প্রদাণ
শন্তোষ করিল তাঁরপ্রেক ভগবাণ
শুদুরভ সর্ব্ব শুখ হইল তাহার
অন্তরে কার্গ্ন স্মরি ণা দিল আহার ॥ ২৫২১
দিণত্রয়ন্তর দ্বিজবর শুণালয়
খুদায় আকুল চিত্ত হৈল অতিশয়
সবিণয় পুর্ব্বক হইয়া পুটকর
দেবেষ শ্রীবিষ্ণু অগ্রে করিল গোচর ॥ ২৫২২
বিপ্র বলে প্রভু জর্ণাদ্দিণ দয়াময়
বহু তপস্যার ফলে প্রাপ্ত তবালয়
এস্থাণে খুধায় নিত্য বিকলিত প্রাণ
কি কারণ বল দেবদেব ভগবাণ ॥ ২৫২৩
ণবিণ জৌবণ প্রাপ্ত দেবকণ্যাগণ
পরম শুন্দরি সবে অণঙ্গ-মোহণ
স্বেত চামরের দ্বারা পবণ করিয়া
আমি মঞ্চে কাছে তারা ণিজজিত হয়া ॥২৫২৪
শুগন্ধি প্রশুণমালা করিয়া গ্রহণ
অলঙ্কৃত আমাক করায় সর্ব্বক্ষণ
চন্দণ ইন্ধণ পঙ্কে শর্ব্বাঙ্গে লেপিয়া
বাশর সমাণ থাকি বিরাজ করিয়া ॥ ২৫২৫
চার্ব্বঙ্গি কামিনী পুর্ণ-ণিশাকর মুখি
মম অগ্রে ণিত্য গাণ করে হয়া শুখি
শে জে ণিত্য গাণ ণারায়ণ তবাজ্ঞায়
বাণবাদি শুর মম পদরজ লয়া ॥ ২৫২৬
শোভণ কিরিটী শিরে ধারণ শোভণ
শেহি শিরে পদরজ করেণ বহণ
দেব দেব ঋণি মুণি হে জগণন্তয়
দিব্য স্তবে স্তুতি করে কিংকরের ন্যায় ॥ ২৫২৭
চতুর্ব্বাহু বহ(১)শ্যাম শুন্দর শরীর
শঙ্খচক্রগদাপদ্ম শোভণ রুচির
প্রফুল্ল্য পুণ্ডরিশম ণয়ণ যুগল
পিতবাষধর বর শোভণকুণ্ডল ॥ ২৫২৮
স্বর্ণ পবিতি চ(২) শোভা শোভিত কিরিটী
সকুণ্ডলে শোভা করে অতি পরিপাটী
বিলোকণে হে দেব দ্বিতিয় খগকেতু
শুরের দুর্ব্বভ শুখ দিছ শুখহেতু ॥ ২৫২৯
হে পরমেশ্বর পিতাম্বর জগাধার
দিয়া এত শুখ কেণ ণা দিলা আহার
খুদাহুতাশণ করে শরীর শোশণ
বৃক্ষকোটরস্থ বহ্নি দহেণ জেমণ ॥ ২৫৩০
আমাক জে শুখ হরি করিআছ দাণ
তাহাত আমার রুচিকর ণহে প্রাণ
জঠর প্রজ্বল মম জঠর-জ্বলণে
দাহ করিতেছে শর্ব্ব বপু-শর্ব্বক্ষণে ॥ ২৫৩১
কর্ম্ম-মণ বাক্য বিণা হে জগ-ঈশ্বর
পুজা ণাহি করি ওহে দেবার্চ্চক হর
স্বপ্নেয় কথণ জগন্নাথ দয়াময়
ভক্তি বিণা ভক্তিত আমার ণাহি লয় ॥ ২৫৩২
কি দোষে আহার দাণ ণা দিলা আমারে
প্রভু কৃপাযুত হয়া বল তাহা মোরে
ব্যাষ ণিগদতি ওহে দ্বিজের শন্তাণ
শুণিয়া প্রণতি তার বিষ্ণু ভগবাণ ॥ ২৫৩৩
কৌতুক করিয়া আর-দর্প বা যুক্ত হয়া
পুর্ব্বের কার্গ্না কথা তারে ণা বলিয়া
অধ-মুখে ক্ষণমাত্র থাকি জর্ণাদ্দিণ
খুদাকুল ভক্ত তরে বলিল বচণ ॥ ২৫৩৪

১ মুলে আছে "চতুর্ব্বাহুরহং" অর্থাৎ 'আমি চার হাত বিশিষ্ট'। ২—মুলে আছে স্বর্ণের যজ্ঞোপবীতযুক্ত, "স্বর্ণ-যজ্ঞোপবীতি।"

শ্রীভগবান বলন্তি জে কর্ম্ম বিপাকেতে
দেহ পিড়িত বিপ্র হয়াছ শতেতে
আমি শেহি কথা না কহিব উদ্বিগ্ন
ব্রঁহ্ম সন্নিধান শিঘ্র কর আগমন ॥ ২৫৩৫
এ প্রকার আজ্ঞা পায়া দ্বিপ্র বুভুক্ষিত
আরহি স্যন্দনে গেল ব্রঁহ্মার পুরিত
জগদিশ চতুর্ম্মুখ ব্রঁহ্মাক দেখিয়া
তুষ্টহেতু হরি শর্ম্মা কৃতাঞ্জলি হয়া ॥ ২৫৩৬
কোমল অক্ষর দ্বারা বলিল বচন
নমো সুরশ্রেষ্ট পরমেষ্টী বেদাণন
নমো জগশ্রেষ্ঠ স্বয়ম্ভূব বেদপাণী
নমো ব্রঁহ্মলোকেশায়(১) অরবিন্দ যুনী ॥ ২৫৩৭
নমো যজ্ঞভূজে নমো বেদ অধ্যয়ণ
নমি নাথ তোমার শোভণ দ্বিচরণ
হংসযুথ রথারূঢ় পদে নমোস্কার
নলাবকুসুমসম বপুপ্রভা জার ॥ ২৫৩৮
নমো পিতামহ বিধাতায় নমোস্কার
শত(২)রজ-তম ধরি প্রণাম আমার
নমোস্তে পরায় ব্রঁহ্মবিদে নমোস্কার
বিশ্ব বিশ্বমূর্ত্তি বিশ্ব-পতি বিশ্বাধার ॥ ২৫৩৯
নমো দেব দেবেব নায়ক দেবপতি
চতুর্ব্বর্গ-প্রদায়ক প্রদাম্বুজে(৩)নতি
ব্যাব নিগদতি দ্বিজ স্তুতি এ প্রকার
আকর্ণন করি ব্রঁহ্মা জগত-আধার ॥ ২৫৪০
মহাভাগ কি বর বাঞ্চা তব মনে
বল তাহা দান আমি করি এহিক্ষণে
স্তোত্র দ্বারা স্তুতি তব শ্রেষ্ট করি পরে
কৃতাঞ্জলি হয়া ভাবিলেন মৃতকায়(৪) ॥ ২৫৪১

হরিশর্ম্মা বলে ব্রঁহ্ম প্রভু ভগবান
জদি অণুকম্প চিত্তে বর দিতে দান
তবে শর্ব্ব প্রাপ্ত আমি হে পরমেশ্বর
অপর কি বর মম আছয় অতঃপর ॥ ২৫৪২
প্রশন্নো(৫) কমলী বরদিবা বর-দাতা
জিজ্ঞাসিব প্রকাশিল্প কহ তার কথা
কর্ম্ম-ভূমি পায়া আমি অতি ভক্তিপর
করিয়াছি আরাধন দেব গদাধর ॥ ২৫৪৩
শেহি কর্ম্মফলে হে লোকেশ দয়াময়
হরি-সন্নিধান আমি পায়াছি সদায়
তত্রাপী কি কর্ম্ম পাপে পরম ইশ্বর
জঠর-অনলে নিত্য দহে কলেবর ॥ ২৫৪৪
বলে পদ্মাসন শুন হে ব্রঁহ্মণ
বলিব অধন তব অগ্রাত।
জে কর্ম্মে তোমার দহিছে জঠরে
দুষ্ট বৈস্তাণরে শুন মহত ॥ ২৫৪৫
তুমি ধনবান ধণির প্রধান
তদা ভগবান নৈবেদ্দহিনে
পুজিছ জেমন তার ফলগণ
হৈল দরশন তেমত্তি দিনে ॥ ২৫৪৬
হুত হুতাসনে সন্তোষ প্রদানে
হে দ্বিজ-নন্দনে নাহি কে কর
ভক্তিশ্রদ্ধামনে কণকাদি-দানে
না দিছ ব্রাঁহ্মণে বীরপ্রবর ॥ ২৫৪৭
গোত্রির পোষণ তিথির অর্চ্চণ
ওহে বিচক্ষণ জাচক জনে
মিত্র-বন্ধু সর্ব্ব পিতৃ-যজ্ঞ-কর্ম্ম
না করি অধর্ম্ম হৈল দিনে ॥ ২৫৪৮

১ লোকেশায়=লোকপতি। মূল সংস্কৃতে নমস্ শব্দের জোরে ৪র্থী বিভক্তি হইয়াছে। অনুবাদে উহা ঠিক রাখা হইয়াছে। ২=সত্ব। ৩=পদাম্বুজে। ৪=মৃদু বচনে। ৫=প্রসন্ন।

ধণের পাবণ কারণ ব্রাঁহ্মণ
কৃপণেত মণ ছিল তোমার
অন্ন শুশোজণে সর্ব্বভিলাসণে
শ্রীবিষ্ণুভুবণে ছুঃখ অপার ॥২৫৪৯
খুদা(১)হুতাষণ সর্ব্বদা দাহণ
ব্রাঁহ্মণ শন্দণ করে তোমার
জে কর্ম্মে জে গুণ লভিছ ণিপুণ
দ্বিজগুণ্ শুণ বলি তাহায় ॥ ২৫৫০
আগে জে প্রকার জগতের শার
জগত-আধার জগতপতি
কণক-সমণ করিছ অর্প্পণ
মঞ্চেত তেমণ বিরাজ যতি ॥ ২৫৫১
দেবঙ্গণাগণ চামর শোভণ
করিয়া ধারণ পবণ করে
জে প্রকার স্তবে স্তবিছ মাধবে
তার ফল এবে লাভ তোমারে ॥ ২৫৫২
দেব-ঋষিচয় দেব সমুদায়
স্তব সর্ব্বদায় করিছে কাছে
হরি শন্নিহিত জে প্রকার গীত
করিছ সঙ্গীত তেমতি আছে ॥ ২৫৫৩
গন্ধর্ব্ব-ইশ্বর তোমার গোচর
লইয়া কিঙ্কর থাকি শতত
করেণ শতুণ করি তাণ মাণ
করে দিব্য গাণ স্তব অগ্রত ॥ ২৫৫৪
সুগন্ধ-চন্দণ শঞ্চিছ জেমণ
দেব জণার্দ্দণ শরীর-মাঝে
এথা শে প্রকার গন্ধপুষ্প আর
সদা সদাচার গাত্রে শে কাজে ॥ ২৫৫৫

বিষ্ণু দয়াময় জাণিয়া হৃদয়
জে জে শুখচয় করিছ দাণ
শেহি শেহি শুখ না হয়া বিমুখ
তোমায় সম্মুখ দ্বিজ-শন্তাণ ॥ ২৫৫৬
দিয়া অন্ন জল ভকতবৎসল
ভুশিত ণির্ম্মল শাহি কে কর
শে কারণে এথা খুদাণলে বেথা
পাইতেছ সর্ব্বথা হে দ্বিজ-বর ॥ ২৫৫৭
কর্ম্ম-ভূ ভিতর হে শরগ্রবর
ওদণ অপর ণির্ম্মল ণির
দেয় জেহি লোক শে শর-শায়ক
পায়া পরলোক থাকে শুস্থির ॥ ২৫৫৮
কর্ম্মভূমে আর জেহি দুরাচার
অন্ন জলধার ণা করে দাণ
এথাণে শে জণে দহে শর্ব্বক্ষণে
জঠর দহণে হে দ্বিজ জাণ ॥ ২৫৫৯
কর্ম্ম-প্রিথিমতে দ্বিজ ভমহতে
অন্ন জত চিত্তে দাণ ণা করে
শেহি সব জণে দুখ্ খ শর্ব্বক্ষণে
পরলোক গণে পায় সত্বরে ॥ ২৫৬০
হে দ্বিজ দূরিত বিত্ত জথোচিত
দুখ্ খে উপার্য্যিত করি সদায়
শাশের কারণ ছিণ বিতরণ
হৈছ বিচক্ষণ দ্বিজতণয় ॥ ২৫৬১
কারণে তাহায় দুখ-পারাবার
হয়াছে তোমার দ্বিজশন্তাণ
শুভ দরশণ হইবে এখণ
শন্দেহ মোচণ হইল জাণ ॥ ২৫৬২

ওহে বিপ্রসুতে জে স্থাণ হইতে
আশীছ এখাতে জাও তথায়
হরি বিপ্রবর হয়া জোর কর
ব্রঁহ্মার গোচর বিণয় কয় ॥ ২৫৬৩
হে লোকণায়কে শিক্ষ কর্ম্মপাকে
পিড়িতেছে ভোকে(১) মোরে সঘণ
হৈল তা শ্রবণ দান ফলগণ
দেব পদ্মাঁশণ বল অথণ ॥ ২৫৬৪
পদ্মাঁশণ বলে বহুত দাণ
বলিতে শামর্থ-বিহিণ মাণ
শঙ্খেপে বলি হে দ্বিজণন্দণ
মণণে তাহা কর আকর্ষণ
হে দ্বিজশ্রেষ্ঠ সর্ব্ব দাণ হণে
ভূমি[illegible] ২৫৬৫
শ্রদ্ধায় জে পুণ্যাত্মা দাণ করে
করিল সর্ব্ব দাণ ভূভিতরে
গোচর্ম্ম শম ভূমি দ্বিজত্তব
করে জেহি দাণ শেহি উত্তম
মুক্ত হয়াখিল(২)কল্মষ হণে
আগমণ করে পরম স্থাণে ॥ ২৫৬৬
দরিদ্র দ্বিজেক ভূমি শশস্তে
দাণ করে বে মৃহ্ ভাগী আস্যে
শে জে পুণ্যাত্মার জে পুণ্যগণ
বলি হে দ্বিজ কর আকর্ষণ
মুক্ত হয়া শর্ব্ব কল্মষ হণে
বিষ্ণুপুরে জায় চরিয়া বাণে ॥ ২৫৬৭
তত্র সর্ব্ব শুখে রক্ষিত হয়া
ইন্দ্র চতুদ্দশ মাণে(৩)থাকিয়া
পুণু করি কর্ম্ম ভূতলে গতি
শে হুণ হয় সর্ব্ব ভোম(৪)পতি
চিরকাল প্রিথি ভোগ করিয়া
অন্তে শেহি হরে উপেন্দ্র কায় ॥ ২৫৬৮
এ হেতু শ্রেষ্ঠ বটে ভূমিদাণ
অল্প হইলেও দ্বিজ শন্তাণ
মণ্য শত দাণ করি বর্জ্জণ
করিবেণ দ্বিজ ভূমি গ্রহণ
ভূমিদাতা ভূমি-গ্রহিতা জণ
ত্রিদিব উভয় করে গমণ ॥ ২৫৬৯
মন্দবুদ্ধি বিপ্র হে মহাভাগ
ধরণী দাণ করে পরিত্যাগ
প্রতিজন্মে দ্বিজ শে জে ব্রাঁহ্মণ
করিবে ভোগ অতি দুখ্ খ গণ
মণ্য দাণ করিয়া পরিত্যাগ
ভূমিক লইবে হে মহাভাগ ॥ ২৫৭০
তার প্রতি বিষ্ণু হবে সদয়
অন্তে পরম্পদে ণিবে ণিশ্চয়
গ্রাম ভূমি দরিদ্র ব্রাঁহ্মণক
দেয় কিম্বা দেওায় জেহি লোক
ব্রাঁহ্মণ শ্রেষ্ঠ তার পুন্যগণ
শঙ্খেপে বলিব কর শ্রবণ ॥ ২৫৭১
জত রেণু আছে প্রিথ্বি ভিতরে
বৃষ্টী বিন্দু জত শংশারে পরে
তত মন্বন্তর বিষ্ণু ভুবণে
থাকে তথি হয়া সকল কণে
পয়স্বিণী ধেণু বৎস শহিত
দাণ করে জেহি দ্বিজ জাতিত ॥ ২৫৭২

১—ক্ষুধায়। ২ অখিল—সকল। ৩—চতুর্দ্দশ ইন্দ্রের কাল পরিমাণ। ৪ পৃথিবী।

বলিতেছি তার জে পুন্য-গণ
হে মহাত্মণে কর আকর্ণণ
সস্য-শহিতে সপ্তদ্বিপ মহী
দাণকরণে ফল হয় জেহি
শেহি ফল লভে মানুষগণ
করিলে দ্বিজেক ধেণু অর্প্পণ ॥ ২৫৭৩
বিপ্র-রমণিক বৃঁশভ দাণ
করে জেহি জণ করিয়া মাণ
উপপাতক হণে মুক্ত হয়া
রূদ্রলোক জায় ছারিয়া কায়া
বৃঁষ-শরিরে জত তণুরূহ
তত শম্র বিরাজে রূদ্র শহ ॥ ২৫৭৪
বেদ বিদ পুর্ব্বক জেহি জণ
করে গো দাণ হয়া শুধি মণ
পুণু তিনি রূদ্রলোক হইতে
ণা হয় আবির্ভ্তি পুণু ভূমিতে
বিষ্ণুপ্রিতে কৃষ্ণ বৃষ শজিলে
দ্বিজ তরে শমর্প্পণ করিলে ॥ ২৫৭৫
হে দ্বিজেন্দ্র শেহি রূদ্রভূবণে
থাকেণ শুখে তিল সংখ্যামাণে
তিল প্রমাণ সর্ণ্ন বিপ্রতরে
দাণ করে শ্রদ্ধায় জেহি পরে
হর্ণ মণ শে কোটী কুল শণে
পতি করে উপেন্দ্র শন্নিধাণে ॥ ২৫৭৬
ভক্তিযুত হয়া জেহি মাণবে
দরিদ্র দ্বিজেক রজত দিবে
অন্তকালে চন্দ্রলোকগমণে
করিবে শুধাপাণ হর্ষ মণে
জেহি জণ মুক্তা প্রবাল হার
প্রদাণ করে স্বর্গ প্র হয় তার ॥ ২৫৭৭
দ্বিজশ্রেষ্ট মদবাকশ্রবণ

অশ্ব দাণ করে জে মহাশয়
গন্ধর্ব্বরাজ্যেত রাজত্ব তায়
শিশংসয় হয় দ্বিজকুমার
দূষণ-বর্জ্জিত জুবা বারণ
দাণ দেয় দ্বিজেক জেহি জণ ॥ ২৫৭৮
দেবরাজ্যে শে অবিশিক্ত হয়া
ইন্দ্র হয় হে দ্বিজ পুন্যকায়া
বিপ্র-রমণিক করিয়া মাণ
বর দোলা জত্নে জে করে দাণ
অন্তে শেহিজন মহীরাজ্যর
ত্রিষ্টে বৎসর কল্প চতুষ্টয় ॥ ২৫৭৯
দ্বিজতরে হয়া ভকতি পর
শালগ্রাম দাণ করে জে ণর
বলিছে সঙ্খেপে পুন্য তাহার
শ্রবণ করহে দ্বিজ কুমার
সমুদ্র কাণণ শৈল শহিতে
সপ্তদ্বীপ মহী শুশুদ্ধচিতে ॥ ২৫৮০
জে ফল লভেণ করিলে দাণ
শালগ্রাম দাণে ফল সমাণ
জেতী ফল তুলা-পুরুষ-দাণে
লভেণ ভূবণে মানবগণে
সালগ্রাম দাণ করিলে ণর
কোটীগুণ ফল হে দ্বিজবর ॥ ২৫৮১
দ্বিজত্তম জে শিলা সালগ্রাম
দেয় ব্রাহ্মণক করি প্রণাম
চন্দ্রভূবণ-দাণে জেহি গুণ
শেহি গুণ হৈতে কিঞ্চিত পুণ
শরত্তম তুলা-পুরুষ-দাণ
করেণ ভূবণে জে মতিমাণ ॥ ২৫৮২
পুথুয়া জণণী জঠরে তিনী
ণা করে গমণ হে মহাজ্ঞানী

ভূষণে ভূষিত করিয়া অতি
কন্যাদান জেবা করেছে যতি
ব্রহ্মসদনে সে গতি করে
না করে গতি পুণ ভূ ভিতরে ॥ ২৫৮৩
মোহে আত্মজা করে বিক্রয়
সে পুরিস-পুঙ্গ নরকে জায়
পুণ্যবিজ ওহে দ্বিজনন্দন
পুত্র কণ্যা বিক্রি করে জে জন
চাণ্ডাল বলিয়া তাহারে জান
কর্ম্মের বাহির সে দুরাত্মাণ ॥ ২৫৮৪
আত্মজ-বিক্রি-কর মুণুস্তের
ণা দেখিবে মুখ বাক্য সাস্ত্রের
জদি তারে দেখে জ্ঞানিগণে
তবে পাপক্ষয় সুর্য্য-দর্শনে
কণ্যা-বিক্রি-কর মণুষ্যগণ
আগে জে শুভ করে আচরণ ॥ ২৫৮৫
সকল তার শুভ কর্ম্মচয়
বিফলতা প্রতি জায় নিশ্চয়
কণ্যা বিক্রি-কর নর সবার
নিরয় হইতে নাহি নিস্তার
কণ্যা-দাণ-কর মণুষ্যগণ
স্বর্গ হৈতে পুণ নহে গমণ ॥ ২৫৮৬
বহু উক্ত কি কাজ অত্র স্থানে
বলি সংখেপেত কর শ্রবণে
অলঙ্কার সহ জু কণ্যা দান
শত কল্পাবধি কল শুভাণ
পাদুক (১) আতপ ছত্র অপর
ভূমিগুর দাণ করে জে নর ॥ ২৫৮৭
বলি সংখেপে তার পুণ্যগণ
শ্রবণে নিজুক্ত করহে মণ
সকল সম্পত্তি ভূষণে
শতবর্ষ জিয়ে সুহর্ষমণে
অন্তে জীয়া সেহি শক্র আলয়
চতুষ্টয় কল্প আণন্দে রয় ॥ ২৫৮৮
নতুণ বসন জে করে দাণ
নরত্তম তাতে জে ফল পান
হয়া দিব্যাম্বরধর ভুবন
স্বর্গে মহী সোভা করে সে জন
বস্ত্র পুরাতণ জে করে দাণ
আর রজবতি কণ্যা সন্তাণ ॥ ২৫৮৯
তাহার দুর্ঘোর নিরয় হয়
সতত ভোগেন নেকৃকার-চয়
ফলদাতা জণ ত্রিদশালয়
অন্তে গমন করে শুনিশ্চয়
সহস্র কল্প শুধা সম ফল
ভোগ করি থাকে সেহি সরল ॥ ২৫৯০
অন্তকালে শাকদাতা নরে
জায় ধূর্জ্জটী ভগবাণ পুরে
সে স্থানে দুই কল্প সংখ্যা মান
সেব শুদ্ধযত সুধা করে পান
দুগ্ধ দধী ঘৃত সর্কর্রা দানী (২)
অন্তে কেশবপুরে জায় জ্ঞানী ॥ ২৫৯১
ত্রিদশগণের দুর্লভ অতি
সুধাপান সুখে করে হে যতি
হে দ্বিজ জে নর করিয়া দাণ
হরিক করে গন্ধ পুষ্প দান
শুগন্ধ পুষ্পে বিভূষিত কায়া
যুগ সহস্র থাকে শুখি হয়া ॥ ২৫৯২

১ পাদুকা।

২ মূলে আছে, "শর্করাদকারী।"

দ্বিজশ্রেষ্ঠ জে করে শষ্যাদান
শেহি নর নরমধ্যে প্রধান
অন্তে ব্রঁহ্মলোকে করিয়া গতি
দিব্যঁ পর্য্যঙ্ক পায় হে শুমতি
আর প্রদিপ পিট-দাতা জণ
সর্ব্বপাপ হৈতে হয়া মোচণ ॥ ২৫৯৩
অন্তে শিল্পাসণে হয় স্থাপীত
আর জলদ্বিপচয় আবৃঁত (১)
যে মানব করে তাম্বুল দান
ভুবনে ভুগীয়া শুখ প্রধাণ
ত্রিদিবে অঙ্গণা করিয়া ক্রোড়ে
তাম্বুল মুখে শুখে নিরন্তরে ॥ ২৫৯৪
দ্বিজশ্রেষ্ঠ বিদ্যাদান জে করে
অন্তে গতি করে বিষ্ণুনগরে
তত্র স্থানে পায় শুদিব্য জ্ঞাণ
মুক্তি হয় প্রশাদে ভগবাণ
অনাথ ব্রাহ্মণ দুঃখিত অতি
তাহারে পরায় (২) যে মহামতি ॥ ২৫৯৫
শেহি বিষ্ণুলোক গমন করে
বর্জ্জিত পুনরাবৃঁত্তি শংশারে
কুলিণ ব্রাঁহ্মণ বিদ্যাবিহিনে
ন করেণ ভাক্তি কভু ভুবনে
শে দ্বিজেক পরায় জেহি নরে
অন্তে পরম্পদে গতি শে করে ॥ ২৫৯৬
ভুবনে প্রত্যক্ষ দেব ৬ব্রাহ্মণ
দেবের আশ্রয় তা সর্ব্বক্ষণ
ইণি জদি বিদ্যাবিহিণ হয়
কি প্রকারে শোভা পাবে শোভায়
অখিল শংশারে জতেক দান
তাহাক প্রদাণে জে ফল পান ॥ ২৫৯৭

৬ব্রাহ্মণ অধ্যয়নে সেহি ফল
প্রদাণেত গতি অতি নির্ম্মল
ভক্তিপর নর হইয়া অতি
পুস্তক দান আচরণ যতি
দ্বিজশ্রেষ্ঠ তাতে জে পুণ্যগণ
সমাশেত বলি কর শ্রবণ ॥ ২৫৯৮
পুস্তক কি পত্রে জত অক্ষর
তত কপিল দান লভে নর
জে দিণ পর্য্যন্ত লিপী পুস্তক
দ্বিজাতি হয় যদি প্রপটক
তত মন্বন্তর বিষ্ণুভুবনে
পুস্তকপ্রদ হয় শর্ব্বক্ষনে ॥ ২৫৯৯
গুর অপর মধুদাতৃ নর
অন্তকালে জায় ইক্ষুসাগর
লবণ-দাণ-কর লোকগণ
বরুণভুবণে করে গমণ
আছে এবম্বাদি অনেক দাণ
কি মতে বলিব দ্বিজশন্তাণ ॥ ২৬০০
কৈতে শক্তি কার শত বৎসরে
না দেখি এমত জণ শংশারে
৬ব্রহ্মহত্যাদি জত পাপগণ
শরির-পিড়া-কর শর্ব্বক্ষণ
সাধণ দাণে হয় পাপ শেহি (৩)
অতেব আচরিবে শদা সেহি ॥ ২৬০১
আত্মা পুণ্যে জে দাণ দিতে হয়
দাতা জণগণ দিবে সদায়
জত দাণ ব্রহ্মঁ জতেক ফল
আত হয় দাতা জন সকল
নিধুযশা শক্তি (৪) প্রীতিহেতুকে
জে কিঞ্চিত দান দিবেক লোকে ॥ ২৬০২

১। প্রজ্বলিত প্রদীপসমূহ দ্বারা বেষ্টিত্ব নিরাময়ণ। ২ পরায়। ৩। দানে নাশ হয়। ৪। শক্তিপতি।

কাটীগুণে ফল তাহার হয়
ইহাত কিঞ্চিত নাহি সংশয়
এহেতু মতিমন্ত জনগণে
ভক্তি শ্রদ্ধায় মনে দিনে দিনে
নারায়ণ প্রিত হেতুক দান
আচরিবে জানি করিয়া মান॥ ২৬০৩
তপস্যা বিতরণ শ্রেষ্ঠ বটে
তপ শ্রেষ্ঠ দান তথু দর্শী বটে
অতেব অতণে জ্ঞানিগণ
করিবে দানকর্ম্ম আচরণ
দ্বিজত্তম দান তপস্যা হয়
করে জে ভূবনে মানব চয়॥ ২৬০৪
নাহিকে জগতে তুল্য তাহার
বলিলাম সার দ্বিজকুমার
ব্যাস জৈমিনির আলাপ রঙ্গে
ক্রিয়াযোগসারে দানপ্রসঙ্গে
নবধিক দশধ্যায় বিরাম
বদনে সঘনে বলহে রাম॥ ২৬০৫
কমতা-ভূষণে কমতাপতি
মনুজগনের উত্তম গতি
আদিত্য অনল চন্দ্র নয়ন
মুখ রুচিকর বিধু সমান
তাহাতে ঈশদ হসন সাজে
যুবতির মন মোহন কাজে॥ ২৬০৬
আহা কী ভূপের শোভা সুন্দর
চন্দ্র সমিহিতে তারা নিকর
কর মন তার চরন সার
ইহ কালে সুখ সুখ আবার॥ ২৬০৭

[বিংশ অধ্যায়]

ব্যাস নিগদতি প্রজাপতির বচন
দ্বিজত্তম হরি শর্ম্মা করিয়া শ্রবণ
পুনর্ব্বার নমস্কার করিয়া চরনে
বলিল বচণ দ্বিজরতন জৈমিনে
নিগদতি হরিশর্ম্মা প্রভু সর্ব্বদর্শ
বলিলা অনেক দান হইল শ্রবণ॥ ২৬০৮
দিবেক কাহাক দান দাতা জনচয়
কৃপান্বিত হয়া তাহা বল কৃপাময়
ব্রহ্ম নিগদতি শুহে যতি মতিমান
বর্ণ সকলের মধ্যে ব্রাহ্মণ প্রধান
ব্রাহ্মণ পরম শ্রদ্ধ ভক্তিভাবে তারে
আর প্রকারান্তিতে দান দিবে নরে॥ ২৬০৯
ব্রাহ্মণেক করে সর্ব্ব দেবতা আশ্রয়
প্রত্যক্ষ দেবতা বিপ্র ভূমে বিরাজয়
ভয়ঙ্কর ঘোর বিষ-সাগরেত সেহি
ত্রাণ করিবেক দান-কর্ত্তা হবে জেহি॥ ২৬১০
হরি সর্ম্মা বলে শুরোত্তম বেদানন
সর্ব্ব বর্ণ গুরু বিপ্র করিলা ভাষণ
তার মধ্যে শ্রেষ্ঠ কেবা কহ দয়াময়
করিবে কাহাক দান দানকর্ত্তাচয়॥ ২৬১১
ব্রহ্ম নিগদতি শ্রেষ্ঠ সকল দ্বিজাতি
পুজনিয় সুনিশ্চয় সেহি দেবযতি
বিদ্যাবান হয় কিম্বা বিদ্যাহিন হয়
কার্জ্যের বিচার তার করা যুক্ত নয়॥ ২৬১২
চুর্রি আদি দোসে লিপ্ত হইলেও ব্রাহ্মণ
তথাচ উত্তম পর অধম কথণ
আপনার দোষ সেহি করেন আপনে
পরের কি দোষ তাহা ভকতি-সাধনে॥ ২৬১৩
অনাচার অতিক্রান্ত হয় বিপ্রচয়
তত্র দ্বিজবিয় বৈবে পুজবিয় নয়

অভক্ষ-ভক্ষক পাবি পুজিত লোকের
তমতি শুকর নয় পুজ্য মনুষ্যের (১)॥ ২৬১৪
বির্শের মহাত্মা (২) ভূমিদেব (৩) সকলের
মগণে কর্ত্তণ কর বলিতেছি হের
তব মেহে সকল বলিব বিপ্রবর
শ্রবণেত হিত অতি পরম সুন্দর॥ ২৬১৫
ব্রাহ্মণে শে শুরু ক্ষত্রি বশ্য শুদ্রাদীর
পরস্পর ভাবে শুরু বিপ্র শকলির
পুজণির ভূগুরনিকর ভক্তিভাবে
বিষ্ণু বুঁদ্ধি করি প্রণামেণ জেহি সবে॥ ২৬১৬
আয়ু আর পুত্র কির্ত্তি বৃদ্ধি হয় তার
উত্তম শম্পত্তি লাভ হয় তার আর
ভূবণে জে জনগণ ণা নমে ব্রাহ্মণ
শুদর্শণে তার শির ছেদে নারায়ণ॥ ২৬১৭
পুষ্প আর বারি-হস্ত দেবহস্ত আর
না নমিবে ণমিবে না তৈল গাত্রে জার
জলস্থ অপর দেবগৃহে ধ্যাণকালে
না ণমিবে ব্রাহ্মণক পণ্ডীত সকলে॥ ২৬১৮
বহিক্রিয়া-করণির ব্রাহ্মণনিকর
ভোজণ-শময় স্থিত গায়ন্ত অপর
বুঁধগণ প্রণাম তাহারে না করিবে
দ্বিজত্তম যত্র স্থানে তিষ্টে বিপ্র সবে॥ ২৬১৯
প্রিতকে প্রিতকে (৪) ধীর লোক সমুদায়
না করিবে নমস্কার ব্রাহ্মনের পায়
বিপ্রের অকথা কয় অভক্ত মাণবে
ব্রাহ্মণের কুবাচ্য না কয়ে ভক্ত সবে॥ ২৬ ২০
যদি ব্রাহ্মণের কয়ে কুকথা আলাপ
শে জন চণ্ডাল পরিণামে পায় তাপ
তনয় তাতের পদ করিলে বন্দণ
তণয়ক না নমিবে কথণ ব্রাহ্মণ॥ ২৬২১
মণ্য শর্ব্ব ব্রাহ্মণেত ণমিলে ব্রাহ্মনে
নমিবে তাহাক মণ্য ভূমিদেবগণে
দোষকৃত পর বিপ্রদোশে(৫) মূর্খগণ
না করেন দোষ দৃষ্টী বিচক্ষণ জণ॥ ২৬২২
মোহযুত হঁয়া যদি দোষ দৃষ্টি করে
তার প্রতি লক্ষীপতি রুষ্ঠ নিরন্তরে
জাচক বিপ্রেক জেহি কোপদৃষ্টে চায়
চক্ষে তার শুচি(৬) নিক্ষেপেণ যমরায়॥ ২৬২৩
জে রক্তে জে ণর বিপ্র বিস্তৎসণ করে
তপ্ত লৌহপিণ্ড যম মুখে দেয় তারে
ব্রাহ্মণ জাহার গৃহে করেণ ভোজণ
তার গৃহে ভোজণ করিল জণার্দ্দন॥ ২৬২৪
দেবতা সকল আর পিতৃ-শমুদায়
ভোজণ করেন আর গুর ঋষীচয়
বিপ্র পাদোদক কণা জে শরীরগণ
ক্ষণমাত্র মূক্তি-পর(৭) করেন বহন॥ ২৬২৫
দেহ সুপাতক তার শিঘ্র নাশ হয়
বিপ্র মহাসয় নাহি ইহাত শংশয়
কোটী ব্রহ্মাণ্ডেত বৈশে তির্থ জে সকল
বিপ্র পদাম্বুজে থাকে দ্বিজেন্দ্র শরল॥ ২৬২৬
বিপ্র পাদোদক হর্ষ-মণশে জে নরে
শেচণ করেণ নিত্য মস্তক উপরে
শকল তির্থেত তিনি করিলেণ স্নাণ
আর শর্ব্ব যজ্ঞে তদিক্ষীত শে প্রধাণ॥ ২৬২৭
ব্রহ্মহত্যা আদি ঘোর পাপ তাপকর
দ্বিজপাদোদকপাণে বিনাশ সত্ত্বর

১। অভক্ষ্য ভক্ষণ করিলেও পাপী লোকের পূজনীয় কিন্তু শূকর সুরতি হইলেও পূজ্য নহে। ২। মাহাত্ম্য ৩। ব্রাহ্মণ। ৪। বহু ব্রাহ্মণ যেখানে একত্রে থাকিবে সেখানে পৃথক পৃথক নমস্কার করিবে না।
৫। পাপী বা ব্রাহ্মণ দোষ করিলে। ৬। সূচী। ৭। মস্তকে।

যক্ষাদি ক্লেষদা ঘোর দুষ্ট ব্যাধিচয়
বিপ্রপাদোদকপানে তুরিত পলায়॥ ২৬২৮
পিতৃতৃপ্তী অর্থে জেহি সদাচার জন
বিপ্রপদাম্বুজে শির করেণ সেচণ
তার পিতৃগন তৃপ্তী-মণ হয়া অতি
চন্দ্র তারা মাণে সর্গে করেণ বশতি॥ ২৬২৯
৺ব্রাহ্মণ চরণ প্রক্ষালিয়া জেহি জণ
দুর্ব্বাদি পুষ্পের দ্বারা করেণ অর্চ্চণ
তুরন্তম জগস্বামি বিষ্ণু দয়াময়
করিল অর্চ্চন সেহি জণ সদাশয়॥ ২৬৩০
বিপ্রপদ নির্ম্মাল্য হইয়া ভক্তিপর
মস্তকে বহণ করে জে সকল নর
সত্য সত্য আমি হের করিলাম ভাষণ
অন্তকালে মোক্ষে সেহি করেন আগমণ॥ ২৬৩১
ব্রাহ্মণেক প্রদক্ষীণ করিয়া জেজণ
চরণ যুগল হর্ষে করেণ বন্দণ
সপ্তদ্বীপ বসুন্ধরা ধরাধর সমে
করিলেন প্রদক্ষীণ সেহি পরক্রমে॥ ২৬৩২
ফল আর তাম্বুলাদি প্রজন্মে জে জনে
করে দাণ ব্রাঁহ্মণের চরণসেবনে
ইহকালে শুখভোগ করেণ সে জণ
পরলোক ভক্তদীন(১) লভে শুখগণ॥ ২৬৩৩
পুত্রার্থিগণের পুত্র লভেণ নিশ্চয়
ধনার্থিগণের ধণগণ লাভ হয়
মোক্ষার্থি সকল মোক্ষে করেণ গমন
বিপ্রপদাম্বুজযুগ্ম করিলে সেবণ॥ ২৬৩৪
হয় রোগীগন মুক্ত ঘোর রোগ হৈতে
মুক্ত হয় পাপীগণ পাতক হইতে
বন্ধণ হইতে মুক্ত হয় বন্দীগণ(২)
বিপ্রপদাম্বুজযুগ্ম করলে সেবণ॥ ২৬৩৫
সর্ব্ব পাপ বিনাষণ মহাত্মা তন্দয়
শ্রবনে নিযুক্ত চিত্ত কর বিপ্রবর
ব্রাঁহ্মণচরণনিরস্পর্শে জেহি হয়
সংক্ষেপ করিয়া আমি বলিতেছি তায়॥ ২৬৩৬
পূর্ব্বে ভদ্রাক্রিয়ো(৩) নাম আছিল ৺ব্রাহ্মণ
পবিত্রকুলেত জন্ম কুলসকানন
বিষ্ণুপরিচর্য্যপরায়েণ সদাচার
বেদবিৎ সদয় শান্ত পিতৃভক্ত আর॥ ২৬৩৭
অতিথিপূজণ সদা করিছে ব্রাঁহ্মণ
জাতিপূজারত কত কব গুণগণ
একদিন দ্বিজবর তৈল গাত্রে দিআ
গেল সরস্বতির স্নাণবস্ত্র নিয়া॥ ২৬৩৮
স্নাণ করি তদন্তর:দ্বিজের নন্দণ
বিধির বিধানে তথা করিআ তর্প্পণ
সর্ব্বসাস্ত্রজ্ঞাণি সর্ব্বলোকহিতে রত
করিয়া কৃর্ত্তন(৪) হরিনাম সে কালত॥ ২৬৩৯
স্নাণকর্ম্ম সমাপণ করি সদাসয়
কেশবপূজক বিপ্র গীয়া নিজালয়
উপবিষ্ট গৃহদ্বারে হইয়া তখন
শিতল সলিলে কৈল পদ প্রক্ষালণ॥ ২৬৪০
তারপর করদ্বয় প্রক্ষালন করি
চতুর্ব্বর্গ গ শুভপ্রদায়ক দেব হরি
আরম্ভ করিল বিপ্র অর্চ্চণ তাহার
পরে জে হইল শুন দ্বিজ সদাচার॥ ২৬৪১
নিদাঘ তপন তাপে অভিলাষ জায়
তবক(৫) তাপীত হয়া গেলেন তথায়

১। মূলে আছে "তত্তোহধিকম্"। ২। বন্ধনপ্রাপ্ত ব্যক্তিগণ। ৩। ভদ্রক্রিয়। ৪। কীর্ত্তন।
৫। কুক্কুর।

পরিশ্রান্তে শান্তদেহ বিপ্রপদরেণিরে
শুটেন ভবক অতি ক্ষিধাকুলান্তরে(১) ॥ ২৬৪২
বিপ্রপাদোদকস্পর্শে পাতকী ভবক
হৈল মুক্ত কোটী জন্ম আৰ্জ্জিত পাতক
তৃষাকুল হয়া শেহি মন্দিরের দ্বারে
ভবকে শুতিয়া(২) আছে শুন তার পরে ॥ ২৬৪৩
বিপ্রের কিঙ্কর লয়া হাতে চণ্ড দণ্ড
ভবক উপরে কৈল তাড়ণ প্রচণ্ড
পরিশ্রান্ত কুক্কুর হয়াছে অতিশয়
অক্ষিল তাহাক যদি কিঙ্কর দুর্জ্জয় ॥ ২৬৪৪
দ্বিজপদরেণিস্পর্শে বিমুক্তপাতক
পঞ্চভূতগত তদা হইল ভবক
সহশা কন্দর্প সম হইল সুন্দর
রমণির রমণীগণের মণোহর ॥ ২৬৪৫
শে শুক্কৃতি বিপ্র মহাত্মার বিচরণ
মেদিনী পর্শিয়া শির করিল বন্দণ
শে মহাত্মা রূপে শক্তি রতিপতি প্রায়
বিলোকণ করি তারে লোচণ দ্বারায় ॥ ২৬৪৬
দ্বিজগণ তপোধণ শুবিশিত হয়া
বলিল বচন শুহে দ্বিজ পুণ্যকায়া
বিপ্র নিগদতি মহাভাগ কোণ জণ
বল কোনো দুষ্ট কর্ম্ম করি আচরণ ॥ ২৬৪৭
ভবকের কুলে জন্ম হইছে তোমার
ভোগ করিয়াছ ঘোর দুঃখ পারাবার
ব্রাহ্মণ বচন তদা করি আকর্ণণ
বলিলেন আদ্যন্ত (৩) আত্ম বিবরণ ॥ ২৬৪৮
শার্ব্বভৌম বঙ্গ নাম আছিল আমার
চতুর্থ শহস্র বর্ষ এহি ভূমণ্ডল
করিয়াছিলাম মহী স্বজনে পালন
আর শর্ব্ব যজ্ঞ করিয়াছি শমাপণ ॥ ২৬৪৯
শমরে অমর সম করিয়া শমর
পরাজয় করিয়াছি রিপু বহুতর
শর্ব্ব দান ধর্ম্ম করিয়াছি আচরণ
পালিয়াছি নিজ জাতি আর বন্ধুগণ ॥ ২৬৫০
মহাভাগ আমি একদিণ দুষ্ট মনে
জর্জ্জরিত হয়া স্মরশায়কসন্ধানে
পরের শুন্দরি নারি করি বিলোকণ
বলে আক্রমিয়া তারে করিছি রমণ ॥ ২৬৫১
শেহি পাপ প্রভাবে অগ্ন্যাগ্নির চয়(৪)
হৈল ক্ষয় ক্রমে দুঃখ হৈল অতিশয়
মহাবল শত্রুকুল তুমুল বলে
নিল রাজ্য নিরস্ত করিল রাজ্য ছলে ॥ ২৬৫২
হইলাম ভ্রষ্টরাজ্য কষ্ট হৈল অতি
ক্ষুধা তৃষা বিকলিত চিত্ত হয়া মতি
পঞ্চত্বক পাইলাম শমণ নগর
প্রবেশ করাইল যমকিংকরনিকর ॥ ২৬৫৩
তথা চিরকাল ভুগীয়াছি দুঃখ গন
বিপ্রবর কর তাহা শ্রবণে শ্রবণ
আমার প্রলব্ধ দুঃখ জে শুনিবে কানে
অবশ্য তাহার দুঃখ উপজিবে মণে ॥ ২৬৫৪
সতপ্ত লোহার শর্য্যা তাহার উপরে
শোতায়া (৫) আমাক কালকিংকরণিকরে
জলদগ্নিশিখাবলি অতি ভয়ঙ্কর
ক্রোড়ে দিয়া তাম্রময়ী(৬) নারি একজণ ॥২৬৫৫
করায় রমণ তারে করিছি রমণ
তারপর শমণ আদেশে দূতগণ

১। ক্ষুধায় আকুল হইয়া। ২। শয়ন করিয়া। ৩। আদ্যোপান্ত। ৪। মূলে আছে "ধীঃ সংক্ষয়ং যযৌ।" অগ্নিসমূহ ক্ষয় হইল। ৫। শয়ন করাইয়া। ৬। তাম্রময়ী।

পৌরলোকবধু নৃপ পুত্রবধুপ্রায়
জ্ঞাণ করিবেক চিত্ত দিত্তে সর্ব্বদায় ॥ ২৬৭০
পৌরলোকে নিজ্যাস্বজে স্নেহ জে প্রকার
প্রজাসকলের প্রতি তেমতি রাজার
প্রজাপিড়নিয়(১) নৃপ অতি পাপাসয়
শিরস্ত বিপদ তার দীর্ঘদর্শী কয় ॥ ২৬৭১
বিবেকী নৃপতি প্রজা পালে জে প্রকারে
ভূপতিক তেমতি পালেণ নৃশংহরে(২)
প্রজার পালণ দান দুয়ো নৃপতীর
পরম শুক্তদা শুভ সদা তার শ্রীর ॥ ২৬৭২
জে ভূপাল এহি দুই হইল বর্জ্জণ
অধম নৃপতি শেহি ওহে দ্বিজস্মণ
দুষ্টের নাশণ প্রতিপাল শিষ্টকূলে
চিরকাল মহীপাল করিবে ভূতলে ॥ ২৬৭৩
তার উপার্জ্জিত বিত্ত নরপতিগণ
সদাকালে গুজতনে করিবে রক্ষণ
বিত্তহিণ মহীপাল বিপত্তি হইতে
না হয় নিস্তার তার মনশীর গতে ॥ ২৬৭৪
নিজ রাজ্য কল্যাণ ইস্বিত নৃপগণ
সর্ব্বকালে ভালরূপে পালেণ ভূবণ
চর চক্ষু দ্বারা,নৃপ বিলোকিবে সদা
পরচক্রভয় উপস্থীত হয় কদা ॥ ২৬৭৫
আগত ভয়ক ভূপ করিবে ধারণ
প্রাপ্তমাত্রে নির্ভয় হইবে নৃপগণ (৩)
জাতি মিত্র পুত্র মন্ত্রি চতুর্দ্ধে সদায়—
প্রাভির্ব্ব হইবে যণ প্রেম হবে রায় ॥ (৪) ২৬৭৬
মন্ত্রি জাতি পুত্র প্রজা আত্মাত্ত অপর
অগাম্ভির্ব্য ভূপেক না মানে ভূমিতর
প্রথমে ভূঞীবে দুরে ঋণীরে অগ্রত্ত
তবে শ্রীরাশ্রয় অগাম্ভির্ব্য ভূপালত ॥ ২৬৭৭
চিরকাল রাজত্ব ইস্বিত নৃপগণ
একশচিবত (৫) সর্ব্ব রাজ্য সমার্পণ
করিলে শে মন্ত্রি অতিশয় বৃঁদ্ধি হয়
বৃঁদ্ধি হইলে ক্রমে যে করেণ বিপর্য্যয় ॥ ২৬৭৮
অতি লব্ধ বৃদ্ধিভূত ধনগন নিয়া (৬)
অস্ত ভূত ভরে তাহা দিবে শিজজিয়া
শাস্ত্রচক্ষুহিণ পারি-বিজই (৭) রাজণ
আর গীতবাস্তরত চিত্ত সর্ব্বক্ষণ ॥ ২৬৭৯
চতুরঙ্গবলহিণ হয়া শেহি রায়
সহসা বিপদগ্রস্ত হয় শে নিশ্চয়
আচার গ্রহণ সত্য শুবাক্যপালন
করিবেক সর্ব্বক্ষণ নরপতিগণ ॥ ২৬৮০
ভূপতির গাম্ভির্য্যতা এ শব লক্ষণ
বলিলাম হে দ্বিজেন্দ্র করিলা শ্রবণ
জে শকল নরপতি প্রতাপবৰ্জ্জিত
শে কেমন নৃপ পরপ্রিথ্বি নয় জিত ॥ ২৬৮১
পরপ্রিথ্বি বিজয় কারণ নৃপগণ
জত পদ সর্ব্বংসহা করেন গমন
প্রতিপদে অশ্বমেধ ফল হয় তার
মিথ্যা নয় দ্বিজেন্দ্রতনয় সদাচার ॥ ২৬৮২
পরভূমিজয়াকাজ্ঞি সুধী নরপতি
হত হৈলে পাপে মুক্ত হইয়া সম্প্রতি
তখনি পরম ধামে করেণ গমণ
সংশয় ইহাত নাহি ওহে দ্বিজস্মন ॥ ২৬৮৩
যুদ্ধে জয় প্রাপ্ত নরপতি সমুদায়
তার অন্তকালে পরম্পদে গতি হয়

১। প্রজাপীড়ক। ২। বিবেকযুক্ত রাজা যে ভাবে প্রজাপালন করেন কবিত সেই রাজাকে তেমনি ভাবে পালন করিয়া থাকেন।

৩। যতক্ষণ ভয় উপস্থিত না হয় ততক্ষণ ভয় করিবে, কিন্তু ভয় উপস্থিত হইলে নির্ভীকভাবে আচরণ করিবে। ৪। বাহিরে গাম্ভীর্য্য দেখাইবে কিন্তু অন্তরে প্রেমভাব পোষণ করিবে। ৫। এক মন্ত্রীর উপর। ৬। মূলে আছে "অত্যন্ত পুরুবৃদ্ধি দ্রব্যমতো সম্পদ্ গহীত্বা"। ৭। মূলে আছে পারিক্ষ।

সাহস পাইয়া অদি রণে ছাড়ে প্রাণ
দেবেন্দ্র সম্পদ তার লভে হে সুজান ॥ ২৬৮৪
ত্যক্তযুদ্ধ ত্যক্তাস্ত্র অপর পলায়ন
সে যুবীক সে জোধার করিলে হনন
উভয় ভুপাল অধে করেণ গমণ
মিথ্যা নয় কথন আমার এ বচণ ॥ ২৬৮৫
পলায়ণপরা যুদ্ধে হে দ্বিজসত্তম
সেহি নৃপতির সেহি নৃপ হৈলে যম
তার ভাব প্রতিষ্ঠীত দুঃসহ নরকে
সাহসে সায়কে রণে মরে জে নায়কে ॥ ২৬৮৬
উভয় নৃপতি করে ত্রিদিব গমণ
চন্দ্র দিবাকর মানে করে শুখগণ
বহু অত্র উক্ত নয় কৈলাম সংখেপে
সতত লভেণ শুখ প্রজাপাল ভূপে ॥ ২৬৮৭
কলুষ গণিত ভূপে বলিলে এমণ
গগণ হইতে হৈল পুষ্প বরিশণ
পরমাত্মা কেশব মন্দির হৈত্তে পরে
আসিল পশিল কাছে দুত নিরন্তরে ॥ ২৬৮৮
রাজহংসযুত রথ তাহার উপর
আরোহন দূত সব পরম শুন্দর
কণকনির্ম্মিত চারু মনোরম অতি
এ প্রকার রথে আরোহিয়া নরপতি ॥ ২৬৮৯
চতুর্ব্বর্গ্‌গ শুখদাতা দেব জনার্দ্দণ
তুর্ন (১) তার পুরে নৃপ করিল গমন
ব্রাহ্মণচরণনীর মহাত্মা শুন্দর
ভক্তিভাবে শ্রবণ করেন জেহি নর ॥ ২৬৯০
অন্তকালে করি গতি শ্রীহরিমন্দিরে
প্রবেশ হইবে নারায়ণকলেবরে
শুনিতে বাঞ্ছিত্ত জে করিছ মম স্থানে
বলিলাম আমি তাহা শুনিলা শ্রবনে ॥ ২৬৯১
দয়াময় জগন্নাথ চক্রপানী হরি
হে দ্বিজ স্তবদ(২) গতি কর তার পুরি
হরিশর্ম্মা বলে মোরে মহত্ত খুধায়
দহিতেছে সর্ব্বগাত্র কি হবে উপায় ॥ ২৬৯২
বল কৃপা করি কৃপাময় ভগবণ
মম খুধাশান্তি হবে কেমত্তে অখণ
জাত তুমি হে দেবেশ ভকতবৎসল
পাইতেছি দুঃখ দহে জঠর অনল ॥ ২৬৯৩
বলেন চতুরাণণ ওহে বিপ্র ধীর
ভূরিভোজনেত তুষ্ট করিছ শরীর
ভোজণের দ্বারা আত্মা ত্রিপ্তী জনগণ
পরব্রে শরীর মাংস করেন ভোজন ॥ ২৬৯৪
ব্যাব নিগদতি ব্রহ্মা নিষ্ঠুর বচণ
দ্বিজোত্তম হরিশর্ম্মা করিয়া শ্রবন
করে পদ ধরি দ্বিজবর তার পরে
তুষ্ট হেতু মিষ্ট বলে কোমল অক্ষরে ॥ ২৬৯৫
পালক সরণাগত দেব ভগবণ
ক্ষেম দোষ শুরশ্রেষ্ঠ নমি ও চরণ
মনুষ্যের মল মুত্রে প্রকির্ণ শরীর
দোষ বিতিরেক গুণগণ নহে স্থীর ॥ ২৬৯৬
মহাদোষ আমি করিয়াছি আচরণ
ক্ষেম তাহা পিতামহ নমি ও চরণ
সজ্জনে সরণাগের দোষচয়
করে ক্ষেমাশিল (৩) ক্ষেমা কহহে আমায় ॥ ২৬৯৭
শুরশ্রেষ্ঠ আমি আত্ম দেহ মাংসগণ
ভক্ষে শক্ত ছিল করি কেমত্তে ভক্ষণ

১। তুর্ণ। ২। স্তবদ। ৩। ক্ষমাশীল।

জাহাতে সন্তুষ্ট চিত্ত হয়েণ আমায়
কর দান প্রভু মোরে এমত আহার॥ ২৬৯৮
অগ্রজন্ম ভক্তবিপ্র এমত বচন
ব্রঁহ্মজ্ঞ ব্রাঁহ্মণ প্রিয় করিয়া শ্রবণ
ব্রাঁহ্মণক সম্বোধীয়া হে দ্বিজতনয়
বলিল তখন ব্রঁহ্মা এহি বাক্যচয়॥ ২৬৯৯
ণা কর শোচনা বিপ্র কর আকর্ণণ
বলি আমি তব হিতে শুভবাক্যগণ
জে প্রকারে তোমার আহার লাভ হয়
সম্প্রতিক তার আমি বলিছি উপায়॥ ২৭০০
আঙ্গ হৈতে আত্মজের ল্ভেণ জণণ
জে প্রকার আত্ম জাণ আত্মজ তেমণ
এ হেতুক পুত্রকৃত কর্ম্ম সমুদায়
কৈলাম নিশ্চয় লাভ হয়েণ পিতায়॥ ২৭০১
অন্ন জল মর্ত্য (১) লোকে তোমার নন্দন
হে বিপ্র শ্রদ্ধায় জদি করে বিতরণ
চিরকাল নারায়ণ শোভন আলয়
রহিবা সন্তুষ্টে তুষ্ট লভিবা নিশ্চয়॥ ২৭০২
খুধাকুল বিপ্র ব্রঁহ্মমুখ বিনির্গত
বাক্যগণ শ্রবণ করিয়া সে কালত
সপনে পুত্রক তদা দীয়া দরশন
আত্মজক এপ্রকার বলিল তখন॥ ২৭০৩
হরিশর্ম্মা বলে শুভশ্রেষ্ঠ গুনালয়
দিক্ষীত পরম শিবে তুমি শর্ব্বদায় (২)
তোমার জনক আমি দুখ্ জে প্রকার
লভিআছি শুণ তাহা কুলের কুমার॥ ২৭০৪

পায়্যাছি (৩) পরম বাম তপপ্রতাপত
খুধানলে তপ্ত তন্ত্র হয়াছি শতত
পিতৃ বলি স্নেহ জদি আছে হে নন্দণ
মম অর্থে কর অন্ন জল বিতরণ॥ ২৭০৫
ভুমণ্ডলে পিতৃত্রিপ্তী অর্থে জে কিঞ্চিত
করে দাণ পুত্র শ্রদ্ধাভক্তিশমন্বিত
পিতায় শে দাণ তায় লভেণ নিশ্চয়
জাত আত্মদেহ পুত্রদেহ ভিন্ন নয়॥ ২৭০৬
পূর্ব্বে কর্ম্ম ভুমণ্ডলে অতি ভক্তিভাবে
করিছি অর্চ্চণ নারায়ণ মনোম্বরে
গীত বাদ্য নিত্য স্তবপাট শুশোভণে
ঘৃতপুর্ন দীপ গন্ধ-পুষ্প ধুপ দানে॥ ২৭০৭
পাদ্য অর্ঘ আচমনী পুরানপঠন
এ শকল দ্বারা হরি করিছি অর্চ্চণ
কৃপণস্বভাব মম ছিল হে সন্তান
কলুষনাষক অন্ন নৈবিদ্ধ প্রদান॥ ২৭০৮
ণাহি করি আমি দেব উপেন্দ্রের তরে
অন্ন জল দ্বারা নাহি তুশি অতিথিরে
নাহি করি সন্তুষ্ট জাচক আর জাতি
শেহি কর্ম্মে হরিগৃহে পুত্র মহামতি॥ ২৭০৯
খুধানলে দগ্ধ তনু করে প্রতিদিনে
পাইতেছি কষ্ট দুষ্ট কর্ম্ম আচরণে
দরিদ্র দ্বিজেক বিপ্র অন্ন জল দান
করিয়া করহ রক্ষা জনকের প্রাণ॥ ২৭১০
নিষ্ঠুর জদ্যপি তুমি হওহে নন্দণ
তবে হরিগৃহে থাব আত্মমাংষগণ

১। মর্ত্ত্য। ২। মূলে আছে "দীক্ষিতাখ্য দৃঢ়ভক্ত ভব্যাস্ত পরমং শিবম্" অর্থাৎ "হে দীক্ষিত নামক পুত্রবর। তোমার পরম মঙ্গল হউক।" ৩। পাইয়াছি।

...ক্ষ তালু শুষ্ক অতি বিপ্রের খুধায়
...লিয়া এমত হইল অদৃষ্য তথায় ॥ ২৭১১
প্রভাত বিষলে প্রাদুর্ভুত দিবাকর
...দিক্ষীত সপুণ উক্ত চিন্তিত অন্তর
আত্মকর্ম্মদোশে মম পিতা পরলোকে
প্রতিদিনে সর্ব্বাঙ্গ দহিছে দুষ্ট ভোকে (১)॥ ২৭১২
ধিকার আমাক অ:দি জর(২. শুক্লপণ
পিতৃপুণ্যে কিঞ্চিত না করি বিতরণ
এপ্রকার চিন্তি দ্বিজ উত্তম দীক্ষীত
পিতৃ-ত্রিপ্তী অর্থে অন্ন জল জথোচিত ॥ ২৭১৩
বহু দ্বিজাতিক তদা করিল প্রদান
লভিয়া সন্তুষ্ট হরিশর্ম্মা গুণবাণ
চতুর্যুগ সহস্রেত দীবষ ব্রঁহ্মার
ব্রাহ্মদীবষত চদ্দ মনু হয় আর (৩) ॥ ২৭১৪
আর শেহি দিণে চতুত্তর ইন্দ্র হয়
প্রিতকে প্রিতকে(৪) বিপ্র ভুগীয়া বিশয়
এক দিবশেত ভোগ করি সমাপণ
ইন্দ্র মনু চতুদ্দশ লভেন নিধন ॥ ২৭১৫
বিষ্ণুলোকে থাকি হরিশর্ম্মা ভুমিশুর
ব্রঁহ্মার অনেক দীন ভুগীয়া প্রচুর
সমস্ত শুখদ মনোরম ভোগচয়
ভুগীয়া পরম জ্ঞাণ পাইয়া তথায় ॥ ২৭১৬
জগতপালক জগন্নাথ দামোদর
প্রবেষ করিল বিপ্র তার কলেবর
হে জৈমিণি কুলনিসিথিনী-কলাকর
অন্ন জল সম দাণ নাহি ভূভিতর ॥ ২৭১৭
অন্ন তোয় সংশারেত জে করে প্রদাণ
সর্ব্বদানফল লভে শেহি মতিমাণ
কাল পাত্র নিয়মতা অন্ন তোয় দানে (৫)
উক্ত নাহি করে তত্ত্বদর্শী জ্ঞানীগণে । ২৭১৮
অন্নজল তুমি দেব মহাত্মা(৬) সুন্দর
পরম আদরে পাট (৭) করে জেহি নর
অন্ন তোয় দাণ ফল পায়েন শে নরে
অন্তে শুখদাতৃ হরিগৃহে গতি করে ॥ ২৭১৯
ইতি ক্রিয়াযোগসারে বিংশতি অধ্যায়
হইল রচণা গান হরের কৃপায়
ভজ জ্ঞানদাতা হরপদ কর শার
শারহিন ভবনিরধিক হও পার ॥ ২৭২০
জয় জয় শ্রীল শ্রীহরেন্দ্রনারায়ণ
বিহরে বেহারে জেণ মিহিরকিরণ
নিজকুলকমলেত প্রভাকর প্রায়
গুণসিন্ধু দীণবন্ধু দীনের সদায় ॥ ২৭২১
আগম পুরাণে জার যশরাশী গাণ
কি চিনিবে তাক মুড়ে হয়া হিণজ্ঞান
এপ্রকার রাজ-আজ্ঞা করিয়া পালন
কহে দাস শ্রীপুরুষ অরি নারায়ণ ॥ ২৭২২

১। ক্ষুধায়। ২। জয়। ৩। ব্রহ্মার একদিনে চতুর্দশ মনুর অধিকার। ৪। পৃথক পৃথক।
৫। অন্নজলদানে কাল ও পাত্রের বিচার নাই। ৬। মাহাত্ম্য। ৭। পাঠ।

একবিংশ অধ্যায়।

জৈমিণি বলতি গুরু তুমি বাঞ্চাকল্পতরু
গুভদাতৃ মহাত্মা গঙ্গার
বিষ্ণুপূজা ফলচয় অন্ন জল দাণ দ্বয়
শুনিলাম মহাত্মা তাহার ॥ ২১২৩
ব্রাঁহ্মণ-চরণণির মহাত্মা অতি রুচির
পাপ কষ্টদাতা নষ্ট কর
ওহে গুরো মহাসয় শ্রবণ হইল তায়
ইতিহাষ শহিতে শুন্দর ॥ ২১২৪
একাদশি ফলগণ সর্ব্বপাপবিণাশণ
সমাদরে শ্রবণ করিতে
এবাণিক ইৎসা হয় মুণিব্যেন্দ্র (১) এ শময়
বল শুণি কথা শার হিতে ॥ ২১২৫
কোথা হনে একাদশী প্রকাষ হইল আশি
ভুমিস্থর বিধি কিবা তার
কদা বা করিতে হয় করণে কী ফলদয়(২)
বল তাহা প্রভু কৃপাধার ॥ ২১২৬
কোন দেবতারে তাতে অর্চ্চণ হয় করিতে
না করিলে কি দোষ শঞ্চয়
তুমি বাঞ্চাকল্পতরু জগতজনার গুরু
বল শুণি বিবরণচয় ॥ ২১২৭
ব্যাষ বলে দ্বিজমণ একাদশি ফলগণ
সম্যক বলিতে বিষ্ণু বিণে
স্বক্কের অশাধ্য অতি শংখেপে হে মহামতি
বলি আমি শুন তা শ্রবণে ॥ ২১২৮

পূরুষশার্দ্দুল বর সংশার শচরাচর
কৌতুকেতে করিল সৃজন *
প্রাণির দমন হেতু পূনরায় খগকেতু
পাপ পূংষ(৩) করিল গঠণ ॥ ২১২৯
সেজে পাপপূরুশের জে প্রকারে শরিরের
গঠণ হয়াছে দ্বিজমনে
বলিব তাহাক আমি শ্রবণ করহে তুমি
সে জে পুংষ ভিষণ দর্শণে ॥ ২১৩০
দ্বিজাতিহণণ পাপ পরিণামে করে তাপ
পাপের মস্তক শুভিষণ
আখিদ্বয় শুরাপান সর্ণহরণ বয়াণ
গুরুনারিহরণ শ্রবণ। ২১৩১
স্ত্রিহত্যা নাসিকা তার গোহত্যা দ্বিভুজ আর
স্থাসাপহরণ(৪) গ্রীবা তার
ভ্রূণহত্যা (৫) দুই গাল দরশণে শুবিশাল
অপর শুণ হে শুণাধার ॥ ২১৩২
পরের রমণীচয় রমণে জে পাপ হয়
পাপ পুংষ বক্ষ পাপ শেহি
সুহৃদজনবধ পাপ অন্তিমে দেন সন্তাপ
তাহার ওদর(৬) হে শুনেছি। ২১৩৩
শরণাগতক নষ্ট শে পাপে পরম কষ্ট
শেহি দুষ্ট নাভিদেষ তার
গর্ব্বকথা কটী(৭) অতি গুরুনিন্দা শক্তিমতি(৮)
কন্যা বিক্রি শেবম(৯) তাহার। ২১৩৪

১। মুনিবরেন্দ্র—মুনিশ্রেষ্ঠ। ২। ফলোদয়। ৩। পাপপুরুষ। ৪। গচ্ছিত বস্তু অপহরণ।
৫। ভ্রূণহত্যা। ৬। উদর। ৭। কটি। ৮। জঙ্ঘাদ্বয়। ৯। লেজ।

বিবাদবাক্যক নাম (১) অপার তার ভিষণ
লিঙ্গুবধপাপ অস্তিচয় (২)
উপপাপ তনুরূহ (৩) মহাভয়ঙ্কর দেহ
কৃষ্ণবর্ণ পিঙ্গ নেত্রদ্বয়। ২৭৩৫
পাপযুক্ত ঐত্যাগুক (৪) মহাদুখ প্রদায়ক
প্রজাদমনার্থে সৃষ্টি তার
ভগবন্ত দেব হরি অন্তকবেশেক (৫) ধরি
রৌরবাদি সৃজিল দুর্ব্বার ॥ ২৭৩৬
পাপেক জে মুড়ে শেবে যমগৃহে শেহি শবে
অন্তিম শময় করে গতি
যমজায় (৬) দূতচয় রৌরবাদি নিরয়
দুখ ভোগ করাএগ তথি ॥ ২৭৩৭
একদিণ ভগবান বিষ্ণু গজ জন প্রাণ
প্রজাদুখনাষক নায়ক
বৈণতেয়পৃষ্ঠে চরি গেল কৃতান্তের পুরি
শুণ মুণিকুলের তিলক। ২৭৩৮
অনাময় ণারায়ণ জগতেশ জণার্দ্দণ
তাহারে করিয়া বিলোকন
পাদ্য অর্ঘ দান দিয়া অর্চ্চি ভক্তিপর হয়া
তুষ্ট মন আদিত্যনন্দন ॥ ২৭৩৯
যমেন (৭) অর্চ্চিত বিষ্ণু তাহার অগ্রজ জিষ্ণু
সর্ব্বলোকনায়ক শ্রীমাণ
কণক আশণ পরি যমশনে মহুজারি
লক্ষ্মীনাথ দেব ভগবান ॥ ২৭৪০
শুনে(৮) ক্রন্দণের ধ্বনী শুনি দেব চক্রপাণী
হইয়া অন্তর সুবিস্ময়
যমেক জিজ্ঞাশে পরে হে যম কে দক্ষবাদে(৯)
ক্রন্দন করিছে অতিশয় ॥ ২৭৪১
দেব মত্ত পাপীগণ নিরয় দুঃশহণ
শহত্ত অর্জ্জিত পাপফলে
আমার আলয় আশী দুঃখচয় দিবানিশি
ভোগ করিতেছে দুর্ব্বাদুখে ॥ ২৭৪২
দেব বিষ্ণু দয়াময় পাপ ধুঁক কলচয়
দুঃখদাতৃ ত্যাগীতে না পারি
রোদণ করিছে পাপী পাপে হয়া মহাতাপী
তার ধ্বনী(১০) শুনা জায় হরি ॥ ২৭৪৩
তুর্য্যপুত্র (১১) শদচার উক্ত জদি এপ্রকার
করিল হে মুণি শদাশয়
কমললোচণ হরি চলিলেণ ত্বরাত্বরি
জথা পাপী কান্দিতে আছয় ॥ ২৭৪৪
দেখিলেক দামোদরে পাপীশকলেক পরে
রৌরবাদি নরকেত স্থিতি
দয়াময় ণারায়ণ হয়া দয়াযুক্ত মণ
মনে চিন্তা করিছেণ তথি ॥ ২৭৪৫
পূর্ব্বে আমি প্রজাগণ করিছি সৃজণ
আমি রৈতে নিজকর্ম্মদোশে প্রজাগণ
দুঃশহ নরকমাজে আছে দুখে অতি
এমত চিন্তিয়া দয়াময় জগপতি ॥ ২৭৪৬
পাপীর নেস্তার (১২) হেতু দেব জনার্দ্দনে
একাদশি তিথি তথি হইল আপণে
পাপীক শেস্থানে একাদশি করাইয়া
লইল পরম স্থান পাপ বিনাশিয়া ॥ ২৭৪৭
সে অবধি একাদশি হইল বর্দ্ধন
নিশ্চয় জানিবা বিষ্ণুমূর্ত্তি পরায়ণ
সমস্ত সুকৃত শ্রেষ্ঠ ব্রতের উত্তম
সৃষ্টি করিয়াছে হরি হে দ্বিজশত্তম ॥ ২৭৪৮

১। মূলে আছে "বিবাদ বাক্য দ্বয়" অর্থাৎ বিবাদবাক্যকতা। ২। [illegible]—পাপ। ৩। তনুরূহ—লোম ৪। [illegible]। ৫। যমের বেশ। ৬। যমের আজ্ঞায়। ৭। যমরাজ। ৮। শুনিলেন। ৯। [illegible] ১০। ধ্বনি। ১১। সূর্য্যপুত্র—যম। ১২। নিস্তার।

একাদশি তিথিক জানিয়া ত্রিভুবনে
ব্রঁত আচরণ করিলেন জণে জণে
তবা পাপপুংষ হয়া শশঙ্কিত অতি
চলিল ত্বরিত তবা বিষ্ণুর বশতি ॥ ২৭৪৯
হে দ্বিজজন্ম পাপপুরুষ তথন
বদ্ধাঞ্জলী হয় ভক্তিযুত হয়া মণ
ভগবন্ত জনার্দ্দন জগতের পতি
করিল শশ্রষ্টে বলি কোমল ভারতি ॥ ২৭৫০
পাপপুরুশের স্তব করিয়া শ্রবন
প্রশন্ন হইয়া বলে দেব জনার্দ্দণ
হে পাপপুরুশ তব কি বাশনা মণে
বল তাহা আমি দান করি এহিক্ষনে ॥ ২৭৫১
পাপপুংশ বলিতেছে বিষ্ণুর অগ্রত
সৃজিছ আমাক বিষ্ণু আছি অনুগত
একাদশি প্রভাবেত সম্প্রতি আমার
মহাদুখে ক্ষয় পাইতেছি জগাধার ॥ ২৭৫২
আমি যদি মরি জগতের দেহিগণ
ভববন্ধ হৈতে তবে হইয়া মোচণ
শকলে প্রভুর বপু করিবে আশ্রয়
হে আদিপুরুষ দামোদর দয়াময় ॥ ২৭৫৩
সর্ব্বদেহিপাপে জদি মোচণ হইবে
শংশার কৌতুক পারে কে ক্রিড়া করিবে
ক্রিড়া জদি বাঞ্চ জগৎ কৌতুক ভূবনে
তবে ত্রাণ কর একাদশি ভয় হণে ॥ ২৭৫৪
রক্ত পুণ্য শহশ্রেক করিতে হণণ
না হয় আমার শক্য প্রভু জনার্দ্দণ
জাত একাদশিরূপ হয়াছ আপনে
তাহাক হণণ আমি করিব কেমনে ॥ ২৭৫৫

আছে শংশারস্ত পক্ষী কিট জন্তু নর
বৃক্ষ স্থল জল আর পর্ব্বত শিকর
অপর প্রান্তর নদি জলনিধী বণ
স্বর্গ গ মর্ত্ত (১) পাতাল গন্ধর্ব্ব দেবগণ ॥ ২৭৫৬
কোটী ব্রহ্মাণ্ডের মধ্যে দেব ভগবান
একাদশি শর্ব্বত্র রহিতে নাহি স্থান
একাদশি তিথি ভয়ত্রস্ত হয়া অতি
পলায়ণপরায়ণ হয়াছি শম্প্রতি ॥ ২৭৫৭
রহিতে নির্ভয় স্থাণ নাহিকে আমার
হে কৈটভ-অরি বিশ্বপাল বিশ্বাধার
একাদশি তিথি ভয় হইয়া নির্ভয়
রব কোথা কহ তাহা দেব দয়াময় ॥ ২৭৫৮
আমাক সৃজিছ জাত শাথ ভগবান
একারণ দিতে হবে ভয়হিন স্থান
ধাঁধ বলে পাপ এপ্রকার বলি পাছে
দুঃখেব নাবণ (২) দেব অচ্যুতের কাছে ॥ ২৭৫৯
পরিয়া ভূতলে বহু করিল ক্রন্দণ
দুই নেত্রে বাষ্পধারা হৈতেছে বহন
হাশি মধুকৈটভমর্দ্দন দয়াশিল
একাদশিভয়ত্রস্থ পাপেক বলিল ॥ ২৭৬০
শ্রীভগবাণ বদতি উঠিহ (৩) ওহে পাপ
হর্ষচিত্ত হও চিত্তে না কর শন্তাপ
একাদশি তিথি জথা শে শকল স্থাণ
বলিতেছি আমি তাহা তব পরিত্রাণ ॥ ২৭৬১
একাদশি তিথি জবা হয়েন আগত
পালন করেণ তারে শমস্ত জগত
তাহাতে অন্নেক করে আশ্রয় যে জনে
হে পাপপুরুষ বাষ কর সেহি স্থানে ॥ ২৭৬২

১। মর্ত্ত্য। ২। দুঃখনাশকারী। ৩। উঠ।

...লুষ পুরুষ অন্ন আশ্রিত জনায়
...য় অধিষ্ঠান তার শরির মঝার
...হ বিপ্র এমত বলি দেব ভগবান
হইল ত্বরিত সেহি স্থানে অন্তধ্যান ॥ ২৭৬৩
কৃতার্থ হইয়া পাপ পুরুষ তখন
যথাগত তথা পুণ করিল গমণ
আত্মহিত-ইৎসা-কর নর সমুদায়
হরিদ্দিনে অন্ন কভু না হবে আশ্রয় ॥ ২৭৬৪
অন্নাশ্রিত হয় জেহি শ্রীহরিবাষরে
তাপকর পাপচয় জে আছে সংসারে
রাজিবলোচনাজ্ঞায় সে সকল পাপ
অন্নাশ্রিত জনাশ্রয় করি দেয় তাপ ॥ ২৭৬৫
সর্ব্বপাপ নরে জদি করে আচরণ
তভু (১) নরকেত হৈতে হইবে মোচণ
হরিদ্দিণে অন্ন জদি ভোজণ করয়
নিষ্কৃতি নর হৈতে না পারে নিশ্চয় ॥ ২৭৬৬
মোহযুত হয়া অন্ন ভোজে জেহি নর
সেহি পাপী সকলের মধ্যে শ্রেষ্ঠতর
পুনঃ পুনঃ দৃঢ় আমি করিছি ভাষণ
শুণ শুণ তাহা ওহে দ্বিজের নন্দন ॥ ২৭৬৭
না ভোজিবে না ভোজিবে অন্ন হরিদ্দিনে
...ব্রত করি, বধ্য (২) শুদ্র অন্য বর্ণগণে
একাদশি তিথি চতুর্ব্বর্গ প্রদায়ক
পালন করিবে আত্মহিতকর লোক ॥ ২৭৬৮
...হয় একষাষ্টী অষ্টোধ্ব নিমিসেত
...ঋষি সকলে উক্ত করিছে পূর্ব্বেত
সর্ব্বার্থদর্শিয়া সর্ব্ব অর্থ-দর্শিগণ
ত্রিংশত কাষ্ঠায় কলা কহিছে ভাষণ ॥ ২৭৬৯

জান এক ক্ষণ হয় ত্রিংশত কলায়
দ্বাদশ ক্ষণে এক মূহুর্ত্তেক হয়
ত্রিংশত মূহুর্ত্তে এহি মনুষ্যগণের
হয় দিবা বিভাবরি ভাষিত পূর্ব্বের ॥ ২৭৭০
পঞ্চধিক দশ দিনে পক্ষ নিরোপণ
নিশ্চয় জানিবা ওহে ব্রাহ্মণনন্দণ
শুক্ল কৃষ্ণ দুই পক্ষে এক মাষ হয়
একমাষে হয় কৃষ্ণ শুক্ল পক্ষদ্বয় ॥ ২৭৭১
একাদশি তিথি বুধ গ্রহ নিরুপম
আবশ্যক একাদশি করিবে গ্রহণ
জে প্রকার শুক্ল কৃষ্ণ পক্ষ সেহিমত
বিষ্ণু প্রিয়তমা তিথি অতি শুভযুত ॥ ২৭৭২
একাদশি ব্রত কার্য্য দুয়পক্ষে হয়
জদি একাদশি করে মহাপাপকয়
সর্ব্ব পাপ হনে নর মুক্ত হয়া পরে
আনন্দে করিবে গতি নারায়ণপুরে ॥ ২৭৭৩
না বলি মাতাক মাতা একাদশিমাতা
মনুষ্যগণের মাতা হয়াছে সর্ব্বথা
ইহকালে জননী করয় প্রতিপাল
একাদশি জননী পালয় সর্ব্বকাল ॥ ২৭৭৪
একাদশি ব্রত ত্যাগ করিয়া জে জন
অন্য ব্রত অভিষাত করেন পালন
সে মূঢ় করস্থ মণি বর্জিয়া বর্জন
লোষ্ট্রক পরম হর্ষে করিল গ্রহণ ॥ ২৭৭৫
একাদশি ব্রত ভক্তিভাবে জে পালিল
সে জন সকল যজ্ঞ ব্রতেক করিল
শুক্ল কিবা কৃষ্ণ একাদশিত জে নরে
ভোজন করয় অন্ন লোভযুত অন্তরে ॥ ২৭৭৬

১। তভু ২। বৈশ্য।

তার প্রতি লক্ষীপতি দেব ভগবান
শর্ব্বদার স্নষ্টবান হে দ্বিজসন্তান
একাদশি ব্রঁত জে করিল আচরণ
হইল সে জন শর্ব্বধর্ম্মপরায়ণ ॥ ২৭৭৭
জে মাণব মূঢ় তিথি লঙ্ঘন করিল
সে জন শকল অধর্ম্মেক আচরিল
জেপ্রকার শমস্ত ত্রিদষ শ্রেষ্ঠ অতি
জনার্দ্দণ জগতনায়ক জদুপতি
শেহিমত এজে ব্রঁতশকলমধ্যাত
জাণ শুমহত্ত অতি একাদশী ব্রঁত ॥ ২৭৭৮
হে দ্বিজতণয় গুনাধার শদাচার
রূদ্রশকলের মধ্যে শিব যে প্রকার
শেহি মত এজে ব্রঁতশকলমধ্যাত
জাণ শুমহত অতি একাদশি ব্রঁত ॥ ২৭৭৯
আদিত্যের মধ্যে যথা শূর্য্য (১) শ্রেষ্ঠ অতি
নৈক্ষত্রের (২) মধ্যে শ্রেষ্ঠ যথা নিশাপতি
শেহিমত এজে ব্রঁতশকলমধ্যাত
জান শুমহত অতি একাদশি ব্রঁত ॥ ২৭৮০
করিকুল মধ্যে মত্ত করি জে প্রকার
বাজি মধ্যে উৎচ্চশ্রবা (৩) বাজি যথা আর
শেহিমত এজে ব্রঁতশকলমধ্যাত
জান শুমহত অতি একাদশি ব্রঁত ॥ ২৭৮১
অতুল ভূতলে শর্ব্বতির্থমধ্যাগতা
জে প্রকার ত্রিপথগা গঙ্গা শুমহতা
শেহিমত এজে ব্রঁতশকলেত অতি
জাণ শুমহত ব্রঁত একাদশি তিথি ॥ ২৭৮২
বৃঁক্ষের মধ্যাত শ্রেষ্ঠ অশ্বত্থ জেমত
তথা দানবের শ্রেষ্ঠ বেদ চতুর্ব্বেত
শেহিমত এজে ব্রঁতশকলেত অতি
জাণ শুমহত্ত ব্রঁত একাদশি তিথি ॥ ২৭৮৩
জেমত উশনা শ্রেষ্ঠ কবির মধ্যাত
বর্ণ শকলের শ্রেষ্ঠ ব্রাঁহ্মণ জেমত
শেহিমত এজে ব্রঁতশকলেত অতি
জাণ শুমহত ব্রঁত একাদশি তিথি ॥ ২৭৮৪
মূণিশ্রেষ্ঠ ব্যাঁষ সত্যবতির কুমার
দেবর্ষি মধ্যাত শ্রেষ্ঠ নারদ উদার
শেহিমত এজে ব্রঁতশকলমধ্যাত
জান শুমহত অতি একাদশি ব্রঁত। ২৭৮৫
জেমত সমস্ত দান হৈতে অন্ন দান
প্রাণিশকলের জাত রক্ষা আছে প্রাণ
শেহিমত এজে ব্রঁতসকলেতে অতি
জান শুমহত অতি একাদশি তিথি ॥ ২৭৮৬
মাষ মধ্যে শ্রেষ্ঠ যথা মাষ অগ্রহণ
পাণ্ডবের মধ্যে শ্রেষ্ঠ অর্জ্জুণ জেমণ
শেহিমত ব্রঁতশকলের মধ্যাগত
জাণ শুমহত ব্রঁত একাদশি ব্রঁত ॥ ২৭৮৭
পূণ্যের সমান মিত্র নাহি মনুষ্যের
মাতৃর সমাণ গুরু নাহিকে লোকের
শেহিপ্রায় একাদশিতুল্য ব্রঁত আর
নাহি এহি স্বর্গ মর্ত্য পাতাল মাঝার ॥ ২৭৮৮
ঔষধি (৪) শকলের মধ্যে যথা শ্রেষ্ঠ মণ
মণিশি সকলে পূর্ব্বে করিছে জ্ঞাপণ
তথা শর্ব্ব ব্রঁতশকলের শ্রেষ্ঠ অতি
করিয়াছে উক্ত ব্রঁত একাদশি তিথি ॥ ২৭৮৯
জেপ্রকার সমস্ত শাস্ত্রের মধ্যগত
বেদেক করিছে শ্রেষ্ঠ বিধাতা পূর্ব্বত

১। শূর্য্য। ২। নক্ষত্রের। ৩। উচ্চৈঃশ্রবা। ৪। ঔষধি।

সেইমত এজে ব্রঁত শকল মধ্যত
সংশ্রেষ্ঠ করিছে এহি একাদশি ব্রঁত ॥২৭৯০
বর্ণের মধ্যত দয়া জাহার আখ্যাণ
তাকে শ্রেষ্ঠ করি বেদাগমে করে গাণ
সেহি মত ব্রঁত সকলের শ্রেষ্ঠ অতি
সৃষ্টী করি আছে ধাতা একাদশি তিথি ॥ ২৭৯১
বহু উক্ত করণেত কিবা প্রয়োজন
শুনিশ্চয় আমি এহি করিলাম ভাষণ
জান এজে ব্রঁত সকলের মধ্যগত
শ্রেষ্ঠ একাদশি ব্রঁত করিছে পূর্ব্বত ॥ ২৭৯২
দ্বিজ শুনু সদাশয় শুনু হে শ্রবণে
বেদাগম পূরানে কী অন্ত শাস্ত্রগণে
নাহি ভাবে একাদশি তুল্য ব্রঁত আর
সর্ব্ব শাস্ত্রে করিয়াছে এহি ব্রঁত সার ॥ ২৭৯৩
নির্ভয় ত্রিষ্টুক (১) ভূমণ্ডলে নররাশি
কি করিবে যম যদি করে একাদশি
ভূতলমধ্যত পাপযুত জনগণ
এক একাদশি ব্রঁত করিয়া পালন ॥ ২৭৯৪
থাকুক আনন্দচিত্তে ভয়হিন হয়া
কি করিতে পারে যম আপনে জাসিয়া
একাদশি ব্রঁত সদা যুক্ত তৈল (২) আর
ভূমণ্ডলে যম হৈতে কি ভয় তাহার ॥ ২৭৯৫
সদা নারায়ণপ্রিয় একাদশি ব্রঁত
তারে জে পালন করে সে জন মহত
গর্ভ হৈতে মৃত্যুকাল আদি জে প্রকার (৩)
তাবত্তার মুক্ত পাপ হৈতে পাপাত্মার ॥ ২৭৯৬
শাস্ত্রোক্ত একাদশি ব্রঁত বিধিগণ
করি উল্লেখ শুহে দ্বিজের নন্দন

সমাহিতচিত্ত তাহা করি সদাশয়
করহ শ্রবণ পাপনাশ কথাচয় ॥ ২৭৯৭
দশমিত প্রাতকালে উঠি ধীরগণ
স্বকিয় দশনগণ করিয়া ধাবণ
তৈল গাত্রে বিবর্জ্জিয়া শীয়া শরজলে
স্নানকর্ম্ম সমাপন করি কতুহলে ॥ ২৭৯৮
জনার্দ্দন জগবন্ধু অরুণ চরণ
অর্চ্চণ করিয়া স্থিরভাবে ধীরগণ
হবিশান্নপর ব্রঁতি হবে তারপর
একসন্ধ্যা ভোজণ করিবে শিঘ্রতর ॥ ২৭৯৯
মাষমশুরক শাখ আমিষ লবণ
বৃঁহন্নমাষ (৪) দশমিত করিবে বর্জ্জন
দ্বির্ভোজণ পরান্ন মৈথুন মধুপাণ
কাংশ্যপাত্রে ভোজন ত্যাগীবে জ্ঞানবাণ ॥২৮০০
নিম্বু পত্র (৫) বার্ত্তাকি (৬) বার্ত্তাকি দগ্ধ আর
আমিষ অশন না করিবে সদাচার
গব্য ঘৃত হিন অন্ন ধীর নরগণ
দশমিদিবশে তাহা করিবে বর্জ্জণ ॥ ২৮০১
অতি অম্বুপান আর ঐত্যন্ত ভোজণ
না করিবে সে দিবষ তাম্বুলভক্ষণ
দশমিত হে দ্বিজ নিশেধবস্তুচয়
দ্বাদশিত সে সব নিশেধ নিশংশয় ॥ ২৮০২
দশমী দ্বাদশী দ্বিজবোত্র (৭) সদাশয়
রজনিত না ভোজিলে বিষ্ণুভক্তচয়
সম্যগ ব্রঁত ফল প্রাপ্ত জানিবা নিশ্চয়
শুন পরকথা ওহে দ্বিজ সদাশয় ॥ ২৮০৩
হবিষ্যান্ন হবে ব্রঁতি দশমীবাসরে
সে জে হবিষান্ন কর্ম্ম করিবে সত্বরে

১। থাকুক। ২। হইল। ৩। সাপ যেরূপ খোলস পরিত্যাগ করে। ৪। বৃহৎ মাষ।
৫। নিমপাত। ৬। বার্ত্তাকু। ৭। দ্বিজশ্রেষ্ঠ—দ্বিজশ্রেষ্ঠ।০

অপরাহ্নকাল জদা হবে উপগত
বিধিপূর্ব্ব ধাবণ করিবে দন্ত ক্ষত ॥ ২৮০৪
সায়ংকালে দেবালয় করিয়া গমন
হয়া পুষ্পাঞ্জলী হরিধ্যান হয়া মন
করিবে সেকালে এহি মন্ত্র উদ্দিরণ
হে গোবিন্দ পুষ্পাঞ্জলি করিও গ্রহণ ॥ ২৮০৫
তব অগ্রে ব্রঁত করি নির্ব্বিঘ্নে তাহায়
সিদ্ধি হোক তব পাদাম্বুজের কৃপায়
সুচঞ্চলযুত চিত সতত আমার
লোভমোহবসে আর বর্ঠি কদাচার ॥ ২৮০৬
তব অনুগ্রহ না হইলে জনার্দ্দন
কি সামর্থ তব ব্রঁত করিতে পালন
এহি মন্ত্র পাট করি পুষ্প লয়া করে
অঞ্জলী করিয়া দিবে নারায়ণ তরে ॥ ২৮০৭
তারপর ব্রঁতি নর হয়া অবণত
শ্রীকান্তের পাঁদপদ্মে হবে দণ্ডবত
পরে সেহি গৃহে বিষ্ণু করিয়া স্মরণ
ভূমে কুশ সর্জ্জা (১) করি করিবে সয়ন ॥২৮০৮
উঠি ধীর সজ্জা হৈতে প্রভাত সময়
সে দিন ধাবন না করিবে দন্তচয়
খাদয কুলিতে শুদ্ধি করিবে বদন
শুন মতিমান গুণধাম হে ব্রাঁহ্মণ ॥ ২৮০৯
উক্তবিধি ব্রঁতিজন করিবেক স্নান
পরে নিত্যক্রিয়াচয় করি সমাধান
বানীকান্ত শ্রীবিষ্ণুর অরুণ চরণ
অর্চ্চণ করিবে স্থিরভাবে ধীরগণ ॥ ২৮১০
হে বিপ্রেন্দ্র নিশাকালে সর্ব্বব্রঁতিগণ
হরি অগ্রে একাগ্র করিবে জাগরণ

মাতৃ ভার্য্যা ভ্রাতা পিতা পুত্রবধু সবে
পুত্র মিত্র সহিতে জাগিবে হরির্দ্দিনে ॥ ২৮১১
হরির্দ্দিনে স্বামিসঙ্গে জাগে জদি নারি
প্রতি জন্মে স্বামিপ্রিয় হয় সে সুন্দরি
আয়ু অবসানে গীয়া শ্রীবিষ্ণুভূবনে
চিরকাল সুখভোগ করে স্বামিসনে ॥ ২৮১২
শঙ্খচক্র আদি করি অস্ত্র শ্রীহরির
বিষ্ণুগৃহে লিখে জদিস্যাত কোন ধীর
বহুজন্মকৃত তার ঘোর পাপগণ
তখনে শ্রী[illegible] ২৮১৩
তণ্ডুলচুন্নের (২) পঙ্কে বিষ্ণু-আয়তনে
কিম্বা য়ন্য বর্ন্নে (৩) চিত্র লিখে জেহিজনে
তার পুণ্য ফলগন করি উদিরণ
জৈমিনি সত্তম তাহা কর আকর্ন্ণ ॥ ২৮১৪
পুত্রপৌত্রসমন্বিতে সঙ্গে সেহি জনে
ইহকালে সর্ব্ব সুখ ভুগিয়া ভুবনে
আয়ুশেষে প্রবেশিয়া শ্রীবিষ্ণু-আলয়
সে নরের মোক্ষপ্রাপ্তী সেহিস্থানে হয় ॥ ২৮১৫
অবলা কমলাপতিভূবনে জে জন
চান্দসোভমান ধ্বজ করে আরোপণ
কোটী পুরুসেক তিনি করিয়া উদ্ধার
করে গতি সেষে হরিভূবনমাঝার ॥ ২৮১৬
নারায়ণ-আয়তন পতাকা রঞ্জিত
ভক্তিভাবে জেহি জন করয় নঞ্জীত
যে জন অবনিপাল প্রতি জন্মে হয়
করে সুখভোগ সুখে পালে প্রজাচয় ॥ ২৮১৭
বায়ুযোগে জে পর্য্যন্ত সতকাবরণ
চলিত হয়েন গৃহে দ্বিজের নন্দন

১। সয্যা। ২। চুর্ণের। ৩। বর্ণে।

তার কৃষ্ণ পাপগণ তখণে তখণে
হয় পায় পিতবায় কৃপা বিলোকণে ॥ ২৮১৮
জে প্রাজ্ঞ পরম স্থাণ মণে ইৎসা করে
শেহি এহি বশুদেবনন্দণ-বাষরে
ভক্তিভাবে নানাবন্ন পতাকা-বলয়
নারায়ণগৃহে জত্নে স্থাপন করয় ॥ ২৮১৯
চারুতর ছত্র বিষ্ণুশিরে জেহি ধরে
প্রতি জন্মে ছত্রি শেহি হয় ভূভিতরে
বাশুদেব-বাধিরে হইয়া ভক্তিপর
কুশুমের দ্বারা করে মণ্ডণ জে নর ॥ ২৮২০
বাজিমেধযজ্ঞফল প্রতি পুষ্পে হয়
জৈমিণি বৈষ্ণব ইহা কভু মিথ্যা নয়।
জে বীর শুগন্ধ পুষ্পে বাসুদেবদিণে
শুজত্নে মণ্ডণ করে শ্রীহরিভূবণে ॥ ২৮২১
শে ণরের চতুঃবর্গ্গ ফলপ্রাপ্তী হয়
চতুঃবর্গ্গ প্রাপ্তী হৈলে তার কী ণা হয়
বস্ত্রগৃহ হরির্দ্দিনে করিলে নির্ম্মাণ
পায় শোধ গৃহ স্বর্গ্গ করিলে প্রয়াণ ॥ ২৮২২
নির্ম্মাণ করিয়া চারু বসন ভূষণ
শ্বেত বা লোহিত নিল চামর শোভণ
তাহাতে বন্ধণ জত্নপূর্ব্বক জে করে
শে জণ শ্রীহরিপ্রিয় হয় নিরন্তরে ॥ ২৮২৩
শালগ্রাম শিলা কিম্বা প্রতিমা শ্রীপতি
পঞ্চামৃত দ্বারা স্নাণ করাইয়া প্রতি
হয়া অতি ভক্তিবন্ত করিয়া জতণ
শেহি গৃহে শ্রীহরিক করিয়া স্থাপণ ॥ ২৮২৪
সত্যায়ন বীরজন করিবে আদিতে
তারপর শঙ্কর করিবে শুদ্ধচিত্তে
হে দ্বিজেন্দ্র শাস্ত্রের বিধাণে তার পরে
ভূতচয় শুদ্ধি করিবেক শাস্ত্র পরে ॥ ২৮২৫
করি ভূতশুদ্ধি তদা হয়া এক মণ
উত্তম প্রশুনগণ করিয়া ধারণ
হৃদাম্বুজবাশী নারায়ণ ভগবাণ
শে শময় হৃদয় করিবে তারে ধ্যাণ ॥ ২৮২৬
আশি হেমপ্রিষ্টে স্থিত (১) দেব জত্নমণী
ক্রোড়দেশে অলঙ্কৃত জলধীনন্দিনী
বিদ্যুত্ত শহিত দ্যুতি জেন জলধর
দির্ঘ চারি হস্ত তনু অতি রুচিকর ॥ ২৮২৭
আয়ুধ শকল করে পঙ্কজলোচণ
নিত্য দিপ্তীবস্ত্র শান্ত শ্রীমন্ত শোভণ
শ্রীমুখ শ্রীসমুদয় অপাঙ্গ দর্শণে
সর্ব্বদায় দর্শণ করহে জনার্দ্দণে ॥ ২৮২৮
ভগবন্ত জণার্দ্দণ কর এথা আগমণ
শ্রীয়া (২) সহ হে দেব শ্রীপত্তে
নিজ শক্তি অনুশার করি পূজা জগাধার
আমি হিণ তব চারু ব্রতে ॥ ২৮২৯
লক্ষণে লক্ষীত অতি লক্ষ্মী শহ লক্ষ্মীপতি
জগগুরু জগতপালণ
তুমি কর্ত্তা এ ভুবণে তিষ্ঠ এহি বরাশণে
জে পর্য্যন্ত অর্চ্চি শ্রীচরণ ॥ ২৮৩০
সমস্ত লোকত খ্যাত তব কীর্ত্তী জগখ্যাত
দেব দামোদর নারায়ণ
শর্ব্বাদি তব শব অর্চ্চে চারু পদ তব
শর্ব্ব শুকুশল শর্ব্বক্ষণ ॥ ২৮৩১
হে দেবেশ নারায়ণ দেব দেব জনার্দ্দণ
কর পাত্ত গ্রহণ অর্পণ

১। মূলে আছে, "হেমপীঠে আসীন"। ২। লক্ষ্মী।

রজ হরিপাদদ্বয় শিতলতা অতি তায়
শুপবিত্র কল্মষণাষণ ॥ ২৮৩২
শ্রীখণ্ড তণ্ডুল আর দিব্য পল্লব দুর্ব্বার
তব প্রিতে অর্ঘ জণার্দ্দণ
কংশধ্বংশ হে গোবিন্দ নিকুঞ্জকুঠিরানন্দ
প্রফুল্ল্য অম্বুজ দ্বিলোচণ ॥ ২৮৩৩
ওহে দেব চক্রপাণী শুপবিত্র আচমণী
তব প্রিতে করি আমি দাণ
পরম আণন্দ হরি আনন্দবর্দ্ধণকারি
কর তা গ্রহণ ভগবাণ ॥ ২৮৩৪
জরাসন্ধ বিণাষণ লক্ষ্মীনাথ নারায়ণ
তব গাত্র ভূশীত কারণ
গন্ধ দাণ করি আমি করিয়া গ্রহণ স্বামী
শুগন্ধ করহ শঙ্কহণ (১) ॥ ২৮৩৫
বিভূশিত দিব্য রত্নে স্থজিছ জাহাক জত্নে
কালদেশভব পুষ্পচয়
বিকচ শে পুষ্পগণ দেব হরি জনার্দ্দণ
গ্রহণ করহ এশময় ॥ ২৮৩৬
পূর্ব্বকালে স্থষ্টিকর পরমাত্মা বিশ্বেশ্বর
সকলের তুষ্টির কারণ
স্থষ্টী করিআছে জায় দেব বিষ্ণু লক্ষ্মীকায়
করি দাণ নৈবিদ্য অশণ ॥ ২৮৩৭
ওহে কৃষ্ণ জনার্দ্দণ তব অরুণ চরণ
বন্দিত সকল মণী শির
পুণরায় আচমণী করি দান চক্রপাণী
জগতাদিকারণ শুধীর ॥ ২৮৩৮
দেবতার তুষ্টী হেতু বিধি-উক্ত খগকেতু
ধুপচয় করিছে স্থজণ
শুরশ্রেষ্ঠ দয়াময় জত্নে শেহি ধুপচয়
করি দাণ করহ গ্রহণ ॥ ২৮৩৯
সমূদায় অন্ধকার বিণাশিতে জগাধার
জগতণায়ক জগদীপ
দৈত্যনিশুদণ (২) হরি তব প্রিতে দাণ করি
হবি-পূর্ণ শুচারু প্রদিপ ॥ ২৮৪০
জগগুরু জনার্দ্দণ বস্তি শ্রেণী (৩) শুশোভণ
উত্তরিত (৪) বশন পবিত (৫)
করি দাণ হে দেবেষ ক্লেষহর পরমেষ
হর ক্লেষ হয়া কৃপান্বিত ॥ ২৮৪১
কর্পুররচিত পাণ করি হরি আমি দাণ
শ্রীমুখের শুগন্ধ কারণ
কৈবল্যদায়ক শিব শ্রীয়া শহ জগজিব
ভগবাণ করহ গ্রহণ ॥ ২৮৪২
অত্যুত্তম উপহারে বিধিপূর্ব্ব গোবিন্দেরে
প্রহরে প্রহরে ব্রঁতিচয়
হয়া ভক্তিযুত মণ চারুপদ শুশোভণ
অর্চ্চিবে হইয়া শুদ্ধাসয় ॥ ২৮৪৩
ণাণা উপহারগণ হরির্দ্দিণে বিতরণ
করিবে হরিক ব্রঁতি শবে
কর্ম্মফল ইৎসা জার ব্রঁতবিত্ত অনুশার
বিত্ত রৈতে ক্ষিণ না করিবে (৬)॥ ২৮৪৪
নারায়ণপরায়ণ পরে ব্রঁত্তি জনগণ
নিশী গত করিবে জাগীয়া
স্তবপাট শুশোভণ আর নীত্যগীতবাণ
বিষ্ণু অগ্রে থাকীবে বশিয়া ॥ ২৮৪৫
ওহে দ্বিজ মহাসয় শ্রীকান্তের নামচয়
সর্ব্বপাপবিণাষকারণ

১। গ্রহণ। ২। নিহরণ। ৩। শ্রোণী। ৪। উত্তরীয়। ৫। উপবীত।
৬। বিত্তশাঠ্য করিবে না, অর্থাৎ দুবেলা বিত্ত থাকে তদনুযায়ী ব্যয় করিবে, কম দিবে না।

রণ করিবে তায়　　ব্রঁত কর শমুদায়
　　ব্রঁহ্মানন্দে হইয়া মগণ ॥ ২৮৪৬
াক্তিযুক্তে হরিনাম　　রশধাম অনুপাম
　　স্মরন্তে (১) হয়েণ অতিস্কুণী
ত্ত কর্ণ পাপীগণ　　ঘোর পাপে বিমোচণ
　　হয় শেহি হরিভক্তী গুনী ॥ ২৮৪৭
াগরণ মত্তগণে　　করিতেছে জেহিস্থাণে
　　তাহাক দেখিতে জেবা জায়
হিত অনেক পাপ　　পরিণামে করে তাপ
　　সে পাপ তখণে ক্ষয় হয় ॥ ২৮৪৮
াশণ্ড জনের শণে　　আলাপণ হরিদ্দিনে
　　করিবে না ব্রঁতি জনগণ
করিলে পাসণ্ডালাপ　　সর্ব্ব ধর্ম্ম পায়া তাপ
　　তখণে হয়েণ বিনাশণ ॥ ২৮৪৯
নারায়ণ যশগীত　　ব্রঁতিকণ্ঠ বিনিস্থত
　　শুণি মূঢ় ত্রিপ্তি নাহি হয়
জে প্রকার স্নানগণ　　শুমধুর বিণাস্বণ (২)
　　শ্রবণেত তৃপ্তী না লভয় ॥ ২৮৫০
জগপতি গীতগণ　　শুনিয়া শুণস্ত জন
　　শস্ততাক লভেন নিশ্বয়
সমস্তপাতকহর　　যথা মৃগ বণচর
　　বিণাস্বনে (২) ত্বরিতে পালায় ॥ ২৮৫১
স্নাণ করে নিত্য(৩) করে আর দিব্য স্তব পরে(৪)
　　নিন্দা করে ব্রঁতিক জেজণ
শেহি পাপী শকলত　　বটে শ্রেষ্ঠ শুমহত
　　জানিব হে ভূদেবনন্দণ ॥ ২৮৫২
জগতত্তারক হরি　　তার গুণ গাণ করি
　　নিত্য করে শে নিত্য (২) উত্তম

কমলাপতির পূরে　　ব্রঁতিক দেখিয়া পরে
　　ত্রিপ্তীযুক্ত হবে দ্বিজত্তম ॥ ২৮৫৩
শ্রীকৃষ্ণ করুণাময়　　তার পূরে ব্রঁতিচয়
　　জদি স্বাত না করে নর্ত্তণ (২)
জন্মে জন্মে শে শকল　　পঙ্গু হয়া হিণবল
　　হয় ওহে ব্রাহ্মণনন্দণ ॥ ২৮৫৪
হরির্দ্দিণে হরিপূরে　　তুষ্টমণে ব্রতি পরে
　　না করে জত্তপী গুণ গান
জন্মে জন্মে নরচয়　　বচনবিহিণ হয়
　　মিথ্যা নর দ্বিজ গুণবাণ ॥ ২৮৫৫
মৃদঙ্গাদি জন্ত্রধ্বনী　　চক্রপানী গৃহে জ্ঞানী
　　করণ উচিত বিষ্ণুর্দ্দিণে
ভগবান্মধুসূদন　　জাত তুষ্ট হয় মণ
　　তাহা নরে করিবে জতণে ॥ ২৮৫৬
বিষ্ণুনিশি জাগরণ　　করণিয় ধীরগণ
　　করিবে বেদেক অধ্যয়ণ
অথবা পূরাণ পাণ　　শ্রবণে শন্তোষ প্রাণ
　　করিবে শেদিন জ্ঞানীগণ ॥ ২৮৫৭
ভাগবত রামায়ণ　　ভারত ব্যাষ বচণ
　　শ্রবণে শ্রবণ শুরঞ্জণ
অষ্টাদশ পূরাণ আর　　হরির্দ্দিনে ব্রঁতাধার
　　করিবে আনন্দে অধ্যয়ন ॥ ২৮৫৮
ভক্তিভাবে জেহি নরে　　শ্রীনারায়ণ বাষরে
　　করে পূরাণাদি হর্ষে পাণ
কপিলাদানের কল　　ওহে দ্বিজ গুণময়
　　প্রত্যকরে লভে শে বিদ্বাণ ॥ ২৮৫৯
নিদ্রাক করিয়া জয়　　শানন্দে বৈষ্ণবচয়
　　নিশি গত করিবে জাগীয়া

১। উচ্চারিত হইলে। ２। বীণাধ্বনি। ৩। স্নান। ৪। পাঠ।

হৃদয়ে করিবে ধ্যান নারায়ণ ভগবান
কৈবল্য-দায়ক মহ শ্রীয়া ॥ ২৮৬০
পূণ পূণর্ব্বার হরি প্রদক্ষীণ করি করি
ভূমিতলে হয়া নিপতন
জনার্দ্দণ জগন্নাথ তার পদে প্রণিপাত্ত
করিবে শানন্দে ব্রঁতিগণ ॥ ২৮৬১
প্রভাত সময় পরে করি পঞ্চ মহকরে
আনন্দে বৈষ্ণব জনচয়
সুগন্ধ-দ্বারা ভগবাণ করিয়া জতণে স্নাণ
অর্চ্চিবে অরুণ পদদ্বয় ॥ ২৮৬২
নিজশক্তি অনুশারে [illegible] দক্ষিণা পরে
ব্রাহ্মণেক দিয়া দ্বিজন্মণ
তদন্তর ব্রঁতি জত দ্বাদশীর মধ্যগত,
হর্শচিত্তে করিবে পারণ ॥ ২৮৬৩
লঙ্ঘীয়া দ্বাদশী তিথি পারণ করিলে ব্রঁতি
জন্ম কোটীর্জ্জিত (১) পূণ্য তার
তখনে বিনাষ হয় দ্বিজশ্রেষ্ঠ মিথ্যা নয়
মম এক্ষে বচন শুধার ॥ ২৮৬৪
ব্রঁতকর ইৎসা জার শেহি বুঁধ সদাচার
দ্বাদশীত করিবে পারণ
ত্রয়দশীমধ্যগত ব্রঁতকর পর জত
না করিবে পারণ কখণ ॥ ২৮৬৫

উপবাষ ফলপদ ইৎসা করে জেহি জণ
বিপ্র সেহি উপবাষদিণে
নিশাকালে জাগরণ করিবে বৈষ্ণবগণ
সয়ণ ত্যাগীবে শুভক্ষণে ॥ ২৮৬৬
না করিয়া জাগরণ উপবাষ কৈলে জণ
উপবাষ ণিরার্থক তার
জাগরণ অতঃপর উভয় পক্ষেত পর
করিবে হে মুনিন্দ্র উদার ॥ ২৮৬৭
বিধি পূর্ব্ব নরক্রত জদি একাদশী ব্রঁত
ভক্তিভাবে পালণ করয়
দ্বিজ শ্রেষ্ঠ সদাচার সত্যে সত্যে শে শবার
মোক্ষ পথে আগমণ হয় ॥ ২৮৬৮
বাষর বাশুদেবের শার ব্রঁত সকলের
জন্ম মৃত্যু নিদাণ হরণ
ইন্দ্র আদি দেব জত তার করনিয় ব্রঁত
জৈমিনী তা করহ জতণ ॥ ২৮৬৯
ইতি শ্রীপদ্ম পুরাণে শমাপণ এহি হণে
একাধীক বিংশতি অধ্যায়
ত্যাগীয়া বিশম মদ ভজ শর হরিপদ
গৃহে থাকী শবে পাওয়া জায় ॥ ২৮৭০

১। কোটি জন্মে উপার্জ্জিত।

[দ্বাবিংশ অধ্যায়]

ব্যাষ নিগদতি পূর্ব্বে কোটিরথ নাম
ভূমণ্ডলে ভূমিপাল ছিল গুণধাম
পরম ধর্ম্মজ্ঞ শান্ত দান্ত মহাবল
রাজনিতিপ্রাজ্ঞ রাজ্ঞ পরম শরল ॥ ২৮৭১
সত্যবাদি জিতক্রোধী সুধী (১) গুণালয় ।
রণে অরিকুল করিয়াছে পরাজয়
নারায়নার্চ্চণপরায়ণ মহামতি
শ্রীহরি-চরণ-ভক্তশালী নরপতি ॥ ২৮৭২
প্রিয়শী মহীশী তার শুপ্রজ্ঞা (২) আখ্যাণ
প্রিয়বাদি রূপে রতি উর্ব্বশী সমাণ
সর্ব্ব শুলক্ষণ অঙ্গে খঞ্জণনয়ণা
অপাঙ্গদর্শীণী পতিপদপরায়ণা ॥ ২৮৭৩
সর্ব্বপ্রাণিহিতরতা একাদশীরতা
পরম শুশীলা জাতিস্মরা পতিব্র্তা
পরমার্থ-বিত্ত-চিন্তনিয় নৃপবর
সদার যহিতে (৩) করি দশমী ততপর ॥ ২৮৭৪
জাগীতে তখণ একাদশী নিশীথিনী
উদ্যত হয়াছে ভূমিপতি গুণমণী
মহাতেজা মহীপতি জাগরমণ্ডপে
গেল কোটিরথ [illegible] তাহার সমীপে ॥ ২৮৭৫
হরিপরায়ণ ভূপ দ্বিজেরে দেখীয়া
শ্রদ্ধা সহ ভক্তিভাবে পাদ্য আদি দীয়া
পূজিল বিপ্রক শিঘ্র নৃপ গুণালয়
হৈল তব তুষ্ট দ্বিজশ্রেষ্ঠ সদাশয় ॥ ২৮৭৬
সে কে বিপ্র অখিলতত্ত্বজ্ঞ তমহাণ
যেইস্থানে উপবিষ্ট হয়া ভগবাণ

বহুব্র্তি তথায় করিল আগমণ
নারায়ণপূজাপরায়ণ জণে জণ ॥ ২৮৭৭
হরিপাদপদ্ম অর্চ্চিতেছে কোন জণে
গন্ধধূপ উপহারে নাণা পূষ্পদাণে
কোণ ব্র্তি গঙ্গামৃত্তিকায় বিভূষীত
তুলশীর মালা করে করি অলঙ্কৃত ॥ ২৮৭৮
ত্রিলোকনায়ক পঞ্চশায়কমোহণ
তার অগ্রে হর্ষচিত্তে করিছে নর্ত্তণ (৪)
ভগবন্তপ্রিয় ব্র্তিগণ নিরন্তরে
কোণ জণ করতাল লয়া নিজ করে ॥ ২৮৭৯
শুললিত গীতগণ করি দিব্য তাণ
জগতনায়ক অগ্রে করিতেছে গাণ
জগদিশ অনাময় দেব দামোদর
তাহার সন্তুষ্ট হেতু কোণ ব্র্তি পর ॥ ২৮৮০
দীব্যার্থ কোমল লিপী শ্রবণরঞ্জণ
হেণ অনুত্তম স্তবে করিছে স্তবণ
কোণ শুমহত শ্বেত চামর ধরিয়া
বায়ুদ্বারা শ্রীহরিক শিতল করিয়া ॥ ২৮৮১
প্রিতিমণ নিতান্ত লভিছে সে মহত
অপর বলিছে বিপ্র যত কর্ণগত
কোণ জণ বিশাবিক বাদ্য ললিত
প্রতিভূশীলায়ক ঐতাত্ত সংশোভিত ॥ ২৮৮২
করিতেছে বাদণ অপর কোণজণ
করে চিত্ত চিত্তে (৫) ধ্যাণ দেব নারায়ণ
সে রাজ মহীশী দুই (৬) হয়া আনন্দিত
অলোলিত গাণ করে করে আর নিত্য (৭) ॥ ২৮৮৩

১। যোদ্ধা। ২। সুপ্রজ্ঞা। ৩। পত্নীসহ। ৪। নৃত্য। ৫। অন্তঃকরণে। ৬। রাজা ও রাজপত্নী দুইজনে।

নিত্য (১)গীত করণিয় মহাত্মা দম্পতি
দেখী শৌরি নাম দ্বিজ বলিল ভারতি
শৌরি নিগদতি ধন্য তুমি নরপতি
ধন্য তব প্রিয়শী মহীশী গুণবতি ॥ ২৮৮৪
যুবয়ো (২) চরিত্র এক্তে ভুবণদুর্লভ
আহা কী কৃতান্ত ভয় তরিতে সুলভ
তুমি ভুমিপতি সম কচিত্ কোণ জণ
নাহি দেখী শুধীয় বৈষ্ণব একজণ ॥ ২৮৮৫
দারাসহ ভুমিশুরোত্তম গুণালয়
সপ্তদ্বিপ মহীনাথ তোমাক শোভয়
জাত নারায়ণ অগ্রে অতি প্রিতি হয়া
স্বয়ং নিত্য গাণ করিতেছ পুণ্যকায়া ॥ ২৮৮৬
যুবয়ো (২) শোভণ এক্তে চরিত্র তোমার
দর্শণে অদ্ভুত জ্ঞাণ হৈতেছে আমার
পরম নির্ম্মল বুদ্ধি পায়াছ কোথায়
কাত হৈতে জাত তা শ্রবণে ইৎসা হয় ॥ ২৮৮৭
ব্যাষ বলে শৌরি দ্বিজমুণ বাক্যগণ
শুমতি দম্পতি তাহা করিয়া শ্রবণ
রাজজায়া শুপ্রজ্ঞা রমণীশিরমণী
ইশদ্ধাস্যমুখি হয়া বলিল তখণী ॥ ২৮৮৮
শুপ্রজ্ঞা বদতি দ্বিজত্তম গুণবাণ
পূর্ব্বকালে একাদশীপ্রভাবে মহাণ
শবিত্তানন্দণসম মহাত্মাণ হৈতে
মুক্ত হয়া আছি মুক্ত কন্তব হইতে ॥ ২৮৮৯
জাতিস্মৃতিপ্রভাবেত একাদশী ব্রত
পরম শ্রদ্ধায় করি আছিক্ষ্ণ সতত
করিতেছি হে বিপ্রেন্দ্র বীর গুণাধার
পুণরায় দিব্যগতি হইবে আমার ॥ ২৮৯০

শৌরি নিগদতি নরপতি বরাঙ্গণে
আত্মাকাক্তি স্মৃতি জদি আছে তব মণে
শুণিতে আমার হয় কৌতুকহৃদয়
বল শিমন্তিণীশিরমণী এশময় ॥ ২৮৯১
পূর্ব্বকালে তোমার আছিল কোথা স্থীতী
কে ছিল তোমার প্রাণবল্লভ যুবতি
মহাপাপী ছিলা কি কারণ রবিশুত্তে (৩)
তোমাক করিল ত্যাগ জাতণা হইতে ॥ ২৮৯২
শুপ্রজ্ঞা বদতি অপ্রকাশ্য এ কথণ
শুনিতে করিলা ইৎসা ভূদেবণন্দণ
জাত তুমি পরম বৈষ্ণব দ্বিজবর
বলি এহেতুক আমি তোমার গোচর ॥ ২৮৯৩
চিত্রপদ (৪) নাম মম ছিল পূর্ব্বকালে
বার-নারি আছিলাম বার-নারিকুলে
রতিশাস্ত্রে বিশারদ ছিলাম শুন্দর
যুবক পুরুষ সকলের মনোহর ॥ ২৮৯৪
শেহি জন্মে শুবহু দুর্ঘোর পাপচয়
করিআছি নিরয়ক্লেষদ অতিশয়
নিত্যদয়ো (৫) নাম খ্যাত আছিল ইহার
শুদ্রকুলে জন্ম বিবর্জ্জিত কুলাচার ॥ ২৮৯৫
পরদ্রব্যহারি ক্রুড় পরদাররত
করিআছে আর ঘোর পাপ কত শত
শুরাপাণ মিত্রহত্যা ব্রূণহত্যা (৬) আর
পরহিংসা-পর করিআছে অহঙ্কার ॥ ২৮৯৬
ধর্ম্ম ধর্ম্মকর্ম্ম নিন্দিআছে সর্ব্বদায়
ছিল ইনি পরম পাপীষ্ঠ পাপকায়
একদিণ জ্ঞাতিগণ সকলী মিলিয়া
গেল লবে নিজগৃহ ইহাকে ত্যাগীয়া ॥ ২৮৯৭

১। বৃত্য। ২। তোমাদের। ৩। যম। ৪। চিত্রপদা। ৫। নিত্যোদয়। ৬। ভ্রূণহত্যা।

রমণে বেশ্যা অনুশরি মমালয়
দাসীছিল ইনি ভূমিশুর সদাসয়
সুন্দর যুবক আমি করি আলোকণ
সম্পরে আমার মজিল প্রাণধণ ॥ ২৮৯৮
প্রিতিযুক্তে আমি অতি সুরত দ্বারায়
করিছি তোষণ ইনি তুসিছে আমায়
রমণে রমণ মণ হয়া তপোধণ
বলিল আমাক প্রেমে বিণয় বচণ ॥ ২৮৯৯
দুরতশাস্ত্রজ্ঞ আমি মম বন্ধুগণে
পরিত্যাগ আমাক করিছে বরাণণে
তব অভিমত জদি হয় চন্দ্রাণণে
প্রিতিযুক্ত হয়া দুয়ো তুষ্টী (১) এক স্থাণে ॥২৯০০
বিণয় এমত বাক্য বলিলে আমারে
দম্পত্তি-ভাবেক করি আশ্রয় অন্তরে
দুয়োজনে একস্থানে হইলাম স্থিতি
দুজণাতে দুজণার হৈল অতি প্রিতি ॥ ২৯০১
নিজধর্ম্মরত দ্বিজবেশ্রে সদাসয়
আগত হইল একাদশী একদায়
দেহিদেহাঘাতক দুর্ঘোর জ্বেরে মোরে
পিড়িল বিপুল দুঃখ লভিল অন্তরে ॥ ২৯০২
সে দিবস জ্বরে দেহ লভিল জর্জ্জর
না হইলাম আমি অন্নজল ভুক্ত পর
কন্দুপে বিশিষ্ট চিন্ত ইনি অনুক্ষণে
মম স্নেহাকুল মনে শেষি হরির্দ্দিণে ॥ ২৯০৩
ভোজণ শলিল ত্যেগ করিল বর্জ্জণ
পরে এহি যুবা অতি হয়া দুঃখ মন
করিআ আলপ দিপ সর্পিষ (২) দ্বারায়
ওহে দ্বিজশ্রেষ্ঠ সে রাত্রিতে দুজনায় ॥ ২৯০৪

জ্বরে হতচিত্তে আমি করি জাগরণ
জপিতে বলেন ইনি রাম নারায়ণ
মুহুর্মুহু বদনে বলিয়া রাম হরি
জাগরণ করিলাম হরি বিভাবরি ॥২৯০৫
উপবাষ প্রভাব মুকুন্দ দেবার্চ্চণে
বিণষ্ট হইল সর্ব্বপাপ শেহিক্ষণে
প্রভাত বিমলে দেব কাস্তপী (৩) তখণ
উদয় অচলে আশী দিল দরসণ ॥ ২৯০৬
জ্বরে আমি পঞ্চত্বক পাইলাম ব্রাঁহ্মণ
ভুবা কাল পায়া প্রাণ করিল মোচণ
কাল প্রাপ্ত মৃত্যু তদা হৈল দুজণার
মনুষ্য সকল নিন্দা করিল অপার ॥ ২৯০৭
আমারে লইতে তদা আদিত্যতণয়
প্রেরণ করিল ভয়ঙ্কর দূতচয়
জলদগ্নিপ্রায় দূত সবার লোচণ
পাবস্বারা দুজনাক করিয়া বন্ধণ ॥ ২৯০৮
শুদুর্গম পথে অতি গতি করি পরে
লয়া গেল আমা দুইক যমের গোচরে
রৈবসুতাজ্ঞায় চিত্রগোপ্ত বিচক্ষণ
সমূলে আমার শুভাশুভ কর্ম্মগণ ॥ ২৯০৯
করিআ বিচার তদা হয়া পুটপাণী
কৃতান্ত নৃপের অগ্রে বলিলেন বাণী
চিত্রগোপ্ত লিপদক্ষ ধর্ম্ম মহাসয়
জদিস্যাত এদুজণ মহাপাপী হয় ॥ ২৯১০
তথাপী কলুষ হণে হয়াছে মোচণ
জাত একাদশী ব্রঁতে হৈছে উপসণ
অনিস্বায় জদি পুণ্য একাদশী ব্রঁত
আচরণ করে পর কর্ম্ম ভূবণত ॥ ২৯১১

১ দুইজনে থাকি। ২ ঘৃত ৩ সূর্য্য

সকল কল্মশে মুক্ত লভিআ শে জণে
অন্তকালে করে গতি শুপরম স্থাণে
বলিলে বচণ চিত্রগোপ্ত এপ্রকার
শ্রবণ করিআ ধর্ম্মরাজ সদাচার ॥ ২৯১২
আষণ হইতে উথাপণ হয়া পরে
বন্দণ করিল হর্শে আমা দুজণারে
শুগন্ধ চন্দণ পুষ্প দিব্য বস্ত্রগণ
চামিকর (১) অলঙ্কারগণ শুশোভন ॥ ২৯১৩
পাপহিণ শরির আমরা দুজনায়
এসকল দ্বারা মৃত্যু মণ্ডিআ আমায়
অমৃত উপমা তত্র নানাবিধ ফল
প্রদানে অ'ম'ক তুষ্ট করিল নির্ম্মল ॥ ২৯১৪
করাইআ রামা দ্বিজনাক (২) প্রিতিযুত
যম প্রভু দিব্য স্তবে স্তবিআ বহুত
দিব্যরথে আরোহণ করায়া আমারে
বলিল বচণ জোরহস্ত হয়া পরে ॥ ২৯১৫
যম নিগদতি যুবাশ্রেষ্ঠ মহাভাগ
তোমা দুজণাক পাপ করিআছে ত্যাগ
জেখাণে ভগবাম্বিষ্ণু ভকতবৎসল
শেহি শুপরম স্থাণ বলি শিঘ্রে চল ॥ ২৯১৬
বিণয় হইয়া ধর্ম্ম হয়া অবণত
আমাক করিল এহি উক্ত শে কালত
আমরাও পাদপদ্মে করিআ প্রণতি
ধর্ম্ম নৃপতিক বলিছিলায় ভারতি ॥ ২৯১৭
দেব বিষ্ণু পদ্মপদে করি আগমণ
শরক দেখীতে ইৎসা করি দুয়োজণ
যমের আজ্ঞায় পরে হে দ্বিজণন্দণ
শোভণ স্যন্দণে তথা হয়া আরোহণ ॥ ২৯১৮

দুখ্খদ শরকগণ আমরা দুজণে
বিস্তর দেখিআছিলাম শমণসদণে
ব্রাঁহ্মণ বদন্তি হে যুবতি পতিব্রঁতে
কি অবস্থা পাঁপাত্মার দেখীছ তথাতে ॥ ২৯১৯
বলহে আমাক তাহা করিআ বিস্তার
শুনিতে নিতান্ত স্পৃহা হইল আমার
যমপুর আগমণে শরীরি সবার
তার মধ্যে পুণ্যাত্মার পথ কি প্রকার ॥ ২৯২০
পাপাত্মাগণের পন্থ কেমত শুশ্রোনী
শুবদণে বদণে বলিলে তাহা শুনী
বৈবস্বতে (৩) প্রভু তত্র দেখী পুণ্যাত্মাক
কি প্রকার বাক্য সতি বলে শে শবাক ॥ ২৯২১
ধর্ম্ম-ধাম ধর্ম্মরাজ আদিত্য নন্দণ
পাপাত্মাক কিদৃশী করয় বিলোকণ
বিলোকণ করি মৃত্যু মত্ত পাপাত্মাক
কি প্রকার বাক্যগণ বলে শে সবাক ॥ ২৯২২
শুপ্রজ্ঞা বদন্তি বিপ্র শ্রবণ করিতে
ইৎসা জাহা তাহা বলি শুণ একচিতে
পাপাত্মা পুণ্যাত্মা জন সকলের পন্থ
পরম শুখদ দুখ্খ দায়ক একান্ত ॥ ২৯২৩
বলি আগে পুণ্যাত্মার পথ যে প্রকার
শুণ দ্বিজশ্রেষ্ঠ প্রিতিবারে শৃণু তার
প্রস্তর ইষ্টক বদ্ধ মার্গ্গ শুশোভণ
বস্ত্রে সমাবৃত নরগণে হয়ে মণ ॥ ২৯২৪
পুণ্যাত্মার পন্থ উপদ্রব-বিবর্জ্জিত
কোণ স্থাণে গন্ধর্ব্বকন্যায় গায় গীত
মণময় বেষ করি অপ নরনিকরে
করিছে নর্ত্তণ নরগণে মগ্ন হয়ে ॥ ২৯২৫

১ স্বর্ণ। ২ আমাদের দুইজনকে। ৩ যম

কোণ কোণ স্থাণে মণহর বাদ্যগণ
কোণ স্থাণে হৈতেছে মধুর বিণাস্বণ
কোণ স্থানে শুগন্ধ কুসুম বৃষ্টী হয়
কোণ স্থাণে সুন্দর শীতল বায়ু বয় ॥ ২৯২৬
কোণ স্থাণে পুস্প-শুবাশীত শীত নীর
কোণ স্থাণে ভক্ষগণ কার্জ্জেত শুধীর
ত্রিদশ গন্ধর্ব্বগণ কোণ কোণ স্থাণে
উত্তম স্তবণগণ ভাসীছে বদণে ॥ ২৯২৭
কোণ স্থাণে শরবর শোভে চারূতর
অমল কমলশণে কমল শুন্দর
কোণস্থানে শুচ্ছায়া সহিত বৃক্ষগণ
পুস্পিত বকুল ফুল করিছে শোভণ ॥ ২৯২৮
দ্বিজশ্রেষ্ঠ পুণ্যাত্মার শুখমৃত্যু হয়
সপুণ্যা শুখের পথে জায় যমালয়
কোণ জন তুরঙ্গে পরম রঙ্গে চরি
চামিকর (১) অলঙ্কার গণে শোভা করি ॥ ২৯২৯
দণ্ড ছত্র শুআবৃত মস্তক উপর
গজারূড় কত রথারূড় কত ণর
আরোহণ করি যাণে কত জণগণ
সমণবষতি প্রতি করিছে গমণ ॥ ২৯৩০
দেবাঙ্গণা কত জণা হস্ত হস্তে ধরি
শ্বেত-চামরেত বায়ু করে কোণ ণারি
শুস্বরে শুরর্ষিগণ (২) করিছে স্তবণ
এপ্রকার ভাবে কত করিছে গমণ ॥ ২৯৩১
দিব্যাঙ্গণাগণে কেহ হইআ বেষ্টীত
চন্দণ মালায় কায় করিআ ভূশীত
শুগন্ধি শুবাক মুখে চর্ব্বণ করিআ
যমালয় প্রতি গতি করে হর্ষ-হয়া ॥ ২৯৩২

কেহ গাত্রতেজে দিপ্ত করি দিষগণ
যম গৃহাগমে পায় জলাদিগ্রহগণ (৩)
কোণ জণ জাণিকা (৪) পায়ষ করি পাণ
আদিত্য-ণন্দণ-বাষে করিছে পয়াণ ॥ ২৯৩৩
দেবপ্রিয় শুধা পাণ করি কোণ জণ
পরম আনন্দে পথে করিছে গমণ
কেহ দুগ্ধ পান করে কেহ ইক্ষুরষ
তক্র (৫) পাণ করি কেহ চলে যমবাষ ॥ ২৯৩৪
কোণ জণ দিব্যদধী করিআ ভোজণ
ভক্ষণ করিআ কেহ ণাণা ফলগণ
কোণ জণ শুখে পান করি মধুচয়
পুণ্যবস্ত শস্তগণ শুখপন্থে ধায় ॥ ২৯৩৫
ধর্ম্ম-পরায়ণগণ হৈলে আগমণ
ভাস্কর-তণয় তারে করি আলোকণ
স্বর্ণ-যজ্ঞপবিতি শুহর্ষ শুবদণ
কিরিটী কুণ্ডল বনমালা বিভূষণ ॥ ২৯৩৬
প্রাজ্ঞ চিত্রগোপ্ত চণ্ড আদি-দূত-চয়
সবে ণারায়ণাকার হয় শে শময়
শুন্দর মধুর বাক্যগণ উদিরণে
সন্ত সকলক শান্ত করে সান্ত্বণে ॥ ২৯৩৭
মনুজ-উত্তম সকলেক তার পরে
স্বয়ং ধর্ম্ম-রাজ প্রিতি লভিআ অন্তরে
পরম সাদরে মিত্রভাবে সে শময়
করেণ অর্চ্চণ ওহে দ্বিজের তণয় ॥ ২৯৩৮
দিআ নির্ব্যারণ্য ফল পুণ্যমন্ত জণে
ভোজণ করায়া বাক্য বলে তুষ্টমণে
যম নিগদন্তি তোবা সবে মহাত্মাণ
ভৈরব-ভ্রেষদ ণর্ক (৬) পাইআছ ত্রাণ ॥ ২৯৩৯

১ স্বর্ণ ২ মহর্ষি ৩ মূলে আছে "চলৎ গৃহনিবাসিনঃ" অর্থাৎ যানারূঢ় ৪ মূলে আছে, দিব্য পীয়ূষ ৫ ঘোল ৬ নরক।

নিজ পুণ্য প্রভাবেত তোমরা অখণ
পরম্পদ প্রতি শিঘ্র কর আগমণ
সংসার-সাগরে জন্ম লভিয়া জে নরে
পুণ্য কর্ম্ম অনুষ্ঠাণ করে নিরন্তরে ॥ ২৯৪০
শে জন আমার পিতা মাতা ভ্রাতা বন্ধু
শেহি শে শুকৃতি ত্রাণ পাইল ভবসিন্ধু
দ্বিজোত্তম এহি উক্ত করে ধর্ম্মরায়
পুনঃবস্ত্র নিবারণে হরিপুর পায় ॥ ২৯৪১
পুণ্যাত্মাগণের জেমত গতি
সংখেপে কৈলাম হে মহামতি
বলি বিস্তারে গতি পাপাত্মার
শুন তাহা ওহে দ্বিজকুমার
দুরাত্মার শড়শিতি (১) জোজণ
বিস্তার পন্থ সর্ব্ব-দুব্খ গণ ॥ ২৯৪২
জ্বালণ অনল (২) কতেক স্থানে
কোণ স্থাণে তপ্ত-কর্দ্দম গণে
কোণ কোণ স্থানে দিজেন্দ্র ওহে
তপ্ত-তাম্র বালুক দেহা দহে (৩)
কোণ স্থাণে তপ্ত শিল (৪) আছয়
কোণ স্থাণে তিক্ষ্ণ প্রস্তরচয়। ॥ ২৯৪৩
কোণ স্থাণেত অস্ত্র বৃষ্টী হয়
কোণ স্থাণে বর্ষে কর্দ্দমচয়
কোণ স্থাণে বহ্নি হয় বর্ষণ
কোণ স্থাণে বর্ষে শুপক্কগণ
উষ্ণ নিরবহ (৫) কতেক স্থাণে
বর্ষে কোণ স্থাণে পশাণ (৬) গণে ॥ ২৯৪৪
কোণ স্থাণে অগ্নি হয় ক্ষেপণ
কোণ স্থাণে তপ্তানিল বহণ (৭)
গভীর অন্ধকূপ কোণ স্থাণে
মুখ তৃনাবৃত দ্বিজনন্দণে
কোণ স্থাণে কণ্টক বৃক্ষচয়
শে কণ্টক নারাচশরপ্রায় ॥ ২৯৪৫
পশাণ শ্রেণি কোণ কোণ স্থাণে
কোণ স্থাণে দুর্খদ শর্প্প-গণে
কোণ স্থাণে গাঢ় অন্ধকার
রক্ত কন্দর কোণ স্থাণে আর
কোণ স্থাণে বিরল বৃক্ষগণ
কোণ স্থাণে ব্যাপক শরবণ ॥ ২৯৪৬
কোণ স্থাণে কাষ (৮) পরিবার
লোষ্ট্র সর্ক্করা কোণ স্থাণে আর
দুর্গন্ধি শাড়া (৯) মাংষ কোণ স্থলে
কোণ স্থাণে কণ্টক বৃক্ষ কুলে
কচিত শৈবাল কিলবলয় (১০)
কোণ স্থাণে সার্দ্দুল শিবাচয় ॥ ২৯৪৭
কোণ স্থাণে খড়্গাদিরদ গণে (১১)
ভয়দ ঋক্ষ (১২) গণ কোণ স্থাণে
এমত বহুবিধ ক্লেষ-গণ
ছায়া আর শলিল বিবর্জ্জণ
শে মার্গে শে দ্বিজ-শ্রেষ্ঠ সদাসয়
দুব্খে ধাবমাণ পাপত্মাচয় ॥ ২৯৪৮
উলঙ্গ বিমুক্ত কুন্তলগণে
প্রেতাকার ভয়ঙ্কর দর্শণে
শুষ্ককণ্ঠ ওষ্ঠ তালুকা হয়া
পাপীগণ পথে চলিছে ধায়া
শুনিতে শরীর প্রুত আহার
কর্দ্দমে ভূশিত শরির কার ॥ ২৯৪৯

১ শড়শীতি ২ জলন্ত অগ্নি ৩ উত্তপ্ত তাম্রবর্ণ বালুকা দেহ দগ্ধ করে ৪ প্রস্তর ৫ উত্তপ্ত জল বর্ষণ হয় ৬ পাষাণ ৭ উত্তপ্ত বায়ু বহে ৮ কাশ ৯ পচিত ১০ মূলে আছে "কীলকাবলয়ঃ" অর্থাৎ পেরেক সকল ১১ গণ্ডার ও গজ সকল ১২ ভল্লুক

চশরীর কোন কোন জন
থে চলিতেছে পাপাত্মাগণ
কেহ ক্রন্দন করি উচ্চস্বরে (১)
কাহার লোচনে শলিল ঝরে ॥ ২৯৫০
নিজ কর্ম্ম স্মরিয়া কোন জনা
পথে চলে পাপাত্মা দুঃখমনা
কোন পাপাত্মাক চর্ম্মে বান্ধীয়া
ার গলে চর্ম্ম-পাষ লাগায়া ॥ ২৯৫১
ণ করিআ কার কঙ্কালে (২)
ার ভুজে বান্ধিআ ভুজবলে
াদিত্য নন্দন কিঙ্করচয়
াপাত্মার প্রতি বটে নির্দ্দয়
াশিকারন্ধ্রে অঙ্কুশাগ্র দীয়া
াকর্শিছে হে দ্বিজ পুণ্যকায়া ॥ ২৯৫২
চি দ্বারা রন্ধ্র করিআ নাষা
াষ দ্বারা বান্ধে হইয়া রুষা (৩)
ম প্রেরীত চণ্ডদূতগণে
আকর্শিআ কল্মষকৃত জনে
রক্তরূপল শিক্ষ (৪) বান্ধিয়া
রছে কর্ণ রন্ধ্রে চলে বাহিয়া ॥ ২৯৫৩
ার অহিভার (৫) লিঙ্গে পাপীর
ান্ধিআছে চলে হয়া অস্থির
িআ কেশত কতজনায়
ত্তকের কর্ণে ধরিছে আর
ার ভূজে পদে ধরিআ করে
পাপীষ্ঠক যমকিঙ্করে ॥ ২৯৫৪
 দ্বারা কার গ্রীবাত ধরি
 দ্বারা অতি নির্দ্দয় ভারি (৬)

ধাকায়া (৭) ধাকায়া যমনগরে
লইতেছে পাপীক যম কিঙ্করে
শিরশা অধত করি কাহার
পাদ উদ্ধভাগে করিছে আর ॥ ২৯৫৫
এ প্রকার ভাবে চলিছে কত
কত বায়ুবেগে চলে পহুত
কত একপদে গমণ গেছে
গমন করিছে মুণিন্দ্র ওহে
এমত বিক্রীত (৮) আকার হয়া
আর অতি আর্ত্তরাব করিয়া ॥ ২৯৫৬
করিয়া তাড়ণ গণ দূতে
পাপাত্মকে লয় পাপের পথে
আগত হইলে পাপাত্মাগণ
হয়া রুষ্ট তদা নৃপ সমন
দিব্যমূর্ত্তি ত্যাগ করিআ পরে
ঐত্যন্ত ভৈরব মুরতি ধরে ॥ ২৯৫৭
অতি দীর্ঘ তনু ত্রিংশ জোজণ
বাপীর সদৃষ যুগ লোচণ
ধূম্রবর্ণ বপু তেজে অগনী (৯)
প্রলয় জলদ সদৃষ ধ্বনী (১০)
তৃণ সদৃষ তনুরুহগণ
জলদঅগি প্রায় শিখাগ্রীবণ (১১) ॥ ২৯৫৮
নাষার রন্ধ্রের শ্বাষ বাত্যায়
মহাণ পবণ জেমণ বয়
দশণশ্রেণী দুই দির্ঘ অতি
নখাবলি ওর্দ্ধ্য শমাণ জ্যোতি
চণ্ড মহীশে করি আরোহণ
দণ্ডে অধর করে দংশণ ॥ ২৯৫৯

১ উচ্চৈঃস্বরে ২ কটিদেশে ৩ ভূত ৪ মস্তকে ভারী পাষাণ ৫ অজোতার অর্থ জোঁকের ভার ৬ [illegible] করিয়া ৭ ধাক্কা দিয়া ৮ বিকৃত ৯ অগ্নি ১০ ধ্বনি ১১ মূলে আছে "[illegible]"

দণ্ড হস্ত চর্ম্ম বস্ত্র শরীরে
ভ্রুকুটী কুটিল বদন করে
চিত্রগোপ্ত মহা শরীর ধরি
ক্রোধে রক্তবর্ণ লোচণ করি
অট্ট অট্ট হাস্য করে বদণে
থাকে সর্ব্বক্ষণ সমণ শণে॥ ২৯৬০
চণ্ড আদি যম কিঙ্করগণ
পায় মুদগরাস্ত্র করে ধারণ
ভৈরব ক্রোধেক লভিআ পরে
জলদ সদৃব তর্জ্জণ করে
জায়া পাপীষ্ঠক করে ভেদণ
করে আর শে শবাক বন্ধণ॥ ২৯৬১
সমণ এমণ বলিলে পরে
ধায়া জায়া পায়া যম কিঙ্করে
পাপী সকলক সমণ ছুত্তে
ধর্ম্মরাজ অগ্রে লয় তুরিতে
তদাকাল কাল দণ্ড লইয়া
হুঙ্কার শিষণ ছারে ক্রুধিয়া॥ ২৯৬২
আদিত্য নন্দণে কয় রে রে পাপ দুরাসয়
জানি চিত্তে বিবেকবিহিণে
এজে পাপ কর্ম্মগণ করিআছ কি কারণ
আপনাক পিড়িছ আপণে॥ ১৯৬৩
পাপীর মস্তকপরে জিবিতেশ নিরন্তরে
ত্রিষ্টে (১) দুহ্খ দায়ক বিশাল
জাণিঞা তাহাক মণে পাপকর্ম্ম কিকারণে
করিআছ লড়িল জঞ্জাল॥ ২৯৬৪
বন্ধু আমি পুণ্যাত্মার আমি রপু পাপত্মার
এজে কথাগণ কোণ স্থাণে
জান নাহি কি কারণ শাহি শুণ বিবরণ
কেণ পাপ আপণ প্রবণে॥ ২৯৬৫
দুহ্খদ শিরয়চয় দুহ্খে সমাবৃত তায়
পাপীগণে ভোজেণ তাহার
জাণিছ এমণ কথা শুণিয়াছ আর তথা
কেণ পাপ করিলা দুর্ব্বার॥ ২৯৬৬
ওরে পাপ দুরাসয় শুণি মম চর্চ্চাচয়
মিথ্যাজ্ঞান করিআছ মণে
অন্ত শে শকল কর্ম্ম ফলিল তাহার ধর্ম্ম
কৃত পাপ দেখ তা নয়ণে॥ ২৯৬৭
বিদ্যা ধণ বয় মত্য (২) হয়া না জাণিছ সত্য
ওরে পাপাশ্রিত দেহিগণ
ঘোরচক্রি পাপ জালে থাকহ সদা ব্যাকুলে
বিবেকতা বর্জ্জিছ জেমণ॥ ২৯৬৮
শেহি পাপপ্রভাবত এহি গতি উপগত
হৈল ভত্রে তোরা সবাকার
ক্লেষদ শরক ঘোর বটে অতি শুদুস্তর
যুগে যুগে থাক দুরাচার॥ ২৯৬৯
জন্যা ঘোর পাপগণ করিআছ আচরণ
না জাণিআ রামাক তখণে
শেহি পাপ ফলচয় ভুঞ্জ দুষ্ট এশময়
ক্রন্দণ করহ কি কারণে॥ ২৯৭০
শুপ্রজ্ঞা রমণী কয় এহি বলি ধর্ম্মরায়
পাপ[illegible]গণেক কারণে
ধীর চিত্রগোপ্ত প্রতি বলেণ ভাস্বতি তথি
পাপীপাপ বিচার সত্বরে॥ ২৯৭১
ধর্ম্মরাজ বাক্যচয় চিত্রগোপ্ত মহাশয়
শ্রবণ করিয়া শে শময়

১ ষ্টক। ২ মত্ত।

পাপাত্মার কর্ম্মগণ মূলসণে বিচারণ
করি ধর্ম্ম অগ্রে নিবেদয় ॥ ২৯৭২
কর্ম্মপাশে স্তবদ্ধণ তদা পাপী জনগণ
শমণেত ভিত হয়া অতি
ক্রন্দণ করিআ পরে এহি উক্তগণ করে
বলি তাহা দ্বিজ মহামতি ॥ ২৯৭৩
পাপীগণ নিগদতি শুর্দ্ধ-শুত মহামতি
জে পাপ করিছি আচরণ
ক স্থিত ছিল তথায় আমার জে পাপচয়
অগ্রে করিআছ নিবেদণ ॥ ২৯৭৪
শুভাশুভ কর্ম্ম কত করিআছি জত জত
পূর্ব্বে কর্ম্ম ভুবণভিতর
মহারাজ কোণ জণ আমার শে কর্ম্মগণ
বলিয়াছে তোমার গোচর ॥ ২৯৭৫
ওহে ব্রাহ্মণ সন্তাণ হয়া কোপে কম্পমাণ
হাশিআ অন্তক ভগবণ
াইস ওহে শাক্ষীগণ দেহি সাক্ষী এহিক্ষণ
এহি বাক্য বলেণ তখণ ॥ ২৯৭৬
লে যম ভগবন্ত তোরা সবে জে বৃত্তান্ত
জাণিআছ ওহে শাক্ষীচয়
ক্রমভাগী পাপাত্মার তার কর্ম্ম সমাচার
জথার্থ বলহ এশময় ॥ ২৯৭৭
লেন্দ্র সাক্ষীগণ শুর্য্য শোম প্রভঞ্জণ
পাবক আকাশ এ ধরণী
ল যম অহরহ শন্ধ্যা ধর্ম্ম ধর্ম্মবহ
এহি শাক্ষী সকলে তখণী ॥ ২৯৭৮
পাপাত্মা সবার কর্ম্ম শুভাশুভ ধর্ম্মাধর্ম্ম
শাক্ষীচয় বলেণ তখণ
জার জেহি কর্ম্ম চয় জায়মত্তে শে শময়
মূলাবধি করে উদিরণ ॥ ২৯৭৯
আর তার কর্ম্মহিত কয় যম শন্নিহিত
শ্রবণ করিআ পাপীচয়
সংখ্যা পায়া হৃষ্টমণ (১) মৃত শব প্রায় মৌণ
আচরণ করে শে শময় ॥ ২৯৮০
তারপর ধর্ম্ম নৃপবর মহাশয়
কড়কড় ছণি দণ্ড করি শে শময়
করে ধরি কালদণ্ড করিআ তর্জ্জণ
নিতকে প্রিতকে করে বিপুল তাড়ণ ॥ ২৯৮১
পাপকৃত সকলেক ধর্ম্ম নরপতি
করেণ তাড়ণ জদা হয়া ক্রোধমতি
তদা নিজ কর্ম্মক স্মরিআ পাপাচার
ক্রন্দণ করেণ অতি করি হাহাকার ॥ ২৯৮২
কৃতান্ত কিঙ্কর চণ্ডআদি ক্রোধে অতি
যমাদেশে পাপাত্মাক লয়া দ্রুতগতি
রৌরবাদি নিরয়ণিকরে শে শময়
নিক্ষেপেণ কাক (২)রৌদ্রে ক্ষেপে দুতচয় ॥২৯৮৩
সন্তাত কালশুত্র (৩) রৌরব মহাণ
সন্তপ্ত বালুকা কুণ্ডে দগ্ধ করে প্রাণ
কুম্ভিপাক নিরুম্বাব (৪) ঘোর প্রবর্দ্ধণে
পাপা ভক (৫) স্থাণে আর অশিপত্র বণে ॥ ২৯৮৪
নদি বৈতরণি আর কুপে নিক্ষেপণ
করিতেছে আদিত্য-নন্দণ-দুতগণ
ঘোর ঝিন্তারবে কাক রাখে তুলাকারে (৬)
অস্থিত(৭) করয় স্থিত কণ্টকে কাহারে ॥২৯৮৫
পুরিশলেপণে আর পুরিশভোজণে
যমাদেশে ভোজণে কাক স্থাপে দুতগণে

১ মূলে আছে "হ্রাস্তাক্লুষ্টমানসাঃ।" ২ কাহাকে ৩ কালসূত্র ৪ নিরুচ্ছ্বাস ৫ [illegible]
৬ তুলাকারে ৭ অস্থিতে

কোণজণ শেষ (১) গণ করিছে ভোজণ
বিজা (২) চয় ভোজণ করয় কোণজণ ॥ ২৯৮৬
কোণজণ পাণ করিতেছে মুত্রচয়
কতেক পাপাত্মা রক্ত ভূঞ্জিতে আছয়
সর্প সম জলৌক দেয় কাহার ওষ্ঠত
পর্ণগ (৩) করয় পূর্ণ কার বদণত ॥ ২৯৮৭
দারুণ দশণ-যুত যমদুতগণ
দশণ দ্বারায় কাক করয় দংশণ
সন্তপ্ত অস্ত্রের দ্বারা কাহার রশনা
উৎপাটণ করে ওহে দ্বিজ শুদ্ধমনা ॥ ২৯৮৮
কাহার বদণে তপ্ত তৈল ঢালী দেয়
কার কর্ণরন্ধ্রে ঢালি তপ্ত তৈল চয়
খড়্গ দ্বারা বাহু পদ ছেদন কাহার
কর্ণ নাসাচ্ছেদ করে কোন পাপাত্মার ॥ ২৯৮৯
জলদ্ অঙ্গারে কাক করায় শয়ণ
কণ্টকগারাচতুল্যে শোয় কত জন
সন্তপ্ত কর্দমে যম নৃপতি কিংকরে
সয়ণ করায় কোণ কোণ পাপীষ্ঠেরে ॥ ২৯৯০
দ্বিজশ্রেষ্ঠ কার কেশে করি আকর্ষণ
ভূতলমধ্যেত ক্রোধে করি নিপতণ
তপ্ত বিন্দি দিআ (৪) মুহু মুহু দুতগণে
নখ শঙ্কি বিদারণ করেণ সঘনে ॥ ২৯৯১
করে কাক তপ্ত লৌহ শূল অগ্রে স্থির
ক্রকচ বাণেত (৫) ভেদ করে কার শীর
ক্রোধে কাক হস্ত পদে করিআ ধারণ
কন্টক শাল্মলী ক্রোমে করে নিষ্কর্ষণ ॥২৯৯২
[illegible] অন্তরে
উৎব (৬) ময় করি অতি আর্ত্তরব করে

কোণ পাপীষ্ঠের গলে সমন কিংকর
করিআছে বন্ধন পাষান গুরুতর ॥ ২৯৯৩
রক্ত গর্ত্তে পুজ (৭) গর্ত্তে কাহাক ধরিয়া
পুণ পুন নিক্ষেপণ ক্লণীয়া ক্লণীয়া (৮)
পাপাত্মাগণের শীর রাখি তরু পরে
ক্রোধে মুহু মুহু বলে চুম্নাকৃত (৯) করে॥২৯৯৪
কাহার বক্ষের মধ্যে কিল (১০) লৌহ ময়
আরোপণ করিছে কান্দিছে অতিশয়
সুতিক্ষ্ণ বড়িশে চক্ষু উৎপাটেণ কার
বিস্বিক (১১) নাশিকারন্ধ্রে দেয়েণ কাহার ২৯৯৫
পায়ে পদ যুগ বদ্ধ কাহার করিআ
বৃক্ষ শাখা শঙ্গে রঙ্গে বান্দিআ রাখীয়া
সধুম শহিতে বহ্নি তেল জ্বালিআছে
কৃতপাপচয় তাক পাণ করিতেছে ॥ ২৯৯৬
অধমুখে উদ্ধপাদে চন্দ্রতারামাণে
রাখিআছে কাহাক শমণদুতগণে
মূশল মুদ্গার করে করিআ ধারণ
করিতেছে পুঃন পুন কাহাক তাড়ণ ॥ ২৯৯৭
কার রক্ত উদ্গিরণ করে যমদুত
ব্যোথাকুলাচিত্ত [illegible] পাপযুত
অতি পুতিগন্ধ অন্ধকারময় গেহে
দংশক মশক পূর্ণ ব্রাহ্মণেন্দ্র ওহে ॥ ২৯৯৮
এ প্রকার গেহে কাক করায় স্থাপন
মশক দংশকে তথু করেণ দংশণ
ভস্মগণ কাহার আহার মহাসয়
কোণ জণ কৃমিগণ ভূঞ্জিতে আচয় ॥ ২৯৯৯
কেহ শুদুর্গন্ধ মাংস করেণ ভোজন
কোণ যোক্তি ভুঞ্জেণ দুর্গন্ধ মূলগণ (১২)

১। শ্লেষ্মা ২ বীর্য্য ৩ সর্প ৪ উত্তপ্ত সূচী দিয়া ৫ করাত দিয়া ৬ উচ্চ ৭ পুঁজ ৮ ক্রুদ্ধ হইয়া ৯ চূর্ণ করে ১০ পেরেক ১১ বৃশ্চিক ১২ বৃশ্চিক

বজ্রসম নখ চঞ্চু ভয়ানক অতি
দরশণে প্রজাগণে মণে হয় ভিতি ॥ ৩০০০
এ প্রকার কোটী কোটী বায়শি বায়শে
পাপী আখি উত্‌খাতণ করেন নিমিশে
পাপীগণ তাপীমণ লভিআ তখন
আর্ত্তরব করি অতি করিছে ক্রন্দন ॥ ৩০০১
শরভ সার্দ্দুল আর শৃগাল নিকর
সে শবার নখ দন্ত বজ্র সমসর
এ শকলে শক্রকুলে করয় ভোজণ
নয়ণে বহিছে বারি করে আর্ত্ত-স্বণ ॥ ৩০০২
আলাপ করিআ দাপ স্বজ যারা কাযে
বক্ষ লক্ষ্য করি বক্ষ বিদারণ করে
প্রিথিবিত মূর্চ্ছিত হয়া—হয়াছে পতণ
রুধির ধারায় প্রিথি করিছে শেচণ ॥ ৩০০৩
দন্তাবলগণ দন্তে কোণ পাপাত্মার
বিভিন্ন করিছে বক্ষ বহে রক্তধার
পরিআ প্রিথিবিতলে করিছে ক্রন্দণ
রক্তে মহীতল তদা করিছে শেচণ ॥ ৩০০৪
যমদূত—ধনুর্মূক্ত বিষসম বাণে
পাপীর দেহাক ভেদে শুন্দর সন্ধাণে
মহীতলে বিকলে পরিয়া সে শময়
ক্রন্দণ করেণ অতিশয় পাপীচয় ॥ ৩০০৫
করিআ সন্তপ্ত পিণ্ড আকৃতি পষাণ
দেহপাক্কিদেশে কেহ মুখে করে দাণ
পাষাযন্ত্রে রক্তে বদ্ধ দিআ দূতগণ
পাপাত্মার স্বাবন্দিল করে নিয়োযন ॥ ৩০০৬
তিখ্ণ্ব জলধার কেহ শরীরে কাহার
যমদূতে উৎপাটিত করে চর্ম্ম কার
ক্রোধাবেশে কার কেশে করিআ ধারণ
মহীতলে ব্যাকুলে করিআ নিপাতণ ॥ ৩০০৭
দৃড়মুষ্টী ধরি মুষ্টী করেণ প্রহার
দেহে পদাঘাত আর করে বারম্বার
পর্ব্বতসদৃষ বপু ছিন্ন কঙ্কগণ (১)
কোণ পাপাত্মাক ধরি করিছে ভক্ষণ ॥ ৩০০৮
মহীতলে পুনরায় উদ্গিরণ করে
শ্বাষ শনে পুষ গীরা প্রবেশে উদরে
বিকৃত রাক্ষষ খড়্গাপম নখগণ
দিপ্তীবন্ত পাবক সদৃষ ভিষণ ॥ ৩০০৯
ব্যাদিত বদণ করি করিআ বিদার
মাংষরাশী ছিড়ি খায় কোণ পাপাত্মার
সন্তপ্ত ধারাম্বু দ্বারা কাক শিক্ত করে
ধারাম্বু করায় পাণ কোণ পাপাত্মারে ॥ ৩০১০
কোন পাপাত্মাক খাওাএণ পিত্ত্য (২) চয়
কেহ সহি থির (৩) পণ পিইতে আছয়
ধরিয়া কাহাক যম কিংকর নিকরে
নিপাতণ করে মহীমণ্ডল উপরে ॥ ৩০১১
পাশান পর্ব্বতসম অতি গুরুতর
করে দাণ পাপবাণ বক্ষের উপর
কাষ্ঠ দুই খণ্ড কার গলমধ্যে দিআ
তার অগ্রভাগ পায়ে বান্ধেণ ভিরিআ ॥ ৩০১২
বড়িশে নাসীকা কার করিছে ভেদণ
জল অগ্নি মধ্যে কাক করে নিক্ষেপণ
আরোহণ কাহাক করায় বৃক্ষডালে
তারপর নিক্ষেপণ করে মহীতলে ॥ ৩০১৩
পুনরায় বৃক্ষডালে করি উৎথাপণ
ভূতল মধ্যস্ত পুনঃ করে নিক্ষেপণ

১ চিল ও কঙ্ক পক্ষী।   ২ পিত্ত   ৩ কৃমিকীট

এহি মতে পাপীগণ খুধার তৃষ্ণায়
ত্রাহি ত্রাহি জপিআ জাতনা গৃহে রয় ॥৩০১৪
যুগকল্প পর্য্যন্ত ভোগীআ পাপগণ
পুণ পাপ শেষ ভোগে লভিআ জণম
পাপযুণি (১) পায় ব্যাধি পিড়াবন্ত হয়
হিনাঙ্গ অধিক অঙ্গ হয় দুরাসয় ॥৩০১৫
পরশেবাকর অতি মূর্খ হয় আর
পরহিংশাপরায়ণ বিহিণ কুমার
অল্পায়ু কুদম্পতি অল্পমতি হয়
পুন্ন নিত্যে পাপকর্ম্ম করে দুরাসয় ॥ ৩০১৬
পুহ্ন পাপ প্রভাবেত দুর্ঘোর ণরকে
পতণ হয়েণ পাপবন্ত দুষ্টলোকে
একারণ সাধুগণ পাপকর্ম্মগণ
করিতে না করে ইংসা ভূদেবনন্দণ ॥৩০১৭
পাপকৃত নরগণ ণরক হইতে
নিবির্ত্তিক (২) প্রাপ্তী ণাহি হয় কোণ মতে
ধর্ম্মপরায়ণ ওহে ব্রাঁহ্মণণন্দণ
বলিলাম শংখেপে পাপাত্মার দুখ্খগণ ॥৩০১৮
সম্যক বলিতে ক্ষেম (৩) বিহিণ আমার
ণহে সমাপণ বর্ণাযুত কৈলে তার (৪)
করিআছি পাপাত্মার দুখ্খ বিলোকণ
কৃতপুণ্য করি বিমাণেত আরোহণ ॥৩০১৯
জগতপালণ নারায়ণ গৃহে গীআ
কল্পকোটী সহস্রেক বসতী করিয়া
হরিগৃহে করিআ বিবিধ শুখচয়
মহীতলে শুদ্ধ রাজকুলে জন্ম হয় ॥ ৩০২০
সম্পত্তি শহিতে ভোগ করি শুখগণ
পুণরায় পরম্পদে করে আগমণ

একাদশী ব্রঁত সম নাহি ত্রিভুবণে
অনিচ্ছায় করি শতি মতে জনগণে ॥ ৩০২১
ভক্তিভাবে একাদশী ব্রঁত জে করিল
বাসুদেব কৃপায় শে কিবা না জানিল
নারায়ণ দিবশের শুমহাত্মাগণ
পষ্ট (৫) বলিলাম ওহে ব্রাঁহ্মণণন্দণ ॥ ৩০২২
এ দানীক তব কি শুনিতে ইংসা হয়
জৈমিনিক সম্বোদিআ ব্যাস মূনি কয়
এ প্রকার বাক্য পরে শুনিয়া ব্রাঁহ্মণ
পরম অদ্ভুত মণে মানিল তখন ॥ ৩০২৩
করিলেন দৃঢ়চিত্ত একাদশী ব্রঁতে
চিরকাল মহী ভোগী মহীশী ভূপতে
অন্তকালে প্রবেশীয়া শ্রীবিষ্ণু ভূবণে
পরম্পদ প্রাপ্ত ভূপ হৈল দারাষণে ॥ ৩০২৪
ব্রঁতরাজ মহাত্মাক জে করে শ্রবণ
কিম্বা ভক্তিযুত হয়া করে অধ্যয়ণ
পাপজালে মুক্ত হয়া অন্তকালে তিণী
নারায়ণ শন্নিহিত পাইবে জৈমিণী ॥ ৩০২৫
ইতি ক্রিয়াযোগসারে দ্বাবিংশ অধ্যায়
হইল রচণা গাণ স্বদেশ ভাষায়
বিশ্বশিংহ-কুলকমলিণী-প্রভাকর
নরেন্দ্রণন্দণ শ্রীহরেন্দ্র নৃপবর ॥৩০২৬
নারায়ণনামামৃতপানানন্দ অলি
করুক শতত পাণ করিআ অঞ্জলী
হে করুণাময় হরি করিয়া করুণা
কর ভূর্ণ পূর্ণ নৃপমণের বাশণা ॥ ৩০২৭
জে নাম করিলে পাপ ঘোর কাল হণে
অচিরে লভেণ মুক্ত পাপী জণগণে

১ যোনি ২ নিবৃত্তিকে ৩ শক্তি ৪ অযুত বদনে বর্ণনা করিলেও শেষ হয় না ৫ স্পষ্টভাবে

দেখিলা কালের রূপ কিমত ভিষণ
হৈা জাণী কৃষ্ণনাম স্মর নরগণ ॥ ৩০২৮
তাপকর পাপে মতি বারণ করিআ
চল ধর্ম্মকর্ম্মোপর মণ আরোপীআ
পরমবান্ধব ধীর আদিত্যণন্দণ
তাহার কার্য্যেত কিছু ণা দিআ দূষণ ॥ ৩০২৯
রাখিবা স্মরণ হরিণাম শুধারষ
তবে শে ভূবণ মাঝে থাকীবে শুযশ

এ জে যমরাণী রাধা শণী শমণ্বর (১)
সদা রামকৃষ্ণ বল ভূচরণিকর ॥ ৩০৩০
দেখ পাবে হৈল আণ শুভ্র শিতোদর
চিত্রপদ এড়িল দুর্ঘোর যমভয়
ণরেন্দ্রণিকরশিরমণী শিদেশণে
পাপমতি হিণ (২) অতি রিপুঞ্জয় তণে ॥
ভজণপূজণহিণ ক্ষিণ আমি অতি
ভক্তিতরি দিআ ত্রাণ কর গৌরিপতী ॥ * ৩০৩১

[ত্রয়োবিংশ অধ্যায়]

শুত শিগদতি   দ্বিজ মহামতি
বলিহে সম্প্রতি   কর শ্রবণ
একাদশী ফল   জৈমিণী শরল
শুণিয়া সকল   শুপ্রিত মণ ॥ ৩০৩২
কৃষ্ণ দৈপায়ণ   প্রভুক তখণ
করিআ বন্দণ   শে জে শুধীর
করি জোরকর   হয়া ভক্তিপর
বলে মুণিবর   মধুর গীর ॥ ৩০৩৩
জৈমিণি বদতি   শুক মহামতি
দেব লক্ষ্মীপতি—   শিবর ব্রঁত
প্রসাদে তোমার   মহাত্মা তাহার
কর্ণগত আমার   হইল ক্রত ॥ ৩০৩৪
তুলসী দেবীর   মহাত্মা রুচির
শ্রবণে পাপীর   পাপণাশণ
বল সদাশয়   শেহি কথাচয়
পাপের প্রলয় (৩)   হৌক অধণ ॥ ৩০৩৫

ব্যাষ শিগদতি   জৈমিণী শুমতি
দেব শচিপতি   প্রিভৃতি (৪) দেব
বিষ্ণুর প্রমোদা   চতুর্ব্বর্গপ্রদা
তুলশিক সদা   করেণ শেব ॥ ৩০৩৬
অমর ভূবণে   বলিনিকেতণে (৫)
এ জে মত্ত(৬)স্থাণে   তুলশী মাতা
ভকতি তাহারে   করে জে জে ণরে
চতুর্ব্বর্গ তারে   লভে সর্ব্বদা ॥ ৩০৩৭
দ্বিজ মহাতপ   তুলশি পাদপ
জথা থাকে পাপ   করে পাবণে
ত্রিদশণিকর   ব্রঁহ্মা বিষ্ণু হর
থাকে শিরন্তর   তুলশীবণে ॥ ৩০৩৮
পত্রের অগ্রেত   জগন্নাথ জাত
তাহার অগ্রেত   চতুরাণণ
পত্রবৃন্তে হর   ত্রিকৈ (৭) শিরন্তর
দেবতা শিকর   জাণী শে বণ ॥ ৩০৩৯

---

১ পূর্ণচন্দ্রের তুল্য ২ হীন ৩ নাশ ৪ প্রভৃতি ৫ পাতালে ৬ মর্ত্ত্য ৭ থাকে

* ইহার পূর্ব্বের শ্লোকটি পুঁথির পৃষ্ঠার এক পাশে লেখা আছে, সংখ্যা নাই।

লক্ষী সরেস্বতি (৫) অপর গায়ত্রী
দেবি ভগবতি পর্ব্বত শুত—
শচি আদি ক্রিঃ দেবের শুন্দরী
তুলশী মঞ্জরি বৈশে শর্ব্বথা ॥৩০৪০
ইন্দ্রাগ্নি সমণ নৈরিত বরুণ
অপর পবণ কুবের আর
শহস্র কিরণ আদি গ্রহগণ
বিশ্ব পঞ্চজণ (৬) শুণ আবার ॥৩০৪১
বসু (৭) মধ (৮) জত দেবর্শি সমস্ত
বিদ্যাধর জত গন্ধর্ব্বচয়
তুলশীর পাতে আশ্রয় শততে
ওহে বিপ্রশুতে কৈলাশ নিশ্চয় ॥৩০৪২

ভক্তিভাবে তুলশীক শেবেন জে জণ
শেবিল সে বিষ্ণু শিবাদয় (৯) দেবগণ
তুলশী মূলের ত্রির্ণ (১০) করে জে বিণাষ
তার ব্রঁহ্মহত্যা পাপ নাষে পিতব্বাষ ॥ ৩০৪৩
দ্বিজশ্রেষ্ঠ তুলশী শরিরে গ্রীষ্মকালে
শুগন্ধি শলিল শেচে যে নর সকলে
অন্তে বিষ্ণুপুরে গতি করি পুণ্যবাণ
তথায় শে শব শরে লভেণ নির্ব্বাণ ॥ ৩০৪৪
তুলশীক করে ছত্রাতপ (১১) ছত্র দাণ
বিশেষ নিদাঘে সর্ব্ব পাতক নির্জ্জান (১২)
বৈশাখে অক্ষত ধারা দ্বারা জেহি জণ
তুলশী বৃঁক্ষেত জল্বে করেণ শেচন ॥ ৩০৪৫
নিত্য তার অশ্বমেধ ফল প্রাপ্তী হয়
দ্বিজেন্দ্রশত্তম ইহা কভু মিথ্যা নয়
তুলশীক শেচে যেবা প্রকৃত উদকে
সর্ব্ব পাপ নাষে স্বর্গ পাবে শেহি লোকে ॥ ৩০৪৬

গোদুগ্ধ তুলশী বৃঁক্ষে শেচন জে করে
চঞ্চলা কমলাননা হয় তার ঘরে (১৩)
সম্মার্জ্জণি দ্বারা জেহি তুলশীর বণ
লেপণ গোময় দীয়া করিআ মার্জ্জন ॥ ৩০৪৭
তার পূণ্য ফলগণ ব্রাহ্মণতণয়
করি উদিরণ তাহা শুণ এ শময়
জত রজ বিণাষণ লভেণ তাহার
তাবত কল্প ব্রঁহ্মসঙ্গে করয় বিহার ॥ ৩০৪৮
শন্ধ্যাকালে তুলশীর তলে জেহি জণ
প্রজ্বালণ করি দিপ করে সংস্থাপণ
কোটীকুল শমিভ্যারে শেহি সদাশয়
অন্তকালে করে গতি নারায়ণালয় ॥ ৩০৪৯
ত্রিলোকের মাতা তুলশীক শিন্ধু হৈতে
উঠ (১৪) গন্ধ ধর (১৫) আর মহীষ হইতে
জে জণে করেণ রক্ষা তাক নারায়ণ
সদাকালে শেহিমতে করেণ রক্ষণ ॥ ৩০৫০
ভক্তিভাবে তুলশীক রোপণ জে করে
মৃত্যুক পাইআ মোক্ষ লভেন সে নরে
জে মানব ভক্তিভাবে প্রভাত শময়
মাতা তুলশীর বৃথ দরশন হয় ॥ ৩০৫১
জণার্দ্দন দরশন ফল হয় তার
চাক্ষসক এ শকল ফল সদাচার
ভক্তিশমন্বিতে জে মানব গুণধাম
তুলশীবৃক্ষক নিত্যো করেণ প্রণাম ॥ ৩০৫২
আয়ুর্ব্বল যব বিত্ত অপর সন্ততি
বর্দ্ধণ হয়েণ ওহে মুনি মহামতি
তুলশীস্মরণে সর্ব্ব পাপ হয় নাষ
শর্প্পে না করে বাঁধি শরির বিনাষ ॥ ৩০৫৩

৫ সরস্বতী ৬ বিশ্বদেবগণ ৭ বসুগণ ৮ মরুদ্গণ ৯ বিষ্ণু শিব প্রভৃতি ১০ মূল ১১ রৌদ্রাতপ ১২ পাপ হইতে মুক্ত হয় ১৩ চঞ্চলা লক্ষ্মী তাঁর ঘরে অচলা হন ১৪ উর্দ্ধ ১৫ পর্ব্বত

তুলশীর পত্র শুভ সর্ব্বপাপহর
তার দ্বারা স্নান করে জে সকল নর
তার দেহন্তরস্থায়ি (১) পাপ সমুদায়
তখণে বিণাষ পায় মুণি মহাসয় ॥ ৩০৫৪
তুলশী কাষ্ঠের মালা জে করে ধারণ
তার গাত্র পাপগণ হয় বিণাষণ
তুলশী গলিত পত্র তোয় শিরোপরে
বহন করেণ জে সকল সাধু নরে ॥ ৩০৫৫
গঙ্গাস্নান ফল প্রাপ্তি হয়েণ তাহার
জানিবা কিঞ্চিত্ত নাহি শংশয় ইহার
শুবদ (২) তুলশী তলে শুনৈবিদ্যগণ
জতণে যে নর ধীর করিআ অর্প্পণ ॥ ৩০৫৬
দুর্ব্বাদি কুশুম দ্বারা আরাধণ করে
বিষ্ণুপূজা ফল প্রাপ্তী লভেণ শেশরে
দিআ নৈবিদ্য শুগন্ধ পুষ্পগণ
তুলশীক অর্চ্চেণ জেহি জণ ॥ ৩০৫৭
প্রয়োগে চিত্ত শ্রীবিষ্ণু চরণে
ধর্ম্মার্থ কামামৃত (৩) প্রাপ্ত জণে
হরি তুষ্টী কহ শুর শেবিতা
ত্রিজগ জণণী জগ পালীতা ॥ ৩০৫৮
এমত তুলশী তাহে জে জণ
দোষহিণ হাণে করি রোপণ
তাহার শে বণে রোপণ করে
তুষ্টে হরি জগাধিপ মুরারে
অন্তকাল রেয় শমন শঙ্ক
নাহি পায় তাক কভু আপদ ॥ ৩০৫৯
বজ্র ব্রত আর শিন্ধু সুজণ
মুক্তমার্জিণ মাণ কর্ম্মাণ

অগণ্য শুভাশুভ কর্ম্ম চয়
তুলশীতলে জেহি মহাসয়
করেন তার শে জে কর্ম্মগণ
লভেণ অক্ষয় ত্রিজগজণ ॥ ৩০৬০
নারায়ণপ্রিয় তুলশী ছিণে
প্রিথিবিত জেহি মনুজগণে
ধর্ম্ম কর্ম্ম জত করে আচরণ
বটেন পুণ (৪) শেহি কর্ম্মগণ
তার সর্ব্ব কর্ম্ম বিফল হয়
দেবেব পঙ্কাজ সন্তুষ্ট নয় ॥ ৩০৬১
শুবদ তুলশী পবিত্র অতি
জাত্রাকালে জে নর মহামতি
জদি করে ভক্তিভাবে দর্শণ
শাধেণ জাত্রাফল নারায়ণ
হরি প্রশন্নে সর্ব্ব শিদ্ধ তার
দৃঢ় বাক্য মম দ্বিজকুমার ॥ ৩০৬২
ভুবণের নাথ মুকুন্দ হরি
মন্দার কুন্দ পদ্ম পুষ্পহারি
সদ্‌গুণধারিণী তুলশী মাতা
প্রমোদদায়ক শুধাণ পাত্তা
প্রচুর পাপ বিণাষণ দক্ষ
করেণ গ্রহণ তাকে পর্ব্বাক্ষ ॥ ৩০৬৩
জে জণ তুলশী উকারি (৫) করে
নিক্ষেপণ করে ধরণীতলে
শেহি পাপাসয় পাপ-আশ্রিত
অমৃত আস্বাদ নিদাণ ভুক্ত
তুলশীত প্রিয় বুদ্ধি অতি
অজ্ঞাণেও নষ্ট করিলে ক্ষতি ॥ ৩০৬৪

১ দেহ মধ্যবর্ত্তী ২ উত্তম ৩ অমৃত—মোক্ষ ৪ শূন্য ৫ উপাড়িয়া

প্রিয় তার আর সন্ততিগণ
পরমায়ু হয়েণ বিণাবণ
বিঁবুধ আশ্রয় তুলশী বনে
মূত্র বিষ্টা ত্যাগ করে জে জণে
অপর জে জণ আচমণ করে
তাপকর পাপ লভে শে ণরে ॥ ৩০৬৫
অণাষে (১) তার ধণ হাণি হয়
অন্তিমে অন্তকে লইয়া জায়
তুলশীর পত্রোত্তম শ্রীহরি অর্চ্চণে
উৎলণ (২) করে ধীর জে মাণব গণে ॥ ৩০৬৬
দ্বিজশ্রেষ্ঠ করের পল্লব ধন্ত তার
শেচি ণর শ্রেষ্ঠ মতিমাণ সদাচার
তুলশী মাতৃর চারু পত্রের চয়ণে
উচ্চারিবে জে মন্ত্র বৈষ্ণব জণগণে ॥৩০৬৭
দ্বিজেন্দ্রসত্তম তাহা করি উদিরণ
শ্রবণে দূরন্ত পাপ লভেণ নিধণ
হে মাত তুলশী হরি হৃদয়-ভাবিনী
পরমকারণীভূতা আণন্দদায়িণী ॥ ৩০৬৮
ণারায়ণার্চ্চণে তব চারুপত্রচয়
করিব চয়ণ দেবি ণমি এ শময়
পারিজাত আদি করি কুশুম ণিকরে
ঐত্যন্ত শুগন্ধ তাত ত্রিশুী ণয় হরে ॥ ৩০৬৯
তুমি বিণা ত্রিশুী ণহে জগত আধার
একারণ পত্র তুলী করি ণমস্কার
মহাভাগে তুমি বিণা ধর্ম্ম কর্ম্ম গণ
ণিস্ফল এযত্নে করি পত্রের চয়ণ ॥ ৩০৭০
হও মা বরদা হরি-আণন্দ-দায়িণী
মি মাতা পাদপদ্ম জোর করি পাণী

পত্রের চয়ণে দুঃখ হৃদয় যে হয়
ক্ষেম জগন্মাতা দেবি ণমি পদদ্বয় ॥ ৩০৭১
কৃতাঞ্জলী হয়া বলি এহি মন্ত্রগণ
তিণবার করতালী দিআ ধীরজণ
পত্রের চয়ণ করিবেক সাবধাণে
ণা কম্পাবে তুলশীর গাত্রক কখণে ॥ ৩০৭২
পত্রের চয়ণে জদি ভগ্নসাখা হয়
তুলশীর পতি বিষ্ণু হৃদে ব্যেথা পায়
ভূতলে পতিত জেহি পত্র পুরাতণ
তারদ্বারা পুজা হয় শ্রীমধুশুদণ ॥ ৩০৭৩
কোমল তুলশীপত্র দ্বারা জেহি জণে
অচ্যুত প্রভুর পদ চিন্তা করে মণে
জে ইৎসা চেতশে তার খিপ্র লাভ হয়
ভূমিশুরোত্তম ইহা কভু মিথ্যা ণয় ॥ ৩০৭৪
জৈমিণি বদতি সত্যবতি শুত ইষ (৩)
আছে কোণ বৃঁক্ষ আর তুলশী-সদৃষ
মম ইৎসা হয় প্রভু তাহাক জাণিতে
বলভূত তবে কৃপাময় কৃপাচিতে ॥ ৩০৭৫
ব্যাষ নিগদতি ওহে দ্বিজের ণন্দণ
শ্রীবিষ্ণুর প্রিয়তমা তুলসী জেমণ
তথা প্রিয়তমা ধাত্রি (৪) সর্ব্বপাপহর
পাপহর হৈলে হয় সর্ব্বশুভকর ॥ ৩০৭৬
তুলসীর পদাশ্রয় জে বিবুঁধগণ ;
ধাতৃপত্রে শেহিসব থাকে সর্ব্বক্ষণ
গঙ্গা আদি করি তির্থ জে আছে ভূবনে,
সকলে বৈশেণ গীয়া ধাতৃ সন্নিধাণে ॥ ৩০৭৭
বিষ্ণু প্রিয়তমা ধাতৃ জগদ্বিজ অতি,
জিহৈ জেহি স্থাণে দ্বিজ শ্রেষ্ঠ মহামতি

১ অনায়াসে ২ উত্তোলন ৩ প্রভু ৪ আমলকী বৃক্ষ

অশুভ বা শুভকর্ম্ম আমরণি তজে,
যে মানব আচরণ করে ভূমণ্ডলে ॥ ৩০৭৮
জান শুভঙ্কর হয় সেহি কর্ম্মগণ,
বিপ্র সদাসয় মিথ্যা নয় এ বচন
পবিত্র শভুন চারু মদন ধাতৃর,
উৎলন করি পুজা করে নৃহরির ॥ ৩০৭৯
সেজন কলুষ জাল হইয়া মোচন,
হরির সাযুজ্য পায় করি আগমন।
ধাতৃ কিম্বা তুলসী সন্নিষ্ট জেহি স্থানে,
সে স্থান পবিত্র নয় দ্বিজেন্দ্র নৈমিষে ॥ ৩০৮০
পুণ্য ক্রিয়া ফলদয় সেখানে না হয়
[illegible]
আমলকী তুলসী আশ্রমে জে জনার
বিহিন হয়াছে ওহে ব্রাহ্মণকুমার ॥ ৩০৮১
বটে অতি সুন (১) তার কৃত কর্ম্মগণ
নিষ্ফল লভেন নয় সফল কথন
সর্ব্ব দেবাশ্রয় ধাতৃপাদপ জে নর
হনন করেন সেহি পাপী শ্রেষ্ঠতর ॥ ৩০৮২
হরির শরিরে সেই করিল আঘাত
সংশয়মাত্রেত মুনি নাহিক ইহাত
ভূমিগুর ধাতৃ হিন আহার নিলয়
নিকেতনে বিহিন তুলসী বৃক্ষচয় ॥ ৩০৮৩
তুলসী সে জগাশ্রয় সকল পাতকে
কলিক (২) ভোষণ দিনে করে সেহি লোকে
ধাতৃ হিন জার গৃহ দ্বিজের নন্দন
হয়াছে বিহিন আর তুলসীর বন ॥ ৩০৮৪
সে স্থান শ্মশান সম জানিবা আপনে
ব্যখ্যা (৩) করিয়াছে তত্ত্বদর্শী বদীগণে
ধাতৃ তুলসীর বন জে স্থানে থাকয়
তত্রস্থানে সন্নিষ্ট জান সুমনসচয় (৪) ॥ ৩০৮৫
জে স্থানে বিহিন ধাতৃ তুলসী মহতা
সকল পাতক স্থিতি সর্ব্বদায় তথা
ধতৃ (৫) ফল-স্রজ সর্ব্বপাপনষ্টকয়
তাহারে বহন করে জে বীরপ্রবর ॥ ৩০৮৬
জগদিশ নারায়ণ লক্ষী সহকারে
তাহার শরিরাশ্রয় করে নিরন্তরে
ধাতৃ কাষ্ঠ (৬) মালা বহে জে নরপ্রবর
তার দেহাশ্রয় হয় দেবতানিকর ॥ ৩০৮৭
ধাতৃর ফলের স্রজ করিয়া গ্রহণ
জে সকল কর্ম্ম নর করে আচরণ
শুভ কর্ম্ম হৌক কিম্বা অশুভ বা হয়
নিশ্চয় জানিবা তার লভিল অক্ষয় ॥ ৩০৮৮
জে মানব ধাতৃফল করয় ভোজন
অখিল তত্ত্বেক তিনি হইল স্নাপন
তার দেহান্তরস্থায়ি (৭) ঘোর পাপচয়
বিনাষ লভেন ওহে মুনি মহাশয় ॥ ৩০৮৯
ধাতৃ ফলমই মালা জে করে গ্রহণ
তাহার মাহাত্ম্যাগণ্য করি উদিরণ
শ্মশানে বজনী দৈবে মৃত্যু হয় তার
গঙ্গাতে মরণ তুল্য ফল সে জনার ॥ ৩০৯০
তাহাক পাপাত্মাগণ করিলে দর্শন
কোটীজন্মার্জ্জিত পাপে হয়েন মোচন
ধাতৃ আর তুলসীর কর্দ্দম জে জনে
ধারণ করেন নিত্যে দিন মাস হয়েন ॥ ৩০৯১
দিনে দিনে শত অশ্বমেধের (৮) ফল
লাভ হয় তার ওহে দ্বিজেন্দ্র সরল

১ সুন ২ কলিকে ৩ ব্যাখ্যা ৪ দেবগণ ৫ ধাত্রী ৬ কাষ্ঠ
৭ দেহব্যাপ্তী ৮ শত অশ্বমেধ হইতে উদ্ভূত।

সর্ব্বদেবময় ধাত্রু প্রিয়া কেশবের
বলিতে সম্যক গুণ নহেণ ব্রহ্মের ॥ ৩০৯২
যে মাণব ধাত্রু তুলসীত ভক্তি করে
শে মাণব সর্ব্বতত্ত জাণিল অন্তরে
সকল ভোগেক ভুগী শেহি সদাশয়
অন্তকালে হরির প্রশাদে মুক্ত হয় ॥

* * *
* * *

ইতি ক্রমাজোগসারে তৃতীয় বিংশতি
হইল বিরাম রষময় কথা ইতি ॥ ৩০৯৩

চতুর্ব্বিংশ অধ্যায়।

ব্যাষ শিগদতি শুমহাত্মা তুলশীর
সমাশত বলিলাম প্রস্তাব রুচির
হে জৈমিণী দ্বিজবেত্র এদাণীক তব
কি শুণিতে ইৎসা তাহা বল শুণাম্ব্রব ॥ ৩০৯৪
জৈমিণী বদতি মহাবাহো তপোধণ
তুলশী মহাত্মা তুষ্ট কয়ব শাষণ
অতিথির অর্চ্চণ মহাত্মা মহাসয়
বিস্তারিয়া আমাক বলহে এশময় ॥ ৩০৯৫
শুত শিগদতি দ্বিজ কর অবধাণ
মহাতেজা ব্যাষ সত্যবতির সন্তাণ
তুলশীর মাহাত্মক বলিতে তখন
আরম্ভ করিল কথা শ্রবণ রঞ্জণ ॥ ৩০৯৬
ব্যাষ শিগদতি এ তুলশী ভগবতি
সাক্ষাৎ মহালক্ষী ভগবন্ত প্রিয়া সতী
পাপাক্রান্ত মূঢ় চেত মাণব নিকরে
বিলোকণ-কথণ শাহিকে করে তারে ॥ ৩০৯৭
ধাত্রু তুলশীক অতি সাদর পূর্ব্বক
সেচণ করেণ যে সকল মর্ত্ত্যলোক
ইন্দ্র আদি দেবগণ অর্চ্চিল সেজণ
অর্চ্চণ করিল শেই অমর ভুবণ ॥ ৩০৯৮
পরং ব্রহ্ম স্বরূপিনী তুলশীর বন
থাকেন যেথানে ওহে ব্রাহ্মণ নন্দন
সে স্থানে কুশল সর্ব্ব সুদৃঢ় একথা
বলিলাম নহে ইহা কথন অন্যথা ॥ ৩০৯৯
মৃত্যুকালে গলীত সুদল (১) তুলশীর
প্রাপ্ত হয় জদি তার একবিন্দু নীর
জগতের কর্ত্তা ভর্ত্তা দেব জনার্দ্দণ
পরম আনন্দে লভে তাহার ভুবণ ॥ ৩১০০
তুলশীমূলের মৃদ ত্রিপুণ্ড্র করিয়া
তিলক ধারণ করি মৃত্যুক পাইয়া
মুক্ত হয়া শে নর দুর্ঘোর পাপ হনে
প্রবেশণ হয় গীয়া চক্রির ভুবণে ॥ ৩১০১
মৃত্যুকালে মুখ কর্ণে পত্র তুলশীর
ধারণ জেজণ করে হে দ্বিজেন্দ্র বীর
আদিত্য নন্দণ ধর্ম্মরাজ মহাশয়
শেদ্রে মহাত্মার ধাবি কথণ না হয় ॥ ৩১০২

১ শোভন দল।

চুলশীর গুণগণ সংযোগ করিয়া
ইতিহাষ বলি শুণ দ্বিজ পুণ্যকায়া
চতুর্ব্বর্গ্‌গ্র ফলপ্রদ শে জে কথাগণ
কল্মষ বিণাষ হয় করিলে শ্রবণ ॥ ৩১০৩
পুণ্যভূমি মধ্যে দ্বিজ পবিত্র আখ্যাণ
পবিত্র কুলেত জন্ম পরমার্থ জ্ঞাণ
বহ্নণামাখ্যাণ (১) তার ব্রাহ্মণী পলণা
সদ্বংশপ্রভবা পতিসেবাপরায়ণা ৷ ৩১০৪
অণায়ত্তমত্তি ণাম দ্বিজ একজণ
শে হন্ত পবিত্র হরিশেবাপরায়ণ
তার সঙ্গে রঙ্গে সখিভাব আচরিয়া
হরিপাদপদ্ম চাক্ক থাকে আরাধীয়া ॥ ৩১০৫
হরি কথা আলাপণ করণ কারণ
গেল শুপবিত্র ব্রাহ্মণের নিকেতণ
বিলোকণ করি তারে পবিত্র শুমতি
বরাশণ বশীতে দিলেণ শিঘ্রগতি ॥ ৩১০৬
আছে হুয়োজণ কথা আলাপণ করি
গেল তথা লোমোষ (২) তাপষ তেজধারি
লোমোষ দ্বিগ্রক তথা করিয়া দর্শণ
পিঠ (৩) হণে উৎথাপণ হয়া হুয়োজণ ॥ ৩১০৭
বরাসণ পাদ্য অর্ঘ করিয়া প্রদাণ
অর্চ্চিল দ্বিগ্রক থিপ্র করি বহুমাণ
নারায়ণপরায়ণ লোমোষ তথণ
প্রাগুার্চ্চণে হইল তপ্রিতি অতি মণ ॥ ৩১০৮
করিয়া বদণে শংকির্ত্তণ হরিণাম
বরাশণে উপবিষ্ট হৈল গুণধাম
কৃতাঞ্জলি মহাত্মা লোমোষ মুণিবর
পবিত্রণায়ত্ত মতি (৪) হয় ভক্তিপর ॥ ৩১০৯
জোর কর করি এহি বলিল ভারতি
পবিত্রণায়ত্ত মতি (৪) যতি শিগদতি
সর্ব্বধর্ম্মজ্ঞাতা ভগবন্ত দয়াময়
ভূবণপাবণ তব পদরেণুচয় ॥ ৩১১০
সাধু সকলের গ্রহণিয় রজগণ
আমার আশ্রমে তাহা হইল পতণ
করিআছি পূর্ব্বকালে জে জে পাপচয়
হইল বিণষ্ট দেখী তব পদদ্বয় ॥ ৩১১১
সাক্ষাৎ ণারায়ণ রূপ বটহ আপণে
পুজিতে সমস্ত সক্তি ণাহি ধরে জণে
অতিথের কৃত পুজা পুজণ তোমায়
ণিজ শক্তিরূপে করিলাম কৃপাধায় ॥ ৩১১২
আমা হুজণার প্রতি হও শুপ্রসণ
ক্ষেমা কর মুণীবর ছিদ্র দোষগণ
গৃহধর্ম্মাশ্রয় দ্বিজশ্রেষ্ঠ হুয়োজণে
করি এহি উক্তি পৈল আগস্ত চরণে (৫) ॥ ৩১১৩
ব্যাষ ণিগদতি যতি বিপ্রের ভক্তিত
হইল সন্তুষ্ট অতি লোমোষ পণ্ডীত
মাণবপুজিত শেজে লোমোষ তাপষ
মিষ্টবাণী বলিল জৈমিণে মহাযষ ॥ ৩১১৪
লোমোষ বদতি হে যুবয়ো (৬) মহামতি
তোমার কর্ম্মে হইলাম প্রিতি অতি
হে যুবয়ো তোমায় বটেণ সাধুমিত (৭)
লভিআছ পুত্র নিজ বংশ প্রতিষ্ঠিত ॥ ৩১১৫

১ বহলা নাম ২ লোমশ ৩ আসন।
৪ পবিত্র ও অনায়ত্তমতি দুইজন ৫ আগন্তুকের চরণে পতিত হইল।
৬ "যুবয়োঃ" সংস্কৃত শব্দ মূলে আছে। অর্থ "তোমাদের।" অনুবাদক ভ্রমে পতিত হইয়া 'হে যুবয়ো' বার বার লিখিয়া গিয়াছেন। ৭ রীতি

বিণয় হইতে লব্ধ হয় ধর্ম্মচয়
বিণয় হইতে যষ লব্ধ গুণিশ্চয়
হয় বিত্ত লব্ধ হৈলে বিণয়স্বভাব
বিণয় হইতে কিবা নাহি হয় লাভ॥ ৩১১৬
হে যুবয়ো শবিণয় কুলজ অপার
এহি শ্রেষ্ঠ ধর্ম্ম বলিলাম শারাত্শার
শবিণয় উক্তি আপ্যাইত (১) মণ করে
হইলাম প্রিতি অতি চরণে তোমারে॥ ৩১১৭
শাক্ষাত ব্রঁহ্মা বিষ্ণু শিব অতিথি জেজণ
এ প্রকার উক্ত করিআছে বুধগণ
যুবয়ো তাহাত ভক্তি হৈল জে অপার
পুরুশের উত্তম শেহি শে গুণাধার॥ ৩১১৮
ব্রাঁহ্মণসত্তম বহু জন্মের শাধণে
মোক্ষপদ প্রাপ্তী হয় মত্য (২) জণগণে
যুবায়ো অতিথি পদ করিলে অর্চ্চণ
হয় শেহি লব্ধ মিথ্যা নয় এ বচণ॥ ৩১১৯
মহাভাগ যুবা দুই উঠ এশময়
সকল মঙ্গল তব হইবে নিশ্চয়
আরাধণ আমাক করিলা জেণমত
ভুরিভক্ষে (৩) অতিথিক তুশীবা শতত॥ ৩১২০
ব্যাষ শিগদতি যতি বিপ্র দুইজন
মুণিপাদপদ্ম হণে উঠিআ তখণ
পাদপদ্মে ণমস্কার করি পুণরায়
মুণিত্রক বচণ বলিল শবিণয়॥ ৩১২১
পবিত্রপায়ষমতি ব্রাঁহ্মণ বদতি
অতিথির মহাআর শহে মহামতি
জে কর্ম্ম করিয়া দুখ্খভাগী শরচয়
অচিরকালেত মুক্তিপদলাভ হয়॥ ৩১২২

অতিথি বা কেবা তিনি বটে কিবহ্মাণ (৪)
তাহার অর্চ্চণ শুন্ন কিমত বিধাণ
আতিথ্য অর্চ্চণে কিবা গতি প্রাপ্তী হয়
অর্চ্চণ বিহিণ হৈলে কি গতি লভয়॥ ৩১২৩
লোমোষ বদতি শুণ দ্বিজশ্রেষ্ঠদ্বয়
ব্রহ্মচারি গৃহি বাণপ্রস্থ ভিক্ষু কয়
বাণপ্রস্থ ব্রঁহ্মচারি ভিক্ষুক অপর
এ শব আশ্রম হৈতে গৃহি শ্রেষ্ঠতর॥ ৩১২৪
চতুর্থ আশ্রম হৈতে গৃহস্ত প্রধাণ
পুজিবেক অতিথিক করিয়া সম্মাণ
গৃহির পরম ধর্ম্ম অতিথি শেবণ
পণ্ডীত শকলে করিআছে উদ্দিরণ॥ ৩১২৫
জে গৃহি হইল ভ্রষ্ট আশ্রম আচার
নহেণ শেজণ গৃহি মিথ্যা গৃহ তার
জে গৃহি হইল দক্ষ অতিথি অর্চ্চণে
অন্য বহু পুণ্য কর্ম্ম কিবা প্রয়োজণে॥ ৩১২৬
অজ্ঞাত জাহার নাম গোত্র আর স্থিতি
অকস্মাৎ গৃহাগত শেহি শে অতিথি
ব্রাঁহ্মণ ক্ষেত্রিয় বস্য অপর বৃঁষল (৫)
গৃহমধ্যে আগমণ হৈলে এশকল॥ ৩১২৭
বিষ্ণুপ্রায় অর্চ্চিবেক তত্ত্বদর্শীগণ
অপর বলিহে বিপ্র কর আকর্ণণ
চণ্ডালপ্রমুখে আছে হিণ বর্ণ জত
অকস্মাত তারা জদি হয় গৃহাগত॥ ৩১২৮
বিষ্ণুপ্রায় অর্চ্চিবেক পাদ্য অর্ঘ দানে
করিবে সন্তুষ্ট ভুরিভক্ষ শদক্ষীণে
শিকেতণে অতিথি জখন সমাগত
আলোকণ করি গৃহি হয়া অবণত॥ ৩১২৯

সত্বরে আসন তারে করিয়া অর্পণ
দিজেন্দ্রছি পাদ্য অর্ঘ করিআ অর্চ্চণ
বচণ কোমলাক্ষরে কুশল পুছিবে
হর্ষে গৃহি দিব্যান্নে ভোজণ করাবে ॥ ৩১৩০
হে শুধীর স্থীরমতি কর আকর্ণণ
পরে শুখ গৃহে দিবে শুখদ শয়ণ
ণিশীর গমণে প্রভাকর আগমণে
করিআ প্রণাম বিসর্জ্জিবে গৃহ হণে (১) ॥ ৩১৩১
জদি কর্ম্মবিপাকে গৃহস্ত দুঃখবাণ
বলি তার অতিথির পুজার বিধাণ
ণিকেতণে অতিথি হইলে আগমণ
ভক্তিভাবে শিঘ্রে তারে দিবে তৃণাষণ ॥ ৩১৩২
অতি ভক্তিভাবে গৃহি হয়া নম্রবাণ
তৃণহিণে ভুমিত বশীতে দিবে স্থাণ
পদ প্রক্ষালণ হেতু দিবে দিব্য জল
তারপর মিষ্টবাক্যে পুছিবে কুশল ॥ ৩১৩৩
ভোজণ কারণ ফল মূল আণি দিবে
ফল মূল হিণে দরিদ্রতা প্রকাশীবে
বলিবে এমত হে অতিথে আমি অতি
মহাপাপী অখিল দরিদ্র হিণমতি ॥ ৩১৩৪
দেবতায় আমাক করিছে বিরোধণ
নাহি শক্তিমত্ত তোমা করিতে তোষণ
হে বিপ্র বিজণ এহি বিধি পুরস্বরে
গৃহাগত জণাক জত্তণী পূজা করে ॥ ৩১৩৫
স্বচায় (২) পতিত তিনী কখন না হয়
অশোক ফলেক প্রাপ্তী হয় সে নিশ্চয়
অণর্চ্চিত হয়াতিথি (৩) গৃহি-গৃহ হণে
বিমুখ হইয়া গতি কৈলে অন্ত স্থানে ॥ ৩১৩৬

কোটী জন্মাবধি পুণ্য যে থাকে সঞ্চয়
অতিথের শঙ্গে জায় লভে তার ক্ষয়
এক রাত্রি অতিথিক অতি ভক্তিভাবে
অর্চ্চণ করিয়া গৃহে স্থাণ জেবা দিবে ॥ ৩১৩৭
কোটী জন্মার্জ্জিত ঘোর কলুষ তাহার
তুষ্টে ণষ্ট করে হরি জগৎ আধার
সত্যে বলিলাম দৃঢ় করিলাম ভাষণ
দৃঢ় বলি পুণঃ পুণঃ কর তা শ্রবণ ॥ ৩১৩৮
অতিথি পুজণ বিণা গৃহস্ত জণার
অন্ত কোণ মতে গতি নাই তার আর
সত্য সত্য সত্য বলি কর্ণগত কর
বিনাতিথে গতি নাহি নাহি গৃহি ণর ॥ ৩১৩৯
দ্বাপর যুগেতে ছিল জ্ঞাণবন্ত্র (৪) ণাম
জাতিত বষভ (৫) ধর্ম্মজ্ঞাণী গুণধাম
বল্লভা আখ্যাণ তার বামণয়ণার (৬)
সর্ব্ব-ধর্ম্ম-জ্ঞাতা শ্রেষ্ঠ মাণীণী সবার ॥ ৩১৪০
সৌরাষ্ট্রে (৭) বশতি ভার্য্যা শহ পৃত অতি
জাণি শকলেক শেষি হিণ মহামতি
তথা এহ সকাবেত দ্বাদশ বৎসর
জল বৃষ্টী (৮) ইন্দ্র ণাহি করে ভূভিতর ॥ ৩১৪১
দ্বিজেন্দ্র দ্বিজণ (৯) পরে কর কর্ণগত
বর্ষাম্ বিহিণে হৈল দুর্ভিক্ষ (১০) মহত
সে দুর্ভিক্ষে শেহি দেশবাশী প্রজাগণ
দুখে আত্মধর্ম্ম্ প্রদাক করিল বর্জ্জণ ॥ ৩১৪২
জ্ঞাণভদ্র গোপ অতি উত্তম প্রবর
বহুতর পুত্র তার দ্বিজ গুণাকর
সে মহাত্মা ফল মূল জলের কারণ
পর্ব্বত নিকট ভূমে করিছে ভ্রমণ ॥ ৩১৪৩

১ হইতে ২ আচার—নিজের আচার ৩ অতিথি অর্চ্চিত না হইয়া ৪ জ্ঞানভদ্র ৫ গোপ ৬ স্ত্রীর ৭ সৌরাষ্ট্রে ৮ বৃষ্টি ৯ দ্বাদশ ১০ দুর্ভিক্ষ।

খুদিত হইয়া তথা ভ্রমিতে গোপাল
কুষ্মাণ্ডের ফল এক লভিল বিশাল
শেহি ফল পাইয়া হইয়া হরশীত
আপণ ভূবণ গোপ চলিল তরিত ॥ ৩১৪৪
জ্ঞাণভদ্র মহামণা আশীলে মন্দীরে
অণিল পটলে ঘণে তার অণন্তরে
গগণক আম্বাদিআ (১) বর্ষিতে লাগীল
শে মাহা (২) বৃঁষ্টীতে প্রিথি প্লাবিত হইল ॥ ৩১৪৫
প্রাণি শকলের দেহ হইল প্লাবিত
কোণ এক বণচর ছিল অটবিত
বৃঁষ্টীর আঘাতে শীতে হয়া কম্পমাণ
জ্ঞাণভদ্র গোপ গৃহে করিল পয়াণ ॥ ৩১৪৬
অগ্নি জ্বালাইয়া গোপ শেহি অতিথির
শিত নিবারিয়া শুস্থ করিল শরীর
গতশীত অতিথিক করিল বন্দণ
পাদ্য অর্ঘ দিআ তাক দিল তৃণাষণ ॥ ৩১৪৭
মধুর বচণে শেহি অতিথি সহিত
আলাপণ করি গোপ হয়া আনন্দিত
গোপের গৃহিণী স্বামিশেবাপরায়ণা
কুষ্মাণ্ডের ফল কাটী করি বিবেচনা ॥ ৩১৪৮
পরে শে গোপাল দিল বিংশ পরিমাণ
উপবাষ করিয়া দুর্ব্বল হৈছে জাণ
অতিথি শেবক গোপ পরম শাত্তিক
আপণ কুষ্মাণ্ড ভাগ দিল অতিথিক ॥ ৩১৪৯
স্বামিভক্তিপরায়ণা গোপের রমণী
শেহ নিজ ভাগ অতিথিক দিল আণী
শে মহাত্মা দম্পতির দুই ভাগ খায়া
আনন্দিত অতিথি পরম পুজা পায়া ॥ ৩১৫০

বিষ্ণুতুল্য পুজিত হইয়া শে রাত্রত (৩)
বিশ্রাম করিল গোপমন্দিরে অতিথ
প্রাতস্নান করিতে অতিথ জদি গেল
উপবাস একবিংশ দিবষ হইল ॥ ৩১৫১
একবিংশ দিবষ করিআ উপবাষ
গোপ দম্পতির প্রাণ হইল বিনাষ
শেহি কালে শেহি গোপ দম্পতি দুজণ
হরির শাযুজ্য রূপ পাইল তখণ ॥ ৩১৫২
তাহার অতিথিশেবাফলে শেহিক্ষণ
শে রাজ্যের দুর্ব্বিক্ষা হইল বিণাষণ
অতিশয় শুখি আর হৈল লোকচয়
মেঘগণ কালেত বর্ষিল শে শময় ॥ ৩১৫৩
পূর্ব্বকোটি আর পর কোটি পুরুশের
শেহি পুণ্যে মুক্তিক লভিল শে গোপের
দোষহিণ ধণিল (৪) হইয়া অতিশয়
শোক ব্যাধি বর্জ্জিত হইয়া বংশচয় ॥ ৩১৫৪
বৃঁদ্ধি যুক্ত হয়া ধরা মণ্ডলে আছিল
তার অনন্তরে মুণি লোমোষ বলিল
আগন্তুর শেবায় মিলে জেহি ফল
ইতিহাষ বলিলাম তোমাক শকল ॥ ৩১৫৫
তোমার দুইর বিপ্র ত্রিপ্তীর কারণ
কি শুনিতে চাহ তাহা বলিব অখণ
ব্যাষ নিগদতি মুণি লোমোষ বলিতে
তখণে মুণীক এক কালের প্রেরিতে ॥ ৩১৫৬
প্রাপ্তকাল মুণীক উঠিল গর্ত্ত হতে
আশ্রমে থাকিয়া মুণি দেখী কোপমণে
পুনঃ পুনঃ বিজ্ঞ বলিলেণ এ প্রকার
এহি দুষ্টে নষ্ট করে আশ্রম আমার ॥ ৩১৫৭

১ আস্বাদিয়া ২ মহা ৩ রাত্রিতে ৪ ধনী।

দন্ত দিআ আশ্রম খণ্ড করি দুষ্ট
গৃহের অনেক বস্তুগণ করে নষ্ট
সকল ধর্ম্মের শ্রেষ্ঠ কৃপাধর্ম্ম হয়
ছুষ্টেক করিতে কৃপা উচিত না হয় ॥ ৩১৫৮
এহি বলি নারাচ (১) ধরিয়া সেহি বিপ্র
মূশীক বধিতে শর প্রহারিল খিপ্র
শ্রবিল (২) রুধির ধারা পরিল মূশীক
দেখী দয়াবিষ্ট হৈল ব্রাহ্মণ সাত্তিক ॥ ৩১৫৯
হাহাকার করি নিজ কর্ণ হণে (৩) আনি
তুলসীর পত্র এক মূশের (৪) তখনী
বদণেত দিল কিছু কর্ণেত অপর
আর এহি কথা বলিলেণ দ্বিজবর ॥ ৩১৬০
হে মাত তুলসী তুমি গোবিন্দের প্রিয়া
মূশীকেক মুক্ত কর করুণা করিয়া
হরি নারায়ণ ধ্বণী করিল ব্রাহ্মণ
তুলসীর পর্শ (৫) পায় মূশীক তখন ॥ ৩১৬১
শুনিয়া শ্রবণে নারায়ণ নাম চয়
নিষ্পাপ হইল সে মূশীক সে সময়
প্রাণ যোগ মাত্রে বিষ্ণু দুতগণে আসী
রথেত তুলিল নষ্ট হৈল পাপরাশী ॥ ৩১৬২
গমণ করিয়া ইশ্বরের নিজ স্থাণ
যুগ কোটী সহস্রেক বর্ষ পরিমাণ
থাকিয়া বিষ্ণুর পুরে নিষ্পাপ মূশীক
মোক্ষ পাইলেন আর কি কব অধিক ॥ ৩১৬৩
ব্যাধ বলে তুলসীর মাহাত্ম্য যেমণ
কাহিলাম আমি বিপ্র করিলা শ্রবণ
এবে কি শুনিতে ইৎসা (৬) কর দ্বিজবর
বলিলে তাহাক আমি বলিব সত্তর ॥ ৩১৬৪
ক্রিয়াযোগসারে চতুর্ব্বিংশতি অধ্যায়
বিরাম হইল ভজ হরি রাঙ্গা পায় ॥ ৩১৬৫

[পঞ্চবিংশ অধ্যায়]

জৈমিনি বদতি মহাভাগ তপোধণ
সুদারুন কলি যুগ হৈলে আগমণ
কিযুশী হইবে এতে লোক সমুদায়
কৃপান্বিত হয়া গুরু বল তা আমায় ॥ ৩১৬৬
ব্যাধ নিগদতি শুভ কর্ণগত কর
আদ্য সত্য যুগ ত্রেতা যুগ তদন্তর
তারপর দ্বাপর দ্বাপর শেষে কলী
এহি চতুর্ব যুগ বুধগণে আছে বলি ॥ ৩১৬৭
চতুষ্পাদ ধর্ম্ম ধর্ম্মরত সর্ব্বজন
বর্ণাশ্রমরত তপস্ব তপয়াণ
নারায়ণার্চ্চণপর লোক সমুদায়
শোক ব্যাধি এ দুইর পিড়া নাহি পায় ॥ ৩১৬৮
সত্যকথা ভাষণ করিছে জণগণ
সদয়া সকলে দীর্ঘজিবি সর্ব্বজন
ধনধান্যপুত্র হিংসাদ্বেষবিবর্জ্জিত
শাস্ত্রজ্ঞ পরোপকারি ছিল যথোচিত ॥ ৩১৬৯

---

১ নারাচ ২ বহিল ৩ হইতে ৪ মূষিকের ৫ স্পর্শ ৬ ইচ্ছা

এ প্রকারবিধ সত্যযুগে জনচয়
আছিলেন হে জৈমিণী ব্রাঁহ্মণতণয়
রাজধর্ম্মগ্রাহি ছিল সকল ভূপতি
অধর্ম্ম করিতে তারা নাহি করে মতি ॥ ৩১৭০
আদি সত্য যুগের জে ছিল গুণগণ
ক্ষেম (১) কার সঙ্খ্যা তার বলিতে ব্রাঁহ্মণ
শে যুগে অধর্ম্ম নরগণ নাহি করে
ধর্ম্মকর্ম্মে মাণবের মণ ণিরন্তরে ॥ ৩১৭১
ত্রেতাযুগ জখন হইল উপগত
ধর্ম্মের হইল তদা এক পাদ হত
ক্লেষান্নিত অল্প লোক হৈল শে শময়
দয়াবন্ত হৈল কোন কোন জণচয় ॥ ৩১৭২
বিষ্ণুধ্যানরত যজ্ঞদাণপরায়ণ
শুখি শুস্থচেত বর্ণাশ্রমরত জণ
খেত্রি বশ্য শুদ্র এ শকল সমূদায়
বিপ্রেক করিছে শেবা বিপ্র মহাসয় ॥ ৩১৭৩
মহাত্মা আছিল তদা সকল ব্রাঁহ্মণ
বেদ বেদাঙ্গেত শুপার্গ্ গত (২) জণে জণ
প্রতিগ্রহে নিবির্ত্তি জে সত্যবন্ত অতি
করিছে ত্রিশন্ধ্যা জিতস্ত্রিয় মহামতি ॥ ৩১৭৪
তপব্রঁতরত নিত্য দাতা জণে জণ
বিষ্ণুপাদপদ্ম করিআছে আরাধণ
কালেত বর্ষণ করিআছে মেঘগণে
বিচলিত চিত স্থির নয় পত্তি হণে ॥ ৩১৭৫
সর্ব্বশস্যশপুর্ণ আছিল বশুন্দরি (৩)
পুত্রে পিতৃপাদপদ্মঁ ছিল সেবা করি
ত্রেতাযুগ অবসানে দ্বাপরযুগস্ত
ধর্ম্মের দিপদ হিণ হৈল শেকালত ॥ ৩১৭৬

হৈল তদা পাপরত কোণ কোণ জণ
কোণ কোণ জণ হৈল ধর্ম্মপরায়ণ
কতেক মানবগণ হৈল গুণহিণ
কোণ কোণ জণ হৈল পরম গুণিণ ॥ ৩১৭৭
কোণ কোণ জণ হৈল দুখি অতিসয়
অতি ধনবাণ হৈল কোণ জণচয়
কোণ বিপ্রে প্রতিগ্রহে স্পৃহা করে মণে
কোন রাজা দণ্ডে প্রজা ধণের কারণে ॥ ৩১৭৮
নারায়ণপুজাপরায়ণ বিপ্রগণ
ব্রাঁহ্মণেক শুদ্রে শেবা করে অনুক্ষণ
শেহিকালে বিষ্ণু ব্যাঁধরূপী দয়াময়
উদিরণ করিআছে বেদভাগচয় ॥ ৩১৭৯
সর্ব্বপাপগৃহ কলীযুগে হে ব্রাঁহ্মণ
এক পাদ ধর্ম্ম পাপরত সর্ব্বজণ
ব্রাঁহ্মণ খেত্রিয় বস্ত শুদ্র চারি জাতি
সকলে করিবে নিত্য নিত্য পাপে মতি ॥ ৩১৮০
কলিযুগে ণিজাচার বিহিণ হইবে
বেদহিণ বিপ্র প্রতিগ্রহপর হবে
হইবে ঐত্যন্ত কামি ক্রূড় হবে অতি
বিতর্থ কপটধর্ম্মি হইবে দ্বিজাতি ॥ ৩১৮১
শিরে জটা রক্তাম্বরধর সন্ন্যুধর (৪)
বিপ্র শুদ্রধর্ম্মে শুদ্র বিপ্রধর্ম্মপর
ভিক্ষাগুরু (৫) শুদ্রক করিবে বিপ্রগণ
বিপ্রধর্ম্ম বিপ্রচয় করিবে বর্য্যন ॥ ৩১৮২
কলিযুগে বিত্তহিণ হইয়া উত্তমে
নিচপথে গতি করিবেণ ক্রমে ক্রমে
নিচ নরগণ হবে অতি বলবাণ
ক্রমে উচ্চপদ প্রাপ্তি করিবে পয়াণ ॥ ৩১৮৩

১ শক্তি ২ উত্তমরূপে পারদর্শী ৩ বসুন্ধরা ৪ [illegible] ৫ দীক্ষাগুরু.

উপকারি জণে দাণ দিবে সর্ব্বজণ
জন্মে হরিবেক বিপ্র বৃঁষল বর্ত্তণ (১)
মিত্র স্নেহে মিথ্যা কবে কলৌ (২) জণ জত
অপর জা হবে তাহা কর্ণ কর্ণগত ॥ ৩১৮৪
দাতার হইবে ধর্ম্মবুদ্ধিবিলোপণ
অধর্ম্মেত মতি করিবেক নিজোজণ
পরক্কে করিবে নিন্দা হবে অতি ক্রুড়
সম্মুখে হইবে প্রিয়বাদি শুপ্রচুর ॥ ৩১৮৫
পরাক হিংশিবে মিথ্যা করিবে ভাষণ
পরবিত্ত-অভিলাশি হবে বিপ্রগণ
অতিথি স্বথণ গৃহে হবে উপগত
করিআ তাহাক আরাধণ বিধাণত ॥ ৩১৮৬
ঘুর্ঘোর নরকভাগী দুষ্ট নরগণ
লোভমনে লবে ধন বধিয়া জিবন
ব্রাহ্মণ সকল শুণ পরাধিণ হবে
আর দ্বিজচয় গবাঁ বিক্রয় (৩) করিবে ॥ ৩১৮৭
কণ্যারত্ন জত্ন করি করিবে বিক্রয়
হবে এহিমত কলি যুগ জণচয়
ণারির অধিণ হবে পুরুষ সকল
নিতম্বিনীগণ হবে পরম চঞ্চল ॥ ৩১৮৮
দুর্ন্নিতি করিবে তারা সকলে সদায়
স্বামিও হইবে শেহিমত নিশংশয়
জৈমিনি বদতি শুরু করি ণিবেদণ
সদাচার মণ শুদ্ধি হিণ সর্ব্বজণ ॥ ৩১৮৯
হবে এপ্রকার উক্ত করিলা আপণে
শুবিস্ময় নিতান্ত হইল মম মণে
কলিত সবার মণ শুদ্ধিহিণ হবে
তবে কি প্রকার কর্ম্ম সফলতা পাবে ॥ ৩১৯০
ক্রুপান্বিত হয়া গুরু শে শব কথণ
বলিলে শ্রবণে আমি করি তা শ্রবণ
ব্যাষ নিগদতি কলিকালে জে কিঞ্চিত
ধর্ম্ম কর্ম্ম নরে আচরিবে প্রিথিবিত ॥ ৩১৯১
অতিভক্তিশমন্বিতে শেজে কর্ম্মগণ
মহাবিষ্ণু পাদপদ্মে করিবে অর্প ণ
মহাবিষ্ণু পাদপদ্মাপ্পি ত কর্ম্মচয়
সকলে অক্ষয় হয় মুণি মহাশয় ॥ ৩১৯২
বিষ্ণুপদ অণর্প্পিত জে কর্ম্ম সকল
কর্ম্মফল প্রাপ্তী ণয় নিস্ফল কেবল
আমার একথা দৃড় বিপ্র মহাশয়
বিষ্ণুভক্তি হৈলে কর্ম্ম নিস্ফল না হয় ॥ ৩১৯৩
হে বিপ্রসত্তম পষ্টে (৪) বলিলাম সবে
জে শুনিবে ভক্তিভাবে মোক্ষপদ পাবে
সুত নিগদতি দ্বিজ শৌণক শুশীল
ব্যাধে জৈমিনিক এপকার প্রবোধীল ॥ ৩১৯৪
ক্রুয়াযোগে রত চিত্ত করিয়া তখন
অন্তকালে পরম্পদে করিল গমন
এজে ক্রুয়াযোগশার বাদ ঋশী উক্তি
পরিবে শুনিবে জে সকলে করি ভক্তি ॥ ৩১৯৫
মুক্ত হয় বহুজন্মার্জ্জিত পাপ হণে
ণিশংশয় মুক্তিপদ পাবে জণগণে
জে উদ্দিশে (৫) জেবা জণ করিবে পঠণ
জে উক্কিষা (৬) করি জণে করিবে শ্রবণ ॥ ৩১৯৬
লক্ষীপতিপ্রশাদেত বাঞ্ছিতার্থ তার
শিঘ্রে লাভ হবে নাহি শংশয় ইহার
এক শ্লোক অর্দ্ধ শ্লোক একপাদ শ্লোক
জে জা বহু... করি পাঠ করিবে জে লোক ॥ ৩১৯৭

১ মূলে আছে "বৃষলাদপি চ নেতারি বৃষলা বিপ্রবর্ত্তণঃ।" ২ "কলৌ" সংস্কৃত বিভক্তিযুক্ত পদ, অর্থ কলিকালে। ৩ গাভী বিক্রয় করিবে। ৪ স্পষ্টভাবে ৫ উদ্দেশ্যে ৬ উদ্দেশ্য ৭ আকাঙ্ক্ষা

আখিজ্ঞা করিআ জেবা করিবে শ্রবণ
অচিরে হইবে তার আখিজ্ঞা পুরণ
লিখিয়া সহস্তে লেখাইয়া অন্যহণে
এ শাস্ত্রক অর্চ্চণ করিবে জেবা জণে ॥ ৩১৯৮
ণারায়ণচরণ অর্চ্চণ ফলচয়
শে জে মানবের লাভ হইবে নিশ্চয়
অতিসয় গুহ্য এজে ব্যাস বক্তৃগীর (১)
বৈষ্ণবপ্রিতিদ অতি পুরাণ রুচির ॥ ৩১৯৯
সকল ভুবণ ভর্ত্তা চক্রি খগকেতু
বন্দে জাক সর্ব্বদেবে তার প্রিতি হেতু
শ্রীপদ্মপুরাণে ক্রয়াযোগশারে ইতি
পঞ্চবিংশধ্যায় ব্যাষ জৈমিনী ভারতি ॥ ৩২০০
বেহার কমতাপুর অতি দিপ্তীকর
শ্রীল শ্রীহরেন্দ্র নারায়ণ নৃপবর
নৃপতীন্দ্র মহেন্দ্রের মহিমা অতুল
মহাভাগগণ মাত্র জাণে তার মূল ॥ ৩২০১
মূঢ়গণ কখন জানিতে নাহি পারে
জার গুণ ব্যেক্ষা (২) করে শাস্ত্র নিরন্তরে
হরিত ভকতি মতি করিআ শতত
ববর্ত্তি করিতেছে সমস্ত জগত ॥ ৩২০২
হরিহরকথা আলাপণ শুরশীক
হরি জার আর তার কে আছে অধীক
গুণিগণ জার গুণগণ করে গাণ
জাত হৈতে লভে নর মুক্তির শোপাণ ॥ ৩২০৩
ভুবণ পাবিনী গঙ্গা ভবনিভম্বিনে (৩)
বিষ্ণুপদ হৈতে হৈল জার কীর্ত্তি গুণে
অদ্যাপীত নরে জাত করি স্নাণ দাণ
পিতৃ সকলক দেয় শুউত্তম স্থাণ ॥ ৩২০৪

জেবদ নরক ঘোর হণে ত্রাণ পায়া
শুখ স্থান জায় শুখ বিমাণে চরিআ
এজে কথাগণ জেবা বুঁঝিতে পারিবে
পরকালে কালভয় শেজণে এরাবে ॥ ৩২০৫
ভক্তি শে পরম বস্তু ভুবণের শার
জেহি ভক্তিবস্তু শেহি পরম উদার
হরিভক্ত ব্যতিরেক মস্ত মৃণুস্যের
না কর উদার রিত (৪) শুস্থির চিত্তের ॥ ৩২
নারায়ণ নামে বিঘ্ন বিণাশে শতত
তাহার প্রমাণ দেখ ভক্ত প্রহ্লাদত
মুকুন্দের পাদপদ্ম ধরিআ হৃদয়
শুখে মুখে গাণ করি হরিগুণচয় ॥ ৩২০৭
হিরণ্যকশিপু দুখ জে করিল দাণ
অপ্রয়াশে তাহাক হইল পরিত্রাণ
জনার্দ্দণচরণারবিন্দ ভক্তিগুণে
হবে তার নাতি রাজা অমরভুবণে ॥ ৩২০৮
জার পৌত্র হবে রাজা দেবতা সবার
ইহা হৈতে শুখ আর কি আছে তাহার
অতএব হরিপাদপদ্ম চিত্তে ধর
সর্ব্বদায় নারায়ণ গুণগাণ কর ॥ ৩২০৯
পয়োজপাণীর পদ জাহার আশ্রয়
তার কি আছয় ঘোর সংশারের ভয়
শে পয়োজগণ জলে করিছে শোভণ (৫)
প্রকাষ করিছে আর কুমুদের বণ ॥ ৩২১০
সরদশশাঙ্ক দিপ্তা করিছে গগণে
বিরহির বিরহ বারয় দরশনে
মৃগাঙ্ক শশাঙ্ক দীপ্ত গগণে দেখীয়া
জুবা পুংষগণ অতি আনন্দ লভিয়া ॥ ৩২১১

১ ব্যাসের মুখের বাক্য ২ ব্যাখ্যা। ৩ শিবের পত্নী। ৪ রীতি ৫ এই পংক্তি হইতে শরৎ ঋতু বর্ণনা আরম্ভ হইল।

শশাঙ্কশঙ্কাষমুখী রমনী রতণ
চিত্তবিত্তে নিত্যে স্পৃহা করে সর্ব্বক্ষণ
জুবক পুরুষ জুবা শিমন্তিণীচয়
শময় দর্শনে হয় আনন্দহৃদয় ॥ ৩২১২
খতুর কি অধিকাংষ করিব বর্ণনা
জাহাত অর্চ্চেণ লোকে দেবি ত্রিনয়না
নিজ নিতম্বিনী সঙ্গে করি ধন বাণ
ত্রিনয়নাপদে বেল্য (১) পত্র করে দাণ ॥৩২১৩
পবণ অশণ কর (২) জাহার ভূষণ
দ্বিপীচর্ম্মাম্বরধর বৃষভবাহণ
সর্ব্বদায় মুখে করে হরিগুণ গান
তাহার নন্দন নৃপ বিশ্বসিংহাখ্যান (৩) ॥ ৩২১৪
পক্ষভূজ অগ্নি পরিমাণ সধা তার (৪)
দশম দিবষ আর গ্রহরাজ বার
ত্রিতিয় মুহূর্ত্ত সময়ত কবিচয়
বিরাম হইল নৃপশিংহের আজ্ঞায় ॥ ৩২১৫
হরি ব্যাপীআছে দেখ সমস্ত ভূতত
হরি বিণে আর কেবা আছে শংশারত
হরি কথা বদণে বল সর্ব্বদায়
হরি কথা স্মরণ কর ব্রেথা (৫) দীন জায় ॥৩২১৬
নারায়ণ নামামৃত পানানন্দ হও
নারায়ণ নাম মুখে সর্ব্বদায় কও

নারায়ণ নামে বিঘ্ন বিণাষক জায়
নারায়ণ নাম পাণে মন ত্রিপ্তী পায় ॥ ৩২১৭
গোবিন্দ গোধর বর দুষ্ট বিঘ্ন হর
গোবিন্দ এ শুধা নাম সর্ব্বদায় স্মর
গোবিন্দের নাম যব সদা জেহি গায়
গোবিন্দ তাহার দেহে আছে সর্ব্বদায় ॥৩২১৮
কেশব কংশারি কৈটভারি গদাধর
কেশব এ নাম ধণ হৃদিগত কর
কেশব বলিআ তব শংসারের দায়
কেশব বলিলে কাল কখন না পায় ॥ ৩২১৯
মাধব মুকুন্দ মধুশুদন মুরারি
মাধব জাদব কৃষ্ণ ভক্তভয়হারি
মাধব এ শুধা নাম বল সর্ব্বদায়
মাধব স্মরহ কাল পাছে পাছে ধায় ॥ ৩২২০
প্রভু পদ্মপানীর পানী ও বাক্যচয়
প্রভুবিনে কে তারিবে সংশারের ভয়
প্রভুনাম নিলে প্রভু নিকটস্থ হয়
প্রভু এ তারিবে কয় মূর্খ রিপুঞ্জয় ॥ ৩২২১
ওহে শিব আমি অতি বটি হিণ জীব
তোমার চরিত্রগণাধীক কী বলিব (৭)
ধরি পদে মাগী বর কর তাহা দান
তব নাম [illegible] ॥ ৩২২২

[সমাপ্ত]

১ বিল্ব ২ সর্প ৩ বিশ্বসিংহ নৃপতি কোচবিহার রাজবংশের পূর্ব্ব পুরুষ। ইনি শিব অংশে জাত বলিয়া প্রসিদ্ধি আছে। ৪ এই গ্রন্থের রচনাকাল গণত হইয়াছে। ভূমিকায় এ সম্বন্ধে বিশদ আলোচনা দ্রষ্টব্য। ৫ বৃথা ৬ দিন। ৭ তোমার চরিত অধিক কি বলিব ?

পরিচারিকা।

(নবপর্য্যায়)

প্রথম শ্রেণীর সচিত্র মাসিকপত্রিকা ও সমালোচনী

বর্ত্তমান কোচবিহারাধিপতির ভ্রাতৃবধূ

শ্রীযুক্তা নিরুপমা দেবী সম্পাদিত।

কোচবিহার-সাহিত্য-সভা কর্ত্তৃক প্রকাশিত।

মূল্য সডাক ২৸৹ আনা। ভিঃ পিতে ২৸৴৹ আনা।

নিম্নলিখিত বঙ্গবিখ্যাত লেখক ও লেখিকাগণের প্রবন্ধাদি প্রকাশিত হইয়াছে :—

কবিসম্রাট-শ্রীযুক্ত ডাঃ রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত দিনেন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত অক্ষয়কুমার মৈত্রেয় বি. এল., শ্রীযুক্ত শাস্ত্রী কোকিলেশ্বর বিদ্যারত্ন এম. এ., শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্য-বিদ্যামহার্ণব সিদ্ধান্তবারিধি, শ্রীযুক্ত শরচ্চন্দ্র ঘোষাল এম. এ., বি. এল., সরস্বতী, কাব্যতীর্থ, বিদ্যাভূষণ, ভারতী, শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ সমাদ্দার বি. এ., প্রত্নতত্ত্ববাগীশ, শ্রীযুক্ত প্রমথনাথ রায় চৌধুরী, শ্রীযুক্ত কালিদাস রায় বি. এ, কবিশেখর, শ্রীযুক্ত রায় সাহেব যোগেশচন্দ্র রায় এম. এ., বিদ্যানিধি, বিজ্ঞানভূষণ, শ্রীযুক্ত কৃষ্ণবিহারী গুপ্ত এম. এ., শ্রীযুক্ত করুণানিধান বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত কুমুদরঞ্জন মল্লিক বি. এ., শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ ঘোষ, শ্রীযুক্ত পুলকচন্দ্র সিংহ, শ্রীযুক্তা কামিনী রায় বি. এ., শ্রীযুক্তা নিরুপমা দেবী, শ্রীযুক্তা অনুরূপা দেবী, শ্রীযুক্তা প্রিয়ম্বদা দেবী, বি, এ, শ্রীযুক্তা শৈলবালা ঘোষজায়া সরস্বতী, শ্রীযুক্তা আমোদিনী ঘোষ, শ্রীযুক্তা মৃণালিনী সেন ও শ্রীযুক্তা হেমনলিনী দেবী প্রভৃতি।

গ্রাহক হইলে প্রথম সংখ্যা (অগ্রহায়ণ) হইতে পত্রিকা প্রেরিত হয়। নমুনার জন্য ৴৹ টিকিট পাঠাইতে হয়, বিনা মূল্যে দেওয়া হয় না।

প্রাপ্তিস্থান :—

কার্য্যাধ্যক্ষ, "পরিচারিকা"

পোঃ কুচবিহার।

কোচবিহার-সাহিত্য-সভা।

অভিভাবক :—

কোচবিহারাধিপতি হিজ্ হাইনেস্

শ্রীশ্রীমহারাজ সার জিতেন্দ্রনারায়ণ ভূপবাহাদুর কে, সি, এস্ আই।

সভাপতি :—

শ্রীযুক্ত প্রিন্স ভিক্টর নিত্যেন্দ্রনারায়ণ।

"বিশিষ্টসদস্য" :—

শ্রীযুক্ত সার্ আশুতোষ মুখোপাধ্যায়, সরস্বতী, শাস্ত্রবাচস্পতি, সম্বুদ্ধাগমচক্রবর্ত্তী, নাইট্, সি.এস্.আই., এম্.এ., ডি.এল., ডি.এস.সি.; এফ্.আর্.সি.এস্.এ., এফ্.আর.এস্.ই., এফ্.আর.এস্.বি., কলিকাতা।

বিহার ও উড়িষ্যার ভূতপূর্ব্ব লেপ্টনান্ট গবর্ণর শ্রীযুক্ত সার্ এডওয়ার্ড গেইট কে, সি এস, আই, ; সি, আই, ই, ; বাঁকীপুর।

শ্রীযুক্ত হেমচন্দ্র গোস্বামী, এম্. আর্. এ. এস্. ; এফ্. আর্., এ. এস্, গৌহাটী।

বাঙ্গালাভাষা ও সাহিত্যের চর্চা এবং উন্নতিসাধন, বিশেষভাবে কোচবিহারের ভাষা সাহিত্য ও পুরাতত্ত্বের অনুশীলনকল্পে এই সভা স্থাপিত হইয়াছে। সাহিত্যানুরাগী ব্যক্তিমাত্র এই সভার সদস্য নির্ব্বাচিত হইতে পারেন। প্রত্যেক সদস্যের দেয় চাঁদা বার্ষিক ১৷৹ মাত্র দুই পয়সার টিকিট প্রেরণ করিলে সভার মুদ্রিত নিয়মাবলী প্রেরিত হইয়া থাকে।

পুরাতন পুথি মূর্ত্তি মুদ্রা, দলিল ও শিল্পজাত অন্যান্য বস্তু সভা সংগ্রহ করিতেছেন। প্রাচীন সাহিত্য ও শিল্পের এই সমস্ত নিদর্শন কেহ সভায় উপহার প্রদান করিলে তাহা ধন্যবাদের সহিত গৃহীত ও স্বীকৃত হইয়া থাকে। বিক্রয়েচ্ছু ব্যক্তিকে যথোচিত মূল্যদানে তাহা ক্রয় করা হয়।

কোচবিহার-সাহিত্য-সভা-গ্রন্থাবলী—১ম খণ্ড।

মহারাজ হরেন্দ্রনারায়ণের গীতাবলী।

ইহা বর্ত্তমান কোচবিহারাধিপতির বৃদ্ধপ্রপিতামহ মহারাজ হরেন্দ্রনারায়ণ ভূপবাহাদুর কর্ত্তৃক বিরচিত। তাঁহার ভবানীবিষয়ক সুবিখ্যাত সঙ্গীত এই খণ্ডে মুদ্রিত হইয়াছে। প্রাচীন বঙ্গসাহিত্যের গীতি-শাখার এই অমূল্য রত্ন সাহিত্যসেবী মাত্রেরই আদরণীয়।

কোচবিহার-সাহিত্য-সভার সদস্যগণ এই গ্রন্থ বিনামূল্যে প্রাপ্ত হইবেন। ইহার বিক্রয় মূল্য ১৲ টাকা অবধারিত হইয়াছে। মহারাজ হরেন্দ্রনারায়ণের সমগ্র গ্রন্থাবলী তিন চারি খণ্ডে সম্পূর্ণ হইবে।

সম্পাদক—

কোচবিহার-সাহিত্য-সভা।